

# QURAN: THE FINAL TESTMENT

AUTHORIZED ENGLISH VERSION  
(খসড়া বাংলা মর্মবানী সম্বলিত)

৩৯/৪৫ যখন শুধু মাত্র ঈশ্বরকে উল্লেখ করা হয়, যারা পরকালে বিশ্বাস করে না তাদের হৃদয় বিমুখতায় সঙ্কুচিত হয়ে যায়। কিন্তু যখন তাঁর পাশে অন্যদের উল্লেখ করা হয়, তখন তারা সন্তুষ্ট হয়

English version is translated from the Original by Rashad Khalifa, Ph.D.





Contents

সূচনা .....	6
Sura 1: The Key (Al-Fātehah).....	1
Sura 2, The Heifer (Al-Baqarah) .....	2
Sura 3: The Amramites (Āli-‘Imrān) .....	44
Sura 4: Women (Al-Nesā’) .....	69
Sura 5: The Feast (Al-Mā’edah).....	95
Sura 6: Livestock (Al-An ‘ām) .....	113
Sura 7: The Purgatory (Al-A‘arāf) .....	135
Sura 8: The Spoils of War (Al-Anfāl).....	159
Sura 9: Ultimatum (Barā’ah).....	169
Sura 10: Jonah (Yunus).....	187
Sura 11: Hūd (Hūd).....	200
Sura 12: Joseph (Yousuf) .....	214
Sura 13: Thunder (Al-Ra‘ad).....	228
Sura 14: Abraham (Ibrahîm).....	235
Sura 15: Al-Hijr Valley (Al-Hijr) .....	242
Sura 16: The Bee (Al-Nahl).....	249
Sura 17, The Children of Israel (Banî Israel).....	264
Sura 18: The Cave (Al-Kahf) .....	276
Sura 19: Mary (Maryam).....	288
Sura 20: T.H. (TāHā).....	295
Sura 21: The Prophets (Al-Anbyā’) .....	305
Sura 22: Pilgrimage (Al-Hajj) .....	314
Sura 23: The Believers (Al-Mu’minûn) .....	323
Sura 24: Light (Al-Noor) .....	332
Sura 25: The Statute Book (Al-Furqān) .....	341
Sura 26: The Poets (Al-Shu‘arā’) .....	349
Sura 27: The Ant (Al-Naml) .....	361
Sura 28: History (Al-Qasas) .....	370
Sura 29: The Spider (Al-‘Ankaboot) .....	379
Sura 30: Romans (Al-Room).....	387
Sura 31: Luqmān (Luqmān) .....	393
Sura 32: Prostration (Al-Sajdah) .....	397
Sura 33: The Parties (Al-Ahzāb) .....	400
Sura 34: Sheba (Saba’).....	409
Sura 35: Initiator (Fāter).....	415

Sura 36: Y.S. (Yāsīn).....	421
Sura 37: The Arrangers (Al-Sāffāt) .....	427
Sura 38: S. (Saad) .....	435
Sura 39: The Throngs (Al-Zumer).....	441
Sura 40: Forgiver (Ghāfer).....	448
Sura 41: Detailed (Fussilat) .....	457
Sura 42, Consultation (Al-Shoorā) .....	463
Sura 43: Ornaments (Al-Zukhruf).....	469
Sura 44: Smoke (Al-Dukhān) .....	476
Sura 45, Kneeling (Al-Jātheyah) .....	480
Sura 46: The Dunes (Al-Ahqāf).....	484
Sura 47: Muhammad .....	489
Sura 48: Victory (Al-Fatt-h) .....	494
Sura 49: The Walls (Al-Hujurāt) .....	498
Sura 50: Q. (Qāf) .....	501
Sura 51: Drivers of the Winds (Al-Dhāreyāt) .....	504
Sura 52: Mt. Sinai (Al-Toor) .....	507
Sura 53: The Stars (Al-Najm).....	510
Sura 54: The Moon (Al-Qamar).....	513
Sura 55: Most Gracious (Al-Rahmaan).....	517
Sura 56: The Inevitable (Al-Waaqé'ah) .....	521
Sura 57: Iron (Al-Hadeed) .....	525
Sura 58: The Debate (Al-Mujaadalah) .....	529
Sura 59: Exodus (Al-Hashr) .....	533
Sura 60: The Test (Al-Mumtahanah).....	536
Sura 61: The Column (Al-Suff) .....	539
Sura 62: Friday (Al-Jumu'ah).....	541
Sura 63: The Hypocrites (Al-Munaafeqoon) .....	543
Sura 64: Mutual Blaming (Al-Taghaabun).....	545
Sura 65: Divorce (Al-Talaaq) .....	547
Sura 66: Prohibition (Al-Tahreem).....	549
Sura 67: Kingship (Al-Mulk) .....	551
Sura 68: The Pen (Al-Qalam) .....	554
Sura 69: Incontestable (Al-Haaqqah).....	557
Sura 70: The Heights (Al-Ma'aarej).....	560
Sura 71: Noah .....	563
Sura 72: Jinns (Al-Jinn).....	565

Sura 73: Cloaked (Al-Muzzammil) .....	568
Sura 74: The Hidden Secret (Al-Muddath-thir).....	570
Sura 75, Resurrection (Al-Qeyaamah) .....	573
Sura 76, The Human (Al-Insaan) .....	575
Sura 77, Dispatched (Al-Mursalaat) .....	577
Sura 78, The Event (Al-Naba').....	580
Sura 79, The Snatchers (Al-Naaze'aat) .....	582
Sura 80: He Frowned ('Abasa) .....	585
Sura 81, The Rolling (Al-Takweer) .....	587
Sura 82: The Shattering (Al-Infitaar).....	589
Sura 83, The Cheaters (Al-Mutaffifeen).....	590
Sura 84: The Rupture (Al-Inshiqaaq).....	592
Sura 85: The Galaxies (Al-Burooj) .....	594
Sura 86: The Bright Star (Al-Taareq) .....	595
Sura 87: The Most High (Al-A'ala).....	596
Sura 88: Overwhelming (Al-Ghaasheyah).....	597
Sura 89: Dawn (Al-Fajr).....	598
Sura 90: The Town (Al-Balad) .....	600
Sura 91: The Sun (Al-Shams).....	601
Sura 92: The Night (Al-Layl) .....	602
Sura 93: The Forenoon (Al-Duhaa) .....	603
Sura 94: Cooling the Temper (Al-Sharrhh).....	604
Sura 95, The Fig (Al-Teen).....	605
Sura 96, The Embryo (Al-'Alaq).....	606
Sura 97, Destiny (Al-Qadr) .....	607
Sura 98, Proof (Al-Bayyinah).....	608
Sura 99, The Quake (Al-Zalzalah).....	609
Sura 100, The Gallopers (Al-'Aadeyaat) .....	610
Sura 101, The Shocker (Al-Qaare'ah).....	611
Sura 102, Hoarding (Al-Takaathur) .....	612
Sura 103, The Afternoon (Al-'Asr).....	613
Sura 104, The Backbiter (Al-Humazah) .....	614
Sura 105, The Elephant (Al-Feel) .....	615
Sura 106, Quraish (The Quraish Tribe) .....	616
Sura 107, Charity (Al-Maa'oon) .....	617
Sura 108, Bounty .....	618
Sura 109: The Disbelievers (Al-Kaaferoon) .....	619
Sura 110, Triumph (Al-Nassr).....	620

Sura 111, Thorns (Al-Masad) .....	621
Sura 112, Absoluteness .....	622
Sura 113, Daybreak (Al-Falaq) .....	623
Sura 114: People (Al-Naas) .....	624
অনুচ্ছেদ ২ .....	625
অনুচ্ছেদ ২৭ .....	630
অনুচ্ছেদ ৩৩ .....	632
অনুচ্ছেদ ২৫ .....	634

**সবচেয়ে করুণাময় সবচেয়ে দয়ালু আল্লাহর নামে**

এটি মানবজাতির প্রতি আল্লাহর চূড়ান্ত বার্তা। আল্লাহর সকল নবীগণ পৃথিবীতে এসেছেন এবং সকল ঐশীগ্রহু প্রেরিত হয়েছে। সময় এসেছে আল্লাহর নবীদের দ্বারা প্রেরিত সকল বার্তাকে পরিশুদ্ধ ও একত্রিত করে একটি বার্তায় রূপান্তর করা এবং এই ঘোষণা দেয়া যে এখন থেকে আল্লাহর কাছে একটি মাত্র ধর্ম গ্রহণযোগ্য, আর তা হলো - "আত্ম-সমর্পণ" (৩:১৯, ৮৫)। "আত্ম-সমর্পণ" হচ্ছে সে ধর্ম যেখানে আমরা আল্লাহর পরম কর্তৃত্বকে উপলব্ধি করি, এবং এই দৃঢ় বিশ্বাসে পৌঁছি যে, আল্লাহ এককভাবে সকল ক্ষমতার অধিকারী। অন্য কোন সত্ত্বা স্বাধীনভাবে কোন ক্ষমতার অধিকারী নয়। এই উপলব্ধির স্বাভাবিক ফলাফল হলো, আমাদের জীবন ও আমাদের উপাসনা পুরোপুরিভাবে শুধুমাত্র আল্লাহর প্রতি নিবেদিত করা। এটি পুরাতন টেস্টামেন্ট, নতুন টেস্টামেন্ট এবং এই চূড়ান্ত টেস্টামেন্ট সহ সকল ঐশীগ্রহের সর্বপ্রথম আদেশ।

শোনো হে ইসরাঈল, প্রভু আমাদের আল্লাহ- এক আল্লাহ  
 কাজেই তোমরা প্রশংসা করবে প্রভুর - তোমাদের আল্লাহর  
 হৃদয় উজাড় করে  
 আত্মা উজাড় করে  
 মন উজাড় করে  
 এবং তোমাদের সকল শক্তি দিয়ে [Deuteronomy ৬:৪-৫, Luke ১২:২৯-৩০, কোরান ৩:১৮]


এস আল্লাহর ধ্যান করি, তাঁর মহিমাঘিত গুণাবলীর,  
 যিনি স্রষ্টা হিসেবে এই বিশ্বজগতের সবকিছুর ভিত্তি,  
 যিনি পরম উপস্থিত, সর্বশক্তিমান, সর্বজ্ঞ এবং অসৃষ্ট সত্ত্বা হিসেবে উপাসনার যোগ্য  
 যিনি মন থেকে দূর করেন সকল অজ্ঞতা এবং অপবিত্রতা  
 এবং পরিশুদ্ধ করেন এবং তীক্ষ্ণ করেন আমাদের বুদ্ধিমত্তা [গায়ত্রী মন্ত্র, অজুবর্বেদ]

যেখানে সব ধর্মই নবউদ্ভাবন, ঐতিহ্যের প্রভাব এবং আল্লাহর সাথে অংশীবাদমূলক মিথ্যা মতবাদগুলোর কারণে বিকৃত হয়েছে, সেখানে সব ধর্মেই "আত্মসমর্পণকারী" থাকতে পারে। আত্মসমর্পণকারী হতে পারে যারা হয়তবা খ্রীষ্টান, ইহুদি, মুসলিম, হিন্দু, বৌদ্ধ বা অন্য কিছু। এই আত্ম-সমর্পণকারীরা সামগ্রিকভাবে আল্লাহর কাছে গ্রহণযোগ্য একমাত্র ধর্মের ভিত্তি স্থাপন করে। সকল আত্ম-সমর্পণকারীরা যারা শুধু আল্লাহর প্রতি নিবেদিত এবং কখনো আল্লাহর পাশে কাউকে অংশীদার দাঁড় করায় না তারা আল্লাহর চিরস্থায়ী রাজ্যে পাপমুক্ত হয়ে প্রবেশ করে (২:৬২)। প্রকৃত আত্ম-সমর্পণকারীদের একটি বৈশিষ্ট্য হলো তারা কোরানে আপত্তিকর কিছু খুঁজে পায় না।

এই টেস্টামেন্টের আবির্ভাবের সাথে সাথে পৃথিবীতে আল্লাহর বার্তা এখন পরিপূর্ণ হয়েছে। আমরা কে, আমাদের জীবনের উদ্দেশ্য কি, আমরা কিভাবে পৃথিবীতে এলাম, আমরা এখন থেকে কোথায় যাই, কোন ধর্মটি সঠিক, এটা কি বিবর্তন না সৃষ্টি- আমাদের এরকম সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রশ্নগুলোর বহুল প্রতীক্ষিত উত্তর আমরা এখন পেয়েছি।

অনেকে অবাক হতে পারেন, "আল্লাহ কেন এতদিন অপেক্ষা করলেন তাঁর বার্তাকে পূর্ণাঙ্গ ও একত্রিত করার জন্য? আদমের পর থেকে পরবর্তী লোকদের ব্যাপারে তবে কি হবে যারা পূর্ণাঙ্গ ঐশীগ্রহু পায়নি?" প্রশ্নটির উত্তর কোরানে আছে ২০:৫২- তে বিষয়টি মাথায় রাখার সাথে সাথে আমরা জানি, এটা একটা সাধারণ পরিসংখ্যান যে শুরু থেকে এখন পর্যন্ত পৃথিবীর জনসংখ্যা ৭০০ কোটি অতিক্রম করেনি। আর এখন, পৃথিবীর পরিসমাপ্তিকাল ২২৮০ খ্রীষ্টাব্দ পর্যন্ত এটা নির্ণীত যে পৃথিবীর মোট জনসংখ্যা ৭,৫০০ কোটি অতিক্রম করবে। সুতরাং, অধিকাংশ লোকই আল্লাহর পরিশুদ্ধ ও একত্রীকৃত বার্তা পেতে যাচ্ছে।

ধূসর অংশটি বিশ্বের জনসংখ্যা এখন (১৯৯০) থেকে বিশ্বের শেষ সময় (২২৮০) পর্যন্ত



[কালো অংশটি আদমের সময় থেকে বিশ্বের জনসংখ্যা উপস্থাপন করে]

**সৃষ্টির পূর্বে**

এটা শুরু হয়েছিল শত শত কোটি বছর পূর্বে যখন আল্লাহর উচ্চপদস্থ সৃষ্টির মধ্যে একজন, শয়তান, এই ধারণা পোষণ করলো যে সে একজন উপাস্য হিসেবে একমাত্র উপাস্য আল্লাহর পাশাপাশি বিশ্বজগতের একটি অংশ পরিচালনা করতে সক্ষম। আল্লাহর একচ্ছত্র কর্তৃত্বের প্রতি এই চ্যালেঞ্জ শুধু যে অন্যায তাই নয়, এটা ছিল ভুল ধারণা। শয়তান এই ব্যাপারটাকে অজ্ঞ ছিল যে কেবল আল্লাহই উপাস্য হওয়ার ক্ষমতা রাখেন, আর যতটা সে অনুধাবন করেছিল উপাস্য হওয়া এর চেয়ে আরো অনেক বড় ব্যাপার। এটা ছিল তার অহংবোধ- যা অজ্ঞতার কারণে আরো বৃদ্ধি পেয়েছিল - যা শয়তানকে বিশ্বাস করিয়েছিল যে সে একজন উপাস্য হিসেবে একটি বিশ্বজগতের একটি অংশ নিজেই দেখাশোনা করতে পারে এবং তা সে কোনোরকম রোগ, দুরবস্থা, যুদ্ধ, দুর্ঘটনা, ও বিশৃঙ্খলা ছাড়াই চালাতে পারে। আল্লাহর সৃষ্টির একটি বড় অংশ শয়তানের সাথে দ্বিমত পোষণ করে। যদিও ছোট্ট যে অংশটি তার সাথে একমত পোষণ করে তারা ছিল সংখ্যায় শত শত কোটি। কাজেই একটা স্পষ্ট বিরোধের সৃষ্টি হয় স্বর্গীয় বাসিন্দাদের মধ্যে (৩৮:৬৯)। আল্লাহর একচ্ছত্র কর্তৃত্বের প্রতি বিদ্রোহীদের এই অসংগত চ্যালেঞ্জের মোকাবেলা ও সমাধান করা হয় সবচেয়ে উপযুক্ত উপায়ে। আল্লাহ বিদ্রোহীদেরকে তাদের অপরাধ স্বীকার এবং তাঁর কাছে আত্ম-সমর্পণের যথেষ্ট সুযোগ দেবার পর মূল বিদ্রোহীদেরকে পৃথিবী নামক একটি মহাকাশযানে নির্বাসন দেবার এবং তাদের পাপমোচনের জন্য আরেকটি সুযোগ দেবার সিদ্ধান্ত নেন।

যদি আপনি দাবী করেন যে আপনি উড়োজাহাজ উড়াতে পারেন তবে আপনার দাবী যাচাইয়ের সবচেয়ে ভালো উপায় হলো আপনাকে একটি উড়োজাহাজ দিয়ে তা উড়াতে বলা। আর ঠিক তা করতেই আল্লাহ শয়তানের দাবী, যে সে একজন উপাস্য হতে পারে, এর প্রতিক্রিয়ায় সিদ্ধান্ত নিলেন। আল্লাহ তাকে একটি ছোট্ট জায়গা - পৃথিবীতে অস্থায়ী উপাস্য হিসেবে নিয়োগ দিলেন (২:৩০, ৩৬:৬০)। আর যারা শয়তানের সাথে সহমত পোষণ করেছিল, তাদেরকে তাদের অহংবোধ হত্যা করে আল্লাহর একচ্ছত্র কর্তৃত্বের প্রতি আত্মসমর্পণের একটি সুযোগ দেয়া হলো।

যেখানে অপরাধীদের বিপুল সংখ্যাগরিষ্ঠ অংশই এই সুযোগের সদ্ব্যবহার করেছিল, সেখানে ১৫,০০০ কোটির একটি ক্ষুদ্র অংশ এই সুযোগের সদ্ব্যবহার করতে ব্যর্থ হয়েছিল (৩৩:৭২)।

এই সাদা অংশ উপস্থাপন করে বিপুল সংখ্যাগরিষ্ঠদের যারা শয়তানের সাথে একমত ছিল না

এই ধূসর অংশ উপস্থাপন করে বিপুল সংখ্যাগরিষ্ঠদের যারা অনুতপ্ত ও আত্মসমর্পণ করেছিল

স্বর্গীয় বাসিন্দাদের মধ্যে এই বিরোধের কারণে আল্লাহর সৃষ্টি নিম্নোক্ত শ্রেণীবিভাগে বিভক্ত হয়:

### (১) ফেরেশতাগণ

যেসব সৃষ্টি কখনোই আল্লাহর একচ্ছত্র কর্তৃত্ব সম্পর্কে প্রশ্ন তোলেনি তারা ফেরেশতা হিসেবে শ্রেণীবদ্ধ হলো; তারা জানত যে কেবল আল্লাহ উপাস্য হওয়ার ক্ষমতা ও যোগ্যতা রাখেন। আল্লাহর সৃষ্টির - অগণিত- বিপুল সংখ্যাগরিষ্ঠ অংশ এই শ্রেণীতে পড়ে। ফেরেশতাদের সংখ্যা এতই বেশি যে ফেরেশতারা নিজেরাও জানে না যে তারা সংখ্যায় কত; শুধু আল্লাহই তাদের সংখ্যা কত জানেন (৭৪:৩১)।

### (২) পশুপাখি

যদিও ফেরেশতারা প্রস্তাব দিয়েছিল যে আল্লাহর রাজ্য থেকে বিদ্রোহী এবং তাদের নেতার বহিষ্কার হওয়া উচিত (২:৩০), পরম দয়ালু চাইলেন বিদ্রোহীদেরকে তাদের পাপ স্বীকার করে, সংশোধিত হয়ে তাঁর একচ্ছত্র কর্তৃত্বের নিকট আত্মসমর্পণের জন্য একটি সুযোগ দিতে (৩৩:৭২)। উপরের ডায়াগ্রামে যেরকম দেখানো হয়েছে, বিদ্রোহীদের বিপুল সংখ্যাগরিষ্ঠ অংশই আল্লাহর রাজ্যে পুনরায় প্রবেশের সদয় প্রস্তাবের সুযোগ গ্রহণ করেছিল। তারা তাদের অহংবোধকে হত্যা করে, এ জগতে এসে আত্মসমর্পণমূলক একটি ভূমিকা পালন করার জন্য রাজি হয়েছিল, যাতে করে তাদের কৃতকর্মের প্রায়শ্চিত্ত হয়। এই জগতে তাদের আত্মসমর্পণমূলক ভূমিকার প্রতিদান হিসেবে, এই সৃষ্টিগুলো পুনরুদ্ধার হয়ে পুনরায় আল্লাহর চিরস্থায়ী রাজ্যে প্রবেশ করে (৬:৩৮)।

ঘোড়া, কুকুর, গাছপালা, সূর্য, চাঁদ, নক্ষত্ররাজি, এমনকি বিকলাঙ্গ ও মানসিক প্রতিবন্ধী শিশুরা সে বুদ্ধিমান সৃষ্টিদের অন্তর্ভুক্ত যারা তাদের অপরাধ স্বীকার করেছিল এবং অনুতপ্ত হয়েছিল:

তোমরা কি অনুধাবন কর না যে আকাশমন্ডলী ও পৃথিবীতে

সবকিছু আল্লাহর প্রতি সেজদাবনত হয়;

সূর্য, চাঁদ, নক্ষত্রসমূহ, পর্বতমালা, গাছপালা, পশুপাখি,  
এমনকি অনেক লোকেরাও ?

কিন্তু, অনেক লোকেরই শাস্তি নির্ধারিত হয়ে গেছে।

(২২:১৮)

নক্ষত্ররাজি, গাছপালা সেজদাবনত হয়।

(৫৫:৬)

ঘোড়ার কোন অহংবোধ নেই। ঘোড়ার মালিক হতে পারে ধনী কিংবা গরীব, লম্বা কিংবা খাটো, মোটা কিংবা পাতলা, কমবয়সী কিংবা বয়োবৃদ্ধ, কিন্তু ঘোড়া তাদের সবারই সেবা করবে। কুকুরের কোনো অহংবোধ নেই; এটা তার মালিকের কাছে এসে লেজ নাড়বে, তার মালিক যত ধনী কিংবা যত গরীবই হোক না কেন। সূর্য প্রতিদিন আল্লাহর দ্বারা নির্ধারিত সময়ে উদয় হয় এবং অস্ত যায়। চাঁদ পৃথিবীর চারপাশে তার নির্ধারিত কক্ষপথ পরিভ্রমণ করে, বিন্দু পরিমাণ বিচ্যুতি না ঘটায়। মানবদেহ- যা একটি ক্ষণস্থায়ী পোষাক- পৃথিবীর একটি অংশ; সে হিসেবে এটিও আত্ম-সমর্পণকারী। হৃদপিণ্ড, ফুসফুস, কিডনী, এবং অন্যান্য অঙ্গ-প্রত্যঙ্গ আমাদের নিয়ন্ত্রণ ছাড়াই তাদের ভূমিকা পালন করে থাকে।

### (৩) মানুষ

মূল বিদ্রোহীরা- মানুষ এবং জ্বীনরা- তাদের অপরাধ স্বীকার করতে অস্বীকার করে, এবং শয়তানের দাবী চাক্ষুষ দেখার ইচ্ছা করে। এই অহংবোধসম্পন্ন সৃষ্টিরা, যারা আল্লাহর সর্বময় কর্তৃত্বের নিকট আত্মসমর্পণ করার সুযোগ পেয়েও তা করতে ব্যর্থ হয়েছিল, দু' ভাগে বিভক্ত হয়ে যায়। অর্ধেক সংখ্যক যারা শয়তানের দৃষ্টিভঙ্গিতে অপেক্ষাকৃত কম প্রভাবিত হয়, তারা মানুষ হিসেবে শ্রেণীভুক্ত হয়ে পড়েছিল। যদিও শয়তানের দাবীর বিষয়ে তাদের সন্দেহ ছিল, তবে তারা আল্লাহর সর্বময় ক্ষমতার ব্যাপারে তারা দৃঢ় অবস্থান নিতেও ব্যর্থ হয়। অহংবোধ, আল্লাহ সর্বশক্তিমান বিষয়টির সঠিক অর্থ বোঝার ক্ষেত্রে তাদেরকে বাধা দিয়েছিল। এই অহংবোধই তাদেরকে আত্ম-সমর্পণ করতে বাধা দিয়েছিল যখন তাদেরকে সে সুযোগ দেয়া হয়েছিল (৩৩:৭২), এবং এই অহংবোধই আল্লাহর রাজ্যে পুনরুদ্ধারের পথে আমাদের অধিকাংশের মাঝে দেয়ায় হয়ে দাঁড়ায় (২৫:৪৩)। আর এজন্যই, "তোমাদের অহংবোধকে হত্যা করো"- হলো কোরানের প্রথম আদেশগুলোর একটি (২:৫৪)।

### (৪) জ্বীন

অপরাধী সৃষ্টিজগতের বাকী অর্ধেক অংশ যারা শয়তানের দৃষ্টিভঙ্গিতে সবচেয়ে বেশি ঝুঁকে পড়েছিল এবং সে বৃহত্তম অহংবোধগুলো প্রদর্শন করেছিল- তারা শ্রেণীভুক্ত হয়ে পড়েছিল জ্বীন হিসেবে। আল্লাহর পরিকল্পনা ছিল প্রত্যেক মানুষের সাথে জন্ম থেকে মুহূর্ত পর্যন্ত একজন জ্বীনকে নিয়োজিত করা। জ্বীন সঙ্গী, শয়তানের প্রতিনিধি হিসেবে কাজ করে এবং প্রতিনিয়ত তার দৃষ্টিভঙ্গি প্রচার করতে থাকে (৫০:২৩, ২৭)। জ্বীন এবং মানুষ উভয়কেই এই জগতে একটি মূল্যবান সুযোগ দেয়া হয় নিজেদেরকে পুনরায় শিক্ষিত করতে, নিজেদের অহংবোধ পরিত্যাগ করতে, এবং আল্লাহর সর্বময় কর্তৃত্বের নিকট আত্ম-সমর্পণ করে নিজেদের পাপমোচন করতে। যখনই একজন মানুষ জন্ম গ্রহণ করে, তখন একজন জ্বীন জন্মগ্রহণ করে এবং সে নতুন মানুষের উপর নিযুক্ত হয়। আমরা কোরান থেকে জানতে পারি যে জ্বীনরা শয়তানের বংশধর (৭:২৭, ১৮:৫০)। যখন একজন জ্বীন জন্মগ্রহণ করে এবং একজন মানুষের উপর নিযুক্ত হয়, সে জ্বীন সর্বদা ঐ মানুষের সঙ্গীরূপে থাকে ঐ



মানুষের মৃত্যু পর্যন্ত। সে জীন তারপর মুক্ত হয়ে যায় এবং আর কয়েক শতাব্দী বেঁচে থাকে। মানুষ এবং জীন - উভয়ের জন্যই এককভাবে শুধুমাত্র আল্লাহর উপাসনা বাধ্যতামূলক (৫১:৫৬)।

### আল্লাহ রোবট চান না

৩৮:৬৯- এ স্বর্গীয় সম্প্রদায়গুলোর মধ্যে মতবিরোধের উল্লেখ এবং উপরের বর্ণনা প্রমাণ করে যে, আল্লাহর সৃষ্টিজগতের ইচ্ছার স্বাধীনতা আছে; তাদের নিজস্ব একটা মন আছে। আল্লাহর সৃষ্টির ক্ষুদ্র একটি অংশের বিদ্রোহ চমৎকার একটি তাৎপর্য বহন করে যে, আল্লাহর সৃষ্টি তার উপাসনা করে, কারণ তারা তাঁর অপরিসীম মাহাত্ম্য উপলব্ধি করে। এই বিদ্রোহ ব্যতীত, আমরা কখনো জানতে পারতাম না যে স্বাধীনতা হলো আল্লাহর উপহার, তাঁর সৃষ্টির জন্য।

### পরম করুণাময়, পরম দয়ালু

আমাদের এই জগতেও, যেকোন প্রতিষ্ঠান আশা করে যে এর কর্মচারীরা প্রতিষ্ঠানের কল্যাণের জন্য আনুগত্যকারী হবে এবং নিবেদিত থাকবে। যদি একজন কর্মচারী প্রতিষ্ঠানের প্রতি পুরোপুরি নিবেদিত না হয়, অথবা আংশিক আনুগত্য প্রদর্শন করে, তাকে সাথে সাথে অপসারণ করা হয়। যেহেতু মানুষ এবং জীন, শয়তানের পক্ষাবহন করেছিল, এরপর তাদের সে বিদ্রোহী আচরণের বিষয়ে পুনর্বিবেচনা করার জন্য আল্লাহর প্রস্তাবকে অবহেলা করেছিল, ফেরেশতারা আল্লাহর রাজ্য থেকে শয়তান ও তার মিত্রদের বহিষ্কার প্রত্যাশা করেছিল (২:৩০)। এ তো আল্লাহর অপার অনুগ্রহ যে, তিনি আমাদেরকে আমাদের অপরাধ স্বীকার এবং নিজেদের পাপমোচনের অতিরিক্ত সুযোগ দিয়েছেন।

পাপমোচনের অত্যন্ত সদয় এই পরিকল্পনা বাস্তবায়নের জন্য আল্লাহ "মৃত্যু তৈরী করলেন" (৬৭:১- ২)। এই ঐশ্বরিক পরিকল্পনা বিদ্রোহীদেরকে আরেকটি সন্তোষ প্রকাশ করল, যারফলে তাদের সেই স্বর্গীয় বিবাদের কথা স্বরণ থাকে না। এই জীবনের নানা পরিস্থিতিতে, মানুষ এবং জীন, আল্লাহর বার্তা এবং শয়তানের বার্তা - উভয়ই পেয়ে থাকে, তারপর স্বাধীনভাবে কোন একটি পক্ষ বেছে নেয়। তাদের স্বাধীন ইচ্ছাশক্তিতে নেয়া সিদ্ধান্তের ভিত্তিতে, তারা আল্লাহর রাজ্যে পাপমুক্ত হয় নয়তো চিরকালের জন্য শয়তানের সাথে বহিষ্কৃত হয়।

### শয়তানের অস্থায়ী রাজত্ব

শয়তানের নির্ধারিত রাজ্য যে আক্ষরিকভাবে গুরুত্বহীন তা তুলে ধরতে আল্লাহ তৈরী করলেন শত কোটি ছায়াপথ, লক্ষ কোটি নক্ষত্র, যেগুলো আছে এমন এক বিশাল মহাবিশ্বে যা শত শত কোটি আলোকবর্ষ জুড়ে বিস্তৃত। যদি আমরা আলোর গতিতে সূর্যের দিকে (৯৩, ০০০, ০০০ মাইল) ভ্রমণ করি, তবে আমরা আট মিনিটে তাতে পৌঁছবো। যদি আমরা আরো যেতে থাকি তবে আমরা আমাদের মিল্কওয়ে ছায়াপথের সীমায় পৌঁছবো, আলোর গতিতে ৫০, ০০০ - ৭০, ০০০ বছর পর। সবচেয়ে নিকটবর্তী ছায়াপথে আলোর গতিতে পৌঁছতে সময় লাগবে ২০,০০,০০০ বছর এবং "আমাদের ছায়াপথে" অন্ততপক্ষে ২০০,০০,০০,০০০ সংখ্যক ছায়াপথ রয়েছে। আমাদের মহাবিশ্বের সীমানা থেকে তো দূরের কথা, আমাদের নিজেদের ছায়াপথের সীমানা থেকে সবচেয়ে শক্তিশালী দূরবীণ দিয়ে দেখলেও পৃথিবী আক্ষরিকভাবে অদৃশ্য। যেন আমাদের মহাবিশ্বের বিশালতা যথেষ্ট নয়, আল্লাহ আমাদের মহাবিশ্বকে ঘিরে আরো ছয়টি বৃহত্তর মহাবিশ্ব তৈরী করলেন (২:২৯, ৬৭:৩)। আল্লাহ তারপর শয়তানকে জানালেন যে সবচেয়ে ছোট এবং ভেতরের মহাবিশ্বে অবস্থিত একটি অতিকৃদ্র কণা, পৃথিবী হবে তার রাজত্ব। আল্লাহর পরিকল্পনা অনুযায়ী মানুষ এবং জীনকে এমন একটি মহাবিশ্বে স্থান দেয়া হলো যা আল্লাহর শারীরিক উপস্থিতি সহ্য করতে পারে না (৭:১৪৩)। এভাবে, আল্লাহর পূর্ণ জ্ঞান ও নিয়ন্ত্রণের আওতায় থাকা সত্ত্বেও, আল্লাহর শারীরিক উপস্থিতির অনেক অনেক দূরে শয়তান তার অতিকৃদ্র রাজ্য শাসন করে। এটাও উল্লেখ্য যে, বিদ্রোহীদের মধ্যে যারা অনুতপ্ত হয়েছিল তাদের সংখ্যা এতাই বেশি যে এই পৃথিবী নামক গ্রহে তাদের সবার স্থান সঙ্কুলান সম্ভব নয়। এমনটিই পশুপাখিরা এই গ্রহে সংখ্যায় মানুষকে বহুগুণে ছাড়িয়ে যায়। সকল বিদ্রোহীদের স্থান দিতে গেলো পৃথিবী অব্যবস্থাপনার স্বীকার হতে। তাই সৃষ্টির অগনিত ক্ষুদ্রাংশকে স্থান দেয়া হয়েছে মহাকাশে।

### আদম ও হাওয়া

প্রথম মানবদেহের আকৃতি প্রদান করা হয় আল্লাহর ফেরেশতাদের দ্বারা, আল্লাহর নির্দেশণায় (৭:১১)। তারপর আল্লাহ সে দেহে প্রথম ব্যক্তি আদমকে যুক্ত করলেন। যখন আল্লাহ ফেরেশতাদের জানালেন যে তারা মানুষকে পরীক্ষা চলাকালীন সময়ে সেবা দান করবে - তাদের নিরাপত্তা দেয়া, বাতাস পরিচালনা, বৃষ্টি ও জীবিকা বন্টন, ইত্যাদি - একমাত্র শয়তানই "সেজদাবনত" হতে আত্মকৃতি জানায় (২:৩৪, ১৫:৩১, ৩৮:৭৪)। আদম থেকে ক্লোনিংয়ের মাধ্যমে আদমের সঙ্গিনীকে তৈরী করা হলো নারীসুলভ বৈশিষ্ট্য দিয়ে। আল্লাহ দ্বিতীয় মানবকে সেই দেহে যুক্ত করলেন। যখন আদম ও হাওয়ার আত্মাবিহীন দেহ পৃথিবীতে ছিল, প্রকৃত ব্যক্তির অবস্থান করছিল স্বর্গে। আদম ও হাওয়া ততক্ষণ স্বর্গে ছিল যতক্ষণ তারা আল্লাহর আদেশ- নিষেধ মেনে চলছিল। যখনই তারা এর পরিবর্তে শয়তানের কথায় কান দিল, তারা দুই মানব চরিত্র প্রকাশ করল যা আমাদের সকলের মধ্যে আছে, এবং তারা ততক্ষণ পৃথিবীতে শয়তানের রাজত্ব অন্তর্ভুক্ত হলো - "তাদের দেহ তাদের কাছে দৃষ্টিগোচর হলো" (৭:২০, ২০:১২১)। বাকীটা ইতিহাস।

### শয়তানঃ সকল জীনের পিতা

জীন ও মানুষকে পরীক্ষায় ফেলা, এটা আবশ্যিক করে যে যখনই একজন মানুষ জন্মগ্রহণ করবে তখনই শয়তান প্রজনন ঘটাবে। যেভাবে উপরে বলা হয়েছে, প্রতিবার যখন একজন মানুষ জন্ম নেয়, একজন জীনও তখন জন্ম নেয় ঐ মানুষের সার্বক্ষণিক সঙ্গী হিসেবে ভূমিকা পালনের উদ্দেশ্যে। প্রত্যেকটি মানুষ প্রতিনিয়ত শয়তানের সে প্রতিনিধির মতামতের মুখোমুখি হয় যে একই দেহে জন্ম থেকে মৃত্যু পর্যন্ত অবস্থান করে। শয়তানের প্রতিনিধি চেষ্টা করে তার মানব সঙ্গীকে মানিয়ে নিতে, শয়তানের দৃষ্টিভঙ্গি যে শুধু আল্লাহ যথেষ্ট নয়। পুনরুত্থান দিবসে জীন সঙ্গী তার মানব সঙ্গীর বিরুদ্ধে স্বাক্ষর দেবে (৪৩:৩৮, ৫০:২৩, ২৭)। অনেক জীন সঙ্গীই তাদের মানব সঙ্গীর মাধ্যমে আল্লাহর দৃষ্টিভঙ্গিতে রূপান্তরিত হয়।

আল্লাহ মানুষকে প্রস্তুত না করে ছেড়ে দেন নি। মানুষকে তাদের ভ্রান্ত ধারণা শেষ বারের মতো পুনর্বিবেচনা করতে সাহায্য করার জন্য প্রত্যেক ব্যক্তিকে এই সহজাত জ্ঞান নিয়ে জন্মায় যে, শুধুমাত্র আল্লাহ, আর কেউই নয়, আমাদের প্রভু ও মনিব। জীনদের এই সহজাত জ্ঞান দেয়া হয় নি, কিন্তু তাদেরকে দীর্ঘ আয়ুষ্কাল এবং অপেক্ষাকৃত বেশি ক্ষমতা দেয়া হয়েছে সবচেয়ে ভেতরের মহাবিশ্ব জুড়ে আল্লাহর নিদর্শনসমূহ জানার জন্য। যেহেতু তারা শয়তানের দৃষ্টিভঙ্গীর প্রতিনিধিত্ব করে, তাদের সহজাত প্রবৃত্তি বহুঐশ্বরিকবাদের দিকে ঝুঁকে পড়ে। একে তো আমাদের মধ্যে আল্লাহর উপাসনার সহজাত প্রবৃত্তি রয়েছেই তার উপর আল্লাহ তাঁর বার্তাবাহকদের প্রেরণ করে আমাদেরকে পাপমোচনে সহায়তা করেন। এই সব কিছু বিবেচনা করে, আমরা এই ধ্রুব সত্যটি উপলব্ধি করতে পারি যে একমাত্র অমার্জনীয় অপরাধ হলো আল্লাহর সাথে কাউকে অংশীদার সাব্যস্ত করা (যদি আত্মত্যাগ আঁকড়ে থাকা হয়) : এটা বিশ্বাস করা যে আল্লাহর পাশে আর কেউ কোনো ক্ষমতা রাখে।

### চল্লিশ বছরের অনুগ্রহ কাল

হয় শয়তানের দৃষ্টিভঙ্গি নয় আল্লাহর সর্বময় কর্তৃত্ব মেনে চলার এই অতি গুরুত্বপূর্ণ সিদ্ধান্তে পৌঁছার পূর্বে মানুষকে চল্লিশ বছর সময় দেয়া হয়েছে জ্ঞান অর্জন করতে, ঘুড়ে-ফিরে দেখতে, চিন্তা-ভাবনা করতে, এবং সকল দৃষ্টিভঙ্গি যাচাই করতে। কেউ চল্লিশ বছরের পূর্বে মৃত্যুবরণ করলে সে আল্লাহর দ্বারা পাপমোচনের জন্য নির্বাচিত হয়, বিভিন্ন পারিপার্শ্বিকতার কারণে যা শুধু আল্লাহই জানেন। কেউ চল্লিশ বছরের পূর্বে মৃত্যুবরণ করলে সে স্বর্গে চলে যায় (৪৬:১৫, অনুচ্ছেদ ৩২)। আল্লাহর অপরিসীম অনুগ্রহ স্পষ্ট হয় এই বাস্তবতা থেকে যে যারা এমনকি কোরানে বিশ্বাস করে তারাও এমন দয়ার্হ্র ঐশ্বরিক আইনটি মেনে নিতে হিমশিম খায়।

আল্লাহর বার্তাবাহকগণ আল্লাহ প্রদত্ত পাপমোচনের সুযোগের সুসংবাদ দিয়েছেন এবং তারা দুর্দান্ত নিদর্শনাবলি দ্বারা সমর্থিত। যখন মুসা ফেরাউনের কাছে গিয়েছিল, সে তার লাঠিকে সাপে রূপান্তরিত হওয়ার মতো অলৌকিকতা দ্বারা সমর্থিত ছিল। ঈসা আল্লাহর ইচ্ছায় কাদা থেকে জীবন্ত পাখি তৈরি করেছিল, আল্লাহর ইচ্ছায় কুষ্ঠ রোগী ও অন্ধকে আরোগ্য করেছিল, এবং আল্লাহর ইচ্ছায় মৃতকে পুনর্জীবিত করেছিল। আল্লাহর বার্তাবাহক, নবী মুহম্মদ, যে এই সর্বশেষ টেস্টামেন্ট (কোরান) পৌঁছে দিয়েছিল, সে এমন কোন অলৌকিকতা প্রদর্শন করেনি (১০:২০)। কোরান নিজেই ছিল মুহম্মদের আনিত বার্তার সমর্থনকারী অলৌকিকতা (২৯:৫০-৫১)। মুহম্মদের কাছ থেকে কোরানের অলৌকিকতাকে চৌদ্দ শতাব্দীকাল যাবৎ আলাদা রাখা ছিল এক ঐশ্বরিক প্রজ্ঞা। এখন যখন আমরা কোরানের গাণিতিক অলৌকিকতার গুরুত্বপূর্ণ মাত্রাগুলো বুঝতে পারি (অনুচ্ছেদ ১), আমরা অনুধাবন করি যে লক্ষ লক্ষ লোক আল্লাহর অবতার ভেবে মুহম্মদের উপাসনা করতো যদি এই অলৌকিকতা তার মাধ্যমে প্রকাশ করা হতো।

### সত্যতার প্রমাণঃ চাক্ষুণ্য, বাস্তব, অখণ্ডনীয়

কম্পিউটার যুগের আবির্ভাবের সাথে সাথে, আমরা আবিষ্কার করলাম যে কোরানের গাণিতিক কোড হলো "সবচেয়ে বড় অলৌকিকতাগুলোর মধ্যে একটি" যেভাবে বলা হয়েছে ৭৪:৩০-৩৫ এ। পূর্ববর্তী বার্তাবাহকদের দেয়া অলৌকিকতাগুলো স্থান ও কালে সীমাবদ্ধ ছিল, সেখানে কোরানের অলৌকিকতা স্থায়ী। খুব অল্প সংখ্যক লোকই মুসা ও ঈসার অলৌকিকতাগুলো প্রত্যক্ষ করেছে, কিন্তু কোরানের অলৌকিকতা যে কেউ যেকোনো সময় প্রত্যক্ষ করতে পারে। কোরানের অলৌকিকতা পূর্ববর্তী সকল অলৌকিকতাকে লিপিবদ্ধ করে ও প্রমাণ করে (৫:৪৮)।

অনুচ্ছেদ ১ এ যেরকম বিস্তারিত বলা হয়েছে, কোরানের গাণিতিক অলৌকিকতার ভিত্তি হলো "১৯" সংখ্যাটি। পাঠককে এই চমৎকার অলৌকিকতা সম্পর্কে জানানোর জন্য "আল্লাহ" শব্দটি এই বইয়ে মোটা অক্ষরে ছাপানো হয়েছে এবং প্রতি পাতার নীচে বাম দিকে "আল্লাহ" শব্দটি কতবার উল্লেখিত হয়েছে তার ক্রমবর্ধমান যোগফল দেয়া হয়েছে। এই কোরানের সর্বশেষে সবচেয়ে গুরুত্বপূর্ণ এই শব্দটির উল্লেখের মোট যোগফল দেখানো হয়েছে ২৬৯৮। এই যোগফলটি ১৯ সংখ্যার গুণিতক। উপরন্তু, যেসব আয়াতে "আল্লাহ" শব্দটি উল্লেখিত হয়েছে সেসব আয়াত নম্বরগুলোকে আমরা যোগ করলে পাই ১১৮১২৩ এবং এটিও "১৯" সংখ্যার গুণিতক (১৯x৬২১৭)। যেসব আয়াতে "আল্লাহ" শব্দটি উল্লেখিত হয়েছে সেসব আয়াত নম্বরগুলোর ক্রমবর্ধমান যোগফল দেখানো হয়েছে প্রতি পাতার নিচে ডান দিকে। এই সাধারণ চাক্ষুণ্য সত্যগুলো পাঠক সহজেই যাচাই করতে পারেন এবং সেগুলো কোরানের অতি-মানবীয় গাণিতিক কাঠামো প্রমাণ করার জন্য যথেষ্ট।

### পাঠক কর্তৃক যাচাইয়ের জন্য সত্যতার প্রমাণ

কোরানের অসাধারণ গাণিতিক কাঠামোর সাথে সাথে, আমরা অনেকগুলো কোরানীয় সত্য খুঁজে পাই যা আধুনিক বিজ্ঞান দ্বারা প্রমাণিত কিংবা ধারণাকৃত। এখানে অত্যন্ত অগ্রসর এমন কিছু বৈজ্ঞানিক তথ্যের উদাহরণ দেয়া হলোঃ

- ১। পৃথিবী ডিম্বাকৃতির (৩৯:৫, ৭৯:৩০)।
- ২। পৃথিবী স্থির নয়; এটি প্রতিনিয়তই ঘুরছে (২৭:৮৮)।
- ৩। সূর্য যেখানে আলোর উৎস, সেখানে চাঁদে এর আলো প্রতিফলিত হয় (১০:৫, ২৫:৬১, ৭১:১৬)।
- ৪। অক্সিজেনের পরিমাণ কমতে থাকে আমরা যখন আকাশের দিকে আরোহণ করতে থাকি (৬:১২৫)।
- ৫। "বিগ ব্যাং তত্ত্ব" নিশ্চিত করা হয়েছে (২১:৩০)।
- ৬। "মহাবিশ্বের সম্প্রসারণ তত্ত্ব" নিশ্চিত করা হয়েছে (৫১:৪৭)।
- ৭। মহাবিশ্ব শুরুতে গ্যাসীয় অবস্থায় ছিল (৪১:১১)।
- ৮। বিবর্তন সত্য; একটি নির্দিষ্ট প্রজাতির ভিতরে, বিবর্তন একটি ঐশ্বরিকভাবে নিয়ন্ত্রিত প্রক্রিয়া (২১:৩০, ২৪:৪৫, ৩২:৭-৯, ১৮:৩৭, ১৫:২৮-২৯, ৭:১১, ৭১:১৩-১৪, অনুচ্ছেদ ৩১)।
- ৯। পুরুষের বীর্ষ দ্বারা সন্তানের লিঙ্গ নির্ধারিত হয় (৫৩:৪৫-৪৬)।

### অবাস্তব কিছু নেই

একইভাবে এটাও অলৌকিক যে কোরানে অবাস্তব কিছুই নেই। এটা বিশেষভাবে গুরুত্বপূর্ণ কেননা কোরান যখন অবতীর্ণ হয় তখন ছিল অজ্ঞতা ও কুসংস্কারের যুগ। উদাহরণস্বরূপ, প্রথাগত মুসলিমদের মধ্যে সবচেয়ে সম্মানিত তাফসিরকারক ইবনে কাসির। তিনি তার বিখ্যাত তাফসির, যা নবীর কয়েক শতাব্দী পরে লিখিত, তাতে আমরা পড়ি যে পৃথিবী একটি ৪০, ০০০ শিং বিশিষ্ট ফাড়ের পিঠে অবস্থিত যা আবার একটি বিশালকায় তিমির পিঠে অবস্থান করছে (দেখুন ইবনে কাসিরের ৬৮:১ নং আয়াতের ব্যাখ্যা)।

সম্প্রতি ১৯৭৫ সনে সৌদি আরবে, যেখানে কোরান অবতীর্ণ হয়েছিল, মদিনা ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট, শেখ আবদুল আজিজ বিন বাজ ঘোষণা করেন যে পৃথিবী সমতল ও স্থির !!

### যথাযথ সুখঃ এখন ও চিরকালের

প্রত্যেক মানুষের অন্যতম অধরা চাওয়া হলো- "সুখ"। কোরান এই জীবন ও চিরকালের জন্য যথাযথ সুখ অর্জনের রহস্য উন্মোচন করে। আমরা কোরান থেকে শিক্ষা পাই সুখ প্রকৃতপক্ষে আত্মার একটি স্বতন্ত্র গুণ। তাই, কোন একটি দেহ যা অর্জন করে এর আকাঙ্ক্ষিত সব ধরণের পার্থিব সাফল্য- অর্থ, ক্ষমতা, খ্যাতি ইত্যাদি - প্রায়ই কোন এক অসুখী ব্যক্তির অধীনে হয়। সুখ পুরোপুরি নির্ভর করে প্রকৃত ব্যক্তি- আত্মার বৃদ্ধি ও বিকাশের পরিমানের উপর। কোরান এই জগতে এবং চিরস্থায়ী পরজীবনে দেহ ও আত্মা- উভয়ের জন্য যথাযথ সুখের পথ বলে দেয় (অনুচ্ছেদ ১৫)।

এই প্রমাণিত টেক্সটমেন্টের অনেক আয়াতে, আল্লাহ ব্যক্তিগতভাবে বিশ্বাসীদের এখন ও চিরকালের সুখের নিশ্চয়তা দিয়েছেনঃ

নিঃসন্দেহে, আল্লাহর মিত্রদের ভয়ের কিছু নেই,  
না তারা শোক করবে।  
এরা তারাই যারা বিশ্বাস করে  
এবং সং জীবন- যাপন করে।  
তাদের জন্য রয়েছে সুখ এই জীবনে ও পরকালে।  
এমনই আল্লাহর অলঙ্ঘনীয় আইন।  
এটাই সত্যিকারের সাফল্য।

[১০:৬২-৬৪]

#### সকল বিশ্বাসীরা মিলে গঠন করে একটি গ্রহণযোগ্য ধর্ম

স্রষ্টার চূড়ান্ত বার্তা থেকে যেমনটি প্রত্যাশিত, কোরানের অন্যতম থিমগুলোর একটি হলো সকল বিশ্বাসীদের মাঝে ঐক্যের জন্য আহ্বান করা, এবং আল্লাহর বার্তাবাহকদের মধ্যে কোন রকম পার্থক্য করাকে বারবার নিষিদ্ধ করা। যদি উপাসনার বস্তুটি এক ও অভিন্ন হয়, তবে সকল বিশ্বাসীদের মাঝে পরম ঐক্য থাকবে। মানব সংক্রান্ত বিষয় যেমন নিবেদন এবং যীশু, মুহাম্মদ ও সাধুদের মতো ক্ষমতাহীন মানুষদের নিয়ে কুসংস্কারগুলোই পথভ্রষ্ট বিশ্বাসীদের মধ্যে বিভক্তি, ঘৃণা ও তিক্ত যুদ্ধের কারণ। একজন সুপথপ্রাপ্ত বিশ্বাসী এককভাবে আল্লাহর প্রতি নিবেদিত, এরূপ বিশ্বাসী তার ধর্মকে যে নামই দিক না কেন।

নিশ্চয়ই, যারা বিশ্বাস করে,  
যারা ইহুদি, খ্রীষ্টান,  
এবং ধর্মান্তরিত;  
যে কেউ (১) বিশ্বাস করে আল্লাহতে,  
(২) বিশ্বাস করে শেষ দিবসে, এবং  
(৩) সং জীবন- যাপন করে,  
তারা তাদের প্রভুর কাছ থেকে প্রতিদান পাবে;  
তাদের ভয়ের কিছু নেই, না তারা শোক করবে।

[২:৬২, ৫:৬৯]

#### আল্লাহর "অঙ্গীকারকৃত বার্তাবাহক"

অনুচ্ছেদ ২- এ যেরকম বিস্তারিত বলা হয়েছে, এই বইয়ের প্রকাশনা নতুন এক যুগের আবির্ভাবের চিহ্ন স্বরূপ- সে যুগ যেখানে আল্লাহর নবীদের মাধ্যমে দেয়া তাঁর বার্তাগুলোকে একটি বার্তায় পরিণত করা হয়েছে। আল্লাহর কেবলই একটি ধর্ম "আত্মসমর্পণ" অন্য সকল ধর্মের উপর আধিপত্য বিস্তার করবে (৯:৩৩, ৪৮:২৮, এবং ৬১:৯)। ইহুদিবাদ, খ্রীষ্টবাদ, হিন্দুধর্ম, বৌদ্ধধর্ম, এবং ইসলাম সহ বর্তমানকালের বিকৃত ধর্মগুলো বিলুপ্ত হয়ে যাবে এবং "আত্মসমর্পণ" জয়ী হবে। এটা একজন মানুষের মনগড়া চিন্তাভাবনা নয়; এটি আল্লাহর অলঙ্ঘনীয় আইন (৩:১৯, ৯:৩৩, ৪১:৫৩, ৪৮:২৮, ৬১:৯, ১১০:১)।

রাশাদ খলিফা  
টুস্কান,  
রমজান ২৬, ১৪০৯\*

## Sura 1: The Key (Al-Fātehah)

### সুরা ১: আল - ফাতিহা (চাবি)

[1:1] In the name of **GOD**, Most Gracious,  
Most Merciful.\*

১। পরম করুণাময়, পরম দয়ালু আল্লাহর  
নামে।

[1:2] Praise be to **GOD**, Lord of the universe.

২। প্রশংসা আল্লাহর, মহাবিশ্বের প্রভু।

[1:3] Most Gracious, Most Merciful.

৩। পরম করুণাময়, পরম দয়ালু।

[1:4] Master of the Day of Judgment.

৪। বিচার দিনের মালিক।

[1:5] You alone we worship; You alone we ask  
for help.

৫। আমরা একমাত্র আপনার উপাসনা করি;  
আমরা একমাত্র আপনার কাছেই সাহায্য চাই।

[1:6] Guide us in the right path;

৬। আমাদেরকে সঠিক পথে পরিচালিত করুন;

[1:7] the path of those whom You blessed; not  
of those who have deserved wrath, nor of the  
strayers.

৭। তাদের পথে যাদের আপনি অনুগ্রহ  
করেছেন; তাদের পথে নয় যারা আপনার  
ক্রোধের উপযুক্ত হয়েছে, তাদের পথেও নয়  
যারা পথভ্রষ্ট হয়েছে।

## Sura 2, The Heifer (Al-Baqarah)

### সুরা ২: আল - বাকারা (বকরা বাছুর)

[2:0] In the name of God, Most Gracious, Most Merciful

০। পরম করুণাময়, পরম দয়ালু আল্লাহর নামে।

[2:1] A.L.M.\*

১। অ, ল, ম \*

[2:2] This scripture is infallible; a beacon for the righteous;

২। এই ঐশীগ্রন্থটি নির্ভুল; সৎকর্মীদের জন্য একটি পথনির্দেশিকা;

### Three Categories of People

#### (1) The Righteous

তিন শ্রেণীর মানুষ

#### (১) সৎকর্মী

[2:3] who believe in the unseen, observe the Contact Prayers (Salat),\* and from our\*\* provisions to them, they give to charity.

৩। যারা অদৃশ্যে বিশ্বাস করে, সংযোগ প্রার্থণা (সালাত) পালন করে, এবং আমাদের দেয়া জীবিকা থেকে তারা দান করে।

[2:4] And they believe in what was revealed to you, and in what was revealed before you,\* and with regard to the Hereafter, they are absolutely certain.

৪। এবং তারা বিশ্বাস করে যা তোমার কাছে প্রকাশিত হয়েছে, এবং যা তোমার পূর্বে প্রকাশিত হয়েছে, এবং পরকাল সম্পর্কে তারা সম্পূর্ণ নিশ্চিত।

[2:5] These are guided by their Lord; these are the winners.

৫। এরাই তাদের প্রভুর দ্বারা পথ- প্রদর্শিত; এরাই বিজয়ী।

#### (2) The Disbelievers

#### (২) অবিশ্বাসী

[2:6] As for those who disbelieve, it is the same for them; whether you warn them, or not warn them, they cannot believe.\*

৬। আর যারা অবিশ্বাস করে, তাদেরকে তুমি সতর্ক করো অথবা সতর্ক না করো, তা তাদের জন্য সমান কথা, তারা বিশ্বাস করতে পারে না।

[2:7] GOD seals their minds and their hearing, and their eyes are veiled. They have incurred severe retribution.

৭। আল্লাহ তাদের অন্তর এবং শ্রবনশক্তি তে মোহর মেলে দিয়েছেন, এবং তাদের চোখ পর্দাবৃত। তারা নিজেদের উপর টেনে এনেছে কঠিন শাস্তি।

#### (3) The Hypocrites

#### (৩) ভুড়

[2:8] Then there are those who say, "We believe in GOD and the Last Day,"while they are not believers.

৮। এরপর রয়েছে তারা, যারা বলে, “আমরা আল্লাহ এবং শেষ দিনে বিশ্বাস করি, ”অথচ তারা বিশ্বাসী নয়।

[2:9] In trying to deceive GOD and those who believe, they only deceive themselves without perceiving.

৯। আল্লাহ এবং যারা বিশ্বাস করে তাদেরকে ধোঁকা দেয়ার চেষ্টা করতে গিয়ে, তারা না বুঝে শুধু নিজেদেরকেই ধোঁকা দেয়।

[2:10] In their minds there is a disease. Consequently, GOD augments their disease. They have incurred a painful retribution for their lying.

১০। তাদের অন্তরে রয়েছে ব্যধি। পরিণামে, আল্লাহ তাদের ব্যধি আরো বাড়িয়ে দেন। তারা তাদের মিথ্যাবাদিতার জন্য নিজেদের উপর টেনে এনেছে যন্ত্রণাদায়ক শাস্তি।

[2:11] When they are told, "Do not commit evil,"they say, "But we are righteous!"

১১। যখন তাদেরকে বলা হয়, “মন্দ কাজ করো না, ”তারা বলে, “কিন্তু আমরা তো সৎকর্মী!”

[2:12] In fact, they are evildoers, but they do not perceive.

১২। আসলে, তারা মন্দকর্মী, কিন্তু তারা তা বোঝে না।

[2:13] When they are told, "Believe like the people who believed,"they say, "Shall we believe like the fools who believed?"In fact, it is they who are fools, but they do not know.

১৩। যখন তাদের বলা হয়, “বিশ্বাস করো সে লোকদের মতো যারা বিশ্বাস করেছে, ”তারা বলে, “যারা বিশ্বাস করেছে, সে বোকাদের মত আমরাও কি বিশ্বাস করবো?” আসলে তাই বোকা, কিন্তু তারা জানে না।

[2:14] When they meet the believers, they say, "We believe,"but when alone with their devils,

they say, "We are with you; we were only mocking."

১৪। যখন তারা বিশ্বাসীদের সাথে সাক্ষাৎ করে, তারা বলে, “আমরা বিশ্বাস করি, ”কিন্তু যখন তারা তাদের শয়তানদের সাথে একান্তে হয়, তারা বলে, “আমরা তোমাদের সাথে আছি; আমরা তো কেবল উপহাস করছিলাম।”

[2:15] **GOD** mocks them, and leads them on in their transgressions, blundering.

১৫। আল্লাহ তাদের উপহাস করেন, এবং তাদের পরিচালিত করেন তাদের সীমালঙ্ঘনে বিভ্রান্ত অবস্থায়।

[2:16] It is they who bought the straying, at the expense of guidance. Such trade never prospers, nor do they receive any guidance.

১৬। এরা তারাই যারা পথভ্রষ্টতা কিনেছে পথ-নির্দেশনার মূল্যে। এমন ব্যবসা কখনো উন্নতি করে না, না তারা কোনো পথনির্দেশনা পায়।

[2:17] Their example is like those who start a fire, then, as it begins to shed light around them, **GOD** takes away their light, leaving them in darkness, unable to see.

১৭। এদের উদাহরণ হলো তাদের মতো যারা আগুন জ্বালানো, আর যখন তা তাদের চারপাশে আলো ছড়াতে আরম্ভ করলো, আল্লাহ তাদের আলো তুলে নিয়ে তাদের অন্ধকারে ছেঁড়ে দেন, তারা দেখতে পায় না।

[2:18] Deaf, dumb, and blind; they fail to return.

১৮। বধির, বোবা এবং অন্ধ; তারা ফিরতে ব্যর্থ।

[2:19] Another example: a rainstorm from the sky in which there is darkness, thunder, and lightning. They put their fingers in their ears, to evade death. **GOD** is fully aware of the disbelievers.

১৯। আরেকটি উদাহরণঃ আকাশ থেকে কোন ঝড়োবৃষ্টি যাতে আছে অন্ধকার, বজ্র, এবং বিদ্যুত চমক। তারা মৃত্যু এড়াতে তাদের কানে আঙ্গুল দেয়। আল্লাহ অশ্বাসীদের সম্পর্কে সম্পূর্ণ অবগত।

*The Light of Faith*  
*বিশ্বাসের আলো*

[2:20] The lightning almost snatches away their eyesight. When it lights for them, they move forward, and when it turns dark, they stand still. If **GOD** wills, He\* can take away

their hearing and their eyesight. **GOD** is Omnipotent.

২০। বিদ্যুত চমক তাদের দৃষ্টিশক্তি প্রায় ছিনিয়ে নেয়। যখন তা তাদের জন্য আলো দেয়, তারা সামনে এগোয়, এবং যখন তা অন্ধকারে রূপ নেয়, তারা স্থির দাঁড়িয়ে যায়। যদি আল্লাহ চান, তিনি তাদের শ্রবণ ও দৃষ্টিশক্তি তুলে নিতে পারেন। আল্লাহ সর্বশক্তিমান।

[2:21] O people, worship only your Lord—the One who created you and those before you—that you may be saved.

২১। হে লোকসকল, একমাত্র তোমাদের প্রভুর উপাসনা করো - সেই একজন যিনি সৃষ্টি করেছেন তোমাদেরকে এবং তাদেরকে যারা তোমাদের পূর্বে ছিল - যাতে তোমরা রক্ষা পেতে পারো।

[2:22] The One who made the earth habitable for you, and the sky a structure. He sends down from the sky water, to produce all kinds of fruits for your sustenance. You shall not set up idols to rival **GOD**, now that you know.

২২। সেই সত্ত্বা, যিনি পৃথিবীকে তোমাদের জন্য বাসযোগ্য করেছেন, এবং আকাশকে করেছেন একটি কাঠামো। তোমাদের জীবিকার জন্য সব ধরণের ফলমূল উৎপন্ন করতে তিনি আকাশ থেকে পানি বর্ষণ করেন। তোমরা আল্লাহর সাথে প্রতিদ্বন্দ্বিতা করতে উপাস্যদের স্থাপন করবে না, এখন যেহেতু তোমরা জানো।

*Mathematical Challenge*

*গাণিতিক চ্যালেঞ্জ*

[2:23] If you have any doubt regarding what we revealed to our servant,\* then produce one sura like these, and call upon your own witnesses against **GOD**, if you are truthful.

২৩। যদি তোমাদের কোনো সন্দেহ থাকে সে সম্পর্কে, যা আমরা আমাদের দাসের কাছে প্রকাশ করেছি, তাহলে এই সুরার মতো একটি সুরা তৈরী করো, এবং ডাকো আল্লাহর বিপক্ষে তোমাদের নিজেদের সাক্ষীদেরকে, যদি তোমরা সত্যবাদী হও।

*Allegorical Description of Hell*

*নরকের রূপক বর্ণনা*

[2:24] If you cannot do this—and you can never do this—then beware of the Hellfire, whose fuel is people and rocks; it awaits the disbeliever

২৪। যদি তোমরা তা করতে না পারো - এবং তোমরা তা কখনোই করতে পারবে না - তাহলে নরকের আগুনের ব্যাপারে সতর্ক হও, যার জ্বালানী হলো মানুষ এবং পাথর; এটা অবিশ্বাসীদের জন্য অপেক্ষা করছে।

### *Allegorical Description of Paradise স্বর্গের রূপক বর্ণনা*

[2:25] Give good news to those who believe and lead a righteous life that they will have gardens with flowing streams. When provided with a provision of fruits therein, they will say, "This is what was provided for us previously." Thus, they are given allegorical descriptions. They will have pure spouses therein, and they abide therein forever.

২৫। সুসংবাদ দাও তাদেরকে, যারা বিশ্বাস করে এবং সং জীবনযাপন করে যে, তাদের জন্য থাকবে প্রবাহিত ঝর্ণাধারা সহ বাগানসমূহ। যখন সেখানে তাদেরকে কোন ফল খেতে দেয়া হবে, তারা বলবে, “এটা তো তা-ই যা আমাদেরকে পূর্বে দেয়া হয়েছিল।” এভাবে, তাদেরকে রূপকধর্মী বর্ণনা দেয়া হয়েছে। সেখানে তাদের জন্য থাকবে শুদ্ধ সহধর্মী/সহধর্মিণী, এবং সেখানে তারা চিরকাল বসবাস করবে।

[2:26] **GOD** does not shy away from citing any kind of allegory,\* from the tiny mosquito and greater. As for those who believe, they know that it is the truth from their Lord. As for those who disbelieve, they say, "What did **GOD** mean by such an allegory?" He misleads many thereby, and guides many thereby. But He never misleads thereby except the wicked,

২৬। আল্লাহ কোনো ধরণের রূপকের মাধ্যমে উদাহরণ দিতে লজ্জা বোধ করেন না, তা সে হোক ছোট মশা কিংবা এর থেকে বড় কিছু। আর যারা বিশ্বাস করে, তারা জানে যে, এটা তাদের প্রভুর পক্ষ থেকে সত্য। আর যারা অবিশ্বাস করে, তারা বলে, “আল্লাহ এমন রূপক দ্বারা কি বুঝিয়েছেন?” তিনি এর দ্বারা অনেককেই বিপথগামী করেন, এবং এর দ্বারা অনেককেই সঠিক পথে পরিচালিত করেন। কিন্তু, তিনি মন্দ ছাড়া অন্য কাউকে এর দ্বারা বিপথগামী করেন না,

[2:27] who violate **GOD's** covenant after pledging to uphold it, sever what **GOD** has commanded to be joined, and commit evil. These are the losers.

২৭। যারা আল্লাহর চুক্তি ভংগ করে, তা মেনে চলার অঙ্গীকার করার পর, বিচ্ছিন্ন হয় তা থেকে, যাতে আল্লাহ যুক্ত হতে আদেশ দিয়েছেন, এবং মন্দ কাজ করে। এরাই হতভাগ্য।

### *Two Deaths and Two Lives for the Disbelievers\**

*অবিশ্বাসীদের জন্য দুটো মৃত্যু এবং দুটো জন্ম*

[2:28] How can you disbelieve in **GOD** when you were dead and He gave you life, then He puts you to death, then He brings you back to life, then to Him you ultimately return?

২৮। কিভাবে তোমরা আল্লাহতে অবিশ্বাস করতে পারো যখন তোমরা ছিলে মৃত এবং তিনি তোমাদের জীবন দিয়েছেন, তারপর তিনি তোমাদের মৃত্যু দেন, তারপর তিনি আবার তোমাদের জীবিত করেন, তারপর তাঁরই কাছে তোমরা চূড়ান্তভাবে ফিরে যাও?

[2:29] He is the One who created for you everything on earth, then turned to the sky and perfected seven universes therein,\* and He is fully aware of all things.

২৯। তিনিই একজন, যিনি তোমাদের জন্য পৃথিবীতে সবকিছু সৃষ্টি করলেন, তারপর তিনি আকাশের দিকে ফিরলেন আর তাতে সাতটি মহাবিশ্ব সুসম করলেন, এবং তিনি সবকিছু সম্পর্কে সম্পূর্ণ অবগত।

### *Satan: A Temporary "god"\**

*শয়তানঃ একজন অস্থায়ী “উপাস্য”\**

[2:30] Recall that your Lord said to the angels, "I am placing a representative (a temporary god) on Earth." They said, "Will You place therein one who will spread evil therein and shed blood, while we sing Your praises, glorify You, and uphold Your absolute authority?" He said, "I know what you do not know."

৩০। স্মরণ করো যে তোমার প্রভু ফেরেশতাদের বললেন, “আমি পৃথিবীতে একজন প্রতিনিধি (একজন অস্থায়ী উপাস্য) প্রতিষ্ঠা করতে যাচ্ছি।” তারা বলল, “আপনি কি সেখানে এমন কাউকে পাঠাবেন, যে সেখানে মন্দের প্রসার ঘটাবে এবং রক্তপাত করবে, যখন কিনা আমরা আপনার গুণগাণ করছি, আপনার মহিমা ঘোষণা করছি, এবং আপনার পূর্ণ কর্তৃত্ব মেনে চলছি?” তিনি বললেন, “আমি জানি যা তোমরা জানো না।”

## The Test Begins

### পরীক্ষার শুরু

[2:31] He taught Adam all the names\* then presented them to the angels, saying, "Give Me the names of these, if you are right."

৩১। তিনি আদমকে সবকিছুর নাম শেখালেন তারপর সেগুলোকে ফেরেশতাদের কাছে উপস্থাপন করে বললেন, “আমাকে এগুলোর নাম বল, যদি তোমরা সঠিক হও।”

[2:32] They said, "Be You glorified, we have no knowledge, except that which You have taught us. You are the Omniscient, Most Wise."

৩২। তারা বলল, “আপনি মহিমান্বিত, যা আপনি আমাদেরকে শিখিয়েছেন তা ছাড়া আমাদের কোনো জ্ঞান নেই। আপনিই সর্বজ্ঞ, পরম জ্ঞানী।”

[2:33] He said, "O Adam, tell them their names." When he told them their names, He said, "Did I not tell you that I know the secrets of the heavens and the earth? I know what you declare, and what you conceal."

৩৩। তিনি বললেন, “হে আদম, তাদেরকে এগুলোর নাম বলে দাও।” যখন সে তাদেরকে সেগুলোর নাম বলে দিলো, তিনি বললেন, “আমি কি তোমাদেরকে বলিনি যে আমি আকাশমন্ডলী এবং পৃথিবীর গোপন বিষয়সমূহ জানি? আমি জানি যা তোমরা প্রকাশ করো, এবং যা তোমরা গোপন করো।”

[2:34] When we said to the angels, "Fall prostrate before Adam," they fell prostrate, except Satan; he refused, was too arrogant, and a disbeliever.

৩৪। যখন আমরা ফেরেশতাদের বললাম, “আদমের সামনে সেজদাবনত হও, ” তারা সেজদাবনত হল, শয়তান ছাড়া; সে প্রত্যাখ্যান করল, সে ছিল অত্যন্ত উদ্ধত এবং এক অবিশ্বাসী।

[2:35] We said, "O Adam, live with your wife in Paradise, and eat therefrom generously, as you please, but do not approach this tree, lest you sin."

৩৫। আমরা বললাম, “হে আদম, তোমার স্ত্রীর সাথে স্বর্গে বাস করো এবং সেখান থেকে ইচ্ছেমতো খাও, যেমন তোমাদের পছন্দ, কিন্তু এই গাছের কাছে যোও না, পাছে তোমাদের পাপ হয়।”

[2:36] But the devil duped them, and caused their eviction therefrom. We said, "Go down as

enemies of one another. On Earth shall be your habitation and provision for awhile."

৩৬। কিন্তু শয়তান তাদেরকে ধোঁকা দিল, এবং সেখান থেকে তাদের বহিস্কারের কারণ হল। আমরা বললাম, “একে অপরের শত্রু হিসেবে নেমে যাও। পৃথিবীতে হবে তোমাদের কিছু সময়ের জন্য বসবাস এবং জীবিকা।”

### Specific Words\*

#### নির্দিষ্ট শব্দাবলী

[2:37] Then, Adam received from his Lord words, whereby He redeemed him. He is the Redeemer, Most Merciful.

৩৭। তারপর, আদম তার প্রভুর কাছ থেকে শব্দাবলী গ্রহণ করলো, যার দ্বারা তিনি তাকে উদ্ধার করলেন। তিনিই উদ্ধারকারী, পরম দয়ালু।

[2:38] We said, "Go down therefrom, all of you. When guidance comes to you from Me, those who follow My guidance will have no fear, nor will they grieve."

৩৮। আমরা বললাম, “এখান থেকে নেমে যাও, তোমরা সবাই। যখন আমার কাছ থেকে তোমাদের কাছে পথনির্দেশনা আসে, তখন যারা আমার পথনির্দেশনা অনুসরণ করে তাদের কোনো ভয় থাকবে না, না তারা শোক করবে।

[2:39] "As for those who disbelieve and reject our revelations, they will be dwellers of Hell, wherein they abide forever."

৩৯। “আর যারা অবিশ্বাস করে এবং আমাদের প্রত্যাদেশসমূহ প্রত্যাখ্যান করে, তারা হবে নরকের বাসিন্দা, যেখানে তারা চিরকাল থাকবে।”

Divine Commandments to All Jews: "You Shall Believe in This Quran."

ঐশ্বরিক প্রত্যাদেশ সকল ইহুদীদের কাছেঃ

“তোমরা এই কোরআনে বিশ্বাস করবে”

[2:40] O Children of Israel, remember My favor, which I bestowed upon you, and fulfill your part of the covenant, that I fulfill My part of the covenant, and reverence Me.

৪০। হে ইসরাঈলের সন্তানেরা, স্মরণ করো আমার অনুগ্রহ, যা আমি তোমাদের উপর অর্পণ করেছি এবং পূর্ণ করো তোমাদের অঙ্গীকারকৃত অংশ, যাতে আমি পূর্ণ করি আমার অঙ্গীকারকৃত অংশ, এবং আমাকে ভক্তি- শ্রদ্ধা করো।

[2:41] You shall believe in what I have revealed herein, confirming what you have; do



not be the first to reject it. Do not trade away My revelations for a cheap price, and observe Me.

৪১। তোমরা বিশ্বাস করবে তাতে যা আমি এখানে প্রকাশ করেছি, যা তোমাদের কাছে আছে তা সুনিশ্চিত করে; এটাকে প্রত্যাখ্যানে প্রথম হইও না। আমার প্রত্যাদেশনাবলীকে সামান্য মূল্যে বিক্রি করো না এবং আমার প্রতি মনোযোগ দাও।

[2:42] Do not confound the truth with falsehood, nor shall you conceal the truth, knowingly.

৪২। সত্যকে মিথ্যার সাথে মিশ্রিত করো না, আর জেনে- শুনে সত্যকে গোপন করো না।

[2:43] You shall observe the Contact Prayers (*Salat*) and give the obligatory charity (*Zakat*), and bow down with those who bow down.

৪৩। তোমরা সংযোগ প্রার্থণা (সালাত) পালন করবে এবং বাধ্যতামূলক দান (যাকাত) প্রদান করবে, এবং অবনত হবে (রুকু করবে) তাদের সাথে যারা অবনত হয় (রুকু করে)।

[2:44] Do you exhort the people to be righteous, while forgetting yourselves, though you read the scripture? Do you not understand?

৪৪। তোমরা কি মানুষকে সৎকর্মী হতে উদ্বুদ্ধ করো, অথচ নিজেদেরকেই ভুলে যাও, যদিও তোমরা ঐশীগ্রন্থ পড়ো? তোমরা কি বুঝো না?

[2:45] You shall seek help through steadfastness and the Contact Prayers (*Salat*). This is difficult indeed, but not so for the reverent,

৪৫। তোমরা সাহায্য প্রার্থণা করবে ধৈর্য্য এবং সংযোগ প্রার্থণা (সালাতের) মাধ্যমে। এটা প্রকৃতপক্ষে কঠিন, কিন্তু ভক্তদের জন্য নয়।

[2:46] who believe that they will meet their Lord; that to Him they ultimately return.

৪৬। যারা বিশ্বাস করে যে তারা তাদের প্রভুর সাথে সাক্ষাত করবে আর তাঁর কাছে তারা অবশেষে ফিরে যাবে।

[2:47] O Children of Israel, remember My favor which I bestowed upon you, and that I blessed you more than any other people.

৪৭। হে ইসরাইলের সন্তানেরা, স্মরণ করো আমার অনুগ্রহ যা আমি তোমাদের উপর প্রদান করেছি, এবং যে আমি তোমাদেরকে অন্য যেকোন লোকের চেয়ে বেশি সৌভাগ্যশালী করেছি।

[2:48] Beware of the day when no soul can avail another soul, no intercession will be accepted, no ransom can be paid, nor can anyone be helped.

৪৮। সেদিনের ব্যাপারে সাবধান হও যখন না কেউ কারো উপকারে আসতে পারে, না কোনো সুপারিশ গ্রহণ করা হবে, না কোনো মুক্তিপণ দেয়া যাবে, না কেউ সাহায্যপ্রাপ্ত হতে পারবে।

[2:49] Recall that we saved you from Pharaoh's people who inflicted upon you the worst persecution, slaying your sons and sparing your daughters. That was an exacting test from your Lord.

৪৯। স্মরণ করো যে আমরা তোমাদেরকে ফেরাউনের লোকদের থেকে রক্ষা করেছিলাম যারা তোমাদের উপর নির্মম অত্যাচার চালিয়েছিল, তোমাদের পুত্রদের হত্যা করতো আর কন্যাদের ছেড়ে দিতো। তোমাদের প্রভুর পক্ষ থেকে সেটা ছিল এক কঠোর পরীক্ষা।

[2:50] Recall that we parted the sea for you; we saved you and drowned Pharaoh's people before your eyes.

৫০। স্মরণ করো যে, আমরা তোমাদের জন্য সাগরকে বিভক্ত করেছিলাম; আমরা তোমাদের রক্ষা করেছিলাম এবং তোমাদের চোখের সামনে ফেরাউনের লোকদের ডুবিয়ে দিয়েছিলাম।

[2:51] Yet, when we summoned Moses for forty nights, you worshiped the calf in his absence, and turned wicked.\*

৫১। এরপরও, যখন আমরা মুসাকে চল্লিশ রাতের জন্য ডেকেছিলাম, তোমরা তার অনুপস্থিতিতে বাছুর পূজা করেছিলে এবং পাপপূর্ণ হয়ে পড়েছিলে।

[2:52] Still, we pardoned you thereafter that you may be appreciative.

৫২। তবুও, এসবের পরে আমরা তোমাদেরকে ক্ষমা করেছিলাম যাতে তোমরা কৃতজ্ঞ হও।

[2:53] Recall that we gave Moses scripture and the statute book, that you may be guided.  
৫৩। স্মরণ করো যে, আমরা মুসাকে দিয়েছিলাম ঐশীগ্রন্থ এবং বিধিবদ্ধ আইনগ্রন্থ, যাতে তোমরা সুপথপ্রাপ্ত হতে পারো।

#### *Kill Your Ego*

আপনাদের 'আমিত্ব'কে (অহংবোধকে) হত্যা করুন

[2:54] Recall that Moses said to his people, "O my people, you have wronged your souls by worshiping the calf. You must repent to your Creator. You shall kill your egos. This is better for you in the sight of your Creator." He did redeem you. He is the Redeemer, Most Merciful.

৫৪। স্মরণ করো যে, মুসা তার লোকদের বলেছিল, "হে আমার লোকেরা, বাছুর পূজা করে তোমরা তোমাদের আত্মার ক্ষতি করেছ। তোমরা অবশ্যই তোমাদের স্রষ্টার কাছে অনুশোচনা করবে। তোমরা তোমাদের 'আমিত্ব'কে (অহংবোধকে) হত্যা করবে। তোমাদের স্রষ্টার দৃষ্টিতে এটা তোমাদের জন্য উত্তম।" তিনি তোমাদের উদ্ধার করেছিলেন। তিনি উদ্ধারকর্তা, পরম দয়ালু।

#### *Physical Evidence \**

বাস্তব প্রমাণ

[2:55] Recall that you said, "O Moses, we will not believe unless we see **GOD**, physically." Consequently, the lightning struck you, as you looked.

৫৫। স্মরণ করো যে, তোমরা বলেছিলে, "হে মুসা, আমরা বিশ্বাস করবো না যতক্ষণ না আমরা আল্লাহকে স্বশরীরে দেখছি।" ফলস্বরূপ, বজ্র তোমাদের আঘাত করলো, যখন তোমরা তাকিয়েছিলে।

[2:56] We then revived you, after you had died, that you may be appreciative.

৫৬। তারপর, তোমরা মরে যাবার পর, আমরা তোমাদের পুনর্জীবিত করলাম, যাতে তোমরা কৃতজ্ঞ হও।

[2:57] We shaded you with clouds (*in Sinai*), and sent down to you manna and quails: "Eat from the good things we provided for you." They did not hurt us (*by rebelling*); they only hurt their own souls.

৫৭। আমরা তোমাদেরকে (সিনাইয়ে) মেঘমালা দিয়ে ছায়া দান করেছিলাম এবং তোমাদের কাছে অবতীর্ণ করেছিলাম 'মান্না' এবং কোয়েলঃ "তোমাদের জন্য আমাদের দেয়া ভালো জিনিস থেকে খাও।" তারা (বিদ্রোহ করে) আমাদের ক্ষতি করেনি; তারা শুধু নিজেদের আত্মারই ক্ষতি করেছিল।

#### *Lack of Confidence in God: They Refuse to Enter Jerusalem*

আল্লাহর প্রতি আস্থার অভাবঃ তারা জেরুজালেমে প্রবেশ করতে অস্বীকৃতি জানায়

[2:58] Recall that we said, "Enter this town, where you will find as many provisions as you like. Just enter the gate humbly, and treat the people nicely. We will then forgive your sins, and increase the reward for the pious."

[২/৫৮] স্মরণ করো যে আমরা বলেছিলাম, "এই শহরে প্রবেশ করো, যেখানে তোমাদের পছন্দমতো অনেক জীবিকা পাবে। শুধু নম্রভাবে দরজা দিয়ে প্রবেশ করো, এবং লোকদের সাথে সুন্দর ব্যবহার করো। তাহলে আমরা তোমাদের পাপসমূহ ক্ষমা করে দেব, এবং ধার্মিকদের জন্য পুরস্কার বাড়িয়ে দেব।

[2:59] But the wicked among them carried out commands other than the commands given to them. Consequently, we sent down upon the transgressors condemnation from the sky, due to their wickedness.

[২/৫৯] কিন্তু, তাদের মধ্যকার মন্দ লোকেরা তাদেরকে দেয়া নির্দেশ অনুসরণ না করে অন্য নির্দেশ অনুসরণ করলো। ফলস্বরূপ, আকাশ থেকে আমরা সীমালঙ্ঘনকারীদের উপর শাস্তি অবতীর্ণ করলাম, তাদের অপকর্মের জন্য।

#### *More Miracles*

আরও অলৌকিক নিদর্শন

[2:60] Recall that Moses sought water for his people. We said, "Strike the rock with your staff." Whereupon, twelve springs gushed out therefrom. The members of each tribe knew their own water. Eat and drink from **GOD's** provisions, and do not roam the earth corruptingly.

[২/৬০] স্মরণ করো যে, মুসা তার লোকদের জন্য পানি খুঁজেছিল, আমরা বলেছিলাম, "তোমার লাঠি দিয়ে পাথরটিতে আঘাত করো"। যার ফলে, সেখান থেকে বারটি বার্না প্রবলবেগে বের হয়ে আসলো। প্রত্যেক গোত্রের সদস্যরা তাদের নিজ নিজ পানি চিনতো। আল্লাহর দেয়া জীবিকা থেকে খাও এবং পান করো, এবং পৃথিবীতে দুর্নীতি করে বেড়িও না।

#### *Israel Rebels*

#### *ইসরাইলীরা বিদ্রোহ করে*

[2:61] Recall that you said, "O Moses, we can no longer tolerate one kind of food. Call upon your Lord to produce for us such earthly crops as beans, cucumbers, garlic, lentils, and onions." He said, "Do you wish to substitute that which is inferior for that which is good? Go down to Egypt, where you can find what you asked for." They have incurred condemnation, humiliation, and disgrace, and brought upon themselves wrath from **GOD**. This is because they rejected **GOD**'s revelations, and killed the prophets unjustly. This is because they disobeyed and transgressed.

[২/৬১] স্মরণ করো যে তোমরা বলেছিলে, "হে মুসা, আমরা এক রকমের খাদ্য আর সহ্য করতে পারছি না। তোমার প্রভুর কাছে আহবান করো তিনি যেন আমাদের জন্য ভূমিজাত শস্য যেমন শীম, শসা, রসুন, ডাল এবং পেঁয়াজ উৎপন্ন করেন। সে বলল, "তোমরা কি ভাল জিনিসের পরিবর্তে এর চেয়ে নিম্নমানের জিনিস চাও? মিশরে গিয়ে অধঃপতিত হও, সেখানে তোমরা যা চাচ্ছ তা পাবে"। তারা নিজেদের উপর টেনে আনলো নিন্দা, লাঞ্ছনা এবং অসম্মান, এবং নিজেদের উপর নিয়ে আসলো আল্লাহর ক্রোধ। এটা এ কারণে যে তারা আল্লাহর প্রকাশণাবলী প্রত্যাখান করেছিল, এবং নবীদেরকে অন্যায়ভাবে হত্যা করেছিল। এটা এ কারণে যে, তারা অমান্য করেছিল এবং সীমালঙ্ঘন করেছিল।

#### *Unity of All Submitters*

#### *সকল আত্মসমর্পণকারীর ঐক্য*

[2:62] Surely, those who believe, those who are Jewish, the Christians, and the converts;

anyone who (1) believes in **GOD**, and (2) believes in the Last Day, and (3) leads a righteous life, will receive their recompense from their Lord. They have nothing to fear, nor will they grieve.

[২/৬২] নিশ্চয়ই, যারা বিশ্বাস করে, যারা ইহুদী, খ্রীস্টান, এবং ধর্মান্তরিত; যে কেউই (১) বিশ্বাস করে আল্লাহতে, এবং (২) বিশ্বাস করে শেষ দিনে, এবং (৩) সৎ জীবন- যাপন করে, তারা তাদের প্রভুর কাছ থেকে প্রতিদান পাবে। তাদের ভয়ের কিছু নেই, না তারা শোক করবে।

#### *Covenant with Israel*

#### *ইসরাইলীদের সাথে অঙ্গীকার*

[2:63] We made a covenant with you, as we raised Mount Sinai above you: "You shall uphold what we have given you strongly, and remember its contents, that you may be saved."

[২/৬৩] আমরা যখন তোমাদের উপর সিনাই পর্বত তুলে ধরে তোমাদের সাথে অঙ্গীকার করেছিলাম যে, "তোমরা দৃঢ়ভাবে মেনে চলবে যা আমরা তোমাদের দিয়েছি, এবং এর বিষয়বস্তু স্মরণ রাখবে, যাতে তোমরা রক্ষা পেতে পার।"

[2:64] But you turned away thereafter, and if it were not for **GOD**'s grace towards you and His mercy, you would have been doomed.

[২/৬৪] কিন্তু তোমরা এরপর মুখ ফিরিয়ে নিলে এবং যদি তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ ও কৃপা না থাকতো, তোমরা ধ্বংস হয়ে যেতে।

[2:65] You have known about those among you who desecrated the Sabbath. We said to them, "Be you as despicable as apes."

[২/৬৫] তোমাদের মধ্যে যারা সাব্বাথকে অপবিত্র করেছিল তোমরা তাদের সম্পর্কে জেনেছো। আমরা তাদেরকে বললাম, "তোমরা বানরের মতো ঘৃণ্য হয়ে যাও।"

[2:66] We set them up as an example for their generation, as well as subsequent generations, and an enlightenment for the righteous.

[২/৬৬] আমরা তাদেরকে তাদের, এবং তাদের পরবর্তী প্রজন্মদের জন্য উদাহরণস্বরূপ করেছি, এবং সৎকর্মীদের জন্য করেছি একটি জ্ঞানালোক।

## *The Heifer\**

### *বকনা বাছুর*

[2:67] Moses said to his people, "GOD commands you to sacrifice a heifer." They said, "Are you mocking us?" He said, "GOD forbid, that I should behave like the ignorant ones."

[২/৬৭] মুসা তার লোকদের বলল, "আল্লাহ তোমাদেরকে একটি বকনা বাছুর উৎসর্গ করতে আদেশ করেন।" তারা বলল, "তুমি কি আমাদের উপহাস করছো?" সে বলল, "আল্লাহ না করুন, যে আমি অজ্ঞদের মতো আচরণ করি।"

[2:68] They said, "Call upon your Lord to show us which one." He said, "He says that she is a heifer that is neither too old, nor too young; of an intermediate age. Now, carry out what you are commanded to do."

[২/৬৮] তারা বলল, "তোমার প্রভুকে আহ্বান করো যেন তিনি আমাদের দেখান কোনটি।" সে বলল, "তিনি বলেছেন যে, সেটা একটি বকনা বাছুর যেটা খুব বেশি বয়স্ক নয়, কিংবা অল্প বয়স্কও নয়; মাঝামাঝি বয়সের। এবার, তোমাদেরকে যা আদেশ করা হয়েছে তা পালন করো।"

[2:69] They said, "Call upon your Lord to show us her color." He said, "He says that she is a yellow heifer, bright colored, pleases the beholders."

[২/৬৯] তারা বলল, "তোমার প্রভুকে আহ্বান করো আমাদেরকে যেন এর রং দেখান।" সে বলল, "তিনি বলেছেন যে, সেটা একটি হলুদ বকনা বাছুর, উজ্জ্বল রংয়ের, দর্শকদের মুগ্ধ করে।"

[2:70] They said, "Call upon your Lord to show us which one. The heifers look alike to us and, GOD willing, we will be guided."

[২/৭০] তারা বলল, "তোমার প্রভুকে আহ্বান করো যেন তিনি আমাদের দেখান তা কোনটি। বকনা বাছুরগুলো আমাদের কাছে দেখতে একই রকম মনে হয়, আল্লাহ যদি চান, আমরা সুপথে পরিচালিত হবো।"

[2:71] He said, "He says that she is a heifer that was never humiliated in plowing the land

or watering the crops; free from any blemish." They said, "Now you have brought the truth." They finally sacrificed her, after this lengthy reluctance.

[২/৭১] সে বলল, "তিনি বলেন যে, এটি এমন বকনা বাছুর যেটা কখনো জমি চাষে অথবা শস্য ক্ষেতে পানি দেয়ার কাজে ব্যবহৃত হয়নি; কোনো প্রকার খুঁত মুক্ত।" তারা বলল, "এখন তুমি সত্যটা এনেছ।" তারা অবশেষে এটি উৎসর্গ করলো, এই দীর্ঘ অনীহার পর।

### *Purpose of the Heifer* *বকনা বাছুরটির উদ্দেশ্য*

[2:72] You had killed a soul, then disputed among yourselves. GOD was to expose what you tried to conceal.

[২/৭২] তোমরা একজনকে হত্যা করেছিলে, এরপর নিজেদের মধ্যে বিবাদ করলে। আল্লাহ তা প্রকাশ করতে চেয়েছিলেন যা তোমরা গোপন করার চেষ্টা করছিলে।

[2:73] We said, "Strike (the victim) with part (of the heifer)." That is when GOD brought the victim back to life, and showed you His signs, that you may understand.

[২/৭৩] আমরা বললাম, "(বকনা বাছুরটির) অংশ দিয়ে (মৃত ব্যক্তিকে) আঘাত করো।" তখনই আল্লাহ মৃত ব্যক্তির জীবন ফিরিয়ে দিলেন, এবং তোমাদেরকে তাঁর নিদর্শনসমূহ দেখালেন, যাতে তোমরা বুঝতে পারো।

[2:74] Despite this, your hearts hardened like rocks, or even harder. For there are rocks from which rivers gush out. Others crack and release gentle streams, and other rocks cringe out of reverence for GOD. GOD is never unaware of anything you do.

[২/৭৪] তা সত্ত্বেও, তোমাদের হৃদয় পাথরের মতো কঠিন হয়ে গেল, বা তার চেয়েও কঠিন। কারণ এমন পাথরও আছে যেগুলো থেকে নদী প্রবল বেগে বের হয়ে আসে। অন্যগুলো ফেঁটে যায় এবং শান্ত ঝর্ণা নির্গত হয়, এবং অন্য পাথরগুলো আল্লাহর ভয়ে খসে পড়ে। আল্লাহ কখনোই অসচেতন নন যা কিছু তোমরা করো।

### *Distorting the Word of God* *আল্লাহর বানী বিকৃত করা*

[2:75] Do you expect them to believe as you do, when some of them used to hear the word of **GOD**, then distort it, with full understanding thereof, and deliberately?

[২/৭৫] তোমরা কি আশা করো যে তারা তোমাদের মতো বিশ্বাস করবে, যখন তাদের মধ্যে কিছু লোক আল্লাহর কথা শুনতো, তারপর তা বিকৃত করতো, সম্পূর্ণ বুঝে-শুনে এবং ইচ্ছাকৃতভাবে?

*Concealing the Word of God*

*আল্লাহর বানী গোপন করা*

[2:76] And when they meet the believers, they say, "We believe," but when they get together with each other, they say, "Do not inform (*the believers*) of the information given to you by **GOD**, lest you provide them with support for their argument concerning your Lord. Do you not understand?"

[২/৭৬] এবং যখন তারা বিশ্বাসীদের সাথে সাক্ষাত করে, তারা বলে, “আমরা বিশ্বাস করি,” কিন্তু যখন তারা একে অপরের সাথে মিলিত হয়, তারা বলে, “তোমাদেরকে দেয়া আল্লাহর তথ্য (বিশ্বাসীদেরকে) জানিয়ে দিও না, পাছে তোমরা তোমাদের প্রভুর সম্পর্কে তাদের যুক্তিতে সমর্থন যোগাবে। তোমরা কি বোঝ না?”

[2:77] Do they not know that **GOD** knows everything they conceal, and everything they declare?

[২/৭৭] তারা কি জানে না যে, আল্লাহ জানেন যা কিছু তারা গোপন করে, এবং যা কিছু তারা প্রকাশ করে?

[2:78] Among them are gentiles who do not know the scripture, except through hearsay, then assume that they know it.

[২/৭৮] তাদের মধ্যে রয়েছে ঐশীগ্রন্থ অনুসরণ না করা (উম্মী) লোক, যারা ঐশীগ্রন্থ সম্পর্কে জানে না; লোক মুখে শোনা কথা ছাড়া, তারপর তারা ধরে নেয় যে তারা তা জানে।

[2:79] Therefore, woe to those who distort the scripture with their own hands, then say, "This is what **GOD** has revealed," seeking a cheap material gain. Woe to them for such distortion, and woe to them for their illicit gains.

[২/৭৯] কাজেই, দুর্ভোগ তাদের প্রতি যারা নিজেদের হাতে ঐশীগ্রন্থ বিকৃত করে, এরপর বলে, “এটাই আল্লাহ অবতীর্ণ করেছেন,” সস্তা পার্থিব মুনাফা খোঁজে। দুর্ভোগ তাদের প্রতি এরূপ বিকৃতির জন্য, এবং দুর্ভোগ তাদের প্রতি তাদের এই অবৈধ অর্জনের জন্য।

*Eternity of Heaven and Hell \**

*স্বর্গ এবং নরকের চিরস্থায়িত্ব*

[2:80] Some have said, "Hell will not touch us, except for a limited number of days." Say, "Have you taken such a pledge from **GOD**—**GOD** never breaks His pledge—or, are you saying about **GOD** what you do not know?"

[২/৮০] কেউ কেউ বলেছে, “নরক আমাদের স্পর্শ করবে না নির্দিষ্ট সংখ্যক কিছু দিন ছাড়া।” বল, “তোমরা কি আল্লাহর কাছ থেকে এমন কোন অঙ্গীকার নিয়েছ – আল্লাহ কখনোই তাঁর অঙ্গীকার ভঙ্গ করেন না – নাকি তোমরা আল্লাহ সম্পর্কে এমন কিছু বলছো যা তোমরা জানো না?”

[2:81] Indeed, those who earn sins and become surrounded by their evil work will be the dwellers of Hell; they abide in it forever.

[২/৮১] নিশ্চয়ই, যারা পাপ অর্জন করে এবং তাদের অসৎ কর্ম দ্বারা পরিবেষ্টিত হয়ে যায়, তারাই হবে নরকের বাসিন্দা; তারা সেখানে চিরকাল বসবাস করে।

[2:82] As for those who believe, and lead a righteous life, they will be the dwellers of Paradise; they abide in it forever.

[২/৮২] আর যারা বিশ্বাস করে এবং সৎ জীবন-যাপন করে, তারা হবে স্বর্গের বাসিন্দা; তারা সেখানে চিরকাল বসবাস করে।

*The Commandments*

*প্রত্যাদেশাবলী*

[2:83] We made a covenant with the Children of Israel: "You shall not worship except **GOD**. You shall honor your parents and regard the relatives, the orphans, and the poor. You shall treat the people amicably. You shall observe the Contact Prayers (*Salat*) and give the obligatory charity (*Zakat*)." But you turned away, except a few of you, and you became averse.

[২/৮৩] আমরা ইসরাইলের সন্তানদের সাথে একটি অঙ্গীকার করেছিলামঃ “তোমরা আল্লাহ ছাড়া আর কারো উপাসনা করবে না। তোমরা পিতামাতাকে সম্মান করবে এবং আত্মীয়-স্বজন, এতীম এবং গরীবদের প্রতি খেয়াল রাখবে। তোমরা লোকদের সাথে সুন্দর ব্যবহার করবে। তোমরা সংযোগ প্রার্থনা (সালাত) পালন করবে এবং বাধ্যতামূলক দান (যাকাত) প্রদান করবে।” কিন্তু সামান্য কয়েকজন ছাড়া, তোমরা মুখ ফিরিয়ে নিলে, এবং তোমরা বিরোধী হয়ে পড়লে।

[2:84] We made a covenant with you, that you shall not shed your blood, nor shall you evict each other from your homes. You agreed and bore witness.

[২/৮৪] আমরা তোমাদের সাথে একটি অঙ্গীকার করেছিলাম যে, তোমরা নিজেদের মধ্যে রক্তপাত করবে না, না তোমরা পরস্পরকে তোমাদের ঘর-বাড়ি থেকে উচ্ছেদ করবে। তোমরা সম্মত হয়েছিলে এবং স্বাক্ষর দিয়েছিলে।

[2:85] Yet, here you are killing each other, and evicting some of you from their homes, banding against them sinfully and maliciously. Even when they surrendered, you demanded ransom from them. Evicting them was prohibited for you in the first place. Do you believe in part of the scripture and disbelieve in part? What should be the retribution for those among you who do this, except humiliation in this life, and a far worse retribution on the Day of Resurrection? **GOD** is never unaware of anything you do.

[২/৮৫] এরপরও, তোমরা একে অন্যকে হত্যা করছো এবং তোমাদের কাউকে কাউকে তাদের বাড়ি-ঘর থেকে উচ্ছেদ করছো, তাদের বিরুদ্ধে পাপ এবং বিদ্বেষের সাথে একত্রিত হয়ে। এমনকি তারা আত্ম-সমর্পণ করার পরও তোমরা তাদের কাছে মুক্তিপণ দাবী করেছো। তাদের উচ্ছেদ করাটাই প্রথমত তোমাদের জন্য নিষিদ্ধ ছিল। তোমরা কি ঐশীগ্রন্থের কিছু অংশে বিশ্বাস করো আর কিছু অংশে অবিশ্বাস করো? তোমাদের মধ্যে যারা এরূপ করে তাদের শাস্তি কি হওয়া উচিত, এই জীবনে অপদস্থতা এবং পুনরুত্থান দিবসে আরোও নিকৃষ্ট শাস্তি ছাড়া? তোমরা যা কিছু করো তা সম্পর্কে আল্লাহ কখনোই অসচেতন নন।

[2:86] It is they who bought this lowly life at the expense of the Hereafter. Consequently, the retribution is never commuted for them, nor can they be helped.

[২/৮৬] এরা তারাই যারা পরকালের বিনিময়ে এই তুচ্ছ জীবন ক্রয় করেছে। ফলস্বরূপ, তাদের জন্য শাস্তি কখনোই কমানো হয় না, না তারা সাহায্যপ্রাপ্ত হতে পারে।

*The Prophets of Israel*  
ইসরাঈলের নবীগণ (ঐশীগ্রন্থধারী  
বার্তাবাহকগণ)

[2:87] We gave Moses the scripture, and subsequent to him we sent other messengers, and we gave Jesus, son of Mary, profound miracles and supported him with the Holy Spirit. Is it not a fact that every time a messenger went to you with anything you disliked, your ego caused you to be arrogant? Some of them you rejected, and some of them you killed.

[২/৮৭] আমরা মুসাকে ঐশীগ্রন্থ দিয়েছিলাম এবং তার পরে আমরা অন্যান্য বার্তাবাহকদের পাঠিয়েছিলাম এবং আমরা মরিয়মের পুত্র যীশুকে সুস্পষ্ট অলৌকিক নিদর্শনাবলি দিয়েছিলাম আর পবিত্র আত্মার মাধ্যমে তাকে সমর্থন করেছিলাম। এটাই কি বাস্তব সত্য নয় যে, যখনই কোন বার্তাবাহক তোমাদের কাছে যেতো এমন কোনকিছু নিয়ে যা তোমরা অপছন্দ করতো, তোমাদের আমিত্ত্ব তোমাদেরকে উদ্ধত করে তুলতো? তাদের কাউকে তোমরা প্রত্যাখ্যান করতে, এবং কাউকে হত্যা করতে।

*Tragic Statement: "My mind is made up!"*  
করুন উক্তিঃ “পূর্ব থেকে আমার মনস্থির হয়ে  
আছে”

[2:88] Some would say, "Our minds are made up!" Instead, it is a curse from **GOD**, as a consequence of their disbelief, that keeps them from believing, except for a few of them.

[২/৮৮] কেউ কেউ বলে, “পূর্ব থেকে আমাদের মন স্থির হয়ে আছে!” বরং, এটা আল্লাহর পক্ষ থেকে এক অভিশাপ, তাদের অবিশ্বাসের ফলে, যা তাদেরকে বিশ্বাস করা থেকে বিরত রাখে, তাদের অল্প কিছু সংখ্যক ছাড়া।

*The Quran Consummates All Scriptures*  
কোরান সকল ঐশীগ্রন্থের সুসম্পন্নকারী

[2:89] When this scripture came to them from **GOD**, and even though it agrees with, and confirms what they have, and even though they used to prophesy its advent when they talked with the disbelievers, when their own prophecy came to pass, they disbelieved therein. **GOD**'s condemnation thus afflicts the disbelievers.

[২/৮৯] যখন এই ঐশীগ্রন্থ আল্লাহর পক্ষ থেকে তাদের কাছে আসলো, এবং এমনকি যদিও এটি তাদের নিকট যা আছে তার সাথে একমত হয়, এবং তা সুনিশ্চিত করে, এবং এমনকি যদিও অবিশ্বাসীদের সাথে কথা বলার সময় তারা এর আগমনের ভবিষ্যদ্বানী করতো, যখন তাদের নিজেদের ভবিষ্যদ্বানী পূর্ণ হলো, তারা তা অবিশ্বাস করলো। আল্লাহর অভিসম্পাত এভাবেই অবিশ্বাসীদের উপর পতিত হয়।

[2:90] Miserable indeed is what they sold their souls for—rejecting these revelations of **GOD** out of sheer resentment that **GOD** should bestow His grace upon whomever He chooses from among His servants. Consequently, they incurred wrath upon wrath. The disbelievers have incurred a humiliating retribution.

[২/৯০] নিশ্চয় শোচনীয় যার বিনিময়ে তারা তাদের আত্মা বিক্রি করেছে - আল্লাহর এই প্রকাশণাবলি প্রত্যাখ্যান করে, নিছক এই বিদ্বেষে যে আল্লাহ তাঁর দাসদের মধ্যে যার উপর ইচ্ছা অনুগ্রহ প্রদান করেন। ফলস্বরূপ, তারা ক্রোধের উপর ক্রোধ অর্জন করেছে। অবিশ্বাসীরা নিজেদের উপর টেনে এনেছে লাঞ্ছনাকর শাস্তি।

[2:91] When they are told, "You shall believe in these revelations of **GOD**," they say, "We believe only in what was sent down to us." Thus, they disbelieve in subsequent revelations, even if it is the truth from their Lord, and even though it confirms what they have! Say, "Why then did you kill **GOD**'s prophets, if you were believers?"

[২/৯১] যখন তাদেরকে বলা হয়, “তোমরা আল্লাহর এই প্রকাশণাবলিতে বিশ্বাস করবে,” তারা বলে, “আমরা শুধু তাতে বিশ্বাস করি যা আমাদের উপর অবতীর্ণ হয়েছে।” এরূপে, তারা অবিশ্বাস করে পরবর্তী প্রকাশণাবলিতে, যদিও এটা তাদের প্রভুর পক্ষ থেকে সত্য এবং যদিও এটা নিশ্চিত করে যা তাদের কাছে আছে। বল, “তাহলে কেন তোমরা

আল্লাহর নবীদের হত্যা করেছো, যদি তোমরা বিশ্বাসীই ছিলে?”

*Learning From Israel's History*  
*ইসরাইলদের ইতিহাস থেকে শিক্ষা*

[2:92] Moses went to you with profound miracles, yet you worshiped the calf in his absence, and you turned wicked.

[২/৯২] মুসা তোমাদের কাছে গিয়েছিল সুস্পষ্ট অলৌকিক নিদর্শনবলি নিয়ে, তারপরও তোমরা তার অনুপস্থিতিতে বাছুর পূজা করেছিলে এবং পাপপূর্ণ হয়েছিলে।

[2:93] We made a covenant with you, as we raised Mount Sinai above you, saying, "You shall uphold the commandments we have given you, strongly, and listen." They said, "We hear, but we disobey." Their hearts became filled with adoration for the calf, due to their disbelief. Say, "Miserable indeed is what your faith dictates upon you, if you do have any faith."

[২/৯৩] আমরা তোমাদের সাথে একটি অঙ্গীকার করেছিলাম, যখন আমরা তোমাদের উপর সিনাই পর্বত তুলে ধরেছিলাম, এই বলে, “আমরা তোমাদেরকে যে প্রত্যাদেশাবলি দিয়েছি তা মেনে চলবে, দৃঢ়ভাবে এবং মন দিয়ে শোন।” তারা বলল, “আমরা শুনি, কিন্তু অমান্য করি।” তাদের হৃদয় বাছুর পূজায় পূর্ণ ছিল, তাদের অবিশ্বাসের কারণে। বল, “সত্যিই শোচনীয় যা তোমাদের বিশ্বাস তোমাদের নির্দেশ দেয়, যদি আদৌ তোমাদের কোন বিশ্বাস থেকে থাকে।”

[2:94] Say, "If the abode of the Hereafter is reserved for you at **GOD**, to the exclusion of all other people, then you should long for death, if you are truthful."

[২/৯৪] বল, “যদি আল্লাহর নিকট পরকালের আবাস শুধুমাত্র তোমাদের জন্যই সংরক্ষিত থাকে, অন্য সকল মানুষকে বাদ দিয়ে, তবে তোমাদের মৃত্যু আকাঙ্ক্ষা করা উচিত, যদি তোমরা সত্যবাদী হয়ে থাক।”

[2:95] They never long for it, because of what their hands have sent forth. **GOD** is fully aware of the wicked.

[২/৯৫] তারা কখনোই তা আকাঙ্ক্ষা করে না, তা-র জন্য যা তাদের হাত ইতিপূর্বে

পাঠিয়েছে। আল্লাহ পাপীদের সম্পর্কে পূর্ণ সচেতন।

[2:96] In fact, you will find them the most covetous of life; even more so than the idol worshippers. The one of them wishes to live a thousand years. But this will not spare him any retribution, no matter how long he lives. **GOD** is seer of everything they do.

[২/৯৬] প্রকৃতপক্ষে, তোমরা দেখবে, তারা জীবনের প্রতি সবচেয়ে বেশি লোভী; এমনকি অংশীদার উপাসকদের চেয়েও বেশি। তাদের একেক জন হাজার বছর বেঁচে থাকতে চায়। কিন্তু এটা তাদেরকে কোন শাস্তি থেকে রেহাই দেবে না, যত দিনই তারা বাঁচুক না কেন। তারা যা কিছু করে আল্লাহ সবই দেখেন।

*Gabriel Mediates the Revelation*  
*জিবরাইল প্রকাশনার মধ্যস্থতা করে*

[2:97] Say, "Anyone who opposes Gabriel should know that he has brought down this (*Quran*) into your heart, in accordance with **GOD**'s will, confirming previous scriptures, and providing guidance and good news for the believers.

[২/৯৭] বল, “যে কেউ জিবরাইলের বিরোধিতা করে তার জানা উচিত যে, সে এটি (কোরান) তোমার হৃদয়ে অবতীর্ণ করেছে আল্লাহর ইচ্ছানুসারে, যা নিশ্চিত করে পূর্ববর্তী ঐশীগ্রন্থসমূহ এবং বিশ্বাসীদের জন্য পথনির্দেশ ও সুসংবাদ দেয়।”

[2:98] Anyone who opposes **GOD**, and His angels, and His messengers, and Gabriel and Michael, should know that **GOD** opposes the disbelievers.

[২/৯৮] যে কেউ আল্লাহ, এবং তাঁর ফেরেশতাদের, এবং তাঁর বার্তাবাহকদের, আর জিবরাইল ও মিকাইলের বিরোধিতা করে, তার জানা উচিত যে, আল্লাহ অবিশ্বাসীদের বিরোধিতা করেন।

[2:99] We have sent down to you such clear revelations, and only the wicked will reject them.

[২/৯৯] আমরা তোমার প্রতি অবতীর্ণ করেছি এমন সুস্পষ্ট প্রকাশণাবলি এবং শুধুমাত্র পাপীরাই তা প্রত্যাখ্যান করবে।

[2:100] Is it not a fact that when they make a covenant and pledge to keep it, some of them always disregard it? In fact, most of them do not believe.

[২/১০০] এটাই কি বাস্তব সত্য নয় যে যখন তারা কোন অঙ্গীকার করে এবং সেটা রক্ষা করার প্রতিজ্ঞা করে, তাদের মধ্যে কেউ কেউ তা সবসময় উপেক্ষা করে? বস্তুত, তাদের অধিকাংশ বিশ্বাস করে না।

*Disregarding God's Scripture*  
*আল্লাহর ঐশীগ্রন্থ উপেক্ষা করা*

[2:101] Now that a messenger from **GOD** has come to them,\* and even though he proves and confirms their own scripture, some followers of the scripture (*Jews, Christians, and Muslims*) disregard **GOD**'s scripture behind their backs, as if they never had any scripture.

[২/১০১] এখন যেহেতু আল্লাহর পক্ষ থেকে তাদের কাছে একজন বার্তাবাহক এসেছে এবং যদিও সে তাদের নিজেদের ঐশীগ্রন্থটি প্রমাণ করে এবং সুনিশ্চিত করে, ঐশীগ্রন্থের কিছু অনুসারীরা (ইহুদী, খ্রীষ্টান এবং মুসলিমরা) তাদের অগোচরে আল্লাহর গ্রন্থ উপেক্ষা করে, যেন তাদের কখনো কোন ঐশীগ্রন্থ ছিল না।

\*2:101 *God's Messenger of the Covenant is prophesied in the Old Testament (Malachi 3:1-3), the New Testament (Luke 17:22-37), and this Final Testament (3:81).*

*Witchcraft Condemned*  
*কালো যাদু নিষিদ্ধ*

[2:102] They pursued what the devils taught concerning Solomon's kingdom. Solomon, however, was not a disbeliever, but the devils were disbelievers. They taught the people sorcery, and that which was sent down through the two angels of Babel, Haroot and Maroot. These two did not divulge such knowledge without pointing out: "This is a test. You shall not abuse such knowledge." But the people used it in such evil schemes as the breaking up of marriages. They can never harm anyone against the will of **GOD**. They thus learn what hurts them, not what benefits them, and they know full well that whoever practices witchcraft will have no share in the Hereafter.



Miserable indeed is what they sell their souls for, if they only knew.

[২/১০২] তারা অনুসরণ করলো যা শয়তানরা সোলায়মানের রাজত্ব সম্পর্কে শিখিয়েছিল। তবে, সোলায়মান অবিশ্বাসী ছিল না, অবিশ্বাসী ছিল শয়তানরা। তারা লোকদের শেখাতো কালো যাদু এবং যা বাবেল নগরীর দু'জন ফেরেশতা হারুত ও মারুতের মাধ্যমে অবতীর্ণ হয়েছিল। এই দু'জন এরকম জ্ঞান ফাঁস করতো না, এটা না বলে যে: “এটা একটা পরীক্ষা। তোমরা এমন জ্ঞানের অপব্যবহার করবে না।” কিন্তু লোকেরা এটি ব্যবহার করলো বিয়ে ভেঙ্গে দেয়ার মতো মন্দ ষড়যন্ত্রে। তারা কখনো আল্লাহর ইচ্ছার বিরুদ্ধে কারো ক্ষতি করতে পারে না। এভাবে তারা শেখে যা তাদেরকে কষ্ট দেয়, তা নয় যা তাদের উপকার করে এবং তারা খুব ভালোভাবে জানে যে, যেকোনো কালো যাদু চর্চা করে তার জন্য পরকালে কোন অংশ নেই। সত্যিই শোচনীয় যার জন্য তারা তাদের আত্মা বিক্রি করে, যদি শুধু তারা জানতো।

[2:103] If they believe and lead a righteous life, the reward from **GOD** is far better, if they only knew.

[২/১০৩] যদি তারা বিশ্বাস করে এবং সৎ জীবন-যাপন করে, তাহলে আল্লাহর পক্ষ থেকে পুরস্কার অনেক উত্তম, যদি শুধু তারা জানতো।

*Twisting the Words of Supplication*  
প্রার্থণার শব্দাবলী বিকৃত করা

[2:104] O you who believe, do not say, "Raa'ena"\* (be our shepherd). Instead, you should say, "Unzurma" (watch over us), and listen. The disbelievers have incurred a painful retribution.

[২/১০৪] হে তোমরা যারা বিশ্বাস করো, “রা’য়েনা (আমাদের রাখাল হও)” বলা না। বরং বল, “উনযুরনা (আমাদের প্রতি লক্ষ্য রাখো)” এবং মনোযোগ সহকারে শোনো। অবিশ্বাসীরা নিজেদের উপর কষ্টদায়ক শাস্তি টেনে এনেছে।

\*2:104 The word "Raa'ena" was abused by some Hebrew-speaking people, and twisted to sound like a dirty word (see also 4:46)

*Jealousy Condemned*  
হিংসা নিন্দিত

[2:105] Neither the disbelievers among the followers of the scripture, nor the idol worshipers, wish to see any blessings come down to you from your Lord. However, **GOD** showers His blessings upon whomever He chooses. **GOD** possesses infinite grace.

[২/১০৫] না ঐশীগ্রহের অনুসারীদের মধ্যকার অবিশ্বাসীরা, না অংশীদার উপাসকরা, দেখতে চায় যে তোমাদের কাছে তোমাদের প্রভুর পক্ষ থেকে কোন আশীর্বাদ নেমে আসুক। যদিও, আল্লাহ তাঁর আশীর্বাদ তার প্রতি বর্ষণ করেন যাকে তিনি পছন্দ করেন। আল্লাহ অসীম অনুগ্রহের অধিকারী।

*The Ultimate Miracle:*

*The Quran's Mathematical Code \**

*চূড়ান্ত অলৌকিক নিদর্শনঃ*

*কোরানের গাণিতিক সংকেত*

[2:106] When we abrogate any miracle, or cause it to be forgotten, we produce a better miracle, or at least an equal one. Do you not recognize the fact that **GOD** is Omnipotent?

[২/১০৬] যখন আমরা কোন অলৌকিক নিদর্শন রহিত করি কিংবা তা বিস্মৃত করে দেই, আমরা এর চেয়েও উত্তম, বা অন্ততপক্ষে এর সমতুল্য কোন অলৌকিক নিদর্শন উপস্থিত করি। তোমরা কি এই বাস্তব সত্যটা উপলব্ধি করো না যে আল্লাহ সর্বশক্তিমান?

\*2:106 The Quran's mathematical miracle is perpetual & greater than previous miracles (34:45, 74:35). Like the Quran itself, it confirms, consummates, and supersedes all previous miracles.

[2:107] Do you not recognize the fact that **GOD** possesses the kingship of the heavens and the earth; that you have none besides **GOD** as your Lord and Master?

[২/১০৭] তোমরা কি এই বাস্তব সত্যটা উপলব্ধি করো না যে আল্লাহর অধীনে রয়েছে আকাশমন্ডলী ও পৃথিবীর রাজত্ব; আর আল্লাহ ব্যতীত তোমাদের কোন প্রভু ও মালিক নেই?

[2:108] Do you wish to demand of your messenger what was demanded of Moses in the past? Anyone who chooses disbelief, instead of belief, has truly strayed off the right path.

[২/১০৮] তোমরা কি তোমাদের বার্তাবাহকের কাছে এমন কিছু দাবী করতে চাও যেমন অতীতে মুসার কাছে দাবী করা হয়েছিল? যে

কেউ অবিশ্বাসকে বেছে নেয়, বিশ্বাসের পরিবর্তে, সত্যিই সে সঠিক পথ থেকে বিচ্যুত হয়েছে।

[2:109] Many followers of the scripture would rather see you revert to disbelief, now that you have believed. This is due to jealousy on their part, after the truth has become evident to them. You shall pardon them, and leave them alone, until **GOD** issues His judgment. **GOD** is Omnipotent.

[২/১০৯] এখন যেহেতু তোমরা বিশ্বাস করেছ, ঐশীগ্রন্থের অনেক অনুসারী দেখতে চাইবে যে তোমরা পুনরায় অবিশ্বাস করো। এটা তাদের পক্ষ থেকে হিংসার ফল, সত্য তাদের কাছে সুস্পষ্ট হবার পর। তোমরা তাদেরকে ক্ষমা করো, তাদেরকে তাদের মতো ছেঁড়ে দাও, যতক্ষণ না আল্লাহ তাঁর রায় দেন। আল্লাহ সর্বশক্তিমান।

[2:110] You shall observe the Contact Prayers (*Salat*) and give the obligatory charity (*Zakat*). Any good you send forth on behalf of your souls, you will find it at **GOD**. **GOD** is seer of everything you do.

[২/১১০] তোমরা সংযোগ প্রার্থনা (সালাত) পালন করো এবং বাধ্যতামূলক দান (যাকাত) দাও। তোমাদের আত্মার পক্ষে ভালো যা কিছু তোমরা অগ্রে প্রেরণ করো, তা তোমরা আল্লাহর কাছে পাবে। তোমরা যা কিছু করো আল্লাহ তা দেখেন।

*All Believers Are Redeemed,  
Regardless of the Name  
of Their Religion  
সকল বিশ্বাসীরা উদ্ধারপ্রাপ্ত,  
তাদের ধর্মের নাম যাই হোক*

[2:111] Some have said, "No one will enter Paradise except Jews or Christians!" Such is their wishful thinking. Say, "Show us your proof, if you are right."

[২/১১১] কেউ কেউ বলেছে, "ইহুদী বা খ্রিষ্টান ছাড়া কেউই স্বর্গে প্রবেশ করবে না!" এমনই তাদের মনগড়া চিন্তাধারা। বল, "আমাদেরকে তোমাদের প্রমাণ দেখাও, যদি তোমরা সঠিক হও।"

*\*2:111-112 See 2:62 and 5:69.*

*Submission: The Only Religion*

*আত্ম-সমর্পণঃ একমাত্র ধর্ম*

[2:112] Indeed, those who submit themselves absolutely to **GOD** alone, while leading a righteous life, will receive their recompense from their Lord; they have nothing to fear, nor will they grieve.\*

[২/১১২] নিশ্চয়ই, যারা নিজেদেরকে সম্পূর্ণরূপে শুধুমাত্র আল্লাহর কাছে সমর্পণ করে, সেই সাথে সৎজীবন যাপন করে, তারা তাদের প্রভুর কাছ থেকে প্রতিদান পাবে; তাদের ভয়ের কিছু নেই, না তারা কোন শোক করবে।

*\*2:111-112 See 2:62 and 5:69.*

[2:113] The Jews said, "The Christians have no basis," while the Christians said, "The Jews have no basis." Yet, both of them read the scripture. Such are the utterances of those who possess no knowledge. **GOD** will judge them on the Day of Resurrection, regarding their disputes.

[২/১১৩] ইহুদিরা বলল, "খ্রীষ্টানদের কোন ভিত্তি নেই," আবার অন্যদিকে খ্রীষ্টানরা বলল, "ইহুদিদের কোনো ভিত্তি নেই।" অথচ তারা উভয়ই ঐশীগ্রন্থ পাঠ করে। এমন কথাবার্তা তাদেরই হয় যারা কোন জ্ঞান রাখে না। আল্লাহ পুনঃরুত্থান দিবসে তাদের বিচার করবেন, তাদের মতবিরোধ সম্পর্কে।

*You Shall Frequent the Masjid  
আপনারা মসজিদে নিয়মিত হবেন*

[2:114] Who are more evil than those who boycott **GOD**'s masjids, where His name is commemorated, and contribute to their desertion? These ought not to enter therein except fearfully. They will suffer in this life humiliation, and will suffer in the Hereafter a terrible retribution.

[২/১১৪] তাদের চেয়ে কারা বেশি মন্দ যারা আল্লাহর মসজিদগুলো বর্জন করে, যেখানে তাঁর নাম স্মরণ করা হয়, এবং সেগুলোকে পরিত্যক্ত করতে ভূমিকা রাখে? ভয়-বিহবল অবস্থায় ছাড়া সেখানে তাদের প্রবেশ কাম্বিত নয়। তারা এই জীবনে লাঞ্ছনা ভোগ করবে এবং পরকালে ভোগ করবে এক ভয়ানক প্রতিফল।

[2:115] To **GOD** belongs the east and the west; wherever you go there will be the

presence of **GOD**. **GOD** is Omnipresent, Omniscient.

[২/১১৫] পূর্ব ও পশ্চিম আল্লাহরই; তোমরা যেখানেই যাও সেখানেই আল্লাহর উপস্থিতি থাকবে। আল্লাহ সর্বত্র বিরাজমান, সর্বজ্ঞ।

*Gross Blasphemy*  
*ঘোর মিথ্যাচার*

[2:116] They said, "**GOD** has begotten a son!" Be He glorified; never! To Him belongs everything in the heavens and the earth; all are subservient to Him.

[২/১১৬] তারা বলেছে, “আল্লাহ পুত্র জন্ম দিয়েছেন!” তিনি মহিমাম্বিত; কখনই নয়! তাঁর অধীনে রয়েছে আকাশমন্ডলী ও পৃথিবীর সবকিছু।; সবাই তাঁর আজ্ঞাবীন।

[2:117] The Initiator of the heavens and the earth: to have anything done, He simply says to it, "Be," and it is.

[২/১১৭] আকাশমন্ডলী ও পৃথিবীর সূচনাকারীঃ কোন কিছু সম্পন্ন করতে তিনি শুধু একে বলেন, “হও” এবং তা হয়ে যায়।

[2:118] Those who possess no knowledge say, "If only **GOD** could speak to us, or some miracle could come to us!" Others before them have uttered similar utterances; their minds are similar. We do manifest the miracles for those who have attained certainty.

[২/১১৮] যারা কোন জ্ঞান রাখে না তারা বলে, “শুধু যদি আল্লাহ আমাদের সাথে কথা বলতেন, অথবা কোন অলৌকিক নিদর্শন আমাদের কাছে আসতো” তাদের পূর্বে অন্যরা একই ধরনের কথা বলেছে; তাদের মানসিকতা একই ধরনের। আমরা তাদের জন্য অলৌকিক নিদর্শন সুস্পষ্ট করি যারা নিশ্চিত বিশ্বাস অর্জন করেছে।

[2:119] We have sent you\* with the truth as a bearer of good news, as well as a warner. You are not answerable for those who incur Hell.

[২/১১৯] আমরা তোমাকে সত্য সহকারে পাঠিয়েছি সুসংবাদবহনকারী, সেই সাথে সতর্ককারী হিসেবে। তোমাকে তাদের সম্পর্কে জিজ্ঞাসা করা হবে না যারা নিজেদের উপর নরক টেনে এনেছে।

\*2:119 It is my obligation to point out that the identity of this messenger is confirmed to be

"Rashad Khalifa, "God's Messenger of the Covenant. By adding the gematrical value of "Rashad" (505), plus the gematrical value of "Khalifa" (725), plus the verse number (119), we get 1349, a multiple of 19. See 3:81 and Appendix Two.

[2:120] Neither the Jews, nor the Christians, will accept you, unless you follow their religion. Say, "**GOD**'s guidance is the true guidance." If you acquiesce to their wishes, despite the knowledge you have received, you will find no ally or supporter to help you against **GOD**.

[২/১২০] ইহুদি বা খ্রীস্টানরা তোমাকে গ্রহণ করবে না, যদি না তুমি তাদের ধর্ম অনুসরণ করো। বল, “আল্লাহর পথনির্দেশনাই সত্য পথনির্দেশনা।” তুমি যে জ্ঞান প্রাপ্ত হয়েছে তা সত্ত্বেও যদি তুমি তাদের ইচ্ছায় সম্মত হও, তবে আল্লাহর বিরুদ্ধে তোমাকে সাহায্য করার জন্য তুমি কোন মিত্র বা সমর্থনকারী পাবে না।

[2:121] Those who received the scripture, and know it as it should be known, will believe in this. As for those who disbelieve, they are the losers.

[২/১২১] যারা ঐশীগ্রন্থ পেয়েছে এবং এটা সম্বন্ধে জানে যেভাবে জানা উচিত, তারা এতে বিশ্বাস করবে। আর যারা অবিশ্বাস করে, তারাই ক্ষতিগ্রন্থ।

[2:122] O Children of Israel, remember My favor which I bestowed upon you, and that I blessed you more than any other people.

[২/১২২] হে ইসরাঈলের সন্তানেরা, স্মরণ করো আমার অনুগ্রহ যা আমি তোমাদের দান করেছি, এবং আমি তোমাদেরকে অন্য সকল লোকদের চেয়ে বেশি সৌভাগ্যশালী করেছিলাম।

[2:123] Beware of the day when no soul will help another soul, no ransom will be accepted, no intercession will be useful, and no one will be helped.

[২/১২৩] সে দিন সম্পর্কে সতর্ক হও যখন কোন আত্মা অন্য আত্মাকে সাহায্য করবে না, কোন মুক্তিপণ গ্রহণ করা হবে না, কোন সুপারিশ ফলপ্রসূ হবে না এবং কেউ সাহায্য পাবে না।

*Abraham*  
*ইব্রাহীম*

[2:124] Recall that Abraham was put to the test by his Lord, through certain commands, and he fulfilled them. (God) said, "I am appointing you an imam for the people." He said, "And also my descendants?" He said, "My covenant does not include the transgressors."

[২/১২৪] স্মরণ করো যে, ইব্রাহিম তার প্রভুর দ্বারা নির্দিষ্ট কিছু আদেশের মাধ্যমে পরীক্ষিত হয়েছিল এবং সে সেগুলো পূর্ণ করেছিল। (আল্লাহ) বলেছিলেন, “আমি তোমাকে মানুষের জন্য ইমাম নিযুক্ত করছি।” সে বলেছিল, “আর আমার বংশধর থেকেও কি?” তিনি বলেছিলেন, “আমার অঙ্গীকার সীমালঙ্ঘনকারীদের অন্তর্ভুক্ত করে না”।

[2:125] We have rendered the shrine (the Ka'aba) a focal point for the people, and a safe sanctuary. You may use Abraham's shrine as a prayer house. We commissioned Abraham and Ismail: "You shall purify My house for those who visit, those who live there, and those who bow and prostrate."

[২/১২৫] আমরা পবিত্র ঘর (কাবা)- কে করেছি লোকদের জন্য কেন্দ্রবিন্দুতে এবং একটি নিরাপদ পূন্যস্থানে। তোমরা ইব্রাহিমের অবস্থান স্থলকে প্রার্থনা ঘর হিসেবে ব্যবহার করো। আমরা ইব্রাহিম ও ইসমাঈলকে নিযুক্ত করেছিলামঃ “তোমরা আমার ঘরকে তাদের জন্য পবিত্র রাখবে যারা দর্শন করতে আসে, যারা সেখানে বসবাস করে, এবং যারা রুকু এবং সেজদা করে।”

[2:126] Abraham prayed: "My Lord, make this a peaceful land, and provide its people with fruits. Provide for those who believe in **GOD** and the Last Day." (God) said, "I will also provide for those who disbelieve. I will let them enjoy, temporarily, then commit them to the retribution of Hell, and a miserable destiny."

[২/১২৬] ইব্রাহিম প্রার্থনা করেছিল, “আমার প্রভু, এই স্থানটিকে শান্তিময় করুন এবং এর অধিবাসীদের ফলের যোগান দিন। যোগান দিন তাদের জন্য যারা আল্লাহ এবং শেষ দিবসে বিশ্বাস করে।” (আল্লাহ) বললেন, “আমি তাদের জন্যও যোগান দিব যারা অশ্রদ্ধা করে। আমি তাদেরকে উপভোগ করতে দেব, সাময়িকভাবে, তারপর তাদেরকে পতিত

করবো নরকের শাস্তিতে, এবং এক শোচনীয় নিয়তিতে।”

*Abraham Delivered All the Practices of Submission (Islam)*

*ইব্রাহিম আত্ম-সমর্পণের (ইসলামের) সকল ধর্মীয় অনুশীলন পৌঁছে দিয়েছিলেন*

[2:127] As Abraham raised the foundations of the shrine, together with Ismail (*they prayed*): "Our Lord, accept this from us. You are the Hearer, the Omniscient.

[২/১২৭] যখন ইব্রাহিম ইসমাঈলকে সাথে নিয়ে পবিত্র ঘরের ভিত্তি গড়ে তুলেছিল (তারা প্রার্থনা করলো): “আমাদের প্রভু, এটি আমাদের কাছ থেকে গ্রহণ করুন। আপনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

[2:128] "Our Lord, make us submitters to You, and from our descendants let there be a community of submitters to You. Teach us the rites of our religion, and redeem us. You are the Redeemer, Most Merciful.

[২/১২৮] “আমাদের প্রভু, আমাদেরকে আপনার কাছে আত্ম-সমর্পণকারী করুন এবং আমাদের বংশধর থেকে আপনার কাছে একটি আত্ম-সমর্পণকারী সম্প্রদায় গড়ে তুলুন। আমাদেরকে ধর্মের রীতিনীতি শিক্ষা দিন এবং আমাদের পাপ মোচন করুন। আপনি পাপ মোচনকারী, পরম দয়ালু।

[2:129] "Our Lord, and raise among them a messenger to recite to them Your revelations, teach them the scripture and wisdom, and purify them. You are the Almighty, Most Wise."

[২/১২৯] “আমাদের প্রভু, আর তাদের মধ্য থেকে একজন বার্তাবাহকের উত্থান ঘটান তাদের কাছে আপনার প্রকাশণাবলি পড়ে শোনানোর জন্য, তাদেরকে ঐশীগ্রন্থ ও প্রজ্ঞা শিক্ষা দেবার জন্য এবং তাদেরকে পরিশুদ্ধ করার জন্য। আপনি সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী।”

[2:130] Who would forsake the religion of Abraham, except one who fools his own soul? We have chosen him in this world, and in the Hereafter he will be with the righteous.

[২/১৩০] সে ছাড়া কে ইব্রাহিমের ধর্ম পরিত্যাগ করে, যে তার নিজ আত্মাকেই বোকা বানায়ে? আমরা এই দুনিয়াতে তাকে পছন্দ করেছি, এবং পরকালে সে সৎকর্মীদের সাথে থাকবে।

[2:131] When his Lord said to him, "Submit," he said, "I submit to the Lord of the universe."

[২/১৩১] যখন তার প্রভু তাকে বললেন, "আত্মসমর্পণ করো", সে বলল, "আমি বিশ্বজগতের প্রভুর কাছে আত্মসমর্পণ করলাম।"

[2:132] Moreover, Abraham exhorted his children to do the same, and so did Jacob: "O my children, **GOD** has pointed out the religion for you; do not die except as submitters."

[২/১৩২] উপরন্তু, ইব্রাহিম তার সন্তানদেরও অনুরূপ করতে উপদেশ দিয়েছিল, এবং ইয়াকুবও এমনটি করেছিল: "হে আমার সন্তানেরা, আল্লাহ তোমাদের জন্য ধর্মকে নির্দিষ্ট করে দিয়েছেন; আত্মসমর্পণকারী না হয়ে মরো না।"

[2:133] Had you witnessed Jacob on his death bed; he said to his children, "What will you worship after I die?" They said, "We will worship your god; the god of your fathers Abraham, Ismail, and Isaac; the one god. To Him we are submitters."

[২/১৩৩] যদি তোমরা ইয়াকুবকে তার মৃত্যু শয্যায় দেখতে ; সে তার সন্তানদের বলেছিল, "আমার মৃত্যুর পর তোমরা किसের উপাসনা করবে?" তারা বলেছিল, "আমরা উপাসনা করবো আপনার উপাস্যের; আপনার পিতৃপুরুষ ইব্রাহিম, ইসমাইল, এবং ইসহাকের উপাস্যের; সেই একক উপাস্যের। তাঁর নিকট আমরা আত্ম- সমর্পণকারী।"

[2:134] Such is a community from the past. They are responsible for what they earned, and you are responsible for what you earned. You are not answerable for anything they have done.

[২/১৩৪] এমনই হচ্ছে অতীতের একটি সম্প্রদায়। তারা যা অর্জন করেছে তার জন্য তারা দায়ী এবং তোমরা যা অর্জন করেছ তার জন্য তোমরা দায়ী। তারা যা কিছু করেছে তার জন্য তোমরা কৈফিয়ত দিবে না।

*Submission (Islam): Abraham's Religion \**  
আত্মসমর্পণ (ইসলাম): ইব্রাহিমের ধর্ম

[2:135] They said, "You have to be Jewish or Christian, to be guided." Say, "We follow the

religion of Abraham—monotheism—he never was an idol worshiper."

[২/১৩৫] তারা বলে, "পথ- নির্দেশনা পেতে হলে, তোমাদেরকে ইহুদী অথবা খ্রীস্টান হতে হবে।" বল, "আমরা অনুসরণ করি ইব্রাহিমের ধর্ম- একেশ্বরবাদ- সে কখনোই অংশীদার উপাসক ছিল না"।

*\*2:135 The Quran repeatedly informs us that Submission is the religion of Abraham (3:95, 4:125, 6:161, 22:78). Abraham received a practical "scripture," namely, all the duties and practices of Submission [the Contact Prayers (Salat), the obligatory charity (Zakat), the fasting of Ramadan, and the Hajj pilgrimage]. Muhammad was a follower of Abraham's religion, as we see in 16:123; he delivered this Final Testament, the Quran. The third messenger of Submission delivered the religion's proof of authenticity (see 3:81 and Appendices 1, 2, 24, & 26)*

*No Distinction Among God's Messengers*  
আল্লাহর বার্তাবাহকদের মধ্যে পার্থক্য নয়

[2:136] Say, "We believe in **GOD**, and in what was sent down to us, and in what was sent down to Abraham, Ismail, Isaac, Jacob, and the Patriarchs; and in what was given to Moses and Jesus, and all the prophets from their Lord. We make no distinction among any of them. To Him alone we are submitters."

[২/১৩৬] বল, "আমরা বিশ্বাস করি আল্লাহতে, এবং যা আমাদের উপর অবতীর্ণ হয়েছে, এবং যা অবতীর্ণ হয়েছে ইব্রাহিম, ইসমাইল, ইসহাক, ইয়াকুব এবং গোত্রপ্রধানদের উপর; এবং যা দেয়া হয়েছে মুসা ও ঈসাকে, এবং সকল নবীদেরকে তাদের প্রভুর কাছ থেকে। আমরা তাদের কারো মধ্যে কোন রকম পার্থক্য করি না। আমরা একমাত্র তাঁর কাছে আত্ম- সমর্পণকারী।"

[2:137] If they believe as you do, then they are guided. But if they turn away, then they are in opposition. **GOD** will spare you their opposition; He is the Hearer, the Omniscient.

[২/১৩৭] যদি তারা তোমাদের মতই বিশ্বাস করে, তাহলে তারা সুপথপ্রাপ্ত। কিন্তু, যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তাহলে তারা বিপক্ষে অবস্থান

নিয়েছে। আল্লাহ তাদের বিরোধিতা থেকে তোমাকে রক্ষা করবেন; তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

[2:138] Such is **GOD's** system, and whose system is better than **GOD's**? "Him alone we worship."

[২/১৩৮] এমনই হচ্ছে আল্লাহর নিয়ম, এবং আল্লাহর নিয়মের চেয়ে কার নিয়ম উত্তম? "আমরা একমাত্র তাঁরই উপাসনা করি"।

[2:139] Say, "Do you argue with us about **GOD**, when He is our Lord and your Lord? We are responsible for our deeds, and you are responsible for your deeds. To Him alone we are devoted."

[২/১৩৯] বল, “তোমরা কি আমাদের সাথে আল্লাহ সম্বন্ধে তর্ক করো, যখন তিনি আমাদের প্রভু এবং তোমাদের প্রভু? আমরা আমাদের কাজের জন্য দায়ী এবং তোমরা তোমাদের কাজের জন্য দায়ী। আমরা একমাত্র তাঁর প্রতি নিবেদিত।”

[2:140] Do you say that Abraham, Ismail, Isaac, Jacob, and the Patriarchs were Jewish or Christian? Say, "Do you know better than **GOD**? Who is more evil than one who conceals a testimony he has learned from **GOD**? **GOD** is never unaware of anything you do."

[২/১৪০] তোমরা কি বল যে ইব্রাহিম, ইসমাইল, ইসহাক, ইয়াকুব, এবং গোত্রপ্রধানরা ইহুদী বা খ্রিষ্টান ছিল? বল, "তোমরা কি আল্লাহর চেয়ে ভালো জান? কে তার চেয়ে অধিক মন্দ যে আল্লাহ থেকে শেখা এক সাক্ষ্য গোপন করে? তোমরা যা কিছু করো আল্লাহ সে সম্পর্কে কখনোই অসচেতন নন।"

[2:141] That was a community from the past. They are responsible for what they earned, and you are responsible for what you earned. You are not answerable for anything they did.

[২/১৪১] সেটা ছিল অতীতের একটি সম্প্রদায়। তারা যা অর্জন করেছে তার জন্য তারা দায়ী এবং তোমরা যা অর্জন করেছ তার জন্য তোমরা দায়ী। যা কিছু তারা করেছিল তার জন্য তোমরা কৈফিয়ত দিবে না।

*Abolition of Bigotry and Prejudice \**

*গোঁড়ামি এবং কুসংস্কার বাতিল*

[2:142] The fools among the people would say, "Why did they change the direction of their *Qiblah*?"\* Say, "To **GOD** belongs the east and the west; He guides whoever wills in a straight path."

[২/১৪২] লোকেদের মধ্যকার নির্বোধরা বলবে, “কেন তারা তাদের কিবলার দিক পরিবর্তন করলো?” বল, “পূর্ব এবং পশ্চিম আল্লাহর; তিনি যাকে ইচ্ছা সরল পথে পরিচালিত করেন।”

\*2:142-145 "*Qiblah*" is the direction one faces during the Contact Prayers (*Salat*). When Gabriel conveyed to Muhammad the command to face Jerusalem instead of Mecca, the hypocrites were exposed. The Arabs were strongly prejudiced in favor of the Ka'aba as their "*Qiblah*." Only the true believers were able to overcome their prejudices; they readily obeyed the messenger

[2:143] We thus made you an impartial community, that you may serve as witnesses among the people, and the messenger serves as a witness among you. We changed the direction of your original *Qiblah* only to distinguish those among you who readily follow the messenger from those who would turn back on their heels. It was a difficult test, but not for those who are guided by **GOD**. **GOD** never puts your worship to waste. **GOD** is Compassionate towards the people, Most Merciful.

[২/১৪৩] আমরা এভাবে তোমাদেরকে একটি নিরপেক্ষ সম্প্রদায় করেছি, যাতে তোমরা লোকদের মাঝে সাক্ষী হও এবং বার্তাবাহক তোমাদের মাঝে সাক্ষী হয়। আমরা তোমাদের মূল কিবলার দিক পরিবর্তন করেছিলাম শুধু তোমাদের মধ্যে যারা নির্দিধায় বার্তাবাহকের অনুসরণ করে তাদের থেকে যারা পিছু হটে যায় তাদেরকে আলাদা করার জন্য। এটি একটি কঠিন পরীক্ষা ছিল, কিন্তু তাদের জন্য নয় যারা আল্লাহ দ্বারা পথ প্রদর্শিত। আল্লাহ কখনোই তোমাদের উপাসনা বৃথা যেতে দেন না। আল্লাহ মানুষের প্রতি সহানুভূতিশীল, পরম দয়ালু।

*Qiblah Restored to Mecca*  
*মস্কার দিকে কিবলা পুনঃপ্রতিষ্ঠিত*

[2:144] We have seen you turning your face about the sky (*searching for the right*

direction). We now assign a *Qiblah* that is pleasing to you. Henceforth, you shall turn your face towards the Sacred Masjid. Wherever you may be, all of you shall turn your faces towards it. Those who received the previous scripture know that this is the truth from their Lord. **GOD** is never unaware of anything they do.

[২:১৪৪] আমরা তোমাকে দেখেছি (সঠিক দিকের সন্ধান) আকাশের দিকে ইতঃস্তত মুখ ফেরাতে। আমরা এখন একটি কিবলা নির্দিষ্ট করছি যা তোমাকে সন্তুষ্ট করে। এখন থেকে, তুমি পবিত্র মসজিদের দিকে তোমার মুখ ফেরাবে। তোমরা যেখানে থাক না কেন, তোমরা সকলে তোমাদের মুখ এর দিকে ফেরাবে। যারা পূর্বে ঐশীগ্রহ প্রাপ্ত হয়েছিল তারা জানে যে, এটা তাদের প্রভুর পক্ষ থেকে সত্য। তারা যা কিছু করে আল্লাহ সে সম্পর্কে কখনই অসচেতন নন।

[2:145] Even if you show the followers of the scripture every kind of miracle, they will not follow your *Qiblah*. Nor shall you follow their *Qiblah*. They do not even follow each others' *Qiblah*. If you acquiesce to their wishes, after the knowledge that has come to you, you will belong with the transgressors.

[২/১৪৫] এমনকি তুমি যদি ঐশীগ্রহের অনুসারীদের সব ধরনের অলৌকিক নিদর্শনও দেখা, তারা তোমার কিবলা অনুসরণ করবে না। না তুমি তাদের কিবলা অনুসরণ করবে। এমনকি তারা নিজেরাই একে অন্যের কিবলা অনুসরণ করে না। তোমার কাছে যে জ্ঞান এসেছে, তারপর যদি তুমি তাদের ইচ্ছা মেনে নাও, তুমি সীমালঙ্ঘনকারীদের অন্তর্ভুক্ত হবে।

*Abuse of the Scripture: Selective Emphasis and Concealment*

*ঐশীগ্রহের অপব্যবহারঃ বাছাইকৃত বিশেষ কিছু বিষয়ের উপর গুরুত্ব প্রদান বা গোপন করা*

[2:146] Those who received the scripture recognize the truth herein, as they recognize their own children. Yet, some of them conceal the truth, knowingly.

[২/১৪৬] যারা ঐশীগ্রহ গ্রহণ করেছে তারা এর মধ্যকার সত্য এমনভাবে চিনে নেয় যেমন তারা আপন সন্তানদের চিনে থাকে। এরপরও, তাদের কেউ কেউ জেনে- শুনে সত্য গোপন করে।

[2:147] This is the truth from your Lord; do not harbor any doubt.

[২/১৪৭] এটা তোমার প্রভুর পক্ষ থেকে আসা সত্য; কোন রূপ সন্দেহ পোষণ করো না।

[2:148] Each of you chooses the direction to follow; you shall race towards righteousness. Wherever you may be, **GOD** will summon you all. **GOD** is Omnipotent.

[২/১৪৮] তোমাদের প্রত্যেকেই অনুসরণের একে দিক বেছে নাও; তোমাদের উচিত সৎকর্মে প্রতিযোগিতা করা। তোমরা যেখানেই থাক না কেন, আল্লাহ তোমাদের সবাইকে একত্রিত করবেন। আল্লাহ সর্বশক্তিমান।

*Qiblah Restored to Mecca*

*মক্কার দিকে কিবলা পুনঃপ্রতিষ্ঠিত*

[2:149] Wherever you go, you shall turn your face (*during Salat*) towards the Sacred Masjid.\* This is the truth from your Lord.

**GOD** is never unaware of anything you all do.

[২/১৪৯] তুমি যেখানেই যাও, (সালাতের সময়) তুমি তোমার মুখ পবিত্র মসজিদের দিকে ফেরাবে। এটা তোমার প্রভুর পক্ষ থেকে সত্য। তোমরা সবাই যা কিছু করো আল্লাহ সে সম্পর্কে কখনই অসচেতন নন।

\*2:149 A glaring proof of the idolatry committed by today's "Muslims" is the designation of Muhammad's tomb as a "Sacred Masjid." The Quran mentions only one "Sacred Masjid."

[2:150] Wherever you go, you shall turn your face (*during Salat*) towards the Sacred Masjid; wherever you might be, you shall turn your faces (*during Salat*) towards it. Thus, the people will have no argument against you, except the transgressors among them. Do not fear them, and fear Me instead. I will then perfect My blessings upon you, that you may be guided.

[২/১৫০] তুমি যেখানেই যাও, (সালাতের সময়) তুমি তোমাদের মুখ পবিত্র মসজিদের দিকে ফেরাবে; তোমরা যেখানেই থাক না কেন, তোমরা (সালাতের সময়) তোমাদের মুখ এর দিকে ফেরাবে। এতে করে তোমাদের বিরুদ্ধে লোকদের কোন তর্ক থাকবে না, শুধু তাদের মধ্যকার সীমালঙ্ঘনকারীদের ছাড়া। তাদেরকে ভয় করো না, বরং আমাকেই ভয়

করো। আমি তখন তোমাদের প্রতি আমার আশীর্বাদ সম্পূর্ণ করবো, যাতে তোমরা পথপ্রাপ্ত হতে পার।

[2:151] (*Blessings*) such as the sending of a messenger from among you to recite our revelations to you, purify you, teach you the scripture and wisdom, and to teach you what you never knew.

[২/১৫১] (আশীর্বাদ) যেমন তোমাদের মধ্য থেকে একজন বার্তাবাহক পাঠানো- তোমাদের কাছে আমাদের প্রকাশণাবলী পাঠ করার জন্য, তোমাদেরকে পরিশুদ্ধ করার জন্য, তোমাদেরকে ঐশীগ্রহ ও প্রজ্ঞা শিক্ষা দেবার জন্য, এবং তোমাদেরকে শিক্ষা দেবার জন্য যা তোমরা কখনো জানতে না।

[2:152] You shall remember Me, that I may remember you, and be thankful to Me; do not be unappreciative.

[২/১৫২] তোমরা আমাকে স্মরণ করো, যাতে আমিও তোমাদের স্মরণ করি, এবং আমার প্রতি কৃতজ্ঞ হও; অকৃতজ্ঞ হইও না।

[2:153] O you who believe, seek help through steadfastness and the Contact Prayers (*Salat*). **GOD** is with those who steadfastly persevere.

[২/১৫৩] হে তোমরা যারা বিশ্বাস করো, দৃঢ়তা ও সংযোগ প্রার্থনা (সালাতের) মাধ্যমে সাহায্য প্রার্থনা করো। আল্লাহ তাদের সাথে আছেন যারা দৃঢ়তার সাথে অধ্যবসায়ী।

*Where Do We Go From Here?*  
*আমরা এখান থেকে কোথায় যাই?*

[2:154] Do not say of those who are killed in the cause of **GOD**, "They are dead." They are alive at their Lord, but you do not perceive.\*

[২/১৫৪] আল্লাহর পথে যারা নিহত হয়, তাদের সম্পর্কে বলো না যে, "তারা মৃত"। তারা তাদের প্রভুর কাছে জীবিত, কিন্তু তোমরা বোঝ না।

\*2:154 *The righteous do not really die; they simply leave their bodies here and go to the same Paradise where Adam and Eve once lived. See Appendix 17 for the proof and the details.*

[2:155] We will surely test you through some fear, hunger, and loss of money, lives, and crops. Give good news to the steadfast.\*

[২/১৫৫] আমরা অবশ্যই তোমাদেরকে পরীক্ষা করবো কিছু ভয়, ক্ষুধা, এবং অর্থ, জীবন ও শস্যের ক্ষয়- ক্ষতির মাধ্যমে। সুসংবাদ দাও অবিচলদের।

\*2:155 *The test is designed to prove that we worship God alone under all circumstances (29:2).*

[2:156] When an affliction befalls them, they say, "We belong to **GOD**, and to Him we are returning."

[২/১৫৬] যখন কোন দুঃখ- কষ্ট তাদের উপর আসে, তারা বলে, "আমরা আল্লাহর এবং তাঁর কাছেই আমরা ফিরে যাচ্ছি।"

[2:157] These have deserved blessings from their Lord and mercy. These are the guided ones.

[২/১৫৭] এরা তাদের প্রভুর আশীর্বাদ এবং অনুগ্রহের উপযুক্ত হয়েছে। এরাই সুপথপ্রাপ্ত।  
*Hajj Pilgrimage*  
*হজ্জ তীর্থযাত্রা*

[2:158] The knolls of Safa and Marwah are among the rites decreed by **GOD**. Anyone who observes *Hajj* or *'Umrah* commits no error by traversing the distance between them. If one volunteers more righteous works, then **GOD** is Appreciative, Omniscient.

[২/১৫৮] সাফা ও মারওয়া টিলাগুলো আল্লাহর জারি করা ধর্মীয় অনুষ্ঠানাদির অন্তর্ভুক্ত। যে কেউ হজ্জ অথবা উমরাহ পালন করে, এ দু'য়ের মাঝের দূরত্ব অতিক্রম করাতে তাদের কোন ভুল নেই। যদি কেউ স্বেচ্ছায় অধিক সংকর্ম করে, তবে আল্লাহ যথার্থ মূল্যায়নকারী, সর্বজ্ঞ।

*Gross Offense*  
*গুরুতর অপরাধ*

[2:159] Those who conceal our revelations and guidance, after proclaiming them for the people in the scripture, are condemned by **GOD**; they are condemned by all the condemners.

[২/১৫৯] যারা আমাদের প্রকাশনাবলী এবং পথ- নির্দেশনা গোপন করে, ঐশীগ্রহের সেগুলো মানুষের জন্য প্রকাশ করার পর, তারা আল্লাহ কর্তৃক নিন্দিত; তারা সকল বিবেচক দ্বারা নিন্দিত।



[2:160] As for those who repent, reform, and proclaim, I redeem them. I am the Redeemer, Most Merciful.

[২/১৬০] আর যারা অনুশোচনা করে, সংশোধিত হয় এবং ঘোষণা করে, আমি তাদের উদ্ধার করি। আমিই উদ্ধারকারী, পরম দয়ালু।

[2:161] Those who disbelieve and die as disbelievers, have incurred the condemnation of **GOD**, the angels, and all the people (*on the Day of Judgment*).

[২/১৬১] যারা অবিশ্বাস করে এবং অবিশ্বাসী অবস্থায় মারা যায়, তারা (*বিচার দিবসে*) নিজেদের উপর টেনে এনেছে আল্লাহর, ফেরেশতাদের এবং সকল মানুষের নিন্দা।

[2:162] Eternally they abide therein. The retribution is never commuted for them, nor are they reprieved.

[২/১৬২] তারা সেখানে চিরস্থায়ীভাবে বসবাস করে। তাদের জন্য শাস্তি কখনোই কমানো হয় না, না তাদেরকে অবকাশ দেয়া হয়।

[2:163] Your god is one god; there is no god but He, Most Gracious, Most Merciful.

[২/১৬৩] তোমাদের উপাস্য এক উপাস্য; তিনি ছাড়া আর কোন উপাস্য নেই, পরম করুণাময়, পরম দয়ালু।

*Overwhelming Signs of God*  
আল্লাহর অভিভূত করা নিদর্শনাবলি

[2:164] In the creation of the heavens and the earth, the alternation of night and day, the ships that roam the ocean for the benefit of the people, the water that **GOD** sends down from the sky to revive dead land and to spread in it all kinds of creatures, the manipulation of the winds, and the clouds that are placed between the sky and the earth, there are sufficient proofs for people who understand.

[২/১৬৪] আকাশমন্ডলী ও পৃথিবীর সৃষ্টি, রাত ও দিনের পালাবদল, জাহাজসমূহ যা মানুষের উপকারার্থে সাগরে ঘুরে বেড়ায়, পানি যা আল্লাহ আকাশ থেকে বর্ষণ করেন মৃত ভূমিকে পুনর্জীবিত করানোর জন্য এবং এতে সব ধরণের জীবের বিস্তার করতে, বায়ুপ্রবাহ নিয়ন্ত্রনে, এবং আকাশ ও পৃথিবীর মাঝে অবস্থিত মেঘমালায়, যথেষ্ট প্রমাণ রয়েছে মানুষের জন্য যারা অনুধাবন করে।

*The Idols Disown Their Idolizers \**

উপাস্যরা তাদের উপাসনাকারীদের পরিত্যাগ করে\* / উপাস্যরা পরিত্যাগ করে যারা তাদের অংশীদার সাব্যস্ত করেছিল

[2:165] Yet, some people set up idols to rival **GOD**, and love them as if they are **GOD**.

Those who believe love **GOD** the most. If only the transgressors could see themselves when they see the retribution! They will realize then that all power belongs to **GOD** alone, and that **GOD**'s retribution is awesome.

[২/১৬৫] এরপরও, কিছু লোক আল্লাহর প্রতিদ্বন্দী করতে উপাস্য স্থাপন করে এবং তাদেরকে এমনভাবে ভালবাসে যেন তারা আল্লাহ। যারা বিশ্বাস করে তারা আল্লাহকেই সবচেয়ে বেশি ভালবাসে। শুধু যদি সীমালঙ্ঘনকারীরা নিজেদের দেখতে পেত যখন তারা শাস্তি অবলোকন করে! তখন তারা উপলব্ধি করবে যে সকল ক্ষমতা কেবল আল্লাহর, এবং আল্লাহর শাস্তি ভয়ানক।

*\*2:165-166 Jesus, Mary, Muhammad, Ali, and the saints will disown their idolizers on the Day of Resurrection. See also 16:86, 35:14, 46:6, and the Gospel of Matthew 7:21-23.*

[2:166] Those who were followed will disown those who followed them.\* They will see the retribution, and all ties among them will be severed.

[২/১৬৬] যাদেরকে অনুসরণ করা হতো তারা তাদের অনুসারীদের পরিত্যাগ করবে। তারা শাস্তি দেখবে, এবং তাদের মধ্যকার সকল বন্ধন ছিন্ন হবে।

*\*2:165-166 Jesus, Mary, Muhammad, Ali, and the saints will disown their idolizers on the Day of Resurrection. See also 16:86, 35:14, 46:6, and the Gospel of Matthew 7:21-23.*

[2:167] Those who followed will say, "If we can get another chance, we will disown them, as they have disowned us now." **GOD** thus shows them the consequences of their works as nothing but remorse; they will never exit Hell.

[২/১৬৭] যারা অনুসরণ করতো তারা বলবে, “যদি আমরা আরেকবার সুযোগ পাই, আমরা তাদেরকে পরিত্যাগ করবো, যেভাবে তারা এখন আমাদের পরিত্যাগ করেছে।” আল্লাহ এভাবে তাদের কর্মফলকে

অনুশোচনা ছাড়া অন্য কিছু হিসেবে দেখান না;  
তারা কখনো নরক থেকে বের হবে না।

#### *Satan Prohibits Lawful Things*

*শয়তান আইনসম্মত জিনিসকে নিষিদ্ধ করে*

[2:168] O people, eat from the earth's products all that is lawful and good, and do not follow the steps of Satan; he is your most ardent enemy.

[২/১৬৮] হে লোকসকল, পৃথিবীর উৎপাদিত সকল আইনসম্মত ও ভাল জিনিস হতে খাও এবং শয়তানের পদাঙ্ক অনুসরণ করো না। সে তোমাদের সবচেয়ে ঘোর শত্রু।

[2:169] He only commands you to commit evil and vice, and to say about **GOD** what you do not know.

[২/১৬৯] সে তোমাদের আদেশ দেয় শুধুমাত্র মন্দ ও অধর্ম করতে, এবং আল্লাহ সম্পর্কে এমন কথা বলতে যা তোমরা জানো না।

#### *Maintaining the Status Quo: A Human Tragedy*

*বিদ্যমান সামাজিক অবস্থায় তাল রেখে চলাঃ একটি মানবীয় বিপর্যয়*

[2:170] When they are told, "Follow what **GOD** has revealed herein," they say, "We follow only what we found our parents doing." What if their parents did not understand, and were not guided?

[২/১৭০] যখন তাদেরকে বলা হয়, “অনুসরণ করো যা আল্লাহ এখানে প্রকাশ করেছেন,” তারা বলে, “আমরা শুধু অনুসরণ করি যা আমাদের পিতামাতাদের করতে দেখেছি।” আর যদি তাদের পিতামাতারা না বুঝে থাকে, এবং সুপথপ্রাপ্ত না হয়?

[2:171] The example of such disbelievers is that of parrots who repeat what they hear of sounds and calls, without understanding. Deaf, dumb, and blind; they cannot understand.

[২/১৭১] এমন অবিশ্বাসীদের উদাহরণ হলো সেই তোতা পাখি, যেগুলো না বুঝে পুনঃরাবৃত্তি করে, যে শব্দ ও ডাক এগুলো শোনে। বধির, বোবা, ও অন্ধ; এরা বুঝতে পারে না।

#### *Only Four Meats Prohibited\**

*শুধু চার ধরণের মাংস নিষিদ্ধ*

[2:172] O you who believe, eat from the good things we provided for you, and be thankful to **GOD**, if you do worship Him alone.

[২/১৭২] হে তোমরা যারা বিশ্বাস করো, তোমাদের জন্য আমাদের দেয়া ভালো জিনিস থেকে খাও এবং আল্লাহর প্রতি কৃতজ্ঞ হও, যদি তোমরা একমাত্র তাঁর উপাসনা করো।  
\*2:172-173 Throughout the Quran, only four meats are prohibited (6:145, 16:115, Appendix 16). Dietary prohibitions beyond these four are tantamount to idol worship (6:121,148,150; 7:32).

[2:173] He only prohibits for you the eating of animals that die of themselves (*without human interference*), blood, the meat of pigs, and animals dedicated to other than **GOD**. If one is forced (*to eat these*), without being malicious or deliberate, he incurs no sin. **GOD** is Forgiver, Most Merciful.

[২/১৭৩] তিনি তোমাদের খাওয়ার জন্য নিষিদ্ধ করেন শুধু সে সমস্ত প্রাণী যেগুলো নিজে নিজেই মারা যায় (মানুষের হস্তক্ষেপ ছাড়া), রক্ত, শুকরের মাংস এবং আল্লাহ ছাড়া অন্য কারো প্রতি উৎসর্গকৃত প্রাণী। যদি কেউ (এগুলো খেতে) বাধ্য হয়, দুঃস্থিত বা ইচ্ছার বশবর্তী না হয়ে, সে কোন পাপ করে না। আল্লাহ ক্ষমাকারী, পরম দয়ালু।

#### *Corrupted Religious Leaders*

*Conceal the Quran's Miracle\**

*কলুষিত ধর্মীয় নেতারা কুরআনের অলৌকিক নিদর্শন গোপন করে*

[2:174] Those who conceal **GOD**'s revelations in the scripture, in exchange for a cheap material gain, eat but fire into their bellies. **GOD** will not speak to them on the Day of Resurrection, nor will He purify them. They have incurred a painful retribution.

[২/১৭৪] যারা আল্লাহর প্রকাশনাবলী গোপন করে, সস্তা পার্থিব অর্জনের বিনিময়ে, তারা আগুন ছাড়া অন্যকিছু দিয়ে তাদের পেট ভরায় না। আল্লাহ পুনঃরুত্থান দিবসে তাদের সাথে কথা বলবেন না, না তিনি তাদের পরিশুদ্ধ করবেন। তারা নিজেদের উপর এক যন্ত্রনাদায়ক শাস্তি টেনে এনেছে।

\*2:174-176 Despite their recognition of God's mathematical miracle in the Quran, the corrupted religious leaders tried for many

years to conceal this awesome miracle. Many of them admitted that they resented the fact that Rashad Khalifa, not them, was blessed with the miracle.

[2:175] It is they who chose the straying instead of guidance, and the retribution instead of forgiveness. Consequently, they will have to endure Hell.

[২/১৭৫] এরা তারা যারা পথ-নির্দেশনার পরিবর্তে পথভ্রষ্টতা, এবং ক্ষমার পরিবর্তে শাস্তি বেছে নিয়েছে। ফলশ্রুতিতে, তাদেরকে সহ্য করতে হবে নরক।

[2:176] This is because **GOD** has revealed this scripture, bearing the truth, and those who dispute the scripture are the most ardent opponents.

[২/১৭৬] এর কারণ এই যে, আল্লাহ এই ঐশীগ্রন্থ প্রকাশ করেছেন, সত্য সহকারে, এবং যারা ঐশীগ্রন্থে বিবাদ করে তারাই ঘোরতম বিরোধী।

#### *Righteousness Defined* সৎকর্ম সংজ্ঞায়িত

[2:177] Righteousness is not turning your faces towards the east or the west. Righteous are those who believe in **GOD**, the Last Day, the angels, the scripture, and the prophets; and they give the money, cheerfully, to the relatives, the orphans, the needy, the traveling alien, the beggars, and to free the slaves; and they observe the Contact Prayers (*Salat*) and give the obligatory charity (*Zakat*); and they keep their word whenever they make a promise; and they steadfastly persevere in the face of persecution, hardship, and war. These are the truthful; these are the righteous.

[২/১৭৭] পূর্ব বা পশ্চিমে তোমাদের মুখ ফেরানোই সৎকর্ম নয়। তারা সৎকর্মী যারা বিশ্বাস করে আল্লাহতে, শেষ দিনে, ফেরেশতাদের, ঐশীগ্রন্থে এবং নবীদের; এবং তারা সানন্দে অর্থ দান করে আত্মীয়-স্বজনদের, এতীমদের, অভাবীদের, ভ্রমণরত বহিরাগতদের, ভিক্ষুকদের এবং দাস মুক্তির জন্য; এবং তারা সংযোগ প্রার্থনা (সালাত) পালন করে এবং বাধ্যতামূলক দান (যাকাত) দেয়; এবং তারা তাদের কথা রাখবে যখন তারা কোন প্রতিশ্রুতি দেয়; এবং তারা নির্যাতন, কষ্ট

এবং যুদ্ধের মুখে অবিচলতার সাথে অধ্যবসায়ী থাকে। এরাই সত্যবাদী; এরাই সৎকর্মশীল।

#### *Discouraging Capital Punishment\** মৃত্যুদণ্ড নিরুৎসাহিত

[2:178] O you who believe, equivalence is the law decreed for you when dealing with murder—the free for the free, the slave for the slave, the female for the female. If one is pardoned by the victim's kin, an appreciative response is in order, and an equitable compensation shall be paid. This is an alleviation from your Lord and mercy. Anyone who transgresses beyond this incurs a painful retribution.

[২/১৭৮] হে তোমরা যারা বিশ্বাস করো, সমতা হলো আইন যা তোমাদের জন্য জারি করা হলো যখন হত্যার বিচার করো— স্বাধীন ব্যক্তির জন্য স্বাধীন ব্যক্তি, দাসের জন্য দাস, নারীর জন্য নারী। যদি কেউ নিহত ব্যক্তির নিকটতম আত্মীয়ের ক্ষমা পায়, তাদেরকে কৃতজ্ঞতামূলক জবাব দিতে হবে এবং একটি ন্যায্য ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে। এটি তোমাদের প্রভুর পক্ষ থেকে একটি সহজীকরণ এবং অনুগ্রহ। যে কেউ এর বাইরে সীমালঙ্ঘন করে সে নিজের উপর যন্ত্রণাদায়ক শাস্তি টেনে আনে।

*\*2:178 The Quran clearly discourages capital punishment. Every kind of excuse is provided to spare lives, including the life of the murderer. The victim's kin may find it better, under certain circumstances, to spare the life of the murderer in exchange for an equitable compensation. Also capital punishment is not applicable if, for example, a woman kills a man, or vice versa.*

[2:179] Equivalence is a life saving law for you, O you who possess intelligence, that you may be righteous.

[২/১৭৯] সমতা হলো তোমাদের জন্য একটি জীবন রক্ষাকারী আইন, হে তোমরা যারা বুদ্ধিমত্তার অধিকারী, যাতে তোমরা সৎকর্মশীল হতে পারো।

#### *Write A Will* একটি উইল লিখে যান

[2:180] It is decreed that when death approaches, you shall write a will for the benefit of the parents and relatives, equitably. This is a duty upon the righteous.

[২/১৮০] এই বিধান জারি করা হলো যে যখন মৃত্যু নিকটবর্তী হয়, তখন তোমরা একটি উইল লিখবে তোমাদের পিতামাতা ও আত্মীয়দের উপকারার্থে, ন্যায়সঙ্গতভাবে। এটা সৎকর্মশীলদের উপর দ্বায়িত্ব।

[2:181] If anyone alters a will he had heard, the sin of altering befalls those responsible for such altering. **GOD** is Hearer, Knower.

[২/১৮১] যদি কেউ কোন উইল পরিবর্তন করে যা সে শুনেছিল, এই পরিবর্তনের পাপ তাদের উপর পড়বে যারা এরূপ পরিবর্তনের জন্য দায়ী। আল্লাহ সর্বশ্রোতা, সবজান্তা।

[2:182] If one sees gross injustice or bias on the part of a testator, and takes corrective action to restore justice to the will, he commits no sin. **GOD** is Forgiver, Most Merciful.

[২/১৮২] যদি কেউ উইলকারীর দিক থেকে ঘোর অন্যায় কিংবা পক্ষপাত লক্ষ্য করে এবং উইলে ন্যায়বিচার ফিরিয়ে আনার লক্ষ্যে সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণ করে, তবে সে কোনো পাপ করে না। আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।

*Fasting Emphasized and Modified \**

উপবাস পালনে গুরুত্ব প্রদান এবং কিছুটা পরিবর্তন

[2:183] O you who believe, fasting is decreed for you, as it was decreed for those before you, that you may attain salvation.

[২/১৮৩] হে তোমরা যারা বিশ্বাস করো, তোমাদের জন্য উপবাস পালনের বিধান জারি করা হলো, যেসকল তোমাদের পূর্ববর্তীদের উপর এই বিধান জারি করা হয়েছিল, যাতে তোমরা পরিত্রাণ লাভ করতে পারো।

*\*2:183-187 Like all duties in Submission, fasting was decreed through Abraham (22:78, Appendices 9 & 15). Prior to revelation of the Quran, sexual intercourse was prohibited throughout the fasting period. This rule is modified in 2:187 to allow intercourse during the nights of Ramadan.*

[2:184] Specific days (*are designated for fasting*); if one is ill or traveling, an equal number of other days may be substituted. Those who can fast, but with great difficulty, may substitute feeding one poor person for

each day of breaking the fast. If one volunteers (*more righteous works*), it is better. But fasting is the best for you, if you only knew.

[২/১৮৪] নির্দিষ্ট দিনসমূহ (উপবাসের জন্য নির্ধারিত); যদি কেউ অসুস্থ হয় কিংবা ভ্রমণে থাকে, তবে সমান সংখ্যক অন্য দিন প্রতিস্থাপন করতে পারে। যাদের জন্য উপবাস করা অত্যন্ত কষ্টকর, তারা উপবাস ভঙ্গের প্রত্যেক দিনের বদলে একজন গরীব লোক খাওয়াবে। যদি কেউ স্বেচ্ছায় কিছু (অধিক সৎকর্ম) করে, এটা উত্তম। কিন্তু উপবাসই তোমাদের জন্য সর্বোত্তম, যদি শুধু তোমরা জানতে।

[2:185] Ramadan is the month during which the Quran was revealed, providing guidance for the people, clear teachings, and the statute book. Those of you who witness this month shall fast therein. Those who are ill or traveling may substitute the same number of other days. **GOD** wishes for you convenience, not hardship, that you may fulfill your obligations, and to glorify **GOD** for guiding you, and to express your appreciation.

[২/১৮৫] রমজানই হলো সে মাস যখন কুরআন অবতীর্ণ হয়েছিল, যা মানুষের জন্য প্রদান করে পথ-নির্দেশনা, সুস্পষ্ট শিক্ষা, এবং বিধান গ্রন্থ। তোমাদের মধ্যে যারা এই মাস প্রত্যক্ষ করবে তারা তাতে উপবাস পালন করবে। যারা অসুস্থ কিংবা ভ্রমণে থাকে, তারা এর পরিবর্তে সমান সংখ্যক অন্য দিন প্রতিস্থাপন করতে পারে। আল্লাহ তোমাদের জন্য সহজ করতে চান, কঠিন নয়, যাতে তোমরা তোমাদের দ্বায়িত্বসমূহ সম্পন্ন করতে পারো এবং তোমাদের সুপথে পরিচালনার জন্য আল্লাহর মহিমা ঘোষণা করতে পারো, এবং যাতে তোমাদের কৃতজ্ঞতা প্রকাশ করতে পারো।

*God Answers the Prayers of "His Servants"*  
আল্লাহ "তাঁর বান্দাদের" প্রার্থণার উত্তর দেন

[2:186] When My servants ask you about Me, I am always near. I answer their prayers when they pray to Me. The people shall respond to Me and believe in Me, in order to be guided.

[২/১৮৬] যখন আমার বান্দারা তোমাকে আমার সম্পর্কে জিজ্ঞেস করে, আমি সর্বদাই নিকটে। আমি তাদের প্রার্থণার জবাব দেই যখন তারা আমার কাছে প্রার্থনা করে। লোকেরা আমার প্রতি

সাঁড়া দেবে এবং আমাকে বিশ্বাস করবে, সুপথ পাওয়ার জন্য।

[2:187] Permitted for you is sexual intercourse with your wives during the nights of fasting. They are the keepers of your secrets, and you are the keepers of their secrets. **GOD** knew that you used to betray your souls, and He has redeemed you, and has pardoned you. Henceforth, you may have intercourse with them, seeking what **GOD** has permitted for you. You may eat and drink until the white thread of light becomes distinguishable from the dark thread of night at dawn. Then, you shall fast until sunset. Sexual intercourse is prohibited if you decide to retreat to the masjid (*during the last ten days of Ramadan*). These are **GOD's** laws; you shall not transgress them. **GOD** thus clarifies His revelations for the people, that they may attain salvation.

[২/১৮৭] উপবাসের রাতে তোমাদের জন্য তোমাদের স্ত্রীদের সাথে সহবাস অনুমোদিত। তারা তোমাদের গোপনীয়তা রক্ষাকারী এবং তোমরা তাদের গোপনীয়তা রক্ষাকারী। আল্লাহ জানতেন যে তোমরা তোমাদের আত্মার সাথে প্রতারণা করতে এবং তিনি তোমাদের পাপমোচন করেছেন ও তোমাদেরকে ক্ষমা করেছেন। এখন থেকে, আল্লাহ তোমাদের জন্য যা অনুমোদন করেছেন তা অশেষণ করতে তোমরা তাদের সাথে সহবাস করতে পারো। তোমরা পানাহার করতে পারো যতক্ষণ না রাতের কালো রেখা থেকে আলোর সাদা রেখা পৃথক করা যায় ভোর বেলায়। তারপর, তোমরা সূর্যাস্ত পর্যন্ত উপবাস পালন করবে। (রমজানের শেষ দশ দিনে) সহবাস নিষিদ্ধ যদি তোমরা মসজিদে অবস্থানের সিদ্ধান্ত নাও। এগুলো আল্লাহর আইন; তোমরা এগুলোর সীমালঙ্ঘন করবে না। এভাবে আল্লাহ তাঁর প্রকাশনাবলী লোকদের জন্য সুস্পষ্ট করেন, যাতে তারা পরিত্রাণ লাভ করতে পারে।

*Bribery, Corruption Condemned*  
ঘুষ, দুর্নীতি ঘৃণিত

[2:188] You shall not take each others' money illicitly, nor shall you bribe the officials to deprive others of some of their rights illicitly, while you know.

[২/১৮৮] তোমরা একে অপরের অর্থ অনৈতিকভাবে আত্মসাৎ করবে না, না তোমরা কর্মকর্তাদের ঘুষ দেবে অন্যদেরকে তাদের কিছু

অধিকার থেকে অনৈতিকভাবে বঞ্চিত করতে, যখন তোমরা জানো।

*Do Not Beat Around the Bush*  
কাজের কথায় না এসে কথা ঘুরাবেন না

[2:189] They ask you about the phases of the moon! Say, "They provide a timing device for the people, and determine the time of Hajj." It is not righteous to beat around the bush;\* righteousness is attained by upholding the commandments and by being straightforward. You shall observe **GOD**, that you may succeed.

[২/১৮৯] তারা তোমাকে চাঁদের পর্যায়সমূহ সম্পর্কে জিজ্ঞেস করে! বল, “এগুলো লোকদের জন্য একটি সময় নিরূপণের পদ্ধতি প্রদান করে এবং হজ্জের সময় নির্ধারণ করে।” কাজের কথায় না এসে কথা ঘুরানোর মধ্যে ন্যায়নিষ্ঠতা নেই, ন্যায়নিষ্ঠতা অর্জিত হয় ঐশিক আদেশ মেনে চলা এবং সরলতা অবলম্বনের মাধ্যমে। তোমরা আল্লাহকে মান্য করবে, যাতে তোমরা সফল হতে পারো।

\*2:189 *The literal Quranic idiom says: "Do not enter the homes through the back doors." The question about the phases of the moon is an example of beating around the bush; there were bad ulterior motives behind this question.*

*Rules of War\**  
যুদ্ধের নিয়ম

[2:190] You may fight in the cause of **GOD** against those who attack you, but do not aggress. **GOD** does not love the aggressors. ২/১৯০ তোমরা আল্লাহর উদ্দেশ্যে যুদ্ধ করতে পারো তাদের বিরুদ্ধে যারা তোমাদের আক্রমণ করে, কিন্তু প্রথম আক্রমণ করো না। আল্লাহ আত্মসনকারীদের ভালোবাসেন না।

\*2:190 *All fighting is regulated by the basic rule in 60:8-9. Fighting is allowed strictly in self-defense, while aggression and oppression are strongly condemned throughout the Quran.*

[2:191] You may kill those who wage war against you, and you may evict them whence they evicted you. Oppression is worse than murder. Do not fight them at the Sacred Mosque (Masjid), unless they attack you

therein. If they attack you, you may kill them. This is the just retribution for those disbelievers.

২/১৯১ তোমরা তাদেরকে হত্যা করতে পারো যারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ শুরু করে, এবং তোমরা তাদেরকে উচ্ছেদ করতে পারো, যেখান থেকে তারা তোমাদেরকে উচ্ছেদ করেছিল। অত্যাচার হত্যার চেয়ে অধিকতর মন্দ। পবিত্র মসজিদে (মসজিদ) তাদের সাথে লড়াই করবে না, যদি না তারা তোমাদের সেখানে আক্রমণ করে। যদি তারা তোমাদের আক্রমণ করে, তাদেরকে তোমরা হত্যা করতে পারো। এটা ঐসব অবিশ্বাসীদের জন্য উচিত শাস্তি।

[2:192] If they refrain, then **GOD** is Forgiver, Most Merciful.

২/১৯২ যদি তারা বিরত থাকে, তাহলে আল্লাহ ক্ষমাকারী, পরম দয়ালু।

[2:193] You may also fight them to eliminate oppression, and to worship **GOD** freely. If they refrain, you shall not aggress; aggression is permitted only against the aggressors.

২/১৯৩। এছাড়াও, তোমরা তাদের সাথে লড়াই করতে পারো, অত্যাচার নির্মূল এবং স্বাধীনভাবে আল্লাহর উপাসনা করার জন্য। যদি তারা বিরত থাকে, তোমরা আগ্রাসী হবে না। শুধুমাত্র আগ্রাসনকারীদের বিরুদ্ধে আগ্রাসন অনুমোদিত।

[2:194] During the Sacred Months, aggression may be met by an equivalent response. If they attack you, you may retaliate by inflicting an equitable retribution. You shall observe **GOD** and know that **GOD** is with the righteous.

২/১৯৪। পবিত্র মাসগুলোতে, একটি সমতুল্য জবাবের দ্বারা আগ্রাসন মোকাবেলা করা যেতে পারে। যদি তারা তোমাদের আক্রমণ করে, একটি ন্যায়সঙ্গত শাস্তি আরোপের দ্বারা তার জবাব দিতে পারো। তোমরা আল্লাহকে মান্য করবে এবং জানো যে আল্লাহ সৎকর্মীদের সাথে আছেন।

[2:195] You shall spend in the cause of **GOD**; do not throw yourselves with your own hands into destruction. You shall be charitable;

**GOD** loves the charitable.

২/১৯৫ তোমরা আল্লাহর উদ্দেশ্যে ব্যয় করবে; তোমরা নিজেদের হাতে নিজেদেরকে ধ্বংসের মুখে ঠেলে দিও না। তোমরা দানশীল

হবে, আল্লাহ দানশীলদের ভালবাসেন।

*Hajj and 'Umrah Pilgrimage \**

*হজ্জ এবং উমরাহ তীর্থযাত্রা*

[2:196] You shall observe the complete rites of *Hajj* and *'Umrah* for **GOD**. If you are prevented, you shall send an offering, and do not resume cutting your hair until your offering has reached its destination. If you are ill, or suffering a head injury (*and you must cut your hair*), you shall expiate by fasting, or giving to charity, or some other form of worship. During the normal *Hajj*, if you break the state of *Ihraam* (sanctity) between *'Umrah* and *Hajj*, you shall expiate by offering an animal sacrifice. If you cannot afford it, you shall fast three days during *Hajj* and seven when you return home—this completes ten—provided you do not live at the Sacred Mosque (Masjid). You shall observe **GOD**, and know that **GOD** is strict in enforcing retribution.

২/১৯৬ তোমরা আল্লাহর জন্য হজ্জ এবং উমরাহের পরিপূর্ণ আনুষ্ঠানিকতা পালন করবে। যদি তোমরা বাধাপ্রাপ্ত হও, তোমরা একটি উৎসর্গ পাঠাবে, এবং তোমাদের উৎসর্গ গন্তব্যে না পৌঁছানো পর্যন্ত মাথা মুন্ডন শুরু করো না। যদি তোমরা অসুস্থ হও, অথবা কোন মাথার আঘাতে ভোগে থাকো (এবং তোমাদের চুল কাটতেই হয়), তোমরা প্রায়শ্চিত্ত করবে উপবাসের মাধ্যমে, অথবা দান করে, অথবা অন্য কোন ধরনের উপাসনার দ্বারা। সাধারণ হজ্জের সময়, তোমরা যদি উমরাহ এবং হজ্জের মধ্যে ইহরাম (পবিত্রতার) অবস্থা ভঙ্গ করো, তোমরা একটি পশু উৎসর্গের মাধ্যমে প্রায়শ্চিত্ত করবে। যদি তোমাদের এর সামর্থ্য না থাকে, তাহলে তোমরা হজ্জের সময় তিন (দিন) উপবাস পালন করবে এবং বাড়ি ফিরে সাত (দিন) - এতে দশ (দিন) পূর্ণ হয় - যদি না তোমরা পবিত্র মসজিদে বাস করো। তোমরা আল্লাহকে মান্য করবে এবং জানো যে আল্লাহ শাস্তি প্রয়োগে কঠোর।

\*2:196 See the details of *Hajj* and *'Umrah* in Appendix 15.

*The Four Months of Hajj*

*(Dhul-Hijjah, Muharram, Safar, & Rabi I)*

*হজ্জ তীর্থযাত্রার চার মাস (জুল*

*হিজ্জাহ, মুহাররাম, সফর ও রাবিউল আউয়াল)*

[2:197] *Hajj* shall be observed in the specified months.\* Whoever sets out to observe *Hajj* shall refrain from sexual intercourse, misconduct, and arguments throughout *Hajj*. Whatever good you do, **GOD** is fully aware thereof. As you prepare your provisions for the journey, the best provision is righteousness. You shall observe Me, O you who possess intelligence.

২/১৯৭ হজ্জ তীর্থযাত্রা পালন করতে হবে নির্ধারিত মাসগুলোতে। যে কেউ হজ্জ পালনের উদ্দেশ্যে বের হয়, শারীরিক মিলন, খারাপ ব্যবহার এবং তর্ক করা থেকে বিরত থাকবে, হজ্জের পুরো সময় জুড়ে। তোমরা যে পূন্যই করো, আল্লাহ সে সম্পর্কে সম্পূর্ণ অবগত। তোমরা যখন (তীর্থ) যাত্রার জন্য পাথেয় প্রস্তুত করো, সবচেয়ে উত্তম পাথেয় হল আল্লাহ ভীতি। তোমরা আমাকে মান্য করবে, ওহে তোমরা যারা জ্ঞানবুদ্ধির অধিকারী।

\*2:197 *Hajj can be observed any time during the Sacred Months: Zul-Hijjah, Muharram, Safar, and Rabi I. Local governments restrict Hajj to a few days for their own convenience. See 9:37*

[2:198] You commit no error by seeking provisions from your Lord (*through commerce*). When you file from 'Arafaat, you shall commemorate **GOD** at the Sacred Location (*of Muzdalifah*). You shall commemorate Him for guiding you; before this, you had gone astray.

২/১৯৮। তোমাদের প্রভুর নিকট থেকে (বাণিজ্যের মাধ্যমে) জীবিকা অন্বেষণ করে তোমরা কোন ভুল করো না। তোমরা যখন আরাফাত থেকে সারিবদ্ধভাবে রওয়ানা হবে, তোমরা পবিত্র স্থানে (মুজদালিফাতে) আল্লাহকে স্মরণ করবে, তোমার তাঁকে স্মরণ করবে তোমাদেরকে পথ প্রদর্শন করার জন্য; এর আগে তোমরা পথভ্রষ্ট হয়ে গিয়েছিলে।

[2:199] You shall file together, with the rest of the people who file, and ask **GOD** for forgiveness. **GOD** is Forgiver, Most Merciful.

২/১৯৯। তোমরা একত্রে সারিবদ্ধভাবে রওয়ানা হবে বাকী লোকদের সাথে যারা সারিবদ্ধভাবে রওয়ানা হয়, এবং আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করবে। আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।

[2:200] Once you complete your rites, you shall continue to commemorate **GOD** as you commemorate your own parents, or even better. Some people would say, "Our Lord, give us of this world," while having no share in the Hereafter.

২/২০০। তোমরা তোমাদের আনুষ্ঠানিকতা সম্পূর্ণ করার পর, তোমরা আল্লাহর স্মরণ করতে থাকবে যেভাবে তোমরা তোমাদের নিজেদের পিতামাতাকে স্মরণ করো, বা তার চেয়েও উত্তম রূপে। কিছু লোক বলবে, "আমাদের প্রভু, আমাদেরকে এই দুনিয়াতে দিন", যখন পরকালে কোন অংশ থাকে না।

[2:201] Others would say, "Our Lord, grant us righteousness in this world, and righteousness in the Hereafter, and spare us the retribution of Hell."

২/২০১ অন্যরা বলবে, "আমাদের প্রভু, আমাদেরকে এই দুনিয়াতে কল্যাণ দান করুন, এবং পরকালেও কল্যাণ দান করুন, এবং আমাদেরকে নরকের শাস্তি থেকে রক্ষা করুন।"

[2:202] Each of these will receive the share they have earned. **GOD** is most efficient in reckoning.

২/২০২ এদের প্রত্যেকেই পাবে সেই অংশ যা তারা অর্জন করেছে। আল্লাহ হিসাব গ্রহণে সবচেয়ে দক্ষ।

*Mena: Last Rites of Hajj*

*মিনা: হজ্জের শেষ আনুষ্ঠানিকতা*

[2:203] You shall commemorate **GOD** for a number of days (*in Mena*), whoever hastens to do this in two days commits no sin, and whoever stays longer commits no sin, so long as righteousness is maintained. You shall observe **GOD**, and know that before Him you will be gathered.

২/২০৩ তোমরা আল্লাহকে স্মরণ করবে কিছু সংখ্যক দিন (মিনাতে); যে কেউ ত্বরান্বিত করে তা দুই দিনে সম্পন্ন করে সে কোন পাপ করে না এবং যে কেউ বেশি সময় অবস্থান করে সে কোন পাপ করে না, যতক্ষণ ন্যায়পরায়নতা বজায় রাখা হয়। তোমরা আল্লাহকে মান্য করবে এবং জানো যে তাঁর সামনেই তোমরা একত্রিত হবে।

*Appearances May Be Deceiving*

*বাহ্যরূপ ছলনাপূর্ণ হতে পারে*

[2:204] Among the people, one may impress you with his utterances concerning this life, and may even call upon **GOD** to witness his innermost thoughts, while he is a most ardent opponent.

২/ ২০৪ লোকদের মধ্যে, কেউ তোমাকে এই দুনিয়া সম্পর্কে তার কথা দিয়ে মোহিত করতে পারে, এবং এমনকি তার গভীরতম চিন্তার সাক্ষী হবার জন্য আল্লাহকে আহ্বান করতে পারে, যদিও সে একজন সবচেয়ে ঘোর বিরোধী।

[2:205] As soon as he leaves, he roams the earth corruptingly, destroying properties and lives. **GOD** does not love corruption.

২/২০৫ সে প্রস্থান করা মাত্রই, পৃথিবীতে ঘুরে বেড়ায় দুর্নীতি করে, সম্পত্তি এবং জীবন ধ্বংস করে। আল্লাহ দুর্নীতিকে ভালবাসেন না।

[2:206] When he is told, "Observe **GOD**," he becomes arrogantly indignant. Consequently, his only destiny is Hell; what a miserable abode.

২/ ২০৬ যখন তাকে বলা হয়, "আল্লাহকে মেনে চল", সে ঔদ্ধতের সাথে ক্ষুব্ধ হয়। ফলস্বরূপ, তার একমাত্র গন্তব্য নরক, কতই না দুর্বিষহ আবাস।

[2:207] Then there are those who dedicate their lives to serving **GOD**; **GOD** is compassionate towards such worshippers.

২/ ২০৭ অতঃপর রয়েছে তারা, যারা আল্লাহর প্রতি দায়িত্ব পালনে নিজেদের জীবন উৎসর্গ করে। আল্লাহ এরকম উপাসনাকারীদের প্রতি মেহেরবান।

[2:208] O you who believe, you shall embrace total submission; do not follow the steps of Satan, for he is your most ardent enemy.

২/ ২০৮ হে যারা বিশ্বাস করো, তোমরা পরিপূর্ণভাবে আত্মসমর্পণ করবে; শয়তানের পদাঙ্ক অনুসরণ করো না, কারণ সে তোমাদের সবচেয়ে ঘোর শত্রু।

[2:209] If you backslide, after the clear proofs have come to you, then know that **GOD** is Almighty, Most Wise.

২/ ২০৯ যদি তোমরা পিছপা হও, তোমাদের কাছে সুস্পষ্ট প্রমাণ আসার পর, তবে জেনে নাও যে আল্লাহ সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী।

[2:210] Are they waiting until **GOD** Himself comes to them in dense clouds, together with the angels? When this happens, the whole matter will be terminated, and to **GOD** everything will be returned.\*

২/ ২১০ তারা কি অপেক্ষা করছে যে কখন আল্লাহ নিজে পুঞ্জীভূত মেঘের মাঝে তাদের কাছে আসবেন, ফেরেশতাদের সাথে? যখন তা ঘটবে, পুরো ব্যাপারটাই শেষ হয়ে যাবে, এবং আল্লাহর নিকট সবকিছু ফিরে যাবে।

\*2:210 This world is a test; it is our last chance to restore ourselves back into God's kingdom by denouncing idol worship (see the INTRODUCTION). If God and His angels show up, everyone will believe, and the test will no longer be valid.

*Miracles Bring Greater Responsibility\**

অলৌকিক নিদর্শন বয়ে আনে  
আরো বড় দায়িত্ব

[2:211] Ask the Children of Israel how many profound miracles have we shown them! For those who disregard the blessings bestowed upon them by **GOD**, **GOD** is most strict in retribution.

২/ ২১১ ইসরাইলের সন্তানদের জিজ্ঞেস করো- তাদেরকে আমরা কতগুলো প্রগাঢ় নিদর্শন দেখিয়েছিলাম! যারা তাদের উপর অর্পিত আল্লাহর আশীর্বাদকে উপেক্ষা করে, আল্লাহ তাদের জন্য শাস্তি আরোপে সবচেয়ে কঠোর।

\*2:211 The Quran's mathematical miracle is a great blessing, and brings with it an awesome responsibility (please see 5:115).

*Shortsightedness*  
অদূরদর্শীতা

[2:212] This worldly life is adorned in the eyes of the disbelievers, and they ridicule those who believe. However, the righteous will be far above them on the Day of Resurrection. **GOD** blesses whomever He wills, without limits.

২/২১২ অবিশ্বাসীদের চোখে এই পার্থিব জীবন সুসজ্জিত করে দেয়া হয়েছে, এবং তারা তাদেরকে উপহাস করে যারা বিশ্বাস করে। তবে, পুনরুত্থানের দিন সৎকর্মীরা তাদের চেয়ে অনেক উপরে থাকবে। আল্লাহ যাকে ইচ্ছা আশীর্বাদ করেন, সীমাহীন ভাবে।



*Disastrous Jealousy*  
*সর্বনাশা ঈর্সা*

[2:213] The people used to be one community when **GOD** sent the prophets as bearers of good news, as well as warners. He sent down with them the scripture, bearing the truth, to judge among the people in their disputes. Ironically, those who received the scripture were the ones who rejected any new scripture, despite clear proofs given to them. This is due to jealousy on their part. **GOD** guides those who believe to the truth that is disputed by all others, in accordance with His will. **GOD** guides whoever wills in a straight path.\*

২/২১৩ লোকেরা একই সম্প্রদায়ভুক্ত ছিল যখন আল্লাহ নবীদের পাঠালেন সুসংবাদ বহনকারী, একই সাথে সতর্ককারী হিসেবে। তিনি তাদের সাথে অবতীর্ণ করেছিলেন ঐশীগ্রন্থ, যা সত্য বহনকারী, লোকদের মাঝে তাদের বিতর্কের বিচার করার জন্য। দুঃখজনক ভাবে, যারা ঐশীগ্রন্থ গ্রহণ করেছিল তারাই নতুন কোন ঐশীগ্রন্থ প্রত্যাখ্যান করেছে, তাদেরকে দেয়া সুস্পষ্ট প্রমাণ সত্ত্বেও। এটা তাদের পক্ষ থেকে হিংসার কারণে। আল্লাহ তাদের পথ-প্রদর্শন করেন যারা বিশ্বাস করে সত্যের দিকে যা অন্য সকলের দ্বারা বিতর্কিত, আল্লাহর ইচ্ছানুসারে। আল্লাহ যাকে ইচ্ছা সরল পথে পথ-প্রদর্শন করেন।

\*2:213 All worshippers of God ALONE, from all religions, are truly united.

[2:214] Do you expect to enter Paradise without being tested like those before you? They were tested with hardship and adversity, and were shaken up, until the messenger and those who believed with him said, "Where is **GOD's** victory?" **GOD's** victory is near.

২/২১৪ তোমরা কি স্বর্গে প্রবেশ করার আশা করো পরিক্ষীত হওয়া ছাড়াই যেমন করা হয়েছিল তোমাদের পূর্ববর্তীদের? তারা পরিক্ষীত হয়েছিল কষ্ট এবং প্রতিকূল পরিস্থিতির মধ্য দিয়ে, এবং শিহরিত হয়েছিল/ধাক্কা খেয়েছিল, যতক্ষণ না বার্তাবাহক এবং তার সঙ্গে যারা বিশ্বাস করেছিল তারা বলেছিল, "কোথায় আল্লাহর বিজয়?" আল্লাহর বিজয় নিকটেই।

*Recipients of Charity*  
*দানের গ্রহীতা*

[2:215] They ask you about giving: say, "The charity you give shall go to the parents, the relatives, the orphans, the poor, and the traveling alien." Any good you do, **GOD** is fully aware thereof.

২/২১৫ তারা তোমাকে জিজ্ঞেস করে দান সম্পর্কে, বল, "তোমরা যে দান করো তা যাবে পিতা-মাতা, আত্মীয়-স্বজন, এতিম, গরীব এবং ভ্রমণরত ভীনদেশীদের জন্য।" যেকোন ভাল কাজ তোমরা করো, আল্লাহ সে সম্পর্কে সম্পূর্ণ অবগত।

*Believers:*

*The Ultimate Victors*

*বিশ্বাসীরা : চূড়ান্ত বিজয়ী*

[2:216] Fighting may be imposed on you, even though you dislike it. But you may dislike something which is good for you, and you may like something which is bad for you. **GOD** knows while you do not know.

২/২১৬ যুদ্ধ তোমাদের উপর আরোপিত হতে পারে, যদিও তোমরা তা অপছন্দ করো। কিন্তু হয়তো তোমরা কোন কিছু অপছন্দ করছো যা তোমাদের জন্য ভাল, এবং হয়তো তোমরা কোন কিছু পছন্দ করছো যা তোমাদের জন্য মন্দ। আল্লাহ জানেন যখন তোমরা জানো না।

*Oppression Condemned*

*অত্যাচার নিন্দিত*

[2:217] They ask you about the Sacred Months and fighting therein: say, "Fighting therein is a sacrilege. However, repelling from the path of **GOD** and disbelieving in Him and in the sanctity of the Sacred Mosque (Masjid), and evicting its people, are greater sacrileges in the sight of **GOD**. Oppression is worse than murder." They will always fight you to revert you from your religion, if they can. Those among you who revert from their religion, and die as disbelievers, have nullified their works in this life and the Hereafter. These are the dwellers of Hell, wherein they abide forever.

২/২১৭ তারা তোমাকে পবিত্র মাসসমূহ এবং তাতে যুদ্ধ করা সম্পর্কে জিজ্ঞাসা করে; বল, "তাতে যুদ্ধ করা একটি অপবিত্র কাজ। কিন্তু, আল্লাহর পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করা, এবং অবিশ্বাস করা তাঁকে ও পবিত্র মসজিদের পবিত্রতায়, এবং এর লোকদের উচ্ছেদ করা, আল্লাহর দৃষ্টিতে আরও বড়

অপবিত্র কাজ। অত্যাচার হত্যা থেকে অধিকতর মন্দ”। তারা সব সময় তোমাদের সাথে লড়াই করবে তোমাদেরকে তোমাদের ধর্ম থেকে ফিরিয়ে দিতে, যদি তারা পারে। তোমাদের মধ্যে যারা তাদের ধর্ম থেকে ফিরে যাবে, এবং অবিশ্বাসী হিসেবে মৃত্যুবরণ করবে, তারা বিনষ্ট করে ফেলেছে তাদের কাজ এই জীবনে এবং পরকালে। এরাই নরকের বাসিন্দা, যেখানে তারা চিরকাল বসবাস করবে।

[2:218] Those who believe, and those who emigrate and strive in the cause of **GOD**, have deserved **GOD**'s mercy. **GOD** is Forgiver, Most Merciful.

২/২১৮ যারা বিশ্বাস করে, এবং যারা দেশান্তরী হয় এবং আল্লাহর উদ্দেশ্য সংগ্রাম করে, তারা আল্লাহর করুণা পাবার যোগ্য হয়েছে। আল্লাহ ক্ষমাশীল, পরম করুণাময়।

*Intoxicants and Gambling*

*Prohibited \**

*মাদকদ্রব্য এবং*

*জুয়া নিষিদ্ধ \**

[2:219] They ask you about intoxicants and gambling: say, "In them there is a gross sin, and some benefits for the people. But their sinfulness far outweighs their benefit." They also ask you what to give to charity: say, "The excess." **GOD** thus clarifies the revelations for you, that you may reflect,

২/২১৯ তারা তোমাকে মাদকদ্রব্য এবং জুয়া সম্পর্কে জিজ্ঞাসা করে; বল, “এগুলোর মধ্যে রয়েছে মহাপাপ এবং লোকেদের জন্য কিছু উপকার। কিন্তু, এগুলোর পাপ উপকার থেকে অনেক বেশি”। তারা তোমাকে আরও জিজ্ঞাসা করে কি দান করবে; বল, “অতিরিক্তটা”। আল্লাহ এভাবে প্রকাশনাবলী তোমাদের জন্য সুস্পষ্ট করেন, যাতে তোমরা অনুধাবন করো,

*\*2:219 The world now recognizes that the economic benefits from manufacturing alcoholic beverages and illicit drugs are not worth the traffic fatalities, brain damage to children of alcoholic mothers, family crises, and other disastrous consequences. Check with "Alcoholics Anonymous" and "Gamblers Anonymous" for more information. See also 5:90-91.*

[2:220] upon this life and the Hereafter. And they ask you about the orphans: say,

"Bringing them up as righteous persons is the best you can do for them. If you mix their property with yours, you shall treat them as family members." **GOD** knows the righteous and the wicked. Had **GOD** willed, He could have imposed harsher rules upon you. **GOD** is Almighty, Most Wise.

২/২২০ এই জীবন এবং পরকালের বিষয়ে। এবং তারা তোমাকে এতিমদের সম্পর্কে জিজ্ঞেস করেঃ বল, "তোমরা তাদের জন্য যা করতে পারো তন্মধ্যে তাদেরকে সৎকর্মশীল হিসেবে বড় করাই সর্বোত্তম। তোমরা যদি তাদের সম্পত্তির সাথে তোমাদের সম্পদ মিশিয়ে ফেল, তবে তোমরা তাদের সাথে পরিবারের সদস্যের মতো ব্যবহার করবে”। আল্লাহ সৎকর্মশীল এবং মন্দদের জানেন। আল্লাহ যদি চাইতেন, তবে তিনি তোমাদের উপর কঠোরতর নিয়ম আরোপ করতে পারতেন। আল্লাহ সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী।

*Do Not Marry*

*Idol Worshipers*

*অংশীদার উপাসকদের*

*বিয়ে করবেন না*

[2:221] Do not marry idolatresses unless they believe; a believing woman is better than an idolatress, even if you like her. Nor shall you give your daughters in marriage to idolatrous men, unless they believe. A believing man is better than an idolater, even if you like him. These invite to Hell, while **GOD** invites to Paradise and forgiveness, as He wills. He clarifies His revelations for the people, that they may take heed.

২/ ২২১ অংশীদার উপাসক নারীদের বিয়ে করো না যদি না তারা বিশ্বাস করে; একজন বিশ্বাসী নারী একজন অংশীদার উপাসক নারীর চেয়ে উত্তম, যদিও তোমরা তাকে পছন্দ করো। না তোমরা তোমাদের কন্যাদের অংশীদার উপাসক পুরুষের সাথে বিয়ে দেবে, যদি না তারা বিশ্বাস করে। একজন বিশ্বাসী পুরুষ একজন অংশীদার উপাসক পুরুষের চেয়ে উত্তম যদিও তোমরা তাকে পছন্দ করো। এরা নরকের দিকে আহ্বান করে, যখন আল্লাহ স্বর্গ এবং ক্ষমাশীলতার দিকে আহ্বান করেন, যেমন তিনি ইচ্ছা করেন। তিনি

লোকদের জন্য তাঁর প্রত্যাদেশাবলী সুস্পষ্ট করেন, যাতে তারা সতর্ক হতে পারে।

### *Menstruation* রজঃস্রাব

[2:222] They ask you about menstruation: say, "It is harmful; you shall avoid sexual intercourse with the women during menstruation; do not approach them until they are rid of it. Once they are rid of it, you may have intercourse with them in the manner designed by **GOD**. **GOD** loves the repenters, and He loves those who are clean."

২/২২২ তারা তোমাকে রজঃস্রাব সম্পর্কে জিজ্ঞাসা করেঃ বল, “এটা ক্ষতিকারক; তোমরা রজঃস্রাবের সময় স্ত্রীদের সাথে যৌন সহবাস এড়িয়ে চলবে; তাদের সান্নিধ্যে যেও না যতক্ষণ না তারা এটা থেকে মুক্ত হয়। যখন তারা এটা থেকে মুক্ত হয়, তোমরা তাদের সাথে সহবাস করতে পার, আল্লাহর পরিকল্পিত পদ্ধতিতে। আল্লাহ অনুশোচনাকারীদের ভালোবাসেন, এবং তিনি তাদের ভালোবাসেন যারা পরিত্রাণ।

[2:223] Your women are the bearers of your seed. Thus, you may enjoy this privilege however you like, so long as you maintain righteousness. You shall observe **GOD**, and know that you will meet Him. Give good news to the believers.

২/২২৩ তোমাদের স্ত্রীরা তোমাদের বীজের ধারক। তাই, তোমরা এই বিশেষ সুবিধা উপভোগ করতে পারো যেভাবে তোমরা পছন্দ করো, যতক্ষণ তোমরা ন্যায়পরায়ণতা বজায় রাখো। তোমরা আল্লাহকে মান্য করবে, এবং জেনে রাখো যে তোমরা তাঁর সাথে সাক্ষাৎ করবে। বিশ্বাসীদের সুসংবাদ দাও।

### *Do Not Take God's Name in Vain* নিরর্থকভাবে আল্লাহর নাম নিবেন না

[2:224] Do not subject **GOD**'s name to your casual swearing, that you may appear righteous, pious, or to attain credibility among the people. **GOD** is Hearer, Knower.

২/ ২২৪ তোমাদের নৈমিত্তিক শপথে আল্লাহর নামকে উপলক্ষ্য বানিয়ে না, যাতে তোমরা সৎকর্মী, ধার্মিক প্রতীয়মান হতে পারো, অথবা মানুষের মাঝে বিশ্বাসযোগ্যতা অর্জন করতে পারো। আল্লাহ শ্রোতা, জ্ঞাতা।

[2:225] **GOD** does not hold you responsible for the mere utterance of oaths; He holds you responsible for your innermost intentions.

**GOD** is Forgiver, Clement.

২/২২৫ শুধুমাত্র শপথ উচ্চারণের কারণে আল্লাহ তোমাদের দায়ী করেন না; তিনি তোমাদের দায়ী করেন তোমাদের গভীরতম অভিপ্রায়ের জন্য। আল্লাহ ক্ষমাশীল, সহিষ্ণু।

### *Laws of Divorce* বিবাহ বিচ্ছেদ আইন

[2:226] Those who intend to divorce their wives shall wait four months (*cooling off*); if they change their minds and reconcile, then **GOD** is Forgiver, Merciful.

২/ ২২৬ যারা তাদের স্ত্রীদের সাথে বিবাহ-বিচ্ছেদ করতে মনস্থ করে তারা চার মাস অপেক্ষা করবে (শান্ত হতে); তারা যদি তাদের মন পরিবর্তন করে এবং পুনঃমিলিত হয়, তবে আল্লাহ ক্ষমাশীল, দয়ালু।

[2:227] If they go through with the divorce, then **GOD** is Hearer, Knower.

২/২২৭ তারা যদি বিবাহ-বিচ্ছেদের মধ্য দিয়ে যায়, তবে আল্লাহ শ্রোতা, জ্ঞাতা।

[2:228] The divorced women shall wait three menstruations (*before marrying another man*). It is not lawful for them to conceal what **GOD** creates in their wombs, if they believe in **GOD** and the Last Day. (*In case of pregnancy,*) the husband's wishes shall supersede the wife's wishes, if he wants to remarry her. The women have rights, as well as obligations, equitably. Thus, the man's wishes prevail (*in case of pregnancy*). **GOD** is Almighty, Most Wise.

২/ ২২৮ বিবাহ-বিচ্ছেদ প্রাপ্ত নারী তিন রজঃস্রাব পর্যন্ত অপেক্ষা করবে (অন্য পুরুষকে বিয়ে করার পূর্বে)। এটা তাদের জন্য আইনসম্মত নয়, যা আল্লাহ তাদের গর্ভে সৃষ্টি করেন তা গোপন করা, যদি তারা আল্লাহ এবং পরকালে বিশ্বাস করে। (গর্ভাবস্থার ক্ষেত্রে) স্বামীর ইচ্ছা স্ত্রীর ইচ্ছার উপর স্থান পাবে, যদি সে তাকে পুনরায় বিয়ে করতে চায়। নারীর অধিকার রয়েছে, পাশাপাশি রয়েছে দায়িত্ব, সমানভাবে। এভাবে, স্বামীর ইচ্ছা

প্রাধান্য পায় (গর্ভাবস্থার ক্ষেত্রে)। আল্লাহ  
সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী।

[2:229] Divorce may be retracted twice. The divorced woman shall be allowed to live in the same home amicably, or leave it amicably. It is not lawful for the husband to take back anything he had given her. However, the couple may fear that they may transgress **GOD's** law. If there is fear that they may transgress **GOD's** law, they commit no error if the wife willingly gives back whatever she chooses. These are **GOD's** laws; do not transgress them. Those who transgress **GOD's** laws are the unjust.

২/ ২২৯ বিবাহ- বিচ্ছেদ দু'বার বাতিল করা যেতে পারে। বিবাহ- বিচ্ছেদ প্রাপ্ত নারী একই বাড়িতে সৌহার্দ্যপূর্ণভাবে বাস করতে, অথবা সৌহার্দ্যপূর্ণভাবে ছেড়ে চলে যেতে অনুমোদিত হবে। এটা স্বামীর জন্য আইনসম্মত নয় যে যা সে তাকে দিয়েছে এর কোনকিছু ফিরিয়ে নেয়া। কিন্তু, দম্পত্তির আশংকা হতে পারে যে তারা হয়তো আল্লাহর আইনের সীমালঙ্ঘন করবে। যদি কোন আশংকা থাকে যে তারা আল্লাহর আইনের সীমালঙ্ঘন করবে, তারা কোন ভুল করে না যদি স্ত্রী স্বেচ্ছায় ফিরিয়ে দেয় যা কিছু সে পছন্দ করে। এগুলো আল্লাহর আইন, এগুলোর সীমালঙ্ঘন করো না। যারা আল্লাহর আইনের সীমালঙ্ঘন করে তারা অবিবেচক।

[2:230] If he divorces her (*for the third time*), it is unlawful for him to remarry her, unless she marries another man, then he divorces her. The first husband can then remarry her, so long as they observe **GOD's** laws. These are **GOD's** laws; He explains them for people who know.

২/২৩০ সে যদি তার (স্ত্রীর) সাথে (তৃতীয়বারের মতো) বিবাহ- বিচ্ছেদ করে, তাকে পুনরায় বিয়ে করা তার জন্য বে-আইনি, যদি না সে অন্য পুরুষকে বিয়ে করে নেয়, এরপর সে (পুরুষ) তার সাথে বিবাহ- বিচ্ছেদ করে। প্রথম স্বামী তখন তাকে পুনরায় বিয়ে করতে পারে, যতক্ষণ পর্যন্ত তারা আল্লাহর আইন মান্য করে। এগুলো আল্লাহর আইন; তিনি এগুলো ব্যাখ্যা করেন তাদের জন্য যারা জানে।

*Do Not Throw the Divorcees  
Out Onto the Streets*

বিবাহ বিচ্ছেদকৃত নারীদের  
রাস্তায় ছুঁড়ে ফেলবেন না

[2:231] If you divorce the women, once they fulfill their interim (*three menstruations*), you shall allow them to live in the same home amicably, or let them leave amicably. Do not force them to stay against their will, as a revenge. Anyone who does this wrongs his own soul. Do not take **GOD's** revelations in vain. Remember **GOD's** blessings upon you, and that He sent down to you the scripture and wisdom to enlighten you. You shall observe **GOD**, and know that **GOD** is aware of all things.

২/২৩১ যদি তোমরা স্ত্রীদের সাথে বিবাহ- বিচ্ছেদ করো, যখন তারা অন্তর্বর্তী সময় (তিন রজঃস্রাব) সম্পূর্ণ করে, তোমরা একই বাড়িতে তাদেরকে সৌহার্দ্যপূর্ণভাবে বাস করতে দেবে, অথবা সৌহার্দ্যপূর্ণভাবে তাদেরকে চলে যেতে দেবে। তাদের ইচ্ছার বিরুদ্ধে তাদেরকে থাকার জন্য বল প্রয়োগ করো না, প্রতিশোধ হিসাবে। যে কেউ এই কাজ করে সে নিজের আত্মার ক্ষতি করে। আল্লাহর প্রকাশনাবলিকে নিরর্থকভাবে নিও না। তোমাদের প্রতি আল্লাহর আশীর্বাদ স্মরণ করো, এবং এটা যে তিনি তোমাদের কাছে অবতীর্ণ করেছেন ঐশীগ্রন্থ এবং জ্ঞান, তোমাদের আলোকিত করার জন্য। তোমরা আল্লাহকে মান্য করবে, এবং জানো যে আল্লাহ সবকিছু সম্পর্কে সচেতন।

[2:232] If you divorce the women, once they fulfill their interim, do not prevent them from remarrying their husbands, if they reconcile amicably. This shall be heeded by those among you who believe in **GOD** and the Last Day. This is purer for you, and more righteous. **GOD** knows, while you do not know.

২/২৩২ যদি তোমরা স্ত্রীদের সাথে বিবাহ- বিচ্ছেদ করো, যখন তারা অন্তর্বর্তী সময় সম্পূর্ণ করে, তাদেরকে তাদের স্বামীদের পুনরায় বিয়ে করতে বাধা দিও না, যদি তারা সৌহার্দ্যপূর্ণভাবে পুনঃমিলিত হয়। এটা তোমাদের মধ্যে তাদের দ্বারা মান্য হবে যারা আল্লাহ এবং শেষ দিনে বিশ্বাস করে। এটা তোমাদের জন্য পবিত্র, এবং অধিক ধর্মনিষ্ঠ। আল্লাহ জানেন, যখন তোমরা জানো না।

[2:233] Divorced mothers shall nurse their infants two full years, if the father so wishes. The father shall provide the mother's food and clothing equitably. No one shall be burdened beyond his ability. No mother shall be harmed on account of her infant, nor shall the father be harmed because of his infant. (*If the father dies*), his inheritor shall assume these responsibilities. If the infant's parents mutually agree to part, after due consultation, they commit no error by doing so. You commit no error by hiring nursing mothers, so long as you pay them equitably. You shall observe **GOD**, and know that **GOD** is Seer of everything you do.

২/২৩৩ বিবাহ বিচ্ছেদকৃত মা, তাদের শিশুদের পূর্ণ দুই বছর স্তন্যপান করাবে, যদি পিতা এরকম ইচ্ছা করে। পিতা ন্যায্যসঙ্গত ভাবে মায়ের খাদ্য ও বস্ত্রের সংস্থান করবে। কাউকে তার ক্ষমতার অতিরিক্ত দায়িত্ব চাপানো যাবে না। কোন মা তার শিশুর কারণে ক্ষতিগ্রস্ত হবে না, না কোন পিতা ক্ষতিগ্রস্ত হবে তার শিশুর কারণে। (*যদি পিতা মারা যায়*), তার উত্তরাধিকারী এই দায়িত্বসমূহ গ্রহণ করবে। যদি শিশুর পিতা-মাতা আলাদা হওয়ার ব্যাপারে পরস্পর সম্মত হয়, যথোচিত পরামর্শের পর, এরকম করে তারা কোন ভুল করে না। তোমরা দুধ-মা ভাড়া করে কোন ভুল করে না, যতক্ষণ তোমরা তাদেরকে ন্যায্যসঙ্গত পারিশ্রমিক দাও। তোমরা আল্লাহকে মান্য করবে, এবং জান যে আল্লাহ সবকিছুর দ্রষ্টা যা তোমরা করো।

*You Shall Observe*

*the Pre-Marriage Interims*

*আপনারা বিবাহ-পূর্ববর্তী অন্তর্বর্তী সময় পূর্ণ করাকে মেনে চলবেন*

[2:234] Those who die and leave wives, their widows shall wait four months and ten days (*before they remarry*). Once they fulfill their interim, you commit no error by letting them do whatever righteous matters they wish to do. **GOD** is fully Cognizant of everything you do. ২:২৩৪ যারা মারা যায় এবং স্ত্রীদের ছেঁড়ে যায়, তাদের বিধবারা চার মাস এবং দশ দিন অপেক্ষা করবে (তারা পুনরায় বিয়ে করার আগে)। যখন তারা অন্তর্বর্তী সময় পূর্ণ করে, যে কোন ন্যায্যসঙ্গত বিষয় তারা করতে ইচ্ছা করে, তাদেরকে তা করতে দিয়ে তোমরা ভুল

করো না। আল্লাহ সম্পূর্ণ জ্ঞাত সে সবকিছু সম্পর্কে যা তোমরা করো।

[2:235] You commit no sin by announcing your engagement to the women, or keeping it secret. **GOD** knows that you will think about them. Do not meet them secretly, unless you have something righteous to discuss. Do not consummate the marriage until their interim is fulfilled. You should know that **GOD** knows your innermost thoughts, and observe Him. You should know that **GOD** is Forgiver, Clement.

২/ ২৩৫ তোমরা কোন পাপ করো না তোমাদের সাথে সেই নারীদের বিবাহের বাগদান ঘোষণা করে, অথবা তা গোপন রেখে। আল্লাহ জানেন যে তোমরা তাদের ব্যাপারে চিন্তা করবে। তাদের সাথে গোপনে সাক্ষাৎ করো না, যদি না আলোচনা করার জন্য তোমাদের কোন ন্যায্যসঙ্গত বিষয় থাকে। বিয়ে সুসম্পূর্ণ করো না যতক্ষণ না তাদের অন্তর্বর্তী সময় পূর্ণ হয়। তোমাদের জানা উচিত যে, আল্লাহ জানেন তোমাদের গভীরতম চিন্তা, এবং তাঁকে মান্য করো। তোমাদের জানা উচিত যে, আল্লাহ ক্ষমাশীল, সহিষ্ণু।

*Breaking  
the Engagement  
বাগদান  
ভঙ্গ করা*

[2:236] You commit no error by divorcing the women before touching them, or before setting the dowry for them. In this case, you shall compensate them—the rich as he can afford and the poor as he can afford—an equitable compensation. This is a duty upon the righteous.

২/ ২৩৬ তোমরা কোন ভুল করো না নারীদের সাথে বিবাহ-বিচ্ছেদ করে তাদেরকে স্পর্শ করার আগে, অথবা তাদের জন্য দেন-মোহর নির্ধারণ করার আগে। এক্ষেত্রে, তোমরা তাদেরকে ক্ষতিপূরণ দিবে- ধনিরা তাদের সামর্থ অনুসারে এবং দরিদ্ররা তাদের সামর্থ অনুসারে- একটি ন্যায্যসঙ্গত ক্ষতিপূরণ। এটা সৎকর্মীদের উপর একটি দায়িত্ব।

[2:237] If you divorce them before touching them, but after you had set the dowry for them, the compensation shall be half the dowry, unless they voluntarily forfeit their rights, or

the party responsible for causing the divorce chooses to forfeit the dowry. To forfeit is closer to righteousness. You shall maintain the amicable relations among you. **GOD** is Seer of everything you do.

২/২৩৭ যদি তোমরা তাদের সাথে বিবাহ-বিচ্ছেদ করো তাদেরকে স্পর্শ করার আগে, কিন্তু তোমরা তাদের জন্য দেন-মোহর নির্ধারণ করার পর, তবে ক্ষতিপূরণটি দেন-মোহরের অর্ধেক হবে, যদি না তারা স্বেচ্ছায় তাদের অধিকার ছেঁড়ে দেয়, অথবা বিবাহ-বিচ্ছেদ হবার জন্য দায়ী পক্ষটি দেন-মোহরটি ছেঁড়ে দিতে পছন্দ করে। ক্ষতিস্বীকার করা সতকর্মশীলতার নিকটবর্তী। তোমরা তোমাদের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রাখবে। তোমরা যা কিছু করো আল্লাহ সবকিছুর দ্রষ্টা।

*You Shall Observe  
the Contact Prayers \**

*আপনারা সংযোগ প্রার্থনাসমূহ  
পালন করবেন*

[2:238] You shall consistently observe the Contact Prayers, especially the middle prayer, and devote yourselves totally to **GOD**.

২/ ২৩৮ তোমরা নিয়মিত সংযোগ প্রার্থনাসমূহ পালন করবে, বিশেষ করে মধ্যবর্তী প্রার্থনা, এবং নিজেদেরকে পুরোপুরি আল্লাহর নিকট উৎসর্গ করবে।

*\*2:238 All five prayers are found in 2:238, 11:114, 17:78, & 24:58. When the Quran was revealed, the Contact Prayers (Salat) had already been in existence (Appendix 9). The details of all five prayers—what to recite and the number of units (Rak'aas) per prayer, etc.—are mathematically confirmed. For example, writing down the number of units for each of the five prayers, next to each other, we get 24434, 19x1286. Also, if we use [\*] to represent Sura 1 (Al-Fātehah), where [\*]=the sura number (1), followed by the number of verses (7), followed by the number of each verse, the number of letters in each verse, and the gematrical value of every letter, writing down 2 [\*] [\*] 4 [\*] [\*] [\*] [\*] 4 [\*] [\*] [\*] [\*] 3 [\*] [\*] [\*] 4 [\*] [\*] [\*] [\*] produces a multiple of 19 (see 1:1).*

[2:239] Under unusual circumstances, you may pray while walking or riding. Once you are safe, you shall commemorate **GOD** as He taught you what you never knew.

২/২৩৯ অস্বাভাবিক পরিস্থিতিতে, তোমরা প্রার্থনা করতে পারো হাঁটা অথবা আরোহী

অবস্থায়। যখন তোমরা নিরাপদ হও, তোমরা আল্লাহকে স্মরণ করবে যেভাবে তিনি তোমাদের শিক্ষিয়েছিলেন যা তোমরা কখনোই জানতে না।

*Alimony For Widows and Divorcees  
বিধবা এবং বিবাহ বিচ্ছেদকৃত নারীদের  
ভরণপোষণ*

[2:240] Those who die and leave wives, a will shall provide their wives with support for a year, provided they stay within the same household. If they leave, you commit no sin by letting them do whatever they wish, so long as righteousness is maintained. **GOD** is Almighty, Most Wise.

২/২৪০ যারা মারা যায় এবং স্ত্রীদের ছেড়ে যায়, একটি ইষ্টিপত্র তাদের স্ত্রীদের জন্য এক বছরের ভরণপোষণের ব্যবস্থা করবে, তাদেরকে একই বাড়িতে থাকতে দিয়ে। যদি তারা চলে যায়, তোমরা কোন পাপ করো না তারা যা করতে চায় তা করতে দিয়ে, যতক্ষণ পর্যন্ত ন্যায়পরায়ণতা বজায় রাখা হয়। আল্লাহ সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী।

[2:241] The divorcees also shall be provided for, equitably. This is a duty upon the righteous.

২/২৪১ বিবাহ বিচ্ছেদকৃত নারীদেরকেও প্রদান করতে হবে, ন্যায়সঙ্গতভাবে। এটা সৎকর্মীদের উপর একটি দায়িত্ব।

[2:242] **GOD** thus explains His revelations for you, that you may understand.

২/২৪২ আল্লাহ এভাবে তাঁর প্রকাশনাবলী তোমাদের জন্য ব্যাখ্যা করেন, যাতে তোমরা বুঝতে পারো।

*Striving in the Cause of God  
আল্লাহর উদ্দেশ্যে সংগ্রাম করা*

[2:243] Have you noted those who fled their homes—though they were in the thousands—fearing death? **GOD** said to them, "Die," then revived them. **GOD** showers His grace upon the people, but most people are unappreciative.

২/২৪৩ তোমরা কি তাদের লক্ষ্য করেছ যারা তাদের ঘর থেকে পালিয়েছিল- যদিও তারা সংখ্যায় ছিল হাজার হাজার- মৃত্যু ভয়ে? আল্লাহ তাদের বললেন, “মরে যাও,” এরপর তাদেরকে পুনরায় জীবিত করলেন। আল্লাহ

মানুষের প্রতি তাঁর অনুগ্রহ বর্ষণ করেন, কিন্তু অধিকাংশ মানুষই অকৃতজ্ঞ।

[2:244] You shall fight in the cause of **GOD**, and know that **GOD** is Hearer, Knower.

২/২৪৪ তোমরা আল্লাহর উদ্দেশ্যে যুদ্ধ করবে, এবং জানো যে আল্লাহ শ্রোতা, জ্ঞাতা।

[2:245] Who would lend **GOD** a loan of righteousness, to have it repaid to them multiplied manifold? **GOD** is the One who provides and withholds, and to Him you will be returned.

২/২৪৫\* কে আল্লাহকে সৎকর্ম ধার দিবে, এর চেয়ে বহুগুন বেশি ফেরত পেতে? আল্লাহ সেই সত্ত্বা যিনি দেন এবং দেয়া থেকে বিরত থাকেন আর তাঁর কাছেই তোমরা ফিরে যাবে।

*Saul \**

*তালুত*

[2:246] Have you noted the leaders of Israel after Moses? They said to their prophet, "If you appoint a king to lead us, we will fight in the cause of **GOD**." He said, "Is it your intention that, if fighting is decreed for you, you will not fight?" They said, "Why should we not fight in the cause of **GOD**, when we have been deprived of our homes, and our children?" Yet, when fighting was decreed for them, they turned away, except a few. **GOD** is aware of the transgressors.

২/২৪৬ তুমি কি মুসার পর ইসরাইলের নেতাদের লক্ষ্য করেছ? তারা তাদের নবীকে/ বলেছিল, "তুমি যদি আমাদেরকে নেতৃত্ব দেয়ার জন্য একজন রাজা নিযুক্ত করো, আমরা আল্লাহর উদ্দেশ্যে লড়াই করবো। তিনি বলেছিলেন, "এটাই কি তোমাদের উদ্দেশ্য যে, যদি তোমাদের জন্য লড়াই করার আদেশ জারি করা হয়, তোমরা লড়াই করবে না? তারা বলেছিল, "কেন আমরা আল্লাহর উদ্দেশ্যে লড়াই করবো না, যখন আমরা আমাদের বাড়ি এবং সন্তানদের থেকে বঞ্চিত হয়েছি? "এরপরও, যখন তাদের জন্য লড়াই করার আদেশ জারি করা হল, তারা মুখ ফিরিয়ে নিল, অল্প কয়েকজন ছাড়া। আল্লাহ সীমালঙ্ঘনকারীদের সম্পর্কে সচেতন।

\*2:246 This same history is narrated in the Bible's Book of I Samuel, Ch. 9 and 10.

*Questioning God's Wisdom*  
*আল্লাহর প্রজ্ঞাকে প্রশ্নবিদ্ধ করা*

[2:247] Their prophet said to them, "**GOD** has appointed Taloot (Saul) to be your king." They said, "How can he have kingship over us when we are more worthy of kingship than he; he is not even rich?" He said, "**GOD** has chosen him over you, and has blessed him with an abundance in knowledge and in body." **GOD** grants His kingship to whomever He wills. **GOD** is Bounteous, Omniscient.

২/ ২৪৭ তাদের নবী তাদেরকে বলেছিল, "আল্লাহ তালুতকে তোমাদের রাজা হবার জন্য নির্ধারন করেছেন"। তারা বলেছিল, কিভাবে সে আমাদের উপর রাজপদ পেতে পারে যখন আমরা তার চেয়ে বেশি রাজপদের যোগ্য; সে এমনকি ধনীও নয়? সে বলেছিল, "আল্লাহ তোমাদের উপর তাকে পছন্দ করেছেন, এবং তাকে জ্ঞানে ও শারীরিকভাবে বেশি প্রাচুর্যতা দিয়ে সৌভাগ্যশালী করেছেন।" আল্লাহ তাঁর রাজপদ যাকে ইচ্ছা প্রদান করেন। আল্লাহ দানশীল, সর্বজ্ঞ।

*Ark of the Covenant*  
*প্রতিশ্রুতির সিন্দুক*

[2:248] Their prophet said to them, "The sign of his kingship is that the Ark of the Covenant will be restored to you, bringing assurances from your Lord, and relics left by the people of Moses and the people of Aaron. It will be carried by the angels. This should be a convincing sign for you, if you are really believers."

২/২৪৮ তাদের নবী তাদেরকে বলেছিল, "তার রাজপদের চিহ্ন হলো এই যে, প্রতিশ্রুতির সিন্দুক তোমাদের কাছে ফিরিয়ে দেয়া হবে, বয়ে আনবে তোমাদের প্রভুর কাছ থেকে নিশ্চয়তা, এবং মুসার পরিবারের লোকদের ও হারুনের পরিবারের লোকদের পরিত্যক্ত সংরক্ষিত স্মৃতিচিহ্নসমূহ। এটি ফেরেশতাদের দ্বারা বয়ে আনা হবে। এটি তোমাদের জন্য একটি বিশ্বাসযোগ্য নিদর্শন হওয়া উচিত, যদি তোমরা সত্যিই বিশ্বাসী হয়ে থাকো।

*David and Goliath*  
*দাউদ ও জালুত*

[2:249] When Saul took command of the troops, he said, "**GOD** is putting you to the test

by means of a stream. Anyone who drinks from it does not belong with me—only those who do not taste it belong with me—unless it is just a single sip.”They drank from it, except a few of them. When he crossed it with those who believed, they said, "Now we lack the strength to face Goliath and his troops.”Those who were conscious of meeting **GOD** said, "Many a small army defeated a large army by **GOD**'s leave. **GOD** is with those who steadfastly persevere."

২/ ২৪৯ যখন তালুত সৈন্যবাহিনীর নেতৃত্ব গ্রহণ করলো, সে বলেছিল, “আল্লাহ তোমাদের একটি জলপ্রবাহ দ্বারা পরীক্ষা করছেন। যেকোনো এটি থেকে পান করবে সে আমার সাথে নয় - যদি না তা শুধু এক চুমুক হয় - শুধুমাত্র যারা এর স্বাদ নেবে না তারা আমার সাথে আছে”। তারা সেখান থেকে পান করলো, তাদের অল্প কয়েকজন ছাড়া। যখন সে তা পার হল তাদের সাথে যারা বিশ্বাস করেছিল, তারা বলেছিল, “এখন আমরা জালুত এবং তার সৈন্যবাহিনীর মুখোমুখি হওয়ার শক্তি হারিয়েছি”। যারা আল্লাহর সাথে সাক্ষাতের ব্যাপারে সচেতন ছিল তারা বলেছিল, “আল্লাহর সম্মতিক্রমে অনেক ছোট সৈন্যবাহিনী বড় সৈন্যবাহিনীকে পরাজিত করেছে। আল্লাহ তাদের সাথে আছেন যারা দৃড়তার সাথে অধ্যবসায়ী।

[2:250] When they faced Goliath and his troops, they prayed, "Our Lord, grant us steadfastness, strengthen our foothold, and support us against the disbelieving people."

২/২৫০ যখন তারা জালুত এবং তার সৈন্যবাহিনীর মুখোমুখি হলো, তারা প্রার্থনা করেছিল, “আমাদের প্রভু, আমাদের ধৈর্য্য দান করুন, আমাদের অবস্থানকে সুদৃড় করুন, এবং অবিশ্বাসী লোকদের বিরুদ্ধে আমাদের সহায়তা করুন।

[2:251] They defeated them by **GOD**'s leave, and David killed Goliath. **GOD** gave him kingship and wisdom, and taught him as He willed. If it were not for **GOD**'s support of some people against others, there would be chaos on earth. But **GOD** showers His grace upon the people.

২/২৫১ তারা আল্লাহর সম্মতিক্রমে তাদেরকে পরাজিত করেছিল, এবং দাউদ জালুতকে হত্যা করল। আল্লাহ তাকে রাজপদ এবং জ্ঞান

দিলেন, এবং তাকে শেখালেন, যেমন তাঁর ইচ্ছা। কিছু লোকের প্রতি অন্যদের বিরুদ্ধে আল্লাহর সহায়তা যদি না থাকত, পৃথিবীতে বিশৃঙ্খলা ছড়িয়ে পড়ত। কিন্তু আল্লাহ মানুষের প্রতি তাঁর অনুগ্রহ বর্ষণ করেন।

[2:252] These are **GOD**'s revelations. We recite them through you,\* truthfully, for you are one of the messengers.

২/২৫২ এগুলো আল্লাহর প্রকাশনাবলী। আমরা এগুলো তোমার মাধ্যমে আবৃত্তি করি, সত্যতার সাথে, কারণ তুমি বার্তাবাহকদের একজন।

*Many Messengers / One Message*  
*অনেক বার্তা বাহক/ বার্তা একটি*

[2:253] These messengers; we blessed some of them more than others. For example, **GOD** spoke to one, and we raised some of them to higher ranks. And we gave Jesus, son of Mary, profound miracles and supported him with the Holy Spirit. Had **GOD** willed, their followers would not have fought with each other, after the clear proofs had come to them. Instead, they disputed among themselves; some of them believed, and some disbelieved.

Had **GOD** willed, they would not have fought. Everything is in accordance with **GOD**'s will.

২/২৫৩\*এই বার্তাবাহকরা; আমরা তাদের কয়েকজনকে অন্যদের থেকে বেশি অনুগ্রহ করেছি। উদাহরন স্বরূপ, একজনের সাথে আল্লাহ কথা বলেছিলেন, এবং আমরা তাদের কয়েকজনকে উচ্চতর পদে উন্নিত করেছিলাম। এবং আমরা মরিয়ম পুত্র ঈসাকে দিয়েছিলাম প্রগাঢ় অলৌকিক নিদর্শনসমূহ এবং তাকে পবিত্র আত্মার দ্বারা সহায়তা করেছিলাম। আল্লাহ যদি চাইতেন, তাদের অনুসারীরা পরস্পর লড়াই করত না, তাদের কাছে পরিষ্কার প্রমাণ এসে যাবার পর। অথচ, তারা নিজেদের মধ্যে বিবাদ করলো, তাদের কেউ কেউ বিশ্বাস করলো, এবং কেউ কেউ অবিশ্বাস করলো। আল্লাহ যদি চাইতেন, তারা লড়াই করতো না। সবকিছুই আল্লাহর ইচ্ছা অনুসারে হয়।

*No Intercession\**  
*কোন সুপারিশ নয়*

[2:254] O you who believe, you shall give to charity from the provisions we have given to you, before a day comes where there is no trade, no nepotism, and no intercession. The disbelievers are the unjust.



২/২৫৪ হে তোমরা যারা বিশ্বাস  
করো, তোমাদেরকে দেয়া আমাদের জীবিকা  
থেকে তোমরা দান করবে, সে দিন আসার আগে  
যেখানে না আছে কোন বাণিজ্য, না  
স্বজনপ্রীতি, এবং না কোন সুপারিশ। অবিশ্বাসীরা  
অবিবেচক

[2:255] **GOD**: there is no other god besides  
Him, the Living, the Eternal. Never a moment  
of unawareness or slumber overtakes Him. To  
Him belongs everything in the heavens and  
everything on earth. Who could intercede with  
Him, except in accordance with His will? He  
knows their past, and their future. No one  
attains any knowledge, except as He wills. His  
dominion encompasses the heavens and the  
earth, and ruling them never burdens Him. He  
is the Most High, the Great.

২/২৫৫ আল্লাহঃ তাঁর পাশে অন্য কোন উপাস্য  
নেই, জীবিত, চিরস্থায়ী। কখনো ক্ষণিকের  
অসচেতনতা অথবা তন্দ্রা তাঁকে স্পর্শ করে না।  
আকাশমন্ডলীতে যা কিছু আছে এবং পৃথিবীতে  
যা কিছু আছে, সব তাঁর। কে তাঁর কাছে সুপারিশ  
করতে পারে, তাঁর ইচ্ছানুসারে ছাড়া? তিনি  
জানেন তাদের অতীত এবং তাদের ভবিষ্যৎ।  
তিনি যেমন ইচ্ছা করেন তা ব্যতীত, কেউ কোন  
জ্ঞান অর্জন করে না। তাঁর রাজত্ব পরিবেষ্টন করে  
আছে আকাশমন্ডলী এবং পৃথিবীকে, এবং  
এগুলোর পরিচালনা তাঁকে কখনো ভারগ্রস্থ করে  
না। তিনি সর্বোচ্চ, মহান।

*No Compulsion in Religion*  
ধর্মে জোর- জবরদস্তি নেই

[2:256] There shall be no compulsion in  
religion: the right way is now distinct from  
the wrong way. Anyone who denounces the  
devil and believes in **GOD** has grasped the  
strongest bond; one that never breaks. **GOD** is  
Hearer, Omniscient.

২/২৫৬ ধর্মে জোর- জবরদস্তি থাকবে না। সঠিক  
পথ এখন ভুল পথ থেকে আলাদা। যেকোনো  
শয়তানকে প্রত্যাখ্যান করে এবং আল্লাহতে  
বিশ্বাস করে, সে আঁকড়ে ধরলো সবচেয়ে  
শক্তিশালী বন্ধন; যা কখনও ভেঙ্গে যায় না।  
আল্লাহ শ্রোতা, সর্বজ্ঞ।

[2:257] **GOD** is Lord of those who believe; He  
leads them out of darkness into the light. As  
for those who disbelieve, their lords are their  
idols; they lead them out of the light into

darkness—these will be the dwellers of Hell;  
they abide in it forever.

২/২৫৭ আল্লাহ তাদের প্রভু যারা বিশ্বাস করে;  
তিনি তাদেরকে অন্ধকার থেকে বের করে  
আলোয় পরিচালিত করেন। আর তারা যারা  
অবিশ্বাস করে, তাদের প্রভুরা হচ্ছে তাদের  
উপাস্যরা ; তারা তাদেরকে আলো থেকে বের  
করে অন্ধকারে পরিচালিত করে- এরাই হবে  
নরকের বাসিন্দা; এতে তারা চিরকাল বাস  
করবে।

*Abraham's Courageous Debate*  
ইব্রাহীমের সাহসী বিতর্ক

[2:258] Have you noted the one who argued  
with Abraham about his Lord,  
though **GOD** had given him kingship?  
Abraham said, "My Lord grants life and  
death." He said, "I grant life and  
death." Abraham said, "**GOD** brings the sun  
from the east, can you bring it from the  
west?" The disbeliever was  
stumped. **GOD** does not guide the wicked.

২/২৫৮ তুমি কি তাকে লক্ষ্য করেছ যে  
ইব্রাহীমের সাথে তর্ক করেছিল তার প্রভুর  
ব্যাপারে, যদিও আল্লাহ তাকে রাজ পদ দান  
করেছিলেন? ইব্রাহীম বলল, "আমার প্রভু  
জীবন ও মৃত্যু প্রদান করেন"। সে বলল, "আমি  
জীবন ও মৃত্যু প্রদান করি"। ইব্রাহীম  
বলল, "আল্লাহ সূর্যকে পূর্ব দিক থেকে উদিত  
করেন, তুমি কি একে পশ্চিম দিক থেকে উদিত  
করতে পারো"? সেই অবিশ্বাসী হতবুদ্ধ হয়ে  
গেল। আল্লাহ দুশ্চরিতদেরকে পথ প্রদর্শন করেন না।

*Lesson About Death \**  
মৃত্যু সম্পর্কে শিক্ষা

[2:259] Consider the one who passed by a  
ghost town and wondered, "How  
can **GOD** revive this after it had  
died?" **GOD** then put him to death for a  
hundred years, then resurrected him. He said,  
"How long have you stayed here?" He said, "I  
have been here a day, or part of the day." He  
said, "No! You have been here a hundred  
years. Yet, look at your food and drink; they  
did not spoil. Look at your donkey—we thus  
render you a lesson for the people. Now, note  
how we construct the bones, then cover them

with flesh.” When he realized what had happened, he said, "Now I know that **GOD** is Omnipotent."

২/ ২৫৯ সেই ব্যক্তির বিষয়ে ভেবে দেখো যে একটি ভূতুড়ে শহরের পাশ দিয়ে যাচ্ছিলো এবং অবাক হলো, “কেমন করে আল্লাহ একে জীবিত করতে পারেন এর মৃত্যু ঘটায় পর? আল্লাহ তখন তাকে একশ বছরের জন্য মৃত অবস্থায় রাখলেন, এরপর তাকে পুনর্জীবিত করলেন। তিনি বললেন, “তুমি কতকাল এখানে অবস্থান করেছ?” সে বলল, “আমি এখানে এক দিন, অথবা এক দিনের কিছু অংশ অবস্থান করেছি।” তিনি বললেন, “না! তুমি এখানে একশো বছর ছিলে। তারপরও, তোমার খাদ্য ও পানীয়ের দিকে তাকাও; সেগুলো নষ্ট হয়নি। তোমার গাঁধার দিকে তাকাও- আমরা এভাবে তোমাকে মানুষের জন্য একটি শিক্ষামূলক উদাহরণ করেছি। এখন, লক্ষ্য করো, কিভাবে আমরা হাড়গুলোকে নির্মাণ করি, এরপর সেগুলোকে মাংস দিয়ে ঢেকে দেই”। যখন সে উপলব্ধি করলো কি ঘটেছে, সে বলল, “এখন আমি জানি যে আল্লাহ সর্বশক্তিমান”।

#### *Every Believer Needs Assurance*

*প্রত্যেক বিশ্বাসীর আশ্বাসের প্রয়োজন হয়*

[2:260] Abraham said, "My Lord, show me how You revive the dead." He said, "Do you not believe?" He said, "Yes, but I wish to reassure my heart." He said, "Take four birds, study their marks, place a piece of each bird on top of a hill, then call them to you. They will come to you in a hurry. You should know that **GOD** is Almighty, Most Wise."

[২:২৬০] ইব্রাহীম বলল, “আমার প্রভু, আমাকে দেখান কিভাবে আপনি মৃতকে পুনর্জীবিত করেন”। তিনি বললেন, “তুমি কি বিশ্বাস করো না?” সে বলল, “হ্যাঁ, কিন্তু আমি আমার হৃদয়কে পুনরায় আশ্বস্ত করতে চাই”। তিনি বললেন, “চারটি পাখি নাও, তাদের চিহ্নগুলো চিনে নাও, প্রত্যেক পাখির একেক টুকরো একেকটি পাহাড়ের উপর রেখে দাও, এরপর তাদেরকে তোমার কাছে ডাকো। তারা তোমার কাছে ছুটে আসবে। তোমার জানা উচিত যে আল্লাহ সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী”।

#### *The Best Investment*

*সর্বোত্তম বিনিয়োগ*

[2:261] The example of those who spend their monies in the cause of **GOD** is that of a grain that produces seven spikes, with a hundred grains in each spike. **GOD** multiplies this manifold for whomever He wills. **GOD** is Bounteous, Knower.

২/২৬১ যারা তাদের অর্থ আল্লাহর পথে ব্যয় করে তাদের উদাহরণ হলো একটি শস্যদানা যা উৎপন্ন করে সাতটি শীষ, যার প্রত্যেকটিতে রয়েছে একশটি শস্যদানা। আল্লাহ যার জন্য ইচ্ছা একে বহুগুণ বৃদ্ধি করে দেন। আল্লাহ দানশীল, সর্বজ্ঞ।

[2:262] Those who spend their money in the cause of **GOD**, then do not follow their charity with insult or harm, will receive their recompense from their Lord; they have nothing to fear, nor will they grieve.

২/২৬২ যারা তাদের অর্থ আল্লাহর পথে ব্যয় করে, অতঃপর তাদের দানের পর অপমান বা ক্ষতি করে না, তাদের প্রভুর পক্ষ থেকে তারা প্রতিদান পাবে; তাদের ভয়ের কিছুই নেই, না তারা শোক করবে।

[2:263] Kind words and compassion are better than a charity that is followed by insult. **GOD** is Rich, Clement.

২/২৬৩ সদয় কথা এবং সহানুভূতি সেই দানের চেয়ে উত্তম যার পর অপমান করা হয়। আল্লাহ সমৃদ্ধ, সহিষ্ণু।

[2:264] O you who believe, do not nullify your charities by inflicting reproach and insult, like one who spends his money to show off, while disbelieving in **GOD** and the Last Day. His example is like a rock covered with a thin layer of soil; as soon as heavy rain falls, it washes off the soil, leaving it a useless rock. They gain nothing from their efforts. **GOD** does not guide disbelieving people.

২/২৬৪ হে তোমরা যারা বিশ্বাস করো, তোমাদের দান ভর্ৎসনা ও অপমান দ্বারা নিরর্থক করে দিয়ো না, তার মতো যে লোক-দেখানোর জন্য অর্থ খরচ করে, অথচ সে অবিশ্বাস করে আল্লাহ এবং শেষ দিনে। তার উদাহরণ হলো এমন একটি পাথরের মতো যা একটি পাতলা মাটির স্তর দ্বারা আবৃত; যখনই ভারি বর্ষণ হয়, তা মাটিকে ধুয়ে ফেলে, একে একটি অকার্যকর পাথর করে দিয়ে যায়। তারা তাদের প্রচেষ্টা থেকে কোন কিছু অর্জন করে না।

আল্লাহ অবিশ্বাসী লোকদের পথ প্রদর্শন করেন না।

### Charity দান

[2:265] The example of those who give their money seeking **GOD's** pleasure, out of sincere conviction, is that of a garden on high fertile soil; when heavy rain falls, it gives twice as much crop. If heavy rain is not available, a drizzle will suffice. **GOD** is Seer of everything you do.

২/২৬৫ যারা তাদের অর্থ, আন্তরিক প্রত্যয়ে, আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য দান করে তাদের উদাহরণ হচ্ছে উঁচু উর্বর ভূমিতে যেন একটি বাগান; যখন ভারী বর্ষণ হয়, এটি দ্বিগুন শস্য দেয়, যদি ভারী বর্ষণ না-ও হয়, গুড়ি গুড়ি বৃষ্টিই যথেষ্ট। আল্লাহ দেখেন সবকিছু যা তোমরা করো।

[2:266] Does any of you wish to own a garden of palm trees and grapes, with flowing streams and generous crops, then, just as he grows old, and while his children are still dependent on him, a holocaust strikes and burns up his garden? **GOD** thus clarifies the revelations for you, that you may reflect.

২/ ২৬৬ তোমাদের কেউ কি তাল গাছ এবং আঙুর বিশিষ্ট একটি বাগানের মালিক হতে চাও, যার সাথে থাকবে প্রবাহিত ঝর্ণাধারা এবং প্রচুর পরিমাণ ফসল, এরপর, যখনই সে বৃদ্ধ হয়, এবং যখন তার সন্তানেরা তখনও তার উপর নির্ভরশীল, একটি অগ্নিকান্ড আঘাত করে এবং তার বাগানকে জ্বালিয়ে দেয়? আল্লাহ এভাবে তোমাদের জন্য প্রকাশনাবলি সুস্পষ্ট করেন, যাতে তোমরা অনুধাবন করতে পার।

### What to Give কি দিতে হবে

[2:267] O you who believe, you shall give to charity from the good things you earn, and from what we have produced for you from the earth. Do not pick out the bad therein to give away, when you yourselves do not accept it unless your eyes are closed. You should know that **GOD** is Rich, Praiseworthy.

২/২৬৭ হে যারা বিশ্বাস করো, তোমরা দান করবে তোমাদের উপার্জন করা ভাল জিনিস থেকে, এবং যা আমরা তোমাদের জন্য পৃথিবী থেকে উৎপন্ন করেছি তা থেকে। তার মধ্য থেকে খারাপটি বেছে নিও না দেয়ার জন্য, যখন

তোমরা নিজেরা তা গ্রহণ করো না, যদি না তোমাদের চোখ বন্ধ থাকে। তোমাদের জানা উচিত যে আল্লাহ ধনী, প্রশংসনীয়।

[2:268] The devil promises you poverty and commands you to commit evil, while **GOD** promises you forgiveness from Him and grace. **GOD** is Bounteous, Omniscient.

২/২৬৮ শয়তান তোমাদের প্রতিশ্রুতি দেয় দারিদ্র্যতার এবং আদেশ দেয় মন্দ করার, যখন আল্লাহ তোমাদের প্রতিশ্রুতি দেন তার পক্ষ থেকে ক্ষমা এবং অনুগ্রহের। আল্লাহ উদার, সর্বজ্ঞ।

### Wisdom: A Great Treasure প্রজ্ঞা: এক মহা সম্পদ

[2:269] He bestows wisdom upon whomever He chooses, and whoever attains wisdom, has attained a great bounty. Only those who possess intelligence will take heed.

২/১৬৯ তিনি প্রজ্ঞা প্রদান করেন যাকে তিনি পছন্দ করেন, এবং যেকেউ প্রজ্ঞা অর্জন করে, অর্জন করেছে এক মহা প্রাচুর্য। তারাই শুধুমাত্র উপদেশ গ্রহণ করবে যারা বুদ্ধিমত্তার অধিকারী।

### Anonymous Charity Better পরিচয় প্রকাশ না করে দান উত্তম

[2:270] Any charity you give, or a charitable pledge you fulfill, **GOD** is fully aware thereof. As for the wicked, they will have no helpers.

২/ ২৭০ যা কিছু তোমরা দান করো, অথবা দানের অঙ্গীকার তোমরা পরিপূর্ণ করো, আল্লাহ তা সম্পর্কে সম্পূর্ণ অবগত। অন্যায্যকারীদের বিষয়ে, তাদের কোন সাহায্যকারী থাকবে না।

[2:271] If you declare your charities, they are still good. But if you keep them anonymous, and give them to the poor, it is better for you, and remits more of your sins. **GOD** is fully Cognizant of everything you do.

২/২৭১ তোমরা যদি তোমাদের দান প্রকাশ্যে করো, তখনও তা ভাল। কিন্তু যদি তোমরা তা অপ্রকাশিত রাখো, এবং তা গরিবদের দিয়ে দাও, সেটা তোমাদের জন্য উত্তম, এবং তোমাদের অধিক পাপ মোচন করে। আল্লাহ পরিপূর্ণভাবে জ্ঞাত যা কিছু তোমরা করো।

*God is the Only One Who Guides*  
শুধুমাত্র আল্লাহ সেই সত্তা যিনি পথপ্রদর্শন করেন।

[2:272] You are not responsible for guiding anyone. **GOD** is the only one who guides whoever chooses (*to be guided*). Any charity you give is for your own good. Any charity you give shall be for the sake of **GOD**. Any charity you give will be repaid to you, without the least injustice.

২/২৭২ কাউকে পথ- প্রদর্শনের জন্য তুমি দায়ী নও। শুধুমাত্র আল্লাহ সেই সত্তা যিনি পথ- প্রদর্শন করেন, যেকোনো পছন্দ করে (পথ প্রদর্শিত হতে)। যা কিছু দান তোমরা করো তা তোমাদের নিজেদের ভালোর জন্য। যা কিছু দান তোমরা করো তা হবে আল্লাহর উদ্দেশ্যে। যা কিছু দান তোমরা করো তা তোমাদেরকে পরিশোধ করা হবে, সামান্যতম অবিচার ছাড়াই।

[2:273] Charity shall go to the poor who are suffering in the cause of **GOD**, and cannot emigrate. The unaware may think that they are rich, due to their dignity. But you can recognize them by certain signs; they never beg from the people persistently. Whatever charity you give, **GOD** is fully aware thereof. ২/২৭৩ দান হবে গরিবদের জন্য যারা আল্লাহর পথে কষ্ট ভোগ করছে, এবং দেশান্তরিত হতে পারে না। অসচেতনরা ভাবতে পারে যে তারা ধনী, তাদের মর্যাদাপূর্ণ অবস্থানের কারণে। কিন্তু তোমরা তাদের নির্দিষ্ট চিহ্ন দ্বারা চিনতে পারো; তারা কখনোই মানুষের কাছে অনবরত চাইতে থাকে না। তোমরা যা কিছু দান করো, আল্লাহ সে সম্পর্কে সম্পূর্ণ সচেতন।

[2:274] Those who give to charity night and day, secretly and publicly, receive their recompense from their Lord; they will have nothing to fear, nor will they grieve.

২/ ২৭৪ যারা রাতে এবং দিনে দান করে, গোপনে এবং প্রকাশ্যে, তারা তাদের প্রভুর কাছ থেকে প্রতিদান পায়; তাদের ভয়ের কিছু থাকবে না, আর না তারা শোক করবে।

*Usury Prohibited\**  
চড়া সুদ নিষিদ্ধ

[2:275] Those who charge usury are in the same position as those controlled by the devil's

influence. This is because they claim that usury is the same as commerce. However, **GOD** permits commerce, and prohibits usury. Thus, whoever heeds this commandment from his Lord, and refrains from usury, he may keep his past earnings, and his judgment rests with **GOD**. As for those who persist in usury, they incur Hell, wherein they abide forever.

২/২৭৫ যারা চড়া সুদ আদায় করে, তারা সে একই অবস্থানে রয়েছে ওদের মত, যারা শয়তানের প্রভাব দ্বারা নিয়ন্ত্রিত। এটার কারণ হচ্ছে তারা দাবী করে চড়া সুদ এবং বাণিজ্য একই। কিন্তু, আল্লাহ বাণিজ্যের অনুমতি দিয়েছেন, এবং চড়া সুদ নিষিদ্ধ করেছেন। এভাবে, যেকোনো তার প্রভুর কাছ থেকে আসা এই প্রত্যাদেশ মান্য করে, এবং চড়া সুদ থেকে বিরত থাকে, সে তার অতীতের উপার্জন রাখতে পারে, এবং তার বিচার রয়েছে আল্লাহর হাতে। তাদের বিষয়ে যারা চড়া সুদে অটল থাকে, তারা তাদের উপর নরক টেনে আনে, যেখানে তারা চিরকাল বসবাস করে।

[2:276] **GOD** condemns usury, and blesses charities. **GOD** dislikes every disbeliever, guilty.

২/২৭৬ আল্লাহ চড়া সুদকে অব্যবহার্য বলে ঘোষণা করেন, এবং দানকে আশীর্বাদ করেন। আল্লাহ প্রত্যেক অবিশ্বাসী, অপরাধীকে অপছন্দ করেন।

*Divine Guarantee*  
ঐশ্বরিক প্রতিশ্রুতি

[2:277] Those who believe and lead a righteous life, and observe the Contact Prayers (*Salat*), and give the obligatory charity (*Zakat*), they receive their recompense from their Lord; they will have nothing to fear, nor will they grieve.

২/২৭৭ তারা যারা বিশ্বাস করে এবং সৎ- জীবন যাপন করে, এবং সংযোগ প্রার্থনা (সালাত) প্রতিষ্ঠা করে, এবং বাধ্যতামূলক দান (যাকাত) দেয়, তারা তাদের প্রভুর পক্ষ থেকে তাদের প্রতিদান গ্রহণ করে; তাদের ভয়ের কিছু থাকবে না, আর না তারা শোক করবে।

[2:278] O you who believe, you shall observe **GOD** and refrain from all kinds of usury, if you are believers.

২/২৭৮ হে যারা বিশ্বাস করো, তোমরা আল্লাহকে মান্য করবে এবং সকল ধরনের চড়া সুদ থেকে বিরত থাকবে, যদি তোমরা বিশ্বাসী হও।

[2:279] If you do not, then expect a war from **GOD** and His messenger. But if you repent, you may keep your capitals, without inflicting injustice, or incurring injustice.

২/২৭৯ যদি তোমরা না করো, তাহলে আল্লাহ এবং তাঁর রাসূলের পক্ষ থেকে একটি যুদ্ধের আশা করো। কিন্তু যদি তোমরা অনুশোচনা করো, তবে তোমরা তোমাদের মূলধন রাখতে পারো, অবিচার করা বা অবিচার টেনে আনা ছাড়া।

[2:280] If the debtor is unable to pay, wait for a better time. If you give up the loan as a charity, it would be better for you, if you only knew.

২/২৮০ যদি ঋণগ্রহীতা পরিশোধ করতে অক্ষম হয়, উত্তম সময়ের জন্য অপেক্ষা করো। যদি তোমরা ধারটি দান হিসেবে ছেঁড়ে দাও, এটি তোমাদের জন্য উত্তম, যদি শুধু তোমরা জানতে।

[2:281] Beware of the day when you are returned to **GOD**, and every soul is paid for everything it had done, without the least injustice.

২/২৮১ তোমরা আল্লাহর কাছে ফিরে যাওয়ার সেই দিনের ব্যাপারে সতর্ক হও, এবং প্রতিটি আত্মা যা করেছে সে সবকিছুর জন্য প্রতিফল পায়, সামান্যতম অবিচার ছাড়াই।

#### *Write Down Financial Transactions*

*আর্থিক লেনদেন লিখে রাখবেন*

[2:282] O you who believe, when you transact a loan for any period, you shall write it down. An impartial scribe shall do the writing. No scribe shall refuse to perform this service, according to **GOD**'s teachings. He shall write, while the debtor dictates the terms. He shall observe **GOD** his Lord and never cheat. If the debtor is mentally incapable, or helpless, or cannot dictate, his guardian shall dictate equitably. Two men shall serve as witnesses; if not two men, then a man and two women whose testimony is acceptable to all.\* Thus, if one woman becomes biased, the other will remind her. It is the obligation of the witnesses to testify when called upon to do so. Do not tire of writing the details, no matter how long, including the time of repayment. This is equitable in the sight of **GOD**, assures better

witnessing, and eliminates any doubts you may have. Business transactions that you execute on the spot, need not be recorded, but have them witnessed. No scribe or witness shall be harmed on account of his services. If you harm them, it would be wickedness on your part. You shall observe **GOD**, and **GOD** will teach you. **GOD** is Omniscient.

২/২৮২ হে তোমরা যারা বিশ্বাস করো, যখন তোমরা যেকোন সময়ের জন্য কোন ঋণ আদান প্রদান করো, তোমরা তা লিখে রাখবে। একজন নিরপেক্ষ লেখক তা লিখবে। কোন লেখক এই কাজ করতে অস্বীকার করবে না, আল্লাহর শিক্ষা অনুযায়ী। সে লিখবে, যেভাবে ঋণ গ্রহীতা শর্তাবলী বর্ণনা করবে। সে তার প্রভু, আল্লাহকে মান্য করবে এবং কখনো প্রতারণা করবে না। যদি ঋণ গ্রহীতা মানসিকভাবে অসমর্থ, অথবা অসহায় হয়, অথবা লেখার বিষয় বলে দিতে না পারে, তবে তার অভিভাবক ন্যায়সঙ্গতভাবে লেখার বিষয় বলে দেবে। দু'জন পুরুষ সাক্ষী হিসাবে থাকবে, যদি দুজন পুরুষ না হয়, তবে একজন পুরুষ এবং দু'জন স্ত্রীলোক, যাদের সাক্ষ্য সকলের কাছে গ্রহণযোগ্য হবে। এভাবে, একজন স্ত্রীলোক যদি পক্ষপাতিত্ব করে, অন্যজন তাকে স্মরণ করিয়ে দিবে। যখন সাক্ষ্য দিতে ডাকা হয় তখন সাক্ষ্য দেয়া সাক্ষীদের উপর একটি দায়িত্ব। পরিশোধের সময় সহ, বিস্তারিত বর্ণনা লিখতে ক্লাস্ত হইয়ো না, তা যতোই দীর্ঘ হোক না কেন। এটা আল্লাহর দৃষ্টিতে ন্যায়সঙ্গত, নিশ্চিত করে উত্তম সাক্ষ্য, এবং তোমাদের মনে থাকতে পারে, এমন যেকোন সন্দেহ দূর করে দেয়। ব্যবসায়িক লেনদেন যা তোমরা ঘটনাস্থলে সম্পাদন করো, তা নথিভুক্ত করার প্রয়োজন নেই, কিন্তু সেগুলোর সাক্ষী রাখো। কোন লেখক বা সাক্ষিকে তার কাজের কারণে ক্ষতিগ্রস্ত করা যাবে না। যদি তোমরা তাদের ক্ষতি করো, তবে তা হবে তোমাদের পক্ষ থেকে পাপাচার। তোমরা আল্লাহকে মান্য করবে, এবং আল্লাহ তোমাদের শিক্ষা দিবেন, আল্লাহ সর্বজ্ঞ।

[2:283] If you are traveling, and no scribe is available, a bond shall be posted to guarantee repayment. If one is trusted in this manner, he shall return the bond when due, and he shall observe **GOD** his Lord. Do not withhold any testimony by concealing what you had witnessed. Anyone who withholds a testimony is sinful at heart. **GOD** is fully aware of everything you do.

২:২৮৩ যদি তোমরা ভ্রমনে থাকো, এবং কোন লেখক না পাওয়া যায়, ঋণ পরিশোধের প্রতিশ্রুতি হিসেবে একটি বন্ধক রাখতে হবে। যদি কাউকে এভাবে বিশ্বাস করা হয়, সে বন্ধক যথাসময়ে ফেরত দেবে, এবং সে তার প্রভু আল্লাহকে মান্য করবে। তুমি যার সাক্ষী হয়েছিলে তা গোপন করে কোন সাক্ষ্য দেয়া থেকে বিরত হইয়ো না। যে কেউ সাক্ষ্য দেয়া থেকে বিরত থাকে তার মন পাপপূর্ণ। তোমরা যা কিছু করো সে সম্পর্কে আল্লাহ পরিপূর্ণভাবে অবগত।

[2:284] To **GOD** belongs everything in the heavens and the earth. Whether you declare your innermost thoughts, or keep them hidden, **GOD** holds you responsible for them. He forgives whomever He wills, and punishes whomever He wills. **GOD** is Omnipotent.

২/২৮৪ আকাশমন্ডলী ও পৃথিবীর সবকিছু আল্লাহর। তুমি তোমার গভীরতম চিন্তাগুলো প্রকাশ করো, বা সেগুলো গোপন রাখো, আল্লাহ সেগুলোর জন্য তোমাদের দায়ী করবেন। তিনি যাকে ইচ্ছা ক্ষমা করেন, এবং যাকে ইচ্ছা শাস্তি দেন। আল্লাহ সর্বশক্তিমান।

*You Shall Not Make Any Distinction Among God's Messengers*

*আপনারা আল্লাহর বার্তাবাহকদের মধ্যে কোন পার্থক্য করবেন না*

[2:285] The messenger has believed in what was sent down to him from his Lord, and so did the believers. They believe in **GOD**, His angels, His scripture, and His messengers: "We make no distinction among any of His messengers." They say, "We hear, and we obey.\* Forgive us, our Lord. To You is the ultimate destiny."

২/২৮৫ বার্তাবাহক তার প্রভুর পক্ষ থেকে যা তার কাছে অবতীর্ণ হয়েছে তাতে বিশ্বাস স্থাপন করেছে, এবং বিশ্বাসীরাও তা-ই করেছে। তারা বিশ্বাস করে আল্লাহতে, তাঁর ফেরেশতাদের, তাঁর ধর্মগ্রন্থে, এবং তাঁর বার্তাবাহকদেরঃ “আমরা তাঁর বার্তাবাহকদের মধ্যে কোন পার্থক্য করি না”। তারা বলে, “আমরা শুনি, এবং আমরা মান্য করি। আমাদের প্রভু, আমাদের ক্ষমা করুন। আপনার কাছেই চূড়ান্ত নিয়তি”।

[2:286] **GOD** never burdens a soul beyond its means: to its credit is what it earns, and against it is what it commits. "Our Lord, do not condemn us if we forget or make mistakes. Our Lord, and protect us from blaspheming

against You, like those before us have done. Our Lord, protect us from sinning until it becomes too late for us to repent. Pardon us and forgive us. You are our Lord and Master. Grant us victory over the disbelieving people." ২/২৮৬ আল্লাহ কখনোই কোন আত্মার উপর তার সামর্থের অতিরিক্ত বোঝা চাপান নাঃ যা (ভাল) সে অর্জন করে সেটা তার জন্য জমা থাকবে, এবং যা সে (মন্দ) সম্পাদন করে তা তার বিরুদ্ধে থাকবে। “আমাদের প্রভু, আমাদের দোষী সাব্যস্ত করবেন না, যদি আমরা ভুলে যাই অথবা ভুল করি। আমাদের প্রভু, এবং আমাদের রক্ষা করুন আপনার বিরুদ্ধে মিথ্যাচার করা থেকে, যেভাবে আমাদের পূর্ববর্তীগণ করে গেছেন। আমাদের প্রভু, অনুশোচনার জন্য খুব বেশি দেরি হয়ে যাওয়ার আগে আমাদের পাপ থেকে রক্ষা করুন, আমাদের মার্জনা করুন এবং আমাদের ক্ষমা করুন। আপনি আমাদের প্রভু এবং মনিব। অবিশ্বাসী লোকদের উপর আমাদের জয়ী করুন”।

### Sura 3: The Amramites (Āli-'Imrān)

[3:0] In the name of God, Most Gracious, Most Merciful

৩/০ পরম করুণাময়, পরম দয়ালু আল্লাহর নামে।

[3:1] A.L.M.\*

৩/১ অ.ল.ম.

\*3:1 See Footnote 2:1 and Appendix One.

[3:2] **GOD**: there is no god except He; the Living, the Eternal.

৩/২ আল্লাহ: তিনি ছাড়া আর কোন উপাস্য নেই; জীবিত, চিরস্থায়ী

[3:3] He sent down to you this scripture, truthfully, confirming all previous scriptures, and He sent down the Torah and the Gospel

৩/৩ তিনি তোমাদের কাছে অবতীর্ণ করেছেন এই ঐশীগ্রন্থ, সত্যতার সাথে, যা নিশ্চিত করে সকল পূর্ববর্তী ঐশীগ্রন্থ সমূহকে, এবং তিনি অবতীর্ণ করেছেন তওরাত এবং ইঞ্জীল

[3:4] before that, to guide the people, and He sent down the statute book. Those who disbelieve in **GOD**'s revelations incur severe retribution. **GOD** is Almighty, Avenger.

৩/৪ তার আগে, মানুষকে পথ প্রদর্শনের জন্য, এবং তিনি অবতীর্ণ করেছেন বিধিবদ্ধ আইনগ্রন্থ, যারা আল্লাহর প্রকাশনাবলীকে অবিশ্বাস করে তারা টেনে আনে কঠোর শাস্তি। আল্লাহ সর্বশক্তিমান, প্রতিশোধ গ্রহণকারী।

[3:5] Nothing is hidden from **GOD**, on earth, or in the heaven.

৩/৫ আল্লাহর কাছে কোনকিছুই লুকানো নেই, পৃথিবীতে, অথবা আসমানে।

[3:6] He is the One who shapes you in the wombs as He wills. There is no other god besides Him; the Almighty, Most Wise.

৩/৬ তিনিই একজন যিনি তোমাদের আকৃতি দেন মাতৃগর্ভে, যেমন তিনি ইচ্ছে করেন। তাঁর পাশে অন্য কোন উপাস্য নেই; সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী।

[3:7] He sent down to you this scripture, containing straightforward verses—which constitute the essence of the scripture—as well as multiple-meaning or allegorical verses.

Those who harbor doubts in their hearts will pursue the multiple-meaning verses to create confusion, and to extricate a certain meaning. None knows the true meaning thereof except **GOD** and those well founded in knowledge. They say, "We believe in this—all of it comes

from our Lord." Only those who possess intelligence will take heed.

৩/৭ তিনি তোমাদের প্রতি এই ঐশীগ্রন্থ অবতীর্ণ করেছেন, যাতে আছে সহজবোধ্য চরণসমূহ - যা এই ঐশীগ্রন্থের মূল বিষয়কে স্থাপন করে - আরো আছে বহু অর্থবোধক বা রূপকধর্মী চরণসমূহ। যারা তাদের হৃদয়ে সন্দেহ পোষন করে, তারা বহু অর্থবোধক চরণসমূহের পিছনে লেগে থাকবে, বিভ্রান্তি সৃষ্টি করতে, এবং বের করতে একটি নির্দিষ্ট অর্থ। এগুলোর প্রকৃত অর্থ কেউ জানে না আল্লাহ এবং যাদের জ্ঞান দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত তারা ছাড়া। তারা বলে, "আমরা এতে বিশ্বাস করি- এর সবটুকুই আমাদের প্রভু থেকে আসে"। শুধুমাত্র যারা বুদ্ধিমত্তার অধিকারী তারাই উপদেশ গ্রহণ করবে।

[3:8] "Our Lord, let not our hearts waver, now that You have guided us. Shower us with Your mercy; You are the Grantor.

৩/৮ "আমাদের প্রভু, আমাদের অন্তরকে দ্বিধাশ্রিত হতে দিয়োন না, এখন যখন আপনি আমাদের পথ- প্রদর্শন করেছেন। আমাদের উপর আপনার দয়া বর্ষন করুণ; আপনিই দাতা।

[3:9] "Our Lord, You will surely gather the people on a day that is inevitable. **GOD** never breaks a promise."

৩/৯ "আমাদের প্রভু, নিশ্চয় আপনি লোকদের জড়ো করবেন এক অনিবার্য দিনে। আল্লাহ কখনো প্রতিশ্রুতি ভঙ্গ করেন না।"

[3:10] Those who disbelieve will never be helped by their money, nor by their children, against **GOD**. They will be fuel for Hell.

৩/১০ যারা অবিশ্বাস করে তারা কখনো আল্লাহর বিপক্ষে সাহায্য প্রাপ্ত হবে না, তাদের অর্থ দ্বারা, না তাদের সন্তানদের দ্বারা। তারা হবে নরকের জ্বালানী।

[3:11] Like Pharaoh's people and those before them, they rejected our revelations and, consequently, **GOD** punished them for their sins. **GOD** is strict in enforcing retribution.

৩/১১ ফেরাউনের লোকদের এবং তাদের আগে যারা ছিল তাদের মতো, তারা আমাদের প্রকাশনাবলীকে প্রত্যাখ্যান করেছিল এবং, ফলস্বরূপ, আল্লাহ তাদের পাপের জন্য তাদের শাস্তি দিয়েছিলেন। আল্লাহ প্রতিফল আরোপে কঠোর।

[3:12] Say to those who disbelieve, "You will be defeated, then gathered in Hell; what a miserable abode!"

৩/১২ যারা অবিশ্বাস করে তাদের বল, “তোমরা পরাজিত হবে, এরপর নরকে একত্রিত হবে; কি এক শোচনীয় বাসস্থান!”

*Believers:*

*The Ultimate Victors*

*বিশ্বাসীরাঃ চূড়ান্ত বিজয়ী*

[3:13] An example has been set for you by the two armies who clashed— one army was fighting in the cause of **GOD**, while the other was disbelieving. They saw with their own eyes that they were twice as many. **GOD** supports with His victory whomever He wills. This should provide an assurance for those who possess vision.

৩/১৩ তোমাদের জন্য একটি উদাহরণ স্থাপন করা হয়েছে দুই সেনাদলের দ্বারা, যারা সংঘর্ষে লিপ্ত হয়েছিল- একটি সেনাদল আল্লাহর উদ্দেশ্যে যুদ্ধ করছিল, যখন অন্যটি ছিল অবিশ্বাসী। তারা স্বচোখে দেখেছিল যে তারা সংখ্যায় দিগুন। আল্লাহ যাকে ইচ্ছা তাঁর বিজয় দিয়ে সমর্থন করেন। যারা দূরদর্শিতার অধিকারী এটা তাদের জন্য একটি নিশ্চয়তা হওয়া উচিত।

*Different Priorities*

*নানারকম অগ্রাধিকার*

[3:14] Adorned for the people are the worldly pleasures, such as the women, having children, piles upon piles of gold and silver, trained horses, livestock, and crops. These are the materials of this world. A far better abode is reserved at **GOD**.

৩/১৪ মানুষের জন্য সুশোভিত করা হয়েছে পার্থিব আনন্দ, যেমন নারী, সন্তানাদি, রাশি রাশি স্বর্ণ এবং রৌপ্য, প্রশিক্ষিত ঘোড়া, গবাদিপশু, এবং শস্য। এগুলো পার্থিব উপকরণ। আল্লাহর কাছে সংরক্ষিত রয়েছে একটি অতি উত্তম বাসস্থান।

[3:15] Say, "Let me inform you of a much better deal: for those who lead a righteous life, reserved at their Lord, are gardens with flowing streams, and pure spouses, and joy in **GOD**'s blessings." **GOD** is Seer of His worshippers.

৩/১৫ বল, “তোমাদেরকে একটি আরো উত্তম চুক্তির ব্যাপারে আমাকে অবহিত করতে দাওঃ যারা সৎজীবন যাপন করে তাদের জন্য, তাদের প্রভুর কাছে সংরক্ষিত রয়েছে, প্রবাহিত জলস্রোত সহ বাগান, এবং বিশুদ্ধ সহধর্মী/সহধর্মীনি এবং

আল্লাহর আশীর্বাদের মাঝে পরমানন্দ”। আল্লাহ তাঁর উপাসনাকারীদের দেখেন।

[3:16] They say, "Our Lord, we have believed, so forgive us our sins, and spare us the agony of the hellfire."

৩/১৬ তারা বলে, "আমাদের প্রভু, আমরা বিশ্বাস করেছি, অতএব আমাদের পাপসমূহ ক্ষমা করুন, এবং নরকাগ্নির তীব্র-যন্ত্রণা থেকে আমাদের নিষ্কৃতি দিন।

[3:17] They are steadfast, truthful, submitting, charitable, and meditators at dawn.

৩/১৭ তারা

অবিচল, সত্যবাদী, আত্মসমর্পণকারী, দানশীল, এবং ভোরে ধ্যানকারী।

*The Most Important Commandment\**

*সবচেয়ে গুরুত্বপূর্ণ*

*ঐশিক আদেশ*

[3:18] **GOD** bears witness that there is no god except He, and so do the angels and those who possess knowledge. Truthfully and equitably, He is the absolute god; there is no god but He, the Almighty, Most Wise.

৩/১৮ আল্লাহ সাক্ষ্য প্রদান করছেন যে, তিনি ছাড়া কোন উপাস্য নেই, এবং ফেরেশতারা ও যারা জ্ঞানের অধিকারী তারাও একই সাক্ষ্য দেয়। সত্যনিষ্ঠার সঙ্গে এবং ন্যায়সঙ্গত পন্থায়, তিনি পরম আল্লাহ; তিনি ছাড়া কোন আল্লাহ নেই, সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী।

\*3:18 The proclamation of faith (Shahaadah) that is decreed by God is: "There is no god except God," in Arabic "La Elaaha Ella Allah"(see also 37:35, 47:19). The corrupted Muslims insist upon adding a second "Shahaadah" proclaiming that Muhammad is God's messenger. This is by definition "Shirk"(idolatry) and a flagrant defiance of God and His messenger. Additionally, it violates the major commandments in 2:136, 2:285, 3:84, & 4:150-152 prohibiting any distinction among God's messengers. By proclaiming that "Muhammad is a messenger of God," and failing to make the same proclamation for other messengers such as Abraham, Moses, Jesus, Saleh, and Jonah, a distinction is committed and a major commandment is violated.

*Submission:*

*The Only Religion*

*আত্মসমর্পণ:*

*একমাত্র ধর্ম*



[3:19] The only religion approved by **GOD** is "Submission." Ironically, those who have received the scripture are the ones who dispute this fact, despite the knowledge they have received, due to jealousy. For such rejectors of **GOD's** revelations, **GOD** is most strict in reckoning.

৩/১৯ আল্লাহর অনুমোদিত একমাত্র ধর্ম "আত্মসমর্পণ"। দুঃখজনক ভাবে, যারা ঐশীগ্রন্থ গ্রহণ করেছে তারা- ই এই প্রকৃত বিষয়টি নিয়ে বিবাদে লিপ্ত হয়, তারা যে জ্ঞান অর্জন করেছে তা সত্ত্বেও, ঈর্ষার কারণে। আল্লাহর প্রকাশনাবলীর এরূপ প্রত্যক্ষকারীদের জন্য, আল্লাহ হিসাব গ্রহণে সবচেয়ে কঠোর।

[3:20] If they argue with you, then say, "I have simply submitted myself to **GOD**; I and those who follow me." You shall proclaim to those who received the scripture, as well as those who did not, "Would you submit?" If they submit, then they have been guided, but if they turn away, your sole mission is to deliver this message. **GOD** is Seer of all people.

৩/২০ তারা যদি তোমার সাথে বিবাদে লিপ্ত হয়, তবে বল, "আমি কেবল নিজেকে আল্লাহর কাছে সমর্পণ করেছি; আমি এবং তারা যারা আমাকে অনুসরণ করে।" যারা ঐশীগ্রন্থ গ্রহণ করেছে আর যারা করেনি তাদের কাছে তুমি ঘোষণা করবে, "তোমরা কি আত্মসমর্পণ করবে? "তারা যদি আত্মসমর্পণ করে, তবে তারা পথনির্দেশিত হয়েছে, কিন্তু যদি তারা মুখ ফিরিয়ে নেয়, এই বার্তা পৌঁছে দেয়া তোমার একমাত্র কাজ। আল্লাহ সব মানুষকে দেখেন।

[3:21] Those who have rejected **GOD's** revelations, and killed the prophets unjustly, and killed those who advocated justice among the people, promise them a painful retribution.

৩:২১ যারা আল্লাহর প্রকাশনাবলি প্রত্যাখ্যান করেছে, এবং নবীদের অন্যায়ভাবে হত্যা করেছে, এবং তাদেরকে হত্যা করেছে, যারা মানুষের মাঝে ন্যায়পরায়ণতার সমর্থন করেছে, তাদেরকে একটি যন্ত্রণাদায়ক প্রতিফলের প্রতিশ্রুতি দাও।

[3:22] Their works have been nullified, both in this life and in the Hereafter, and they will have no helpers.

৩:২২ তাদের কাজগুলো এই দুনিয়া এবং পরকাল উভয়লোকেই বিনষ্ট হয়ে গেছে, এবং তাদের কোন সাহায্যকারী থাকবে না।

[3:23] Have you noted those who were given part of the scripture, and how they are invited to uphold this scripture of **GOD**, and apply it

to their own lives, then some of them turn away in aversion?

৩:২৩ তুমি কি তাদেরকে লক্ষ্য করেছ, যাদেরকে ঐশীগ্রন্থের অংশবিশেষ দেওয়া হয়েছিল, এবং কেমন করে তারা আমন্ত্রিত হয়েছিল আল্লাহর এই ঐশীগ্রন্থ মেনে চলতে, এবং একে তাদের নিজেদের জীবনে প্রয়োগ করতে, তারপর তাদের কেউ কেউ বিদ্বেষে মুখ ফিরিয়ে নিল।

[3:24] This is because they said, "The hellfire will not touch us, except for a few days." They were thus deceived in their religion by their own fabrications.

৩:২৪ এটা এ কারণে যে তারা বলেছিল, "নরকের আগুন আমাদের স্পর্শ করবে না, অল্প কিছু দিন ছাড়া"। এভাবে তারা তাদের ধর্মে প্রতারিত হয়েছিল তাদের নিজেদের মিথ্যা উদ্ভাবনের দ্বারা।

[3:25] How will it be for them, when we summon them on that inevitable day? Each soul will be paid for whatever it earned, without the least injustice.

৩:২৫ এটা তাদের জন্য কেমন হবে, যখন আমরা তাদেরকে একত্রিত করি সেই অনিবার্য দিনে? প্রত্যেক আত্মা যা কিছু অর্জন করেছে তার জন্য মূল্য প্রদান করা হবে, সামান্যতম অবিচার ছাড়াই।

#### *Attributes of God আল্লাহর গুণাবলি*

[3:26] Say, "Our god: possessor of all sovereignty. You grant sovereignty to whomever You choose, You remove sovereignty from whomever You choose. You grant dignity to whomever You choose, and commit to humiliation whomever You choose. In Your hand are all provisions. You are Omnipotent.

৩/২৬ ' বল, "আমাদের উপাস্য: সকল সার্বভৌমত্বের অধিকারী। আপনি যাকে পছন্দ করেন সার্বভৌমত্ব প্রদান করেন, আপনি যার থেকে পছন্দ করেন সার্বভৌমত্ব নিয়ে নেন। আপনি যাকে পছন্দ করেন মর্যাদা প্রদান করেন, এবং আপনি যাকে পছন্দ করেন অপদস্থতায় পতিত করেন। আপনার হাতেই সব কিছুর বন্দোবস্ত। আপনি সর্বশক্তিমান।

[3:27] "You merge the night into the day, and merge the day into the night. You produce the living from the dead, and produce the dead from the living, and You provide for whomever You choose, without limits."

৩/২৭ "আপনি রাতকে দিনের মধ্যে মিলিয়ে দেন, এবং দিনকে রাতের মধ্যে মিলিয়ে দেন। আপনি জীবিতকে মৃত থেকে বের করেন, এবং মৃতকে জীবিত থেকে বের করেন, এবং আপনি যাকে পছন্দ করেন সীমাহীনভাবে প্রদান করেন।

### *Choose Your Friends Carefully*

*আপনার বন্ধু পছন্দ করুন  
সতর্কতার সাথে (\*)*

[3:28] The believers never ally themselves with the disbelievers, instead of the believers. Whoever does this is exiled from **GOD**. Exempted are those who are forced to do this to avoid persecution. **GOD** alerts you that you shall reverence Him alone. To **GOD** is the ultimate destiny.

৩/২৮ বিশ্বাসীরা কখনো নিজেদেরকে অবিশ্বাসীদের মিত্র বানায় না, বিশ্বাসীদের বদলে। যেকেউ তা করে, সে আল্লাহর থেকে নির্বাসিত হয়। তারা দায়মুক্ত, যারা তা করতে বাধ্য হয়, নিপীড়ন এড়াতে। আল্লাহ তোমাদেরকে সতর্ক করেন যে, তোমরা কেবল তাঁর ভক্তি করবে। আল্লাহর কাছেই চূড়ান্ত নিয়তি।

[3:29] Say, "Whether you conceal your innermost thought, or declare it, **GOD** is fully aware thereof." He is fully aware of everything in the heavens and the earth. **GOD** is Omnipotent.

৩/২৯ বল, "তুমি তোমার গভীরতম চিন্তাগুলো গোপন রাখো, অথবা তা প্রকাশ করো, আল্লাহ সে সম্পর্কে সম্পূর্ণ অবগত।" তিনি আকাশমন্ডলী এবং পৃথিবীর সবকিছু সম্পর্কে পূর্ণ অবগত। আল্লাহ সর্বশক্তিমান।

[3:30] The day will come when each soul will find all the good works it had done brought forth. As for the evil works, it will wish that they were far, far removed. **GOD** alerts you that you shall reverence Him alone. **GOD** is Compassionate towards the people.

৩/৩০ সে দিন আসবে যখন প্রত্যেক আত্মা এর করা সব ভাল কাজ সামনে উত্থাপিত পাবে। আর মন্দ কাজের বেলায়, এটি ইচ্ছা করবে যে এগুলো যদি অনেক অনেক দূরে সরিয়ে নেয়া হত। আল্লাহ তোমাদেরকে সতর্ক করেন যে, তোমরা একমাত্র তাঁকে ভক্তি করবে। আল্লাহ লোকদের প্রতি সবচেয়ে দয়াবান।

[3:31] Proclaim: "If you love **GOD**, you should follow me." **GOD** will then love you,

and forgive your sins. **GOD** is Forgiver, Most Merciful.

[৩:৩১] ঘোষণা করোঃ “যদি তোমরা আল্লাহকে ভালোবাস, তোমাদের উচিত আমাকে অনুসরণ করা”। আল্লাহ তখন তোমাদের ভালবাসবেন, এবং তোমাদের পাপ ক্ষমা করে দেবেন। আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।

[3:32] Proclaim: "You shall obey **GOD** and the messenger." If they turn away, **GOD** does not love the disbelievers.

[৩:৩২] ঘোষণা করোঃ “তোমরা আল্লাহ এবং বার্তাবাহকে মান্য করবে”। যদি তারা মুখ ফিরিয়ে নেয়, আল্লাহ অবিশ্বাসীদের ভালবাসেন না।

### *The Birth of Mary মরিয়মের জন্ম*

[3:33] **GOD** has chosen Adam, Noah, the family of Abraham, and the family of Amram (as messengers) to the people.

[৩:৩৩] আল্লাহ আদম, নূহ, ইবরাহীমের পরিবার, এবং ইমরানের পরিবারকে লোকদের কাছে (বার্তাবাহক হিসাবে) পছন্দ করেছেন।

[3:34] They belong in the same progeny. **GOD** is Hearer, Omniscient.

[৩:৩৪] তারা একই বংশের অন্তর্ভুক্ত। আল্লাহ শ্রবণকারী, সর্বজ্ঞ।

[3:35] The wife of Amram said, "My Lord, I have dedicated (the baby) in my belly to You, totally, so accept from me. You are Hearer, Omniscient."

[৩:৩৫] ইমরানের স্ত্রী বলল, “আমার প্রভু, আমি আমার পেটের (শিশুকে) আপনার কাছে উৎসর্গ করছি, পূর্ণরূপে, সুতরাং আমার থেকে গ্রহণ করুন। আপনি শ্রবণকারী, সর্বজ্ঞ।

[3:36] When she gave birth to her, she said, "My Lord, I have given birth to a girl!"—**GOD** was fully aware of what she bore—"The male is not the same as the female. I have named her Mary and I invoke Your protection for her and her descendants from the rejected devil."

[৩:৩৬] যখন সে তাকে জন্ম দিল, সে বলল, “আমার প্রভু, আমি একটি কন্যা জন্ম দিয়েছি”- আল্লাহ পরিপূর্ণভাবে অবগত ছিলেন কি সে গর্ভে ধারণ করছিল- “পুরুষ একই রকম নয়, নারীর মত। আমি তার নাম দিয়েছি মরিয়ম

এবং আমি বিতাড়িত শয়তান থেকে তার এবং তার বংশধরদের জন্য আশ্রয় প্রার্থনা করছি”।

[3:37] Her Lord accepted her a gracious acceptance, and brought her up a gracious upbringing, under the guardianship of Zachariah. Whenever Zachariah entered her sanctuary he found provisions with her. He would ask, "Mary, where did you get this from?" She would say, "It is from **GOD**. **GOD** provides for whomever He chooses, without limits."

[৩:৩৭] তার প্রভু তাকে গ্রহণ করেছিলেন অনুগ্রহময় গ্রহণ, এবং তাকে প্রতিপালন করেছিলেন অনুগ্রহময় প্রতিপালন, জাকারিয়ার অভিভাবকত্বে। যখনি জাকারিয়া তার উপাসনাস্থলে প্রবেশ করতো সে তার কাছে খাদ্যসম্ভার পেত। সে জিজ্ঞাসা করতো, “মরিয়ম, এগুলো তুমি কোথা থেকে পেয়েছ? সে বলত, ‘এটা আল্লাহর থেকে। আল্লাহ যাকে পছন্দ করেন প্রদান করেন, সীমাহীনভাবে।’”

#### *The Birth of John ইয়াহিয়ার জন্ম*

[3:38] That is when Zachariah implored his Lord: "My Lord, grant me such a good child; You are the Hearer of the prayers."

[৩:৩৮] তখনই জাকারিয়া তার প্রভুর কাছে মিনতি করলেনঃ “আমার প্রভু, আমাকে এমন একটি সুসন্তান দান করুন; আপনি প্রার্থনা শ্রবণকারী”।

[3:39] The angels called him when he was praying in the sanctuary: "**GOD** gives you good news of John; a believer in the word of **GOD**, honorable, moral, and a righteous prophet."

[৩:৩৯] ফেরেশতারা তাকে আহ্বান করেছিল যখন সে উপাসনাস্থলে প্রার্থনা করছিলঃ “আল্লাহ তোমাকে ইয়াহিয়ার শুভ সংবাদ দেন; একজন আল্লাহর বাণীতে বিশ্বাসী, সন্মানিত, ন্যায়পরায়ণ, এবং একজন সৎকর্মী নবী”।

[3:40] He said, "How can I have a boy, when I am so old, and my wife is sterile?" He said, "**GOD** does whatever He wills."

[৩:৪০] সে বলেছিল, “কেমন করে আমার পুত্র হতে পারে, যখন আমি এতো বৃদ্ধ, এবং আমার স্ত্রী বন্ধ্যা? সে বলেছিল, “আল্লাহ যা ইচ্ছা করেন”।

[3:41] He said, "My Lord, give me a sign." He said, "Your sign is that you will not speak to the people for three days, except through signals. Commemorate your Lord frequently; and meditate night and day."

৩/৪১ সে বলেছিল, "আমার প্রভু, আমাকে একটি নিদর্শন দিন।" তিনি বলেছিলেন, "তোমার নিদর্শন এটা যে, তুমি ইশারা ব্যতীত লোকদের সাথে তিন দিন কথা বলবে না। বার বার তোমার প্রভুর স্মরণ কর; এবং রাতে ও দিনে ধ্যান করো।"

#### *Mary and Jesus মরিয়ম এবং ঈসা*

[3:42] The angels said, "O Mary, **GOD** has chosen you and purified you. He has chosen you from all the women."

৩/৪২ ফেরেশতারা বলেছিল, "হে মরিয়ম, আল্লাহ তোমাকে পছন্দ করেছেন এবং তোমাকে পরিশুদ্ধ করেছেন। তিনি তোমাকে সকল নারীদের থেকে পছন্দ করেছেন।

[3:43] "O Mary, you shall submit to your Lord, and prostrate and bow down with those who bow down."

৩/৪৩ "হে মরিয়ম, তুমি তোমার প্রভুর নিকট আত্মসমর্পণ করবে, এবং সেজদা করবে ও অবনত হবে (রুকু করবে) তাদের সাথে যারা অবনত হয় (রুকু করে)।"

[3:44] This is news from the past that we reveal to you. You were not there when they drew their raffles to select Mary's guardian. You were not present when they argued with one another.

৩/৪৪ (\*) এটি অতীতের সংবাদ যা আমরা তোমার কাছে প্রকাশ করি। তুমি সেখানে ছিলে না, যখন তারা মরিয়মের অভিভাবক নির্বাচন করতে তাদের ভাগ্য নির্ণয় করছিল। তুমি উপস্থিত ছিলে না, যখন তারা একে অন্যের সাথে তর্ক করছিল।

[3:45] The angels said, "O Mary, **GOD** gives you good news: a Word from Him whose

name is 'The Messiah, Jesus the son of Mary.' He will be prominent in this life and in the Hereafter, and one of those closest to Me.

৩/৪৫ ফেরেশতারা বলেছিল, "হে মরিয়ম, আল্লাহ তোমাকে সুসংবাদ দেন: তাঁর থেকে একটি বানী যার নাম ' মসিহ, মরিয়মের পুত্র ঈসা।' সে এই জীবনে এবং পরকালে বিশিষ্ট হবে, এবং আমার সবচেয়ে নিকটবর্তীদের একজন হবে।

[3:46] "He will speak to the people from the crib, as well as an adult; he will be one of the righteous."

[৩:৪৬] "সে কোলে থেকে লোকদের সাথে কথা বলবে, একই ভাবে পূর্ণবয়স্ক হয়ে; সে সৎকর্মীদের একজন হবে"।

[3:47] She said, "My Lord, how can I have a son, when no man has touched me?" He said, "GOD thus creates whatever He wills. To have anything done, He simply says to it, 'Be,' and it is.

[৩:৪৭] সে বলেছিল, "আমার প্রভু, কেমন করে আমার একটি পুত্র হতে পারে, যখন কোন পুরুষ আমাকে স্পর্শ করেনি?" তিনি বলেছিলেন, "আল্লাহ এভাবে সৃষ্টি করেন, যা তিনি ইচ্ছা করেন। কোন কিছু করতে, তিনি শুধু এটাকে বলেন, ' হও ' , এবং তা হয়ে যায়।

[3:48] "He will teach him the scripture, wisdom, the Torah, and the Gospel."

৩/৪৮ "তিনি তাকে শিক্ষা দিবেন ঐশীগ্রন্থ, জ্ঞান, তওরাত, এবং ইঞ্জিল।"

[3:49] As a messenger to the Children of Israel: "I come to you with a sign from your Lord—I create for you from clay the shape of a bird, then I blow into it, and it becomes a live bird by GOD's leave. I restore vision to the blind, heal the leprous, and I revive the dead by GOD's leave. I can tell you what you eat, and what you store in your homes. This should be a proof for you, if you are believers.

[৩:৪৯] ইসরাইলের সন্তানদের কাছে একজন বার্তাবাহক হিসেবে: "আমি তোমাদের কাছে তোমাদের প্রভুর কাছ থেকে একটি নিদর্শন নিয়ে আসি- আমি তোমাদের জন্য কাদা থেকে একটি পাখির আকৃতি তৈরি করি, এরপর আমি এটির মধ্যে ফুঁৎকার দেই, এবং এটি আল্লাহর অনুমতিতে একটি জীবন্ত পাখি হয়ে যায়। আমি

আল্লাহর অনুমতিতে অন্ধের দৃষ্টি ফিরিয়ে দেই, কুষ্ঠ ব্যাধিগ্রন্থকে আরোগ্য করি, এবং আমি মৃতকে জীবিত করি। আমি তোমাদের বলতে পারি কি তোমরা খাও, এবং কি তোমরা তোমাদের ঘরে মজুদ করো। এটা তোমাদের জন্য একটি প্রমাণ হওয়া উচিত, যদি তোমরা বিশ্বাসী হয়ে থাকো।

[3:50] "I confirm previous scripture—the Torah—and I revoke certain prohibitions imposed upon you. I come to you with sufficient proof from your Lord. Therefore, you shall observe GOD, and obey me.

[৩:৫০] "আমি সুনিশ্চিত করি পূর্ববর্তী ঐশীগ্রন্থ- তওরাত- এবং আমি বাতিল করি তোমাদের উপর আরোপিত নির্দিষ্ট নিষেধাজ্ঞা। আমি তোমাদের প্রভুর থেকে যথেষ্ট প্রমাণ নিয়ে তোমাদের কাছে আসি। সুতরাং, তোমরা আল্লাহতে মনোযোগী হবে, এবং আমাকে মান্য করবে।

[3:51] "GOD is my Lord and your Lord;\* you shall worship Him alone. This is the right path."

\*3:51 This is precisely what Jesus is quoted to say throughout the New Testament. See for example the Gospel of John 20:17, and the book "Jesus: Myths and Message" by Lisa Spray, Ch. 4 (Universal Unity, Fremont, California, 1992).

৩/৫১ "আল্লাহ আমার প্রভু এবং তোমাদের প্রভু; \* তোমরা একমাত্র তাঁর উপাসনা করবে। এটাই সঠিক পথ।"

[3:52] When Jesus sensed their disbelief, he said, "Who are my supporters towards GOD?" The disciples said, "We are GOD's supporters; we believe in GOD, and bear witness that we are submitters.

৩/৫২ যখন ঈসা তাদের অবিশ্বাস টের পেল, সে বলল, "আল্লাহর পক্ষে (\*) কারা আমার সমর্থক?" অনুসারীরা বলল, "আমরা আল্লাহর সমর্থক; আমরা আল্লাহতে বিশ্বাস করি, এবং সাক্ষী থাক যে, আমরা আত্মসমর্পণকারী।

[3:53] "Our Lord, we have believed in what You have sent down, and we have followed the messenger; count us among the witnesses."

৩/৫৩ "আমাদের প্রভু, আমরা বিশ্বাস করেছি যা আপনি অবতীর্ণ করেছেন, এবং আমরা বার্তাবাহককে অনুসরণ করেছি; আমাদের সাক্ষীদের মাঝে গননা করুন।"

*The Death of Jesus\**

*ঈসার মৃত্যু*

[3:54] They plotted and schemed, but so did **GOD**, and **GOD** is the best schemer.

৩/৫৪ তারা চক্রান্ত করেছিল এবং পরিকল্পনা করল, কিন্তু আল্লাহ তা-ই করেছিলেন, এবং আল্লাহ সর্বোত্তম পরিকল্পনাকারী।

*\*3:54-55 We learn that Jesus' soul, the real person, was raised, i.e., Jesus' life on earth was terminated, prior to the arrest, torture, and crucifixion of his empty, soulless, but physiologically living body (See the details in Appendix 22).*

[3:55] Thus, **GOD** said, "O Jesus, I am terminating your life, raising you to Me, and ridding you of the disbelievers. I will exalt those who follow you above those who disbelieve, till the Day of Resurrection. Then to Me is the ultimate destiny of all of you, then I will judge among you regarding your disputes.

[৩:৫৫] এভাবে, আল্লাহ বলেছিলেন, “হে ঈসা, আমি তোমার জীবন সমাপ্ত করছি, তোমাকে আমার কাছে তুলে নিচ্ছি, এবং তোমাকে অবিশ্বাসীদের থেকে নিষ্কৃতি দিচ্ছি। আমি উচ্ছেদ অধিষ্ঠিত রাখব তাদেরকে, যারা তোমাকে অনুসরণ করে, তাদের উপর যারা অবিশ্বাস করে, পুনরুত্থান দিবস পর্যন্ত। এরপর আমার নিকটে তোমাদের সবার চূড়ান্ত নিয়তি, তখন আমি তোমাদের বিবাদের বিষয়ে তোমাদের মধ্যে বিচার করবো।

[3:56] "As for those who disbelieve, I will commit them to painful retribution in this world, and in the Hereafter. They will have no helpers."

[৩:৫৬] “যারা অবিশ্বাস করে, আমি তাদেরকে যন্ত্রণাদায়ক প্রতিফল দেব, এই দুনিয়াতে এবং পরকালে। তাদের কোন সাহায্যকারী থাকবে না”।

[3:57] As for those who believe and lead a righteous life, He will fully recompense them. **GOD** does not love the unjust.

[৩:৫৭] যারা বিশ্বাস করে এবং সৎ জীবন-যাপন করে, তিনি তাদের পরিপূর্ণ প্রতিদান দিবেন। আল্লাহ অন্যায়কারীদের ভালবাসেন না।

[3:58] These are the revelations that we recite to you, providing a message full of wisdom.

[৩:৫৮] এগুলো প্রকাশনাবলী যা আমরা তোমার কাছে আবৃত্তি করি, যা একটি জ্ঞানে পরিপূর্ণ বার্তা প্রদান করে।

*Mathematical Confirmation\**

*গাণিতিক স্বীকৃতি*

[3:59] The example of Jesus, as far as **GOD** is concerned, is the same as that of Adam; He created him from dust, then said to him, "Be," and he was.

[৩:৫৯] আল্লাহর দৃষ্টিভঙ্গি থেকে, ঈসার উদাহরণ, আদমের মতই; তিনি তাকে ধূলা থেকে সৃষ্টি করেছিলেন, তারপর তাকে বলেছিলেন, “হও, ”এবং সে হয়ে গিয়েছিল।

*\*3:59 The "equality" of the creation of Jesus and Adam is confirmed mathematically; Jesus and Adam are mentioned in the Quran the same number of times; 25 times each.*

[3:60] This is the truth from your Lord; do not harbor any doubts.

[৩:৬০] তোমার প্রভু থেকে এটি সত্যতা; কোন সন্দেহ পোষণ করো না।

*Challenging the Disbelievers*

*অবিশ্বাসীদের প্রতি চ্যালেঞ্জ*

[3:61] If anyone argues with you, despite the knowledge you have received, then say, "Let us summon our children and your children, our women and your women, ourselves and yourselves, then let us invoke **GOD**'s curse upon the liars."

৩/৬১ যদি কেউ তোমার সাথে তর্ক করে, তুমি যে জ্ঞান পেয়েছ তা সত্ত্বেও, তাহলে বল, “চল, আমরা আমাদের সন্তান এবং তোমাদের সন্তান, আমাদের নারী এবং তোমাদের নারী, আমাদের নিজেদের এবং তোমাদের নিজেদেরকে ডেকে আনি, তারপর চল মিথ্যাবাদীদের উপর আল্লাহর অভিশাপের জন্য প্রার্থনা করি।”

[3:62] Absolutely, this is the narration of the truth. Absolutely, there is no god except **GOD**. Absolutely, **GOD** is the Almighty, Most Wise.

৩/৬২ নিঃসন্দেহে, এটি সত্য বর্ণনা। নিঃসন্দেহে, আল্লাহ ছাড়া কোন উপাস্য নেই।

নিঃসন্দেহে, আল্লাহ সর্বশক্তিমান, সবচেয়ে  
জ্ঞানী।

[3:63] If they turn away, then **GOD** is fully  
aware of the evildoers.

৩/৬৩ যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে আল্লাহ  
মন্দকর্মীদের সম্পর্কে সম্পূর্ণ অবগত।

*Invitation to All Believers*

*সকল বিশ্বাসীদের প্রতি আহ্বান*

[3:64] Say, "O followers of the scripture, let  
us come to a logical agreement between us and  
you: that we shall not worship except **GOD**;  
that we never set up any idols besides Him, nor  
set up any human beings as lords beside  
**GOD**." If they turn away, say, "Bear witness  
that we are submitters."

৩/৬৪ বল, "হে ঐশীগ্রন্থের অনুসারীরা, চল  
আমরা আমাদের এবং তোমাদের মধ্যে একটি  
যৌক্তিক সম্মতিতে আসি: যে আমরা আল্লাহ  
ব্যতীত উপাসনা করবো না; যে আমরা কখনো  
আল্লাহর পাশে কোন অংশীদার সাব্যস্ত করবো  
না, না কোন মানুষকে আল্লাহর পাশে প্রভু  
হিসেবে সাব্যস্ত করবো।" যদি তারা মুখ ফিরিয়ে  
নেয়, বল, সাক্ষী থাক যে, আমরা  
আত্মসমর্পণকারী।"

[3:65] O followers of the scripture, why do  
you argue about Abraham, when the Torah and  
the Gospel were not revealed until after him?  
Do you not understand?

৩/৬৫ হে ঐশীগ্রন্থের অনুসারীরা, কেন তোমরা  
ইব্রাহিম সম্পর্কে তর্ক কর, যখন তওরাত এবং  
ইঞ্জিল তার পরে অবতীর্ণ হয়েছিল? তোমরা কি  
বুঝ না?

[3:66] You have argued about things you  
knew; why do you argue about things you do  
not know? **GOD** knows, while you do not  
know.

[৩:৬৬] তোমরা তর্ক করেছ সেই জিনিসের  
ব্যাপারে যা তোমরা জানতে, কেন তোমরা তর্ক  
কর সেই জিনিসের ব্যাপারে যা তোমরা জানো  
না? আল্লাহ জানেন, যখন তোমরা জানো না।

[3:67] Abraham was neither Jewish, nor  
Christian; he was a monotheist submitter. He  
never was an idol worshiper.

[৩:৬৭] ইব্রাহীম না ছিলেন ইহুদী, না ছিলেন  
খ্রীষ্টান; তিনি ছিলেন একজন একেশ্বরবাদী

আত্মসমর্পণকারী। তিনি কখনই একজন  
অংশীদার সাব্যস্তকারী ছিলেন না।

[3:68] The people most worthy of Abraham  
are those who followed him, and this prophet,  
and those who believe. **GOD** is the Lord and  
Master of the believers.

[৩:৬৮] ইব্রাহীমের সবচেয়ে যোগ্য লোক হলো  
তারা যারা তাকে অনুসরণ করেছিল, এবং এই  
নবীকে, এবং তারা যারা বিশ্বাস করে। আল্লাহ  
বিশ্বাসীদের প্রভু এবং অভিভাবক।

[3:69] Some followers of the scripture wish to  
lead you astray, but they only lead themselves  
astray, without perceiving.

[৩:৬৯] ঐশীগ্রন্থের কিছু অনুসারীরা  
তোমাদেরকে বিপথগামী করতে চায়, কিন্তু তারা  
শুধু তাদের নিজেদেরকেই বিপথগামী করে, না  
বুঝেই।

[3:70] O followers of the scripture, why do  
you reject these revelations of **GOD** though  
you bear witness (*that this is the truth*)?

[৩:৭০] হে ঐশীগ্রন্থের অনুসারীগণ, কেন  
তোমরা প্রত্যাখ্যান করো আল্লাহর এই  
প্রকাশনাবলী, যদিও তোমরা সাক্ষী দাও (যে  
এটাই সত্য)?

[3:71] O followers of the scripture, why do  
you confound the truth with falsehood, and  
conceal the truth, knowingly?

৩/৭১ হে ঐশীগ্রন্থের অনুসারীরা, কেন তোমরা  
সত্যকে মিথ্যার সাথে মিশ্রিত কর, এবং জেনে-  
শুনে সত্য গোপন কর?

[3:72] Some followers of the scripture say,  
"Believe in what was sent down to the  
believers in the morning, and reject it in the  
evening; maybe someday they will revert.

৩/৭২ ঐশীগ্রন্থের কিছু অনুসারীরা বলে, "যা  
বিশ্বাসীদের কাছে অবতীর্ণ হয়েছে তা সকালে  
বিশ্বাস কর, এবং সন্ধ্যায় প্রত্যাখ্যান কর; হতে  
পারে একদিন তারা ফিরে আসবে।

[3:73] "And do not believe except as those  
who follow your religion." Say, "The true  
guidance is **GOD**'s guidance." If they claim  
8/৮৩ যখন একটি গুজব, তাদের সামনে আসে, যা নিরাপত্তাকে বিঘ্নিত করে, তারা তা ছড়ায়। যদি তারা তা বার্তাবাহক, এবং তাদের মধ্যকার দায়িত্বপ্রাপ্তদের কাছে ন্যস্ত করত, তবে তাদেরকে অবহিত করত তারা যারা এইসব বিষয়গুলো বুঝে। যদি এটি তোমাদের প্রতি

আল্লাহর করুণা, এবং তাঁর দয়া না হত, তোমরা শয়তানকে অনুসরণ করতে, অল্পসংখ্যক ছাড়া।

[4:84] You shall fight for the cause of **GOD**; you are responsible only for your own soul, and exhort the believers to do the same. **GOD** will neutralize the power of those who disbelieve. **GOD** is much more powerful, and much more effective.

৪/৮৪ তোমরা আল্লাহর উদ্দেশ্যে যুদ্ধ করবে; তোমরা শুধু তোমাদের নিজেদের আত্মার জন্যই দায়ী, এবং বিশ্বাসীদেরকে তা-ই করতে উপদেশ দিবে। আল্লাহ তাদের ক্ষমতা নিষ্কর্য করবেন, যারা অশিষ্টাস করে। আল্লাহ অনেক বেশি ক্ষমতাবান, এবং অনেক বেশি কার্যকরী।

#### *Responsibility* *দায়ভার*

[4:85] Whoever mediates a good deed receives a share of the credit thereof, and whoever mediates an evil work, incurs a share thereof. **GOD** controls all things.

৪/৮৫ যেকোনো একটি ভাল কাজের মধ্যস্থতা করে, এর কৃতৃত্বের একটি অংশ গ্রহণ করে, এবং যেকোনো একটি মন্দ কাজের মধ্যস্থতা করে, এর একটি অংশ টেনে আনে। আল্লাহ সব কিছু নিয়ন্ত্রণ করেন।

#### *You Shall Be Courteous* *আপনারা বিনীত হবেন*

[4:86] When greeted with a greeting, you shall respond with a better greeting or at least an equal one. **GOD** reckons all things.

৪/৮৬ যখন শুভেচ্ছা প্রাপ্ত হবে কোন অভিবাদন দ্বারা, তোমরা সাড়া দিবে উত্তম অথবা কমপক্ষে একটি সমতুল্য অভিবাদন দিয়ে। আল্লাহ সব কিছুর হিসাব গ্রহণকারী।

[4:87] **GOD**: there is no god except He. He will surely summon you on the Day of Resurrection—the inevitable day. Whose narration is more truthful than **GOD**'s?

৪/৮৭ ঈশ্বরঃ তিনি ব্যতীত কোন উপাস্য নেই। তিনি অবশ্যই তোমাদের সমবেত করবেন পুরুষানের সেই অনিবার্য দিনে। আল্লাহর চেয়ে কার বর্ণনা অধিক সত্য?

#### *How to Deal With the Hypocrites* *ভগুদের সাথে কিভাবে চলতে হবে*

[4:88] Why should you divide yourselves into two groups regarding hypocrites (*among you*)? **GOD** is the one who condemned them because of their own behavior. Do you want to guide those who are sent astray by **GOD**? Whomever **GOD** sends astray, you can never find a way to guide them.

৪/৮৮ (তোমাদের ভিতরের) ভগুদের বিষয়ে কেন তোমাদের উচিত হবে নিজেদের দুই দলে বিভক্ত করা? আল্লাহই তাদেরকে তাদের আচরণের কারণে নিন্দিত করেছেন। তোমরা কি তাদেরকে পথ প্রদর্শন করতে চাও, যারা আল্লাহ দ্বারা পথভ্রষ্ট হয়েছে? যাদেরকে আল্লাহ পথভ্রষ্ট করেন, তুমি কখনই তাদেরকে পথপ্রদর্শন করার উপায় পাবে না।

[4:89] They wish that you disbelieve as they have disbelieved, then you become equal. Do not consider them friends, unless they mobilize along with you in the cause of **GOD**. If they turn against you, you shall fight them, and you may kill them when you encounter them in war. You shall not accept them as friends, or allies.\*

৪/৮৯ তারা প্রত্যাশা করে যে, তুমি অশিষ্টাস করো যেমন তারা অশিষ্টাস করেছে, তারপর তোমরা (তাদের) সমান হয়ে যাও। তাদেরকে বন্ধু ভেবে না, যদি না তারা আল্লাহর উদ্দেশ্যে তোমাদের সাথে যুদ্ধের জন্য সংগঠিত হয়। যদি তারা তোমাদের শত্রু হয়ে উঠে, তোমরা তাদের বিরুদ্ধে যুদ্ধ করবে, এবং তোমাদেরকে তাদের হত্যা করতে হতে পারে, যখন যুদ্ধে তোমরা তাদের মুখোমুখি হও। তোমরা তাদেরকে বন্ধু অথবা মিত্র হিসাবে গ্রহণ করবে না।

\*4:89 The basic rule controlling all fighting is stated in 60:8-9.

[4:90] Exempted are those who join people with whom you have signed a peace treaty, and those who come to you wishing not to fight you, nor fight their relatives. Had **GOD** willed, He could have permitted them to fight against you. Therefore, if they leave you alone, refrain from fighting you, and offer you peace, then **GOD** gives you no excuse to fight them.

৪/৯০ তারা নিষ্কৃতি প্রাপ্ত যারা সে লোকদের সাথে যোগ দেয় যাদের সাথে তোমরা একটি শান্তি চুক্তি সাক্ষর করেছ, এবং তারা যারা তোমাদের কাছে আসে তোমাদের সাথে যুদ্ধ না করার ইচ্ছা নিয়ে, না তাদের আত্মীয়দের সাথে।

আল্লাহ যদি চাইতেন, তিনি তাদেরকে অনুমতি দিতে পারতেন তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করার। অতএব, যদি তারা তোমাদেরকে একা ছেড়ে দেয়, তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করা থেকে বিরত থাকে, এবং তোমাদেরকে শান্তি প্রস্তাব দেয়, তখন আল্লাহ তোমাদেরকে তাদের বিরুদ্ধে যুদ্ধের কোন ওজর দেন না।

[4:91] You will find others who wish to make peace with you, and also with their people. However, as soon as war erupts, they fight against you. Unless these people leave you alone, offer you peace, and stop fighting you, you may fight them when you encounter them. Against these, we give you a clear authorization.

৪/৯১ তোমরা অন্যদেরকে পাবে যারা শান্তি স্থাপন করতে চায় তোমাদের সাথে, এবং তাদের লোকদের সাথেও। কিন্তু, যখনি যুদ্ধ ছড়িয়ে পড়ে, তারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করে। যদি না এইসব লোকেরা তোমাদের থেকে নিবৃত্ত হয়, তোমাদেরকে শান্তি প্রস্তাব দেয়, এবং তোমাদের বিরুদ্ধে যুদ্ধ বন্ধ করে, তোমাদেরকে তাদের বিরুদ্ধে যুদ্ধ করতে হতে পারে যখন তোমরা তাদের মোকাবেলা করো। এইসবের বিপক্ষে, আমরা তোমাদেরকে একটি স্পষ্ট কর্তৃত্ব প্রদান করি।

*You Shall Not Kill*  
*আপনি হত্যা করবেন না*

[4:92] No believer shall kill another believer, unless it is an accident. If one kills a believer by accident, he shall atone by freeing a believing slave, and paying a compensation to the victim's family, unless they forfeit such a compensation as a charity. If the victim belonged to people who are at war with you, though he was a believer, you shall atone by freeing a believing slave. If he belonged to people with whom you have signed a peace treaty, you shall pay the compensation in addition to freeing a believing slave. If you cannot find\* a slave to free, you shall atone by fasting two consecutive months, in order to be redeemed by **GOD**. **GOD** is Knower, Most Wise.

৪/৯২ কোন বিশ্বাসী অপর বিশ্বাসীকে হত্যা করবে না, যদি না তা একটি দুর্ঘটনা হয়। যদি কেউ কোন বিশ্বাসীকে দুর্ঘটনাবশত হত্যা করে, সে প্রায়শ্চিত্ত করবে একজন বিশ্বাসী

দাসকে মুক্ত করে, এবং নিহতের পরিবারকে ক্ষতিপূরণ দিয়ে, যদি না তারা এরকম ক্ষতিপূরণকে দান হিসেবে ছেড়ে দেয়। যদি নিহত ব্যক্তিটি সে লোকদের অন্তর্ভুক্ত হয়, যারা তোমাদের সাথে যুদ্ধে লিপ্ত, যদিও সে একজন বিশ্বাসী ছিল, তোমরা একজন বিশ্বাসী দাসকে মুক্ত করে প্রায়শ্চিত্ত করবে। যদি সে সেই লোকদের অন্তর্ভুক্ত হয়, যাদের সাথে তোমরা একটি শান্তি চুক্তি স্বাক্ষর করেছ, তোমরা ক্ষতিপূরণ করবে সেই সাথে একজন বিশ্বাসী দাসকে মুক্ত করবে। যদি তোমরা মুক্ত করার জন্য একজন দাস খুঁজে না পাও, তোমরা পর পর দুই মাস উপবাস দ্বারা প্রায়শ্চিত্ত করবে, আল্লাহ দ্বারা উদ্ধারপ্রাপ্ত হতে। আল্লাহ জ্ঞাতা, সবচেয়ে জ্ঞানী।

\*4:92 Since slavery does not exist, the offender must atone by fasting two consecutive months.

*An Unforgivable Offense*  
*একটি অমার্জনীয় অপরাধ*

[4:93] Anyone who kills a believer on purpose, his retribution is Hell, wherein he abides forever, **GOD** is angry with him, and condemns him, and has prepared for him a terrible retribution.

৪/৯৩ যেকোন একজন বিশ্বাসীকে উদ্দেশ্যমূলকভাবে হত্যা করে, তার শাস্তি নরক, যেখানে সে চিরকাল বসবাস করে, আল্লাহ তার প্রতি রাগান্বিত, এবং তাকে দন্ডদেশ দেন, এবং তার জন্য প্রস্তুত রেখেছেন এক ভয়ানক শাস্তি।

[4:94] O you who believe, if you strike in the cause of **GOD**, you shall be absolutely sure. Do not say to one who offers you peace, "You are not a believer," seeking the spoils of this world. For **GOD** possesses infinite spoils. Remember that you used to be like them, and **GOD** blessed you. Therefore, you shall be absolutely sure (*before you strike*). **GOD** is fully Cognizant of everything you do.

৪/৯৪ হে তোমরা যারা বিশ্বাস কর, যদি তোমরা আল্লাহর উদ্দেশ্যে আঘাত কর, তোমরা সম্পূর্ণভাবে নিশ্চিত হবে। তোমাদেরকে শান্তি প্রস্তাব দেয় এমন কাউকে বলবে না যে, "তুমি বিশ্বাসী নও," এই পৃথিবীর যুদ্ধলব্ধ সম্পদের খোঁজে। কারণ, আল্লাহ অফুরন্ত সম্পদের অধিকারী। স্মরণ কর যে, তোমরা তাদের মত

ছিলে, এবং আল্লাহ তোমাদেরকে আশীর্বাদপুষ্ট করেছেন। সুতরাং, তোমরা সম্পূর্ণভাবে নিশ্চিত হবে (আঘাত করার আগে)। তোমরা যা কিছু কর আল্লাহ সে সম্পর্কে সম্পূর্ণ অবগত।

#### *Higher Ranks for the Strivers* *সংগ্রামীদের জন্য উচ্চতর পদসমূহ*

[4:95] Not equal are the sedentary among the believers who are not handicapped, and those who strive in the cause of **GOD** with their money and their lives. **GOD** exalts the strivers with their money and their lives above the sedentary. For both, **GOD** promises salvation, but **GOD** exalts the strivers over the sedentary with a great recompense.

৪/৯৫ সমান নয় বিশ্বাসীদের মধ্যে বসে থাকা লোকেরা যারা বিকলাঙ্গ নয়, এবং তারা যারা আল্লাহর উদ্দেশ্যে সংগ্রাম করে তাদের অর্থ এবং জীবন দিয়ে। আল্লাহ বসে থাকাদের উপর উন্নীত করেন তাদেরকে যারা তাদের অর্থ এবং তাদের জীবন দিয়ে সংগ্রাম করে। উভয়ের জন্য, আল্লাহ পরিত্রাণের অঙ্গীকার করেন, কিন্তু আল্লাহ বসে থাকাদের উপর সংগ্রামকারীদের এক মহা প্রতিদানের সাথে উন্নীত করেন।

[4:96] The higher ranks come from Him, as well as forgiveness and mercy. **GOD** is Forgiver, Most Merciful.

৪/৯৬ উচ্চতর পদমর্যাদা তাঁর থেকে আসে, একই ভাবে ক্ষমা এবং করুণা। আল্লাহ ক্ষমাশীল, পরম করুণাময়।

#### *Apathy Condemned* *ঔদাসিন্য নিন্দিত*

[4:97] Those whose lives are terminated by the angels, while in a state of wronging their souls, the angels will ask them, "What was the matter with you?" They will say, "We were oppressed on earth." They will say, "Was **GOD**'s earth not spacious enough for you to emigrate therein?" For these, the final abode is Hell, and a miserable destiny.

৪/৯৭ নিজেদের আত্মার উপর অত্যাচার করা কালীন যাদের জীবন ফেরেশতা দ্বারা সমাপ্ত করা হয়, তাদেরকে ফেরেশতারা প্রশ্ন করবে, "তোমাদের কি সমস্যা ছিল? তারা বলবে যে, "আমরা পৃথিবীতে নিপীড়িত ছিলাম"। তারা বলবে, "স্থান পরিবর্তন করতে আল্লাহর পৃথিবী কি তোমাদের জন্য যথেষ্ট প্রশস্ত

ছিল না"? এদের জন্য, চূড়ান্ত বাসস্থান নরক, এবং একটি শোচনীয় নিয়তি।

[4:98] Exempted are the weak men, women, and children who do not possess the strength, nor the means to find a way out.

৪/৯৮ নিষ্কৃতি প্রাপ্ত দুর্বল পুরুষ, নারী, এবং শিশুরা, যারা শক্তি বা সংগতি রাখে না প্রস্থান করার।

[4:99] These may be pardoned by **GOD**.

**GOD** is Pardoner, Forgiver.

৪/৯৯ হতে পারে এরা আল্লাহ দ্বারা ক্ষমাপ্রাপ্ত হবে, আল্লাহ মার্জনাকারী ক্ষমাশীল।

[4:100] Anyone who emigrates in the cause of **GOD** will find on earth great bounties and richness. Anyone who gives up his home, emigrating to **GOD** and His messenger, then death catches up with him, his recompense is reserved with **GOD**. **GOD** is Forgiver, Most Merciful.

৪/১০০ যে কেউ আল্লাহর উদ্দেশ্যে স্থান পরিবর্তন করে, সে পৃথিবীতে পাবে মহা দান এবং ঐশ্বর্য। যেকেউ আল্লাহ এবং তাঁর বার্তাবাহকের দিকে স্থান পরিবর্তন করতে তার ঘর পরিত্যাগ করে, এরপর মৃত্যু তাকে তুলে নেয়, তার পুরস্কার আল্লাহর কাছে সংরক্ষিত রয়েছে। আল্লাহ ক্ষমাশীল, পরম করুণাময়।

[4:101] When you travel, during war, you commit no error by shortening your Contact Prayers (*Salat*), if you fear that the disbelievers may attack you. Surely, the disbelievers are your ardent enemies.

৪:১০১ যখন তোমরা যুদ্ধের সময় ভ্রমণ কর, তখন তোমরা সংযোগ প্রার্থনাসমূহ (সালাত) সংক্ষিপ্ত করে কোন ভুল কর না, যদি তোমরা ভয় পাও যে, অবিশ্বাসীরা তোমাদেরকে আক্রমণ করতে পারে। নিশ্চিতভাবে, অবিশ্বাসীরা তোমাদের ঘোর শত্রু।

#### *War Precautions*

*যুদ্ধের পূর্ব- সতর্কতাসমূহ*

[4:102] When you are with them, and lead the Contact Prayer (*Salat*) for them, let some of you stand guard; let them hold their weapons, and let them stand behind you as you prostrate. Then, let the other group that has not prayed take their turn praying with you, while the

others stand guard and hold their weapons. Those who disbelieved wish to see you neglect your weapons and your equipment, in order to attack you once and for all. You commit no error, if you are hampered by rain or injury, by putting down your weapons, so long as you remain alert. **GOD** has prepared for the disbelievers a shameful retribution.

৪:১০২ যখন তুমি তাদের সাথে থাক, এবং তাদের জন্য সংযোগ প্রার্থনা (সালাত) পরিচালনা কর, তোমাদের কিছু লোককে পাহারায় নিয়োজিত কর; তারা তাদের অস্ত্রসমূহ ধরে রাখবে, এবং তারা তোমার পিছনে দাঁড়িয়ে থাকবে যখন তুমি সেজদা করো। এরপর, অন্য দলটি, যারা প্রার্থনা করেনি, তোমার সাথে তাদের প্রার্থনার পালা সম্পন্ন করবে, যখন অন্যরা পাহারা দিবে এবং অস্ত্রসমূহ ধরে থাকবে। যারা অবিশ্বাস করে তারা তোমাদেরকে তোমাদের অস্ত্রসমূহ এবং তোমাদের যন্ত্রপাতির প্রতি অবহেলারত অবস্থায় দেখতে চায়, যাতে তোমাদেরকে চূড়ান্তভাবে আক্রমণ করা যায়। তোমরা কোন ভুল করো না তোমাদের অস্ত্রসমূহ নিচে রেখে, যদি তোমরা বৃষ্টি বা আঘাতের দ্বারা বাধাপ্রাপ্ত হও, যতক্ষণ পর্যন্ত তোমরা সতর্ক থাক। আল্লাহ অবিশ্বাসীদের জন্য এক লজ্জাকর প্রতিদান প্রস্তুত রেখেছেন।

#### *The Contact Prayers সংযোগ প্রার্থনাসমূহ*

[4:103] Once you complete your Contact Prayer (*Salat*), you shall remember **GOD** while standing, sitting, or lying down.\* Once the war is over, you shall observe the Contact Prayers (*Salat*); the Contact Prayers (*Salat*) are decreed for the believers at specific times. ৪:১০৩ যখন তোমরা তোমাদের সংযোগ প্রার্থনা (সালাত) সম্পন্ন কর, তোমরা আল্লাহকে স্মরণ করবে দাঁড়ানো, বসা, বা শায়িত অবস্থায়। যখন যুদ্ধ শেষ হয়, তোমরা সংযোগ প্রার্থনাসমূহ (সালাত) স্থাপন করবে; সংযোগ প্রার্থনাসমূহ (সালাত) বিশ্বাসীদের জন্য নির্দিষ্ট সময়সমূহে (সম্পন্ন করার) আদেশ করা হয়েছে।

\*4:103 *Your god is whoever or whatever occupies your mind most of the day. In order to belong in God's kingdom, and enjoy His grace and protection, the Quran exhorts us to remember God "always" (2:152 & 200, 3:191, 33:41-42). This profound fact explains the numerous verses asserting that "most" of those*

*who believe in God are going to Hell (12:106, 23:84-89, 29:61-63, 31:25, 39:38, 43:87). See Footnote 3:191 and Appendix 27.*

[4:104] Do not waver in pursuing the enemy. If you suffer, they also suffer. However, you expect from **GOD** what they never expect. **GOD** is Omniscient, Most Wise.

৪:১০৪ শত্রুদের তাড়া করতে দিধাবিত হইও না। যদি তোমরা কষ্ট ভোগ কর, তারাও কষ্ট ভোগ করে। কিন্তু, তোমরা আল্লাহ থেকে প্রত্যাশা কর, যা তারা কখনোই প্রত্যাশা করে না। আল্লাহ সর্বজ্ঞ, সবচেয়ে জ্ঞানী।

[4:105] We have sent down to you the scripture, truthfully, in order to judge among the people in accordance with what **GOD** has shown you. You shall not side with the betrayers.

৪:১০৫ আমরা তোমার কাছে ঐশীগ্রন্থ অবতীর্ণ করেছি, সত্যতার সাথে, আল্লাহ তোমাকে যা দেখিয়েছেন সে অনুসারে লোকদের মাঝে বিচার করতে। তুমি বিশ্বাসঘাতকদের পক্ষ নিবে না।

[4:106] You shall implore **GOD** for forgiveness. **GOD** is Forgiver, Most Merciful. ৪/১০৬ তোমরা আল্লাহর কাছে ক্ষমার জন্য মিনতি করবে। আল্লাহ ক্ষমাশীল পরম দয়ালু।

#### *Do Not Defend the Transgressors সীমা অতিক্রমকারীদের পক্ষাবলম্বন করবেন না*

[4:107] Do not argue on behalf of those who have wronged their own souls; **GOD** does not love any betrayer, guilty.

৪/১০৭ যারা তাদের নিজেদের আত্মার ক্ষতি করেছে তাদের পক্ষ হয়ে তর্ক করো না; আল্লাহ কোন বিশ্বাসঘাতক, অপরাধীকে ভালবাসেন না।

[4:108] They hide from the people, and do not care to hide from **GOD**, though He is with them as they harbor ideas He dislikes. **GOD** is fully aware of everything they do.

৪/১০৮ তারা মানুষের কাছ থেকে লুকায়, আর আল্লাহর কাছ থেকে লুকানোকে পরোয়া করে না, যদিও তারা তাঁর অপছন্দনীয় ধারণাগুলো মনে পোষণ করার সময়ও তিনি তাদের সাথেই



থাকেন। আল্লাহ তাদের করা সবকিছু সম্পূর্ণ অবগত।

*You Do Not Help Them  
by Being "Nice"*

“সরলতা” দেখাতে গিয়ে

আপনারা তাদের সাহায্য করবেন না

[4:109] Here you are arguing on their behalf in this world; who is going to argue with **GOD** on their behalf on the Day of Resurrection? Who is going to be their advocate?

৪/১০৯ এখানে, এই দুনিয়ায় তুমি তাদের পক্ষে তর্ক করছ; পুনরুত্থানের দিবসে তাদের পক্ষে কে আল্লাহর সাথে তর্ক করতে যাচ্ছে? কে হতে যাচ্ছে তাদের উকিল?

[4:110] Anyone who commits evil, or wrongs his soul, then implores **GOD** for forgiveness, will find **GOD** Forgiving, Most Merciful.

৪/১১০ যে কেউ মন্দ সম্পাদন করে, অথবা তার আত্মার ক্ষতি করে, এরপর ক্ষমার জন্য আল্লাহর কাছে মিনতি করে, সে আল্লাহকে ক্ষমাশীল, পরম দয়ালু পাবে।

[4:111] Anyone who earns a sin, earns it to the detriment of his own soul. **GOD** is Omniscient, Most Wise.

৪:১১১ যে কেউ পাপ অর্জন করে, তা তার নিজ আত্মার ক্ষতি করতে অর্জন করে। আল্লাহ সর্বজ্ঞ, সবচেয়ে জ্ঞানী।

[4:112] Anyone who earns a sin, then accuses an innocent person thereof, has committed a blasphemy and a gross offense.

৪:১১২ যে কেউ পাপ অর্জন করে, এরপর একজন নির্দোষ ব্যক্তিকে এজন্য অভিযুক্ত করে, সে মিথ্যাচার এবং এক গুরুতর অপরাধ করেছে।

[4:113] If it were not for **GOD**'s grace towards you, and His mercy, some of them would have misled you. They only mislead themselves, and they can never harm you in the least.

**GOD** has sent down to you the scripture and wisdom, and He has taught you what you never knew. Indeed, **GOD**'s blessings upon you have been great.

৪:১১৩ যদি এটি তোমার প্রতি আল্লাহর অনুগ্রহ, এবং তাঁর দয়া না হতো, তাদের কেউ কেউ তোমাকে বিপথগামী করত। তারা শুধু

তাদের নিজেদেরকে বিপথগামী করে, এবং তারা কখনোই তোমার সামান্যতম ক্ষতি করতে পারে না। আল্লাহ তোমার কাছে ঐশীগ্রহু এবং প্রজ্ঞা অবতীর্ণ করেছেন, এবং তিনি তোমাকে শিখিয়েছেন যা তুমি কখনোই জানতে না।

প্রকৃতপক্ষে, তোমার উপর আল্লাহর আশীর্বাদসমূহ বিশাল।

[4:114] There is nothing good about their private conferences, except for those who advocate charity, or righteous works, or making peace among the people. Anyone who does this, in response to **GOD**'s teachings, we will grant him a great recompense.

৪:১১৪ তাদের একান্ত সম্মেলনগুলোতে ভাল কিছু নেই, তাদেরটা ব্যতীত যারা দানের, অথবা সং কাজের, অথবা লোকদের মাঝে শান্তি আনয়নের উপদেশ দেয়। আল্লাহর শিক্ষাগুলোর প্রতি সাড়া দিয়ে যে কেউ তা করে, আমরা তাকে এক মহা প্রতিদান দিব।

[4:115] As for him who opposes the messenger, after the guidance has been pointed out to him, and follows other than the believers' way, we will direct him in the direction he has chosen, and commit him to Hell; what a miserable destiny!

৪/১১৫ আর যে বার্তাবাহকের বিরোধিতা করে, তাকে পথ-নির্দেশনা দেখানোর পর এবং বিশ্বাসীদের ছাড়া অন্যদের পথ অনুসরণ করে, আমরা তাকে পরিচালিত করবো সে পথে যা সে পছন্দ করেছে, এবং তাকে নরকে নিক্ষিপ্ত করবো; কি এক শোচনীয় নিয়তি!

*The Unforgivable Sin*

অমার্জনীয় পাপ

[4:116] **GOD** does not forgive idol worship (*if maintained until death*),\* and He forgives lesser offenses for whomever He wills.

Anyone who idolizes any idol beside **GOD** has strayed far astray.

৪/১১৬ আল্লাহ অংশীদার সাব্যস্ত করার পাপ ক্ষমা করেন না (যদি মৃত্যু অবধি বজায় রাখা হয়) এবং তিনি যার জন্য ইচ্ছা এর থেকে ছোট অপরাধ ক্ষমা করেন। যে কেউ আল্লাহর পাশে অন্য যে কোন উপাস্যের উপাসনা করে সে বহু দূরে পথভ্রষ্ট হয়েছে।

\*4:116 A simple definition of idolatry:

Believing that anything beside God can help you.

[4:117] They even worship female gods besides Him; as a matter of fact, they only worship a rebellious devil.

৪/১১৭ তারা এমনকি তাঁর পাশে নারী উপাস্যের উপাসনা করে; বস্তুত, তারা শুধু এক বিদ্রোহী শয়তানের উপাসনা করে।

[4:118] **GOD** has condemned him, and he said, "I will surely recruit a definite share of Your worshipers.\*

৪/১১৮ আল্লাহ তাকে নিন্দিত করেছেন, এবং সে বলেছিল, “আমি অবশ্যই তোমার উপাসনাকারীদের একটি নির্দিষ্ট অংশকে নিয়োজিত করবো।

*\*4:118 The majority of believers in God fall into idolatry (12:106).*

[4:119] "I will mislead them, I will entice them, I will command them to (*forbid the eating of certain meats by*) marking the ears of livestock, and I will command them to distort the creation of **GOD**." Anyone who accepts the devil as a lord, instead of **GOD**, has incurred a profound loss.

৪/১১৯ “আমি তাদেরকে পথভ্রষ্ট করবো, আমি তাদেরকে প্রলুব্ধ করবো, আমি তাদেরকে হুকুম করবো (*নির্দিষ্ট কিছু মাংস খাওয়া নিষিদ্ধ করতে*) গবাদি পশুর কানে চিহ্ন প্রদানের দ্বারা, এবং আমি তাদেরকে হুকুম করবো ঈশরের সৃষ্টিকে বিকৃত করতে”। যে কেউ শয়তানকে একজন প্রভু হিসাবে গ্রহণ করে, আল্লাহর বদলে, সে টেনে এনেছে এক গভীর ক্ষতি।

[4:120] He promises them and entices them; what the devil promises is no more than an illusion.

৪/১২০ সে তাদেরকে প্রতিশ্রুতি দেয় এবং তাদেরকে প্রলুব্ধ করে; শয়তান যা প্রতিশ্রুতি দেয় তা বিভ্রম ছাড়া কিছুই নয়।

[4:121] These have incurred Hell as their final abode, and can never evade it.

৪:১২১ এরা টেনে এনেছে নরক তাদের চূড়ান্ত আবাস হিসেবে, এবং কখনো এটি এড়াতে পারে না।

[4:122] As for those who believe and lead a righteous life, we will admit them into gardens

with flowing streams, wherein they live forever. Such is the truthful promise of **GOD**. Whose utterances are more truthful than **GOD**'s?

৪:১২২ আর তারা যারা বিশ্বাস করে এবং সৎকর্মশীল জীবন- যাপন করে, আমরা তাদেরকে প্রবেশ করাব প্রবাহিত বর্নাসহ বাগানসমূহে, যেখানে তারা চিরকাল বসবাস করে। এরকমই আল্লাহর সত্য অঙ্গীকার। আল্লাহর চেয়ে কার কথা অধিক সত্য?

*The Law*  
*আইন*

[4:123] It is not in accordance with your wishes, or the wishes of the people of the scripture: anyone who commits evil pays for it, and will have no helper or supporter, against **GOD**.

৪:১২৩ এটি তোমাদের, অথবা ঐশীগ্রহের লোকদের ইচ্ছানুযায়ী নয়; যেকেউ মন্দ করে এর জন্য ক্ষতিপূরণ দেয়, এবং আল্লাহর বিপক্ষে তার কোন সাহায্যকারী অথবা সমর্থক থাকবে না।

[4:124] As for those who lead a righteous life, male or female, while believing, they enter Paradise; without the slightest injustice.

৪:১২৪ আর তারা যারা বিশ্বাস করে এবং সৎকর্মশীল জীবন- যাপন করে বিশ্বাসী অবস্থায়, পুরুষ হোক অথবা নারী, তারা স্বর্গোদ্যানে প্রবেশ করে; সামান্যতম অবিচার ছাড়াই।

*Abraham:*

*Original Messenger of Islam \**

ইব্রাহিমঃ

ইসলামের প্রকৃত বার্তাবাহক

[4:125] Who is better guided in his religion than one who submits totally to **GOD**, leads a righteous life, according to the creed of Abraham: monotheism? **GOD** has chosen Abraham as a beloved friend.

৪:১২৫ কে তার ধর্মে উত্তম পথপ্রাপ্ত সে ব্যক্তির চেয়ে যে আল্লাহর কাছে পরিপূর্ণভাবে আত্মসমর্পণ করে, সৎকর্মশীল জীবন- যাপন করে, ইব্রাহিমের ধর্মবিশ্বাস অনুসারে: একেশ্বরবাদ? আল্লাহ ইব্রাহিমকে অতিশয় প্রিয় বন্ধু হিসেবে পছন্দ করেছেন।

\*4:125 All messengers since Adam have preached one and the same religion. Abraham was the original messenger of the creed named "Islam" (22:78, Appendix 26). "Islam" is not a name, but rather a description meaning "Submission."

[4:126] To **GOD** belongs everything in the heavens and the earth. **GOD** is in full control of all things.

৪/১২৬ আকাশমন্ডলী এবং পৃথিবীর সবকিছু আল্লাহর। আল্লাহ সকল বস্তুর পরিপূর্ণ নিয়ন্ত্রণে আছেন।

[4:127] They consult you concerning women: say, "**GOD** enlightens you regarding them, as recited for you in the scripture. You shall restore the rights of orphaned girls whom you cheat out of their due dowries when you wish to marry them: you shall not take advantage of them. The rights of orphaned boys must also be protected as well. You shall treat the orphans equitably. Whatever good you do, **GOD** is fully aware thereof."

৪/১২৭ তারা নারীদের ব্যাপারে তোমার সাথে পরামর্শ করেঃ বল, “আল্লাহ তাদের ব্যাপারে তোমাদের জ্ঞান দান করেন, যেমনটি ঐশীগ্রন্থে তোমাদের জন্য আবৃত্তি করা হয়। তোমরা এতিম মেয়েদের অধিকার ফিরিয়ে দেবে যাদেরকে তোমরা তাদের প্রাপ্য দেনমোহর হতে ঠকাও, যখন তোমরা তাদেরকে বিয়ে করার ইচ্ছা করঃ তোমরা তাদের সুবিধা নেবে না। এতিম বালকদের অধিকারসমূহও অবশ্যই একই ভাবে সংরক্ষণ করতে হবে। তোমরা এতিমদের সাথে ন্যায়সঙ্গত ব্যবহার করবে। যা কিছু ভালো তোমরা করো, আল্লাহ সেসব সম্পর্কে সম্পূর্ণ জ্ঞাত।

*Divorce Discouraged*  
*বিবাহ বিচ্ছেদ নিরুৎসাহিত*

[4:128] If a woman senses oppression or desertion from her husband, the couple shall try to reconcile their differences, for conciliation is best for them. Selfishness is a human trait, and if you do good and lead a righteous life, **GOD** is fully Cognizant of everything you do.

৪/১২৮ যদি কোন নারী তার স্বামী থেকে নিপীড়ন অথবা উপেক্ষার আশঙ্কা করে, দম্পতিটি তাদের বিবাদগুলো মিটিয়ে ফেলার চেষ্টা করবে, কারণ বিবাদ মিটিয়ে ফেলা তাদের জন্য

সর্বোত্তম। স্বার্থপরতা একটি মানব বৈশিষ্ট্য, এবং যদি তুমি ভালো করো এবং সং জীবন- যাপন করো, তোমাদের করা সবকিছু সম্পর্কে আল্লাহ সম্পূর্ণ জ্ঞাত।

*Polygamy Discouraged \**  
*বহুবিবাহ নিরুৎসাহিত*

[4:129] You can never be equitable in dealing with more than one wife, no matter how hard you try. Therefore, do not be so biased as to leave one of them hanging (*neither enjoying marriage, nor left to marry someone else*). If you correct this situation and maintain righteousness, **GOD** is Forgiver, Most Merciful.

৪/১২৯ তোমরা একের অধিক স্ত্রীর সাথে আচরণের বেলায় কখনই ন্যায়পরায়ণ হতে পারবে না, যত কঠিন চেষ্টাই তোমরা করো না কেন। সে জন্য, এতো পক্ষপাতদৃষ্ট হওয়া না যে তাদের যে কোন একজন কে ঝুলিয়ে রাখো (না বিয়ে উপভোগ করতে দিয়ে, না অন্যকাউকে বিয়ে করতে দিয়ে)। যদি তোমরা এই অবস্থা সংশোধন করো এবং সততা বজায় রাখো, আল্লাহ ক্ষমাশীল, পরম করুণাময়।

\*4:129 See Appendix 30, entitled "Polygamy."

[4:130] If the couple must decide to part, **GOD** will provide for each of them from His bounties. **GOD** is Bounteous, Most Wise.

৪/১৩০ যদি দম্পতিটি পৃথক হওয়ারই সিদ্ধান্ত নেয়, আল্লাহ তাদের প্রত্যেকের জন্যই তাঁর অনুগ্রহসমূহ থেকে দেবেন। আল্লাহ অনুগ্রহশীল, সবচেয়ে জ্ঞানী।

[4:131] To **GOD** belongs everything in the heavens and the earth, and we have enjoined on those who received the scripture before you, and enjoined on you, that you shall reverence **GOD**. If you disbelieve, then to **GOD** belongs everything in the heavens and the earth. **GOD** is in no need, Praiseworthy.

৪:১৩১ আকাশমন্ডলী ও পৃথিবীর সবকিছু আল্লাহর, এবং আমরা আদেশ করেছি তাদের প্রতি যারা তোমাদের আগে ঐশীগ্রন্থ গ্রহণ করেছিল, এবং আদেশ করেছি তোমাদেরকে যে, তোমরা আল্লাহকে ভক্তি করবে। যদি তোমরা অবিশ্বাস কর, তবে আকাশমন্ডলী ও পৃথিবীর সবকিছু আল্লাহর। আল্লাহ কোন প্রয়োজনের অধীন নন, প্রশংসনীয়।

[4:132] To **GOD** belongs everything in the heavens and the earth, and **GOD** is the only Protector.

৪:১৩২ আকাশমন্ডলী এবং পৃথিবীর সবকিছু আল্লাহর, এবং আল্লাহই একমাত্র রক্ষাকারী।

[4:133] If He wills, He can annihilate you, O people, and substitute others in your place.

**GOD** is certainly able to do this.

৪:১৩৩ যদি তিনি ইচ্ছা করেন, তিনি তোমাদের নিশ্চিহ্ন করতে পারেন, হে মানুষ, এবং তোমাদের জায়গায় অন্যদের আনতেন। আল্লাহ নিশ্চিতভাবে এটি করতে সক্ষম।

[4:134] Anyone who seeks the materials of this world should know that **GOD** possesses both the materials of this world and the Hereafter. **GOD** is Hearer, Seer.

৪:১৩৪ যে কেউ এই দুনিয়ার পার্থিব বস্তুসামগ্রী খোঁজে তার জানা উচিত যে, আল্লাহ এই দুনিয়া এবং পরকাল, উভয়লোকের বস্তুসামগ্রীর অধিকারী। আল্লাহ শ্রোতা, দ্রষ্টা।

*You Shall Not Bear False Witness*  
*আপনি মিথ্যা সাক্ষী দেবেন না*

[4:135] O you who believe, you shall be absolutely equitable, and observe **GOD**, when you serve as witnesses, even against yourselves, or your parents, or your relatives. Whether the accused is rich or poor, **GOD** takes care of both. Therefore, do not be biased by your personal wishes. If you deviate or disregard (*this commandment*), then **GOD** is fully Cognizant of everything you do.

৪:১৩৫ হে তোমরা যারা বিশ্বাস কর, তোমরা সম্পূর্ণরূপে ন্যায়পরায়ন হবে, এবং আল্লাহকে মান্য করবে, যখন তোমরা সাক্ষী হিসেবে দায়িত্ব পালন কর, এমনকি তোমাদের নিজেদের বিরুদ্ধে, অথবা তোমাদের পিতা-মাতার, অথবা তোমাদের আত্মীয়দের। অভিযুক্ত ব্যক্তিটি ধনী অথবা গরীব হোক, আল্লাহ উভয়কে গুরুত্ব দেন। সেজন্য, তোমাদের ব্যক্তিগত কামনার দ্বারা পক্ষপাতদুষ্ট হইও না। যদি তোমরা বিচ্যুত হও অথবা উপেক্ষা কর (*এই প্রত্যাদেশ*), তবে আল্লাহ তোমাদের করা সবকিছু সম্পর্কে সম্পূর্ণ অবগত।

[4:136] O you who believe, you shall believe in **GOD** and His messenger, and the scripture He has revealed through His messenger, and

the scripture He has revealed before that. Anyone who refuses to believe in **GOD**, and His angels, and His scriptures, and His messengers, and the Last Day, has indeed strayed far astray.

৪/১৩৬ হে তোমরা যারা বিশ্বাস করো, তোমরা বিশ্বাস করবে আল্লাহ এবং তাঁর বার্তাবাহককে, এবং সেই ঐশীগ্রন্থে যা তিনি তাঁর বার্তাবাহকের মাধ্যমে প্রকাশ করেছেন, এবং সেই ঐশীগ্রন্থে যা তিনি এর আগে প্রকাশ করেছেন। যে কেউ আল্লাহকে, এবং তাঁর স্বর্গ দূতদের, এবং তাঁর ঐশীগ্রন্থে, এবং তাঁর বার্তা বাহকে, এবং শেষ দিনে বিশ্বাস করতে প্রত্যাখ্যান করে, নিশ্চয়ই সে বহু দূর পথভ্রষ্ট হয়েছে।

[4:137] Surely, those who believe, then disbelieve, then believe, then disbelieve, then plunge deeper into disbelief, **GOD** will not forgive them, nor will He guide them in any way.

৪/১৩৭ নিশ্চয়ই, যারা বিশ্বাস করে, এরপর অবিশ্বাস করে, এরপর আবার বিশ্বাস করে, এরপর আবার অবিশ্বাস করে, তারপর অবিশ্বাসের গভীরে নিমজ্জিত হয়, তাদেরকে আল্লাহ ক্ষমা করবেন না, না তিনি তাদেরকে কোন ভাবে পথ প্রদর্শন করবেন।

[4:138] Inform the hypocrites that they have incurred painful retribution.

৪/১৩৮ ভণ্ডদের জানাও যে তারা যন্ত্রণাদায়ক শাস্তি টেনে এনেছে।

[4:139] They are the ones who ally themselves with disbelievers instead of believers. Are they seeking dignity with them? All dignity belongs with **GOD** alone.

৪/ ১৩৯ তারা সে সব লোক যারা বিশ্বাসীদের বদলে অবিশ্বাসীদেরকে নিজেদের মিত্র বানায়। তারা কি তাদের সাথে থেকে মর্যাদা খোঁজ করেছে? সকল মর্যাদা একমাত্র আল্লাহর।

[4:140] He has instructed you in the scripture that: if you hear **GOD**'s revelations being mocked and ridiculed, you shall not sit with them, unless they delve into another subject. Otherwise, you will be as guilty as they are. **GOD** will gather the hypocrites and the disbelievers together in Hell.

৪/১৪০ তিনি তোমাদের ঐশীগ্রন্থে নির্দেশ দিয়েছেন যে: যদি তোমরা শোন যে আল্লাহর

প্রকাশনাবলিকে উপহাস এবং ব্যঙ্গ করা হচ্ছে, তোমরা তাদের সাথে বসবে না, যদি না তারা অন্য বিষয়ে চলে যায়। অন্যথায়, তোমরাও তাদের মত দোষী হবে। আল্লাহ ভণ্ডদের এবং অবিশ্বাসীদের একত্রে নরকে জড় করবেন।

*The Hypocrites*  
ভণ্ডরা

[4:141] They watch you and wait; if you attain victory from **GOD**, they say (to you), "Were we not with you?" But if the disbelievers get a turn, they say (to them), "Did we not side with you, and protect you from the believers?" **GOD** will judge between you on the Day of Resurrection. **GOD** will never permit the disbelievers to prevail over the believers.

১:১৪১ তারা তোমাদের প্রতি নজর রাখে এবং অপেক্ষা করে; যদি তোমরা আল্লাহর থেকে বিজয় অর্জন কর, তারা বলে (তোমাদেরকে), "আমরা কি তোমাদের সাথে ছিলাম না?" কিন্তু যদি অবিশ্বাসীরা একটি সুযোগ পায়, তারা (তাদেরকে) বলে, "আমরা কি তোমাদের পক্ষ নেই নি, এবং তোমাদেরকে বিশ্বাসীদের থেকে রক্ষা করিনি?" আল্লাহ পুনঃরুত্থান দিবসে তোমাদের মাঝে বিচার করবেন। আল্লাহ অবিশ্বাসীদের কখনোই বিশ্বাসীদের উপর জয়ী হতে দিবেন না।

[4:142] The hypocrites think that they are deceiving **GOD**, but He is the One who leads them on. When they get up for the Contact Prayer (*Salat*), they get up lazily. That is because they only show off in front of the people, and rarely do they think of **GOD**.

৪:১৪২ ভণ্ডরা মনে করে যে তারা আল্লাহকে প্রতারণা করছে, কিন্তু তিনিই তাদেরকে ছেড়ে দিয়ে রাখেন। তারা যখন সংযোগ প্রার্থনার (সালাত) জন্য প্রস্তুতি নেয়, তারা অলসভাবে প্রস্তুতি নেয়। এটা এ কারণে যে তারা শুধু লোকদের সামনে প্রদর্শন করে, এবং তারা সামান্যই আল্লাহর চিন্তা করে।

[4:143] They waver in between, neither belonging to this group, nor that group. Whomever **GOD** sends astray, you will never find a way to guide him.

৪:১৪৩ তারা দুইয়ের মধ্যে দ্বিধাগ্রস্থ থাকে, না আছে এই দলে, না ঐ দলে। আল্লাহ যাকে

পথভ্রষ্ট করেন, তুমি তাকে পথ- প্রদর্শিত করতে কখনোই কোন পথ খুঁজে পাবে না।

[4:144] O you who believe, you shall not ally yourselves with the disbelievers, instead of the believers. Do you wish to provide **GOD** with a clear proof against you?

৪:১৪৪ হে তোমরা যারা বিশ্বাস কর, তোমরা নিজেদেরকে অবিশ্বাসীদের মিত্র করবে না, বিশ্বাসীদের পরিবর্তে। তোমরা কি নিজেদের বিরুদ্ধে আল্লাহকে সুস্পষ্ট প্রমাণ দিতে চাও?

*They Think That They Are Believers*  
তারা ভাবে যে তারা বিশ্বাসী

[4:145] The hypocrites will be committed to the lowest pit of Hell, and you will find no one to help them.

৪:১৪৫ ভণ্ডদের স্থান হবে নরকের সর্বনিম্ন খাঁদ, এবং তুমি তাদেরকে সাহায্য করতে কাউকে পাবে না।

[4:146] Only those who repent, reform, hold fast to **GOD**, and devote their religion absolutely to **GOD** alone, will be counted with the believers. **GOD** will bless the believers with a great recompense.

৪/১৪৬ শুধু যারা অনুশোচনা করে, সংশোধিত হয়, আল্লাহকে দৃঢ় ভাবে আকড়ে থাকে, এবং তাদের ধর্মকে পরিপূর্ণ ভাবে শুধু আল্লাহর প্রতি উৎসর্গ করে, তাদেরকে বিশ্বাসীদের সাথে গননা করা হবে। আল্লাহ বিশ্বাসীদের মহা প্রতিদান দিয়ে আশীর্বাদ করবেন।

[4:147] What will **GOD** gain from punishing you, if you became appreciative and believed? **GOD** is Appreciative, Omniscient.

৪/১৪৭ তোমাদের শাস্তি দিয়ে আল্লাহ কি অর্জন করবেন, যদি তোমরা কৃতজ্ঞ হয়ে বিশ্বাস কর? আল্লাহ সুবিবেচক, সর্বজ্ঞ।

*Do Not Use Bad Language*  
মন্দ ভাষা ব্যবহার করবেন না

[4:148] **GOD** does not like the utterance of bad language, unless one is treated with gross injustice. **GOD** is Hearer, Knower.

৪/১৪৮ আল্লাহ মন্দ ভাষা উচ্চারণ করা পছন্দ করেন না, যদি না কারো সাথে মহা অন্যায়ে করা হয়। আল্লাহ শ্রোতা, জ্ঞাত।

[4:149] If you work righteousness—either declared or concealed—or pardon a transgression, **GOD** is Pardon, Omnipotent.  
৪/১৪৯ যদি তোমরা সৎ কাজ করো- হোক তা প্রকাশ্য অথবা গোপন- অথবা কোন সীমালঙ্ঘন ক্ষমা করো, আল্লাহ ক্ষমাশীল, সর্বশক্তিমান।

*You Shall Not  
Make Any Distinction  
Among God's Messengers  
আল্লাহর বার্তাবাহকদের মাঝে  
আপনারা কোন পার্থক্য করবেন না*

[4:150] Those who disbelieve in **GOD** and His messengers, and seek to make distinction among **GOD** and His messengers, and say, "We believe in some and reject some," and wish to follow a path in between;  
৪/১৫০ যারা আল্লাহ এবং তাঁর বার্তাবাহকদের অশ্রদ্ধা করে, এবং আল্লাহ ও তাঁর বার্তাবাহকদের মাঝে পার্থক্য করতে চায়, এবং বলে, "আমরা কাউকে বিশ্বাস করি এবং কাউকে প্রত্যাখ্যান করি," এবং মধ্যবর্তী একটি পথ অনুসরণ করতে চায়।

[4:151] these are the real disbelievers. We have prepared for the disbelievers a shameful retribution.  
৪/১৫১ এরাই হচ্ছে প্রকৃত অশ্রদ্ধাসী। আমরা অশ্রদ্ধাসীদের জন্য প্রস্তুত রেখেছি এক লজ্জাকর শাস্তি।

[4:152] As for those who believe in **GOD** and His messengers, and make no distinction among them, He will grant them their recompense. **GOD** is Forgiver, Most Merciful.  
৪/১৫২ আর তাদের জন্য যারা আল্লাহ এবং তাঁর বার্তাবাহকদের বিশ্বাস করে, এবং তাদের মধ্যে কোন পার্থক্য করে না, তিনি তাদেরকে প্রতিদান দিবেন। আল্লাহ ক্ষমাকারী, পরম দয়ালু।

*Lessons From Israel  
ইসরাইল থেকে শিক্ষা*

[4:153] The people of the scripture challenge you to bring down to them a book from the sky! They have asked Moses for more than

that, saying, "Show us **GOD**, physically." Consequently, the lightning struck them, as a consequence of their audacity. Additionally, they worshiped the calf, after all the miracles they had seen. Yet, we pardoned all this. We supported Moses with profound miracles.

৪/১৫৩ ঐশীগ্রহের লোকেরা তোমাকে আকাশ থেকে তাদের কাছে একটি গ্রন্থ আনার চ্যালেঞ্জ করে! তারা মূসার কাছে এর চেয়ে বেশি চেয়েছিল, এই বলে যে, "আমাদেরকে আল্লাহ দেখাও, স্বশরীরে।" ফলস্বরূপ, বিদ্যুৎ চমক তাদের আঘাত করেছিল, তাদের দুঃসাহসের একটি ফলস্বরূপ। উপরন্তু, তারা সকল অলৌকিকতা দেখার পর বাছুর পূজা করেছিল। এরপরও, আমরা এই সব ক্ষমা করেছিলাম। আমরা মূসাকে প্রগাঢ় অলৌকিকতাসমূহ দিয়ে সমর্থন করেছিলাম।

[4:154] And we raised Mount Sinai above them, as we took their covenant. And we said to them, "Enter the gate humbly." And we said to them, "Do not desecrate the Sabbath." Indeed, we took from them a solemn covenant.

৪:১৫৪ এবং আমরা তাদের উপর সিনাই পর্বতকে তুলে ধরেছিলাম, যখন আমরা তাদের অঙ্গীকার নিয়েছিলাম। এবং আমরা তাদেরকে বলেছিলাম, "বিনীতভাবে দরজায় প্রবেশ কর।" এবং আমরা তাদেরকে বলেছিলাম, "সাব্বাথ (বিশ্রামের দিন) কে অপবিত্র করো না।" প্রকৃতপক্ষে, আমরা তাদের থেকে একটি সুদৃঢ় অঙ্গীকার নিয়েছিলাম।

[4:155] (*They incurred condemnation*) for violating their covenant, rejecting **GOD**'s revelations, killing the prophets unjustly, and for saying, "Our minds are made up!" In fact, **GOD** is the One who sealed their minds, due to their disbelief, and this is why they fail to believe, except rarely.

৪:১৫৫ (*তারা শাস্তি টেনে এনেছে*) তাদের অঙ্গীকার লঙ্ঘন করার জন্য, আল্লাহর প্রত্যাদেশসমূহ প্রত্যাঙ্কন করার জন্য, নবীদেরকে অন্যায়েভাবে হত্যা করার জন্য, এবং বলার জন্য যে, "আমাদের সিদ্ধান্ত স্থির হয়ে গেছে!" প্রকৃতপক্ষে, আল্লাহই তিনি যিনি তাদের অন্তরে মোহর এটে দিয়েছেন, তাদের অশ্রদ্ধাসের দরুন, এবং এ

কারনেই তারা বিশ্বাস করতে ব্যর্থ হয়, খুব কম সংখ্যক ছাড়া।

[4:156] (*They are condemned*) for disbelieving and uttering about Mary a gross lie.

৪/১৫৬ (তারা নিন্দিত) অবিশ্বাস করার জন্য এবং মরিয়ম সম্পর্কে এক স্পষ্ট মিথ্যা বলার জন্য।

*Crucifying "the Body" of Jesus \**

ঈসার "দেহকে" ক্রুশ বিদ্ধ করা

[4:157] And for claiming that they killed the Messiah, Jesus, son of Mary, the messenger of **GOD**. In fact, they never killed him, they never crucified him—they were made to think that they did. All factions who are disputing in this matter are full of doubt concerning this issue. They possess no knowledge; they only conjecture. For certain, they never killed him.\*

৪/১৫৭ এবং দাবী করার জন্য যে তারা আল্লাহর বার্তাবাহক, মরিয়মের পুত্র, ঈসা, মসিহকে হত্যা করেছে। প্রকৃত পক্ষে, তারা কখনোই তাকে হত্যা করেনি, তারা কখনোই তাকে ক্রুশ বিদ্ধ করেনি—তাদেরকে মনে করানো হয়েছিল যে তারা করেছিল। সকল বিরোধী দল যারা এই নিয়ে বিবাদ করছে, তারা এই সংক্রান্ত বিষয়ে পূর্ণ সন্দেহে রয়েছে। তাদের কোন জ্ঞান নেই, তারা শুধু অনুমান করে। নিশ্চিতই, তারা কখনই তাকে হত্যা করেনি।

\*4:157-158 *Jesus, the real person, the soul, was raised in the same manner as in the death of any righteous person. Subsequently, his enemies arrested, tortured, and crucified his living, but empty, body. See Appendices 17 & 22, and the book "Jesus: Myths and Message" by Lisa Spray (Universal Unity, Fremont, California, 1992).*

[4:158] Instead, **GOD** raised him to Him; **GOD** is Almighty, Most Wise.

৪/১৫৮ বরং, আল্লাহ তাঁর কাছে তাকে উঠিয়ে নিয়েছেন; আল্লাহ সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী।

[4:159] Everyone among the people of the scripture was required to believe in him before

his death. On the Day of Resurrection, he will be a witness against them.

৪/১৫৯ ঈশীগ্রন্থধারীদের সকলকে তার মৃত্যুর পূর্বে তার প্রতি বিশ্বাস আনা আবশ্যিক ছিল। পুনরুত্থান দিবসে, সে তাদের বিরুদ্ধে সাক্ষী হবে।

[4:160] Due to their transgressions, we prohibited for the Jews good foods that used to be lawful for them; also for consistently repelling from the path of **GOD**.

৪/১৬০ তাদের সীমাতিক্রমের কারণে, আমরা ইহুদীদের জন্য ভালো খাদ্য নিষিদ্ধ করেছিলাম যা তাদের জন্য আইনসিদ্ধ ছিল; অধিকন্তু অনবরত আল্লাহর পথে বাধা প্রদান করার জন্য।

[4:161] And for practicing usury, which was forbidden, and for consuming the people's money illicitly. We have prepared for the disbelievers among them painful retribution.

৪/১৬১ এবং চড়া সুদ অনুশীলনের জন্য, যা নিষিদ্ধ ছিল এবং লোকেদের অর্থ অন্যায়ভাবে ভোগ করার জন্য। আমরা তাদের মধ্যকার অবিশ্বাসীদের জন্য প্রস্তুত রেখেছি যন্ত্রনাদায়ক শাস্তি।

[4:162] As for those among them who are well founded in knowledge, and the believers, they believe in what was revealed to you, and in what was revealed before you. They are observers of the Contact Prayers (*Salat*), and givers of the obligatory charity (*Zakat*); they are believers in **GOD** and the Last Day. We grant these a great recompense.

৪/১৬২ আর তাদের মধ্যে যাদের জ্ঞান দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত এবং বিশ্বাসীরা, তারা বিশ্বাস করে যা তোমার প্রতি অবতীর্ণ হয়েছিল এবং যা তোমার পূর্বে অবতীর্ণ হয়েছিল। তারা সংযোগ প্রার্থনাসমূহ (*সালাত*) পালনকারী, এবং বাধ্যতামূলক দান (যাকাত) প্রদানকারী; তারা আল্লাহতে এবং শেষ দিবসে বিশ্বাসকারী। আমরা তাদেরকে এক মহা প্রতিদান প্রদান করি।

*God's Messengers*

*আল্লাহর বার্তাবাহকরা*

[4:163] We have inspired you, as we inspired Noah and the prophets after him. And we inspired Abraham, Ismail, Isaac, Jacob, the Patriarchs, Jesus, Job, Jonah, Aaron, and Solomon. And we gave David the Psalms.

৪/১৬৩ আমরা তোমাকে অনুপ্রানিত করেছি, যেমন অনুপ্রানিত করেছিলাম নুহ এবং তার পরের নবীদেরকে। এবং আমরা অনুপ্রানিত করেছিলাম

ইব্রাহিম, ইসমাইল, ইসহাক, ইয়াকুব, গোত্রপ্রধানদের, ঈসা, আয়ুব, ইউনুস, হারুন, এবং সোলাইমানকে। এবং আমরা দাউদকে যবুর দিয়েছিলাম।

[4:164] Messengers we have told you about, and messengers we never told you about. And **GOD** spoke to Moses directly.

৪/১৬৪ বার্তাবাহকরা, যাদের সম্পর্কে আমরা তোমাকে বলেছি, এবং বার্তাবাহকেরা, যাদের সম্পর্কে আমরা তোমাকে কখনো বলিনি। এবং আল্লাহ মুসার সাথে সরাসরি কথা বলেছিলেন।

[4:165] Messengers to deliver good news, as well as warnings. Thus, the people will have no excuse when they face **GOD**, after all these messengers have come to them. **GOD** is Almighty, Most Wise.

৪/১৬৫ বার্তাবাহকেরা সুসংবাদ, একই সাথে সতর্কতা প্রদান করতে আসে। এভাবে, লোকদের কোন অজুহাত থাকবে না যখন তারা আল্লাহর সম্মুখীন হয়, তাদের কাছে এই সকল বার্তাবাহকদের আসার পর। আল্লাহ সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী।

[4:166] But **GOD** bears witness concerning what He has revealed to you; He has revealed it with His knowledge. And the angels bear witness as well, but **GOD** suffices as witness.

৪/১৬৬ কিন্তু আল্লাহ সাক্ষ্য দেন, সে সম্বন্ধে, যা তিনি তোমার কাছে প্রকাশ করেছেন; তিনি তাঁর জ্ঞান থেকে তা প্রকাশ করেছেন। এবং ফেরেশতারা একই রকম সাক্ষ্য দেয়, কিন্তু সাক্ষী হিসেবে আল্লাহই যথেষ্ট।

[4:167] Surely, those who disbelieve and repel from the way of **GOD** have strayed far astray.

৪/১৬৭ নিশ্চিতভাবে, যারা অ বিশ্বাস করে এবং আল্লাহর পথে বাধা দেয়, তারা বহুদূর পথভ্রষ্ট হয়েছে।

[4:168] Those who disbelieve and transgress, **GOD** will not forgive them, nor will He guide them in any way;

৪/১৬৮ যারা অ বিশ্বাস করে এবং সীমাতিক্রম করে, আল্লাহ তাদেরকে ক্ষমা করবেন না, না তিনি তাদেরকে কোন ভাবে পথপ্রদর্শন করবেন;

[4:169] except the way to Hell, wherein they abide forever. This is easy for **GOD** to do.

৪/১৬৯ নরকের পথে ছাড়া, যেখানে তারা চিরকাল বসবাস করে। এটা আল্লাহর জন্য করা সহজ।

[4:170] O people, the messenger has come to you with the truth from your Lord. Therefore, you shall believe for your own good. If you disbelieve, then to **GOD** belongs everything in the heavens and the earth. **GOD** is Omniscient, Most Wise.

৪/১৭০ হে লোকেরা, বার্তাবাহক তোমাদের কাছে তোমাদের প্রভুর পক্ষ থেকে সত্য সহকারে এসেছে। সুতরাং, তোমারা তোমাদের নিজেদের ভালোর জন্য বিশ্বাস করবে। যদি তোমারা অ বিশ্বাস করো; তবে আকাশ এবং পৃথিবীর সবকিছু আল্লাহর। আল্লাহ সর্বজ্ঞ, সবচেয়ে জ্ঞানী।

*Trinity: A False Doctrine*

*ত্রিমূর্তি/ত্রিত্ব: একটি মিথ্যা মতবাদ*

[4:171] O people of the scripture, do not transgress the limits of your religion, and do not say about **GOD** except the truth. The Messiah, Jesus, the son of Mary, was a messenger of **GOD**, and His word that He had sent to Mary, and a revelation from Him. Therefore, you shall believe in **GOD** and His messengers. You shall not say, "Trinity." You shall refrain from this for your own good.

**GOD** is only one god. Be He glorified; He is much too glorious to have a son. To Him belongs everything in the heavens and everything on earth. **GOD** suffices as Lord and Master.

৪/১৭১ হে ঐশীগ্রন্থের লোকেরা, তোমাদের ধর্মের সীমা অতিক্রম করো না, এবং আল্লাহ সম্পর্কে সত্য ছাড়া বলবে না। মরিয়মের পুত্র, ঈসা, মসিহ ছিল আল্লাহর বার্তাবাহক, এবং তাঁর বানী যা তিনি মরিয়মের কাছে পাঠিয়েছিলেন, এবং তাঁর থেকে একটি প্রকাশনা। সুতরাং, তোমারা আল্লাহ এবং তাঁর বার্তাবাহকদের বিশ্বাস করবে। তোমারা "ত্রিত্ব" বলবে না। তোমারা তোমাদের নিজেদের ভালোর জন্য এটি থেকে বিরত থাকবে। আল্লাহই



শুধুমাত্র একক উপাস্য। তিনি মহিমাম্বিত; পুত্র থাকার চেয়ে তিনি অনেক বেশি মহিমাম্বিত। আসমান সমূহে যা কিছু আছে এবং পৃথিবীতে যা কিছু আছে, সব তাঁর। আল্লাহ প্রভু এবং মনিব হিসেবে যথেষ্ট।

[4:172] The Messiah would never disdain from being a servant of **GOD**, nor would the closest angels. Those who disdain from worshiping Him, and are too arrogant to submit, He will summon them all before Him.

৪/১৭২ মসিহ আল্লাহর একজন দাস হওয়ায় কখনোই ঘৃণা করত না, না করত নিকটতম ফেরেশতারা। যারা তাকে উপাসনা করতে ঘৃণা করে, এবং আত্মসমর্পণ করতে খুব অহংকারী, তিনি তাদের সবাইকে তাঁর সামনে তলব করবেন।

[4:173] As for those who believe and lead a righteous life, He will fully recompense them, and shower them with His grace. As for those who disdain and turn arrogant, He will commit them to painful retribution. They will find no lord beside **GOD**, nor a savior.

৪/১৭৩ আর যারা বিশ্বাস করে এবং সৎ জীবন-যাপন করে, তিনি তাদেরকে পরিপূর্ণ প্রতিদান দিবেন, এবং তাদেরকে তাঁর করুণা বর্ষন করবেন। আর যারা ঘৃণা করে এবং অহংকারী হয়, তিনি তাদেরকে যন্ত্রনাদায়ক শাস্তি দিবেন। তারা আল্লাহর পাশে না পাবে কোন প্রভু, না কোন রক্ষাকারী।

*The Quran's Mathematical Code: Tangible, Irrefutable Proof*  
কোরানের গাণিতিক কোড: বাস্তব, অখণ্ডনীয় প্রমাণ

[4:174] O people, a proof has come to you from your Lord; we have sent down to you a profound beacon.

৪/১৭৪ হে লোকেরা, তোমাদের প্রভু হতে তোমাদের কাছে একটি প্রমাণ এসেছে ; আমরা তোমাদের কাছে এক প্রগাঢ় আলোকবর্তিকা অবতীর্ণ করেছি।

[4:175] Those who believe in **GOD**, and hold fast to Him, He will admit them into mercy from Him, and grace, and will guide them to Him in a straight path.

৪/১৭৫ তারা যারা আল্লাহকে বিশ্বাস করে, এবং তাকে আঁকড়ে ধরে থাকে, তিনি তাদেরকে তাঁর

পক্ষ থেকে করুণা, এবং দয়া মঞ্জুর করবেন, এবং তাদেরকে তাঁর দিকে পথ-প্রদর্শিত করবেন, এক সরল পথে।

[4:176] They consult you; say, "**GOD** advises you concerning the single person. If one dies and leaves no children, and he had a sister, she gets half the inheritance. If she dies first, he inherits from her, if she left no children. If there were two sisters, they get two-thirds of the inheritance. If the siblings are men and women, the male gets twice the share of the female." **GOD** thus clarifies for you, lest you go astray. **GOD** is fully aware of all things.

৪/১৭৬ তারা তোমার সাথে পরামর্শ করে; বল, “আল্লাহ অবিবাহিত ব্যক্তির বিষয়ে তোমাদেরকে উপদেশ দেন। যদি কেউ মৃত্যুবরণ করে এবং কোন সন্তান রেখে না যায়, এবং তার একজন বোন থাকে, সে উত্তরাধিকারের অর্ধেক পাবে। যদি সে (বোন) পূর্বে মৃত্যুবরণ করে, সে (ভাই) তার থেকে উত্তরাধিকার প্রাপ্ত হবে, যদি সে কোন সন্তান রেখে না যায়। যদি দুই বোন হয়, তারা উত্তরাধিকারের দুই তৃতীয়াংশ পাবে। যদি সহোদর পুরুষ এবং নারী হয়, পুরুষ নারীর দিগুন পাবে।” আল্লাহ এভাবে তোমাদের জন্য পরিষ্কার বর্ণনা করেন, পাছে তোমরা পথভ্রষ্ট হও। আল্লাহ সবকিছু সম্পর্কে পূর্ণ অবগত।

## Sura 5: The Feast (Al-Mā'edah)

[5:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

৫/০ পরম করুণাময়, পরম দয়ালু আল্লাহর নামে  
শুরু করছি।

[5:1] O you who believe, you shall fulfill your  
covenants. Permitted for you to eat are the  
livestock, except those specifically prohibited  
herein. You shall not permit hunting  
throughout Hajj pilgrimage. **GOD** decrees  
whatever He wills.

৫/১ হে তোমরা যারা বিশ্বাস কর, তোমরা  
তোমাদের অঙ্গীকারসমূহ পরিপূর্ণ করবে।  
তোমাদের জন্য গবাদি পশু খাওয়া  
অনুমোদিত, সেগুলো ছাড়া যেগুলো এখানে  
নির্দিষ্টভাবে নিষেধ করা হয়েছে। তোমরা পুরো  
হজ্ব তীর্থযাত্রা জুড়ে শিকার করাকে অনুমোদন  
করবে না। আল্লাহ যা ইচ্ছা জারি করেন।

[5:2] O you who believe, do not violate the  
rites instituted by **GOD**, nor the Sacred  
Months, nor the animals to be offered, nor the  
garlands marking them, nor the people who  
head for the Sacred Shrine (*Ka'bah*) seeking  
blessings from their Lord and approval. Once  
you complete the pilgrimage, you may hunt.\*  
Do not be provoked into aggression by your  
hatred of people who once prevented you from  
going to the Sacred Masjid. You shall  
cooperate in matters of righteousness and  
piety; do not cooperate in matters that are  
sinful and evil. You shall observe **GOD**.

**GOD** is strict in enforcing retribution.

৫/২ হে যারা বিশ্বাস কর, না লঙ্ঘন করবে  
আল্লাহর দ্বারা প্রতিষ্ঠিত ধর্মানুষ্ঠানসমূহ, না পবিত্র  
মাসসমূহ, না সে পশু যেগুলো উৎসর্গ করা  
হবে, না মালাগুলো যা তাদের চিহ্নিত করছে, না  
সে লোকদেরকে যারা পবিত্র তীর্থস্থান (কাবার)  
অভিমুখে যায়, খুঁজতে তাদের প্রভুর পক্ষ থেকে  
দান এবং অনুমোদন। যখন তোমরা তীর্থযাত্রা  
সম্পন্ন কর, তোমরা শিকার করতে পার।  
আগ্রাসনে প্ররোচিত হয়ো না, সে লোকদের  
প্রতি তোমাদের ঘৃণার দ্বারা, যারা এক সময়  
তোমাদেরকে পবিত্র মসজিদে যেতে বাধা  
দিয়েছিল। তোমরা সৎকর্মশীলতা এবং  
ধার্মিকতার বিষয়ে সহযোগিতা  
করবে; সহযোগিতা করবে না সে বিষয়সমূহে

যেগুলো পাপপূর্ণ এবং মন্দ। তোমরা আল্লাহকে  
মান্য করবে। শান্তি প্রয়োগে আল্লাহ কঠোর।

\*5:2 *Hunting and the cutting of plants are  
forbidden during pilgrimage for the  
conservation of natural resources. With  
thousands of pilgrims converging on Mecca, if  
hunting were permitted, the land would quickly  
be stripped of its natural resources. Animal  
offerings are made part of the pilgrimage to  
provide for the converging pilgrims, as well as  
the local population, and to replenish any  
depleted supplies. See 2:196.*

*Only Four Meats Prohibited*

*"Animals that die*

*of themselves "Defined*

*শুধু চার প্রকার মাংস নিষিদ্ধ*

*"নিজে নিজেই মারা যায়*

*এমন পশুগুলো" সংজ্ঞায়িত*

[5:3] Prohibited for you are animals that die of  
themselves, blood, the meat of pigs,\* and  
animals dedicated to other than **GOD**.

*(Animals that die of themselves include those)*  
strangled, struck with an object, fallen from a  
height, gored, attacked by a wild  
animal—unless you save your animal before it  
dies—and animals sacrificed on altars. Also  
prohibited is dividing the meat through a game  
of chance; this is an abomination. Today, the  
disbelievers have given up concerning *(the  
eradication of)* your religion; do not fear them  
and fear Me instead. Today, I have completed  
your religion, perfected My blessing upon you,  
and I have decreed Submission as the religion  
for you. If one is forced by famine *(to eat  
prohibited food)*, without being deliberately  
sinful, then **GOD** is Forgiver, Merciful.

৫/৩ তোমাদের জন্য নিষিদ্ধ সেসব পশু যেগুলো  
নিজে নিজে মারা যায়, রক্ত, শিকরের  
মাংস, এবং সেসব পশু যেগুলো আল্লাহ ছাড়া  
অন্য কারো প্রতি উৎসর্গীকৃত। *(যেসব পশু নিজে  
নিজে মারা যায় অন্তর্ভুক্ত হয় সেগুলোর  
যেগুলো)* শ্বাসরোধকৃত, কোন বস্তু দ্বারা  
আঘাতপ্রাপ্ত, উপর থেকে পতিত, তীক্ষ্ণ বস্তু দ্বারা  
বিদ্ধ, বন্য পশু দ্বারা আক্রান্ত - যদি না তোমরা  
তোমাদের পশুকে এটি মরার পূর্বে রক্ষা কর-  
এবং বেদীতে উৎসর্গীকৃত পশু। আরো নিষিদ্ধ  
ভাগ্যের খেলার মাধ্যমে মাংস বন্টন করা ;  
এটি একটি ঘৃণ্য কাজ। আজ, অবিশ্বাসীরা  
তোমাদের ধর্ম (সমূলে উৎপাটনের) বিষয়ে আশা

ছেড়ে দিয়েছে; তাদেরকে ভয় করো না এবং বদলে আমাকে ভয় করো। আজ, আমি তোমাদের ধর্ম সম্পূর্ণ করেছি, তোমাদের উপর আমার আশীর্বাদ যথার্থ করেছি, এবং আমি আত্মসমর্পণকে তোমাদের জন্য ধর্ম হিসেবে জারি করেছি। যদি কেউ দুর্ভিক্ষের জন্য বাধ্য হয় (নিষিদ্ধ খাদ্য খেতে), ইচ্ছাকৃতভাবে পাপপূর্ণ না হয়ে, তবে আল্লাহ ক্ষমাকারী, দয়ালু।

*\*5:3 The "meat" of the pig is prohibited, not the "fat." Anything that is not specifically prohibited in the Quran must be considered lawful. See 6:145-146.*

[5:4] They consult you concerning what is lawful for them; say, "Lawful for you are all good things, including what trained dogs and falcons catch for you." You train them according to **GOD's** teachings. You may eat what they catch for you, and mention **GOD's** name thereupon. You shall observe **GOD**. **GOD** is most efficient in reckoning.

[০৫:০৪] তারা তোমার সাথে পরামর্শ করে, কি তাদের জন্য আইনসম্মত সে বিষয়ে; বল, "তোমাদের জন্য সকল ভালো জিনিস আইনসম্মত, এর মধ্যে আছে সেগুলো যা প্রশিক্ষণ প্রাপ্ত কুকুর এবং বাজপাখি তোমাদের জন্য ধরে আনে," তোমরা তাদেরকে আল্লাহর শিক্ষা অনুসারে প্রশিক্ষণ দাও। তোমরা খেতে পারো যা তারা তোমাদের জন্য ধরে আনে, এবং সেগুলোর উপর আল্লাহর নাম বল। তোমরা আল্লাহকে মান্য করবে। আল্লাহ হিসাব গ্রহণে সবচেয়ে দক্ষ।

[5:5] Today, all good food is made lawful for you. The food of the people of the scripture is lawful for you. Also, you may marry the chaste women among the believers, as well as the chaste women among the followers of previous scripture, provided you pay them their due dowries. You shall maintain chastity, not committing adultery, nor taking secret lovers. Anyone who rejects faith, all his work will be in vain, and in the Hereafter he will be with the losers.

৫/৫ আজ, সকল ভালো খাদ্য তোমাদের জন্য আইনসম্মত করা হলো। ঐশীগ্রন্থের লোকদের খাদ্য তোমাদের জন্য আইনসম্মত। আরও, তোমরা বিশ্বাসীদের মধ্যে চরিত্রবান নারীদের বিয়ে করতে পারো, একই ভাবে পূর্ববর্তী ঐশীগ্রন্থের অনুসারীদের মধ্যে চরিত্রবান

নারীদের, এই শর্তে যে তোমরা তাদেরকে তাদের প্রাপ্য মোহর প্রদান করবে। তোমরা (যৌগ) শুদ্ধতা বজায় রাখবে, ব্যভিচারে লিপ্ত না হয়ে, না গোপন প্রেমিক/প্রেমিকা রেখে। যে কেউ বিশ্বাস প্রত্যাখ্যান করে, তার সকল কর্ম নিষ্ফল হবে, এবং পরকালে সে ক্ষতিগ্রন্থদের সাথে থাকবে।

*Ablution*  
*ওজু*

[5:6] O you who believe, when you observe the Contact Prayers (*Salat*), you shall: (1) wash your faces, (2) wash your arms to the elbows, (3) wipe your heads, and (4) wash your feet to the ankles. If you were unclean due to sexual orgasm, you shall bathe. If you are ill, or traveling, or had any digestive excretion (*urinary, fecal, or gas*), or had (*sexual*) contact with the women, and you cannot find water, you shall observe the dry ablution (*Tayammum*) by touching clean dry soil, then rubbing your faces and hands. **GOD** does not wish to make the religion difficult for you; He wishes to cleanse you and to perfect His blessing upon you, that you may be appreciative.

৫/৬ হে তোমরা যারা বিশ্বাস করো, যখন তোমরা সংযোগ প্রার্থনা (সালাত) প্রতিষ্ঠা করো, তোমরাঃ (১) তোমাদের মুখমণ্ডল ধোবে, (২) তোমাদের হাত কনুই পর্যন্ত ধোবে, (৩) তোমাদের মাথা মুছবে, এবং (৪) তোমাদের পায়ের পাতা গোড়ালি পর্যন্ত ধোবে। যদি তোমরা যৌন উত্তেজনার কারণে অপরিষ্কার থাকো, তোমরা গোসল করবে। যদি তোমরা অসুস্থ থাকো, অথবা ভ্রমনে থাকো, অথবা কোন পরিপাক ঘটিত নিঃসরণ থেকে থাকে (মূত্রজনিত, মলজনিত, অথবা বায়ু), অথবা নারীদের সাথে (যৌন) সংস্পর্শে এসে থাকো, এবং তোমরা পানি না পাও, তখন তোমরা শুষ্ক অজু (তায়াম্মুম) করবে পরিষ্কার শুষ্ক মাটি স্পর্শে করে, এরপর তোমাদের মুখমণ্ডল এবং হাত মুছার দ্বারা। আল্লাহ তোমাদের জন্য ধর্মকে কঠিন করতে চান না; তিনি তোমাদের পরিষ্কার করতে চান এবং তোমাদের প্রতি তাঁর আশীর্বাদ পূর্ণ করতে চান, যাতে তোমরা কৃতজ্ঞ হতে পার।

[5:7] Remember **GOD's** blessing upon you, and His covenant that He covenanted with you: you said, "We hear and we obey." You shall observe **GOD**; **GOD** is fully aware of the innermost thoughts.

৫/৭ তোমাদের প্রতি আল্লাহর আশীর্বাদকে স্মরণ করো, এবং তাঁর অঙ্গীকার যাতে তিনি তোমাদের সাথে অঙ্গীকারাবদ্ধঃ তোমরা বলেছিলে, “আমরা শুনি এবং আমরা মান্য করি।” তোমরা আল্লাহকে মান্য করবে; আল্লাহ অন্তরের গভীরতম চিন্তা সম্পর্কে পরিপূর্ণ অবগত।

*You Shall Not Bear False Witness*

*তোমরা মিথ্যা সাক্ষী দেবে না*

[5:8] O you who believe, you shall be absolutely equitable, and observe **GOD**, when you serve as witnesses. Do not be provoked by your conflicts with some people into committing injustice. You shall be absolutely equitable, for it is more righteous. You shall observe **GOD**. **GOD** is fully Cognizant of everything you do.

৫/৮ হে তোমরা যারা বিশ্বাস করো, তোমরা সম্পূর্ণরূপে ন্যায়পরায়ণ হবে, এবং আল্লাহকে মান্য করবে, যখন তোমরা সাক্ষী হিসাবে দায়িত্ব পালন করো। কিছু লোকের সাথে তোমাদের কলহের দরুন অবিচার করতে প্ররোচিত হইও না। তোমরা সম্পূর্ণরূপে ন্যায়পরায়ণ হবে, কারণ এটা অধিকতর ন্যায়নিষ্ঠ। তোমরা আল্লাহকে মান্য করবে। আল্লাহ তোমাদের করা সবকিছু সম্পর্কে পরিপূর্ণ অবগত।

[5:9] **GOD** promises those who believe and lead a righteous life forgiveness and a great recompense.

৫/৯ যারা বিশ্বাস করে এবং সৎ জীবন- যাপন করে তাদেরকে আল্লাহ ক্ষমা এবং এক মহা প্রতিদানের অঙ্গীকার করেন।

[5:10] As for those who disbelieve and reject our revelations, they are the dwellers of Hell.

৫/১০ তাদের জন্য যারা অবিশ্বাস করে এবং আমাদের প্রকাশনাসমূহ প্রত্যাখ্যান করে, তারা নরকের অধিবাসী।

*God Defends the Believers*

*আল্লাহ বিশ্বাসীদের রক্ষা করেন*

[5:11] O you who believe, remember **GOD**'s blessings upon you; when some people extended their hands to aggress against you, He protected you and withheld their hands. You shall observe **GOD**; in **GOD** the believers shall trust.

৫/১১ হে তোমরা যারা বিশ্বাস কর, তোমাদের উপর আল্লাহর আশীর্বাদকে স্মরণ কর; যখন কিছু লোক তোমাদের বিরুদ্ধে হামলা করতে হাত বাড়িয়েছিল, তিনি তোমাদেরকে রক্ষা

করেছিলেন এবং তাদের হাতগুলো আটকে রেখেছিলেন। তোমরা আল্লাহকে মান্য করবে; বিশ্বাসীরা আল্লাহতে আস্থা রাখবে।

*Conditions for Staying Within God's Protection\**

*আল্লাহর সুরক্ষার মধ্যে*

*থাকার শর্ত*

[5:12] **GOD** had taken a covenant from the Children of Israel, and we raised among them twelve patriarchs. And **GOD** said, "I am with you, so long as you observe the Contact Prayers (*Salat*), give the obligatory charity (*Zakat*), and believe in My messengers and respect them, and continue to lend **GOD** a loan of righteousness. I will then remit your sins, and admit you into gardens with flowing streams. Anyone who disbelieves after this, has indeed strayed off the right path."

৫/১২ আল্লাহ ইসরাইলের সন্তানদের থেকে একটি অঙ্গীকার নিয়েছিলেন, এবং আমরা তাদের মধ্যে বার জন গোত্রপতির উত্থান করেছিলাম। এবং আল্লাহ বলেছিলেন, "আমি তোমাদের সাথে আছি, যতক্ষণ তোমরা সংযোগ প্রার্থনাসমূহ (*সালাত*) পালন কর, বাধ্যতামূলক দান (*যাকাত*) দাও, এবং আমার বার্তাবাহকদের বিশ্বাস কর এবং তাদেরকে সম্মান কর, এবং আল্লাহকে সৎকর্মশীলতার ঋন দেয়া অব্যাহত রাখ। তাহলে আমি তোমাদের পাপসমূহ ক্ষমা করবো, এবং তোমাদেরকে প্রবাহিত বার্নাসহ বাগানসমূহে প্রবেশ করাব। যেকেউ এরপর অবিশ্বাস করে, অবশ্যই সঠিক পথ থেকে বিচ্যুত হয়েছে।"

*\*5:12 If you fulfill the requirements stated in this verse, God will let you know that He is with you; you will have no doubt about it.*

*Prominent among God's signs are mathematical signs for those who understand the Quran's miracle (Appendix 1).*

*Consequences of Violating*

*God's Covenant*

*আল্লাহর অঙ্গীকার*

*লঙ্ঘনের ফল*

[5:13] It was a consequence of their violating the covenant that we condemned them, and we caused their hearts to become hardened. Consequently, they took the words out of context, and disregarded some of the commandments given to them. You will continue to witness betrayal from them, excepting a few of them. You shall pardon them, and disregard them. **GOD** loves those who are benevolent.

৫/১৩ এটি ছিল তাদের সে অঙ্গীকার ভঙ্গের ফল যা আমরা তাদেরকে নিষেধ করেছিলাম, এবং আমরা তাদের অন্তরকে কঠিন হতে দিয়েছিলাম। ফলস্বরূপ, তারা কথাগুলো প্রসঙ্গের বাইরে নিয়েছিল, এবং তাদেরকে দেয়া কিছু আদেশকে অবহেলা করেছিল। তুমি অনবরত তাদের থেকে বিশ্বাসঘাতকতা প্রত্যক্ষ করবে, তাদের কিছু সংখ্যক ছাড়া। তুমি তাদেরকে মাফ করবে, এবং তাদেরকে উপেক্ষা করবে। আল্লাহ তাদেরকে ভালবাসেন যারা হিতৈষী।

*Christians, too, Must Obey  
God's Messenger*

*খ্রিস্টানদেরও, আল্লাহর বার্তাবাহককে  
অবশ্যই মান্য করতে হবে*

[5:14] Also from those who said, "We are Christian," we took their covenant. But they disregarded some of the commandments given to them. Consequently, we condemned them to animosity and hatred among themselves, until the Day of Resurrection. **GOD** will then inform them of everything they had done.

৫/১৪ আরো তাদের থেকে যারা বলেছিল, "আমরা খ্রিস্টান", আমরা তাদের অঙ্গীকার নিয়েছিলাম। কিন্তু তারা তাদেরকে দেয়া কিছু হুকুম উপেক্ষা করেছিল। ফলস্বরূপ, আমরা শাস্তি হিসেবে দিয়েছিলাম তাদের নিজেদের মধ্যে শত্রুতা এবং ঘৃণা, পুনরুত্থান দিন পর্যন্ত। আল্লাহ এরপর তাদেরকে জানাবেন সবকিছু যা তারা করেছিল।

*The Quran: God's Message to the  
Jews and Christians*

*কোরান : ইহুদী এবং খ্রিস্টানদের কাছে  
আল্লাহর বার্তা*

[5:15] O people of the scripture, our messenger has come to you to proclaim for you many things you have concealed in the scripture, and to pardon many other transgressions you have committed. A beacon has come to you from **GOD**, and a profound scripture.

৫/ ১৫ হে ঐশীগ্রন্থের লোকেরা, আমাদের বার্তাবাহক তোমাদের কাছে এসেছে তোমাদের জন্য ঘোষণা করতে অনেক বিষয় যা তোমরা ঐশীগ্রন্থে গোপন করেছ, এবং ক্ষমা করতে আরো অনেক সীমালঙ্ঘন যা তোমরা করেছ। আল্লাহ থেকে তোমাদের কাছে এক আলোকবর্তিকা এসেছে, এবং একটি জ্ঞানগর্ভ ঐশীগ্রন্থ।

[5:16] With it, **GOD** guides those who seek His approval. He guides them to the paths of

peace, leads them out of darkness into the light by His leave, and guides them in a straight path.

৫/১৬ এটা দিয়ে, আল্লাহ তাদেরকে পথপ্রদর্শন করেন যারা তাঁর সম্মতি খোজ করে। তিনি তাদেরকে শান্তির পথে পথপ্রদর্শন করেন, তাঁর সম্মতিতে অন্ধকার থেকে আলোর দিকে পরিচালিত করেন, এবং একটি সরল পথে পথপ্রদর্শন করেন।

*Gross Blasphemy  
মহা মিথ্যারোপ*

[5:17] Pagans indeed are those who say that **GOD** is the Messiah, the son of Mary. Say, "Who could oppose **GOD** if He willed to annihilate the Messiah, son of Mary, and his mother, and everyone on earth?" To **GOD** belongs the sovereignty of the heavens and the earth, and everything between them. He creates whatever He wills. **GOD** is Omnipotent.

৫/১৭ নিশ্চয়ই তারা অংশীদার সাব্যস্তকারী যারা বলে যে, মরিয়মের পুত্র, মসিহ হচ্ছে আল্লাহ, বল, "কে আল্লাহর বিরোধিতা করতে পারে, যদি তিনি নিশ্চিহ্ন করতে চান মরিয়মের পুত্র মসিহ এবং তার মাকে, এবং পৃথিবীর উপরের সকলকে?" আকাশমন্ডলী এবং পৃথিবীর, এবং তাদের মধ্যকার সবকিছুর সার্বভৌমত্ব আল্লাহর। তিনি সৃষ্টি করেন, যা কিছু তিনি ইচ্ছা করেন। আল্লাহ সর্বশক্তিমান।

*God's Messenger to the Jews,  
Christians and Muslims*

*ইহুদী, খ্রিস্টান এবং মুসলিমদের  
কাছে আল্লাহর বার্তাবাহক*

[5:18] The Jews and the Christians said, "We are **GOD**'s children and His beloved." Say, "Why then does He punish you for your sins? You are just humans like the other humans He created." He forgives whomever He wills and punishes whomever He wills. To **GOD** belongs the sovereignty of the heavens and the earth, and everything between them, and to Him is the final destiny.

৫/১৮ ইহুদী এবং খ্রিস্টানরা বলেছিল, "আমরা আল্লাহর সন্তান এবং তাঁর অতিশয় প্রিয়।" বল, "তবে কেন তিনি তোমাদেরকে তোমাদের পাপের জন্য শাস্তি দেন? তোমরা শুধু তাঁর সৃষ্ট অন্যান্য মানুষদের মতই মানুষ"। তিনি যাকে ইচ্ছা ক্ষমা করেন এবং যাকে ইচ্ছা শাস্তি দেন। আকাশমন্ডলী এবং পৃথিবীর, এবং

তাদের মধ্যকার সবকিছুর সার্বভৌমত্ব  
আল্লাহর, এবং তাঁরই নিকট চূড়ান্ত নিয়তি।

*God's Messenger of the Covenant*  
আল্লাহর অঙ্গীকারকৃত বার্তাবাহক

[5:19] O people of the scripture, our messenger has come to you, to explain things to you, after a period of time without messengers, lest you say, "We did not receive any preacher or warner." A preacher and warner has now come to you. **GOD** is Omnipotent.\*

৫/১৯ হে ঐশীগ্রন্থের লোকেরা, আমাদের বার্তাবাহক তোমাদের কাছে এসেছে, তোমাদের কাছে বিষয়সমূহ ব্যাখ্যা করতে, বার্তাবাহকহীন একটি সময়কালের পর, পাছে তোমরা বল, “আমরা কোন ধর্মপ্রচারক অথবা সতর্ককারী পাই নি”। একজন ধর্মপ্রচারক এবং সতর্ককারী এখন তোমাদের কাছে এসেছে। আল্লাহ সর্বশক্তিমান।

\*5:19 This verse reports the fulfillment of the biblical and Quranic prophecy regarding the advent of God's Messenger of the Covenant (Malachi 3:1, Quran 3:81). The name of this messenger is mathematically coded into the Quran as "Rashad Khalifa." This very special verse warrants the presentation of specific evidence. By adding the gematrical value of "Rashad" (505), plus the value of "Khalifa" (725), plus the sura number (5), plus the verse number (19), we obtain a total of  $505+725+5+19 = 1254$ , or  $19 \times 66$ . Nineteen is the Quran's common denominator, which was revealed through Rashad Khalifa. More evidence and specific details are in Appendix 2.

[5:20] Recall that Moses said to his people, "O my people, remember **GOD**'s blessings upon you: He appointed prophets from among you, made you kings, and granted you what He never granted any other people.

৫/২০ স্মরণ করো, মুসা তার লোকদের বলেছিল, “হে আমার লোকেরা, তোমাদের উপর আল্লাহর আশীর্বাদকে স্মরণ করোঃ তিনি তোমাদের মধ্যে থেকে নবীদেরকে নিযুক্ত করেছিলেন, তোমাদেরকে রাজা বানিয়েছিলেন, এবং তোমাদেরকে দিয়েছিলেন, যা তিনি অন্য কোন লোকদের কখনো দেননি।

*God Gives the Holy Land to Israel*  
আল্লাহ ঈসরাইলীদের  
পবিত্র ভূমি দেন

[5:21] "O my people, enter the holy land that **GOD** has decreed for you, and do not rebel, lest you become losers."

৫/২১ "হে আমার লোকেরা, সে পবিত্র ভূমিতে প্রবেশ কর, যা আল্লাহ তোমাদের জন্য জারি করেছেন, এবং বিদ্রোহ করো না, পাছে তোমরা ক্ষতিগ্রস্ত হও"।

[5:22] They said, "O Moses, there are powerful people in it, and we will not enter it, unless they get out of it. If they get out, we are entering."

৫/২২ তারা বলেছিল, "হে মুসা, এতে শক্তিশালী লোকেরা আছে, এবং আমরা এতে প্রবেশ করবো না, যদি না তারা তা থেকে বেড়িয়ে আসে। যদি তারা বের হয়, আমরা প্রবেশ করছি।"

[5:23] Two men who were reverent and blessed by **GOD** said, "Just enter the gate. If you just enter it, you will surely prevail. You must trust in **GOD**, if you are believers."

৫/২৩ দু' জন পুরুষ, যারা ছিল সশ্রদ্ধ এবং আল্লাহর আশীর্বাদপ্রাপ্ত, বলেছিল, "শুধু দরজা দিয়ে প্রবেশ করো। যদি তোমরা শুধু এতে প্রবেশ কর, তোমরা নিশ্চিতভাবে জয়লাভ করবে। তোমরা অবশ্যই আল্লাহতে আস্থা রাখবে, যদি তোমরা বিশ্বাসী হও।"

*Despite All the Miracles They Saw*  
তারা সকল

অলৌকিকতাসমূহ দেখা সত্ত্বেও

[5:24] They said, "O Moses, we will never enter it, so long as they are in it. Therefore, go—you and your Lord—and fight. We are sitting right here."

৫/২৪ তারা বলেছিল, "হে মুসা, আমরা কখনো এতে প্রবেশ করবো না, যতক্ষণ তারা এতে রয়েছে। সেজন্য, যাও- তুমি এবং তোমার প্রভু - এবং যুদ্ধ করো। আমরা ঠিক এখানে বসে থাকছি।"

[5:25] He said, "My Lord, I can only control myself and my brother. So allow us to part company with the wicked people."

৫/২৫ সে বলেছিল, "আমার প্রভু, আমি শুধু আমাকে এবং আমার ভাইকে নিয়ন্ত্রণ করতে পারি। তাই আমাদেরকে মন্দ লোকদের সঙ্গ পরিত্যাগের অনুমতি দিন।"

[5:26] He said, "Henceforth, it is forbidden them for forty years, during which they will roam the earth aimlessly. Do not grieve over such wicked people."

৫/২৬ তিনি বলেছিলেন, “এখন থেকে, এটা তাদেরকে চল্লিশ বছরের জন্য নিষিদ্ধ করা হলো, যে সময় তারা উদ্দেশ্যহীনভাবে পৃথিবীতে ঘুরে বেড়াবে।”

*The First Murder\**  
প্রথম হত্যা

[5:27] Recite for them the true history of Adam's two sons. They made an offering, and it was accepted from one of them, but not from the other. He said, "I will surely kill you." He said, "GOD accepts only from the righteous. ৫/২৭ তাদের জন্য আদমের দুই পুত্রের সত্য ইতিহাস আবৃত্তি করো। তারা একটি উৎসর্গ নিবেদন করেছিল, এবং এটি তাদের একজন থেকে গ্রহণ করা হয়েছিল, কিন্তু অন্যজন থেকে হয়নি। সে বলেছিল, “আমি অবশ্যই তোমাকে হত্যা করবো”। সে বলেছিল, “আল্লাহ শুধুমাত্র সৎকর্মীদের থেকে গ্রহণ করেন।

\*5:27-31 The names of the two sons involved in this first murder are not relevant. But they are given in the Bible as Abel and Cain (Genesis 4:2-9).

[5:28] "If you extend your hand to kill me, I am not extending my hand to kill you. For I reverence GOD, Lord of the universe.

৫/২৮ “যদি তুমি আমাকে হত্যা করতে তোমার হাত বাড়াও, আমি তোমাকে হত্যা করতে আমার হাত বাড়াচ্ছি না। কারণ আমি মহাবিশ্বের প্রভু, আল্লাহকে ভক্তি করি।

[5:29] "I want you, not me, to bear my sin and your sin, then you end up with the dwellers of Hell. Such is the requital for the transgressors."

৫/২৯ "আমি চাই তুমি, আমি নয়, আমার পাপ এবং তোমার পাপ বহন করো, তারপর শেষ পর্যন্ত নরকের বাসিন্দাদের সাথে অন্তর্ভুক্ত হও। সীমাতিক্রমকারীদের জন্য এমনই শাস্তি”।

[5:30] His ego provoked him into killing his brother. He killed him, and ended up with the losers.

৫/৩০ তার অহমবোধ তার ভাইকে হত্যা করতে তাকে প্ররোচিত করলো। সে তাকে হত্যা করেছিল, এবং শেষ পর্যন্ত ক্ষতিগ্রস্তদের সাথে অন্তর্ভুক্ত হয়েছিল।

[5:31] GOD then sent a raven to scratch the soil, to teach him how to bury his brother's corpse. He said, "Woe to me; I failed to be as intelligent as this raven, and bury my brother's corpse." He became ridden with remorse.

৫/ ৩১ আল্লাহ তখন একটি দাড় কাক পাঠিয়েছিলেন মাটি খুঁড়তে, তাকে শেখাতে কিভাবে তার ভাইয়ের মৃতদেহ সমাহিত করতে হবে। সে বলেছিল, "দুঃখ আমার; আমি ব্যর্থ হয়েছি এই দাড় কাকের মত বুদ্ধিমান হতে, এবং আমার ভাইয়ের মৃতদেহ সমাহিত করতে। "

*Grossness of Murder*  
হত্যা অপরাধের নিকৃষ্টতা

[5:32] Because of this, we decreed for the Children of Israel that anyone who murders any person who had not committed murder or horrendous crimes, it shall be as if he murdered all the people. And anyone who spares a life it shall be as if he spared the lives of all the people. Our messengers went to them with clear proofs and revelations, but most of them, after all this, are still transgressing.

৫/৩২ এ কারণে, আমরা ইসরাইলের সন্তানদের জন্য জারি করেছিলাম যে, যেকোনো হত্যা করে এমন কোন ব্যক্তিকে যে হত্যা বা গুরুতর অপরাধ করেনি, এটা এমন হবে যেন সে সকল লোককে হত্যা করল। এবং যেকোনো একটি জীবন বাচায়, এটা এমন হবে যেন সে সকল লোকের জীবন বাচাল। আমাদের বার্তাবাহকরা তাদের কাছে স্পষ্ট প্রমাণ এবং প্রকাশনাসমূহ নিয়ে গিয়েছিল, কিন্তু তাদের অধিকাংশই, এই সবকিছুর পর, এখনও সীমালঙ্ঘন করছে।

*Capital Punishment:*  
When is it Justified?

মৃত্যুদণ্ড প্রদান:

কখন

এটি ন্যায্য?

[5:33] The just retribution for those who fight GOD and His messenger, and commit horrendous crimes, is to be killed, or crucified, or to have their hands and feet cut off on alternate sides, or to be banished from the land. This is to humiliate them in this life, then they suffer a far worse retribution in the Hereafter.

৫/৩৩ যারা আল্লাহ এবং তাঁর বার্তাবাহকের বিরুদ্ধে যুদ্ধ করে, এবং ভয়ংকর অপরাধসমূহ করে, তাদের জন্য হত্যা হওয়া, অথবা ক্রুশবিদ্ধ হওয়া, অথবা তাদের হাত এবং পাগুলো বিপরীত দিক থেকে কেটে ফেলে দেয়া, অথবা জনগন থেকে নির্বাসিত হওয়াই হবে উচিত শাস্তি। এটি তাদেরকে এই জীবনে অপদস্থ করতে, এরপর তারা পরকালে আরো অধিক মন্দ শাস্তি ভোগ করে।

[5:34] Exempted are those who repent before you overcome them. You should know that **GOD** is Forgiver, Most Merciful.

৫/৩৪ তারা নিষ্কৃতপ্রাপ্ত যারা অনুশোচনা করে, তোমরা তাদেরকে পরাস্ত করার পূর্বে। তোমাদের জানা উচিত যে, আল্লাহ ক্ষমাকারী, পরম দয়ালু।

[5:35] O you who believe, you shall reverence **GOD** and seek the ways and means to Him, and strive in His cause, that you may succeed.

৫/৩৫ হে তোমরা যারা বিশ্বাস কর, তোমরা আল্লাহকে ভক্তি-শ্রদ্ধা করবে এবং তাঁর সান্নিধ্যের রাস্তা এবং উপায় খুজবে, এবং তাঁর উদ্দেশ্যে সংগ্রাম করবে, যাতে তোমরা সফল হতে পার।

#### *The Cost of Disbelief অবিশ্বাসের মূল্য*

[5:36] Certainly, those who disbelieved, if they possessed everything on earth, even twice as much, and offered it as ransom to spare them the retribution on the Day of Resurrection, it would not be accepted from them; they have incurred a painful retribution.

৫/৩৬ অবশ্যই, তারা যারা অবিশ্বাস করে, যদি তারা পৃথিবীর সবকিছুর, এমনকি এর দিগুণ পরিমাণ অধিকার করে, এবং পুনরুত্থান দিবসে শাস্তি থেকে তারা নিষ্কৃতি পেতে তা মুক্তিপন হিসেবে দিতে চায়, এটা তাদের থেকে গ্রহণ করা হবে না; তারা টেনে এনেছে এক যন্ত্রণাদায়ক শাস্তি।

[5:37] They will want to exit Hell, but alas, they can never exit therefrom; their retribution is eternal.

৫/৩৭ তারা নরক থেকে বের হতে চাইবে, কিন্তু হয়, তারা কখনোই সেখান থেকে বের হতে পারবে না; তাদের শাস্তি চিরস্থায়ী।

#### *Mathematical Proof Supports Quranic Justice গাণিতিক প্রমাণ কোরানীয় ন্যায়বিচারকে সমর্থন করে*

[5:38] The thief, male or female, you shall mark their hands\* as a punishment for their crime, and to serve as example from GOD. GOD is Almighty, Most Wise.

৫/৩৮ চোর, নারী হোক অথবা পুরুষ, তোমরা তাদের হাত চিহ্নিত করে দিবে তাদের অপরাধের শাস্তি হিসাবে, এবং আল্লাহ থেকে

একটি উদাহরণ দিতে। আল্লাহ সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী।

[5:39] If one repents after committing this crime, and reforms, GOD redeems him. GOD is Forgiver, Most Merciful.

৫/৩৯ যদি কেউ এই অপরাধ করার পর অনুশোচনা করে, এবং সংশোধিত হয়, আল্লাহ তাকে মুক্ত করেন। আল্লাহ ক্ষমাকারী, পরম দয়ালু।

[5:40] Do you not know that GOD possesses the sovereignty of the heavens and the earth? He punishes whomever He wills, and forgives whomever He wills. GOD is Omnipotent.

৫/৪০ তুমি কি জানো না যে, আল্লাহ আকাশমন্ডলী ও পৃথিবীর সার্বভৌমত্বের অধিকারী? তিনি যাকে ইচ্ছা শাস্তি দেন, এবং যাকে ইচ্ছা ক্ষমা করেন। আল্লাহ সর্বশক্তিমান।

[5:41] O you messenger, do not be saddened by those who hasten to disbelieve among those who say, "We believe," with their mouths, while their hearts do not believe. Among the Jews, some listened to lies. They listened to people who never met you, and who distorted the words out of context, then said, "If you are given this, accept it, but if you are given anything different, beware." Whomever GOD wills to divert, you can do nothing to help him against GOD. GOD does not wish to cleanse their hearts. They have incurred humiliation in this world, and in the Hereafter, they will suffer a terrible retribution.

৫/৪১ হে তুমি বার্তাবাহক, যারা দ্রুত অবিশ্বাস করে তাদের মধ্যে যারা বলে, তাদের মুখ দিয়ে "আমরা বিশ্বাস করি, ", যখন তাদের অন্তর বিশ্বাস করে না, তাদের দ্বারা দুঃখিত হইও না। ইহুদীদের মধ্যে, কেউ কেউ মিথ্যা শুনেছিল। তারা সে লোকদের কথা শুনেছিল যারা তোমার সাথে কখনো সাক্ষাত করেনি, এবং তারা বানীগুলোকে প্রসঙ্গের বাইরে বিকৃত করেছিল, এরপর বলেছিল, "যদি তোমাদেরকে এটি দেয়া হয়, তোমরা তা গ্রহণ করবে, কিন্তু যদি তোমাদেরকে ভিন্ন কিছু দেয়া হয়, সতর্ক হবে।" আল্লাহ যাকে বিমুখ করতে চান, তুমি আল্লাহর বিরুদ্ধে তাকে সাহায্য করতে কিছুই করতে পার না। আল্লাহ তাদের অন্তরকে পরিশুদ্ধ করতে চান না। তারা এই দুনিয়ায় টেনে এনেছে লাঞ্ছনা, এবং পরকালে, তারা এক ভয়ানক শাস্তি ভোগ করবে।

[5:42] They are upholders of lies, and eaters of illicit earnings. If they come to you to judge



among them, you may judge among them, or you may disregard them. If you choose to disregard them, they cannot harm you in the least. But if you judge among them, you shall judge equitably. GOD loves those who are equitable.

৫/৪২ তারা মিথ্যা মান্যকারী, এবং অবৈধ উপার্জনসমূহের ভক্ষণকারী। যদি তারা তোমার কাছে আসে তাদের মধ্যে বিচার করে দিতে, তুমি তাদের মধ্যে বিচার করতে পার, অথবা তুমি তাদেরকে উপেক্ষা করতে পার। যদি তুমি তাদেরকে উপেক্ষা করা পছন্দ কর, তারা তোমার সামান্যতম ক্ষতিও করতে পারে না। কিন্তু যদি তুমি তাদের মধ্যে বিচার কর, তুমি ন্যায়সঙ্গতভাবে বিচার করবে। আল্লাহ তাদেরকে ভালবাসেন যারা ন্যায়পরায়ণ।

[5:43] Why do they ask you to judge among them, when they have the Torah, containing GOD 's law, and they chose to disregard it? They are not believers.

৫/৪৩ কেন তারা তোমার কাছে বিচার চাইতে আসে, যখন তাদের রয়েছে তওরাত, আল্লাহর আইন সম্বলিত, এবং তারা তা উপেক্ষা করা পছন্দ করে? তারা বিশ্বাসী নয়।

*Honoring Previous Scripture*  
পূর্বের ঐশীগ্রন্থকে সম্মান করা

[5:44] We have sent down the Torah,\* containing guidance and light. Ruling in accordance with it were the Jewish prophets, as well as the rabbis and the priests, as dictated to them in GOD 's scripture, and as witnessed by them. Therefore, do not reverence human beings; you shall reverence Me instead. And do not trade away My revelations for a cheap price. Those who do not rule in accordance with GOD 's revelations, are the disbelievers.

৫/৪৪ আমরা তওরাত অবতীর্ণ করেছি, পথ-নির্দেশনা এবং আলো সম্বলিত। তদনুযায়ী রায় দিত ইহুদী নবীরা, একই সাথে রাবাইরা এবং পণ্ডিতরা/ধর্মযাজকরা, যেভাবে আল্লাহর গ্রন্থে তাদেরকে নির্দেশ দেয়া হয়েছিল, এবং যেভাবে তারা প্রত্যক্ষ করেছিল। সেজন্য, মানব জাতিকে ভক্তি-শ্রদ্ধা করো না; বদলে আমাকে ভক্তি-শ্রদ্ধা করবে। এবং সস্তা মূল্যে আমার প্রকাশনাবলি বেচা-কেনা কর না। যার আল্লাহর প্রকাশনাবলি অনুসারে রায় দেয় না, তারা অবিশ্বাসী।

*The Law of Equivalence*  
সাম্যের আইন

[5:45] And we decreed for them in it that: the life for the life, the eye for the eye, the nose for the nose, the ear for the ear, the tooth for the tooth, and an equivalent injury for any injury. If one forfeits what is due to him as a charity, it will atone for his sins. Those who do not rule in accordance with GOD 's revelations are the unjust.

৫/৪৫ এবং আমরা তাদের জন্য এর মধ্যে জারি করেছিলাম যে: প্রানের বিনিময়ে প্রাণ, চোখের বিনিময়ে চোখ, নাকের বিনিময়ে নাক, কানের বিনিময়ে কান, দাতের বিনিময়ে দাত, এবং যেকোন আঘাতের বিনিময়ে একটি সমতুল্য আঘাত। যদি কেউ একটি দান হিসেবে তার প্রাপ্য স্বেচ্ছায় দিয়ে দেয়, এটি তার পাপসমূহের জন্য প্রায়শ্চিত্ত হবে। যারা আল্লাহর প্রকাশনাবলি অনুসারে রায় দেয় না তারা অন্যায্যকারী।

*The Gospel of Jesus: Guidance and Light*  
ঈসার ইঞ্জিলঃ পথ নির্দেশনা এবং আলো

[5:46] Subsequent to them, we sent Jesus, the son of Mary, confirming the previous scripture, the Torah. We gave him the Gospel, containing guidance and light, and confirming the previous scriptures, the Torah, and augmenting its guidance and light, and to enlighten the righteous.

৫/৪৬ তাদের পরবর্তীতে, আমরা মরিয়ম পুত্র ঈসাকে পাঠিয়েছিলাম, নিশ্চিত করতে পূর্ববর্তী ঐশীগ্রন্থ, তওরাত। আমরা তাকে দিয়েছিলাম ইঞ্জিল, পথ নির্দেশনা এবং আলো সংবলিত, এবং নিশ্চিত করতে পূর্ববর্তী ঐশীগ্রন্থসমূহ, তওরাত, এবং এর পথনির্দেশনা এবং আলো বৃদ্ধি করতে, এবং সৎকর্মীদের আলোকিত করতে।

[5:47] The people of the Gospel shall rule in accordance with GOD's revelations therein. Those who do not rule in accordance with GOD's revelations are the wicked.

৫/৪৭ ইঞ্জিলের অধিকারী লোকেরা তন্মধ্যে বিদ্যমান আল্লাহর প্রকাশনাবলি অনুসারে রায় দিবে। যারা আল্লাহর প্রকাশনাবলি অনুসারে রায় না দেয়, তারাই মন্দ।

*Quran: The Ultimate Reference*  
কোরআনঃ চূড়ান্ত সূত্র

[5:48] Then we revealed to you this scripture, truthfully, confirming previous scriptures, and superseding them. You shall rule among them in accordance with GOD's revelations, and do not follow their wishes if they differ from the truth that came to you. For each of you, we have decreed laws and different rites. Had

GOD willed, He could have made you one congregation. But He thus puts you to the test through the revelations He has given each of you. You shall compete in righteousness. To GOD is your final destiny—all of you—then He will inform you of everything you had disputed.

৫/৪৮ এরপর আমরা তোমার কাছে এই ঐশীগ্রন্থ প্রকাশ করেছি, সত্যপূর্ণভাবে, যা পূর্ববর্তী ঐশীগ্রন্থসমূহ নিশ্চিত করে, এবং সেগুলোকে স্ফুলাভিষিক্ত হয়/ অতিক্রম করে। তুমি তাদের মাঝে রায় দিবে আল্লাহর প্রকাশনাবলি অনুসারে, এবং তাদের ইচ্ছার অনুসরণ করো না যদি তারা মতভেদ করে সেই সত্যে যা তোমার কাছে এসেছিল। তোমাদের প্রত্যেকের জন্য, আমরা আইন এবং পৃথক ধর্মীয় রীতিনীতিসমূহ জারি করেছি। আল্লাহ যদি চাইতেন, তিনি তোমাদেরকে এক ধর্মগোষ্ঠী করে দিতে পারতেন। কিন্তু তিনি এভাবে তোমাদেরকে পরীক্ষা করেন সেই প্রকাশনাবলির মাধ্যমে, যা তিনি তোমাদের প্রত্যেককে দিয়েছেন। তোমরা সৎকর্মে প্রতিযোগিতা করবে। আল্লাহর নিকট তোমাদের চূড়ান্ত নিয়তি- তোমাদের সকলের- এরপর তিনি তোমাদেরকে জানাবেন সবকিছু, যে বিষয়ে তোমরা বিতর্ক করেছিলেন।

[5:49] You shall rule among them in accordance with GOD's revelations to you. Do not follow their wishes, and beware lest they divert you from some of GOD's revelations to you. If they turn away, then know that GOD wills to punish them for some of their sins. Indeed, many people are wicked.

৫/৪৯ তুমি তাদের মাঝে রায় দিবে তোমার কাছে আল্লাহর প্রকাশনাবলি অনুসারে। তাদের ইচ্ছার অনুসরণ করো না, এবং সতর্ক হও পাছে তারা তোমাকে সরিয়ে দেয় তোমার প্রতি আল্লাহর কিছু প্রকাশনাবলি থেকে। যদি তারা বিমুখ হয়, তবে জানো যে আল্লাহ তাদেরকে তাদের কিছু পাপের জন্য শাস্তি দিতে চান। প্রকৃতপক্ষে, অনেক লোক পাপী।

[5:50] Is it the law of the days of ignorance that they seek to uphold? Whose law is better than GOD's for those who have attained certainty?

৫/৫০ এটা কি অজ্ঞতার দিনের আইন যা তারা মেনে চলতে চায়? যারা নিশ্চয়তা অর্জন করেছে তাদের জন্য আল্লাহর আইনের চেয়ে কার আইন উত্তম?

*Certain Jews and Christians  
Cannot Be Friends\**

*সুনির্দিষ্ট কিছু ইহুদী এবং খ্রিষ্টানরা  
বন্ধু হতে পারে না*

[5:51] O you who believe, do not take certain Jews and Christians as allies; these are allies of one another. Those among you who ally themselves with these belong with them. GOD does not guide the transgressors.

৫/৫১ হে তোমরা যারা বিশ্বাস কর, নির্দিষ্ট ইহুদী এবং খ্রিষ্টানদের মিত্র হিসেবে নিও না; এরা একে অন্যের মিত্র। তোমাদের মধ্যে যারা নিজেদেরকে তাদের মিত্র করে, তারা তাদের অন্তর্ভুক্ত। আল্লাহ সীমালঙ্ঘনকারীদের পথ-প্রদর্শন করেন না।

[5:52] You will see those who harbor doubt in their hearts hasten to join them, saying, "We fear lest we may be defeated." May GOD bring victory, or a command from Him, that causes them to regret their secret thoughts.

৫/৫২ তুমি দেখবে যারা তাদের অন্তরে সন্দেহ পোষণ করে, তারা তাদের সাথে যুক্ত হতে ত্বরান্বিত করে, এই বলে যে, "আমাদের ভয় হয় পাছে যদি আমরা পরাজিত হই।" আল্লাহ যেন তার পক্ষ থেকে বিজয়, অথবা একটি নির্দেশ আনেন, যা তাদেরকে তাদের গোপন চিন্তাসমূহের জন্য অনুশোচনা করাবে।

[5:53] The believers will then say, "Are these the same people who swore by GOD solemnly that they were with you?" Their works have been nullified; they are the losers.

৫/৫৩ বিশ্বাসীরা তখন বলবে, "এরাই কি সেই লোক যারা আল্লাহর নামে দৃঢ়ভাবে শপথ করেছিল যে তারা তোমাদের সাথে আছে?" তাদের কাজসমূহ বাতিল হয়েছে; তাই ক্ষতিগ্রস্ত।

[5:54] O you who believe, if you revert from your religion, then GOD will substitute in your place people whom He loves and who love Him. They will be kind with the believers, stern with the disbelievers, and will strive in the cause of GOD without fear of any blame. Such is GOD 's blessing; He bestows it upon whomever He wills. GOD is Bounteous, Omniscient.

৫/৫৪ হে তোমরা যারা বিশ্বাস কর, যদি তোমরা তোমাদের ধর্ম থেকে প্রত্যাবর্তন কর, তবে আল্লাহ তোমাদের জায়গায় লোকদের আনবেন যাদেরকে তিনি ভালবাসেন এবং যারা তাকে ভালবাসে। তারা বিশ্বাসীদের সাথে দয়ালু হবে, অবিশ্বাসীদের সাথে কঠোর হবে, এবং কোন ধরনের দোষী হবার ভয় ছাড়া আল্লাহর

উদ্দেশ্যে সংগ্রাম করবে। এরকমই আল্লাহর আশীর্বাদ; তিনি যাকে ইচ্ছা তা প্রদান করেন। আল্লাহ উদার, সর্বজ্ঞ।

[5:55] Your real allies are GOD and His messenger, and the believers who observe the Contact Prayers (Salat), and give the obligatory charity (Zakat), and they bow down.

৫/৫৫ তোমাদের সত্যিকার মিত্র হচ্ছে আল্লাহ এবং তাঁর বার্তাবাহক, এবং বিশ্বাসীরা যারা সংযোগ প্রার্থনাসমূহ (সালাত) পালন করে, এবং বাধ্যতামূলক দান (যাকাত) দেয়, এবং তারা অবনত হয়।

[5:56] Those who ally themselves with GOD and His messenger, and those who believed, belong in the party of GOD; absolutely, they are the victors.

৫/৫৬ যারা নিজেদেরকে আল্লাহ এবং তাঁর বার্তাবাহকের মিত্র করে, এবং যারা বিশ্বাস করে, তারা আল্লাহর দলের অন্তর্গত; সম্পূর্ণরূপে, তাই বিজয়ী।

*Which Jews and Christians  
যে ঈহাদি এবং খ্রিষ্টানরা*

[5:57] O you who believe, do not befriend those among the recipients of previous scripture who mock and ridicule your religion, nor shall you befriend the disbelievers. You shall reverence GOD, if you are really believers.

৫/৫৭ হে তোমরা যারা বিশ্বাস করো, পূর্ববর্তী ঐশীগ্রন্থ গ্রহণকারীদের মধ্যে তাদের সাথে বন্ধুত্ব করো না যারা তোমাদের ধর্মকে উপহাস এবং বিদ্রূপ করে, না তোমরা বন্ধুত্ব করবে অবিশ্বাসীদের সাথে। তোমরা আল্লাহকে ভক্তিপ্রদা করবে, যদি তোমরা সত্যি বিশ্বাসী হও।

*Recipients of the Scriptures Transgress  
ঐশীগ্রন্থের গ্রহীতারা সীমাতিক্রম করে*

[5:58] When you call to the Contact Prayers (Salat), they mock and ridicule it. This is because they are people who do not understand.

৫/৫৮ যখন তোমরা সংযোগ প্রার্থনার (সালাতের) জন্য আহ্বান করো, তারা একে উপহাস এবং বিদ্রূপ করে। এটা এ কারণে যে তারা এমন লোক যারা বোঝে না।

[5:59] Say, "O people of the scripture, do you not hate us because we believe in GOD, and in what was revealed to us, and in what was

revealed before us, and because most of you are not righteous?"

৫/৫৯ বল, "হে ঐশীগ্রন্থের লোকেরা, তোমরা কি আমাদের এ কারণে ঘৃণা করো না যে, আমরা বিশ্বাস করি আল্লাহকে, এবং যা আমাদের কাছে প্রকাশিত হয়েছিল, এবং যা আমাদের পূর্বে প্রকাশিত হয়েছিল, এবং এ কারণে যে তোমাদের মাঝে বেশির ভাগই সৎকর্মী নও?"

[5:60] Say, "Let me tell you who are worse in the sight of GOD: those who are condemned by GOD after incurring His wrath until He made them (as despicable as) monkeys and pigs, and the idol worshipers. These are far worse, and farther from the right path."

৫/৬০ বল, "আমি তোমাদেরকে বলি কারা আল্লাহর দৃষ্টিতে অধিক মন্দঃ তারা যারা আল্লাহর দ্বারা নিন্দিত হয়েছিল তার ক্রোধ টেনে আনার পর যতক্ষণ না তিনি তাদেরকে বানর এবং শুকরের মতো (ঘণ্য) করে দিয়েছিলেন, এবং অংশীদার উপাসকরা। এরা অনেক মন্দ, এবং সঠিক পথ থেকে অধিকতর দূরে।

[5:61] When they come to you, they say, "We believe," even though they were full of disbelief when they entered, and they are full of disbelief when they leave. GOD is fully aware of everything they conceal.

৫/৬১ তারা যখন তোমার কাছে আসে, তারা বলে, "আমরা বিশ্বাস করি," যদিও তারা ছিল অবিশ্বাসে পূর্ণ যখন তারা প্রবেশ করেছিল, এবং তারা অবিশ্বাসে পূর্ণ যখন তারা চলে যায়। আল্লাহ সম্পূর্ণ অবগত তাদের লুকানো সবকিছু সম্পর্কে।

[5:62] You see many of them readily committing evil and transgression, and eating from illicit earnings. Miserable indeed is what they do.

৫/৬২ তুমি তাদের অনেককে দেখো নির্ধিকায় মন্দ এবং সীমালঙ্ঘন করতে, আর অবৈধ উপার্জনসমূহ ভক্ষণ করতে। সত্যিই দুঃখজনক যা তারা করে।

[5:63] If only the rabbis and the priests enjoy them from their sinful utterances and illicit earnings! Miserable indeed is what they commit.

৫/৬৩ যদি শুধু রাবাই এবং পণ্ডিতরা তাদেরকে পাপপূর্ণ কথাবার্তা এবং অবৈধ উপার্জনসমূহ থেকে নিষেধ করত! সত্যিই দুঃখজনক যা তারা করে।

*Blaspheming Against God*

আল্লাহর বিরুদ্ধে মিথ্যারোপ করা

[5:64] The Jews even said, "GOD 's hand is tied down!"It is their hands that are tied down. They are condemned for uttering such a blasphemy. Instead, His hands are wide open, spending as He wills. For certain, your Lord's revelations to you will cause many of them to plunge deeper into transgression and disbelief. Consequently, we have committed them to animosity and hatred among themselves until the Day of Resurrection. Whenever they ignite the flames of war, GOD puts them out. They roam the earth wickedly, and GOD dislikes the evildoers.

৫/৬৪ ইহুদীরা এমনকি বলেছিল, "আল্লাহর হাত বাধা!" তাদের হাতই বাধা। তারা এরকম একটি মিথ্যাচার উচ্চারণ করার জন্য নিন্দিত। বরং, তাঁর হাত সম্পূর্ণ উন্মুক্ত, ব্যয় করছেন যেমন তাঁর ইচ্ছা। নিশ্চিতভাবে, তোমার প্রতি তোমার আল্লাহর প্রকাশনাবলি তাদের অনেককে সীমালঙ্ঘন এবং অবিশ্বাসের আরো গভীরে নিমজ্জিত করাবে। ফলস্বরূপ, আমরা তাদেরকে দিয়েছিলাম তাদের নিজেদের মধ্যে শত্রুতা এবং ঘৃণা, পুনরুত্থান দিন পর্যন্ত। যখনই তারা যুদ্ধের অগ্নিশিখা প্রজ্জ্বলিত করে, আল্লাহ তা নিভিয়ে দেন। তারা মন্দভাবে পৃথিবীতে ঘুরে বেড়ায়, এবং আল্লাহ মন্দকর্মীদের অপছন্দ করেন।

*Salvation For  
Jews and Christians*

*ইহুদী এবং খ্রিস্টানদের জন্য পাপমোচন*

[5:65] If only the people of the scripture believe and lead a righteous life, we will then remit their sins, and admit them into gardens of bliss.

৫/৬৫ যদি শুধু ঐশীগ্রহের লোকেরা বিশ্বাস করে এবং একটি সৎকর্মশীল জীবন- যাপন করে, তবে আমরা তাদের পাপসমূহ ক্ষমা করবো, এবং তাদেরকে পরম সুখের বাগানে প্রবেশ করাব।

[5:66] If only they would uphold the Torah and the Gospel, and what is sent down to them herein from their Lord, they would be showered with blessings from above them and from beneath their feet. Some of them are righteous, but many of them are evildoers.

৫/৬৬ যদি শুধু তারা মেনে চলতো তওরাত ও ইঞ্জিল, এবং যা তাদের কাছে এখানে অবতীর্ণ করা হয়েছে তাদের প্রভুর পক্ষ থেকে, তাদের প্রতি আশীর্বাদ বর্ষণ করা হতো তাদের উপর থেকে এবং তাদের পায়ের নিচ থেকে। তাদের

কেউ কেউ সৎ কর্মী, কিন্তু তাদের অনেকেই মন্দ কর্মী।

*The Messenger Must Deliver  
বার্তাবাহক অবশ্যই পৌঁছে দেবে*

[5:67] O you messenger, deliver what is revealed to you from your Lord— until you do, you have not delivered His message—and GOD will protect you from the people.GOD does not guide the disbelieving people.

৫/৬৭ হে তুমি বার্তাবাহক, পৌঁছে দাও যা তোমার কাছে প্রকাশ করা হয়েছে তোমার প্রভুর পক্ষ থেকে- যে পর্যন্ত তুমি তা না করো, তুমি তাঁর বার্তা পৌঁছে দাওনি- এবং আল্লাহ তোমাকে লোকদের থেকে রক্ষা করবেন। আল্লাহ অবিশ্বাসী লোকদেরকে পথপ্রদর্শন করেন না।

[5:68] Say, "O people of the scripture, you have no basis until you uphold the Torah, and the Gospel, and what is sent down to you herein from your Lord."For sure, these revelations from your Lord will cause many of them to plunge deeper into transgression and disbelief. Therefore, do not feel sorry for the disbelieving people.

৫/৬৮ বল, "হে ঐশীগ্রহের লোকেরা, তোমাদের কোন ভিত্তি নেই যতক্ষণ না তোমরা তওরাত, এবং ইঞ্জিল, এবং এখানে তোমাদের প্রভুর পক্ষ থেকে তোমাদের কাছে যা অবতীর্ণ হয়েছে তা মেনে চলো। "অবশ্যই, তোমার প্রভুর পক্ষ থেকে এই প্রকাশনাবলি তাদের অনেকেই সীমালঙ্ঘন এবং অবিশ্বাসের গভীরে নিমজ্জিত করাবে। সুতরাং, অবিশ্বাসী লোকদের জন্য দুঃখ অনুভব করো না।

*Minimum Requirements For Salvation  
আত্মার মুক্তির জন্য সর্বনিম্ন আবশ্যিক শর্ত*

[5:69] Surely, those who believe, those who are Jewish, the converts, and the Christians; any of them who (1) believe in GOD and (2) believe in the Last Day, and (3) lead a righteous life, have nothing to fear, nor will they grieve.

৫/৬৯ অবশ্যই, তারা যারা বিশ্বাস করে, তারা যারা ইহুদী, ধর্মান্তরিত, এবং খ্রিস্টান; তাদের যে কেউ (১) আল্লাহতে বিশ্বাস করে এবং (২) শেষ দিনে বিশ্বাস করে, এবং (৩) সৎ জীবন যাপন করে, তাদের ভয় পাবার কিছু নেই, না তারা শোক করবে।

[5:70] We have taken a covenant from the Children of Israel, and we sent to them messengers. Whenever a messenger went to

them with anything they disliked, some of them they rejected, and some they killed.  
৫/৭০ আমরা ইসরাইলের সন্তানদের থেকে একটি অঙ্গীকার নিয়েছিলাম, এবং আমরা তাদের কাছে বার্তাবাহকদের পাঠিয়েছিলাম। যখন তাদের কাছে কোন বার্তাবাহক গিয়েছিলো এমনকিছু নিয়ে যা তাদের অপছন্দ, তারা তাদের কাউকে কাউকে প্রত্যাখ্যান করেছিল, এবং তাদের কাউকে কাউকে তারা হত্যা করেছিল।

[5:71] They thought that they would not be tested, so they turned blind and deaf, then GOD redeemed them, but then many of them turned blind and deaf again. GOD is Seer of everything they do.

৫/৭১ তারা ভেবেছিল যে তাদেরকে পরীক্ষা করা হবে না, তাই তারা অন্ধ এবং বধির হয়ে পড়েছিল, এরপর আল্লাহ তাদেরকে পুনরুদ্ধার করেছিলেন, কিন্তু এরপর তাদের অনেকে আবারো অন্ধ এবং বধির হয়ে পড়েছিল। আল্লাহ তাদের করা সবকিছুর দ্রষ্টা।

*Today's Christianity  
Not Jesus' Religion\**

*আজকের খ্রিস্টবাদ  
ঈসার ধর্ম নয়*

[5:72] Pagans indeed are those who say that GOD is the Messiah, son of Mary. The Messiah himself said, "O Children of Israel, you shall worship GOD ; my Lord\* and your Lord." Anyone who sets up any idol beside GOD, GOD has forbidden Paradise for him, and his destiny is Hell. The wicked have no helpers.

৫/৭২ প্রকৃতপক্ষে তারাই অংশীদার সাব্যস্তকারী যারা বলে যে মরিয়ম পুত্র, মসিহ-ই আল্লাহ। মসিহ নিজেই বলেছিল, "হে ইসরাইলের সন্তানেরা, তোমরা আল্লাহর উপাসনা করবে; আমার প্রভু এবং তোমাদের প্রভু।" যেকোনো আল্লাহর পাশে কোন উপাস্য স্থাপন করে, আল্লাহ তার জন্য স্বর্গ নিষিদ্ধ করেছেন, এবং তার নিয়তি নরক। মন্দদের কোন সাহায্যকারী নেই।

[5:73] Pagans indeed are those who say that GOD is a third in a trinity. There is no god except the one god. Unless they refrain from saying this, those who disbelieve among them will incur a painful retribution.

৫/৭৩ প্রকৃতপক্ষে তারাই অংশীদার সাব্যস্তকারী যারা বলে যে আল্লাহ ত্রিত্বের তৃতীয় (তিনের তৃতীয়)। এক উপাস্য ছাড়া কোন উপাস্য নেই। তারা যদি এটা বলা থেকে বিরত না

থাকে, তাদের মধ্যে যারা অবিশ্বাস করে টেনে আনবে এক যন্ত্রনাদায়ক শাস্তি।

[5:74] Would they not repent to GOD, and ask His forgiveness? GOD is Forgiver, Most Merciful.

৫/৭৪ তারা কি আল্লাহর কাছে অনুশোচনা, এবং তাঁর ক্ষমা প্রার্থনা করবে না? আল্লাহ ক্ষমাকারী, পরম দয়ালু।

[5:75] The Messiah, son of Mary, is no more than a messenger like the messengers before him, and his mother was a saint. Both of them used to eat the food. Note how we explain the revelations for them, and note how they still deviate!

৫/৭৫ মরিয়ম পুত্র, মসিহ তার আগের বার্তাবাহকদের মত একজন বার্তাবাহকের চেয়ে বেশি কিছু নয়, এবং তার মা ছিল একজন সাধু। তাদের উভয়েই খাবার খেত। লক্ষ্য কর কিভাবে আমরা তাদের জন্য প্রকাশনাবলি ব্যাখ্যা করি, এবং লক্ষ্য কর কিভাবে তারা এরপরও পথভ্রষ্ট হয়।

[5:76] Say, "Would you worship beside GOD powerless idols who can neither harm you, nor benefit you? GOD is Hearer, Omniscient."

৫/৭৬ বল, "তোমরা কি আল্লাহর পাশে শক্তিহীন উপাস্যদের স্থাপন করবে যারা না তোমাদের ক্ষতি করতে পারে, না উপকার করতে পারে? আল্লাহ শ্রবণকারী, সর্বজ্ঞ"।

*Choose Your Friends Carefully*

*সাবধানে আপনার বন্ধু পছন্দ করবেন*

[5:77] Say, "O people of the scripture, do not transgress the limits of your religion beyond the truth, and do not follow the opinions of people who have gone astray, and have misled multitudes of people; they are far astray from the right path."

৫/৭৭ বল, "হে ঐশীগ্রন্থের লোকেরা, সত্যকে ছাড়িয়ে তোমাদের ধর্মের সীমাতিক্রম করো না, এবং সে সব লোকদের মতামতসমূহ অনুসরণ করো না যারা পথভ্রষ্ট হয়েছে, এবং বহু সংখ্যক লোককে পথভ্রষ্ট করেছে; তারা সঠিক পথ থেকে বহু দূরে পথভ্রষ্ট"।

[5:78] Condemned are those who disbelieved among the Children of Israel, by the tongue of David and Jesus, the son of Mary. This is because they disobeyed and transgressed.

৫/৭৮ ইসরাইলের সন্তানদের মধ্যে যারা অবিশ্বাস করেছিল তারা দাউদ এবং মরিয়মের পুত্র ঈসার মুখে নিন্দিত। এটা এ কারণে যে

তারা অমান্য করেছিল এবং সীমা অতিক্রম করেছিল।

*Apathy Condemned*  
*ঔদাসীন্য নিন্দিত*

[5:79] They did not enjoin one another from committing evil. Miserable indeed is what they did.

৫/৭৯ তারা একে অন্যকে মন্দ করতে নিষেধ করেনি। তারা যা করেছিল তা সত্যিই শোচনীয়।

[5:80] You would see many of them allying themselves with those who disbelieve. Miserable indeed is what their hands have sent forth on behalf of their souls. GOD is angry with them and, consequently, they will abide forever in retribution.

৫/৮০ তুমি তাদের অনেককে দেখবে নিজেদের মিত্র করতে তাদেরকে যারা অবিশ্বাস করে। সত্যিই শোচনীয় তাদের হাত তাদের আত্মার পক্ষ থেকে যা পূর্বে পাঠিয়েছে। আল্লাহ তাদের প্রতি রাগান্বিত এবং, ফলস্বরূপ, তারা চিরকাল শাস্তির মধ্যে বসবাস করবে।

[5:81] Had they believed in GOD, and the prophet, and in what was revealed to him herein, they would not have befriended them. But many of them are evil.

৫/৮১ যদি তারা বিশ্বাস করত আল্লাহতে, এবং নবীকে, এবং তাতে যা এখানে তার কাছে প্রকাশ করা হয়েছিল, তবে তারা তাদেরকে বন্ধু করত না। কিন্তু তাদের অনেকেই মন্দ।

*A Statement of Fact*  
*একটি বাস্তব বিবৃতি*

[5:82] You will find that the worst enemies of the believers are the Jews and the idol worshipers. And you will find that the closest people in friendship to the believers are those who say, "We are Christian." This is because they have priests and monks among them, and they are not arrogant.

৫/৮২ তুমি পাবে যে বিশ্বাসীদের নিকৃষ্ট শত্রু হচ্ছে ইহুদীরা এবং অংশীদার উপাসকেরা। এবং তুমি বন্ধুত্বে বিশ্বাসীদের সবচেয়ে কাছের লোক পাবে তাদেরকে যারা বলে, "আমরা খ্রিস্টান।" এই কারণে যে, তাদের মধ্যে রয়েছে পণ্ডিতরা এবং সন্ন্যাসীরা, এবং তারা উদ্ধত নয়।

[5:83] When they hear what was revealed to the messenger, you see their eyes flooding with tears as they recognize the truth therein,

and they say, "Our Lord, we have believed, so count us among the witnesses.

৫/৮৩ যখন তারা শোনে যা বার্তাবাহকের কাছে প্রকাশ করা হয়েছিল, তুমি দেখতে পাও তাদের চোখগুলো অশ্রুতে ভাসছে যেহেতু তারা এর মধ্যে সত্য চিনতে পারে, এবং তারা বলে, "আমাদের প্রভু, আমরা বিশ্বাস করেছি, তাই আমাদেরকে সাক্ষীদের মাঝে গননা করুন।

[5:84] "Why should we not believe in GOD, and in the truth that has come to us, and hope that our Lord may admit us with the righteous people?"

৫/৮৪ "কেন আমাদের বিশ্বাস করা উচিত হবে না আল্লাহকে, এবং সে সত্যে যা আমাদের কাছে এসেছে, এবং আশা করা যে আমাদের প্রভু হয়তো সৎকর্মশীল লোকদের সাথে আমাদেরকে প্রবেশ করাবেন?"

[5:85] GOD has rewarded them for saying this; He will admit them into gardens with flowing streams. They abide therein forever. Such is the reward for the righteous.

৫/৮৫ আল্লাহ তাদেরকে পুরস্কৃত করেছেন এটা বলার জন্য; তিনি তাদেরকে প্রবেশ করাবেন প্রবাহিত ঝর্ণাসহ বাগানসমূহে। তারা সেখানে চিরকাল বসবাস করে। এরকমই বিশ্বাসীদের জন্য পুরস্কার।

[5:86] As for those who disbelieve and reject our revelations, they are the dwellers of Hell.

৫/৮৬ আর তারা যারা অবিশ্বাস করে এবং আমাদের প্রকাশনাবলি প্রত্যাক্ষান করে, তারা নরকের অধিবাসী।

*Do Not Prohibit Lawful Things*

*আইনসম্মত বস্তুসমূহ নিষিদ্ধ করবেন না*

[5:87] O you who believe, do not prohibit good things that are made lawful by GOD, and do not aggress; GOD dislikes the aggressors.

৫/৮৭ হে তোমরা যারা বিশ্বাস করো, আল্লাহ দ্বারা আইনসম্মত ভালো জিনিসগুলো নিষিদ্ধ করো না, এবং আক্রমণ করো না; আল্লাহ আক্রমণকারীদের অপছন্দ করেন।

[5:88] And eat from the good and lawful things that GOD has provided for you. You shall reverence GOD, in whom you are believers.

৫/৮৮ এবং ভালো ও আইনসম্মত বস্তুসমূহ থেকে খাও যা আল্লাহ তোমাদের জন্য দিয়েছেন।

তোমরা আল্লাহকে ভক্তি শ্রদ্ধা করবে, যার প্রতি তোমরা বিশ্বাসী।

*Do Not Take God's Name in Vain*  
অহেতুক আল্লাহর নাম নেবেন না

[5:89] GOD does not hold you responsible for the mere utterance of oaths; He holds you responsible for your actual intentions. If you violate an oath, you shall atone by feeding ten poor people from the same food you offer to your own family, or clothing them, or by freeing a slave. If you cannot afford this, then you shall fast three days. This is the atonement for violating the oaths that you swore to keep. You shall fulfill your oaths. GOD thus explains His revelations to you, that you may be appreciative.

৫/৮৯ শুধু শপথ উচ্চারণের জন্য আল্লাহ তোমাদের দায়বদ্ধ করেন না; তিনি তোমাদের প্রকৃত অভিপ্রায় সমূহের জন্য তোমাদেরকে দায়বদ্ধ করেন। যদি তোমরা একটি শপথ ভঙ্গ করো, তোমরা প্রায়শ্চিত্ত করবে দশজন গরীব লোককে একই খাবার থেকে খাওয়ানোর দ্বারা যা তোমরা তোমাদের পরিবারকে দিয়ে থাকো, অথবা তাদেরকে বস্ত্র প্রদানের দ্বারা, অথবা একজন দাস মুক্ত করার মাধ্যমে। যদি তোমরা এগুলো করতে সমর্থ না হও, তাহলে তোমরা তিন দিন রোজা রাখবে। এটাই হচ্ছে শপথ সমূহ ভঙ্গ করার প্রায়শ্চিত্ত যা তোমরা বজায় রাখার অঙ্গীকার করেছিলে। তোমরা তোমাদের শপথ সমূহ পূর্ণ করবে। আল্লাহ এভাবে তোমাদের কাছে তাঁর প্রকাশনা বলী ব্যখ্যা করেন, যাতে তোমরা কৃতজ্ঞ হতে পারো।

*Intoxicants and Gambling Prohibited*  
মাদকদ্রব্য এবং জুয়া নিষিদ্ধ

[5:90] O you who believe, intoxicants, and gambling, and the altars of idols, and the games of chance are abominations of the devil; you shall avoid them, that you may succeed.

৫/৯০ হে তোমরা যারা বিশ্বাস করো, মাদকদ্রব্য, এবং জুয়া, এবং উপাস্যের বেদি, এবং ভাগ্যের খেলাগুলো শয়তানের ঘৃণ্য কাজ; তোমরা এগুলো এড়িয়ে চলবে, যাতে তোমরা সফল হতে পারো।

[5:91] The devil wants to provoke animosity and hatred among you through intoxicants and gambling, and to distract you from remembering GOD, and from observing the Contact Prayers (Salat). Will you then refrain?

৫/৯১ শয়তান চায় মাদকদ্রব্য এবং জুয়ার মাধ্যমে তোমাদের মাঝে শত্রুতা এবং ঘৃণার উদ্বেক করতে, এবং আল্লাহর স্মরণ থেকে, ও সংযোগ প্রার্থনাসমূহ (সালাত) পালন করা থেকে তোমাদের মনোযোগ সরিয়ে দিতে। তবে কি তোমরা বিরত হবে?

[5:92] You shall obey GOD, and you shall obey the messenger, and beware. If you turn away, then know that the sole duty of our messenger is to deliver the message efficiently.

৫/৯২ তোমরা আল্লাহকে মান্য করবে, এবং তোমরা বার্তাবাহককে মান্য করবে, এবং সতর্ক থাক। যদি তোমরা বিমুখ হও, তবে জেনো যে আমাদের বার্তাবাহকের একমাত্র দায়িত্ব হচ্ছে বার্তা পৌঁছে দেয়া।

[5:93] Those who believe and lead a righteous life bear no guilt by eating any food, so long as they observe the commandments, believe and lead a righteous life, then maintain their piety and faith, and continue to observe piety and righteousness. GOD loves the righteous.

৫/৯৩ যারা বিশ্বাস করে এবং সৎকর্মশীল জীবন যাপন করে তারা কোন খাদ্য খাওয়ার দ্বারা অপরাধ বহন করে না, যতক্ষণ তারা প্রত্যাদেশাবলি মেনে চলে, বিশ্বাস করে এবং একটি সৎ জীবন- যাপন করে, এরপর তাদের ধার্মিকতা এবং আস্থা বজায় রাখে, এবং ধার্মিকতা ও সৎকর্মশীলতা পালন অব্যাহত রাখে। আল্লাহ সৎকর্মশীলদের ভালবাসেন।

*Game Conservation*  
শিকার সংরক্ষণ

[5:94] O you who believe, GOD will test you with some game within reach of your hands and your arrows (during pilgrimage). GOD thus distinguishes those among you who observe Him in their privacy. Those who transgress after this have incurred a painful retribution.

৫/৯৪ হে তোমরা যারা বিশ্বাস কর, আল্লাহ তোমাদের হাতের নাগালে মধ্যে কিছু শিকার এবং তোমাদের তীরগুলো দ্বারা তোমাদের পরীক্ষা করবেন (হজ্জের সময়)। আল্লাহ এভাবে তোমাদের মধ্যে তাদেরকে আলাদা করেন যারা তাঁকে তাদের একান্তে মেনে চলে। যারা এরপরে সীমালঙ্ঘন করে তারা এক যন্ত্রনাদায়ক শাস্তি টেনে এনেছে।

[5:95] O you who believe, do not kill any game during pilgrimage. Anyone who kills any game on purpose, his fine shall be a number of

livestock animals that is equivalent to the game animals he killed. The judgment shall be set by two equitable people among you. They shall make sure that the offerings reach the Ka'bah. Otherwise, he may expiate by feeding poor people, or by an equivalent fast to atone for his offense. GOD has pardoned past offenses. But if anyone returns to such an offense, GOD will avenge it. GOD is Almighty, Avenger.

৫/৯৫ হে তোমরা যারা বিশ্বাস কর, তীর্থযাত্রার সময় কোন শিকারকে বধ করো না। যেকোন ইচ্ছাকৃতভাবে কোন শিকার বধ করে, তার জরিমানা হবে সে সংখ্যক গৃহপালিত পশু যা তার বধকৃত শিকার প্রানীগুলোর সমতুল্য। (বিচারের) রায়টি তোমাদের মধ্যে দুইজন ন্যায়পরায়ন লোকের দ্বারা ধার্য হবে। তারা নিশ্চিত করবে যে উৎসর্গগুলো কা' বায় পৌঁছায়। অন্যথায়, সে প্রায়শ্চিত্ত করতে পারে গরীব লোকদের খাওয়ানোর দ্বারা, অথবা তার অপরাধের প্রায়শ্চিত্ত করতে একটি সমতুল্য উপবাস দ্বারা। আল্লাহ অতীত অপরাধসমূহ ক্ষমা করেছেন। কিন্তু, যদি কেউ এরকম একটি অপরাধে ফিরে আসে, আল্লাহ এর প্রতিশোধ নিবেন। আল্লাহ সর্বশক্তিমান, প্রতিশোধ গ্রহণকারী।

*All Creatures of the Sea Lawful to Eat*  
সমুদ্রের সকল জীব খাওয়ার জন্য আইনসম্মত

[5:96] All fish of the sea are made lawful for you to eat. During pilgrimage, this may provide for you during your journey. You shall not hunt throughout the pilgrimage. You shall reverence GOD, before whom you will be summoned.

৫/৯৬ সমুদ্রের সকল মাছ তোমাদের খাওয়ার জন্য আইনসম্মত করা হল। তীর্থ যাত্রার সময়, এগুলো তোমাদের জন্য খাদ্যের যোগান হতে পারে। তোমরা তীর্থযাত্রা জুড়ে শিকার করবে না। তোমরা আল্লাহকে ভক্তি শ্রদ্ধা করবে, যার সামনে তোমাদের ডাকা হবে।

[5:97] GOD has appointed the Ka'bah, the Sacred Masjid,\* to be a sanctuary for the people, and also the Sacred Months, the offerings (to the Sacred Masjid), and the garlands marking them. You should know that GOD knows everything in the heavens and the earth, and that GOD is Omniscient.

৫/৯৭ আল্লাহ নির্ধারণ করেছেন পবিত্র মসজিদ কা' বাকে লোকদের জন্য একটি উপাসনার স্থান হিসেবে, এবং পবিত্র মাসগুলোও, (পবিত্র মসজিদের প্রতি) উৎসর্গগুলো, এবং মালাগুলো

যা এগুলোকে চিহ্নিত করে। তোমাদের জানা উচিত যে আল্লাহ আকাশমন্ডলী ও পৃথিবীর সবকিছু জানেন, এবং যে আল্লাহ সর্বশক্তিমান।

[5:98] Know that GOD is strict in enforcing retribution, and that GOD is Forgiving, Most Merciful.

৫/৯৮ জানো যে আল্লাহ শাস্তি প্রয়োগে কঠোর, এবং যে আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।

[5:99] The sole duty of the messenger is to deliver the message, and GOD knows everything you declare and everything you conceal.

৫/৯৯ বার্তাবাহকের একমাত্র দায়িত্ব হচ্ছে বার্তা পৌঁছে দেয়া, এবং আল্লাহ জানেন সবকিছু যা তোমরা প্রকাশ কর এবং সবকিছু যা তোমরা গোপন করো।

[5:100] Proclaim: "The bad and the good are not the same, even if the abundance of the bad may impress you. You shall reverence GOD, (even if you are in the minority.) O you who possess intelligence, that you may succeed."

৫/১০০ ঘোষণা করঃ “মন্দ এবং ভালো এক নয়, যদিও মন্দের আধিক্য তোমাকে প্রভাবিত করতে পারে। তুমি আল্লাহকে ভক্তি শ্রদ্ধা করবে, (এমনকি যদিও তুমি সংখ্যালঘুদের মধ্যে) হে তোমরা যারা বুদ্ধিমত্তার অধিকারী, যাতে তোমরা সফল হতে পারো।

[5:101] O you who believe, do not ask about matters which, if revealed to you prematurely, would hurt you. If you ask about them in light of the Quran, they will become obvious to you. GOD has deliberately overlooked them. GOD is Forgiver, Clement.

৫/১০১ হে তোমরা যারা বিশ্বাস কর, জিজ্ঞেস করো না সেসব ব্যাপারসমূহ সম্পর্কে যা, যদি তোমাদের কাছে অকালেই প্রকাশিত হয়, তোমাদের আঘাত করতে পারে। যদি তোমরা কোরানের আলোকে সেগুলো সম্পর্কে জিজ্ঞেস কর, সেগুলো তোমাদের কাছে স্পষ্ট হয়ে উঠবে। আল্লাহ উদ্দেশ্যপ্রনোদিতভাবে সেগুলো উপেক্ষা করেছেন। আল্লাহ ক্ষমাকারী, দয়ালু।

[5:102] Others before you have asked the same questions, then became disbelievers therein.

৫/১০২ তোমাদের আগে অন্যরা একই প্রশ্নসমূহ জিজ্ঞেস করেছিল, এরপর তাতে অবিশ্বাসী হয়ে পড়েছিল।

[5:103] GOD did not prohibit livestock that begets certain combinations of males and



females, nor livestock liberated by an oath, nor the one that begets two males in a row, nor the bull that fathers ten. It is the disbelievers who invented such lies about GOD. Most of them do not understand.

৫/১০৩ আল্লাহ নিষিদ্ধ করেননি গৃহপালিত পশু যা জন্ম দেয় পুরুষ জাতীয় ও নারী জাতীয় নির্দিষ্ট মিশ্রণসমূহ, না কোন শপথের দ্বারা মুক্তকৃত গৃহপালিত পশু, না সেটি যা জন্ম দেয় পর পর দুটি পুরুষ জাতীয়, না সেই ষাড় যেটি দশটির পিতা। অবিশ্বাসীরাই আল্লাহ সম্বন্ধে এরকম মিথ্যা উদ্ভাবন করেছিল। তাদের বেশির ভাগই বোঝে না।

*Do Not Follow Your Parents'  
Religion Blindly*

*আপনাদের পিতা- মাতাদের ধর্ম  
অন্ধভাবে অনুসরণ করবেন না*

[5:104] When they are told, "Come to what GOD has revealed, and to the messenger," they say, "What we found our parents doing is sufficient for us." What if their parents knew nothing, and were not guided?

৫/১০৪ যখন তাদের বলা হল, "আস তাতে যা আল্লাহ প্রকাশ করেছেন, এবং বার্তাবাহকের দিকে, "তারা বলে, "আমাদের জন্য যথেষ্ট যা আমরা আমাদের পিতা- মাতাদের করতে দেখেছিলাম।" যদি এমন হয় যে তাদের পিতা- মাতারা কিছুই না জানত, এবং না ছিল পথপ্রাপ্ত?

[5:105] O you who believe, you should worry only about your own necks. If the others go astray, they cannot hurt you, as long as you are guided. To GOD is your ultimate destiny, all of you, then He will inform you of everything you had done.

৫/১০৫ হে তোমরা যারা বিশ্বাস কর, তোমাদের উচিত শুধু তোমাদের নিজেদের ব্যপারে ভয় করা। যদি অন্যরা পথভ্রষ্ট হয়, তারা তোমাদের আঘাত করতে পারে না, যতক্ষণ তোমরা পথপ্রাপ্ত আছ। আল্লাহর কাছে তোমাদের চূড়ান্ত নিয়তি, তোমাদের সবার, তখন তিনি তোমাদেরকে অবগত করবেন যা কিছু তোমরা করেছিল।

*Witnessing A Will*

*কোন অস্থিতনামার সাক্ষী হওয়া*

[5:106] O you who believe, witnessing a will when one of you is dying shall be done by two equitable people among you. If you are traveling, then two others may do the witnessing. After observing the Contact Prayer (Salat), let the witnesses swear by GOD, to

alleviate your doubts: "We will not use this to attain personal gains, even if the testator is related to us. Nor will we conceal GOD's testimony. Otherwise, we would be sinners."

৫/১০৬ হে তোমরা যারা বিশ্বাস

করো, তোমাদের কেউ যখন মারা যাচ্ছে, তখন অস্থিতনামার সাক্ষী হওয়ার কাজ সম্পন্ন হবে তোমাদের মাঝে দুজন ন্যায়পরায়ণ লোক দ্বারা। যদি তোমরা ভ্রমণরত থাকো, তখন অন্য দুজন সাক্ষী হওয়ার কাজ করতে পারে। সংযোগ প্রার্থনা (সালাত) সম্পন্ন করার পর, তোমাদের সন্দেহ দূর করার জন্য সাক্ষীরা আল্লাহর নামে শপথ করবেঃ "আমরা ব্যক্তিগত লাভ প্রাপ্তির জন্য এটি ব্যবহার করবো না, এমন কি যদিও অস্থিতকারী আমাদের সাথে সম্পর্কযুক্ত হয়। না আমরা আল্লাহর সাক্ষ্য গোপন করবো। অন্যথায়, আমরা পাপী হবো"।

[5:107] If the witnesses are found to be guilty of bias, then two others shall be asked to take their places. Choose two persons who were victimized by the first witnesses, and let them swear by GOD: "Our testimony is more truthful than theirs; we will not be biased. Otherwise, we will be transgressors."

৫/১০৭ যদি সাক্ষীগণের মধ্যে পক্ষপাতগ্রস্থ হওয়ার অপরাধ পাওয়া যায়, তখন অন্য দু' জনকে তাদের স্থান নেয়ার জন্য অনুরোধ করা হবে। পছন্দ করো দুজন ব্যক্তি যারা প্রথম সাক্ষীগণের দ্বারা ক্ষতির শিকার, এবং তাদেরকে আল্লাহর নামে শপথ করতে দাওঃ "আমাদের সাক্ষ্য তাদের চেয়ে অধিক সত্যপূর্ণ; আমরা পক্ষপাতদুষ্ট হবো না। অন্যথায়, আমরা সীমাতিক্রমকারী হবো।"

[5:108] This is more apt to encourage an honest testimony on their part, fearing that their oath may be disregarded like that of the previous witnesses. You shall observe GOD and listen. GOD does not guide the wicked.

৫/১০৮ তাদেরকে সৎ সাক্ষ্য দিতে উৎসাহিত করা অধিক সঙ্গত, ভয় করে যে তাদের শপথ হয়তো পূর্বের সাক্ষীদের মতো অবিবেচিত হবে। তোমরা আল্লাহকে মান্য করবে এবং শোন। আল্লাহ মন্দদের পথ প্রদর্শন করেন না।

*The Dead Messengers Totally Unaware  
মৃত বার্তাবাহকেরা সম্পূর্ণ অবগত*

[5:109] The day will come when GOD will summon the messengers and ask them, "How was the response to you?" They will say, "We have no knowledge. You are the Knower of all secrets."

৫/১০৯ সে দিন আসবে যখন আল্লাহ বার্তাবাহকদের আহ্বান করবেন এবং তাদের জিজ্ঞেস করবেন, "তোমাদের প্রতি কেমন সাড়া দেয়া হয়েছিল?" তারা বলবে, "আমাদের কোন জ্ঞান নেই। আপনি সকল গোপন বিষয়ের জ্ঞাতা"।

[5:110] GOD will say, "O Jesus, son of Mary, remember My blessings upon you and your mother. I supported you with the Holy Spirit, to enable you to speak to the people from the crib, as well as an adult. I taught you the scripture, wisdom, the Torah, and the Gospel. Recall that you created from clay the shape of a bird by My leave, then blew into it, and it became a live bird by My leave. You healed the blind and the leprosy by My leave, and revived the dead by My leave. Recall that I protected you from the Children of Israel who wanted to hurt you, despite the profound miracles you had shown them. The disbelievers among them said, 'This is obviously magic.'

৫/১১০ আল্লাহ বলবেন, "হে মরিয়ম পুত্র-ঈসা, তোমার এবং তোমার মাতার প্রতি আমার অনুগ্রহ স্মরণ করো। আমি পবিত্র আত্মার দ্বারা তোমাকে সহায়তা করেছিলাম, কোলে থাকা অবস্থায় সেই সাথে একজন পূর্ণ বয়স্ক অবস্থায় লোকদের সাথে কথা বলায় সক্ষম করতে। আমি তোমাকে শিখিয়েছিলাম ঐশীগ্রন্থ, প্রজ্ঞা, তওরাত, ও ইঞ্জিল। স্মরণ করো, তুমি কাদা থেকে পাখির আকৃতি তৈরি করেছিলে আমার অনুমতিতে, এরপর তাতে ফু দিয়েছিলে, এবং তা একটি জীবন্ত পাখি হয়ে গিয়েছিল আমার অনুমতিতে। তুমি অন্ধ ও কুষ্ঠ রোগীকে নিরাময় করেছিলে আমার অনুমতিতে, এবং মৃতকে পুনরুজ্জীবিত করেছিলে আমার অনুমতিতে। স্মরণ করো, আমি তোমাকে ইসরাইলের সম্ভ্রান্তদের থেকে রক্ষা করেছিলাম যারা তোমার ক্ষতি করতে চেয়েছিল, প্রগাড়া অলৌকিকতা সত্ত্বেও যা তুমি তাদেরকে দেখিয়েছিলে। তাদের মধ্যকার অবিশ্বাসীরা বলেছিল, 'এটি সুস্পষ্ট জাদু'।

[5:111] "Recall that I inspired the disciples: 'You shall believe in Me and My messenger.' They said, 'We have believed, and bear witness that we are submitters.' "

৫/১১১ "স্মরণ কর যে আমি অনুসারীদের অনুপ্রাণিত করেছিলাম: ' তোমরা আমাকে ও আমার বার্তাবাহককে বিশ্বাস করবে।' তারা বলেছিল, ' আমরা বিশ্বাস করেছি, এবং সাক্ষী থাকুন যে আমরা আত্মসমর্পণকারী।' "

### The Feast ভোজ

[5:112] Recall that the disciples said, "O Jesus, son of Mary, can your Lord send down to us a feast from the sky?" He said, "You should reverence GOD, if you are believers."

৫/১১২ স্মরণ কর যে অনুসারীরা বলেছিল, "হে মরিয়ম পুত্র- ঈসা, তোমার প্রভু কি আকাশ থেকে আমাদের কাছে কোন ভোজ পাঠাতে পারেন?" সে বলেছিল, "তোমাদের উচিত আল্লাহকে ভক্তি- শ্রদ্ধা করা, যদি তোমরা বিশ্বাসী হও।"

[5:113] They said, "We wish to eat from it, and to reassure our hearts, and to know for sure that you have told us the truth. We will serve as witnesses thereof."

৫/১১৩ তারা বলেছিল, "আমরা চাই এর থেকে খেতে, এবং আমাদের অন্তরকে আশ্বস্ত করতে, এবং নিশ্চিত জানতে যে তুমি আমাদের সত্য বলেছ। আমরা এর সাক্ষী হিসেবে কাজ করবো।"

### Greater Miracles Bring Greater Responsibility\*

বৃহত্তর অলৌকিকতাসমূহ বৃহত্তর দায়িত্ব আনে

[5:114] Said Jesus, the son of Mary, "Our god, our Lord, send down to us a feast from the sky. Let it bring plenty for each and every one of us, and a sign from You. Provide for us; You are the best Provider."

৫/১১৪ মরিয়ম পুত্র ঈসা বলেছিল, "আমাদের উপাস্য, আমাদের প্রভু, আমাদের কাছে আকাশ হতে একটি ভোজ অবতীর্ণ করুন। এটি যেন আমাদের প্রত্যেকের জন্য প্রচুর হয়, এবং আপনার পক্ষ থেকে একটি নিদর্শন হয়। আমাদের জন্য প্রদান করুন; আপনি সর্বোত্তম দাতা।"

[5:115] GOD said, "I am sending it down. Anyone among you who disbelieves after this, I will punish him as I never punished anyone else."

৫/১১৫ আল্লাহ বলেছিলেন, "আমি তা অবতীর্ণ করছি। তোমাদের মধ্যে যেকেউ এরপর অবিশ্বাস করে, আমি তাকে শাস্তি দিব যা আমি কখনো কাউকে দেইনি।"

### On The Day Of Resurrection পুনরুত্থান দিনে

[5:116] GOD will say, "O Jesus, son of Mary,\* did you say to the people, 'Make me and my mother idols beside GOD'?" He will say, "Be You glorified. I could not utter what was not right. Had I said it, You already would have known it. You know my thoughts, and I do not know Your thoughts. You know all the secrets. ৫/১১৬ আল্লাহ বলবেন, "হে মরিয়ম পুত্র-ঈসা, তুমি কি লোকদের বলেছিলে যে, 'আমাকে আর আমার মাকে আল্লাহর পাশে উপাস্য বানাও?' সে বলবে, 'আপনি মহিমান্বিত। আমি বলতে পারতাম না, যা সঠিক না। আমি যদি তা বলে থাকতাম, আপনি ইতোমধ্যে তা জেনে যেতেন। আপনি আমার চিন্তাগুলো জানেন, এবং আমি আপনার চিন্তাগুলো জানি না। আপনি সকল রহস্য জানেন।

[5:117] "I told them only what You commanded me to say, that: 'You shall worship GOD, my Lord and your Lord.' I was a witness among them for as long as I lived with them. When You terminated my life on earth, You became the Watcher over them. You witness all things.

৫/১১৭ আমি তাদেরকে শুধুমাত্র তা-ই বলেছিলাম যা আপনি আমাকে বলতে লুকুম করেছিলেন, যেঃ 'তোমরা আল্লাহর উপাসনা করবে, আমার প্রভু এবং তোমাদের প্রভু'। আমি তাদের মাঝে একজন সাক্ষী ছিলাম, যতো দিন আমি তাদের সাথে বেঁচে ছিলাম। যখন আপনি পৃথিবীতে আমার জীবন সমাপ্ত করেছিলেন, আপনি তাদের উপর পর্যবেক্ষক হলেন। আপনি সবকিছুর দ্রষ্টা।

[5:118] "If You punish them, they are Your constituents. If You forgive them, You are the Almighty, Most Wise."

৫/১১৮ "যদি আপনি তাদের শাস্তি দেন, তারা আপনার দাস। যদি আপনি তাদের ক্ষমা করেন, আপনি সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী।

[5:119] GOD will proclaim, "This is a day when the truthful will be saved by their truthfulness." They have deserved gardens with flowing streams. They abide therein forever. GOD is pleased with them, and they are pleased with Him. This is the greatest triumph.

৫/১১৯ আল্লাহ ঘোষণা করবেন, 'এটি এমনি এক দিন যখন সত্যবাদীরা তাদের সত্যবাদিতার দ্বারা রক্ষা পাবে'। তারা প্রবাহিত বর্নাসহ বাগানের উপযুক্ত হয়েছে। তারা সেখানে চিরকাল বাস করে। আল্লাহ তাদের প্রতি

সন্তুষ্ট, এবং তারা তাঁর প্রতি সন্তুষ্ট। এটাই সর্বোচ্চ বিজয়।

[5:120] To GOD belongs the sovereignty of the heavens and the earth, and everything in them, and He is Omnipotent।

৫/১২০ আকাশমন্ডলী ও পৃথিবীর, এবং এদের মধ্যকার সবকিছুর সার্বভৌম ক্ষমতা আল্লাহর, এবং তিনি সর্বশক্তিমান।

## Sura 6: Livestock (Al-An 'ām)

৬/০ পরম করুণাময়, পরম দয়ালু আল্লাহর নামে শুরু করছি।

[6:1] Praise be to GOD, who created the heavens and the earth, and made the darkness and the light. Yet, those who disbelieve in their Lord continue to deviate.

৬/১ প্রশংসা আল্লাহর, যিনি আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করেছেন, এবং বানিয়েছেন অন্ধকার ও আলো। এরপরেও, যারা তাদের রবকে অবিশ্বাস করে তারা পথচ্যুতিতেই রয়েছে।

[6:2] He is the One who created you from mud, then predetermined your life span, a life span that is known only to Him. Yet, you continue to doubt.

৬/২ তিনিই একজন যিনি কাঁদামাটি থেকে তোমাদের সৃষ্টি করেছেন, এরপর পূর্বনির্ধারণ করেছেন তোমাদের জীবনকাল, জীবনকাল যা শুধু তাঁরই জানা। এরপরেও, তোমরা সন্দেহের মধ্যেই রয়েছ।

[6:3] He is the one GOD in the heavens and the earth. He knows your secrets and your declarations, and He knows everything you earn.

৬/৩ আকাশমণ্ডলী ও পৃথিবীতে তিনিই একমাত্র আল্লাহ। তিনি তোমাদের গোপন ও তোমাদের প্রকাশ্য বিষয়াদি জানেন, এবং তিনি সবকিছু জানেন যা তোমরা উপার্জন করে।

[6:4] No matter what kind of proof comes to them from their Lord, they turn away from it, in aversion.

৬/৪ যে ধরনের প্রমাণই তাদের প্রভুর পক্ষ থেকে তাদের কাছে আসুক না কেন, তারা তা থেকে মুখ ফিরিয়ে নেয়, বিদ্বেষে।

[6:5] Since they rejected the truth when it came to them, they have incurred the consequences of their heedlessness.

৬/৫ যেহেতু তারা প্রত্যাঙ্কান করেছে সত্য যখন তা তাদের কাছে এসেছিল, তারা তাদের অমনোযোগিতার প্রতিফলসমূহ টেনে এনেছে।

[6:6] Have they not seen how many generations before them we have annihilated? We established them on earth more than we did for you, and we showered them with

blessings, generously, and we provided them with flowing streams. We then annihilated them because of their sins, and we substituted another generation in their place.

৬/৬ তারা কি দেখেনি, তাদের আগে আমরা কত প্রজন্মকে ধ্বংস করেছি? আমরা তাদেরকে পৃথিবীতে প্রতিষ্ঠিত করেছিলাম তোমাদেরকে যতোটা করেছিলাম তার চেয়ে বেশি, এবং আমরা তাদের প্রতি আশীর্বাদ বর্ষণ করেছিলাম, উদারভাবে, এবং আমরা তাদের দিয়েছিলাম প্রবাহিত ঝর্ণাসমূহ। আমরা এরপর তাদেরকে ধ্বংস করেছিলাম তাদের পাপের কারণে, এবং আমরা প্রতিস্থাপিত করেছিলাম তাদের স্থানে অন্য প্রজন্মকে।

[6:7] Even if we sent down to them a physical book, written on paper, and they touched it with their hands, those who disbelieved would have said, "This is no more than clever magic."

৬/৭ এমনকি যদি আমরা তাদের প্রতি একটি বাস্তব গ্রন্থ অবতীর্ণ করতাম, কাগজে লিখিত, আর তারা তাদের হাত দিয়ে তা স্পর্শ করত, যারা অবিশ্বাস করেছে তারা বলত, “এটা সুনিপুন জাদুর চেয়ে বেশি কিছু নয়।”

[6:8] They also said, "If only an angel could come down with him!" Had we sent an angel, the whole matter would have been terminated, and they would no longer be respited.

৬/৮ তারা আরও বলেছিল, “শুধু যদি তার সাথে একজন ফেরেশতা অবতরণ করতো!” যদি আমরা কোন ফেরেশতা পাঠাতাম, পুরো ব্যাপারটির পরিসমাপ্তি ঘটতো, এবং তারা আর কোন অবকাশ পেতো না।

*Requirements of the Test*  
*পরীক্ষার আবশ্যিক বিষয়সমূহ*

[6:9] Had we sent an angel, we would have sent him in the form of a man, and we would have kept them just as confused as they are confused now.

৬/৯ আমরা যদি একজন ফেরেশতা পাঠাতাম, আমরা তাকে একজন মানুষের আকারে পাঠাতাম, এবং আমরা তাদেরকে একই রকম বিভ্রান্তিতে রাখতাম এখন তারা যেরকম বিভ্রান্তিতে আছে।

[6:10] Messengers before you have been ridiculed. It is those who mocked them who suffered the consequences of their ridiculing. ৬/১০ তোমার পূর্বের বার্তাবাহকদের উপহাস করা হয়েছে, যারাই তাদের উপহাস করেছিল তারা তাদের উপহাস করার প্রতিফলসমূহ ভোগ করেছিল।

[6:11] Say, "Roam the earth and note the consequences for the rejectors."

৬/১১ বল, "পৃথিবীতে ভ্রমণ কর এবং লক্ষ্য কর প্রত্যক্ষানকারীদের পরিণামসমূহ।"

[6:12] Say, "To whom belongs everything in the heavens and the earth?" Say, "To GOD ." He has decreed that mercy is His attribute. He will surely summon you all on the Day of Resurrection, which is inevitable. The ones who lose their souls are those who disbelieve. ৬/১২ বল, "আকাশমন্ডলী ও পৃথিবীর সবকিছু কার?" বল, "আল্লাহর।" তিনি জারি করেছেন দয়া হচ্ছে তাঁর গুণ। তিনি নিশ্চিতভাবে তোমাদের সবাইকে পুনরুত্থান দিনে ডাকবেন, যা অনিবার্য। যারাই অবিশ্বাস করে তারাই তাদের আত্মা হারায়।

[6:13] To Him belongs everything that dwells in the night and the day. He is the Hearer, the Knower.

৬/১৩ তাঁর অধীনেই রয়েছে সবকিছু যা বাস করে রাতে ও দিনে। তিনি শ্রোতা, জ্ঞাত।

[6:14] Say, "Shall I accept other than GOD as a Lord and Master, when He is the Initiator of the heavens and the earth, and He feeds but is not fed?" Say, "I am commanded to be the most devoted submitter, and, 'Do not be an idol worshiper.'"

৬/১৪ বল, "আমি কি প্রভু ও মনিব হিসেবে আল্লাহ ছাড়া অন্য কাউকে গ্রহণ করবো, যখন তিনি আকাশমন্ডলী ও পৃথিবীর সূচনাকারী, এবং তিনি খাওয়ান কিন্তু খান না?" বল, "আমি সবচেয়ে অনুগত আত্মসমর্পণকারী হতে আদেশপ্রাপ্ত হয়েছি, এবং, ' অংশীদার উপাসক হইও না।' "

[6:15] Say, "I fear, if I disobeyed my Lord, the retribution of an awesome day.

৬/১৫ বল, "যদি আমি আমার প্রভুকে অমান্য করে থাকি, আমি ভয় করি- এক ভয়ংকর দিনের শাস্তির।

[6:16] "Whoever is spared (*the retribution*), on that day, has attained His mercy. And this is the greatest triumph."

৬/১৬ "যে কেউ সেদিন, (*শাস্তি থেকে*) নিষ্কৃতি পায়, তাঁর করুণাপ্রাপ্ত হয়েছে। আর, এটিই শ্রেষ্ঠ বিজয়।"

*Only God Controls Happiness  
সুখ শুধুমাত্র আল্লাহ নিয়ন্ত্রণ করেন*

[6:17] If GOD touches you with adversity, none can relieve it except He. And if He touches you with a blessing, He is Omnipotent.

৬/১৭ যদি আল্লাহ তোমাদের দুর্দশা দেন, তিনি ব্যতীত অন্য কেউ তা লাঘব করতে পারে না। এবং তিনি যদি তোমাদেরকে সৌভাগ্য দেন, তিনি সর্বশক্তিমান।

[6:18] He is Supreme over His creatures. He is the Most Wise, the Cognizant.

৬/১৮ তিনি তাঁর সৃষ্টির উপর পরাক্রান্ত। তিনি সবচেয়ে জ্ঞানী, জ্ঞাত।

*Quran, the Whole Quran, and Nothing But the Quran*

*কোরান, সম্পূর্ণ কোরান, এবং কোরান ছাড়া অন্যকিছু নয়*

[6:19] Say, "Whose testimony is the greatest?" Say, "GOD's. He is the witness between me and you that this Quran\* has been inspired to me, to preach it to you and whomever it reaches. Indeed, you bear witness that there are other gods\* beside GOD." Say, "I do not testify as you do; there is only one god, and I disown your idolatry."

৬/১৯ বল, "কার সাক্ষ্য সর্বশ্রেষ্ঠ?" বল, "আল্লাহর। তিনি আমার ও তোমাদের মাঝে সাক্ষী যে এই কোর'আন আমার প্রতি প্রত্যাদিষ্ট হয়েছে, এর প্রচার করতে তোমাদের কাছে এবং যার কাছে এটি পৌঁছে। নিশ্চয়, তোমরা সাক্ষ্য দাও যে আল্লাহর পাশে অন্য উপাস্যরা আছে।" বল, "যেরকম তোমরা সাক্ষ্য দাও, আমি তেমন দেই

না; উপাস্য তো কেবল একজনই রয়েছেন, এবং আমি তোমাদের অংশিবাদিতা অস্বীকার করি।"

[6:20] Those to whom we have given the scripture recognize this as they recognize their own children. The ones who lose their souls are those who do not believe.

৬/২০ যাদেরকে আমরা ঐশীগ্রহ প্রদান করেছি তারা তা চেনে যেমন তারা তাদের নিজেদের সন্তানদের চেনে। যারা বিশ্বাস করে না তাই তাই তাদের আত্মা হারায়।

[6:21] Who is more evil than one who lies about GOD, or rejects His revelations? The transgressors never succeed.

৬/২১ তার চেয়ে কে বেশি মন্দ যে আল্লাহ সম্পর্কে মিথ্যা বলে, অথবা তাঁর প্রকাশনাবলি প্রত্যাক্ষান করে? সীমালঙ্ঘনকারীরা কখনো সফল হয় না।

*Idol Worshipers*

*Deny Their Idolatry*

*অংশীদার উপাসকেরা*

*তাদের অংশীবাদকে অস্বীকার করে*

[6:22] On the day when we summon them all, we will ask the idol worshipers, "Where are the idols you set up?"

৬/২২ সে দিন আমরা যখন তাদের সকলকে ডাকব, আমরা অংশীদার উপাসকদের জিজ্ঞেস করবো, "তোমাদের স্থাপন করা উপাস্যরা কোথায়?"

[6:23] Their disastrous response will be, "By GOD our Lord, we never were idol worshipers."\*

৬/২৩ তাদের দুর্ভাগ্যমূলক উত্তর হবে, "আমাদের প্রভু আল্লাহর নামে শপথ, আমরা কখনো অংশীদার উপাসক ছিলাম না।"

[6:24] Note how they lied to themselves, and how the idols they had invented have abandoned them.

৬/২৪ লক্ষ্য কর কিভাবে তারা নিজেদের সাথে মিথ্যা বলেছিল, এবং কিভাবে তাদেরকে তাদের উদ্ভাবিত উপাস্যরা পরিত্যাগ করেছে।

[6:25] Some of them listen to you, but we place veils on their hearts to prevent them from understanding, and deafness in their ears.

Thus, no matter what kind of proof they see, they cannot believe. Thus, when they come to argue with you, the disbelievers say, "These are tales from the past."

৬/২৫ তাদের কেউ কেউ তোমাকে শোনে, কিন্তু আমরা তাদের অন্তরে পর্দা দিয়ে দেই যাতে তারা বুঝতে না পারে, এবং তাদের কানে বধিরতা দেই। সুতরাং, তারা যে ধরনের প্রমাণই দেখুক না কেন, তারা বিশ্বাস করতে পারে না। সুতরাং যখন তারা তোমার সাথে তর্ক করতে আসে, অবিশ্বাসীরা বলে, "এগুলো অতীতের গল্প- গুজব।"

[6:26] They repel others from this (*Quran*), as they themselves stay away from it, and thus, they only destroy themselves without perceiving.

৬/২৬ তারা অন্যদের এটি (*কোরআন*) থেকে বাধা দেয়, যেমন তারা নিজেরা এটি থেকে দূরে থাকে, আর তাই, তারা না বুঝে শুধু নিজেদের ধ্বংস করে।

[6:27] If only you could see them when they face the hellfire! They would say then, "Woe to us. Oh, we wish if we could go back, and never reject our Lord's revelations, and join the believers."

৬/২৭ যদি শুধু তোমরা তাদের দেখতে পারতে যখন তারা নরকাগ্নির মুখোমুখি হয়! তারা তখন বলবে, "আমাদের কি দুঃখ! ইশ, আমরা যদি পিছনে ফিরে যেতে পারতাম, এবং আমাদের প্রভুর প্রকাশনাবলি কখনো প্রত্যাখ্যান না করতাম, এবং বিশ্বাসীদের সাথে যোগ দিতাম।"

[6:28] As a matter of fact, (*they only say this because*) their secrets have been exposed. If they go back, they will commit exactly the same crimes.\* They are liars.

৬/২৮ বাস্তবিকপক্ষে, (*তারা শুধু তা বলে যেহেতু*) তাদের গুপ্ত বিষয়গুলো প্রকাশিত হয়েছে। যদি তারা ফিরে যায়, তারা ঠিক একই অপরাধসমূহ করবে। তারা মিথ্যাবাদী।

\*6:28 This is because as soon as we enter into our worldly dimension, we become totally unaware of events in the dimension of souls, where God and His angels, and Heaven and Hell, can be seen. Thus, the guilty will not change their behavior, even after seeing that eternal dimension.

[6:29] They say (*subconsciously*), "We live only this life; we will not be resurrected."  
৬/২৯ তারা বলে (*অবচেতনভাবে*), "আমরা শুধু এই জীবনেই বাঁচি; আমরা পুনরুত্থিত হবো না।"

[6:30] If you could only see them when they stand before their Lord! He would say, "Is this not the truth?" They would say, "Yes, by our Lord." He would say, "You have incurred the retribution by your disbelief."

৬/৩০ যদি শুধু তুমি তাদের দেখতে পেতে যখন তারা তাদের প্রভুর সামনে দাঁড়ায়! তিনি বলবেন, "এটা কি সত্য নয়?" তারা বলবে, "হ্যাঁ, আমাদের প্রভুর শপথ।" তিনি বলবেন, "তোমরা তোমাদের অবিশ্বাসে কারণে শাস্তি টেনে এনেছ।"

[6:31] Losers indeed are those who disbelieve in meeting GOD, until the Hour comes to them suddenly then say, "We deeply regret wasting our lives in this world." They will carry loads of their sins on their backs; what a miserable load!

৬/৩১ প্রকৃতপক্ষে তারাই ক্ষতিগ্রস্ত যারা আল্লাহর সাথে সাক্ষাতে অবিশ্বাস করে, যতক্ষণ না আকস্মিকভাবে তাদের কাছে সেই ঘণ্টা এসে যায়, তখন বলে, "আমরা এই দুনিয়ায় আমাদের জীবনকে অপচয় করার জন্য গভীর দুঃখ প্রকাশ করি।" তারা তাদের পাপের বোঝা তাদের পিঠে বইবে; কতই না দুর্বিষহ বোঝা!

#### Rearranging Our Priorities

আমাদের অগ্রাধিকারগুলো পূর্ণবিন্যাস করা

[6:32] The life of this world is no more than illusion and vanity, while the abode of the Hereafter is far better for the righteous. Do you not understand?!

৬/৩২ এই দুনিয়ার জীবন বিভ্রম এবং অন্তঃসারশূন্যতা ছাড়া বেশি কিছু নয়, যখন সৎকর্মশীলদের জন্য পরকালের আবাস অনেক উত্তম। তোমরা কি বুঝ না?

[6:33] We know that you may be saddened by what they say. You should know that it is not you that they reject; it is GOD's revelations that the wicked disregard.

৬/৩৩ আমরা জানি যে তারা যা বলে তাতে তুমি দুঃখ পেতে পার। তোমার জানা উচিত যে, এ তো তুমি নও যাকে তারা প্রত্যাক্ষান করে; এ

তো আল্লাহর প্রকাশনাবলি যা মন্দরা উপেক্ষা করে।

[6:34] Messengers before you have been rejected, and they steadfastly persevered in the face of rejection. They were persecuted until our victory came to them. Such is GOD's system that will never change. The history of My messengers thus sets the precedents for you.

৬/৩৪ তোমার পূর্বের বার্তাবাহকদের প্রত্যাক্ষান করা হয়েছে, এবং তারা প্রত্যাক্ষানের মুখে দৃড়তার সাথে অবিচল ছিল। তারা নিপীড়িত হয়েছিল, যে পর্যন্ত না তাদের কাছে আমাদের বিজয় এসেছিল। এরকমই আল্লাহর পদ্ধতি, যার কখনো পরিবর্তন হবে না। আমার বার্তাবাহকদের ইতিহাস এভাবে তোমাদের জন্য দৃষ্টান্ত সৃষ্টি করে।

[6:35] If their rejection gets to be too much for you, you should know that even if you dug a tunnel through the earth, or climbed a ladder into the sky, and produced a miracle for them (*they still would not believe*). Had GOD willed, He could have guided them, unanimously. Therefore, do not behave like the ignorant ones.

৬/৩৫ যদি তাদের প্রত্যাক্ষান তোমার জন্য অসহনীয় হয়ে যায়, তোমার জানা উচিত যে এমনকি যদি তুমি ভূমির মধ্য দিয়ে কোন সুরঙ্গ খুঁড়তে, অথবা আকাশের ভিতর সিঁড়ি দিয়ে আরোহণ করতে, এবং তাদের জন্য কোন অলৌকিকতা তৈরী করতে (*এরপরও তারা বিশ্বাস করতো না*)। আল্লাহ যদি চাইতেন, তিনি তাদের পথ দেখাতে পারতেন, সর্বসম্মতভাবে। সেজন্য, অজ্ঞদের মতো আচরণ করো না।

[6:36] The only ones to respond are those who listen. GOD resurrects the dead; they ultimately return to Him.

৬/৩৬ শুধুমাত্র তারা সাড়া দেবে, যারা শোনে। আল্লাহ মৃতকে পুনর্জীবিত করেন; তারা শেষ পর্যন্ত তাঁর কাছে ফিরে আসে।

[6:37] They said, "If only a certain sign could come down to him from his Lord!" Say, "GOD is able to send down a sign, but most of them do not know."

৬/৩৭ তারা বলেছিল, "যদি শুধু একটি বিশ্বাসযোগ্য নিদর্শন তার কাছে তার প্রভুর পক্ষ

থেকে আসতো!” বল, “আল্লাহ একটি নিদর্শন অবতীর্ণ করতে সক্ষম, কিন্তু তাদের বেশিরভাগ জানে না”।

*Animals and Birds: Submitting Creatures \**  
*প্রানী ও পাখিরাঃ আত্মসমর্পণকারী জীব*

[6:38] All the creatures on earth, and all the birds that fly with wings, are communities like you. We did not leave anything out of this book.\*\* To their Lord, all these creatures will be summoned.

৬/৩৮ পৃথিবীর সকল সৃষ্টি, এবং সকল পাখি যা পাখা যোগে উড়ে, তোমাদের মতো সম্প্রদায়। আমরা কোন কিছুই এই গ্রন্থের বাইরে রাখিনি। তাদের প্রভুর কাছে, এই সকল সৃষ্টিকে তলব করা হবে।

*Overwhelming Miracle of the Quran*  
*কোরানের অভিভূতকারী অলৌকিকতা*

[6:39] Those who reject our proofs are deaf and dumb, in total darkness. Whomever GOD wills, He sends astray, and whomever He wills, He leads in a straight path.

৬/৩৯ যারা আমাদের প্রমাণাদি প্রত্যাক্ষান করে তারা বধির ও বোবা, পুরোপুরি অন্ধকারে। যাকে আল্লাহ চান, বিপথে পাঠান, এবং যাকে তিনি চান, এক সরল পথে পরিচালিত করেন।

[6:40] Say, "What if GOD's retribution came to you, or the Hour came to you: would you implore other than GOD, if you are truthful?"

৬/৪০ বল, “কি হবে যদি আল্লাহর শাস্তি তোমাদের কাছে এসে যায়, অথবা সে ঘণ্টা তোমাদের কাছে এসে যায়ঃ তোমরা কি আল্লাহ ছাড়া অন্যকারো কাছে মিনতি করবে, যদি তোমরা সত্যবাদী হও?”

[6:41] The fact is: only Him you implore, and He answers your prayer, if He so wills, and you forget your idols.

৬/৪১ বাস্তবতা হলো: শুধু তাঁর কাছেই তোমরা মিনতি করো, এবং তিনি তোমাদের প্রার্থনার উত্তর দেন, যদি তিনি এমনই চান, এবং তোমরা তোমাদের উপাস্যদের ভুলে যাও।

[6:42] We have sent (*messengers*) to communities before you, and we put them to the test through adversity and hardship, that they may implore.

৬/৪২ আমরা তোমাদের আগের সম্প্রদায়গুলোর কাছে (*বার্তাবাহকদের*) পাঠিয়েছি, এবং আমরা তাদেরকে প্রতিকূলতা ও কষ্ট দিয়ে পরীক্ষায় ফেলেছিলাম, যাতে তারা মিনতি করে।

[6:43] If only they implored when our test afflicted them! Instead, their hearts were hardened, and the devil adorned their works in their eyes.

৬/৪৩ যদি শুধু তারা মিনতি করতো আমাদের পরীক্ষা যখন তাদের পীড়া দিয়েছিল! উল্টো, তাদের অন্তর কঠিন হয়ে পড়েছিল, এবং শয়তান তাদের কাজগুলোকে তাদের চোখে সুশোভিত করে রেখেছিল।

*The System \**  
*পদ্ধতিটি*

[6:44] When they thus disregard the message given to them, we open for them the gates of everything. Then, just as they rejoice in what was given to them, we punish them suddenly; they become utterly stunned.

৬/৪৪ যখন তারা এভাবে তাদেরকে দেয়া বার্তা উপেক্ষা করে, আমরা তাদের জন্য সবকিছুর দরজা খুলে দেই। এরপর, যখনই তারা তা নিয়ে আনন্দ করে যা তাদের দেয়া হয়েছিল, আমরা অকস্মাত তাদেরকে শাস্তি দেই; তারা একেবারে হতবস্ত হয়ে পড়ে।

[6:45] The wicked are thus annihilated. Praise be to GOD, Lord of the universe.

৬/৪৫ মন্দরা এভাবে নিশ্চিহ্ন হয়। প্রশংসা আল্লাহর, মহাবিশ্বের প্রভু।

*God Alone Worthy of Worship*  
*একমাত্র আল্লাহই উপাসনার যোগ্য*

[6:46] Say, "What if GOD took away your hearing and your eyesight, and sealed your minds; which god, other than GOD, can restore these for you?" Note how we explain the revelations, and note how they still deviate!

৬/৪৬ বল, “কি হবে যদি আল্লাহ তোমাদের শ্রবণ ও দৃষ্টিশক্তি নিয়ে নেন, এবং তোমাদের অন্তরে মোহর এঁটে দেন, আল্লাহ ছাড়া কোন উপাস্য তোমাদের জন্য এগুলো ফিরিয়ে দিতে পারে?” লক্ষ্য করো কিভাবে আমরা প্রকাশনাবলি ব্যাখ্যা করি, এবং লক্ষ্য করো কিভাবে তারা এরপরেও বিপথগামী হয়।



[6:47] Say, "What if GOD's retribution came to you suddenly, or after an announcement, is it not the wicked who incur annihilation?"

৬/৪৭ বল, “কি হতো যদি আল্লাহর শাস্তি হঠাৎ করে তোমাদের কাছে আসতো, অথবা কোন ঘোষণার পর, এরা কি পাপীরা নয় যারা ধ্বংস টেনে আনে?

#### Role of the Messengers বার্তাবাহকদের ভূমিকা

[6:48] We do not send the messengers except as deliverers of good news, as well as warners. Those who believe and reform have nothing to fear, nor will they grieve.

৬/৪৮ আমরা বার্তাবাহকদের একজন সুসংবাদদাতা, আর সতর্ককারী হিসেবে ছাড়া পাঠাই না। যারা বিশ্বাস করে এবং সংশোধিত হয় তাদের ভয়ের কিছু নেই, না তারা শোক করবে।

[6:49] As for those who reject our revelations, they incur the retribution for their wickedness. ৬/৪৯ তাদের জন্য যারা আমাদের প্রকাশনাবলি প্রত্যাক্ষান করে, তারা তাদের পাপের জন্য শাস্তি টেনে আনে।

[6:50] Say, “I do not say to you that I possess the treasures of GOD. Nor do I know the future. Nor do I say to you that I am an angel. I simply follow what is revealed to me. ? Say, “Is the blind the same as the seer? Do you not reflect? ?

৬/৫০ বল, “আমি তোমাদেরকে বলি না যে আমি আল্লাহর ধনভাণ্ডারগুলোর মালিক। না আমি ভবিষ্যৎ জানি। না আমি তোমাদের বলি যে, আমি একজন ফেরেশতা। আমি কেবল তা অনুসরণ করি, যা আমার কাছে প্রকাশ করা হয়। বল, “অন্ধ কি চক্ষুস্থানের সমান? তোমরা কি অনুধাবন করবে না?

[6:51] And preach with this (Quran) to those who reverence the summoning before their Lord –they have none beside Him as a Lord and Master, nor an intercessor–that they may attain salvation.

৬/৫১ এবং এটি (কোরআন) দিয়ে প্রচার করে তাদের কাছে যারা তাদের প্রভুর সামনে সমবেত হবার ভয় করে - তাদের প্রভু এবং মনিব

হিসেবে তাঁর পাশে আর কেউ নেই, না কোন সুপারিশকারী - যাতে তারা পরিত্রাণ পেতে পারে।

[6:52] And do not dismiss those who implore their Lord day and night, devoting themselves to Him alone. You are not responsible for their reckoning, nor are they responsible for your reckoning. If you dismiss them, you will be a transgressor.

৬/৫২ এবং তাদেরকে অগ্রাহ্য করো না যারা দিনে ও রাতে তাদের প্রভুর কাছে মিনতি করে, নিজেদেরকে একমাত্র তাঁর কাছে উৎসর্গ করে। তাদের হিসাবের জন্য তুমি দায়ী নও, না তারা তোমার হিসাবের জন্য দায়ী। যদি তুমি তাদের অগ্রাহ্য করো, তুমি একজন সীমালঙ্ঘনকারী হবে।

[6:53] We thus test the people by each other, to let them say (*mockingly*), "Are these the people among us who are blessed by GOD?" Is GOD not aware of the appreciative ones? ৬/৫৩ আমরা লোকদের এভাবে একের দ্বারা অন্যকে পরীক্ষা করি, তাদেরকে (*উপহাস করে*) বলতে দিতে, "এরাই কি আমাদের মধ্যকার সেসব লোক যারা আল্লাহর দ্বারা আশীর্বাদপ্রাপ্ত?" আল্লাহ কি কৃতজ্ঞ ব্যক্তিদের সম্পর্কে অবগত নন?

[6:54] When those who believe in our revelations come to you, you shall say, "Salāmun 'Alaykum (*Peace be upon you*). Your Lord has decreed that mercy is His attribute. Thus, anyone among you who commits a transgression out of ignorance, and repents thereafter and reforms, then He is Forgiving, Most Merciful."

৬/৫৪ যখন তারা তোমার কাছে আসে, যারা আমাদের প্রকাশনাবলি বিশ্বাস করে, তুমি বলবে, "সালামুন আলাইকুম (*আপনার উপর শান্তি বর্ষিত হোক*)। তোমার প্রভু জারি করেছেন যে দয়া হচ্ছে তাঁর গুণ। তাই, তোমাদের মধ্যে যেকেউ অজ্ঞতাবশত একটি সীমালঙ্ঘন করে, এবং এরপরে অনুশোচনা করে এবং সংশোধিত হয়, তবে তিনি ক্ষমাশীল, পরম দয়ালু। "

[6:55] We thus explain the revelations, and point out the ways of the wicked.

৬/৫৫ আমরা এভাবে প্রকাশনাবলি ব্যাখ্যা করি, আর পাপীদের পথগুলো দেখিয়ে দেই।

[6:56] Say, "I am forbidden from worshipping what you worship besides GOD." Say, "I will not follow your opinions. Otherwise, I will go astray, and not be guided."

৬/৫৬ বল, “তোমরা আল্লাহর পাশে যার উপাসনা করো আমাকে তার উপাসনা করতে নিষেধ করা হয়”। বল, “আমি তোমাদের মতের অনুসরণ করবো না। অন্যথায়, আমি বিপথে যাব, এবং পথপ্রাপ্ত হবো না”।

[6:57] Say, "I have solid proof from my Lord, and you have rejected it. I do not control the retribution you challenge me to bring.

Judgment belongs with GOD alone. He narrates the truth, and He is the best judge."

৬/৫৭ বল, “আমার কাছে আমার প্রভুর পক্ষ থেকে দৃঢ় প্রমাণ আছে, এবং তোমরা তা প্রত্যাক্ষান করেছ। তোমরা আমাকে যে শাস্তি আনতে চ্যালেঞ্জ করো, সে শাস্তির নিয়ন্ত্রন আমি করি না। বিচার একমাত্র আল্লাহর অধীনে। তিনি সত্য বর্ণনা করেন, এবং তিনি সর্বোত্তম বিচারক।

[6:58] Say, "If I controlled the retribution you challenge me to bring, the whole matter would have been terminated long ago. GOD knows best who the wicked are."

৬/৫৮ বল, “তোমরা আমাকে যে শাস্তি আনার চ্যালেঞ্জ করো আমি যদি সে শাস্তির নিয়ন্ত্রন করতাম, পুরো ব্যাপারটি বহু আগেই সমাপ্ত হতো। আল্লাহ সবচেয়ে ভালো জানেন কারা সেই পাপী”।

*Almighty God*  
*সর্বশক্তিমান আল্লাহ*

[6:59] With Him are the keys to all secrets; none knows them except He. He knows everything on land and in the sea. Not a leaf falls without His knowledge. Nor is there a grain in the depths of the soil. Nor is there anything wet or dry, that is not recorded in a profound record.

৬/৫৯ তাঁর কাছে সকল রহস্যের চাবি আছে; তিনি ছাড়া সেগুলো কেউ জানে না। তিনি ভূমির উপরের এবং সাগরের ভেতরের সবকিছু জানেন। তাঁর জ্ঞানের বাইরে একটি পাতাও পড়ে

না। না আছে মাটির গভীরে কোন শস্যকনা। না আছে কোন আদ্র বা শুকনো কিছু, যা একটি প্রগাঢ় নথিতে নথিভুক্ত নেই।

*Death and Resurrection: Every Day\**  
*মৃত্যু এবং পুনরুত্থানঃ প্রতিদিন*

[6:60] He is the One who puts you to death during the night, and knows even the smallest of your actions during the day. He resurrects you every morning, until your life span is fulfilled, then to Him is your ultimate return. He will then inform you of everything you had done.

৬/৬০ তিনিই সে সত্ত্বা যিনি তোমাদেরকে রাতের বেলায় মৃত করেন, এবং দিনের বেলায় তোমাদের করা ক্ষুদ্রতম কাজগুলোও জানেন। তিনি প্রত্যেক সকালে তোমাদের পুনরুত্থিত করেন, যতক্ষণ না তোমাদের জীবনকাল পূর্ণ হয়, এরপর তার কাছে তোমাদের চূড়ান্ত প্রত্যাবর্তন। তখন তিনি তোমাদের সবকিছু জানাবেন যা তোমরা করেছিলে।

[6:61] He is Supreme over His creatures, and He appoints guards to protect you. When the appointed time of death comes to any of you, our messengers put him to death without delay.

৬/৬১ তিনি তাঁর সৃষ্টিজগতের উপর সর্বপ্রধান, এবং তিনি তোমাদের রক্ষা করতে প্রহরী নিযুক্ত করেন। যখন মৃত্যুর নির্ধারিত সময় তোমাদের কারো কাছে আসে, আমাদের বার্তাবাহকেরা অনতিবিলম্বে তার মৃত্যু ঘটায়।

[6:62] Then everyone is returned to GOD, their rightful Lord and Master. Absolutely, He is the ultimate judge; He is the most accurate reckoner.

৬/৬২ তাদের ন্যায়সঙ্গত প্রভু ও মনিব, আল্লাহর কাছে প্রত্যেকে এরপর ফিরে আসে। নিঃসন্দেহে, তিনি চূড়ান্ত বিচারক; তিনি সবচেয়ে নির্ভুল হিসাব গ্রহনকারী।

[6:63] Say, "Who can save you from the darkness of the land or the sea?" You implore Him loudly and secretly: "If He saves us this time, we will be eternally appreciative."

৬/৬৩ বল, "স্থল বা সাগরের অন্ধকার থেকে কে তোমাদের রক্ষা করতে পারে?" তোমরা তাঁর কাছে মিনতি করো উচ্চস্বরে এবং গোপনে: "যদি

তিনি এবারের মতো আমাদের রক্ষা করেন, আমরা চিরদিন কৃতজ্ঞ থাকব।"

[6:64] Say, "GOD does save you this time, and other times as well, then you still set up idols besides Him."

৬/৬৪ বল, "আল্লাহ এবারের মতো তোমাদের রক্ষা করেন, এবং সাথে সাথে অন্যবারও, তা সত্ত্বেও তোমরা এরপরে তাঁর পাশে উপাস্যদের স্থাপন করো।"

[6:65] Say, "He is certainly able to pour upon you retribution from above you, or from beneath your feet. Or He can divide you into factions and have you taste each others' tyranny. Note how we explain the revelations, that they may understand."

৬/৬৫ বল, "তিনি নিসন্দেহে তোমাদেরকে শাস্তি দিতে সক্ষম তোমাদের উপর থেকে, অথবা তোমাদের পায়ের নিচ থেকে। অথবা তিনি তোমাদেরকে দলে-উপদলে বিভক্ত করে একে অন্যের নিপীড়ন আশ্বাদন করাতে পারেন। লক্ষ্য করো কিভাবে আমরা প্রকাশনাবলি ব্যাখ্যা করি, যাতে তারা বুঝতে পারে।"

[6:66] Your people have rejected this, even though it is the truth. Say, "I am not a guardian over you."

৬/৬৬ তোমার লোকেরা এটা প্রত্যাক্ষান করেছে, যদিও এটা সত্য। বল, "আমি তোমাদের অভিভাবক নই"

[6:67] Every prophecy herein will come to pass, and you will surely find out.

৬/৬৭ এর মধ্যকার প্রত্যেকটি ভবিষ্যদ্বাণী ঘটবে, এবং তোমরা অবশ্যই দেখতে পাবে।

*Respect for the Word of God*  
*আল্লাহর বানীর প্রতি সম্মান*

[6:68] If you see those who mock our revelations, you shall avoid them until they delve into another subject. If the devil causes you to forget, then, as soon as you remember, do not sit with such evil people.

৬/৬৮ তুমি যদি তাদেরকে দেখ যারা আমাদের প্রকাশনাবলীকে উপহাস করে, তুমি তাদেরকে এড়িয়ে যাবে যতক্ষণ না তারা অন্য বিষয়ে প্রবৃত্ত হয়। যদি শয়তান তোমাকে ভুলিয়ে

দেয়, এরপর, তোমার স্মরণ হওয়া মাত্র, এমন মন্দ লোকদের সাথে বসো না।

[6:69] The righteous are not responsible for the utterances of those people, but it may help to remind them; perhaps they may be saved.

৬/৬৯ ঐসব লোকদের কথার জন্য সৎকর্মীরা দায়ী নয়, তবে এটা তাদেরকে স্মরণ করিয়ে দিতে সাহায্য করতে পারে; হয়তো তারা রক্ষা পাবে।

[6:70] You shall disregard those who take their religion in vain, as if it is a social function, and are totally absorbed in this worldly life. Remind with this (*Quran*), lest a soul may suffer the consequences of its evil earnings. It has none beside GOD as a Lord and Master, nor an intercessor. If it could offer any kind of ransom, it would not be accepted. They suffer the consequences of the evil works they earn; they have incurred hellish drinks, and a painful retribution because of their disbelief.

৬/৭০ তুমি তাদেরকে উপেক্ষা করবে যারা তাদের ধর্মকে নিরর্থক নেয়, যেন এটি কোন সামাজিক অনুষ্ঠান, এবং এই দুনিয়ার জীবনে সম্পূর্ণ নিমগ্ন। স্মরণ করিয়ে দাও এই (*কোরআন*) দিয়ে, পাছে কোন আত্মা এর মন্দ অর্জনের পরিণাম ভোগ করতে পারে। প্রভু এবং মনিব হিসাবে আল্লাহর পাশে এর আর কেউ নেই, না কোন সুপারিশকারি। যদি এটি কোন প্রকারের মুক্তিপন প্রদান করতে পারতো, তা গ্রহণ করা হতো না। তারা ভোগ করে তাদের অর্জন করা মন্দ কাজের ফল; তারা অর্জন করেছে নারকীয় পানীয়, এবং এক যন্ত্রণাদায়ক শাস্তি তাদের অবিশ্বাসের কারণে।

[6:71] Say, "Shall we implore, beside GOD, what possesses no power to benefit us or hurt us, and turn back on our heels after GOD has guided us? In that case, we would join those possessed by the devils, and rendered utterly confused, while their friends try to save them: 'Stay with us on the right path.'" Say, "GOD 's guidance is the right guidance. We are commanded to submit to the Lord of the universe."

৬/৭১ বল, "আমরা কি মিনতি করবো, আল্লাহর পাশে, তাকে যার ক্ষমতা নেই আমাদের উপকার করার অথবা আমাদের ক্ষতি করার, এবং আল্লাহ আমাদের পথ দেখানোর পর আমাদের পূর্বের

অবস্থায় ফিরে যাব? সেক্ষেত্রে, আমরা তাদের সাথে যোগ দিবো যারা শয়তানদের দ্বারা আবিষ্ট, এবং একেবারে বিভ্রান্ত হয়ে পড়েছে, যখন তাদের বন্ধুরা তাদেরকে রক্ষা করার চেষ্টা করে: “আমাদের সাথে সঠিক পথে থাকো।” বল, “আল্লাহর পথ- প্রদর্শনই সঠিক পথ- প্রদর্শন। আমরা আদিষ্ট হই মহাবিশ্বের প্রভুর নিকট আত্মসমর্পণ করতে।

[6:72] "And to observe the Contact Prayers (Salat), and to reverence Him –He is the One before whom you will be summoned (for the reckoning)."

৬/৭২ "এবং সংযোগ প্রার্থনাসমূহ (সালাত) পালন করতে, এবং তাঁকে ভয়- শ্রদ্ধা করতে। তিনিই সে সত্ত্বা যাঁর সামনে তোমাদের ডাকা হবে (বিচারের জন্য)।"

[6:73] He is the One who created the heavens and the earth, truthfully. Whenever He says, "Be," it is. His word is the absolute truth. All sovereignty belongs to Him the day the horn is blown. Knower of all secrets and declarations, He is the Most Wise, the Cognizant.

৬/৭৩ তিনিই সে সত্ত্বা যিনি আকাশমন্ডলী ও পৃথিবী সৃষ্টি করেছিলেন, সত্যতার সাথে। যখনই তিনি বলেন, "হও, " তা হয়ে যায়। তাঁর বানী পরম সত্য। সে দিন সকল সার্বভৌমত্ব তাঁর, যখন শিঙ্গায় ফুঁ দেয়া হয়। সকল গোপন ও প্রকাশ্য বিষয়ের জ্ঞাতা, তিনি পরম জ্ঞানী, জ্ঞাত।

*Abraham Debates  
With Idol Worshipers  
অংশীদার উপাসকদের  
সাথে ইব্রাহীমের বিতর্ক*

[6:74] Recall that Abraham said to his father Āzer, "How could you worship statues as gods? I see that you and your people have gone far astray."

৬/৭৪ স্মরণ করো যে ইব্রাহিম তার পিতা আযরকে বলেছিল, "কেমন করে তুমি প্রতিমূর্তিগুলোকে উপাস্য হিসেবে উপাসনা করো? আমি দেখি যে তুমি এবং তোমার লোকেরা বহুদূর পথভ্রষ্ট হয়েছ।"

[6:75] We showed Abraham the marvels of the heavens and the earth, and blessed him with certainty:

৬/৭৫ আমরা ইব্রাহীমকে আকাশমন্ডলী ও পৃথিবীর বিস্ময়সমূহ দেখিয়েছিলাম, এবং তাকে নিশ্চয়তা দিয়ে সৌভাগ্যশালী করেছিলাম।

[6:76] When the night fell, he saw a shining planet. "Maybe this is my Lord," he said. When it disappeared, he said, "I do not like (gods) that disappear."

৬/৭৬ যখন রাত নেমেছিল, সে একটি জ্বলজ্বলে গ্রহ দেখলো। “হতে পারে এটি আমার প্রভু, ” সে বলেছিল। যখন এটি অদৃশ্য হলো, সে বলেছিল, “আমি পছন্দ করি না (উপাস্যদের) যারা অদৃশ্য হয়ে যায়”।

[6:77] When he saw the moon rising, he said, "Maybe this is my Lord!" When it disappeared, he said, "Unless my Lord guides me, I will be with the strayers."

৬/৭৭ যখন সে চাঁদকে উদীয়মান দেখেছিল, সে বলেছিল, “হতে পারে এটাই আমার প্রভু!” যখন এটি অদৃশ্য হয়েছিল, সে বলেছিল, “যদি না আমার প্রভু আমাকে পথপ্রদর্শন করেন, আমি পথভ্রষ্টদের সাথেই থাকব”।

[6:78] When he saw the sun rising, he said, "This must be my Lord. This is the biggest." But when it set, he said, "O my people, I denounce your idolatry."

৬/৭৮ যখন সে সূর্যকে উদীয়মান দেখেছিল, সে বলেছিল, “এটি অবশ্যই আমার প্রভু হবে। এটাই সবচেয়ে বড়”। কিন্তু যখন এটি অস্ত গেল, সে বলেছিল, “হে আমার লোকেরা, আমি তোমাদের অংশীবাদকে নিন্দা করি।

[6:79] "I have devoted myself absolutely to the One who initiated the heavens and the earth; I will never be an idol worshiper."

৬/৭৯ “আমি আমার নিজেস্ব পুরোপুরি উৎসর্গ করেছি সে সত্ত্বার কাছে যিনি আকাশমন্ডলী ও পৃথিবীর সূচনা করেছিলেন; আমি কখনো একজন অংশীদার উপাসক হবো না”।

[6:80] His people argued with him. He said, "Do you argue with me about GOD, after He has guided me? I have no fear of the idols you set up. Nothing can happen to me, unless my Lord wills it. My Lord's knowledge encompasses all things. Would you not take heed?"

৬/৮০ তার লোকেরা তার সাথে তর্ক করেছিল। সে বলেছিল, “তোমরা কি আমার সাথে আল্লাহ সম্পর্কে তর্ক করো, তিনি আমাকে পথপ্রদর্শনের পর? তোমাদের স্থাপন করা উপাস্যদের আমি ভয় করি না। আমার কিছুই হতে পারে না, যদি না আমার প্রভু তা ইচ্ছা করেন। আমার প্রভুর জ্ঞান সবকিছু পরিবেষ্টন করে আছে। তোমরা কি সতর্ক হবে না?”

[6:81] "Why should I fear your idols? It is you who should be afraid, since you worship instead of GOD idols that are utterly powerless to help you. Which side is more deserving of security, if you know?"

৬/৮১ "আমার কেন তোমাদের অংশীদারদের ভয় পাওয়া উচিত? তোমাদেরই তো ভয় পাওয়া উচিত, যেহেতু তোমরা আল্লাহর পরিবর্তে অংশীদারদের উপাসনা করো যেগুলো তোমাদেরকে সাহায্য করতে একদম ক্ষমতাহীন। কোন দল নিরাপত্তা পাবার অধিক যোগ্য, যদি তোমরা জানো?"

*Perfect Security for Believers*  
*বিশ্বাসীদের জন্য নিশ্চিত নিরাপত্তা*

[6:82] Those who believe, and do not pollute their belief with idol worship, have deserved the perfect security, and they are truly guided.  
৬/৮২ যারা বিশ্বাস করে, এবং তাদের বিশ্বাসকে অংশীদার উপাসনা দ্বারা কলুষিত করে না, তারা নিশ্চিত নিরাপত্তা পাবার যোগ্য হয়েছে, এবং তারা সত্যিকারের পথ- প্রদর্শিত।

[6:83] Such was our argument, with which we supported Abraham against his people. We exalt whomever we will to higher ranks. Your Lord is Most Wise, Omniscient.

৬/৮৩ এরকমই ছিল আমাদের যুক্তি, যা দিয়ে আমরা ইব্রাহীমকে তার লোকদের বিপক্ষে সমর্থন করেছিলাম। আমরা উচ্চতর পদসমূহে অধিষ্ঠিত করি, যাকেই আমরা চাই। তোমার প্রভু সবচেয়ে জ্ঞানী, সর্বজ্ঞ।

[6:84] And we granted him Isaac and Jacob, and we guided both of them. Similarly, we guided Noah before that, and from his descendants (we guided) David, Solomon, Job, Joseph, Moses, and Aaron. We thus reward the righteous.

৬/৮৪ এবং আমরা তাকে দিয়েছিলাম ইসহাক ও ইয়াকুব, এবং আমরা তাদের উভয়কে পথ- প্রদর্শন করেছিলাম। একইভাবে, আমরা এর আগে নুহকে পথ- প্রদর্শন করেছিলাম, এবং তার বংশধরদের থেকে (আমরা পথ- প্রদর্শন করেছিলাম) দাউদ, সোলাইমান, আইয়ুব, ইউসুফ, মুসা, এবং হারুনকে। আমরা এভাবে সৎকর্মশীলদের পুরস্কৃত করি।

[6:85] Also, Zachariah, John, Jesus, and Elias; all were righteous.

৬/৮৫

এছাড়াও, জাকারিয়া, ইয়াহিয়া, ঈসা, এবং ইলিয়াস; সকলে ছিল সৎকর্মশীল।

[6:86] And Ismail, Elisha, Jonah, and Lot; each of these we distinguished over all the people.

৬/৮৬ এবং ইসমাইল, আল-ইয়াসা, ইউনুস ও লুত; এদের প্রত্যেককে আমরা সকল লোকদের থেকে আলাদা করেছিলাম।

[6:87] From among their ancestors, their descendants, and their siblings, we chose many, and we guided them in a straight path.  
৬/৮৭ তাদের পূর্বপুরুষ, তাদের বংশধর, এবং তাদের সহোদরদের মধ্যে থেকে আমরা অনেককে পছন্দ করেছিলাম, এবং আমরা তাদেরকে একটি সরল পথ প্রদর্শন করেছিলাম।

[6:88] Such is GOD's guidance, with which He guides whomever He chooses from among His servants. Had any of them fallen into idolatry, their works would have been nullified.

৬/৮৮ এমনই আল্লাহর পথনির্দেশনা, যা দিয়ে তিনি পথপ্রদর্শন করেন তাঁর দাসদের মধ্যে থেকে যাকে তিনি পছন্দ করেন। তাদের কেউ যদি অংশীবাদীতে পতিত হতো, তাদের কাজগুলো বাতিল হয়ে যেতো।

[6:89] Those were the ones to whom we have given the scripture, wisdom, and prophethood. If these people disbelieve, we will substitute others in their place, and the new people will not be disbelievers.

৬/৮৯ তারাই ছিল সে লোক যাদেরকে আমরা ঐশীগ্রন্থ, প্রজ্ঞা এবং নবুওয়ত দিয়েছিলাম। যদি এইসব লোকেরা অশ্বাস করে, আমরা তাদের

স্থানে অন্যদের প্রতিস্থাপিত করবো, এবং নতুন লোকেরা অবিশ্বাসী হবে না।

[6:90] These are the ones guided by GOD; you shall be guided in their footsteps. Say, "I do not ask you for any wage. This is but a message for all the people."

৬/৯০ এরাই হলো আল্লাহর দ্বারা পথপ্রদর্শিত; তোমরা তাদের পদচিহ্ন অনুসরণ করবে। বল, “আমি তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাই না। এটা সকল লোকদের জন্যে একটি বার্তা মাত্র।

God's Messages  
to the World  
বিশ্বের প্রতি  
আল্লাহর বার্তা

[6:91] They never valued GOD as He should be valued. Thus, they said, “GOD does not reveal anything to any human being.” Say, "Who then revealed the scripture that Moses brought, with light and guidance for the people?" You put it down on paper to proclaim it, while concealing a lot of it. You were taught what you never knew—you and your parents. Say, “GOD (is the One who revealed it),” then leave them in their heedlessness, playing.

৬/৯১ তারা কখনো আল্লাহকে মূল্য দেয়নি যেমন তাঁকে মূল্য দেয়া উচিত। তাই, তারা বলেছিল, "আল্লাহ কোন মানুষের কাছে কোনকিছু প্রকাশ করেন না।" বল, "কে তাহলে সে ঐশীগ্রন্থ প্রকাশ করেছিলেন যা মুসা এনেছিল, লোকদের জন্য আলো এবং পথ-প্রদর্শন নিয়ে?" তোমরা কাগজে রাখো তা ঘোষণা করতে, যখন এর অনেক কিছু গোপন করো। তোমাদের শেখানো হয়েছিল যা তোমরা কখনো জানতে না- তোমরা এবং তোমাদের পিতা-মাতারা। বল, "আল্লাহই (সে সত্তা যিনি এটা প্রকাশ করেছিলেন), "এরপর তাদেরকে তাদের অমনোযোগিতায় ছেড়ে দেন, ক্রীড়ারত।

[6:92] This too is a blessed scripture that we have revealed, confirming the previous scriptures, that you may warn the most important community\* and all those around it. Those who believe in the Hereafter will believe in this (scripture), and will observe the Contact Prayers (Salat).

৬/৯২ এটিও একটি পবিত্র ঐশীগ্রন্থ যা আমরা প্রকাশ করেছি, যা পূর্ববর্তী ঐশীগ্রন্থসমূহ নিশ্চিত করছে, যাতে তুমি সতর্ক করতে পারো সবচেয়ে

গুরুত্বপূর্ণ সম্প্রদায়কে এবং এর চারপাশের সকলকে। যারা পরকালে বিশ্বাস করে তারা এই (ঐশীগ্রন্থে) বিশ্বাস করবে, এবং সংযোগ প্রার্থনাসমূহ (সালাত) পালন করবে।

*False Messengers Condemned*  
মিথ্যা বার্তাবাহকেরা নিন্দিত

[6:93] Who is more evil than one who fabricates lies and attributes them to GOD, or says, "I have received divine inspiration," when no such inspiration was given to him, or says, "I can write the same as GOD 's revelations"? If only you could see the transgressors at the time of death! The angels extend their hands to them, saying, "Let go of your souls. Today, you have incurred a shameful retribution for saying about GOD other than the truth, and for being too arrogant to accept His revelations.

৬/৯৩ তার চেয়ে কে বেশি মন্দ যে মিথ্যা উদ্ভাবন করে এবং সেগুলো আল্লাহর প্রতি আরোপ করে, অথবা বলে, "আমি ঐশ্বরিক অনুপ্রেরণা পেয়েছি," যখন এরকম কোন অনুপ্রেরণা তাকে দেয়া হয়নি, অথবা বলে, "আমি আল্লাহর প্রকাশনাবলির মতো লিখতে পারি"? যদি শুধু তুমি সীমালঙ্ঘনকারীদের দেখতে পেতে মৃত্যুর সময়! ফেরেশতারা তাদের নিকট হাত বাড়ায়, এই বলে যে, "তোমাদের আত্মাগুলোকে যেতে দাও। আজ, তোমরা আল্লাহ সম্পর্কে সত্য ব্যতীত অন্যকিছু বলার জন্য, এবং তাঁর প্রকাশনাবলি গ্রহণ করতে অত্যধিক উদ্ধত হবার জন্য এক লজ্জাকর শাস্তি টেনে এনেছ।

[6:94] "You have come back to us as individuals, just as we created you the first time, and you have left behind what we provided for you. We do not see with you the intercessors that you idolized and claimed that they will help you. All ties among you have been severed; the idols you set up have abandoned you."

৬/৯৪ "তোমরা আমাদের কাছে ফিরে এসেছ একাকী, ঠিক যেরকম আমরা তোমাদের প্রথমবার সৃষ্টি করেছিলাম, এবং তোমরা পিছনে ফেলে এসেছ যা আমরা তোমাদের জন্য দিয়েছিলাম। আমরা তোমাদের সাথে সুপারিশকারীদের দেখি না যাদের তোমরা উপাস্যসম করেছিলে এবং দাবী করেছিলে যে

তারা তোমাদের সাহায্য করবে। তোমাদের মধ্যকার সকল বাঁধন ছিন্ন হয়েছে; তোমাদের স্থাপন করা শরিক-উপাস্যরা তোমাদের পরিত্যাগ করেছে।"

*Greatness of God*  
*আল্লাহর মহত্ব*

[6:95] GOD is the One who causes the grains and the seeds to crack and germinate. He produces the living from the dead, and the dead from the living. Such is GOD ; how could you deviate!

৬/৯৫ আল্লাহই সে সত্ত্বা যিনি শস্যকণা ও বীজগুলোতে ফাটল এবং অঙ্কুরোদ্যম ঘটান। তিনি মৃত থেকে জীবিতকে, এবং জীবিত থেকে মৃতকে উৎপন্ন করেন। এমনই আল্লাহ; কিভাবে তোমরা বিচ্যুত হতে পারো!

[6:96] At the crack of dawn, He causes the morning to emerge. He made the night still, and He rendered the sun and the moon to serve as calculation devices. Such is the design of the Almighty, the Omniscient.

৬/৯৬ দিনের সূচনায়, তিনি প্রভাত আবির্ভূত হতে দেন। তিনি রাতকে করেছেন প্রশান্ত, এবং তিনি সূর্য ও চাঁদকে গননা যন্ত্র হিসেবে কাজ করতে নিয়োজিত করেছেন। সর্বশক্তিমান, সর্বজ্ঞের এমনই নকশা।

[6:97] And He is the One who made the stars to guide you during the darkness, on land and on sea. We thus clarify the revelations for people who know.

৬/৯৭ এবং তিনিই সে সত্ত্বা যিনি তৈরি করেছিলেন নক্ষত্ররাজি অন্ধকারে তোমাদেরকে পথ দেখাতে স্থলে এবং সাগরে। আমরা এভাবে লোকদের জন্য প্রকাশনাবলী সুস্পষ্ট করি, যারা জানে।

[6:98] He initiated you from one person, and decided your path, as well as your final destiny. We thus clarify the revelations for people who understand.

৬/৯৮ তিনি তোমাদের সূচনা করেছেন এক ব্যক্তি থেকে, এবং নির্ধারণ করেছেন তোমাদের পথ, সেই সাথে তোমাদের চূড়ান্ত নিয়তি। আমরা এভাবে লোকদের জন্য প্রকাশনাবলী সুস্পষ্ট করি, যারা বুঝে।

[6:99] He is the One who sends down from the sky water, whereby we produce all kinds of plants. We produce from the green material multitudes of complex grains, palm trees with hanging clusters, and gardens of grapes, olives and pomegranate; fruits that are similar, yet dissimilar. Note their fruits as they grow and ripen. These are signs for people who believe. ৬/৯৯ তিনিই সে সত্ত্বা যিনি আকাশ থেকে পানি বর্ষণ করেন, যার দ্বারা আমরা সকল প্রকার উদ্ভিদ উৎপন্ন করি। আমরা সবুজ দেহী থেকে উৎপন্ন করি জটিল শস্যের সমাহার, ঝুলন্ত থোকা বিশিষ্ট খেঁজুর গাছ, এবং আঙুরের বাগান, জলপাই এবং আনার; ফল যেগুলো সাদৃশ্যযুক্ত, তথাপি সাদৃশ্যহীন। লক্ষ্য করো সেগুলোর ফল যখন তারা বড় হয় এবং পরিপক্ব হয়। এগুলো লোকদের জন্য নিদর্শন যারা বিশ্বাস করে।

[6:100] Yet, they set up besides GOD idols from among the jinns, though He is the One who created them. They even attribute to Him sons and daughters, without any knowledge. Be He glorified. He is the Most High, far above their claims.

৬/১০০ এরপরও, তারা আল্লাহর পাশে অংশীদারদের স্থাপন করে জীনদের মধ্যে থেকে, যদিও তিনিই সে সত্ত্বা যিনি তাদের সৃষ্টি করেছিলেন। তারা এমনকি পুত্র ও কন্যা থাকাকে তাঁর গুন হিসেবে চালায়, কোন জ্ঞান ছাড়াই। মহিমা তো তাঁরই। তিনি সর্বাধিক উচ্চ, তাদের দাবীর অনেক উর্ধ্বে।

[6:101] The Initiator of the heavens and the earth. How can He have a son, when He never had a mate? He created all things, and He is fully aware of all things.

৬/১০১ আকাশমন্ডলী ও পৃথিবীর সূচনাকারী। কি করে তাঁর কোন পুত্র থাকতে পারে, যখন তাঁর কখনো কোন সঙ্গী ছিল না? তিনি সবকিছু সৃষ্টি করেছিলেন, এবং তিনি সবকিছু সম্পর্কে সম্পূর্ণ সচেতন।

*God*  
*আল্লাহ*

[6:102] Such is GOD your Lord, there is no god except He, the Creator of all things. You shall worship Him alone. He is in control of all things.

৬/১০২ এরকমই তোমাদের প্রভু আল্লাহ, তিনি ছাড়া কোন উপাস্য নেই, সবকিছুর সৃষ্টিকর্তা। তোমরা একমাত্র তাঁরই উপাসনা করবে। তিনি সবকিছুর নিয়ন্ত্রনে আছেন।

[6:103] No visions can encompass Him, but He encompasses all visions. He is the Compassionate, the Cognizant.

৬/১০৩ কোন দৃষ্টি তাকে পরিবেষ্টন করতে পারে না, কিন্তু তিনি সকল দৃষ্টি পরিবেষ্টন করেন। তিনি করুনাময়, জ্ঞাত।

[6:104] Enlightenment has come to you from your Lord. As for those who can see, they do so for their own good, and those who turn blind, do so to their own detriment. I am not your guardian.

৬/১০৪ তোমাদের প্রভুর কাছ থেকে তোমাদের কাছে জ্ঞানালোক এসেছে। যারা দেখতে পারে তাদের ক্ষেত্রে, তারা তাদের নিজের ভালোর জন্যই দেখে, এবং যারা অন্ধত্বে ফিরে যায়, তারা তাদের নিজের ক্ষতির জন্যই তা করে। আমি তোমাদের অভিভাবক নই।

[6:105] We thus explain the revelations, to prove that you have received knowledge, and to clarify them for people who know.

৬/১০৫ আমরা এভাবে প্রকাশনাবলি ব্যাখ্যা করি, প্রমাণ করতে যে, তোমরা জ্ঞান পেয়েছ, এবং সেগুলো লোকদের জন্য সুস্পষ্ট করতে, যারা জানে।

[6:106] Follow what is revealed to you from your Lord, there is no god except He, and disregard the idol worshippers.

৬/১০৬ অনুসরণ করো যা তোমার প্রভুর পক্ষ থেকে তোমার কাছে প্রকাশ করা হয়, তিনি ব্যতীত কোন উপাস্য নেই, এবং অংশীদার উপাসকদের উপেক্ষা করো।

[6:107] Had GOD willed, they would not have worshiped idols. We did not appoint you as their guardian, nor are you their advocate.

৬/১০৭ আল্লাহ যদি চাইতেন, তারা অংশীদার উপাসনা করতো না। আমরা তোমাকে তাদের অভিভাবক নিযুক্ত করিনি, না তুমি তাদের উকিল।

[6:108] Do not curse the idols they set up beside GOD, lest they blaspheme and curse

GOD, out of ignorance. We have adorned the works of every group in their eyes. Ultimately, they return to their Lord, then He informs them of everything they had done.

৬/১০৭ আল্লাহর পাশে তাদের স্থাপন করা অংশীদারদের অভিশাপ দিওনা, পাছে তারা অজ্ঞতাবশত আল্লাহকে গালমন্দ করবে এবং অভিশাপ দেবে। আমরা প্রত্যেক দলের কাজকে তাদের চোখে সুশোভিত করে দিয়েছি। অবশেষে, তারা তাদের প্রভুর কাছে ফিরে যায়, তখন তিনি তাদেরকে জানান সবকিছু যা তারা করেছিল।

[6:109] They swore by GOD, solemnly, that if a miracle came to them, they would surely believe. Say, "Miracles come only from GOD." For all you know, if a miracle did come to them, they would continue to disbelieve.

৬/১০৯ তারা আল্লাহর নামে শপথ করেছিল, দৃঢ়ভাবে যে, যদি একটি অলৌকিকতা তাদের কাছে আসতো, তারা অবশ্যই বিশ্বাস করতো। বল, “অলৌকিকতা শুধু আল্লাহ থেকে আসে”। যতদূর তোমরা জানো, যদি একটি অলৌকিকতা তাদের কাছে আসত, তারা অবিশ্বাসই রইতো”।

[6:110] We control their minds and their hearts. Thus, since their decision is to disbelieve, we leave them in their transgressions, blundering.

৬/১১০ আমরা তাদের মন এবং তাদের হৃদয় নিয়ন্ত্রন করি। এভাবে, যেহেতু অবিশ্বাস করাই তাদের সিদ্ধান্ত, আমরা তাদেরকে তাদের সীমালঙ্ঘনে, বিভ্রান্তিতে ছেড়ে দেই।

*A Consequence of  
Their Own Decision  
তাদের নিজস্ব  
সিদ্ধান্তের ফল*

[6:111] Even if we sent down the angels to them; even if the dead spoke to them; even if we summoned every miracle before them; they cannot believe unless GOD wills it. Indeed, most of them are ignorant.

৬/১১১ এমনকি যদি আমরা তাদের নিকট ফেরেশতাদের পাঠাতাম; এমনকি যদি মৃতরা তাদের সাথে কথা বলত; এমনকি যদি তাদের সামনে আমরা প্রত্যেক অলৌকিকতা একত্রিত করতাম; তারা বিশ্বাস করতে পারে না যদি না



আল্লাহ তা ইচ্ছা করেন। প্রকৃতপক্ষে, তাদের বেশির ভাগই অজ্ঞ।

*Hadith & Sunna: Fabrications*

*by the Prophet's Enemies*

*হাদীস এবং সুন্নাহ: নবীর শত্রুদের*

*মিথ্যা উদ্ভাবন*

[6:112] We have permitted the enemies of every prophet—human and jinn devils—to inspire in each other fancy words, in order to deceive. Had your Lord willed, they would not have done it. You shall disregard them and their fabrications.

৬/১১২ আমরা অনুমোদন দিয়েছি প্রত্যেক নবীর শত্রু- মানুষ এবং জীন শয়তানদের/আমরা অনুমোদন দিয়েছি প্রত্যেক নবীর শত্রু- শয়তান মানুষ এবং জীনদেরকে- একে অন্যকে কল্পিত কথা দিয়ে অনুপ্রানিত করতে, প্রতারণা করার জন্য। যদি তোমার প্রভু ইচ্ছা করতেন, তারা এটা করত না। তুমি তাদেরকে এবং তাদের মিথ্যা উদ্ভাবনসমূহকে উপেক্ষা করবে।

*Important Criterion*

*গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য*

[6:113] This is to let the minds of those who do not believe in the Hereafter listen to such fabrications, and accept them, and thus expose their real convictions.

৬/১১৩ এটা একারণে যে যারা পরকালে বিশ্বাস করে না তাদের মনকে এরকম মিথ্যা উদ্ভাবন শুনতে দেয়া, এবং সেগুলো গ্রহণ করানো, এবং এভাবে তাদের প্রকৃত অভিপ্রেয়কে প্রকাশ করা।

*Quran: Fully Detailed \**

*কোর' আন: পরিপূর্ণরূপে বিস্তারিত*

[6:114] Shall I seek other than GOD as a source of law, when He has revealed to you this book fully detailed? \* Those who received the scripture recognize that it has been revealed from your Lord, truthfully. You shall not harbor any doubt.

৬/১১৪ আমি কি আল্লাহ ছাড়া অন্য কাউকে আইনের উৎস হিসেবে খুঁজবো, যখন তিনি তোমাদের কাছে এই গ্রন্থ পূর্ণ বিস্তারিতরূপে প্রকাশ করেছেন? যারা এই ঐশীগ্রন্থ গ্রহণ করেছিল, তারা চিনতে পারে যে, এটি তোমার প্রভুর কাছ থেকে প্রকাশিত হয়েছে, সত্যতার সাথে। তোমরা কোন সন্দেহ পোষণ করবে না।

[6:115] The word of your Lord is complete,\* in truth and justice. Nothing shall abrogate His words. He is the Hearer, the Omniscient.

৬/১১৫ তোমার প্রভুর বানী পরিপূর্ণ, সত্যে এবং সুবিচারে। কোন কিছুই তাঁর বানী রহিত করবে না। তিনি শ্রবণকারী, সর্বজ্ঞ।

[6:116] If you obey the majority of people on earth, they will divert you from the path of GOD. They follow only conjecture; they only guess.

৬/১১৬ যদি তুমি পৃথিবীর বেশিরভাগ মানুষকে মান্য করো, তারা তোমাকে আল্লাহর পথ থেকে সরিয়ে দেবে। তারা শুধু মিথ্যা ধারণার অনুসরণ করে; তারা শুধু অনুমান করে।

[6:117] Your Lord is fully aware of those who stray off His path, and He is fully aware of those who are guided.

৬/১১৭ তোমার প্রভু তাদের ব্যাপারে সম্পূর্ণ সচেতন যারা তাঁর পথ থেকে বিপথগামী হয়, এবং তিনি তাদের ব্যাপারে সম্পূর্ণ অবগত, যারা সুপথপ্রাপ্ত।

[6:118] You shall eat from that upon which GOD's name has been pronounced, if you truly believe in His revelations.

৬/১১৮ তুমি খাবে তা থেকে, যেটার উপর আল্লাহর নাম উচ্চারণ করা হয়েছে, যদি তুমি সত্যই তাঁর প্রকাশনাবলিতে বিশ্বাস করো।

*Chance to Remember God: Mention God's Name Before You Eat*

*আল্লাহকে স্মরণ করার সুযোগ? আপনারা খাবার আগে আল্লাহর নাম উচ্চারণ করুন*

[6:119] Why should you not eat from that upon which GOD's name has been mentioned? He has detailed for you what is prohibited for you, unless you are forced. Indeed, many people mislead others with their personal opinions, without knowledge. Your Lord is fully aware of the transgressors.

৬/১১৯ কেন তোমাদের তা থেকে খাওয়া উচিত নয়, যাতে আল্লাহর নাম উচ্চারণ করা হয়েছে? তিনি তোমাদের জন্য বিশদ বর্ণনা করেছেন যা তোমাদের জন্য নিষিদ্ধ, যদি না তোমাদেরকে জোর করা হয়। প্রকৃতপক্ষে, অনেক লোক অন্যদের বিপথগামী করে তাদের ব্যক্তিগত

মতামত দিয়ে, জ্ঞান ছাড়াই। তোমার প্রভু সীমিতক্রমকারীদের ব্যাপারে পূর্ণ অবগত।

[6:120] You shall avoid obvious sins, as well as the hidden ones. Those who have earned sins will surely pay for their transgressions.

৬/১২০ তোমরা প্রকাশ্য পাপ পরিহার করবে, সেই সাথে গোপনগুলো। যারা পাপ উপার্জন করেছে, তারা অবশ্যই তাদের সীমিতক্রমের জন্য মূল্য দেবে।

[6:121] Do not eat from that upon which the name of GOD has not been mentioned, for it is an abomination. The devils inspire their allies to argue with you; if you obey them, you will be idol worshippers.

৬/১২১ আল্লাহর নাম যেটাতে নেয়া হয়নি তা থেকে খেও না, কারণ এটি অত্যন্ত ঘৃণ্য কাজ। তোমাদের সাথে তর্ক করতে শয়তানরা তাদের মিত্রদের অনুপ্রানিত করে; যদি তোমরা তাদের মান্য করো, তোমরা অংশীদার উপাসক হবে।

[6:122] Is one who was dead and we granted him life, and provided him with light that enables him to move among the people, equal to one in total darkness from which he can never exit? The works of the disbelievers are thus adorned in their eyes.

৬/১২২ সে লোক যে ছিল মৃত এবং আমরা তাকে জীবন দিয়েছিলাম, এবং তাকে আলো দিয়ে প্রতিপালন করেছিলাম, যা লোকদের মাঝে তাকে চলতে সক্ষম করে, সেই লোকের সমান যে সম্পূর্ণ অন্ধকারে রয়েছে যা থেকে সে কখনো বের হতে পারে না? অবিশ্বাসীদের কাজগুলোকে এভাবেই তাদের চোখে সুসজ্জিত করা হয়।

[6:123] We allow the leading criminals of every community to plot and scheme. But they only plot and scheme against their own souls, without perceiving.

৬/১২৩ আমরা প্রত্যেক সম্প্রদায়ের নেতৃত্বস্থানীয় অপরাধীদেরকে চক্রান্ত এবং ফন্দি করতে দেই। কিন্তু তারা কেবল তাদের নিজেদের আত্মার বিরুদ্ধে চক্রান্ত এবং ফন্দি করে, অনুধাবন না করে।

*Questioning God's Wisdom \**  
*আল্লাহর প্রজ্ঞায় প্রশ্ন করা*

[6:124] When a powerful proof comes to them, they say, "We will not believe, unless we are given what is given to GOD 's messengers!" GOD knows exactly who is best qualified to deliver His message.\* Such criminals will suffer debasement at GOD, and terrible retribution as a consequence of their evil scheming.

৬/১২৪ যখন একটি শক্তিশালী প্রমাণ তাদের কাছে আসে, তারা বলে, "আমরা বিশ্বাস করবো না, যদি না আমাদের তা দেয়া হয় যা আল্লাহর বার্তাবাহকদের দেয়া হয়!" আল্লাহ যথাযথভাবে জানেন, কে তাঁর বার্তা পৌঁছে দিতে সর্বোত্তম যোগ্য। এরকম অপরাধীরা তাদের মন্দ পরিকল্পনার একটি ফল হিসেবে আল্লাহর কাছে লাঞ্ছনা, এবং ভয়ানক শাস্তি ভোগ করবে।

*Quranic Knowledge Far Ahead*  
*of Human Progress \**

*মানব অগ্রগতির চেয়ে*

*কোরানীয় জ্ঞান অনেক এগিয়ে*

[6:125] Whomever GOD wills to guide, He renders his chest wide open to Submission. And whomever He wills to send astray, He renders his chest intolerant and straitened, like one who climbs towards the sky.\* GOD thus places a curse upon those who refuse to believe.

৬/১২৫ যাকেই আল্লাহ পথ- প্রদর্শন করতে চান, তিনি তার বক্ষকে আত্মসমর্পণে সুপ্রসারিত উন্মুক্ত করেন। এবং যাকেই তিনি পথভ্রষ্ট করতে চান, তিনি তার বক্ষকে অসহিষ্ণু এবং সংকীর্ণ করেন, সে লোকের মতো যে আকাশের দিকে আরোহন করে। আল্লাহ এভাবে তাদের উপর অভিশাপ ন্যস্ত করেন, যারা বিশ্বাস করা প্রত্যাক্ষান করে।

[6:126] This is the straight path to your Lord. We have explained the revelations for people who take heed.

৬/১২৬ এটাই তোমার প্রভুর দিকে সরল পথ। আমরা প্রকাশনাবলি ব্যাখ্যা করেছি লোকদের জন্য যারা মনোযোগ দেয়।

[6:127] They have deserved the abode of peace at their Lord; He is their Lord and Master, as a reward for their works.

৬/১২৭ তারা তাদের প্রভুর কাছে শান্তিময় আবাসের যোগ্য হয়েছে; তিনি তাদের প্রভু এবং মনিব, তাদের কাজের পুরস্কার হিসাবে।

[6:128] The day will come when He summons all of them (*and says*): "O you jinns, you have claimed multitudes of humans." Their human companions will say, "Our Lord, we enjoyed each others' company until we wasted the life span You had set for us." He will say, "Hell is your destiny." They abide therein forever, in accordance with GOD's will. Your Lord is Wise, Omniscient.

৬/১২৮ সেদিন আসবে যখন তিনি তাদের সকলকে ডাকেন (*এবং বলেন*) "হে তোমরা জীন, তোমরা বহুসংখ্যক মানুষের ব্যাপারে দাবী করেছ"। তাদের মানব সঙ্গীরা বলবে, "আমাদের প্রভু, আমরা একে অন্যের সঙ্গ উপভোগ করেছিলাম, যতক্ষণ না আমরা সে জীবনকাল অপচয় করেছিলাম যা আপনি আমাদের জন্য স্থির করেছিলেন"। তিনি বলবেন, "তোমাদের নিয়তি নরক"। তারা সেখানে চিরকাল বাস করে, আল্লাহর ইচ্ছা অনুযায়ী। তোমার প্রভু বিজ্ঞ, সর্বজ্ঞ।

[6:129] We thus match the wicked to be companions of each other, as a punishment for their transgressions.

৬/১২৯ আমরা এভাবে একে অন্যের সঙ্গী হিসেবে পাপীদের মিলিয়ে দেই, তাদের সীমাতিক্রমের শাস্তি হিসাবে।

[6:130] O you jinns and humans, did you not receive messengers from among you, who narrated to you My revelations, and warned you about the meeting of this day? They will say, "We bear witness against

ourselves." They were totally preoccupied with the worldly life, and they will bear witness against themselves that they were disbelievers.

৬/১৩০ হে তোমরা জীন ও মানুষ, তোমরা কি তোমাদের মধ্য থেকে বার্তাবাহকদের পাওনি, যারা তোমাদের কাছে আমার প্রকাশনাবলি বর্ণনা করেছিল, এবং এই দিনের সাক্ষাতের ব্যাপারে তোমাদের সতর্ক করেছিল? তারা বলবে, "আমরা আমাদের নিজেদের বিরুদ্ধে সাক্ষী দেই"। তারা দুনিয়ার জীবন নিয়ে সম্পূর্ণ আচ্ছন্ন ছিল, এবং তারা তাদের নিজেদের বিরুদ্ধে সাক্ষী দেবে যে তারা অবিশ্বাসী ছিল।

[6:131] This is to show that your Lord never annihilates any community unjustly, while its people are unaware.

৬:১৩১ এটি দেখাতে যে তোমাদের প্রভু কখনো কোন সম্প্রদায়কে অন্যায়ভাবে ধংস করেন না, যখন এর লোকেরা অনবগত।

[6:132] Everyone will attain a rank commensurate with their deeds. Your Lord is never unaware of anything they do.

৬/১৩২ প্রত্যেকেই তাদের কর্মের সমানুপাতিক পদমর্যাদা অর্জন করবে। তোমাদের প্রভু কখনো অনবগত নন, যা কিছু তারা করে।

[6:133] Your Lord is the Rich One; possessor of all mercy. If He wills, He can remove you, and substitute whomever He wills in your place, just as He produced you from the progeny of other people.

৬/১৩৩ তোমাদের প্রভুই একমাত্র স্ব-সমৃদ্ধ; সকল করুণার অধিকারী। যদি তিনি চান, তিনি তোমাদের সরিয়ে দিতে, এবং তোমাদের জায়গায় যাকে ইচ্ছা প্রতিস্থাপন করতে পারেন, ঠিক যেমন তিনি তোমাদেরকে অন্য লোকদের বংশধর থেকে বানিয়েছিলেন।

[6:134] What is promised to you will come to pass, and you can never evade it.

৬/১৩৪ যা তোমাদেরকে অঙ্গীকার করা হয় তা ঘটবে, এবং তোমরা কখনো তা এড়াতে পার না।

[6:135] Say, "O my people, do your best, and so will I. You will surely find out who the ultimate victors are." Certainly, the wicked will never succeed.

৬/১৩৫ বল, "হে আমার লোকেরা, তোমাদের সেরাটা করো, এবং আমিও তা-ই করবো। তোমরা অবশ্যই জানতে পারবে কারা চূড়ান্ত বিজয়ী।" নিশ্চিতভাবে, মন্দরা কখনো সফল হবে না।

*Abusing God's Provisions  
আল্লাহর জীবিকার অপব্যবহার*

[6:136] They even set aside a share of GOD's provisions of crops and livestock, saying, "This share belongs to GOD," according to their claims, "and this share belongs to our idols." However, what was set aside for their idols never reached GOD, while the share they set aside for GOD invariably went to their idols. Miserable indeed is their judgment.

৬/১৩৬ তারা এমনকি আল্লাহর দেয়া শস্য এবং গবাদিপশুর একটি অংশ সরিয়ে রাখে, এই বলে, “এই অংশ আল্লাহর, ”, “এবং এই অংশ আমাদের উপাস্যদের”, তাদের দাবী অনুসারে। কিন্তু, যা তাদের উপাস্যদের জন্য সরিয়ে রেখেছিল তা কখনো আল্লাহর কাছে পৌঁছেনি, যখন আল্লাহর জন্য সরিয়ে রাখা অংশ সবসময় তাদের উপাস্যদের কাছে গিয়েছিল। তাদের সিদ্ধান্ত প্রকৃতপক্ষে দুঃখদায়ক।

[6:137] Thus were the idol worshipers duped by their idols, to the extent of killing their own children.\* In fact, their idols inflict great pain upon them, and confuse their religion for them. Had GOD willed, they would not have done it. You shall disregard them and their fabrications.

৬/১৩৭ এভাবে অংশীদার উপাসকরা তাদের উপাস্যদের দ্বারা প্রতারিত হয়েছিল, তাদের নিজেদের সন্তানদেরকে হত্যা করার সীমা অবধি। আসলে, তাদের উপাস্যরা তাদের উপর অত্যধিক যন্ত্রণা আরোপ করে, এবং তাদের জন্য তাদের ধর্মকে বিভ্রান্ত করে দেয়। আল্লাহ যদি চাইতেন, তারা এটা করতো না। তোমরা তাদের এবং তাদের মিথ্যা উদ্ভাবনকে উপেক্ষা করবে।

#### *Religious Innovations Condemned* ধর্মীয় নতুন উদ্ভাবন নিন্দিত

[6:138] They said, "These are livestock and crops that are prohibited; no one shall eat them except whomever we permit," so they claimed. They also prohibited the riding of certain livestock. Even the livestock they ate, they never pronounced GOD's name as they sacrificed them. Such are innovations attributed to Him. He will surely requite them for their innovations.

৬/১৩৮ তারা বলেছিল, ‘এইসব গৃহপালিত পশু এবং শস্য, যেগুলো নিষিদ্ধ; আমরা যাদেরকে অনুমতি দেই তারা ব্যতীত কেউ এগুলো খাবে না, ”তা-ই তারা দাবি করেছিল। তারা এছাড়াও নির্দিষ্ট কিছু গৃহপালিত পশুর উপর চড়া নিষিদ্ধ করেছিল। এমনকি যে গৃহপালিত পশু তারা খেতো, যখন সেগুলো উৎসর্গ করতো তারা কখনো আল্লাহর নাম উচ্চারণ করতো না। এমন নতুন উদ্ভাবনই তাঁর প্রতি আরোপ করা হতো। তিনি অবশ্যই তাদের নতুন উদ্ভাবনের জন্য তাদের থেকে প্রতিশোধ নেবেন।

[6:139] They also said, "What is in the bellies of these livestock is reserved exclusively for the males among us, and prohibited for our wives." But if it was a stillbirth, they permitted their wives to share therein. He will certainly requite them for their innovations. He is Most Wise, Omniscient.

৬/১৩৯ তারা আরও বলেছিল, “এই গৃহপালিত পশুগুলোর পেটে যা আছে তা কেবলমাত্র আমাদের মধ্যকার পুরুষদের জন্য সংরক্ষিত, এবং আমাদের স্ত্রীদের জন্য নিষিদ্ধ।” কিন্তু যদি এটা (গর্ভে জীবিত কিন্তু প্রসবের পর) মৃত হতো, তারা তাদের স্ত্রীদের তাতে অংশ নিতে অনুমতি দিত। তিনি অবশ্যই তাদের নতুন উদ্ভাবনের জন্য তাদের থেকে প্রতিশোধ নেবেন। তিনি সবচেয়ে জ্ঞানী, সর্বজ্ঞ।

[6:140] Losers indeed are those who killed their children foolishly, due to their lack of knowledge, and prohibited what GOD has provided for them, and followed innovations attributed to GOD. They have gone astray; they are not guided.

৬/১৪০ প্রকৃতপক্ষে তারাই ক্ষতিগ্রস্ত যারা মূর্খের মতো তাদের সন্তানদের হত্যা করে, তাদের জ্ঞানের ঘাটতির কারণে, এবং নিষিদ্ধ করে যা আল্লাহ তাদেরকে দিয়েছেন, এবং আল্লাহর প্রতি আরোপিত নতুন উদ্ভাবনসমূহের অনুসরণ করে। তারা বিপথে গিয়েছে; তারা পথপ্রাপ্ত নয়।

#### *Zakat Must Be Given "On The Day Of Harvest"\**

যাকাত অবশ্যই দিতে হবে "ফসল সংগ্রহের দিন"

[6:141] He is the One who established gardens, trellised and untrellised, and palm trees, and crops with different tastes, and olives, and pomegranate -fruits that are similar, yet dissimilar. Eat from their fruits, and give the due alms on the day of harvest,\* and do not waste anything. He does not love the wasters.

৬/১৪১ তিনিই সে সত্তা যিনি বাগানসমূহ স্থাপন করেছিলেন, মাচাবিশিষ্ট এবং মাচাবিহীন, এবং তাল গাছ এবং বিভিন্ন স্বাদবিশিষ্ট শস্যাদি, এবং জলপাই, এবং আনার- ফল যেগুলো একই রকম, তথাপি অন্যরকম। এদের ফল থেকে খাও, এবং ফসল সংগ্রহের দিন অবশ্য পরিশোধনীয় দান দিয়ে দাও, এবং কোন কিছু

অপচয় করো না। তিনি অপচয়কারীদের  
ভালবাসেন না।

[6:142] Some livestock supply you with transportation, as well as bedding materials. Eat from GOD 's provisions to you, and do not follow the steps of Satan; he is your most ardent enemy.

৬/১৪২ কিছু গৃহপালিত পশু তোমাদের পরিবহনের কাজ করে, একই সাথে বিছানাপত্রের উপকরণ হিসেবে। তোমাদেরকে দেয়া আল্লাহর খাদ্যসামগ্রী থেকে খাও, এবং শয়তানের পদাঙ্ক অনুসরণ করো না; সে তোমাদের সবচেয়ে ঘোর শত্রু।

*Innovated Dietary Prohibitions Condemned*  
*খাদ্যে নতুন উদ্ভাবিত নিষেধসমূহ নিন্দিত*

[6:143] Eight kinds of livestock: regarding the two kinds of sheep, and the two kinds of goats, say, "Is it the two males that He prohibited, or the two females, or the contents of the wombs of the two females? Tell me what you know, if you are truthful."

৬/১৪৩ আট রকমের গৃহপালিত পশু: দুই রকমের ভেড়া, এবং দুই রকমের ছাগল সম্পর্কে, বলো, "এটি কি দু' টি পুরুষ-জাতীয়, নাকি দু' টি নারী-জাতীয়, নাকি দু' টি নারী-জাতির জরায়ুর অভ্যন্তরস্থ বস্তু যা তিনি নিষেধ করেছিলেন? আমাকে বলো তোমরা কি জানো, যদি তোমরা সত্যবাদী হও?"

[6:144] Regarding the two kinds of camels, and the two kinds of cattle, say, "Is it the two males that He prohibited, or the two females, or the contents of the wombs of the two females? Were you witnesses when GOD decreed such prohibitions for you? Who is more evil than those who invent such lies and attribute them to GOD ? They thus mislead the people without knowledge. GOD does not guide such evil people."

৬/১৪৪ দুই রকমের উট, এবং দুই রকমের গবাদিপশু সম্পর্কে, বলো, "এটি কি সে দুইটি পুরুষ-জাতীয়, অথবা সে দু' টি নারী-জাতীয়, অথবা সে দু' টি নারী-জাতির জরায়ুর অভ্যন্তরস্থ বস্তু, যা তিনি নিষেধ করেছিলেন? তোমরা কি সাক্ষী ছিলে, যখন আল্লাহ তোমাদের

জন্য এরকম নিষেধাজ্ঞা জারি করেছিলেন? তাদের চেয়ে কে বেশি মন্দ যে এরকম মিথ্যা উদ্ভাবন করে এবং সেগুলো আল্লাহর প্রতি আরোপ করে? তারা এভাবে লোকদের বিপথগামী করে জ্ঞান ছাড়া। আল্লাহ এরকম মন্দ লোকদের পথ-প্রদর্শন করেন না।"

*The Only Dietary Prohibitions \**  
*খাদ্যে একমাত্র নিষেধাজ্ঞা*

[6:145] Say, "I do not find in the revelations given to me any food that is prohibited for any eater except: (1) carrion, (2) running blood, (3) the meat\* of pigs, for it is contaminated, and (4) the meat of animals blasphemously dedicated to other than GOD ."If one is forced (to eat these), without being deliberate or malicious, then your Lord is Forgiver, Most Merciful.

৬/১৪৫ বল, আমাকে দেয়া প্রকাশনাবলিতে আমি কোন ভক্ষনকারীর জন্য কোন খাদ্য নিষিদ্ধ খুঁজে পাই না, এগুলো ব্যতীত: (১) মৃত প্রাণীর গলিত মাংস, (২) প্রবাহিত রক্ত, (৩) শুকরের মাংস, কারণ তা সংক্রামিত, এবং (৪) প্রাণীর মাংস যা উদ্ভাবিত মিথ্যা ধর্মানুসারে আল্লাহ ছাড়া অন্য কারো প্রতি উৎসর্গকৃত।"যদি কেউ (এগুলো খেতে) বাধ্য হয়, ইচ্ছাকৃত বা বিদ্রোহপরায়েন না হয়ে, তবে আল্লাহ ক্ষমাকারী, পরম দয়ালু।

[6:146] For those who are Jewish we prohibited animals with undivided hoofs; and of the cattle and sheep we prohibited the fat, except that which is carried on their backs, or in the viscera, or mixed with bones. That was a retribution for their transgressions, and we are truthful.

৬/১৪৬ যারা ইহুদী তাদের জন্য আমরা অবিভক্ত খুরওয়ালো পশু নিষিদ্ধ করেছিলাম; এবং গবাদিপশু ও ভেড়ার চর্বি নিষিদ্ধ করেছিলাম, শুধু সেগুলো ছাড়া যা তাদের পিঠে বহন করে, অথবা অন্ত:স্থিত অঙ্গে অথবা হাড়ের সাথে মিশ্রিত থাকে। এটা ছিল তাদের সীমাতিক্রমের একটি শাস্তি, এবং আমরা সত্যবাদী।

[6:147] If they disbelieve you, then say, "Your Lord possesses infinite mercy, but His retribution is unavoidable for the guilty people."

৬/১৪৭ যদি তারা তোমাকে অবিশ্বাস করে, তাহলে বল, “তোমাদের প্রভু অসীম দয়ার অধিকারী, কিন্তু তাঁর শাস্তি দোষী লোকদের জন্য অনিবার্য”।

[6:148] The idol worshipers say, "Had GOD willed, we would not practice idolatry, nor would our parents, nor would we prohibit anything." Thus did those before them disbelieve, until they incurred our retribution. Say, "Do you have any proven knowledge that you can show us? You follow nothing but conjecture; you only guess."

৬/১৪৮ অংশীদার উপাসকেরা বলে, “আল্লাহ যদি চাইতেন, আমরা অংশীবাদ চর্চা করতাম না, না আমাদের পিতামাতারা, না আমরা কোনকিছু নিষিদ্ধ করতাম”। এভাবে তাদের পূর্বে যারা ছিল অবিশ্বাস করেছিল, যতক্ষণ না তারা আমাদের শাস্তি টেনে এনেছিল। বল, “তোমাদের কি কোন প্রমানিত জ্ঞান আছে যা তোমরা আমাদের দেখাতে পারো? তোমরা মিথ্যা ধারণা ছাড়া অন্যকিছুর অনুসরণ করো না; তোমরা শুধু অনুমান করো”।

*The Most Powerful Argument \**  
*সবচেয়ে শক্তিশালী যুক্তি\**

[6:149] Say, "GOD possesses the most powerful argument; if He wills He can guide all of you."

৬/১৪৯ বল, “আল্লাহ সবচেয়ে শক্তিশালী যুক্তির অধিকারী; তিনি যদি চান তিনি তোমাদের সকলকে পথপ্রদর্শন করতে পারেন”

[6:150] Say, "Bring your witnesses who would testify that GOD has prohibited this or that." If they testify, do not testify with them. Nor shall you follow the opinions of those who reject our revelations, and those who disbelieve in the Hereafter, and those who stray away from their Lord.

৬/১৫০ বল, “তোমাদের সাক্ষীদের আনো যারা সাক্ষ্য দেবে যে আল্লাহ এটা অথবা এটা নিষিদ্ধ করেছেন”। যদি তারা সাক্ষী দেয়, তাদের সাথে সাক্ষী দেবে না। না তোমরা তাদের মতামত অনুসরণ করবে যারা আমার প্রকাশনাবলী প্রত্যক্ষান করে, এবং যারা পরকালে অবিশ্বাস করে, এবং যারা তাদের প্রভু থেকে দূরে পপথভ্রষ্ট হয়।

*The Major Commandments*

*মূখ্য আদেশাবলি*

[6:151] Say, "Come let me tell you what your Lord has really prohibited for you: You Shall not set up idols besides Him. You shall honor your parents. You shall not kill your children from fear of poverty —we provide for you and for them. You shall not commit Gross sins, obvious or hidden. You shall not kill—GOD has made life sacred —except in the course of justice. These are His commandments to you that you may understand."

৬/১৫১ বল, “আসো তোমাদেরকে আমি বলি তোমাদের প্রভু তোমাদের জন্য প্রকৃতপক্ষে কি নিষিদ্ধ করেছেন: তোমরা তাঁর পাশে উপাস্য স্থাপন করবে না। তোমরা তোমাদের পিতা-মাতাকে সম্মান করবে। দারিদ্র্যতার ভয়ে তোমরা তোমাদের সন্তানদের হত্যা করবে না- আমরা তোমাদের জন্য এবং তাদের জন্য প্রদান করি। তোমরা গুরুতর পাপসমূহ করবে না, প্রকাশিত অথবা গোপন। তোমরা হত্যা করবে না- আল্লাহ জীবনকে পবিত্র করেছেন- বিচার প্রক্রিয়া ছাড়া। এগুলো তোমাদের প্রতি তাঁর প্রত্যাদেশ, যাতে তোমরা বুঝতে পারো।”

*Additional Commandments*  
*অতিরিক্ত আদেশাবলি*

[6:152] You shall not touch the orphans' money except in the most righteous manner, until they reach maturity. You shall give full weight and a full measure when you trade, equitably. We do not burden any soul beyond its means. You shall be absolutely just when you bear witness, even against your relatives. You shall fulfill your covenant with GOD. These are His commandments to you, that you may take heed |

৬/১৫২ তোমরা সর্বোচ্চ ন্যায়পরায়ণ পছন্দ ছাড়া এতিমদের অর্থ স্পর্শ করবে না, যতক্ষণ না তারা পরিপকুতায় পৌঁছায়। যখন তোমরা ব্যবসা করো, তোমরা পূর্ণ ওজন এবং একটি পূর্ণ মাপ দিবে, ন্যায়সঙ্গতভাবে। আমরা কোন আত্মাকে এর ক্ষমতার অতিরিক্ত বোঝা চাপাই না। তোমরা পুরোপুরি ন্যায়পরায়ণ হবে যখন তোমরা সাক্ষ্য দাও, এমনকি তোমাদের আত্মীয় - স্বজনদের বিরুদ্ধে। তোমরা আল্লাহর সাথে তোমাদের অঙ্গীকার পরিপূর্ণ করবে। এগুলো তোমাদের প্রতি তাঁর প্রত্যাদেশ, যাতে তোমরা সতর্ক হতে পারো।

[6:153] This is My path - a straight one. You shall follow it, and do not follow any other paths, lest they divert you from His path. These are His commandments to you, that you may be saved.

৬/১৫৩ এটি আমার পথ - সরল। তোমরা এটি অনুসরণ করবে, এবং অন্যকোন পথ অনুসরণ করো না, পাছে তারা তোমাদেরকে তাঁর পথ থেকে বিচ্যুত করে ফেলে। এগুলো তোমাদের প্রতি তাঁর প্রত্যাদেশ, যাতে তোমরা রক্ষা পেতে পারো।

[6:154] And we gave Moses the scripture, complete with the best commandments, and detailing everything, and a beacon and mercy, that they may believe in meeting their Lord.

৬/১৫৪ এবং আমরা মুসাকে ঐশীগ্রন্থ দিয়েছিলাম, সর্বোত্তম প্রত্যাদেশাবলি দিয়ে পূর্ণ, এবং সবকিছু সবিস্তারে বর্ণনা করে, এবং একটি আলোকবর্তিকা এবং দয়া, যাতে তারা তাদের প্রভুর সাথে সাক্ষাতে বিশ্বাস করতে পারে।

[6:155] This too is a blessed scripture that we have revealed; you shall follow it and lead a righteous life, that you may attain mercy.

৬/১৫৫ এটিও একটি মহিমান্বিত ঐশীগ্রন্থ যা আমরা প্রকাশিত করেছি ; তোমরা এটি অনুসরণ করবে এবং একটি সৎকর্মশীল জীবন যাপন করবে, যাতে তোমরা ক্ষমা অর্জন করতে পারো।

[6:156] Now you can no longer say, "The scripture was sent down to two groups before us, and we were unaware of their teachings."

৬/১৫৬ তোমরা এখন আর বলতে পারবে না, “আমাদের পূর্বের দুই দলের কাছে ঐশীগ্রন্থ অবতীর্ণ হয়েছিল, এবং আমরা সেগুলোর শিক্ষাসমূহে অনবগত ছিলাম।

*Mathematics: The Ultimate Proof\**

গনিতঃ চূড়ান্ত প্রমাণ

[6:157] Nor can you say, "If only a scripture could come down to us, we would be better guided than they." A proven scripture has now come to you from your Lord, and a beacon, and a mercy. Now, who is more evil than one who rejects these proofs from GOD, and disregards them? We will commit those who

disregard our proofs to the worst retribution, for their heedlessness.

৬/১৫৭ না তোমরা বলতে পারো, “যদি শুধু একটি ঐশীগ্রন্থ আমাদের কাছে অবতীর্ণ হতো, আমরা তাদের থেকে উত্তম পথপ্রদর্শিত হতাম”। “তোমাদের প্রভুর পক্ষ থেকে এখন তোমাদের কাছে এসেছে একটি প্রমানিত ঐশীগ্রন্থ, এবং একটি আলোকবর্তিকা, এবং একটি দয়া। এখন, কে তার চেয়ে অধিক মন্দ যে আল্লাহর পক্ষ থেকে আসা এই প্রমানাদি প্রত্যক্ষান করে, এবং সেগুলো উপেক্ষা করে? যারা আমাদের প্রমানাদি উপেক্ষা করে আমরা তাদের নিকৃষ্টতম শাস্তি দেব, তাদের অমনোযোগিতার কারণে।

*Requirements of the Test*

পরীক্ষার আবশ্যিক শর্ত

[6:158] Are they waiting for the angels to come to them, or your Lord, or some physical manifestations of your Lord? The day this happens, no soul will benefit from believing if it did not believe before that, and did not reap the benefits of belief by leading a righteous life.\* Say, "Keep on waiting; we too are waiting."

৬/১৫৮ তারা কি অপেক্ষা করছে ফেরেশতাদের, অথবা তোমার প্রভুর, অথবা তোমার প্রভুর কিছু শারীরিক প্রকাশ তাদের কাছে আসার? যেদিন এটা ঘটবে, কোন আত্মার বিশ্বাস করায় লাভ হবে না, যদি আগে থেকে এটি বিশ্বাস না করে, এবং একটি সৎ জীবন যাপনের দ্বারা বিশ্বাসের উপকারিতা সমূহের ফল লাভ না করে থাকে। বল, “অপেক্ষা করতেই থাকো, আমরাও অপেক্ষা করছি”।

*Religious Sects Condemned*

ধর্মীয় উপদল নিন্দিত

[6:159] Those who divide themselves into sects do not belong with you. Their judgment rests with GOD, then He will inform them of everything they had done.

৬/১৫৯ যারা নিজেদেরকে উপদলে বিভক্ত করে তারা তোমার অন্তর্ভুক্ত নয়। তাদের বিচার আল্লাহর কাছে রয়েছে, তখন তিনি তাদেরকে জানাবেন সবকিছু যা তারা করেছিল।

[6:160] Whoever does a righteous work receives the reward for ten, and the one who

commits a sin is requited for only one. No one suffers the slightest injustice.

৬/১৬০ যে কেউ একটি সৎকর্ম করে সে দশটির পুরস্কার লাভ করে, এবং যে একটি পাপ করে, শুধু মাত্র একটির জন্য প্রতিশোধ গ্রহন করা হয়। কেউই সামান্যতম অবিচার ভোগ করে না।

[6:161] Say, "My Lord has guided me in a straight path—the perfect religion of Abraham, monotheism. He never was an idol worshiper."

৬/১৬১ বল, "আমার প্রভু আমাকে প্রদর্শন করেছেন একটি সরল পথ - ইব্রাহিমের সঠিক ধর্ম, একেশ্বরবাদ। সে কখনো অংশীদার উপাসক ছিল না।"

[6:162] Say, "My Contact Prayers (Salat), my worship practices, my life and my death, are all devoted absolutely to GOD alone, the Lord of the universe."

৬/১৬২ বল, "আমার সংযোগ প্রার্থনাসমূহ (সালাত), আমার উপাসনা চর্চাসমূহ, আমার জীবন এবং আমার মৃত্যু, সবকিছু উৎসর্গকৃত একমাত্র আল্লাহর প্রতি, মহাবিশ্বের প্রভু।

[6:163] "He has no partner. This is what I am commanded to believe, and I am the first to submit."

৬/১৬৩ "তঁার কোন অংশীদার নেই। এটাই তা যা আমাকে বিশ্বাস করতে আদেশ করা হয়, এবং আমি আত্মসমর্পণে প্রথম।"

[6:164] Say, "Shall I seek other than GOD as a lord, when He is the Lord of all things? No soul benefits except from its own works, and none bears the burden of another. Ultimately, you return to your Lord, then He informs you regarding all your disputes."

৬/১৬৪ বল, "আমি কি প্রভু হিসেবে আল্লাহ ছাড়া অন্য কাউকে খুঁজবো, যখন তিনি সবকিছুর প্রভু? কোন আত্মাই লাভবান হয় না এর নিজের কর্ম থেকে ছাড়া, এবং কেউই অন্যের বোঝা বহন করে না। অবশেষে, তোমরা তোমাদের প্রভুর কাছে ফিরে আসো, এরপর তিনি তোমাদের সকল বিবাদের বিষয়ে তোমাদেরকে জানান।"

[6:165] He is the One who made you inheritors of the earth, and He raised some of you above others in rank, in order to test you

in accordance with what He has given you. Surely, your Lord is efficient in enforcing retribution, and He is Forgiver, Most Merciful.

৬/১৬৫ তিনিই সে সত্তা যিনি তোমাদেরকে পৃথিবীর উত্তরাধিকারী করেছেন, এবং তিনি তোমাদের কাউকে কাউকে পদমর্যাদায় অন্যদের উপর উন্নীত করেছিলেন, তিনি তোমাদেরকে যা দিয়েছেন সে অনুসারে তোমাদেরকে পরীক্ষা করার জন্য। নিশ্চিতভাবে, তোমাদের প্রভু শাস্তি প্রয়োগে দক্ষ, এবং তিনি ক্ষমাকারী, পরম দয়ালু।





## Sura 7: The Purgatory (Al-A'arāf)

[7:0] In the name of God, Most Gracious, Most Merciful

৭/০ পরম করুণাময়, পরম দয়ালু আল্লাহর নামে

[7:1] A. L. M. S.\*

৭/১ অ, ল, ম, স

\*7:1 See Appendix 1 for the role of these initials in the Quran's mathematical miracle.

[7:2] This scripture has been revealed to you—you shall not harbor doubt about it in your heart—that you may warn with it, and to provide a reminder for the believers.

৭/২ এই ঐশীগ্রন্থ তোমার কাছে প্রকাশিত হয়েছে- এটি সম্পর্কে তুমি তোমার হৃদয়ে সন্দেহ পোষণ করবে না- যাতে তুমি এটি দিয়ে সতর্ক করতে পারো, এবং বিশ্বাসীদের জন্য স্মরণ করার একটি মাধ্যম প্রদান করতে পার।

[7:3] You shall all follow what is revealed to you from your Lord; do not follow any idols besides Him. Rarely do you take heed.

৭/৩ তোমরা সকলে অনুসরণ করবে তোমাদের প্রভুর পক্ষ থেকে তোমাদের কাছে যা প্রকাশিত হয়েছে; তাঁর পাশে কোন উপাস্য অনুসরণ করো না। তোমরা খুব কমই মনোযোগ দাও।

[7:4] Many a community we annihilated; they incurred our retribution while they were asleep, or wide awake.

৭/৪ অনেক জনপদ আমরা ধ্বংস করেছিলাম; তারা আমাদের শাস্তি টেনে এনেছিল যখন তারা ঘুমন্ত ছিল, অথবা জেগে ছিল।

[7:5] Their utterance when our retribution came to them was: "Indeed, we have been transgressors."

৭/৫ যখন আমাদের শাস্তি তাদের কাছে এসেছিল, তাদের উক্তি ছিলঃ "প্রকৃতপক্ষে, আমরা সীমালংঘনকারী হয়েছি"।

[7:6] We will certainly question those who received the message, and we will question the messengers.

৭/৬ আমরা অবশ্যই তাদেরকে প্রশ্ন করবো যারা বার্তা গ্রহণ করেছিল, এবং আমরা প্রশ্ন করবো বার্তাবাহকদের।

[7:7] We will inform them authoritatively, for we were never absent.

৭/৭ আমরা তাদেরকে প্রমান সহকারে জানাব, যেহেতু আমরা কখনো অনুপস্থিত ছিলাম না।

[7:8] The scales will be set on that day, equitably. Those whose weights are heavy will be the winners.

৭/৮ সে দিন মাপযন্ত্র স্থাপন করা হবে, ন্যায়পরায়ণভাবে। যাদের ওজন ভারী হবে, তারা বিজয়ী হবে।

[7:9] As for those whose weights are light, they will be the ones who lost their souls,\* as a consequence of disregarding our revelations, unjustly.

৭/৯ তাদের জন্য যাদের ওজন হালকা হবে, তারা হবে সেই লোক যারা তাদের আত্মা হারিয়েছে, আমাদের প্রকাশনাবলী উপেক্ষা করার ফলে, অন্যায়ভাবে।

\*7:9 Failing to heed our Creator leads to spiritual starvation and eventual "loss" of the soul.

[7:10] We have established you on earth, and we have provided for you the means of support therein. Rarely are you appreciative.

৭/১০ আমরা তোমাদেরকে পৃথিবীর উপর প্রতিষ্ঠিত করেছি, এবং আমরা সেখানে তোমাদের ভরন-পোষণের জন্য উপায় দিয়েছি। তোমরা খুব কমই কৃতজ্ঞ হও।

[7:11] We created you, then we shaped you, then we said to the angels, "Fall prostrate before Adam." They fell prostrate, except Iblees (Satan); he was not with the prostrators.

৭/১১ আমরা তোমাদেরকে সৃষ্টি করেছিলাম, এরপর আমরা তোমাদের আকার দিয়েছিলাম, এরপর আমরা ফেরেশতাদের বলেছিলাম, "আদমের সামনে সেজদাবনত হও।" তারা সেজদাবনত হয়েছিল, ইবলিস (শয়তান) ব্যতীত; সে সেজদাকারীদের সাথে ছিল না।

*The Test Begins*

[7:12] He said, "What prevented you from prostrating when I ordered you?" He said, "I am better than he; you created me from fire, and created him from mud."

৭/১২ তিনি বলেছিলেন, "কিসে তোমাকে সেজদা করা থেকে বিরত রেখেছিল, যখন আমি তোমাকে আদেশ করেছিলাম?" সে বলেছিল, "আমি তার চেয়ে উত্তম; আপনি আমাকে আগুন থেকে সৃষ্টি করেছিলেন, এবং তাকে কাদামাটি থেকে সৃষ্টি করেছিলেন।"

[7:13] He said, "Therefore, you must go down, for you are not to be arrogant here. Get out; you are debased."

৭/১৩ তিনি বলেছিলেন, "এজন্য, তুমি অবশ্যই নিচে চলে যাবে, কারণ তুমি এখানে উদ্ধত হবে না। বের হয়ে যাও; তুমি অধঃপতিত।"

[7:14] He said, "Grant me a respite, until the Day of Resurrection."

৭/১৪ সে বলেছিল, "আমাকে একটি অবকাশ মঞ্জুর করুন, পুনঃরুখান দিবস পর্যন্ত।"

[7:15] He said, "You are granted a respite."

৭/১৫ তিনি বলেছিলেন, "তোমাকে একটি অবকাশ মঞ্জুর করা হলো।"

[7:16] He said, "Since You have willed that I go astray,\* I will skulk for them on Your straight path."

৭/১৬ সে বলেছিল, "যেহেতু আপনি চেয়েছেন যে আমি বিপথে যাই, আমি তাদের জন্য আপনার সরল পথের উপর অসৎ উদ্দেশ্যে থাকব।"

[7:17] "I will come to them from before them, and from behind them, and from their right, and from their left, and You will find that most of them are unappreciative."

৭/১৭ "আমি তাদের কাছে আসব তাদের সামনে থেকে, এবং তাদের পেছন থেকে, এবং তাদের ডান দিক থেকে, এবং তাদের বাম দিক থেকে, এবং আপনি তাদের বেশির ভাগকে অকৃতজ্ঞ পাবেন।"

[7:18] He said, "Get out therefrom, despised and defeated. Those among them who follow you, I will fill Hell with you all."

৭/১৮ তিনি বলেছিলেন, "সেখান থেকে বেরিয়ে যাও, ঘৃণিত এবং পরাজিত হয়ে। তাদের মধ্যে যারা তোমাকে অনুসরণ করে, আমি তোমাদের সকলকে দিয়ে নরক পূর্ণ করবো।"

[7:19] "As for you, Adam, dwell with your wife in Paradise, and eat therefrom as you please, but do not approach this one tree, lest you fall in sin."

৭/১৯ "তোমার ক্ষেত্রে, আদম, তোমার স্ত্রীর সাথে স্বর্গে বাস করো, এবং তা থেকে খাও যেমন তোমরা পছন্দ করো, কিন্তু এই একটি গাছের কাছে যেও না, পাছে তোমরা পাপে পতিত হও।"

[7:20] The devil whispered to them, in order to reveal their bodies, which were invisible to them. He said, "Your Lord did not forbid you from this tree, except to prevent you from becoming angels, and from attaining eternal existence."

৭/২০ শয়তান তাদের কাছে ফিসফিস করেছিল, তাদের শরীর প্রকাশ করার জন্য, যা তাদের কাছে অদৃশ্য ছিল। সে বলেছিল, "ফেরেশতা হয়ে যাওয়া থেকে, এবং চিরস্থায়ী অস্তিত্ব অর্জন করা থেকে তোমাদের প্রতিরোধ/বিরত করা ছাড়া, তোমাদের প্রভু তোমাদেরকে এই গাছ থেকে নিষেধ করেননি।"

[7:21] He swore to them, "I am giving you good advice."

৭/২১ সে তাদের কাছে শপথ করেছিল, "আমি তোমাদেরকে ভাল উপদেশ দিচ্ছি।"

[7:22] He thus duped them with lies. As soon as they tasted the tree, their bodies became visible to them, and they tried to cover themselves with the leaves of Paradise. Their Lord called upon them: "Did I not enjoin you from that tree, and warn you that the devil is your most ardent enemy?"

৭/২২ সে এভাবে তাদেরকে মিথ্যা বলে প্রতারিত করেছিল। যখনই তারা সে গাছের স্বাদ নিয়েছিল, তাদের দেহ তাদের কাছে দৃশ্যমান হয়ে পড়েছিল, এবং তারা তাদের নিজেদেরকে স্বর্গোদ্যানের পাতা দিয়ে ঢাকার চেষ্টা করেছিল। তাদের প্রভু তাদেরকে আহবান করেছিলেন: "আমি কি তোমাদেরকে ঐ গাছ থেকে বিরত থাকার আদেশ দেইনি, এবং সতর্ক করিনি যে শয়তান তোমাদের সবচেয়ে ঘোর শত্রু?"

[7:23] They said, "Our Lord, we have wronged our souls, and unless You forgive us and have mercy on us, we will be losers."

৭/২৩ তারা বলেছিল, "আমাদের প্রভু, আমরা আমাদের আত্মার ক্ষতি করেছি, এবং যদি না আপনি আমাদের ক্ষমা করেন ও আমাদের উপর দয়া করেন, আমরা ক্ষতিগ্রস্ত হবো।"

[7:24] He said, "Go down as enemies of one another. On earth shall be your habitation and provision for awhile."

৭/২৪ তিনি বলেছিলেন, "একে অন্যের শত্রু হিসেবে নিচে নেমে যাও। পৃথিবীর উপর হবে তোমাদের বাসস্থান এবং জীবিকা কিছু কালের জন্য।"

[7:25] He said, "On it you will live, on it you will die, and from it you will be brought out."

৭/২৫ তিনি বলেছিলেন, "এর উপর তোমরা বাচবে, এর উপর তোমরা মরবে, এবং এর থেকে তোমাদের বের করে আনা হবে।"

[7:26] O children of Adam, we have provided you with garments to cover your bodies, as well as for luxury. But the best garment is the garment of righteousness. These are some of GOD's signs, that they may take heed.

৭/২৬ হে আদম সন্তানেরা, আমরা তোমাদেরকে পোশাক দিয়েছি তোমাদের শরীর আবৃত করতে, পাশাপাশি বিলাসিতার জন্য। কিন্তু সর্বোত্তম পোশাক হলো সৎকর্মশীলতার পোশাক। এগুলো আল্লাহর কিছু নিদর্শন, যাতে তারা মনোযোগ দিতে পারে।

[7:27] O children of Adam, do not let the devil you as he did when he caused the eviction of your parents from Paradise, and the removal of their garments to expose their bodies. He and his tribe see you, while you do not see them. We appoint the devils as companions of those who do not believe.

৭/২৭ হে আদম সন্তানেরা, শয়তানকে তোমাদের ক্ষেত্রে তা করতে দিও না যেরকম সে করেছিল যখন সে স্বর্গোদ্যান থেকে তোমাদের পিতামাতার উচ্ছেদ ঘটিয়েছিল, এবং তাদের দেহ প্রকাশ করতে তাদের পোশাকের অপসারণ ঘটিয়েছিল। সে এবং তার জাতি তোমাদের দেখে, যখন তোমরা তাদেরকে দেখো না। আমরা শয়তানদের নিযুক্ত করি তাদের সঙ্গী হিসেবে যারা বিশ্বাস করে না।

*Examine All Inherited Information*

*উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সকল তথ্য পরীক্ষা করুন*

[7:28] They commit a gross sin, then say, "We found our parents doing this, and GOD has commanded us to do it." Say, "GOD never advocates sin. Are you saying about GOD what you do not know?"

৭/২৮ তারা একটি মহা পাপ করে, এরপর বলে, "আমরা আমাদের পিতামাতাকে এগুলো করতে দেখেছি, এবং আল্লাহ আমাদেরকে এটা করতে আদেশ করেছেন"। বল, "আল্লাহ কখনো পাপের উকালতি করেন না। তোমরা কি আল্লাহ সম্পর্কে বলছ যা তোমরা জানো না?"

[7:29] Say, "My Lord advocates justice, and to stand devoted to Him alone at every place of worship. You shall devote your worship absolutely to Him alone. Just as He initiated you, you will ultimately go back to Him."

৭/২৯ বল, "আমার প্রভু উকালতি করেন ন্যায়পরায়ণতার, এবং প্রত্যেক উপাসনার স্থানে একমাত্র তাঁর প্রতি উৎসর্গকৃত হয়ে দাড়ানোর। তোমরা সম্পূর্ণরূপে একমাত্র তাঁর প্রতি তোমাদের উপাসনা উৎসর্গ করবে। ঠিক যেমন তিনি তোমাদের সূচনা করেছিলেন, তোমরা সবশেষে তাঁর কাছেই ফিরে যাবে"।

*Beware: They Believe that They Are Guided*

*সতর্ক হউন: তারা বিশ্বাস করে যে তারা পথপ্রাপ্ত*

[7:30] Some He guided, while others are committed to straying. They have taken the devils as their masters, instead of GOD, yet they believe that they are guided.

৭/৩০ কাউকে কাউকে তিনি পথপ্রদর্শন করেছিলেন, যখন অন্যরা পথভ্রষ্টতায় লিপ্ত। তারা শয়তানদেরকে তাদের মনিব হিসাবে নিয়েছে, আল্লাহর বদলে, তা সত্ত্বেও তারা বিশ্বাস করে যে তারা পথপ্রাপ্ত।

*Dress Nicely For the Masjid*

*মসজিদের জন্য সুন্দরভাবে পোশাক পরিধান করুন*

[7:31] O children of Adam, you shall be clean and dress nicely when you go to the masjid. And eat and drink moderately. Surely, He does not love the gluttons.

৭/৩১ হে আদম সন্তানেরা, তোমরা পরিষ্কার হবে এবং সুন্দরভাবে পোষাক পরিধান করবে, যখন তোমরা মসজিদে যাও। এবং খাও ও পান করো পরিমিতভাবে। নিশ্চয়, তিনি অতিভোজীদের ভালোবাসেন না।

*Innovated Prohibitions Condemned*  
উদ্ভাবিত নিষিদ্ধকরণ নিন্দিত

[7:32] Say, "Who prohibited the nice things GOD has created for His creatures, and the good provisions?" Say, "Such provisions are to be enjoyed in this life by those who believe. Moreover, the good provisions will be exclusively theirs on the Day of Resurrection." We thus explain the revelations for people who know.

৭/৩২ বল, "কে নিষিদ্ধ করে সুন্দর জিনিসগুলো যা আল্লাহ সৃষ্টি করেছেন তাঁর সৃষ্টি জীবের জন্য, এবং ভালো খাদ্যসামগ্রী?" বল, "এরকম খাদ্যসামগ্রী এই জীবনে তাদের উপভোগ্য হবে, যারা বিশ্বাস করে। অধিকন্তু, ভালো খাদ্যসামগ্রী পুনঃরুত্থান দিবসে কেবলমাত্র তাদের হবে। "আমরা এভাবে লোকদের জন্য প্রকাশনাবলি ব্যাখ্যা করি, যারা জানে।

[7:33] Say, "My Lord prohibits only evil deeds, be they obvious or hidden, and sins, and Unjustifiable aggression, and to set up beside GOD powerless idols, and to say about GOD what you do not know."

৭/৩৩ বল, "আমার প্রভু নিষেধ করেন শুধু মন্দ কাজগুলো, সেগুলো প্রকাশ্য হোক অথবা গোপন, এবং পাপ, এবং অযৌক্তিক আগ্রাসন, এবং আল্লাহর পাশে ক্ষমতাহীন উপাস্য স্থাপন করা, এবং আল্লাহ সম্পর্কে বলা যা তোমরা জানো না।"

[7:34] For each community, there is a predetermined life span. Once their interim comes to an end, they cannot delay it by one hour, nor advance it.

৭/৩৪ প্রত্যেক সম্প্রদায়ের জন্য, একটি পূর্বনির্ধারিত সময়কাল রয়েছে। যখনই তাদের অন্তর্বর্তী সময়কাল শেষ হয়ে আসে, তারা একে এক ঘন্টার জন্যও বিলম্ব করাতে পারে না, না তা আগাম করাতে পারে।

*Messengers From Among You*  
তোমাদের মধ্য থেকে বার্তাবাহকেরা

[7:35] O children of Adam, when messengers come to you from among you, and recite My revelations to you, those who take heed and lead a righteous life, will have nothing to fear, nor will they grieve.

৭/৩৫ হে আদম সন্তানেরা, যখন বার্তাবাহকেরা তোমাদের কাছে আসে তোমাদের মধ্য থেকে, এবং আমার প্রকাশনাবলি তোমাদের কাছে আবৃত্তি করে, যারা মনোযোগ দেয় এবং একটি সংকর্মশীল জীবন যাপন করে, তাদের ভয়ের কিছু থাকবে না, না তারা শোক করবে।

[7:36] As for those who reject our revelations, and are too arrogant to uphold them, they have incurred Hell, wherein they abide forever.

৭/৩৬ তাদের জন্য যারা আমাদের প্রকাশনাবলী প্রত্যাখ্যান করে, এবং সেগুলো মেনে চলতে খুব দাস্তিক হয়, তারা নরক টেনে এনেছে, যেখানে তারা চিরকাল বাস করে।

[7:37] Who is more evil than those who invent lies about GOD, or reject His revelations? These will get their share, in accordance with the scripture, then, when our messengers come to terminate their lives, they will say, "Where are the idols you used to implore beside GOD?" They will say, "They have abandoned us." They will bear witness against themselves that they were disbelievers.

৭/৩৭ তাদের থেকে কে বেশি মন্দ যে আল্লাহ সম্বন্ধে মিথ্যা উদ্ভাবন করে, অথবা তাঁর প্রকাশনাবলী প্রত্যাখ্যান করে? এরা তাদের অংশ পাবে, ঐশীগ্রন্থ অনুসারে, এরপর, যখন আমাদের বার্তাবাহকেরা তাদের জীবন সমাপ্ত করতে আসে, তারা বলবে, "কোথায় সেই উপাস্যরা, আল্লাহর পাশে যাদের কাছে তোমরা মিনতি করত?" তারা বলবে, "তারা আমাদের পরিত্যাগ করেছে"। তারা নিজেদের বিরুদ্ধে সাক্ষ্য দিবে যে, তারা অবিশ্বাসী ছিল।

*Mutual Blaming*  
পারস্পারিক দোষারোপ

[7:38] He will say, "Enter with the previous communities of jinns and humans into Hell." Every time a group enters, they will curse their ancestral group. Once they are all in it, the latest one will say of the previous one, "Our Lord, these are the ones who misled us. Give them double the retribution of Hell." He

will say, "Each receives double, but you do not know."

৭/৩৮ তিনি বলবেন, “পূর্ববর্তী সম্প্রদায়ের জিন এবং মানুষদের সাথে নরকে প্রবেশ করো”। প্রত্যেকবার যখন একটি দল প্রবেশ করে, তারা তাদের পূর্বপুরুষের দলকে অভিশাপ দেবে। যখন তাদের সকলে এর ভিতর থাকবে, সর্বশেষ দলটি পূর্ববর্তী দল সম্পর্কে বলবে, “আমাদের প্রভু, এরা তারাই যারা আমাদের পথভ্রষ্ট করেছিল। তাদেরকে নরকের দিগুন শাস্তি দিন”। তিনি বলবেন, “প্রত্যেকে দিগুন পায়, কিন্তু তোমরা জানো না”।

[7:39] The ancestral group will say to the later group, "Since you had an advantage over us, taste the retribution for your own sins."

৭/৩৯ পূর্বপুরুষের দল পরবর্তী দলকে বলবে, “যেহেতু আমাদের উপর তোমাদের একটি সুবিধা ছিল, তোমাদের নিজেদের পাপের জন্য শাস্তি আন্বাদন করো”।

*Rejecting God's Revelations: An Unforgivable Offense*

*আল্লাহর প্রকাশনাবলী প্রত্যাখ্যানঃ একটি অমার্জনীয় অপরাধ*

[7:40] Surely, those who reject our revelations and are too arrogant to uphold them, the gates of the sky will never open for them, nor will they enter Paradise until the camel passes through the needle's eye. We thus requite the guilty.

৭/৪০ নিশ্চয়, যারা আমাদের প্রকাশনাবলী প্রত্যাখ্যান করে এবং সেগুলো মেনে চলতে খুব উদ্ধত হয়, আকাশের দরজাগুলো কখনো তাদের জন্য খোলা হবে না, না তারা স্বর্গে প্রবেশ করবে যতক্ষণ না সূচের ছিদ্র দিয়ে উট প্রবেশ করে। আমরা এভাবে অপরাধীদের থেকে প্রতিশোধ গ্রহন করি।

[7:41] They have incurred Hell as an abode; they will have barriers above them. We thus requite the transgressors.

৭/৪১ তারা একটি আবাস হিসেবে নরক টেনে এনেছে; তাদের উপরে অন্তরায় থাকবে। আমরা এভাবে সীমালঙ্ঘনকারীদের থেকে প্রতিশোধ গ্রহন করি।

[7:42] As for those who believe and lead a righteous life—we never burden any soul

beyond its means –these will be the dwellers of Paradise. They abide in it forever.

৭/৪২ তাদের জন্য যারা বিশ্বাস করে এবং একটি সংকর্মশীল জীবন যাপন করে- আমরা কখনো কোন আত্মাকে এর ক্ষমতার অতিরিক্ত বোঝা চাপাই না- এরা হবে স্বর্গোদ্যানের বাসিন্দা। তারা এতে চিরকাল বাস করে।

*By God's Grace*  
*আল্লাহর করুণায়*

[7:43] We will remove all jealousy from their hearts. Rivers will flow beneath them, and they will say, “GOD be praised for guiding us. We could not possibly be guided, if it were not that GOD has guided us. The messengers of our Lord did bring the truth.” They will be called: "This is your Paradise. You have inherited it, in return for your works."

৭/৪৩ আমরা তাদের অন্তর থেকে সকল ঈর্সা সরিয়ে নেবো। তাদের নিচ থেকে নদীসমূহ প্রবাহিত হবে, এবং তারা বলবে, "আমাদের পথ- প্রদর্শনের জন্য প্রশংসা আল্লাহর। আমরা সম্ভবত পথপ্রাপ্ত হতে পারতাম না, যদি এটি না হতো যে আল্লাহ আমাদের পথপ্রদর্শন করেছেন। আমাদের প্রভুর বার্তাবাহকরা সত্য এনেছিল।” তাদেরকে ডাকা হবে: "এটি তোমাদের স্বর্গোদ্যান। তোমরা এর উত্তরাধিকারী হয়েছ, তোমাদের কর্মসমূহের প্রতিদানে।"

[7:44] The dwellers of Paradise will call the dwellers of Hell: "We have found our Lord's promise to be the truth, have you found your Lord's promise to be the truth?" They will say, "Yes." An announcer between them will announce: “GOD's condemnation has befallen the transgressors;

৭/৪৪ স্বর্গোদ্যানের অধিবাসীরা নরকের অধিবাসীদের ডাকবে: "আমরা আমাদের প্রভুর অঙ্গীকার সত্য পেয়েছি, তোমরা কি তোমাদের প্রভুর অঙ্গীকার সত্য পেয়েছ?" তারা বলবে, "হ্যাঁ"। তাদের মধ্যে একজন ঘোষণাকারী ঘোষণা করবে : "আল্লাহর শাস্তি সীমালঙ্ঘনকারীদের উপর পড়েছে;

[7:45] "who repel from the path of GOD, and strive to make it crooked, and, with regard to the Hereafter, they are disbelievers."

৭/৪৫ "যারা আল্লাহর পথে বাধা দেয়, এবং একে বক্র করতে কঠোর চেষ্টা করে, এবং, পরকাল সম্পর্কে, তারা অবিশ্বাসী।"

[7:46] A barrier separates them, while the Purgatory\* is occupied by people who recognize each side by their looks. They will call the dwellers of Paradise: "Peace be upon you." They did not enter (Paradise) through wishful thinking.

৭/৪৬ একটি অন্তরায় তাদেরকে আলাদা করে, যখন শুদ্ধিস্থান পূর্ণ থাকে লোকদের দিয়ে যারা প্রত্যেক পাশ চিনে এগুলোর দৃশ্য থেকে। তারা স্বর্গের বাসিন্দাদের ডাকবেঃ "তোমাদের উপর শান্তি হোক"। তারা মনোমতো চিন্তার মাধ্যমে (স্বর্গোদ্যানে) প্রবেশ করেনি।

\*7:46-49 Initially, there will be 4 places: (1) the High Heaven, (2) the Lower Heaven, (3) the Purgatory, and (4) Hell. The Purgatory will be annexed into the Lower Heaven.

[7:47] When they turn their eyes towards the dwellers of Hell, they will say, "Our Lord, do not put us with these wicked people."

৭/৪৭ যখন তারা তাদের চোখ নরকের বাসিন্দাদের দিকে ফেরায়, তারা বলবে, "আমাদের প্রভু, আমাদেরকে এই পাপপূর্ণ লোকদের সাথে রেখেন না"।

*The Majority Doomed*  
অধিকাংশই ধ্বংসপ্রাপ্ত

[7:48] The dwellers of the Purgatory will call on people they recognize by their looks, saying, "Your great numbers did not avail you in any way, nor did your arrogance.

৭/৪৮ শুদ্ধিস্থানের বাসিন্দারা লোকদের সাক্ষাত করবে যাদেরকে তারা বাহ্যরূপ থেকে চিনে, এই বলে যে, "তোমাদের বিশাল সংখ্যা কোন ভাবেই তোমাদের উপকারে আসেনি, না তোমাদের ঔদ্ধত্য।

[7:49] "Are those the people you swore that GOD will never touch them with mercy?" (The people in the Purgatory will then be told,) "Enter Paradise; you have nothing to fear, nor will you grieve."

৭/৪৯ "ওরাই কি সেই লোক তোমরা শপথ করতে যে আল্লাহ কখনো তাদের দয়া করবেন না?" (শুদ্ধিস্থানের লোকদের তখন বলা হবে, )

"স্বর্গোদ্যানে প্রবেশ করো; তোমাদের ভয়ের কিছু নেই, না তোমরা শোক করবে"।

[7:50] The dwellers of Hell will call on the dwellers of Paradise: "Let some of your water, or some of GOD's provisions to you flow towards us." They will say, "GOD has forbidden them for the disbelievers."

৭/৫০ নরকের বাসিন্দারা স্বর্গোদ্যানের বাসিন্দাদের সাথে সাক্ষাতে বলবেঃ "তোমাদের কিছু পানি, অথবা তোমাদেরকে আল্লাহর দেয়া কিছু খাদ্যসস্তার আমাদের দিকে সরবরাহ করো"। তারা বলবে, "আল্লাহ সেগুলো অবিশ্বাসীদের জন্য নিষিদ্ধ করেছেন"।

[7:51] Those who do not take their religion seriously, and are totally preoccupied with this worldly life, we forget them on that day, because they forgot that day, and because they spurned our revelations.

৭/৫১ যারা তাদের ধর্মকে গুরুত্বের সাথে নেয় না, এবং দুনিয়ার জীবনে সম্পূর্ণ আচ্ছন্ন, আমরা তাদেরকে ঐ দিন ভুলে যাই, কারণ তারা ঐ দিনকে ভুলে গিয়েছিল, এবং কারণ তারা আমাদের প্রকাশনাবলি অবজ্ঞার সাথে প্রত্যাক্ষান করেছিল।

*Quran: Fully Detailed*  
কোরান: সম্পূর্ণ বিস্তারিত

[7:52] We have given them a scripture that is fully detailed, with knowledge, guidance, and mercy for the people who believe.

৭/৫২ আমরা তাদেরকে একটি ঐশীগ্রন্থ দিয়েছি যা সম্পূর্ণ বিস্তারিত, জ্ঞানে, পথ- প্রদর্শনে, এবং দয়ায় সে লোকদের জন্য যারা বিশ্বাস করে।

[7:53] Are they waiting until all (prophecies) are fulfilled? The day such fulfillment comes to pass, those who disregarded it in the past will say, "The messengers of our Lord have brought the truth. Are there any intercessors to intercede on our behalf? Would you send us back, so that we change our behavior, and do better works than what we did?" They have lost their souls, and their own innovations have caused their doom.

৭/৫৩ তারা কি অপেক্ষা করছে যতক্ষণ না সকল (ভবিষ্যৎবানী) পরিপূর্ণ হয়? সে দিন যখন এরকম পরিপূর্ণতা ঘটে, যারা অতীতে এটি উপেক্ষা করেছিল তারা বলবে, "আমাদের প্রভুর

বার্তাবাহকরা সত্য এনেছে। আমাদের পক্ষে সুপারিশ করতে কোন সুপারিশকারী আছে কি? আপনি কি আমাদের ফেরত পাঠাবেন, যাতে আমরা আমাদের ব্যবহার পরিবর্তন করি, এবং উত্তম কাজ করি তার চেয়ে যা আমরা করেছিলাম?” তারা তাদের আত্মা হারিয়েছে, এবং তাদের নিজেদের উদ্ধারন তাদের ধ্বংসের কারণ হয়েছে।

[7:54] Your Lord is the one GOD ; who created the heavens and the earth in six days, \* then assumed all authority. The night overtakes the day, as it pursues it persistently, and the sun, the moon, and the stars are committed to serve by His command. Absolutely, He controls all creation and all commands. Most exalted is GOD, Lord of the universe.

৭/৫৪ তোমাদের প্রভু এক আল্লাহ; যিনি আকাশমন্ডলী ও পৃথিবী ছয় দিনে সৃষ্টি করেছিলেন, এরপর সকল কর্তৃত্ব গ্রহন করেছিলেন। রাত নাগাল পায় দিনের, যেহেতু এটি নিরবচ্ছিন্নভাবে এর পেছনে ছোটে, এবং সূর্য, চন্দ্র, ও তারকারাজি তাঁর আদেশে চলতে নিয়োজিত। নিঃসন্দেহে, তিনি সকল সৃষ্টি এবং সকল আদেশ নিয়ন্ত্রন করেন। আল্লাহ সবচেয়ে মর্যাদাসম্পন্ন, মহাবিশ্বের প্রভু।

[7:55] You shall worship your Lord publicly and privately; He does not love the transgressors.

৭/৫৫ তোমরা তোমাদের প্রভুকে প্রকাশ্যে এবং গোপনে উপাসনা করবে; তিনি সীমালঙ্ঘনকারীদের ভালোবাসেন না।

[7:56] Do not corrupt the earth after it has been set straight, and worship Him out of reverence, and out of hope. Surely, GOD's mercy is attainable by the righteous.

৭/৫৬ পৃথিবীকে কলুষিত করো না, এটি সংশোধন করার পর এবং তাঁর উপাসনা করো ভক্তি- শ্রদ্ধা থেকে, এবং আশা নিয়ে। নিশ্চয়, আল্লাহর দয়া সৎ কর্মীদের দ্বারা অর্জনীয়।

[7:57] He is the One who sends the wind with good omen, as a mercy from His hands. Once they gather heavy clouds, we drive them to dead lands, and send down water therefrom, to

produce with it all kinds of fruits. We thus resurrect the dead, that you may take heed. ৭/৫৭ তিনিই একজন যিনি শুভ ইঙ্গিত সহ বায়ু পাঠান, তাঁর হাত থেকে একটি দয়া হিসাবে। একবার যখন তারা ভারী মেঘ জড়ো করে, আমরা এগুলোকে মৃত ভূমির দিকে চালনা করি, এবং তা থেকে পানি বর্ষন করি, তা দিয়ে সব রকমের ফল উৎপাদন করতে। আমরা এভাবে মৃতকে পুনরুজ্জীবিত করি, যাতে তোমরা মনোযোগ দিতে পারো।

[7:58] The good land readily produces its plants by the leave of its Lord, while the bad land barely produces anything useful. We thus explain the revelations for people who are appreciative.

৭/৫৮ ভালো জমি সহজে এর উদ্ভিদ উৎপাদন করে এর প্রভুর অনুমতিতে, যখন মন্দ জমি নামেমাত্র প্রয়োজনীয় কিছু উৎপাদন করে। আমরা এভাবে প্রকাশনাবলী ব্যাখ্যা করি লোকদের জন্য যারা কৃতজ্ঞ।

Noah  
নূহ

[7:59] We sent Noah to his people, saying, "O my people, worship GOD; you have no other god beside Him. I fear for you the retribution of an awesome day."

৭/৫৯ আমরা নুহকে তার লোকদের কাছে পাঠিয়েছিলাম, এই বলে, “হে আমার লোকেরা, আল্লাহর উপাসনা করো; তাঁর পাশে তোমাদের অন্য কোন উপাস্য নেই। আমি তোমাদের জন্য একটি ভয়াবহ দিনের শাস্তির ভয় করি”।

[7:60] The leaders among his people said, "We see that you are far astray."

৭/৬০ তার লোকদের নেতারা বলেছিল, “আমরা দেখি যে তুমি বহুদূর পথভ্রষ্ট”।

[7:61] He said, "O my people, I am not astray; I am a messenger from the Lord of the universe.

৭/৬১ সে বলেছিল, “হে আমার লোকেরা, আমি পথভ্রষ্ট নই; আমি মহাবিশ্বের প্রভুর পক্ষ থেকে একজন বার্তাবাহক।



[7:62] "I deliver to you the messages of my Lord, and I advise you, and I know from GOD what you do not know.

৭/৬২ "আমি তোমাদের কাছে আমার প্রভুর বার্তা পৌঁছে দেই, এবং আমি তোমাদেরকে উপদেশ দেই, এবং আমি আল্লাহ থেকে জানি যা তোমরা জানো না।

[7:63] "Is it too much of a wonder that a reminder should come to you from your Lord, through a man like you, to warn you, and to lead you to righteousness, that you may attain mercy?"

৭/৬৩ "এটি কি খুব বেশি বিস্ময়ের যে স্মরণ করার একটি মাধ্যম তোমাদের প্রভুর পক্ষ থেকে আসা উচিত, তোমাদের মতো একজন মানুষের মাধ্যমে, তোমাদেরকে সতর্ক করতে, এবং তোমাদেরকে সৎকর্মশীলতার দিকে পরিচালিত করতে, যাতে তোমরা দয়া অর্জন করতে পারো?"

[7:64] They rejected him. Consequently, we saved him and those with him in the ark, and we drowned those who rejected our revelations; they were blind.

৭/৬৪ তারা তাকে প্রত্যাক্ষান করেছিল। ফলস্বরূপ, আমরা রক্ষা করেছিলাম তাকে এবং যারা তার সাথে নৌকায় ছিল এবং আমরা তাদেরকে ডুবিয়ে ছিলাম যারা আমাদের প্রকাশনাবলি প্রত্যাক্ষান করেছিল; তারা অন্ধ ছিল।

*Hûd*  
হুদ

[7:65] To 'Ād we sent their brother Hûd. He said, "O my people, worship GOD; you have no other god beside Him. Would you then observe righteousness?"

৭/৬৫ আ'দের কাছে আমরা তাদের ভাই হুদকে পাঠিয়েছিলাম। সে বলেছিল, "হে আমার লোকেরা, আল্লাহর উপাসনা করো; তাঁর পাশে তোমাদের অন্য উপাস্য নেই। তবে কি তোমরা সৎকর্মশীল হবে?"

[7:66] The leaders who disbelieved among his people said, "We see that you are behaving foolishly, and we think that you are a liar."

৭/৬৬ তার লোকদের মধ্যে নেতারা যারা অবিশ্বাস করেছিল তারা বলেছিল, "আমরা দেখি

যে তুমি বোকার মতো আচরণ করছ, এবং আমরা মনে করি যে তুমি একজন মিথ্যুক"।

[7:67] He said, "O my people, there is no foolishness in me; I am a messenger from the Lord of the universe.

৭/৬৭ সে বলেছিল, "হে আমার লোকেরা, আমার মধ্যে কোন বোকামি নেই; আমি মহাবিশ্বের প্রভুর পক্ষ থেকে একজন বার্তাবাহক"।

[7:68] "I deliver to you my Lord's messages, and I am honestly advising you.

৭/৬৮ "আমি তোমাদের কাছে আমার প্রভুর বার্তা পৌঁছে দিই, এবং আমি সততার সাথে তোমাদের উপদেশ দিচ্ছি।

[7:69] "Is it too much of a wonder that a message should come to you from your Lord, through a man like you, to warn you? Recall that He made you inheritors after the people of Noah, and multiplied your number. Remember GOD's blessings that you may succeed."

৭/৬৯ "এটি কি খুব বেশি বিস্ময়ের যে স্মরণ করার একটি মাধ্যম তোমাদের প্রভুর পক্ষ থেকে আসা উচিত, তোমাদের মতো একজন মানুষের মাধ্যমে, তোমাদেরকে সতর্ক করতে? স্মরণ করো যে তিনি তোমাদেরকে নুহের লোকদের পর উত্তরাধিকারী করেছিলেন, এবং তোমাদের সংখ্যা বৃদ্ধি করেছিলেন। স্মরণ করো, আল্লাহর কৃপা, যাতে তোমরা সফলকাম হতে পারো।

*Following the Parents Blindly: A Human Tragedy*

*মাতাপিতাকে অন্ধভাবে অনুস্মরণ করাঃ একটি মানবিক বিপর্যয়*

[7:70] They said, "Did you come to make us worship GOD alone, and abandon what our parents used to worship? We challenge you to bring the doom you threaten us with, if you are truthful."

৭/৭০ তারা বলেছিল, "তুমি কি এসেছ আমাদেরকে একমাত্র আল্লাহর উপাসনা করতে, এবং আমাদের মাতাপিতারা যার উপাসনা করতো তা পরিত্যাগ করতে? আমরা তোমাকে সে অনিবার্য ধ্বংস আনতে চ্যালেঞ্জ করি যা দিয়ে তুমি আমাদের ভয় দেখাও, যদি তুমি সত্যবাদী হও।

[7:71] He said, "You have incurred condemnation and wrath from your Lord. Do you argue with me in defense of innovations you have fabricated— you and your parent's which were never authorized by GOD? Therefore, wait and I will wait along with you."

৭/৭১ সে বলেছিল, "তোমরা তোমাদের প্রভুর পক্ষ থেকে শাস্তি এবং ক্রোধ টেনে এনেছ। তোমরা কি আমার সাথে তর্ক করো তোমাদের উদ্ভাবনসমূহের সমর্থনে যা তোমরা মিথ্যা গড়েছো- তোমরা এবং তোমাদের পিতা-মাতারা - যা কখনোই আল্লাহ দ্বারা অনুমোদিত ছিল না? সুতরাং, অপেক্ষা করো এবং আমি তোমাদের সাথে অপেক্ষা করবো।"

[7:72] We then saved him and those with him, by mercy from us, and we annihilated those who rejected our revelations and refused to be believers.

৭/৭২ আমরা তখন রক্ষা করেছিলাম তাকে এবং যারা তার সাথে ছিল, আমাদের পক্ষ থেকে দয়ার দ্বারা, এবং আমরা তাদেরকে ধ্বংস করেছিলাম যারা আমাদের প্রকাশনাবলি প্রত্যক্ষান করেছিল এবং বিশ্বাসী হতে অস্বীকার করেছিল।

*Sāleh*  
সালেহ

[7:73] To Thamūd we sent their brother Sāleh. He said, "O my people, worship GOD ; you have no other god beside Him. Proof has been provided for you from your Lord: here is GOD 's camel, to serve as a sign for you. Let her eat from GOD 's land, and do not touch her with any harm, lest you incur a painful retribution.

৭/৭৩ সামুদের কাছে আমরা তাদের ভাই সালেহকে পাঠিয়েছিলাম। সে বলেছিল, "হে আমার লোকেরা, আল্লাহর উপাসনা করো ; আল্লাহর পাশে তোমাদের অন্য কোন উপাস্য নেই। তোমাদের জন্য তোমাদের প্রভুর পক্ষ থেকে প্রমাণ দেয়া হয়েছে: এই যে আল্লাহর উট, তোমাদের জন্য একটি নিদর্শন হওয়ার জন্যে। একে আল্লাহর জমি থেকে খেতে দাও, এবং কোনো ক্ষতির উদ্দেশ্যে একে স্পর্শ করো না, পাছে তোমরা এক যন্ত্রনাদায়ক শাস্তি টেনে আনো।

[7:74] "Recall that He made you inheritors after 'Ād, and established you on earth, building mansions in its valleys, and carving homes from its mountains. You shall remember GOD 's blessings, and do not roam the earth corruptingly."

৭/৭৪ "স্মরণ করো যে, তিনি আদের পর তোমাদের উত্তরাধিকারী করেছিলেন, এবং পৃথিবীর উপর তোমাদেরকে প্রতিষ্ঠিত করেছিলেন, এর উপত্যকায় অট্টালিকা তৈরী করে, এবং এর পাহাড়ে বাড়ি খোদাই করে। তোমরা আল্লাহর আশীর্বাদকে স্মরণ করবে, এবং পৃথিবীতে দূর্নীতি করে বেড়িও না।"

*The Message:*

*Proof of Messengership*

*বার্তা:*

*বার্তাবাহকত্বের প্রমাণ*

[7:75] The arrogant leaders among his people said to the common people who believed, "How do you know that Sāleh is sent by his Lord?" They said, "The message he brought has made us believers."

৭/৭৫ তার লোকদের মধ্যে উদ্ধত নেতারা সেসব সাধারণ লোকদের বলেছিল যারা বিশ্বাস করেছিল, "তোমরা কিভাবে জানো যে সালেহ তার প্রভুর পক্ষ থেকে প্রেরিত?" তারা বলেছিল, "যে বার্তা সে এনেছিল, তা আমাদেরকে বিশ্বাসী করেছে।"

[7:76] The arrogant ones said, "We disbelieve in what you believe in."

৭/৭৬ উদ্ধত লোকেরা বলেছিল, "তোমরা যা বিশ্বাস করো তা আমরা অবিশ্বাস করি"।

[7:77] Subsequently, they slaughtered the camel, rebelled against their Lord's command, and said, "O Sāleh, bring the doom you threaten us with, if you are really a messenger."

৭/৭৭ ফলস্বরূপ, তারা উটটি হত্যা করেছিল, তাদের প্রভুর হুকুমের বিরুদ্ধে বিদ্রোহ করেছিল, এবং বলেছিল, "হে সালেহ, নিয়ে আসো সেই অনিবার্য ধ্বংস যা দিয়ে তুমি আমাদের ভয় দেখাও, যদি সত্যি তুমি একজন বার্তাবাহক হও"।

[7:78] Consequently, the quake annihilated them, leaving them dead in their homes.

৭/৭৮ ফলস্বরূপ, ভূমিকম্প তাদের নির্মূল করেছিল, তাদেরকে তাদের বাড়িতে মৃত ফেলে রেখে।

[7:79] He turned away from them, saying, "O my people, I have delivered my Lord's message to you, and advised you, but you do not like any advisers."

৭/৭৯ সে তাদের থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল, এই বলে, “হে আমার লোকেরা, আমি আমার প্রভুর বার্তা তোমাদের কাছে পৌঁছিয়েছি, এবং তোমাদের উপদেশ দিয়েছি, কিন্তু তোমরা কোন উপদেশ প্রদানকারী পছন্দ করো না”।

*Lot: Homosexuality Condemned*

*লুতঃ সমকামিতা নিন্দিত*

[7:80] Lot said to his people, "You commit such an abomination; no one in the world has done it before!

৭/৮০ লুত তার লোকদের বলেছিল, “তোমরা এমন নিদারুন ঘৃণ্য কাজে লিপ্ত; বিশ্বে কেউ আগে এটা করেনি!”

[7:81] "You practice sex with the men, instead of the women. Indeed, you are a transgressing people."

৭/৮১ "তোমরা মহিলাদের বদলে পুরুষদের সাথে যৌগ চর্চা করো। প্রকৃতপক্ষে, তোমরা একটি সীমালঙ্ঘনকারী সম্প্রদায়।

[7:82] His people responded by saying, "Evict them from your town. They are people who wish to be pure."

৭/৮২ তার লোকেরা এই বলে সাড়া দিয়েছিল যে, "তাদেরকে তোমার শহর থেকে তাড়াও। তারা এমন লোক যারা সচ্চরিত্রবান হতে চায়।"

[7:83] Consequently, we saved him and his family, but not his wife; she was with the doomed.

৭/৮৩ ফলস্বরূপ, আমরা তাকে এবং তার পরিবারকে রক্ষা করেছিলাম, কিন্তু তার স্ত্রীকে নয়; সে ধ্বংসপ্রাপ্তদের সাথে ছিল।

[7:84] We showered them with a certain shower; note the consequences for the guilty.

৭/৮৪ আমরা একটি নির্দিষ্ট বর্ষন তাদের উপর বর্ষিত করেছিলাম; সেসব অপরাধীর পরিণতি লক্ষ্য করো।

*Shu'aib:*

*Cheating, Dishonesty Condemned*

*শোয়েব:*

*ঠকানো, অসততা নিন্দিত*

[7:85] To Midyan we sent their brother Shu'aib. He said, "O my people, worship GOD; you have no other god beside Him. Proof has come to you from your Lord. You shall give full weight and full measure when you trade. Do not cheat the people out of their rights. Do not corrupt the earth after it has been set straight. This is better for you, if you are believers.

৭/৮৫ মাদিয়ানবাসীর কাছে আমরা তাদের ভাই শোয়েবকে পাঠিয়েছিলাম। সে বলেছিল, "হে আমার লোকেরা, আল্লাহর উপাসনা করো; তাঁর পাশে তোমাদের অন্য কোন উপাস্য নেই। তোমাদের প্রভুর পক্ষ থেকে তোমাদের কাছে প্রমাণ এসেছে। তোমরা পূর্ণ ওজন এবং পূর্ণ মাপ দিবে, যখন তোমরা ব্যবসা করো। লোকদেরকে তাদের অধিকার থেকে ঠকিও না। পৃথিবীকে কলুষিত করো না, এটি সংশোধন করার পর। এটি তোমাদের জন্য উত্তম, যদি তোমরা বিশ্বাসী হও।

[7:86] "Refrain from blocking every path, seeking to repel those who believe from the path of GOD, and do not make it crooked. Remember that you used to be few and He multiplied your number. Recall the consequences for the wicked.

৭/৮৬ “প্রত্যেক পথে বাঁধা দেয়া হতে বিরত হও, আল্লাহর পথ থেকে তাদেরকে তাড়িয়ে দেয়ার প্রয়াসে যারা বিশ্বাস করে, এবং একে বক্র করো না। স্মরণ করো যে, তোমরা সংখ্যায় কম ছিলে এবং তিনি তোমাদের সংখ্যা বৃদ্ধি করেছিলেন। স্মরণ করো, পাপীদের পরিণতি।

[7:87] "Now that some of you have believed in what I was sent with, and some have disbelieved, wait until GOD issues His judgment between us; He is the best judge."

৭/৮৭ “এখন যেহেতু তোমাদের কেউ কেউ বিশ্বাস করেছ তাতে যা নিয়ে আমি প্রেরিত হয়েছি, এবং কেউ কেউ অবিশ্বাস

করেছ, অপেক্ষা করো যতক্ষণ পর্যন্ত না আল্লাহ আমাদের মধ্যে তাঁর রায় জারি করেন; তিনি সর্বোত্তম বিচারক।

[7:88] The arrogant leaders among his people said, "We will evict you, O Shu'aib, together with those who believed with you, from our town, unless you revert to our religion." He said, "Are you going to force us?"

৭/৮৮ তার লোকদের মধ্যে উদ্ধত নেতারা বলেছিল, “আমরা তোমাকে উচ্ছেদ করবো, হে সোয়েব, তাদের সাথে একত্রে যারা তোমার সাথে বিশ্বাস করেছিল, আমাদের শহর থেকে, যদি না তোমরা আমাদের ধর্মে ফিরে আসো। “সে বলেছিল, “তোমরা কি আমাদের জোর করতে যাচ্ছে?”

[7:89] "We would be blaspheming against GOD if we reverted to your religion after GOD has saved us from it. How could we revert back to it against the will of GOD our Lord? Our Lord's knowledge encompasses all things. We have put our trust in GOD. Our Lord, grant us a decisive victory over our people. You are the best supporter."

৭/৮৯ “আমরা আল্লাহর বিরুদ্ধে মিথ্যা আরোপকারী হয়ে যাব, যদি আমরা তোমাদের ধর্মে প্রত্যাবর্তন করি, আল্লাহ আমাদেরকে তা থেকে রক্ষা করার পর। আমাদের প্রভু আল্লাহর ইচ্ছার বিরুদ্ধে কেমন করে আমরা পুনরায় এতে প্রত্যাবর্তন করতে পারি? আমাদের প্রভুর জ্ঞান সকল বস্তুকে বেষ্টন করে আছে। আমরা আল্লাহর প্রতি আমাদের আস্থা রেখেছি। আমাদের প্রভু, আমাদেরকে আমাদের লোকদের উপর চূড়ান্ত বিজয় দিন। আপনি সর্বোত্তম সমর্থনকারী”।

[7:90] The disbelieving leaders among his people said, "If you follow Shu'aib, you will be losers."

৭/৯০ তার লোকদের মধ্যে অশ্বাসী নেতারা বলেছিল, “যদি তোমরা সোয়েবকে অনুসরণ করো, তোমরা ক্ষতিগ্রস্ত হবে”।

[7:91] The quake annihilated them, leaving them dead in their homes.

৭/৯১ ভূমিকম্প তাদেরকে নির্মূল করেছিল, তাদেরকে তাদের বাড়িতে মৃত ফেলে রেখে।

[7:92] Those who rejected Shu'aib vanished, as if they never existed. Those who rejected Shu'aib were the losers.

৭/৯২ যারা শোয়েবকে প্রত্যাক্ষান করেছিল তারা বিলুপ্ত হয়েছিল, যেন কখনোই তাদের অস্তিত্ব ছিল না। যারা শোয়েবকে প্রত্যাক্ষান করেছিল তারা ছিল ক্ষতিগ্রস্ত।

[7:93] He turned away from them, saying, "O my people, I have delivered to you the messages of my Lord, and I have advised you. How can I grieve over disbelieving people?"

৭/৯৩ সে তাদের থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল, এই বলে, “হে আমার লোকেরা, আমি আমার প্রভুর বার্তা তোমাদের কাছে পৌঁছিয়েছি, এবং আমি তোমাদেরকে উপদেশ দিয়েছি। কিভাবে আমি অশ্বাসী লোকদের জন্য দুঃখ করতে পারি।”

*Blessings in Disguise*  
*হৃদবেশে আশীর্বাদ*

[7:94] Whenever we sent a prophet to any community, we afflicted its people with adversity and hardship, that they may implore. ৭/৯৪ যখনই আমরা কোন সম্প্রদায়ের কাছে কোন নবী পাঠিয়েছিলাম, আমরা এর লোকদেরকে প্রতিকূলতা এবং কষ্ট দিয়ে দূর্দশাগ্রস্ত করেছিলাম, যাতে তারা মিনতি করে।

[7:95] Then we substituted peace and prosperity in place of that hardship. But alas, they turned heedless and said, "It was our parents who experienced that hardship before prosperity." Consequently, we punished them suddenly when they least expected.

৭/৯৫ এরপর আমরা ঐ কষ্টের জায়গায় শান্তি এবং সমৃদ্ধি প্রতিস্থাপিত করেছিলাম। কিন্তু হায়, তারা অমনোযোগী হয়ে পড়েছিল এবং বলেছিল, “আমাদের মাতাপিতারাও সমৃদ্ধির পূর্বে ঐ কষ্ট ভোগ করেছিল।” ফলস্বরূপ, আমরা তাদের শান্তি দিয়েছিলাম আকস্মিকভাবে, যখন তারা খুব অল্পই আশা করেছিল।

*Most People Make the Wrong Choice*  
*বেশির ভাগ মানুষ ভুলটি বেছে নেয়*

[7:96] Had the people of those communities believed and turned righteous, we would have showered them with blessings from the heaven

and the earth. Since they decided to disbelieve, we punished them for what they earned.

৭/৯৬ ঐসব সম্প্রদায়ের লোকেরা যদি বিশ্বাস করতো এবং সৎকর্মেতে পরিনত হতো, আমরা আকাশ এবং পৃথিবী থেকে তাদের আশীর্বাদ বর্ষণ করতাম। যেহেতু তারা অশ্বাস করার সিদ্ধান্ত নিয়েছিল, আমরা তাদেরকে শাস্তি দিয়েছিলাম তার জন্য, যা তারা অর্জন করেছিল।

[7:97] Did the people of the present communities guarantee that our retribution will not come to them in the night as they sleep?

৭/৯৭ বর্তমান সম্প্রদায়ের লোকেরা কি নিশ্চয়তা দেয় যে, আমাদের শাস্তি রাতে তাদের কাছে আসবে না, যখন তারা ঘুমন্ত?

[7:98] Did the people of today's communities guarantee that our retribution will not come to them in the daytime while they play?

৭/৯৭ বর্তমান সম্প্রদায়ের লোকেরা কি নিশ্চয়তা দেয় যে আমাদের শাস্তি দিনে তাদের কাছে আসবে না, যখন তারা ক্রীড়ারত?

[7:99] Have they taken GOD's plans for granted? None takes GOD's plans for granted except the losers.

৭/৯৯ তারা কি আল্লাহর পরিকল্পনাকে অনুমান করছে? দুর্ভাগারা ছাড়া কেউ আল্লাহর পরিকল্পনাকে অনুমান করে না।

[7:100] Does it ever occur to those who inherit the earth after previous generations that, if we will, we can punish them for their sins, and seal their hearts, causing them to turn deaf?

৭/১০০ যারা পূর্ববর্তী প্রজন্মের পর পৃথিবী উত্তরাধিকার করে কখনো কি এটা তাদের উপলব্ধি হয় যে, আমরা যদি চাই, আমরা তাদের পাপের জন্য তাদের শাস্তি দিতে পারি, এবং তাদের হৃদয়ে মোহর মেরে দিতে পারি, তাদেরকে বধির করে দিয়ে?

[7:101] We narrate to you the history of those communities: their messengers went to them with clear proofs, but they were not to believe in what they had rejected before. GOD thus seals the hearts of the disbelievers.

৭/১০১ আমরা তোমার কাছে সেসব সম্প্রদায়ের ইতিহাস বর্ণনা করি: তাদের কাছে তাদের বার্তাবাহকেরা সুস্পষ্ট প্রমাণাদি নিয়ে গিয়েছিল, কিন্তু তারা বিশ্বাস করার ছিল না

তাতে, যা তারা পূর্বেই প্রত্যাক্ষান করেছিল। আল্লাহ এভাবে অশ্বাসীদের অন্তরে মোহর এটে দেন।

[7:102] We found that most of them disregard their covenant; we found most of them wicked.\*

৭/১০২ আমরা পেয়েছিলাম যে, তাদের বেশির ভাগ তাদের অঙ্গীকার উপেক্ষা করে; আমরা তাদের বেশির ভাগকে পাপী পেয়েছিলাম।

*Moses*  
*মূসা*

[7:103] After (those messengers,) we sent Moses with our signs to Pharaoh and his people, but they transgressed. Note the consequences for the wicked.

৭/১০৩ (সেসব বার্তাবাহকদের) পর, আমরা ফেরাউন এবং তার লোকদের কাছে আমাদের নিদর্শনাবলি দিয়ে মুসাকে পাঠিয়েছিলাম, কিন্তু তারা সীমালঙ্ঘন করেছিল। লক্ষ্য করো, পাপীদের পরিণতি।

[7:104] Moses said, "O Pharaoh, I am a messenger from the Lord of the universe.

৭/১০৪ মূসা বলেছিল, "হে ফেরাউন, আমি মহাবিশ্বের প্রভুর পক্ষ থেকে একজন বার্তাবাহক।

[7:105] "It is incumbent upon me that I do not say about GOD except the truth. I come to you with a sign from your Lord; let the Children of Israel go."

৭/১০৫ "এটি আমার উপর অবশ্য পালনীয় যে, আমি আল্লাহ সম্পর্কে সত্য ছাড়া বলি না। আমি তোমাদের প্রভুর পক্ষ থেকে একটি নিদর্শন নিয়ে আসি; ইসরাইলের সন্তানদের যেতে দাও।"

[7:106] He said, "If you have a sign, then produce it, if you are truthful."

৭/১০৬ সে বলেছিল, "যদি তোমার একটি নিদর্শন থাকে, তাহলে তা উপস্থাপন করো, যদি তুমি সত্যবাদী হও"।

[7:107] He threw down his staff, and it turned into a tremendous serpent.

৭/১০৭ সে তার লাঠি নিক্ষেপ করেছিল, এবং এটি এক ভয়ানক সাপে পরিনত হয়েছিল।

[7:108] He took out his hand, and it was white to the beholders.

৭/১০৮ সে তার হাত বের করেছিল, এবং এটি ছিল দর্শকদের কাছে সাদা।

[7:109] The leaders among Pharaoh's people said, "This is no more than a clever magician. ৭/১০৯ ফেরাউনের লোকদের নেতারা বলেছিল, "সে একজন চতুর যাদুকর ছাড়া বেশি কিছু নয়।

[7:110] "He wants to take you out of your land; what do you recommend?"

৭/১১০ "সে তোমাদেরকে তোমাদের দেশ থেকে বের করে নিয়ে যেতে চায়; তোমরা কি পরামর্শ দাও?"

[7:111] They said, "Respite him and his brother, and send summoners to every city. ৭/১১১ তারা বলেছিল, "তাকে এবং তার ভাইকে অবকাশ দিন, এবং আহ্বানকারীদেরকে প্রত্যেক শহরে পাঠান।

[7:112] "Let them summon every experienced magician."

৭/১১২ "তাদেরকে সকল অভিজ্ঞ যাদুকরদের একত্র করতে দিন।"

[7:113] The magicians came to Pharaoh and said, "Do we get paid if we are the winners?" ৭/১১৩ যাদুকররা ফেরাউনের কাছে এসেছিল এবং বলেছিল, "যদি আমরা জয়ী হই, আমরা কি পারিশ্রমিক পাবো?"

[7:114] He said, "Yes indeed; you will even become close to me."

৭/১১৪ সে বলেছিল, "হ্যাঁ নিশ্চয়ই; তোমরা এমনকি আমার নিকটবর্তী হবে।"

[7:115] They said, "O Moses, either you throw, or we are throwing."

৭/১১৫ তারা বলেছিল, "হে মূসা, হয় তুমি ছোড়ো, অথবা আমরা ছুড়ছি।"

[7:116] He said, "You throw." When they threw, they tricked the people's eyes, intimidated them, and produced a great magic. ৭/১১৬ সে বলল, "তোমরা ছোড়ো"। যখন তারা ছুড়ল, তারা লোকদের চোখকে ধোঁকা

দিলো, তাদেরকে ভয় দেখালো, এবং একটি বিশাল জাদু উপস্থাপন করলো।

[7:117] We then inspired Moses: "Throw down your staff," whereupon it swallowed whatever they fabricated.

৭/১১৭ আমরা তখন মুসাকে উদ্বুদ্ধ করলামঃ "তোমার লাঠি ছোড়ে ফেলো, "যার ফলে তা গিলে ফেললো, যা কিছু তারা মিথ্যা বানিয়েছিল।

*The Truth Recognized by the Experts  
বিশেষজ্ঞদের দ্বারা সত্য স্বীকৃত হলো*

[7:118] Thus, the truth prevailed, and what they did was nullified.

৭/১১৮ এভাবে, সত্য জয়ী হলো, এবং যা তারা করেছিল, তা অকার্যকর হলো।

[7:119] They were defeated then and there; they were humiliated.

৭/১১৯ তারা তৎক্ষণাৎ পরাজিত হলো; তারা অপদস্ত হলো।

[7:120] The magicians fell prostrate.

৭/১২০ যাদুকরেরা সেজদায় পড়লো।

[7:121] They said, "We believe in the Lord of the universe.

৭/১২১ তারা বলল, "আমরা মহাবিশ্বের প্রভুকে বিশ্বাস করি।

[7:122] "The Lord of Moses and Aaron."

৭/১২২ "মূসা এবং হারুনের প্রভুকে।"

[7:123] Pharaoh said, "Did you believe in him without my permission? This must be a conspiracy you schemed in the city, in order to take its people away. You will surely find out.

৭/১২৩ ফেরাউন বলল, "তোমরা কি আমার অনুমতি ছাড়া তাকে বিশ্বাস করলে? এটি অবশ্যই একটি ষড়যন্ত্র হবে, যা তোমরা শহরে পরিকল্পনা করেছিলে, এর লোকদেরকে সরিয়ে নিয়ে যেতে। তোমরা অবশ্যই দেখতে পাবে।

[7:124] "I will cut your hands and feet on alternate sides, then I will crucify you all."

৭/১২৪ "আমি তোমাদের হাত এবং পা বিপরীত দিক থেকে কাটবো, এরপর আমি তোমাদের সবাইকে ত্রুশবিদ্ধ করবো।"

[7:125] They said, "We will then return to our Lord.

৭/১২৫ তারা বলল, "আমরা এরপর আমাদের প্রভুর নিকট ফিরে যাবো।

[7:126] "You persecute us simply because we believed in the proofs of our Lord when they came to us." "Our Lord, grant us steadfastness, and let us die as submitters."

৭/১২৬ "তুমি আমাদেরকে শুধুমাত্র এ কারণে নির্যাতন করো যে আমরা আমাদের প্রভুর প্রমাণে বিশ্বাস করেছি, যখন সেগুলো আমাদের কাছে এসেছে। "আমাদের প্রভু, আমাদের দৃঢ়তা প্রদান করুন, এবং আমাদেরকে আত্মসমর্পণকারী হিসেবে মৃত্যু দিন"।

[7:127] The leaders among Pharaoh's people said, "Will you allow Moses and his people to corrupt the earth, and forsake you and your gods?" He said, "We will kill their sons, and spare their daughters. We are much more powerful than they are."

৭/১২৭ ফেরাউনের লোকদের নেতারা বলল, "আপনি কি মুসা এবং তার লোকদের পৃথিবীকে কলুষিত করতে দেবেন, এবং আপনাকে এবং আপনার উপাস্যদেরকে পরিত্যাগ করতে দেবেন?" সে বলল, "আমরা তাদের পুত্রদের হত্যা করবো, এবং কন্যাদের নিষ্কৃতি দেবো। আমরা তাদের থেকে অনেক বেশি শক্তিশালী"।

[7:128] Moses said to his people, "Seek GOD's help, and steadfastly persevere. The earth belongs to GOD, and He grants it to whomever He chooses from among His servants. The ultimate victory belongs to the righteous."

৭/১২৮ মুসা তার লোকদের বলল, "আল্লাহর সাহায্য প্রার্থনা করো, এবং দৃঢ়তার সাথে অধ্যবসায়ী হও। পৃথিবী আল্লাহর, এবং তিনি এটি প্রদান করেন তাঁর দাসদের মধ্যে থেকে যাকে তিনি পছন্দ করেন। চূড়ান্ত বিজয় সৎকর্মশীলদের।

[7:129] They said, "We were persecuted before you came to us, and after you came to us." He said, "Your Lord will annihilate your enemy and establish you on earth, then He will see how you behave."

৭/১২৯ তারা বলল, "আমরা নির্যাতিত ছিলাম - তুমি আমাদের কাছে আসার আগে, এবং তুমি আমাদের কাছে আসার পরে"। সে বলল, "তোমাদের প্রভু তোমাদের শত্রুকে সম্পূর্ণ ধ্বংস করবেন এবং তোমাদেরকে পৃথিবীতে প্রতিষ্ঠিত করবেন, এরপর তিনি দেখবেন - তোমরা কেমন আচরণ করো"।

### *The Plagues* *মহামারী*

[7:130] We then afflicted Pharaoh's people with drought, and shortage of crops, that they may take heed.

৭/১৩০ আমরা এরপর ফেরাউনের লোকদের খরা, এবং ফসলের ঘাটতি দিয়ে দুর্দশাগ্রস্থ করলাম, যাতে তারা সতর্ক হয়।

[7:131] When good omens came their way, they said, "We have deserved this," but when a hardship afflicted them, they blamed Moses and those with him. In fact, their omens are decided only by GOD, but most of them do not know.

৭/১৩১ যখন তাদের সামনে শুভ লক্ষনসমূহ আসতো, তারা বলতো, "আমরা এর উপযুক্ত হয়েছি, "কিন্তু যখন কোন কষ্ট তাদেরকে পীড়া দিতো, তারা মুসাকে এবং তার সাথে যারা ছিল তাদেরকে দোষী করতো। প্রকৃতপক্ষে, তাদের লক্ষনসমূহ শুধুমাত্র আল্লাহর দ্বারা সিদ্ধান্তকৃত, কিন্তু তাদের বেশির ভাগ জানে না।

[7:132] They said, "No matter what kind of sign you show us, to dupe us with your magic, we will not believe."

৭/১৩২ তারা বলল, "তুমি আমাদেরকে যে রকমের নিদর্শনই দেখাও না কেন, তোমার যাদু দিয়ে আমাদেরকে প্রতারিত করতে, আমরা বিশ্বাস করবো না।"

### *The Warnings Go Unheeded* *সাবধানবানী অবহেলিত থেকে যায়*

[7:133] Consequently, we sent upon them the flood, the locusts, the lice, the frogs, and the blood—profound signs. But they maintained their arrogance. They were evil people.

৭/১৩৩ ফলস্বরূপ, আমরা তাদের উপর পাঠিয়েছিলাম বন্যা, পঙ্গপাল, উকুন, ব্যাঙ, এবং রক্ত- প্রগাড় নিদর্শনাবলি। কিন্তু তারা তাদের দাস্তিকতা বজায় রাখলো। তারা মন্দ লোক ছিল।

[7:134] Whenever a plague afflicted them, they said, "O Moses, implore your Lord—you are close to Him. If you relieve this plague, we will believe with you, and will send the Children of Israel with you."

৭/১৩৪ যখনই কোন মহামারি তাদের দূর্দশাগ্রস্থ করতো, তারা বলতো “হে মুসা, তোমার প্রভুর কাছে মিনতি করো- তুমি তাঁর নিকটবর্তী। যদি তুমি এই মহামারি দূর করো, আমরা তোমার সাথে বিশ্বাস করবো, এবং ইসরাইলের সন্তানদের তোমার সাথে পাঠাব।”

[7:135] Yet, when we relieved the plague for any length of time, they violated their pledge.

৭/১৩৫ এরপরও, যখন কিছু সময়ের জন্য আমরা মহামারী দূর করতাম, তারা তাদের অঙ্গীকার ভঙ্গ করতো।

#### *The Inevitable Retribution* *অনিবার্য প্রতিফল*

[7:136] Consequently, we avenged their actions, and drowned them in the sea. That is because they rejected our signs, and were totally heedless thereof.

৭/১৩৬ ফলস্বরূপ, আমরা তাদের কাজের প্রতিশোধ গ্রহণ করলাম, এবং তাদের সাগরে ডুবিয়ে দিলাম। এটা এ কারণে যে তারা আমাদের নিদর্শন প্রত্যাখ্যান করেছিল, এবং তা হতে পুরোপুরি অমনোযোগী ছিল।

[7:137] We let the oppressed people inherit the land, east and west, and we blessed it. The blessed commands of your Lord were thus fulfilled for the Children of Israel, to reward them for their steadfastness, and we annihilated the works of Pharaoh and his people and everything they harvested.

৭/১৩৭ আমরা নির্যাতিত লোকদের ভূমির উত্তরাধিকারী করলাম, পূর্ব এবং পশ্চিম, এবং আমরা একে মহিমান্বিত করলাম। তোমার প্রভুর পবিত্র হুকুম এভাবে ইসরাইলের সন্তানদের জন্য পরিপূর্ণ হয়েছিল, তাদেরকে তাদের ধৈর্যশীলতার জন্য পুরস্কৃত করতে, এবং আমরা নির্মূল করেছিলাম ফেরাউন ও তার লোকদের কাজ এবং তাদের ফলানো সবকিছু।

#### *After All the Miracles* *সকল অলৌকিকতার পর*

[7:138] We delivered the Children of Israel across the sea. When they passed by people who were worshiping statues, they said, "O Moses, make a god for us, like the gods they have." He said, "Indeed, you are ignorant people.

৭/১৩৮ আমরা ইসরাইলের সন্তানদের সাগর পার করলাম। যখন তারা পাশ দিয়ে যাচ্ছিলো সেই লোকদের, যারা মূর্তি পূজা করছিল, তারা বলল, “হে মুসা, তাদের উপাস্যের মতো আমাদের জন্য একটি উপাস্য বানাও”। সে বলল, “নিশ্চয়, তোমরা অজ্ঞ লোক।

[7:139] "These people are committing a blasphemy, for what they are doing is disastrous for them.

৭/১৩৯ “এইসব লোকেরা এক মিথ্যাচারে লিপ্ত, তারা যা করছে এর ফল তাদের জন্য ধ্বংসাত্মক।

[7:140] "Shall I seek for you other than GOD to be your god, when He has blessed you more than anyone else in the world?"

৭/১৪০ “আমি কি তোমাদের উপাস্য হতে আল্লাহ ছাড়া অন্য কাউকে খুঁজবো, যখন তিনি তোমাদেরকে বিশ্বের অন্য যে কারোর চেয়ে সৌভাগ্যবান করেছেন?”

#### *Reminder to the Children of Israel* *ইসরাইলের সন্তানদের কাছে স্মরণ করার একটি মাধ্যম*

[7:141] Recall that we delivered you from Pharaoh's people, who inflicted the worst persecution upon you, killing your sons and sparing your daughters. That was an exacting trial for you from your Lord.

৭/১৪১ স্মরণ করো যে আমরা তোমাদেরকে ফেরাউনের লোকদের থেকে রক্ষা করেছিলাম, যারা তোমাদের উপর নির্মম অত্যাচার চালাতো, তোমাদের পুত্রদের হত্যা করতো আর কন্যাদের ছেড়ে দিতো। তোমাদের প্রভুর পক্ষ থেকে সেটা ছিল তোমাদের জন্য একটি কঠিন পরীক্ষা।

#### *Our World Cannot Stand the Physical Presence of God* *আমাদের বিশ্ব আল্লাহর শারীরিক উপস্থিতি সহ্য করতে পারে না*



[7:142] We summoned Moses for thirty nights, and completed them by adding ten. Thus, the audience with his Lord lasted forty\* nights. Moses said to his brother Aaron, "Stay here with my people, maintain righteousness, and do not follow the ways of the corruptors."

৭/১৪২ আমরা মুসাকে ডেকেছিলাম ত্রিশ রাতের জন্য, এবং সেগুলোকে পূর্ণ করেছিলাম দশ যোগ করে। এভাবে, তার প্রভুর সাথে শ্রবন চল্লিশ রাতের জন্য স্থায়ী হয়েছিল। মুসা তার ভাই হারুনকে বলল, "এখানে আমার লোকদের সাথে থাকো, সৎকর্মশীলতা বজায় রাখো, এবং দুর্নীতিগ্রস্ত লোকদের পথ অনুসরণ করো না।"

\*7:142 The manner in which these numbers are mentioned is significant. As detailed in Appendix 1, all the numbers mentioned in the Quran add up to 162146, 19x8534.

[7:143] When Moses came at our appointed time, and his Lord spoke with him, he said, "My Lord, let me look and see You." He said, "You cannot see me. Look at that mountain; if it stays in its place, then you can see Me." Then, his Lord manifested Himself to the mountain, and this caused it to crumble. Moses fell unconscious. When he came to, he said, "Be You glorified. I repent to You, and I am the most convinced believer."

৭/১৪৩ যখন মুসা আমাদের নির্ধারিত সময়ে আসল, এবং তার প্রভু তার সাথে কথা বললেন, সে বলেছিল, "আমার প্রভু, আমাকে আপনার দিকে তাকাতে এবং দেখতে দিন।" তিনি বললেন, "তুমি আমাকে দেখতে পারো না। ঐ পাহাড়ের দিকে তাকাও; যদি এটি এর জায়গায় স্থির থাকে, তাহলে তুমি আমাকে দেখতে পারো।" এরপর, তার প্রভু নিজেকে পাহাড়ে স্পষ্ট প্রকাশ করলেন, এবং এটি একে ভেঙ্গে গুঁড়িয়ে দিলো। মুসা অচেতন হয়ে পড়লো। যখন সে চেতনা ফিরে পেল, সে বলল, "আপনি মহিমান্বিত। আমি আপনার নিকট অনুশোচনা করি, এবং আমি সর্বোচ্চ প্রমানপ্রাপ্ত বিশ্বাসী।"

[7:144] He said, "O Moses, I have chosen you, out of all the people, with My messages and by speaking to you. Therefore, take what I have given you and be appreciative."

৭/১৪৪ তিনি বললেন, "হে মুসা, আমি তোমাকে পছন্দ করেছি, সব লোকের মধ্য থেকে, আমার

বার্তা দিয়ে এবং তোমার সঙ্গে কথা বলার মাধ্যমে। সুতরাং, আমি তোমাকে যা দিয়েছি তা গ্রহণ করো এবং কৃতজ্ঞ হও।"

[7:145] We wrote for him on the tablets all kinds of enlightenments and details of everything: "You shall uphold these teachings strongly, and exhort your people to uphold them –these are the best teachings. I will point out for you the fate of the wicked."

৭/১৪৫ আমরা তার জন্য ফলকের উপর সব ধরনের শিক্ষা এবং সকল কিছু বিস্তারিত লিখলাম: "তুমি দৃড়ভাবে এইসব শিক্ষা ধারণ করবে, এবং তোমার লোকদের সেগুলো ধারণ করতে উদ্বুদ্ধ করবে- এগুলো সর্বোত্তম শিক্ষা। আমি তোমাকে মন্দদের ভাগ্য দেখাবো।"

*Divine Intervention Keeps the Disbelievers in the Dark*

*ঐশ্বরিক মধ্যস্থতা অবিশ্বাসীদের অন্ধকারে রাখে*

[7:146] I will divert from My revelations those who are arrogant on earth, without justification. Consequently, when they see every kind of proof they will not believe. And when they see the path of guidance they will not adopt it as their path, but when they see the path of straying they will adopt it as their path. This is the consequence of their rejecting our proofs, and being totally heedless thereof.

৭/১৪৬ আমার প্রকাশনাবলী থেকে আমি তাদেরকে সরিয়ে রাখবো যারা যথার্থ কারণ ছাড়া পৃথিবীতে উদ্ধত। ফলস্বরূপ, যখন তারা সব রকমের প্রমান দেখবে, তারা বিশ্বাস করবে না। এবং যখন তারা পথপ্রাপ্তির রাস্তা দেখবে তারা তাদের পথ হিসেবে এটি অবলম্বন করবে না, কিন্তু যখন তারা পথভ্রষ্টতার রাস্তা দেখবে তারা তাদের পথ হিসেবে এর অবলম্বন করবে। এটি হচ্ছে আমাদের প্রমানগুলোকে তাদের প্রত্যাক্ষান করার, এবং এতে সম্পূর্ণ অমনোযোগী থাকার ফল।

[7:147] Those who reject our revelations and the meeting of the Hereafter, their works are nullified. Are they required only for what they committed?

৭/১৪৭ যারা প্রত্যাখ্যান করে আমাদের প্রকাশনাবলী এবং পরকালের সাক্ষাত, তাদের কাজ নিষ্ফল হয়। তারা যা করেছিল তারা কি শুধু তার জন্য প্রতিদানপ্রাপ্ত?

[7:148] During his absence, Moses' people made from their jewelry the statue of a calf, complete with the sound of a calf.\* Did they not see that it could not speak to them, or guide them in any path? They worshiped it, and thus turned wicked.

৭/১৪৮ তার অনুপস্থিতিতে, মুসার লোকেরা তাদের অলঙ্কার থেকে তৈরি করল একটি বাছুরের মূর্তি, যা একটি বাছুরের ডাক করতে সক্ষম। তারা কি দেখেনি যে, এটা তাদের সাথে কথা বলতে পারে না, অথবা তাদেরকে কোন রাস্তায় পথপ্রদর্শন করে না? তারা এর উপাসনা করল, এবং এভাবে মন্দে পরিণত হলো।

[7:149] Finally, when they regretted their action, and realized that they had gone astray, they said, "Unless our Lord redeems us with His mercy, and forgives us, we will be losers." ৭/১৪৯ অবশেষে, যখন তারা তাদের কাজের জন্য অনুতাপ করলো, এবং উপলব্ধি করলো যে তারা বিপথে গিয়েছে, তারা বলল, “যদি না আমাদের প্রভু আমাদের উদ্ধার করেন তাঁর দয়া দিয়ে, এবং ক্ষমা করেন, আমরা ক্ষতিগ্রস্ত হব”।

[7:150] When Moses returned to his people, angry and disappointed, he said, "What a terrible thing you have done in my absence! Could you not wait for the commandments of your Lord?" He threw down the tablets, and took hold of his brother's head, pulling him towards himself. (Aaron) said, "Son of my mother, the people took advantage of my weakness, and almost killed me. Let not my enemies rejoice, and do not count me with the transgressing people."

৭/১৫০ যখন মুসা তার লোকদের কাছে ফিরে আসল, রাগান্বিত ও হতাশ হলে, সে বলল, “আমার অনুপস্থিতিতে তোমরা কি এক ভয়ানক জিনিস করেছ?” তোমরা কি তোমাদের প্রভুর প্রত্যাশের জন্য অপেক্ষা করতে পারনি? “সে ফলকগুলো ছুড়ে ফেলল, এবং তার ভাইয়ের মাথা ধরল, তাকে নিজের দিকে টেনে ধরে। (হারুন) বলল, “আমার মায়ের পুত্র, লোকেরা আমার দুর্বলতার সুযোগ নিয়েছিল, এবং প্রায় আমাকে মেরে ফেলেছিল। আমার শত্রুদের আনন্দিত হতে দিয়ো না, এবং

আমাকে সীমিতক্রমকারী লোকদের সাথে গণনা করো না”।

[7:151] (Moses) said, "My Lord, forgive me and my brother, and admit us into Your mercy. Of all the merciful ones, You are the Most Merciful."

৭/১৫১ (মূসা) বলল, "আমার প্রভু, আমাকে এবং আমার ভাইকে ক্ষমা করুন, এবং আমাদেরকে প্রবেশ করান আপনার দয়ায়। সকল দয়াবানদের মধ্যে, আপনি সবচেয়ে দয়াবান।

[7:152] Surely, those who idolized the calf have incurred wrath from their Lord, and humiliation in this life. We thus requite the innovators.

৭/১৫২ অবশ্যই, যারা বাছুরটির উপাসনা করলো তারা টেনে এনেছে তাদের প্রভুর তীব্র ক্রোধ, এবং এই জীবনে অবমাননা। আমরা এভাবে নব-উদ্ভাবকদের থেকে প্রতিশোধ নেই।

[7:153] As for those who committed sins, then repented thereafter and believed, your Lord –after this–is Forgiver, Most Merciful.

৭/১৫৩ আর যারা পাপ করে, এরপর অনুশোচনা করে এবং বিশ্বাস করে, তোমাদের প্রভু - এরপর - ক্ষমাকারী, পরম দয়ালু।

[7:154] When Moses' anger subsided, he picked up the tablets, containing guidance and mercy for those who reverence their Lord.

৭/১৫৪ যখন মুসার রাগ প্রশমিত হলো, সে তুলে নিলো ফলকগুলো, যা পথ- প্রদর্শন ও দয়া সমৃদ্ধ- তাদের জন্য যারা তাদের প্রভুকে ভক্তি-শ্রদ্ধা করে।

[7:155] Moses then selected seventy men from among his people, to come to our appointed audience. When the quake shook them, he said, "My Lord, You could have annihilated them in the past, together with me, if You so willed. Would You annihilate us for the deeds of those among us who are foolish? This must be the test that You have instituted for us. With it, You condemn whomever You will, and guide whomever You will. You are our Lord and Master, so forgive us, shower us with Your mercy; You are the best Forgiver.

৭/১৫৫ মুসা এরপর তার লোকদের মধ্য থেকে সত্তর জনকে নির্বাচন করলো, আমাদের

নির্ধারিত বৈঠকে আসতে। যখন ভূ-কম্পন তাদেরকে কম্পিত করলো, সে বলল, "আমার প্রভু, অতীতে আপনি তাদেরকে ধ্বংস করতে পারতেন, একই সাথে আমাকেও, যদি আপনি এমনই ইচ্ছা করতেন। আপনি কি আমাদেরকে ধ্বংস করবেন আমাদের মধ্যকার তাদের কাজের জন্য যারা বোকা? এটি অবশ্যই একটি পরীক্ষা যা আপনি আমাদের জন্য প্রবর্তন করেছেন। এটি দিয়ে, আপনি দন্ড বিধান করেন যাকে আপনি ইচ্ছা করেন, এবং পথ-প্রদর্শন করেন যাকে আপনি ইচ্ছা করেন। আপনি আমাদের প্রভু এবং মনিব, তাই আমাদেরকে ক্ষমা করুন, আমাদেরকে আপনার দয়া বর্ষন করুন; আপনি সর্বোত্তম ক্ষমাকারী।

*Requirements For Attaining God's Mercy: The Importance of Zakat*

*আল্লাহর দয়া অর্জনের জন্য আবশ্যিক শর্ত:  
জাকাতের গুরুত্ব*

[7:156] "And decree for us righteousness in this world, and in the Hereafter. We have repented to You." He said, "My retribution befalls whomever I will. But My mercy encompasses all things. However, I will specify it for those who (1) lead a righteous life, (2) give the obligatory charity (Zakat),\* (3) believe in our revelations, and ৭/ ১৫৬ "এবং আমাদের জন্য সৎকর্মশীলতা জারী করুন, এই দুনিয়ায়, এবং পরকালে। আমরা আপনার কাছে অনুশোচনা করেছি"। তিনি বললেন, "আমার শাস্তি পতিত হয় যার উপর আমি চাই। কিন্তু আমার দয়া সবকিছুকে পরিবেষ্টন করে আছে। তা সত্ত্বেও, আমি তা নির্দিষ্ট করবো তাদের জন্য যারা (১) সৎকর্মশীল জীবন যাপন করে, (২) বাধ্যতামূলক দান (যাকাত) দেয়, (৩) আমাদের প্রকাশনাবলিতে বিশ্বাস করে, এবং

\*7:156 *The importance of the obligatory charity (Zakat) cannot be over emphasized. As instituted in 6:141, Zakat must be given away upon receiving any income—2.5% of one's net income must be given to the parents, the relatives, the orphans, the poor, and the traveling alien, in this order (see 2:215).*

[7:157] "(4) follow the messenger, the gentile prophet (Muhammad), whom they find written in their Torah and Gospel.\* He exhorts them to be righteous, enjoins them from evil, allows for them all good food, and prohibits that

which is bad, and unloads the burdens and the shackles imposed upon them. Those who believe in him, respect him, support him, and follow the light that came with him are the successful ones."

৭/১৫৭ "(৪) অনুসরণ করে বার্তাবাহককে, সেই উম্মী (যারা আগের ঐশীগ্রন্থ অনুসরণ করেনি) নবীকে(মুহাম্মাদ), যাকে তারা তাদের তওরাত এবং ইঞ্জিলে লিপিবদ্ধ পায়। সে তাদেরকে উৎসাহিত করে সৎকর্মী হতে, তাদেরকে মন্দ থেকে নিষেধ করে, সকল ভালো খাদ্য তাদের জন্য অনুমোদন করে, এবং নিষিদ্ধ করে যা কিছু মন্দ, এবং তাদের উপর আরোপিত বোঝা ও শৃঙ্খলসমূহের ভার মুক্ত করে। যারা তাকে বিশ্বাস করে, তাকে সন্মান করে, তাকে সমর্থন করে, এবং অনুসরণ করে সে আলো যা তার সাথে এসেছিল তারাই সফলকাম ব্যক্তি।

\*7:157 *Muhammad is prophesied in Deuteronomy 18:15-19 and John 14:16-17 & 16:13.*

[7:158] Say, "O people, I am GOD's messenger to all of you. To Him belongs the sovereignty of the heavens and the earth. There is no god except He. He controls life and death." Therefore, you shall believe in GOD and His messenger, the gentile prophet, who believes in GOD and His words. Follow him, that you may be guided.

৭/১৫৮ বল, "হে লোকেরা, আমি তোমাদের সকলের নিকট আল্লাহর বার্তাবাহক। আকাশমন্ডলী ও পৃথিবীর সার্বভৌম ক্ষমতা তাঁর। তিনি ব্যতীত কোন উপাস্য নেই। তিনি জীবন এবং মৃত্যু নিয়ন্ত্রন করেন"। অতএব, তোমরা বিশ্বাস করবে আল্লাহ এবং তাঁর বার্তাবাহককে, সেই উম্মী(যারা আগের ঐশীগ্রন্থ অনুসরণ করেনি) নবীকে, যে আল্লাহ এবং তাঁর বানী বিশ্বাস করে। তাকে অনুসরণ করো, যাতে তোমরা পথ প্রাপ্ত হতে পারো।

*The Guided Jews  
পথপ্রাপ্ত ইহুদিরা*

[7:159] Among the followers of Moses there are those who guide in accordance with the truth, and the truth renders them righteous.

৭/১৫৯ মুসার অনুসারীদের মধ্যে রয়েছে তারা যারা সত্য অনুসারে পথ প্রদর্শন করে, এবং সত্য তাদের সৎকর্মীতে পরিণত করে।

*Miracles in Sinai*

## সিনাই-এ অলৌকিকতা

[7:160] We divided them into twelve tribal communities, and we inspired Moses when his people asked him for water: "Strike the rock with your staff," whereupon twelve springs gushed out therefrom. Thus, each community knew its water. And we shaded them with clouds, and sent down to them manna and quails: "Eat from the good things we provided for you." It is not us that they wronged; it is they who wronged their own souls.

৭/১৬০ আমরা তাদেরকে বারটি গোত্রীয় সম্প্রদায়ে ভাগ করলাম, এবং আমরা মুসাকে অনুপ্রাণিত করলাম যখন তার লোকেরা তার কাছে পানি চেয়েছিলঃ “তোমার লাঠি দিয়ে পাথরটিতে আঘাত করো, ”যার ফলে, সেখান থেকে বারটি বর্ণা প্রবলবেগে বের হয়ে এলো। এরূপে, প্রত্যেক সম্প্রদায় এর পানি চিনলো। এবং আমরা তাদেরকে মেঘমালা দিয়ে ছায়া দিয়েছিলাম, এবং তাদের কাছে নাজিল করেছিলাম মাল্লা ও কয়েলঃ “তোমাদের জন্য আমাদের দেয়া ভালো জিনিস থেকে খাও।” তারা আমাদের ক্ষতি করেনি; তারা তাদের নিজেদেরই আত্মার ক্ষতি করেছিল।

## Rebellion Despite the Miracles অলৌকিকতা সত্ত্বেও বিদ্রোহ

[7:161] Recall that they were told, "Go into this town to live, and eat therefrom as you please, treat the people amicably, and enter the gate humbly. We will then forgive your transgressions. We will multiply the reward for the righteous."

৭/১৬১ স্মরণ করো যে তাদেরকে বলা হয়েছিল, "বসবাস করতে এই শহরে ঢোক, এবং তোমাদের খুশিমতো তা থেকে খাও, লোকদের সাথে অমায়িক ব্যবহার করো, এবং দরজা দিয়ে বিনীতভাবে প্রবেশ করো। আমরা তাহলে তোমাদের সীমালঙ্ঘনগুলো ক্ষমা করবো। আমরা সৎকর্মশীলদের জন্য প্রতিদান বহুগুনে বৃদ্ধি করবো।"

[7:162] But the evil ones among them substituted other commands for the commands given to them. Consequently, we sent upon them condemnation from the sky, because of their wickedness.

৭/১৬২ কিন্তু, তাদের মধ্যকার মন্দ লোকেরা তাদেরকে দেয়া নির্দেশাবলিকে অন্য নির্দেশাবলি দিয়ে প্রতিস্থাপন করলো। ফলস্বরূপ, আমরা আকাশ থেকে তাদের উপর দণ্ডাদেশ পাঠালাম, তাদের অপকর্মের কারণে।

## Observing the Commandments Brings Prosperity

### প্রত্যাদেশ পালন সমৃদ্ধি আনে

[7:163] Remind them of the community by the sea, who desecrated the Sabbath. When they observed the Sabbath, the fish came to them abundantly. And when they violated the Sabbath, the fish did not come. We thus afflicted them, as a consequence of their transgression.

৭/১৬৩ তাদেরকে সাগর ধারের সম্প্রদায়ের বিষয়ে স্মরণ করাও, যারা সাব্বাথ (বিশ্রামের দিনকে) অপবিত্র করেছিল। যখন তারা সাব্বাথ (বিশ্রামের দিন) পালন করতো, তাদের কাছে প্রচুর মাছ আসতো। এবং যখন তারা সাব্বাথ (বিশ্রামের দিন) লঙ্ঘন করতো, মাছ আসতো না। আমরা এভাবে তাদেরকে দুর্দর্শাগ্রস্থ করলাম, তাদের সীমালঙ্ঘনের ফলস্বরূপ।

## Mocking and Ridiculing God's Message আল্লাহর বার্তাকে উপহাস এবং ব্যঙ্গ-বিদ্রূপ করা

[7:164] Recall that a group of them said, "Why should you preach to people whom GOD will surely annihilate or punish severely?" They answered, "Apologize to your Lord," that they might be saved.

৭/১৬৪ স্মরণ করো যে তাদের এক দল বলল, “কেন তোমাদের সে লোকদের কাছে ধর্ম-প্রচার করা উচিত যাদের আল্লাহ অবশ্যই ধ্বংস করবেন বা কঠোর শাস্তি দিবেন?” তারা উত্তর দিলো, “তোমাদের প্রভুর কাছে ক্ষমা চাও, ”যাতে তারা রক্ষা পেতে পারে।

[7:165] When they disregarded what they were reminded of, we saved those who prohibited evil, and afflicted the wrongdoers with a terrible retribution for their wickedness.

৭/১৬৫ যখন তারা উপেক্ষা করলো যা তাদের স্মরণ করানো হয়েছিল, আমরা তাদের রক্ষা করলাম যারা মন্দ থেকে নিষিদ্ধ করেছিল, এবং মন্দকর্মীদের এক ভয়ানক শাস্তি দিয়ে দুর্দর্শাগ্রস্থ করলাম তাদের অপকর্মের জন্য।

[7:166] When they continued to defy the commandments, we said to them, "Be you despicable apes."

৭/১৬৬ যখন তারা প্রত্যাদেশসমূহের বিরোধিতা করা অব্যাহত রাখলো, আমরা তাদের বললাম, “তোমরা ঘৃণ্য বানর হয়ে যাও”।

[7:167] Additionally, your Lord has decreed that He will raise up against them people who will inflict severe persecution upon them, until the Day of Resurrection. Your Lord is most efficient in enforcing retribution, and He is certainly the Forgiver, Most Merciful.

৭/১৬৭ এছাড়াও, তোমার প্রভু হুকুম করেছেন যে তিনি তাদের বিপক্ষে সে লোকদের উত্থিত করবেন যারা তাদের উপর কঠিন নির্যাতন আরোপ করবে, পুনরুত্থান দিবস পর্যন্ত। তোমাদের প্রভু শাস্তি জোরদারে সবচেয়ে দক্ষ, এবং তিনি নিঃসন্দেহে ক্ষমাশীল, পরম দয়ালু।

[7:168] We scattered them among many communities throughout the land. Some of them were righteous, and some were less than righteous. We tested them with prosperity and hardship that they may return.

৭/১৬৮ আমরা তাদেরকে সমগ্র স্থলের অনেক সম্প্রদায়ের মধ্যে ছড়িয়ে দিলাম। তাদের কেউ কেউ সৎকর্মী ছিল, এবং কেউ কেউ কম সৎকর্মী ছিল। আমরা তাদেরকে পরীক্ষা করেছিলাম সমৃদ্ধি এবং অসচ্ছলতা দিয়ে, যাতে তারা ফিরে আসতে পারে।

[7:169] Subsequent to them, He substituted new generations who inherited the scripture. But they opted for the worldly life instead, saying, "We will be forgiven." But then they continued to opt for the materials of this world. Did they not make a covenant to uphold the scripture, and not to say about GOD except the truth? Did they not study the scripture? Certainly, the abode of the Hereafter is far better for those who maintain righteousness. Do you not understand?

৭/১৬৯ তাদের পরবর্তীতে, তিনি প্রতিস্থাপিত করেছিলেন নতুন প্রজন্ম যারা ঐশীগ্রন্থ উত্তরাধিকার করেছিল। কিন্তু উলটো তারা দুনিয়ার জীবন পছন্দ করেছিল, এই বলে যে, “আমাদের ক্ষমা করা হবে”। কিন্তু তারা তখন এই দুনিয়ার বস্তু পছন্দ করাই অব্যাহত

রেখেছিল। তারা কি ঐশীগ্রন্থ মেনে চলার, এবং আল্লাহ সম্পর্কে সত্য ছাড়া না বলার অঙ্গীকার করেনি? তারা কি ঐশীগ্রন্থ অধ্যয়ন করেনি? নিশ্চিতভাবে, যারা সৎকর্মশীলতা বজায় রাখে তাদের জন্য পরকালের বাসস্থান অনেক উত্তম। তোমরা কি বুঝো না?

[7:170] Those who uphold the scripture, and observe the Contact Prayers (Salat), we never fail to recompense the pious.

৭/১৭০ তারা যারা ঐশীগ্রন্থ মেনে চলে, এবং সংযোগ প্রার্থনা (সালাত) প্রতিষ্ঠা করে, আমরা কখনো ধার্মিকদের প্রতিদান দিতে ব্যর্থ হই না।

[7:171] We raised the mountain above them like an umbrella, and they thought it was going to fall on them: "You shall uphold what we have given you, strongly, and remember the contents thereof, that you may be saved."

আমরা একটি ছাতার মতো তাদের উপর পাহাড়টি তুলে ধরলাম, এবং তারা মনে করলো এটি তাদের উপর পড়তে যাচ্ছে : “তোমরা মেনে চলবে যা আমরা তোমাদেরকে দিয়েছি, দৃঢ়ভাবে এবং এর অভ্যন্তরস্থ বস্তু স্মরণ রাখবে, যাতে তোমরা রক্ষা পেতে পারো।”

*We Are Born With Instinctive Knowledge about God \**

*আমরা আল্লাহ সম্পর্কে সহজাত জ্ঞান নিয়ে জন্মাই*

[7:172] Recall that your Lord summoned all the descendants of Adam, and had them bear witness for themselves: "Am I not your Lord?" They all said, "Yes. We bear witness." Thus, you cannot say on the Day of Resurrection, "We were not aware of this."

৭/১৭২ স্মরণ করো যে তোমার প্রভু আদমের সকল সন্তানদের একত্র করলেন, এবং তাদেরকে তাদের নিজেদের জন্য সাক্ষী করলেন: "আমি কি তোমাদের প্রভু নই?" তারা সকলে বলল, "হ্যাঁ, আমরা সাক্ষ্য দিচ্ছি।" এভাবে, তোমরা পুনরুত্থান দিবসে বলতে পারবে না, "আমরা এ বিষয়ে অবহিত ছিলাম না।"

[7:173] Nor can you say, "It was our parents who practiced idolatry, and we simply followed in their footsteps. Will You punish us because of what others have innovated?"

৭/১৭৩ না তোমরা বলতে পারবে, "আমাদের মাতাপিতারাই তো অংশীবাদ চর্চা করতো, এবং আমরা শুধু তাদের পদাঙ্ক অনুসরণ করেছিলাম। আপনি কি অন্যরা যা প্রবর্তণ করেছে তার কারণে আমাদেরকে শাস্তি দিবেন?

[7:174] We thus explain the revelations, to enable the people to redeem themselves.

৭/ ১৭৪ আমরা এভাবে প্রত্যাদেশাবলি ব্যাখ্যা করি, লোকদের উদ্ধারপ্রাপ্ত হতে তাদের নিজেদের সক্ষম করতে।

[7:175] Recite for them the news of one who was given our proofs, but chose to disregard them. Consequently, the devil pursued him, until he became a strayer.

৭/১৭৫ তাদের জন্য আবৃত্তি করো সে ব্যক্তির সংবাদ যাকে আমাদের প্রমানাদি দেয়া হয়েছিল, কিন্তু সেগুলো উপেক্ষা করা পছন্দ করল। ফলস্বরূপ, শয়তান তার পিছনে লাগল, যতক্ষণ না সে একজন পথভ্রষ্ট হলো।

[7:176] Had we willed, we could have elevated him therewith, but he insisted on sticking to the ground, and pursued his own opinions. Thus, he is like the dog; whether you pet him or scold him, he pants. Such is the example of people who reject our proofs.

Narrate these narrations, that they may reflect.

৭/১৭৬ আমরা যদি ইচ্ছা করতাম, আমরা তাকে ঐ অবস্থা সত্ত্বেও তুলে আনতে পারতাম, কিন্তু সে নিচে ঐটে থাকতেই অনড় রইল, এবং তার নিজের মত অনুসরণ করলো। এরূপে, সে ঐ কুকুরের মতো; তুমি তাকে আদর করো অথবা বকুনী দাও, সে হাঁপায়। এমনই লোকদের উদাহরণ যারা আমাদের প্রমানাদি প্রত্যাখ্যান করে। বর্ণনা করো এসব কাহিনী, যাতে তারা অনুধাবন করতে পারে।

[7:177] Bad indeed is the example of people who reject our proofs; it is only their own souls that they wrong.

৭/১৭৭ মন্দ নিশ্চয়ই সেই লোকদের উদাহরণ যারা আমাদের প্রমানাদি প্রত্যাখ্যান করে; তারা শুধু তাদের নিজের আত্মারই ক্ষতি করে।

[7:178] Whomever GOD guides is the truly guided one, and whomever He commits to straying, these are the losers.

৭/১৭৮ যাকে আল্লাহ পথপ্রদর্শন করেন সেই সত্যিকার পথপ্রাপ্ত ব্যক্তি, এবং যাকে তিনি পথভ্রষ্ট করেন, এরাই ক্ষতিগ্রস্ত।

*Satan Hypnotizes His Constituents*  
শয়তান তার সদস্যদের সম্মোহন করে

[7:179] We have committed to Hell multitudes of jinns and humans. They have minds with which they do not understand, eyes with which they do not see, and ears with which they do not hear. They are like animals; no, they are far worse—they are totally unaware.

৭/১৭৯ আমরা বহু সংখ্যক জীন এবং মানুষকে নরকে সোপর্দ করেছি। তাদের আছে মন যা দিয়ে তারা বোঝে না, চোখ যা দিয়ে তারা দেখে না, এবং কান যা দিয়ে তারা শোনে না। তারা পশুর মতো, না, তারা আরও অধিক মন্দ- তারা সম্পূর্ণ অসচেতন।

[7:180] To GOD belongs the most beautiful names; call upon Him therewith, and disregard those who distort His names. They will be requited for their sins.

৭/১৮০ সবচেয়ে সুন্দর নামগুলো আল্লাহর; তাঁকে সেগুলো ধরে ডাকো, এবং তাদেরকে উপেক্ষা করো যারা তাঁর নাম বিকৃত করে। তারা তাদের পাপের জন্য প্রতিফল প্রাপ্ত হবে।

[7:181] Among our creations, there are those who guide with the truth, and the truth renders them righteous.

৭/১৮১ আমাদের সৃষ্টির মধ্যে, রয়েছে তারা যারা সত্য দিয়ে পথ- প্রদর্শন করে, এবং সত্য তাদের সৎকর্মীতে পরিনত করে।

[7:182] As for those who reject our revelations, we lead them on without them ever realizing it.

৭/১৮২ আর তাদের জন্য যারা আমাদের প্রকাশনাবলি প্রত্যাক্ষান করে, আমরা তাদের পরিচালনা করি তাদেরকে কখনো তা বুঝতে না দিয়ে।

[7:183] I will even encourage them; My scheming is formidable.

৭/১৮৩ আমি এমনকি তাদের উৎসাহিত করবো, আমার পরিকল্পনা অজেয়।

[7:184] Why do they not reflect upon their friend (the messenger) ? He is not crazy. He is simply a profound warner.

৭/১৮৪ কেন তারা তাদের বন্ধুর বিষয়ে (বার্তাবাহক) চিন্তা-ভাবনা করে না? সে উন্মাদ নয়। সে শুধু একজন স্পষ্ট সতর্ককারী।

[7:185] Have they not looked at the dominion of the heavens and the earth, and all the things GOD has created? Does it ever occur to them that the end of their life may be near? Which Hadith, beside this, do they believe in?

৭/১৮৫ তারা কি দেখে নি আকাশমন্ডলী ও পৃথিবীর রাজত্ব, এবং সে সবকিছু যা আল্লাহ সৃষ্টি করেছেন? এটা কখনো তাদের মনে হয় কী যে তাদের জীবনের সমাপ্তি হয়তো খুবই নিকটে? কোন হাদীস, এর পাশে, তারা বিশ্বাস করে?

[7:186] Whomever GOD commits to straying, there is no way for anyone to guide him. He leaves them in their sins, blundering.

৭/১৮৬ যাকে আল্লাহ পথভ্রষ্টতায় লিপ্ত করেন, কারো জন্য কোন পথ নেই তাকে পথপ্রদর্শন করার। তিনি তাদেরকে তাদের পাপে ছেড়ে দেন, ঘুরপাকরত অবস্থায়।

[7:187] They ask you about the end of the world (the Hour),\* and when it will come to pass. Say, "The knowledge thereof is with my Lord. Only He reveals its time.\* Heavy it is, in the heavens and the earth. It will not come to you except suddenly."\*\* They ask you as if you are in control thereof. Say, "The knowledge thereof is with GOD,"but most people do not know.

৭/১৮৭ তারা তোমাকে জিজ্ঞাসা করে দুনিয়ার সমাপ্তি (সে ঘণ্টা) সম্পর্কে, এবং কখন তা সংঘটিত হবে। বল, “এর জ্ঞান আমার প্রভুর নিকট আছে। একমাত্র তিনি এর সময় প্রকাশ করেন। আকাশমন্ডলী এবং পৃথিবীতে, এটি গুরুতর। হঠাৎ করে ছাড়া এটি তোমাদের কাছে আসবে না। তারা তোমাকে জিজ্ঞাসা করে, যেন তুমি এর নিয়ন্ত্রণে রয়েছ। বল, “এর জ্ঞান আল্লাহর নিকট আছে”, কিন্তু বেশির ভাগ মানুষ তা জানে না।

*Messengers Are Powerless; They Do Not Know the Future.*

*বার্তাবাহকেরা ক্ষমতাহীন; তারা ভবিষ্যৎ জানে না*

[7:188] Say, "I have no power to benefit myself, or harm myself. Only what GOD wills happens to me. If I knew the future, I would have increased my wealth, and no harm would have afflicted me. I am no more than a warner, and a bearer of good news for those who believe."

৭/১৮৮ বল, “আমার কোন ক্ষমতা নেই আমার নিজের উপকার করার, অথবা আমার নিজের ক্ষতি করার। শুধু আল্লাহ যা ইচ্ছা করেন তা আমার সাথে ঘটে। যদি আমি ভবিষ্যৎ জানতাম, আমি আমার সম্পদ বৃদ্ধি করতাম, এবং কোন ক্ষতি আমাকে দুর্দশাগ্রস্ত করতো না। আমি একজন সতর্ককারীর চেয়ে বেশি কিছু নই, এবং তাদের জন্য একজন সুসংবাদ বহনকারী যারা বিশ্বাস করে”।

*Our Children Can be Idols*

*আমাদের সন্তানরা উপাস্য হতে পারে*

[7:189] He created you from one person (Adam). Subsequently, He gives every man a mate to find tranquility with her. She then carries a light load that she can hardly notice. As the load gets heavier, they implore GOD their Lord: "If You give us a good baby, we will be appreciative."

৭/১৮৯ তিনি তোমাদের সৃষ্টি করেছেন এক ব্যক্তি (আদম) থেকে। পরবর্তীতে, তিনি প্রত্যেক মানুষকে একজন সঙ্গীণী দিয়েছেন তার সাথে শান্তি পেতে। সে (স্ত্রী) তখন একটি হালকা বোঝা বহন করে যা সে কমই খেয়াল করতে পারে। যখন বোঝা ভারী হয়, তারা তাদের প্রভু আল্লাহর কাছে মিনতি করেঃ “যদি আপনি আমাদেরকে একটি ভালো শিশু দেন, আমরা কৃতজ্ঞ হব”।

[7:190] But when He gives them a good baby, they turn His gift into an idol that rivals Him. GOD be exalted, far above any partnership.

৭/১৯০ কিন্তু যখন তিনি তাদের একটি ভালো শিশু দেন, তারা তাঁর দানকে উপাস্যে পরিণত করে যা তাঁর প্রতিদ্বন্দ্বি হয়। আল্লাহ উচ্চপ্রশংসিত, কোন অংশীদারিত্বের অনেক উর্ধে।

[7:191] Is it not a fact that they are idolizing idols who create nothing, and are themselves created?

৭/১৯১ এটা কি বাস্তব বিষয় নয় যে তারা উপাস্যদের উপাসনা করছে যারা কিছুই সৃষ্টি করে না, এবং নিজেরাই সৃষ্টি?

[7:192] Idols that can neither help them, nor even help themselves?

৭/১৯২ উপাস্যরা যারা না পারে তাদেরকে সাহায্য করতে, না পারে নিজেদেরকে সাহায্য করতে?

[7:193] When you invite them to the guidance, they do not follow you. Thus, it is the same for them whether you invite them, or remain silent.

৭/১৯৩ যখন তুমি তাদেরকে পথপ্রাপ্তির দিকে আমন্ত্রণ করো, তারা তোমাকে অনুসরণ করে না। এভাবে, তুমি তাদেরকে আমন্ত্রণ করো, অথবা নীরব থাকো তা তাদের জন্য একই।

[7:194] The idols you invoke besides **GOD** are creatures like you. Go ahead and call upon them; let them respond to you, if you are right.

৭/১৯৪ আল্লাহর পাশে যে উপাস্যদের কাছে তোমরা সাহায্য প্রার্থনা করো তারা তোমাদের মতোই সৃষ্টি। তৎপর হও এবং তাদেরকে আহ্বান করো; তাদেরকে তোমাদের প্রতি সাড়া দিতে দাও, যদি তোমরা সঠিক হও।

[7:195] Do they have legs on which they walk? Do they have hands with which they defend themselves? Do they have eyes with which they see? Do they have ears with which they hear? Say, "Call upon your idols, and ask them to smite me without delay.

৭/ ১৯৫ তাদের কি পা আছে যার উপর তারা হাঁটে? তাদের কি হাত আছে যা দিয়ে তারা নিজেদের রক্ষা করে? তাদের কি চোখ আছে যা দিয়ে তারা দেখে? তাদের কি কান আছে যা দিয়ে তারা শোনে? বল, “তোমাদের উপাস্যদের আহ্বান করো, এবং তাদেরকে অনতিবিলম্বে আমাকে আক্রমণ করতে বলো।

[7:196] "**GOD** is my only Lord and Master; the One who revealed this scripture. He protects the righteous.

৭/১৯৬ আল্লাহ আমার একমাত্র প্রভু এবং মনিব; সেই সত্য যিনি এই ঐশীগ্রন্থ প্রকাশ করেছিলেন। তিনি সৎকর্মীদের রক্ষা করেন।

[7:197] "As for the idols you set up beside Him, they cannot help you, nor can they help themselves."

৭/১৯৭ “তঁর পাশে তোমরা যে উপাস্যদের স্থাপন করেছ, তারা তোমাদের সাহায্য করতে পারে না, না তারা নিজেদের সাহায্য করতে পারে।”

[7:198] When you invite them to the guidance, they do not hear. And you see them looking at you, but they do not see.

৭/১৯৮ যখন তুমি তাদেরকে সুপথে আহ্বান করো, তারা শোনে না। এবং তুমি তাদেরকে তোমার দিকে তাকাতে দেখো, কিন্তু তারা দেখে না।

[7:199] You shall resort to pardon, advocate tolerance, and disregard the ignorant.

৭/১৯৯ তুমি ক্ষমা অবলম্বন করবে, সহিষ্ণুতার উপদেশ দেবে, এবং অজ্ঞদের উপেক্ষা করবে।

[7:200] When the devil whispers to you any whisper, seek refuge in **GOD**; He is Hearer, Omniscient.

৭/২০০ যখন শয়তান তোমার কাছে ফিস ফিস করে কোন পরোচনা, আল্লাহর আশ্রয় খোঁজ, তিনি শ্রবণকারী, সর্বজ্ঞ।

[7:201] Those who are righteous, whenever the devil approaches them with an idea, they remember, whereupon they become seers.

৭/২০১ তারা যারা সৎকর্মশীল, যখনই শয়তান কোন ধারণা নিয়ে তাদের কাছে আসে, তারা স্মরণ করে, যার ফলে তারা অন্তর্দৃষ্টি সম্পন্ন হয়।

[7:202] Their brethren ceaselessly entice them to go astray.

৭/২০২ তাদের ভাইয়েরা বিরামহীনভাবে তাদেরকে পথভ্রষ্টতায় প্ররোচিত করে।

[7:203] If you do not produce a miracle that they demand, they say, "Why not ask for it?" Say, "I simply follow what is revealed to me from my Lord." These are enlightenments from your Lord, and guidance, and mercy for people who believe.

৭/২০৩ যদি তুমি একটি অলৌকিকতা না বানাও যা তারা দাবি করে, তারা বলে, “কেন এটি চাও না?” বল, “আমি কেবলমাত্র অনুসরণ করি যা আমার প্রভুর পক্ষ থেকে আমার কাছে প্রকাশিত



হয়েছে।” এগুলো তোমার প্রভুর পক্ষ থেকে  
জ্ঞানালোক, এবং পথপ্রদর্শন, এবং লোকদের  
জন্য দয়া যারা বিশ্বাস করে।

[7:204] When the Quran is recited, you shall  
listen to it and take heed, that you may attain  
mercy.

৭/২০৪ যখন কোরান আবৃত্তি করা হয়, তোমরা  
তা শুনবে এবং মনোযোগ দিবে, যাতে তোমরা  
দয়া অর্জন করতে পারো।

[7:205] You shall remember your Lord within  
yourself, publicly, privately, and quietly, day  
and night; do not be unaware.

৭/২০৫ তোমরা তোমাদের প্রভুর স্মরণ করবে  
নিজেদের অন্তরে, জনসমক্ষে, একান্তে, এবং  
প্রশান্তভাবে, দিনে ও রাতে; অসচেতন হইও না।

[7:206] Those at your Lord are never too  
proud to worship Him; they glorify Him and  
fall prostrate before Him.

৭/২০৬ তোমার প্রভুর সান্নিধ্যে যারা রয়েছে  
তারা তাঁর উপাসনায় কখনো অহংকারী নয়।  
তারা তাঁর গুনকীর্তন করে এবং তাঁর সামনে  
সেজদাবনত হয়।

## Sura 8: The Spoils of War (Al-Anfāl)

[8:0] In the name of God, Most Gracious, Most Merciful

[8:1] They consult you about the spoils of war. Say, "The spoils of war belong to GOD and the messenger." You shall observe GOD, exhort one another to be righteous, and obey GOD and His messenger, if you are believers. ৮/১ তারা তোমার সাথে পরামর্শ করে যুদ্ধলব্ধ মালের ব্যাপারে। বল, “যুদ্ধলব্ধ মাল আল্লাহ এবং তাঁর বার্তাবাহকের।” তোমরা আল্লাহকে মান্য করবে, একে অন্যকে সৎকর্মশীল হতে উৎসাহিত করবে, এবং আল্লাহ ও তাঁর বার্তাবাহকে মান্য করবে, যদি তোমরা বিশ্বাসী হও।

### *The True Believers* সত্যিকার বিশ্বাসীরা

[8:2] The true believers are those whose hearts tremble when GOD is mentioned, and when His revelations are recited to them, their faith is strengthened, and they trust in their Lord. ৮/২ সত্যিকার বিশ্বাসী তারা যাদের হৃদয় কম্পিত হয় যখন আল্লাহর উল্লেখ করা হয়, এবং যখন তাঁর প্রকাশনাবলি তাদের কাছে পাঠ করা হয়, তাদের বিশ্বাস জোরদার হয়, এবং তারা তাদের প্রভুর প্রতি আস্থা রাখে।

[8:3] They observe the Contact Prayers (Salat), and from our provisions to them, they give to charity. ৮/৩ তারা সংযোগ প্রার্থনা (সালাত) প্রতিষ্ঠা করে, এবং তাদেরকে দেয়া আমাদের জীবিকা থেকে, তারা দান করে।

[8:4] Such are the true believers. They attain high ranks at their Lord, as well as forgiveness and a generous provision. ৮/৪ সত্যিকার বিশ্বাসীরা এমনই। তারা তাদের প্রভুর কাছে উচ্চ পদসমূহ অর্জন করে, সেই সাথে ক্ষমা এবং এক উদার জীবিকা।

### *The Weak Believers* দুর্বল বিশ্বাসীরা

[8:5] When your Lord willed that you leave your home, to fulfill a specific plan, some believers became exposed as reluctant believers.

৮/৫ যখন তোমার প্রভু ইচ্ছা করলেন যে তোমরা তোমাদের ঘর ত্যাগ করো, একটি বিশেষ পরিকল্পনা পূর্ণ করতে, কিছু বিশ্বাসী অনিচ্ছুক বিশ্বাসী হিসাবে প্রকাশিত/আবির্ভূত হলো।

[8:6] They argued with you against the truth, even after everything was explained to them. They acted as if they were being driven to certain death.

৮/৬ তারা সত্যের বিরুদ্ধে তোমার সাথে তর্ক করলো, এমনকি সবকিছু তাদের কাছে ব্যাখ্যা করার পরও। তারা আচরণ করলো যেন তারা নিশ্চিত মৃত্যুর দিকে চালিত হচ্ছে।

[8:7] Recall that GOD promised you victory over a certain group, but you still wanted to face the weaker group. It was GOD's plan to establish the truth with His words, and to defeat the disbelievers.

৮/৭ স্মরণ করো যে আল্লাহ তোমাদেরকে একটি নির্দিষ্ট দলের উপর বিজয়ের অঙ্গীকার করেছিলেন, কিন্তু তোমরা তবুও দুর্বল দলের মুখোমুখি হতে চাইলে। এটা ছিল আল্লাহর পরিকল্পনা সত্যকে প্রতিষ্ঠিত করা তাঁর বানী দিয়ে, এবং অবিশ্বাসীদের পরাজিত করা।

[8:8] For He has decreed that the truth shall prevail, and the falsehood shall vanish, in spite of the evildoers.

৮/৮ তিনি জারি করেছেন যে সত্য জয়ী হবে, এবং মিথ্যা বিলুপ্ত হবে, মন্দকর্মীদের সত্ত্বেও।

### *God's Invisible Soldiers* আল্লাহর অদৃশ্য সৈন্য

[8:9] Thus, when you implored your Lord to come to the rescue, He responded to you: "I am supporting you with one thousand angels in succession."

৮/৯ এভাবে, যখন তোমরা তোমাদের প্রভুর কাছে সহায়তা প্রদান করতে মিনতি করেছিলে, তিনি তোমাদের প্রতি সাড়া দিলেনঃ “আমি ধারাবাহিকভাবে এক হাজার স্বর্গদূত দিয়ে তোমাদের সমর্থন করছি”।

### *Victory Guaranteed for the Believers* বিশ্বাসীদের জন্য বিজয় প্রতিশ্রুত

[8:10] GOD gave you this good news to strengthen your hearts. Victory comes only from GOD. GOD is Almighty, Most Wise.  
৮/১০ আল্লাহ এই সুসংবাদ তোমাদেরকে দেন তোমাদের হৃদয়কে শক্তিশালী করতে। বিজয় শুধুমাত্র আল্লাহ থেকে আসে। আল্লাহ সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী।

[8:11] He caused peaceful slumber to overtake you and pacify you, and He sent down water from the sky to clean you therewith. He protected you from the devil's curse, reassured your hearts and strengthened your foothold.  
৮/১১ তিনি শান্তিময় তন্দ্রা দিলেন তোমাদের আচ্ছন্ন করতে এবং তোমাদেরকে প্রশান্ত করতে, এবং তিনি আকাশ থেকে পানি পাঠালেন তোমাদের তা দিয়ে পরিষ্কার করতে। তিনি শয়তানের অভিশাপ থেকে তোমাদের রক্ষা করলেন, তোমাদের অন্তরকে পুনঃ আশ্বস্ত করলেন এবং তোমাদের অবস্থানকে সুদৃঢ় করলেন।

*Lessons  
from History\**  
*ইতিহাস  
থেকে শিক্ষা*

[8:12] Recall that your Lord inspired the angels: "I am with you; so support those who believed. I will throw terror into the hearts of those who disbelieved. You may strike them above the necks, and you may strike even every finger."

৮/১২ স্মরণ করো যে তোমাদের প্রভু ফেরেশতাদের অনুপ্রানিত করেছিলেন, "আমি তোমাদের সাথে রয়েছি; সুতরাং তাদেরকে সমর্থন করো যারা বিশ্বাস করেছে। আমি তাদের অন্তরে আতঙ্ক ছুঁড়ে দিবো যারা অশ্বাস করেছে। তোমরা তাদের আঘাত করতে পারো ঘরের উপর, এবং তোমরা এমনকি তাদের প্রত্যেক আঙ্গুলে আঘাত করতে পারো।

[8:13] This is what they have justly incurred by fighting GOD and His messenger. For those who fight against GOD and His messenger, GOD's retribution is severe.  
৮/১৩ এটা হচ্ছে যা তারা আল্লাহ এবং তাঁর বার্তাবাহকের সাথে যুদ্ধ করে যথার্থই অর্জন করেছে। তাদের জন্য যারা আল্লাহ এবং তাঁর

বার্তাবাহকের বিরুদ্ধে যুদ্ধ করে, আল্লাহর শাস্তি কঠোর।

[8:14] This is to punish the disbelievers; they have incurred the retribution of Hell.  
৮/১৪ এটি অশ্বাসীদেরকে শাস্তি দিতে; তারা নরকের শাস্তি টেনে এনেছে।

[8:15] O you who believe, if you encounter the disbelievers who have mobilized against you, do not turn back and flee.

৮/১৫ হে তোমরা যারা বিশ্বাস করো, যদি তোমরা অশ্বাসীদের মুখোমুখি হও যারা তোমাদের বিরুদ্ধে একত্রিত হয়েছে, পিছু হটবে না এবং পালাবে না।

[8:16] Anyone who turns back on that day, except to carry out a battle plan, or to join his group, has incurred wrath from GOD, and his abode is Hell; what a miserable destiny!  
৮/১৬ যেকেউ ঐ দিন পেছনে ফিরে আসে, কোন যুদ্ধ পরিকল্পনা সম্পন্ন করা, অথবা তার দলের সাথে যোগ দেয়া ছাড়া, সে টেনে এনেছে আল্লাহর ক্রোধ, এবং তার বাসস্থান নরক; কি এক শোচনীয় ভাগ্য!

*God Is Doing Everything\**  
*আল্লাহ সবকিছু করছেন*

[8:17] It was not you who killed them; GOD is the One who killed them. It was not you who threw when you threw; GOD is the One who threw. But He thus gives the believers a chance to earn a lot of credit. GOD is Hearer, Omniscient.

৮/১৭ এটা তুমি নও যে তাদের হত্যা করেছিল; আল্লাহই তাদেরকে হত্যা করেছিলেন। এটা তুমি নও যে ছুঁড়েছিল; আল্লাহই ছুঁড়েছিলেন। কিন্তু তিনি এভাবে বিশ্বাসীদের অনেক কৃতিত্ব অর্জন করার একটি সুযোগ দেন। আল্লাহ শ্রোতা, সর্বজ্ঞ।

*\*8:17 Believing in God necessitates believing in His qualities, one of which is that He is doing everything. Without knowing God, there is no belief (23:84-90). Bad things are incurred by us, and executed by Satan, in accordance with God's laws (4:78-79, 42:30).*

[8:18] Additionally, GOD thus nullifies the schemes of the disbelievers.

৮/১৮ উপরন্তু, আল্লাহ এভাবে অবিশ্বাসীদের চক্রান্ত নস্যাত্ন করে দেন।

[8:19] You sought victory (O disbelievers), and victory did come; it belonged to the believers. If you refrain (from aggression) it would be better for you, but if you return, so will we. Your armies will never help you, no matter how great. For GOD is on the side of the believers.

৮/১৯ (হে অবিশ্বাসীরা) তোমরা বিজয় চেয়েছিলে, এবং বিজয় এসেছিল; এটি ছিল বিশ্বাসীদের। যদি তোমরা (আগ্রাসন থেকে) বিরত হও এটা তোমাদের জন্য উত্তম হবে, কিন্তু যদি তোমরা ফিরে আসো, আমরা তাই-করবো। তোমাদের সেনাবাহিনী কখনোই তোমাদের সাহায্য করবে না, যতো বিশালই হোক না কেন। কারন আল্লাহ বিশ্বাসীদের পাশে রয়েছেন।

[8:20] O you who believe, obey GOD and His messenger, and do not disregard him while you hear.

৮/২০ হে তোমরা যারা বিশ্বাস করো, আল্লাহ এবং তাঁর বার্তাবাহককে মান্য করো, এবং তাকে উপেক্ষা করো না যেহেতু তোমরা শোন।

*The Disbelievers Blocked Out*  
*অবিশ্বাসীরা পর্দা আবৃত*

[8:21] Do not be like those who say, "We hear," when they do not hear.

৮/২১ তাদের মতো হইও না যারা বলে, "আমরা শুনি," যদিও তারা শুনে না।

[8:22] The worst creatures in the sight of GOD are the deaf and dumb, who do not understand.

৮/২২ আল্লাহর দৃষ্টিতে সবচেয়ে নিকৃষ্ট সৃষ্টি হচ্ছে বধির এবং বোবারা, যারা বুঝে না।

[8:23] Had GOD known of any good in them, He would have made them hearers. Even if He made them hearers, they still would turn away in aversion.

৮/২৩ যদি আল্লাহ তাদের মধ্যে কোন ভাল জানতেন, তিনি তাদের শ্রোতা বানাতেন। এমনকি তিনি যদি তাদের শ্রোতা করতেন, এরপরও তারা বিদ্বেষে মুখ ফিরিয়ে নিতো।

*The Righteous Do Not Really Die \**

*সৎকর্মশীলরা প্রকৃতপক্ষে মারা যান না*

[8:24] O you who believe, you shall respond to GOD and to the messenger when he invites you to what gives you life.\* You should know that GOD is closer to you than your heart, and that before Him you will be summoned.

৮/২৪ হে তোমরা যারা বিশ্বাস করো, তোমরা সাড়া দেবে আল্লাহ এবং বার্তাবাহকের প্রতি যখন সে তোমাদেরকে আমন্ত্রন করে তার প্রতি যা তোমাদেরকে প্রান দেয়। তোমাদের জানা উচিত যে আল্লাহ তোমাদের হৃদয়ের চেয়েও তোমাদের নিকটবর্তী, এবং এটা যে তাঁর সামনে তোমরা একত্রিত হবে।

[8:25] Beware of a retribution that may not be limited to the evildoers among you.\* You

should know that GOD's retribution is severe. ৮/২৫ সতর্ক হও একটি শাস্তির বিষয়ে যা হয়তো সীমাবদ্ধ থাকবে না তোমাদের মধ্যকার মন্দকর্মীদের মাঝে। তোমাদের জানা উচিত যে, আল্লাহর শাস্তি কঠোর।

*God Supports the Believers*  
*আল্লাহ বিশ্বাসীদের সমর্থন করেন*

[8:26] Remember that you used to be few and oppressed, fearing that the people may snatch you, and He granted you a secure sanctuary, supported you with His victory, and provided you with good provisions, that you may be appreciative.

৮/২৬ স্মরণ করো যে তোমরা অল্পসংখ্যক এবং নির্যাতিত ছিলে, ভয় করতে যে লোকেরা হয়তো তোমাদের ছিনিয়ে নিতে পারে, এবং তিনি তোমাদেরকে প্রদান করলেন একটি নিরাপদ আশ্রয়স্থল, তাঁর বিজয় দিয়ে তোমাদের সমর্থন করলেন, এবং তোমাদেরকে দিলেন ভালো জীবিকা, যাতে তোমরা কৃতজ্ঞ হতে পারো।

[8:27] O you who believe, do not betray GOD and the messenger, and do not betray those who trust you, now that you know.

৮/২৭ হে তোমরা যারা বিশ্বাস করো, আল্লাহ এবং তাঁর বার্তাবাহকের সাথে প্রতারণা করো না, এবং তাদের সাথে প্রতারণা করো না যারা তোমাদের প্রতি আস্থা রাখে, এখন যেহেতু তোমরা জানো।

*Money & Children Are Tests*

অর্থ এবং সন্তানসন্ততি হচ্ছে পরীক্ষা

[8:28] You should know that your money and your children are a test, and that GOD possesses a great recompense.

৮/২৮ তোমাদের জানা উচিত যে তোমাদের অর্থ এবং তোমাদের সন্তানরা একটি পরীক্ষা, এবং এটা যে আল্লাহর অধীনে আছে এক মহা প্রতিদান।

[8:29] O you who believe, if you reverence GOD, He will enlighten you, remit your sins, and forgive you. GOD possesses infinite grace.

৮/২৯ হে তোমরা যারা বিশ্বাস করো, যদি তোমরা আল্লাহকে ভক্তি শ্রদ্ধা করো, তিনি তোমাদেরকে আলোকিত করবেন, তোমাদের পাপ মার্জনা করবেন, এবং তোমাদের ক্ষমা করবেন। আল্লাহ অসীম অনুগ্রহের অধিকারী।

*God Protects His Messenger \**

আল্লাহ তাঁর বার্তাবাহককে রক্ষা করেন

[8:30] The disbelievers plot and scheme to neutralize you, or kill you, or banish you. Ho foothold wever, they plot and scheme, but so does GOD. GOD is the best schemer.

৮/৩০ অবিশ্বাসীরা চক্রান্ত এবং ফন্দি আঁটে তোমাকে নিষ্ক্রিয় করতে, অথবা তোমাকে হত্যা করতে, অথবা তোমাকে নির্বাসিত করতে। যাই হোক, তারা চক্রান্ত এবং ফন্দি আঁটে, কিন্তু আল্লাহও তা-ই করেন, আল্লাহ শ্রেষ্ঠ পরিকল্পনাকারী।

\*8:30 God chose His final prophet, Muhammad, from the strongest tribe of Arabia. It was tribal laws and traditions that prevented the disbelievers—by God's leave—from killing Muhammad. Similarly, it was God's will to move His Messenger of the Covenant from the Middle East, where he would have been killed, to the U.S.A. where God's message can flourish and reach every corner of the globe. This is mathematically confirmed: the sura & verse numbers= 8+30=19x2.

[8:31] When our revelations are recited to them, they say, "We have heard. If we wanted to, we could have said the same things. These are no more than tales from the past!"

৮/৩১ যখন আমাদের প্রকাশনাবলি তাদের কাছে আবৃত্তি করা হয়, তারা বলে, “আমরা

শুনেছি। যদি আমরা করতে চাইতাম, আমরা একই জিনিস বলতে পারতাম। এগুলো অতীতের গল্প ছাড়া বেশি কিছু নয়।”

[8:32] They also said, "Our god, if this is really the truth from You, then shower us with rocks from the sky, or pour upon us a painful punishment."

৮/৩২ তারা আরোও বলেছিল, “আমাদের উপাস্য, যদি এটি বাস্তবিকই আপনার পক্ষ থেকে সত্য হয়, তবে আকাশ থেকে আমাদের উপর পাথর বর্ষন করুন, অথবা আমাদের উপর একটি যন্ত্রনাদায়ক শাস্তি পতিত করুন।”

[8:33] However, GOD is not to punish them while you are in their midst; GOD is not to punish them while they are seeking forgiveness.

৮/৩৩ তা সত্ত্বেও, আল্লাহ তাদের শাস্তি দেয়ার নয় যতক্ষণ তুমি তাদের মধ্যে রয়েছ; আল্লাহ তাদের শাস্তি দেয়ার নয় যতক্ষণ তারা ক্ষমা প্রার্থনা করছে।

[8:34] Have they not deserved GOD's retribution, by repelling others from the Sacred Masjid, even though they are not the custodians thereof? The true custodians thereof are the righteous, but most of them do not know.

৮/৩৪ তারা কি আল্লাহর শাস্তির উপযুক্ত হয় নি, অন্যদেরকে পবিত্র মসজিদ থেকে বাঁধা দানের দ্বারা, যদিও তারা সেখানকার তত্ত্বাবধায়ক নয়? সেখানকার প্রকৃত তত্ত্বাবধায়ক হচ্ছে সৎকর্মশীলরা, কিন্তু তাদের অধিকাংশ জানে না।

*The Contact Prayers (Salat) Existed Before the Quran\**

সংযোগ প্রার্থনাসমূহ (সালাত) কোরানের আগে বর্তমান ছিল

[8:35] Their Contact Prayers (Salat) at the shrine (Ka'bah) were no more than a mockery and a means of repelling the people (by crowding them out). Therefore, suffer the retribution for your disbelief.

৮/৩৫ পূন্যস্থানে (কা'বা) তাদের সংযোগ প্রার্থনাসমূহ (সালাত) একটি উপহাস এবং (ভিড় করে বাইরে রেখে) লোকদের বাঁধা দেয়ার একটি মাধ্যমের চেয়ে বেশি কিছু নয়। অতএব, তোমাদের অবিশ্বাসের জন্য শাস্তি ভোগ করো।

*Spending Their Money to Fight God\**  
আল্লাহর সাথে লড়াইতে তাদের অর্থ ব্যয় করা

[8:36] Those who disbelieve spend their money to repel others from the way of GOD. They will spend it, then it will turn into sorrow and remorse for them. Ultimately, they will be defeated, and all disbelievers will be summoned to Hell.

৮/৩৬ যারা অবিশ্বাস করে তারা তাদের অর্থ ব্যয় করে অন্যদেরকে আল্লাহর পথ থেকে প্রতিহত করতে। তারা তা ব্যয় করবে, এরপর এটা তাদের জন্য দুঃখ ও অনুতাপে পরিণত হবে। সব শেষে, তারা পরাজিত হবে, এবং সব অবিশ্বাসীদের নরকে ডাকা হবে।

\*8:36 *The idol worshiping leaders of corrupted Islam, Saudi Arabia, have allocated huge sums of money annually to fight God and His miracle. For example, the famous Lebanese publisher Dār Al-'Ilm Lil-Malāyīn (Knowledge for the Millions) published the Arabic version of "The Miracle of the Quran" in March 1983. The Saudis bought all the copies and destroyed them.*

[8:37] GOD will sift away the bad from the good, then pile the bad on top of each other, all in one pile, then throw it in Hell. Such are the losers.

৮/৩৭ আল্লাহ মন্দকে ভালো থেকে আলাদা করবেন, এরপর মন্দকে একে অন্যের উপর স্তুপ করবেন, সকলকে এক স্তুপের ভিতর, তারপর একে নরকে নিক্ষেপ করবেন। ক্ষতিগ্রস্তরা এমনই।

[8:38] Tell those who disbelieved: if they stop, all their past will be forgiven. But if they return, they will incur the same fate as their previous counterparts.

৮/৩৮ যারা অবিশ্বাস করেছে তাদেরকে বলঃ যদি তারা ক্ষান্ত হয়, তাদের সকল অতীত ক্ষমা করে দেয়া হবে। কিন্তু যদি তারা ফিরে যায়, তারা সেই একই ভাগ্য টেনে আনবে যেমন এনেছিল তাদের পূর্ববর্তী প্রতিরূপরা।

[8:39] You shall fight them to ward off oppression, and to practice your religion devoted to GOD alone. If they refrain from aggression, then GOD is fully Seer of everything they do.

৮/৩৯ তুমি তাদের সাথে লড়াই করবে নিপীড়ন বন্ধ করতে, এবং তোমাদের ধর্ম একমাত্র আল্লাহকে উৎসর্গ করে চর্চা করতে। যদি তারা আগ্রাসন থেকে বিরত হয়, তবে আল্লাহ সবকিছুর পূর্ণ দ্রষ্টা যা তারা করে।

[8:40] If they turn away, then you should know that GOD is your Lord and Master; the best Lord and Master, the best supporter.

৮/৪০ যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে তোমাদের জানা উচিত যে আল্লাহ তোমাদের প্রভু এবং মনিব; সর্বশ্রেষ্ঠ প্রভু এবং মনিব, সর্বশ্রেষ্ঠ সহায়তাকারী।

[8:41] You should know that if you gain any spoils in war, one-fifth shall go to GOD and the messenger, to be given to the relatives, the orphans, the poor, and the traveling alien. You will do this if you believe in GOD and in what we revealed to our servant on the day of decision, the day the two armies clashed.

GOD is Omnipotent.

৮/৪১ তোমাদের জানা উচিত যে যদি তোমরা যুদ্ধে কোন যুদ্ধলব্ধ মাল অর্জন করো, এক-পঞ্চমাংশ আল্লাহ এবং বার্তাবাহকের নিকট যাবে, আত্মীয়, এতিম, গরিব, এবং ভ্রমণরত ভিনদেশীকে দিতে। তোমরা এটি করবে যদি তোমরা বিশ্বাস করো আল্লাহতে এবং তাতে যা আমরা আমাদের দাসের নিকট প্রকাশ করেছি সিদ্ধান্তের দিনে, দুই সৈন্যবাহিনীর সংঘর্ষের দিন। আল্লাহ সর্বশক্তিমান।

*God Controls Everything and Plans for the Believers*

*আল্লাহ বিশ্বাসীদের জন্য সবকিছু নিয়ন্ত্রণ এবং পরিকল্পনা করেন*

[8:42] Recall that you were on this side of the valley, while they were on the other side. Then their caravan had to move to lower ground. Had you planned it this way, you could not have done it. But GOD was to carry out a predetermined matter, whereby those destined to be annihilated were annihilated for an obvious reason, and those destined to be saved were saved for an obvious reason. GOD is Hearer, Omniscient.

৮/৪২ স্মরণ করো যে তোমরা উপত্যকার এই পাশে ছিলে, যখন তারা ছিল অন্য পাশে। এরপর তাদের মরুযাত্রীদেরকে নিম্ন ভূমিতে সরতে হয়েছে। যদি তোমরা এটা এরকমভাবে

পরিকল্পনা করতে, তোমরা তা করতে পারতে না। কিন্তু আল্লাহকে একটি পূর্বনির্ধারিত বিষয় কার্যকর করতে হয়েছিল, যার দ্বারা যারা ধংস হতে পূর্বনির্ধারিত ছিল তারা একটি স্পষ্ট কারণে ধংস হয়েছিল, এবং যারা রক্ষাপ্রাপ্ত হতে পূর্বনির্ধারিত ছিল তারা একটি স্পষ্ট কারণে রক্ষাপ্রাপ্ত হয়েছিল। আল্লাহ শ্রোতা, সর্বজ্ঞ।

[8:43] **GOD** made them appear in your dream (*O Muhammad*) fewer in number. Had He made them appear more numerous, you would have failed, and you would have disputed among yourselves. But **GOD** saved the situation. He is Knower of the innermost thoughts.

৮:৪৩ আল্লাহ তোমার (হে মুহাম্মদ) স্বপ্নে তাদেরকে অল্প সংখ্যক দেখিয়েছিলেন। যদি তিনি তাদেরকে অধিকতর সংখ্যক দেখাতেন, তোমরা ব্যর্থ হতে, এবং তোমরা নিজেদের মধ্য বিবাদ করতে। কিন্তু আল্লাহ পরিস্থিতিটি নিয়ন্ত্রণ করলেন। তিনি গভীরতম চিন্তাগুলো জানেন।

[8:44] And when the time came and you faced them, He made them appear fewer in your eyes, and made you appear fewer in their eyes as well. For **GOD** willed to carry out a certain plan. All decisions are made by **GOD**.

৮/৪৪ এবং যখন সে সময় আসলো ও তোমরা তাদের সম্মুখীন হলে, তিনি তোমাদের চোখে তাদের অল্প সংখ্যক দেখালেন, এবং তোমাদেরকেও তাদের চোখে অল্প সংখ্যক দেখালেন। কারণ আল্লাহ একটি নির্দিষ্ট পরিকল্পনা সম্পন্ন করার ইচ্ছা করেছিলেন। সকল সিদ্ধান্ত আল্লাহর প্রণীত।

[8:45] O you who believe, when you encounter an army, you shall hold fast and commemorate **GOD** frequently, that you may succeed.

৮/৪৫ হে যারা বিশ্বাস করো, যখন তোমরা কোন সৈন্য বাহিনীর মুখোমুখি হও, তোমরা সুদৃঢ় থাকবে এবং আল্লাহকে অনবরত স্মরণ করবে, যাতে তোমরা সফল হতে পারো।

[8:46] You shall obey **GOD** and His messenger, and do not dispute among yourselves, lest you fail and scatter your strength. You shall steadfastly persevere. **GOD** is with those who steadfastly persevere.

৮/৪৬ তোমরা আল্লাহ এবং তাঁর বার্তাবাহককে মান্য করবে, এবং নিজেদের মধ্যে বিবাদ করবে না, পাছে তোমরা ব্যর্থ হও এবং তোমাদের শক্তি ছড়িয়ে ফেলো। তোমরা দৃঢ়তার সাথে অধ্যবসায়ী হবে। আল্লাহ তাদের সাথে রয়েছেন যারা দৃঢ়তার সাথে অধ্যবসায়ী।

[8:47] Do not be like those who left their homes grudgingly, only to show off, and in fact discouraged others from following the path of **GOD**. **GOD** is fully aware of everything they do.

৮/৪৭ তাদের মতো হইও না যারা অনিচ্ছায় তাদের ঘর ছেড়েছিল, শুধুমাত্র লোক দেখাতে, এবং বাস্তবিকপক্ষে অন্যদেরকে আল্লাহর পথ অনুসরণ করা থেকে অনুৎসাহিত করতে। তারা যা করে আল্লাহ সে সবকিছু সম্পর্কে সম্পূর্ণ অবগত।

*The Devil Sees God's Invisible Soldiers*  
শয়তান আল্লাহর অদৃশ্য সৈন্যদের দেখে

[8:48] The devil had adorned their works in their eyes, and said, "You cannot be defeated by any people today," and "I will be fighting along with you." But as soon as the two armies faced each other, he turned back on his heels and fled, saying, "I disown you. I see what you do not see. I am afraid of **GOD**. **GOD**'s retribution is awesome."

৮/৪৮ শয়তান তাদের কাজকে তাদের চোখে সাজিয়ে দিল, এবং বলল, “তোমরা আজ কোন দল দ্বারা পরাজিত হতে পারো না”, এবং “আমি তোমাদের সাথে যুদ্ধ করতে থাকবো” কিন্তু যে মুহূর্তে দুই সৈন্যদল একে অন্যের মুখোমুখি হলো, সে পেছনে ফিরে গেল এবং পালাল, এই বলে যে, “আমি তোমাদের পরিত্যাগ করি। আমি দেখি যা তোমরা দেখো না। আমি আল্লাহকে ভয় করি। আল্লাহর শাস্তি ভয়াবহ।”

[8:49] The hypocrites and those who harbored doubt in their hearts said, "These people are deceived by their religion." However, if one puts his trust in **GOD**, then **GOD** is Almighty, Most Wise.

৮/৪৯ ভণ্ডরা এবং যারা তাদের হৃদয়ে সন্দেহ পোষণ করেছিল তারা বলল, “এই লোকেরা তাদের ধর্মের মাধ্যমে প্রতারিত”। কিন্তু, কেউ

যদি তার আস্থা আল্লাহর প্রতি রাখে, তবে আল্লাহ সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী।

[8:50] If you could only see those who disbelieved when the angels put them to death! They will beat them on their faces and their rear ends: "Taste the retribution of Hell.

৮/৫০ যদি তুমি শুধু দেখতে পারতে তাদেরকে যারা অবিশ্বাস করেছিল যখন ফেরেশতারা তাদের হত্যা করে! তারা তাদের প্রহার করবে তাদের মুখে এবং তাদের পশ্চাৎপ্রান্তে “নরকের শাস্তি আন্বাদন করো।

[8:51] "This is a consequence of what your hands have sent forth. GOD is never unjust towards the creatures."

৮/৫১ “যা তাদের হাত পূর্বে পাঠিয়েছে এটি তার একটি ফল। আল্লাহ সৃষ্টিজগতের প্রতি কখনো অবিচারক নন।”

[8:52] This is the same fate as that of Pharaoh's people and those who disbelieved before them. They rejected GOD's revelations, and GOD punished them for their sins. GOD is powerful, and His retribution is severe.

৮/৫২ ফেরাউনের লোক এবং তাদের পূর্বে যারা অবিশ্বাস করেছিল এটি তাদের মতো সে একই পরিনতি। তারা আল্লাহর প্রকাশনাবলি প্রত্যাক্ষান করেছিল, এবং আল্লাহ তাদেরকে তাদের পাপের জন্য শাস্তি দিয়েছিলেন। আল্লাহ ক্ষমতাবান, এবং তাঁর শাস্তি কঠোর।

*Retribution: A Consequence of Sin*  
শাস্তিঃ পাপের একটি ফল

[8:53] GOD does not change a blessing He has bestowed upon any people unless they themselves decide to change. GOD is Hearer, Omniscient.

৮/৫৩ আল্লাহ কোন আশীর্বাদ পরিবর্তন করেন না যা তিনি কোন লোকের উপর আরোপ করেছেন যদি না তারা নিজেরা পরিবর্তনের সিদ্ধান্ত নেয়। আল্লাহ শ্রোতা, সর্বজ্ঞ।

[8:54] Such was the case with the people of Pharaoh and others before them. They first rejected the signs of their Lord. Consequently, we annihilated them for their sins. We drowned Pharaoh's people; the wicked were consistently punished.

৮/৫৪ ফেরাউনের লোক এবং তাদের পূর্বের অন্যদের সাথে বিষয়টি এরকমই ছিল। তারা প্রথমে তাদের প্রভুর নিদর্শনাবলি প্রত্যাক্ষান করেছিল। ফলস্বরূপ, আমরা তাদেরকে তাদের পাপের জন্য ধ্বংস করলাম। আমরা ফেরাউনের লোকদের ডুবালাম; মন্দদেরকে উপযুক্তভাবে শাস্তি দেয়া হয়েছিল।

[8:55] The worst creatures in the sight of GOD are those who disbelieved; they cannot believe.

৮/৫৫ আল্লাহর দৃষ্টিতে তারা সবচেয়ে নিকৃষ্ট সৃষ্টি যারা অবিশ্বাস করে; তারা বিশ্বাস করতে পারে না।

[8:56] You reach agreements with them, but they violate their agreements every time; they are not righteous.

৮/৫৬ তোমরা তাদের সাথে চুক্তিতে পৌঁছাও, কিন্তু প্রতিবারই তারা তাদের চুক্তি ভাঙ্গে; এরা সৎকর্মশীল নয়।

[8:57] Therefore, if you encounter them in war, you shall set them up as a deterrent example for those who come after them, that they may take heed.

৮/৫৭ অতএব, যদি তোমরা যুদ্ধে তাদের মুখোমুখি হও, তোমরা তাদেরকে একটি বাধাদানকারক উদাহরণ হিসাবে স্থাপন করবে তাদের জন্য যারা তাদের পরে আসে, যাতে তারা সাবধান হতে পারে।

[8:58] When you are betrayed by a group of people, you shall mobilize against them in the same manner. GOD does not love the betrayers.

৮/৫৮ যখন তোমরা এক দল লোক দ্বারা প্রতারিত হয়েছ, তাদের বিরুদ্ধে তোমরা একই পন্থায় যুদ্ধের জন্য প্রস্তুত হবে।

[8:59] Let not those who disbelieve think that they can get away with it; they can never escape.

৮/৫৯ যারা অবিশ্বাস করে তাদেরকে চিন্তা করতে দিওনা যে তারা এটি করে পার পেয়ে যাবে; তারা কখনো পালাতে পারে না।

*You Shall Be Prepared: A Divine Commandment*

তোমরা প্রস্তুত থাকবেঃ একটি ঐশ্বরিক প্রত্যাদেশ



[8:60] You shall prepare for them all the power you can muster, and all the equipment you can mobilize, that you may frighten the enemies of GOD, your enemies, as well as others who are not known to you; GOD knows them. Whatever you spend in the cause of GOD will be repaid to you generously, without the least injustice.

৮/৬০ তোমরা তাদের জন্য সকল শক্তি প্রস্তুত করবে যা তোমরা সমবেত করতে পারো, এবং সকল সরঞ্জাম যা তোমরা একত্রিত করতে পারো, যাতে তোমরা আল্লাহর শত্রুদের ভয় দেখাতে পারো, তোমাদের শত্রু, একই সাথে অন্যদের যারা তোমাদের কাছে পরিচিত নয়; আল্লাহ তাদের জানেন। তোমরা আল্লাহর উদ্দেশ্যে যা কিছু ব্যয় করো তোমাদেরকে পুনরায় ফিরিয়ে দেয়া হবে উদারভাবে সামান্যতম অবিচার ছাড়াই।

[8:61] If they resort to peace, so shall you, and put your trust in GOD. He is the Hearer, the Omniscient.

৮/৬১ যদি তারা শান্তি অবলম্বন করে, তোমরাও তা-ই করবে, এবং আল্লাহর প্রতি তোমাদের আস্থা রাখো। তিনি শ্রোতা, সর্বজ্ঞ।

*God Suffices the Believers*  
*বিশ্বাসীদের জন্য আল্লাহ যথেষ্ট*

[8:62] If they want to deceive you, then GOD will suffice you. He will help you with His support, and with the believers.

৮/৬২ যদি তারা তোমাদের প্রতারণা করতে চায়, তবে আল্লাহ তোমাদের জন্য যথেষ্ট হবেন। তিনি তাঁর সমর্থন দিয়ে, এবং বিশ্বাসীদের দিয়ে তোমাদের সাহায্য করবেন।

[8:63] He has reconciled the hearts (of the believers). Had you spent all the money on earth, you could not reconcile their hearts. But GOD did reconcile them. He is Almighty, Most Wise.

৮/৬৩ তিনি (বিশ্বাসীদের) অন্তর পুনর্মিলিত করেছেন। যদি তুমি পৃথিবীর সমস্ত অর্থ ব্যয় করতে, তুমি তাদের অন্তরকে পুনর্মিলিত করতে পারতে না। কিন্তু আল্লাহ তাদের পুনর্মিলিত করলেন। তিনি সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী।

[8:64] O you prophet, sufficient for you is GOD and the believers who have followed you.

৮/ ৬৪ হে নবী, তোমার জন্য যথেষ্ট আল্লাহ এবং বিশ্বাসীরা যারা তোমার অনুসরণ করেছে।

[8:65] O you prophet, you shall exhort the believers to fight. If there are twenty of you who are steadfast, they can defeat two hundred, and a hundred of you can defeat a thousand of those who disbelieved. That is because they are people who do not understand.

৮/৬৫ হে নবী, তুমি বিশ্বাসীদের যুদ্ধ করতে উৎসাহিত করবে। যদি তোমাদের বিশ জন থাকে যারা দৃঢ়, তারা দুই শত লোককে পরাজিত করতে পারে, এবং তোমাদের একশত জন পরাজিত করতে পারে তাদের এক হাজার জনকে যারা অবিশ্বাস করে। এর কারণ হচ্ছে তারা এমন লোক যারা বোঝে না।

[8:66] Now (that many new people have joined you) GOD has made it easier for you, for He knows that you are not as strong as you used to be. Henceforth, a hundred steadfast believers can defeat two hundred, and a thousand of you can defeat two thousand by GOD's leave. GOD is with those who steadfastly persevere.

৮/৬৬ এখন (যেহেতু অনেক নতুন লোক তোমাদের সাথে যুক্ত হয়েছে) আল্লাহ এটি তোমাদের জন্য সহজ করেছেন, কারণ তিনি জানেন যে তোমরা ততটা শক্তিশালী নও যেমন তোমরা থাকতে। এখন থেকে, আল্লাহর অনুমতিক্রমে একশ দৃঢ় বিশ্বাসী দু'শ জনকে পরাজিত করতে পারবে, এবং তোমাদের এক হাজার জন দু'হাজার জনকে পরাজিত করতে পারবে। আল্লাহ তাদের সাথে রয়েছেন যারা দৃঢ়তার সাথে অধ্যবসায়ী।

[8:67] No prophet shall acquire captives, unless he participates in the fighting. You people are seeking the materials of this world, while GOD advocates the Hereafter. GOD is Almighty, Most Wise.

৮/৬৭ কোন নবী বন্দীদের পাবে না, যদি না সে লড়াইয়ে অংশ নেয়। তোমরা লোকেরা এই দুনিয়ার বস্তুসামগ্রী খুঁজছ, যখন আল্লাহ পরকালের উকালতি করেন। আল্লাহ সর্ব শক্তিমান, সব থেকে জ্ঞানী।

[8:68] If it were not for a predetermined decree from GOD, you would have suffered, on account of what you took, a terrible retribution.

৮/৬৮ যদি এটি আল্লাহর পক্ষ থেকে একটি পূর্ব নির্ধারিত হুকুম জারির জন্য না হতো, তোমরা হয়তো ভুগতে, যা তোমরা নিয়েছিলে তার জন্য, এক ভয়ানক শাস্তি।

[8:69] Therefore, eat from the spoils you have earned that which is lawful and good, and observe GOD. GOD is Forgiver, Most Merciful.

৮/৬৯ অতএব, যুদ্ধলব্ধ মালের থেকে খাও যা তোমরা উপার্জন করেছ যা আইনসিদ্ধ এবং ভালো, এবং আল্লাহকে মান্য করো। আল্লাহ ক্ষমাশীল, সব থেকে দয়াময়।

[8:70] O you prophet, tell the prisoners of war in your hands, "If GOD knew of anything good in your hearts, He would have given you better than anything you have lost, and would have forgiven you. GOD is Forgiver, Most Merciful."

৮/৭০ হে নবী, তোমাদের হাতে থাকা যুদ্ধ বন্দীদের বল, “যদি আল্লাহ তোমাদের হৃদয়ের ভিতরকার ভালো কিছু জানতেন, তিনি তোমাদেরকে দিতেন তোমরা যা কিছু হারিয়েছ তার চেয়ে উত্তম কিছু, এবং তোমাদের ক্ষমা করে দিতেন। আল্লাহ ক্ষমাকারী, সব থেকে দয়ালু।”

[8:71] And if they want to betray you, they have already betrayed GOD. This is why He made them the losers. GOD is Omniscient, Most Wise.

৮/৭১ এবং যদি তারা তোমাদের প্রতারণা করতে চায়, তারা ইতোমধ্যেই আল্লাহকে প্রতারণা করেছে। এ কারণেই তিনি তাদের পরাজিত করালেন। আল্লাহ সর্বজ্ঞ, সবচেয়ে জ্ঞানী।

[8:72] Surely, those who believed, and emigrated, and strove with their money and their lives in the cause of GOD, as well as those who hosted them and gave them refuge, and supported them, they are allies of one another. As for those who believe, but do not emigrate with you, you do not owe them any support, until they do emigrate. However, if

they need your help, as brethren in faith, you shall help them, except against people with whom you have signed a peace treaty. GOD is Seer of everything you do.

৮/৭২ নিশ্চিতভাবে, যারা বিশ্বাস করেছে, এবং দেশত্যাগ করেছে, এবং আল্লাহর উদ্দেশ্যে সংগ্রাম করেছে তাদের অর্থ এবং তাদের জীবন দিয়ে, একই সাথে যারা তাদেরকে আতিথিয়তা করেছে এবং তাদেরকে আশ্রয় দিয়েছে, এবং তাদেরকে সমর্থন করেছে, তারা একে অন্যের মিত্র। তাদের জন্য যারা বিশ্বাস করে, কিন্তু তোমাদের সাথে দেশত্যাগ করে না, তোমরা তাদেরকে কোন সমর্থন দিতে বাধ্য নও, যতক্ষণ পর্যন্ত না তারা দেশত্যাগ করে। যাহোক, যদি তোমাদের সাহায্য তাদের দরকার হয়, বিশ্বাসী ভ্রাতা হিসেবে, তোমরা তাদের সাহায্য করবে, সে লোকদের বিরুদ্ধে না গিয়ে যারা তোমাদের সাথে একটি শান্তি চুক্তিতে সাক্ষর করেছে। আল্লাহ সবকিছুর দ্রষ্টা যা তোমরা করো।

[8:73] Those who disbelieved are allies of one another. Unless you keep these commandments, there will be chaos on earth, and terrible corruption.

৮/৭৩ যারা অবিশ্বাস করেছে তারা একে অন্যের মিত্র। যদি না তোমরা এই প্রত্যাদেশাবলি রক্ষা করো, পৃথিবীতে বিশৃঙ্খলা, এবং ভয়ানক দুর্নীতি হবে।

[8:74] Those who believed and emigrated, and strove in the cause of GOD, as well as those who hosted them and gave them refuge, and supported them, these are the true believers. They have deserved forgiveness and a generous recompense.

৮/৭৪ যারা বিশ্বাস করেছে এবং দেশত্যাগ করেছে, এবং আল্লাহর উদ্দেশ্যে সংগ্রাম করেছে, একই সাথে যারা তাদেরকে আতিথিয়তা করেছে এবং তাদেরকে আশ্রয় দিয়েছে, এবং তাদেরকে সমর্থন করেছে, এরাই প্রকৃত বিশ্বাসী। তারা ক্ষমা এবং এক উদার প্রতিদানের উপযুক্ত হয়েছে।

[8:75] Those who believed afterwards, and emigrated, and strove with you, they belong with you. Those who are related to each other shall be the first to support each other, in accordance with GOD's commandments. GOD is fully aware of all things.

৳/৭৫ যারা ংরপর বিশ্বাস করেছে, ংবং  
দেশত্যাগ করেছে, ংবং তোমাদের সাথে  
সংগ্রাম করেছে, তারা তোমাদের অন্তর্ভুক্ত।  
যারা ংকে ংন্যের সাথে সম্পর্কিত সমর্থন করার  
ক্ষেত্রে তারা ংকে ংন্যকে প্রাধান্য দিবে,  
আল্লাহর প্রত্যাদেশাবলি ংনুসারে। আল্লাহ  
সবকিছুর বিষয়েই পূর্ন সচেতন।

## Sura 9: Ultimatum (Barā'ah)

No Basmalah\*  
বিসমিল্লাহ শূন্য\*

[9:1] An ultimatum is herein issued from GOD and His messenger to the idol worshipers who enter into a treaty with you.

৯/১ আল্লাহ এবং তাঁর বার্তাবাহকের পক্ষ থেকে এখানে একটি চূড়ান্ত শর্ত জারি করা হলো অংশীদার উপাসকদের প্রতি যারা তোমাদের সাথে একটি চুক্তিতে আসে।

\*9:1 The absence of **Basmalah** from this sura is not only a profound sign from the Almighty Author of the Quran that this sura has been tampered with, but also represents an awesome miracle in its own right. See the details in Appendices 24 & 29.

[9:2] Therefore, roam the earth freely for four months, and know that you cannot escape from GOD, and that GOD humiliates the disbelievers.

৯/২ অতএব, চার মাসের জন্য পৃথিবীতে মুক্তভাবে ঘুড়ে বেড়াও, এবং জানো যে তোমরা আল্লাহ থেকে পালাতে পারো না, এবং আল্লাহ অবিশ্বাসীদের লাঞ্চিত করেন।

[9:3] A proclamation is herein issued from GOD and His messenger to all the people on the great day of pilgrimage, that GOD has disowned the idol worshipers, and so did His messenger. Thus, if you repent, it would be better for you. But if you turn away, then know that you can never escape from GOD. Promise those who disbelieve a painful retribution.

৯/৩ আল্লাহ এবং তাঁর বার্তাবাহকের পক্ষ থেকে সকল লোকদের প্রতি এখানে একটি ঘোষণা জারি করা হলো তীর্থযাত্রার এই মহান দিনে, যে আল্লাহ অংশীদার উপাসকদের পরিত্যাগ করেছেন, এবং তাঁর বার্তাবাহকও তা-ই করেছে। সুতরাং, যদি তোমরা অনুশোচনা করো, এটা তোমাদের জন্য উত্তম হবে। কিন্তু যদি তোমরা মুখ ফিরিয়ে নাও, তবে জানো যে তোমরা কখনোই আল্লাহ থেকে পালাতে পারো না। যারা অবিশ্বাস করে তাদেরকে একটি যন্ত্রণাদায়ক শাস্তির অঙ্গীকার করো।

[9:4] If the idol worshipers sign a peace treaty with you, and do not violate it, nor band together with others against you, you shall

fulfill your treaty with them, until the expiration date. GOD loves the righteous.

৯/৪ যদি অংশীদার উপাসকেরা তোমাদের সাথে একটি শান্তি চুক্তিতে স্বাক্ষর করে, এবং না এর লঙ্ঘন করে, না সংঘবদ্ধ হয় অন্যদের সাথে তোমাদের বিরুদ্ধে, তোমরা তাদের সাথে তোমাদের চুক্তি পরিপূর্ণ করবে, মেয়াদ উত্তীর্ণের তারিখ পর্যন্ত।

[9:5] Once the Sacred Months are past, (and they refuse to make peace) you may kill the idol worshipers when you encounter them, punish them, and resist every move they make. If they repent and observe the Contact Prayers (Salat) and give the obligatory charity (Zakat), you shall let them go. GOD is Forgiver, Most Merciful.

৯/৫ একবার পবিত্র মাসসমূহ পার হলে, (এবং তারা শান্তি স্থাপন করা প্রত্যাখ্যান করলে) তোমরা অংশীদার উপাসকদের হত্যা করতে পারো যখন তোমরা তাদের সম্মুখীন হও, তাদের শাস্তি দিতে পারো, এবং তাদের তৈরী করা প্রত্যেক পদক্ষেপ প্রতিহত করতে পারো। যদি তারা অনুশোচনা করে এবং সংযোগ প্রার্থনা (সালাত) প্রতিষ্ঠা করে এবং বাধ্যতামূলক দান (যাকাত) দেয়, তোমরা তাদের ছেড়ে দেবে। আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।

[9:6] If one of the idol worshipers sought safe passage with you, you shall grant him safe passage, so that he can hear the word of GOD, then send him back to his place of security. That is because they are people who do not know.

৯/৬ যদি কোন অংশীদার উপাসক তোমাদের সাথে নিরাপদে অবস্থান করতে চায়, তোমরা তাকে নিরাপদ প্রস্থান করতে দিবে, যাতে সে আল্লাহর বানী শুনতে পারে, এরপর তাকে তার নিরাপত্তার স্থানে ফেরত পাঠাও। এটা এ কারণে যে তারা এমন লোক যারা জানে না।

[9:7] How can the idol worshipers demand any pledge from GOD and from His messenger? Exempted are those who have signed a peace treaty with you at the Sacred Masjid. If they honor and uphold such a treaty, you shall uphold it as well. GOD loves the righteous.

৯/৭ কেমন করে অংশীদার উপাসকেরা আল্লাহ থেকে এবং তাঁর বার্তাবাহক থেকে কোন অঙ্গীকার দাবী করতে পারে? তারা নিষ্কৃতিপ্রাপ্ত যারা পবিত্র মসজিদে তোমাদের সাথে একটি শান্তি চুক্তি স্বাক্ষর করেছে। যদি তারা এরকম

একটি চুক্তিকে সম্মান করে এবং বহাল রাখে, তোমরাও একই ভাবে তা বহাল রাখবে। আল্লাহ সৎকর্মীদের ভালবাসেন।

[9:8] How can they (demand a pledge) when they never observed any rights of kinship between you and them, nor any covenant, if they ever had a chance to prevail. They pacified you with lip service, while their hearts were in opposition, and most of them are wicked.

৯/৮ কেমন করে তারা (একটি প্রতিশ্রুতি দাবী করতে) পারে যখন তারা কখনোই তোমাদের এবং তাদের মাঝে কোন আত্মীয়তার অধিকার পালন করতো না, না কোন অঙ্গীকার, যদি কখনো তাদের জয়ী হবার সুযোগ থাকতো। তারা মুখের কথা দিয়ে তোমাকে প্রশান্ত করলো, যখন তাদের হৃদয়ে বিরোধিতা ছিল, এবং তাদের বেশির ভাগ মন্দ।

[9:9] They traded away GOD's revelations for a cheap price. Consequently, they repulsed the people from His path. Miserable indeed is what they did!

৯/৯ তারা সস্তা মূল্যে আল্লাহর প্রকাশনাবলির বাণিজ্য করলো। পরিনামে, তারা লোকদেরকে তাঁর পথ থেকে বিতাড়িত করলো। প্রকৃতই শোচনীয় যা তারা করেছিল।

[9:10] They never observe any rights of kinship towards any believer, nor do they uphold their covenants; these are the real transgressors.

৯/১০ তারা কখনোই কোন বিশ্বাসীর প্রতি আত্মীয়তার কোন অধিকার পালন করেনি, না তারা মেনে চলে তাদের অঙ্গীকারগুলো; এরাই আসল সীমালঙ্ঘনকারী।

*Repentance: Cleaning the Slate*

*অনুশোচনাঃ অতীত পরিশুদ্ধ করে*

[9:11] If they repent and observe the Contact Prayers (*Salat*) and give the obligatory charity (*Zakat*), then they are your brethren in religion. We thus explain the revelations for people who know.

৯/১১ যদি তারা অনুশোচনা করে এবং সংযোগ প্রার্থনা (সালাত) প্রতিষ্ঠা করে ও বাধ্যতামূলক দান (যাকাত) দেয়, তবে তারা তোমাদের ধর্ম ভাই। আমরা এভাবে লোকদের জন্য প্রকাশনাবলী ব্যাখ্যা করি যারা জানে।

[9:12] If they violate their oaths after pledging to keep their covenants, and attack your

religion, you may fight the leaders of paganism—you are no longer bound by your covenant with them—that they may refrain. ৯/১২ যদি তারা তাদের শপথ ভঙ্গ করে তাদের অঙ্গীকার রাখার প্রতিশ্রুতি দেবার পর, এবং তোমাদের ধর্মকে আক্রমণ করে, তোমরা পৌত্তলিকতার নেতাদের সাথে লড়াই করতে পারো- তোমরা তাদের সাথে তোমাদের অঙ্গীকার দ্বারা আর আবদ্ধ নও- যাতে তারা বিরত থাকতে পারে।

[9:13] Would you not fight people who violated their treaties, tried to banish the messenger, and they are the ones who started the war in the first place? Are you afraid of them? **GOD** is the One you are supposed to fear, if you are believers.

৯/১৩ তোমরা কি সে লোকদের সাথে লড়াই করবে না যারা তাদের চুক্তিসমূহ ভঙ্গ করেছে, বার্তাবাহককে বিতাড়িত করার চেষ্টা করেছে, এবং তারাই তো সেই লোক যারা প্রথমে যুদ্ধ শুরু করেছে? তোমরা কি তাদের ভয় করো? একমাত্র আল্লাহকে ভয় করাই তোমাদের কাছে প্রত্যাশিত, যদি তোমরা বিশ্বাসী হও।

[9:14] You shall fight them, for **GOD** will punish them at your hands, humiliate them, grant you victory over them, and cool the chests of the believers.

৯/১৪ তোমরা তাদের সাথে যুদ্ধ করবে, কারণ আল্লাহ তোমাদের হাতে তাদের শাস্তি দেবেন, তাদেরকে অপদস্ত করবেন, তাদের উপর তোমাদের বিজয় দেবেন, এবং বিশ্বাসীদের বক্ষ শীতল করবেন।

[9:15] He will also remove the rage from the believers' hearts. **GOD** redeems whomever He wills. **GOD** is Omniscient, Most Wise.

৯/১৫ তিনি এছাড়াও বিশ্বাসীদের হৃদয় থেকে ক্রোধ অপসারণ করবেন। আল্লাহ উদ্ধার করেন যাকে তিনি ইচ্ছা করেন। আল্লাহ সর্বজ্ঞ, সব থেকে জ্ঞানী।

*The Inevitable Test*

*অনিবার্য পরীক্ষা*

[9:16] Did you think that you will be left alone without GOD distinguishing those among you who strive, and never ally themselves with GOD's enemies, or the enemies of His messenger, or the enemies of the believers? **GOD** is fully Cognizant of everything you do.

৯/১৬ তোমরা কি ভেবেছো যে তোমাদেরকে এমনি এমনি ছেড়ে দেয়া হবে, আল্লাহ তোমাদের

মধ্যে তাদেরকে আলাদা না করেই যারা সংগ্রাম করে, এবং কখনো নিজেদেরকে মিত্র করে না আল্লাহর শত্রুদের সাথে, অথবা তাঁর বার্তাবাহকের শত্রুদের সাথে, অথবা বিশ্বাসীদের শত্রুদের সাথে? আল্লাহ পূর্ণ জ্ঞাত সবকিছু সম্পর্কে যা তোমরা করো।

[9:17] The idol worshipers are not to frequent the masjids of GOD, while confessing their disbelief. These have nullified their works, and they will abide forever in Hell.

৯/১৭ অংশীদার উপাসকরা আল্লাহর মসজিদে নিয়মিত হয় না, যখন তাদের অ বিশ্বাস স্বীকার করেছে। এরা তাদের কাজ বিনষ্ট করেছে, এবং তারা চিরকাল নরকে বাস করবে।

[9:18] The only people to frequent GOD's masjids are those who believe in GOD and the Last Day, and observe the Contact Prayers (Salat), and give the obligatory charity(Zakat), and do not fear except GOD. These will surely be among the guided ones.

৯/১৮ শুধু সেই লোকেরা আল্লাহর মসজিদে নিয়মিত হয় যারা আল্লাহতে এবং শেষ দিনে বিশ্বাস করে, এবং সংযোগ প্রার্থনাসমূহ (সালাত) প্রতিষ্ঠা করে, এবং বাধ্যতামূলক দান (যাকাত) দেয়, এবং আল্লাহ ছাড়া কাউকে ভয় করে না। এরা অবশ্যই পথপ্রাণ্ডদের অন্তর্ভুক্ত হবে।

*Question to the Arabs*  
*আরবদের কাছে প্রশ্ন*

[9:19] Have you considered the watering of the pilgrims and caring for the Sacred Masjid a substitute for believing in GOD and the Last Day, and striving in the cause of GOD? They are not equal in the sight of GOD. GOD does not guide the wicked people.

৯/১৯ তোমরা কি তীর্থযাত্রীদের পানি পান করানো এবং পবিত্র মসজিদের পরিচর্যা করাকে আল্লাহ এবং শেষ দিনে বিশ্বাস করার, এবং আল্লাহর পথে সংগ্রাম করার বিকল্প বিবেচনা করো? তারা আল্লাহর দৃষ্টিতে সমান নয়। আল্লাহ মন্দ লোকদের পথ প্রদর্শন করেন না।

*Good News*  
*সু- সংবাদ*

[9:20] Those who believe, and emigrate, and strive in the cause of GOD with their money and their lives, are far greater in rank in the sight of GOD. These are the winners.

৯/২০ যারা বিশ্বাস করে, এবং দেশ ত্যাগ করে, এবং তাদের অর্থ এবং তাদের জীবন দিয়ে

আল্লাহর পথে সংগ্রাম করে, তারা পদমর্যাদায় আল্লাহর দৃষ্টিতে অনেক বড়। এরাই বিজয়ী।

[9:21] Their Lord gives them good news: mercy and approval from Him, and gardens where they rejoice in everlasting bliss.

৯/২১ তাদের প্রভু তাদের সু- সংবাদ দেনঃ তার পক্ষ থেকে দয়া এবং অনুমোদন, এবং বাগানসমূহ যেখানে তারা চিরস্থায়ী স্বর্গসুখে আনন্দ করে।

[9:22] Eternally they abide therein. GOD possesses a great recompense.

৯/২২ চিরদিন তারা সেখানে বসবাস করে। আল্লাহ এক মহা প্রতিদানের অধিকারী।

*If You Have to*  
*Make a Choice*  
*আপনাকে যদি*

*পছন্দ করতে হয়*

[9:23] O you who believe, do not ally yourselves even with your parents and your siblings, if they prefer disbelieving over believing. Those among you who ally themselves with them are transgressing.

৯/২৩ হে তোমরা যারা বিশ্বাস করো, নিজেদেরকে তোমাদের মাতা-পিতা এবং তোমাদের ভাই-বোনদের মিত্র করো না, যদি তারা বিশ্বাসের উপর অ বিশ্বাসকে পছন্দ করে। তোমাদের মধ্যে যারা নিজেদেরকে তাদের মিত্র করে তারা সীমালঙ্ঘনকারী।

*Important Criterion \**

*গুরুত্বপূর্ণ মানদণ্ড*

[9:24] Proclaim: "If your parents, your children, your siblings, your spouses, your family, the money you have earned, a business you worry about, and the homes you cherish are more beloved to you than GOD and His messenger,\*\* and the striving in His cause, then just wait until GOD brings His judgment."GOD does not guide the wicked people.

৯/২৪ ঘোষণা করঃ “যদি তোমাদের পিতা-মাতারা, তোমাদের সন্তানেরা, তোমাদের ভাই-বোনেরা, তোমাদের পতি-পত্নীরা, তোমাদের পরিবার, অর্থ যা তোমরা উপার্জন করেছ, ব্যবসা যা নিয়ে তোমরা শঙ্কা করো, এবং ঘর যা তোমরা যত্নে আগলে রাখ- আল্লাহ ও তাঁর বার্তাবাহকের চেয়ে প্রিয় হয়, এবং তার উদ্দেশ্যে সংগ্রাম করার চেয়ে, তবে শুধু

অপেক্ষা করো যতক্ষণ না আল্লাহ তার রায়  
দেন।” আল্লাহ মন্দ লোকদের পথ দেখান না।

\*9:24 *Since the odds are overwhelming against any human being to actually believe and devote the worship to God alone (12:103, 106), it is virtually impossible to see a whole family believe. Thus, most believers have been faced with the question: "Either me or God and His messenger." This question is consistently stated by spouses of the believers, or their parents, their children, etc. Consistently, the believers made the right choice. This is a mandatory test for all believers (29:2).*

\*\*9:24 *The Quranic, mathematical evidence points specifically at God's Messenger of the Covenant. By adding the gematrical value of "Rashad" (505), plus the value of "Khalifa" (725), plus the verse number (24), we get  $505+725+24=1254=19x66$ .*

[9:25] GOD has granted you victory in many situations. But on the day of Hunayn, you became too proud of your great number. Consequently, it did not help you at all, and the spacious earth became so straitened around you, that you turned around and fled.

৯/২৫ আল্লাহ অনেক পরিস্থিতিতে তোমাদের বিজয় দিয়েছেন। কিন্তু হুনাইনের দিনে, তোমরা তোমাদের বিশাল সংখ্যা নিয়ে অতিরিক্ত গর্বিত হয়ে পড়লে। ফলস্বরূপ, তা তোমাদের কোন কাজেই আসেনি। প্রশস্ত পৃথিবী তোমাদের চারপাশে এতো সংকীর্ণ হয়ে পড়লো যে, তোমরা ঘুরে দাঁড়ালে এবং পলায়ন করলে।

[9:26] Then GOD sent down contentment upon His messenger and upon the believers. And He sent down invisible soldiers; He thus punished those who disbelieved. This is the requital for the disbelievers.

৯/২৬ এরপর আল্লাহ অবতীর্ণ করলেন সম্ভৃষ্টি তাঁর বার্তাবাহকের উপর এবং বিশ্বাসীদের উপর। এবং তিনি অবতীর্ণ করলেন অদৃশ্য সৈন্যদের; তিনি এভাবে তাদেরকে শাস্তি দেন যারা অবিশ্বাস করে। এটা অবিশ্বাসীদের জন্য প্রতিফল।

[9:27] Ultimately, GOD redeems whomever He wills. GOD is Forgiver, Most Merciful.  
৯/২৭ মূলত, আল্লাহ উদ্ধার করেন যাকে তিনি ইচ্ছা করেন। আল্লাহ ক্ষমাকারী, সবচেয়ে দয়ালু।

[9:28] O you who believe, the idol worshipers are polluted; they shall not be permitted to approach the Sacred Masjid after this year. If you fear loss of income, GOD will shower you

with His provisions, in accordance with His will. GOD is Omniscient, Most Wise.

৯/২৮ হে তোমরা যারা বিশ্বাস করো, অংশীদার উপাসকরা দূষিত; তারা এই বছরের পর পবিত্র মসজিদের নিকট আসতে অনুমতি পাবে না। যদি তোমরা উপার্জন হারানোর ভয় করো, আল্লাহ তোমাদেরকে তাঁর অফুরন্ত জীবিকা থেকে দেবেন, তাঁর ইচ্ছা অনুসারে। আল্লাহ সর্বজ্ঞ, সবচেয়ে জ্ঞানী।

[9:29] You shall fight back against those who do not believe in GOD, nor in the Last Day, nor do they prohibit what GOD and His messenger have prohibited, nor do they abide by the religion of truth among those who received the scripture, until they pay the due tax, willingly or unwillingly.

৯/২৯ তোমরা তাদের বিরুদ্ধে পাল্টা লড়াই করবে যারা না বিশ্বাস করে আল্লাহতে, না শেষ দিনে, না তারা নিষেধ করে যা আল্লাহ এবং তাঁর বার্তাবাহক নিষিদ্ধ করেছেন, না তারা সত্য ধর্ম মেনে চলে যারা তাদের মধ্যে ঐশীগ্রহ গ্রহণ করেছে, যতক্ষণ না তারা পরিশোধনীয় কর দেয়, ইচ্ছায় বা অনিচ্ছায়।

*Blasphemies*

*আল্লাহ-নিন্দাসমূহ*

[9:30] The Jews said, "Ezra is the son of GOD," while the Christians said, "Jesus is the son of GOD!" These are blasphemies uttered by their mouths. They thus match the blasphemies of those who have disbelieved in the past. GOD condemns them. They have surely deviated.

৯/৩০ ইহুদিরা বলেছিল, “ওজাইর আল্লাহর পুত্র”, যখন খ্রিষ্টানরা বলেছিল, “যীশু আল্লাহর পুত্র!” এগুলো তাদের মুখে উচ্চারিত আল্লাহ নিন্দা। তারা এভাবে আল্লাহ-নিন্দাসমূহ ওদের সাথে মিলিয়ে নেয় যারা অতীতে অবিশ্বাস করেছিল। আল্লাহ তাদের নিন্দা করেন। তারা অবশ্যই পথচ্যুত হয়েছে।

*Upholding the Teachings*

*of Religious Leaders*

*Instead of God's Teachings*

*আল্লাহর শিক্ষার বদলে*

*ধর্মীয় নেতাদের*

*শিক্ষা বহাল রাখা*

[9:31] They have set up their religious leaders and scholars as lords,\* instead of GOD.

Others deified the Messiah, son of Mary. They were all commanded to worship only one god.

There is no god except He. Be He glorified, high above having any partners.

৯/৩১ তারা তাদের ধর্মীয় নেতা এবং পন্ডিতদের প্রভু হিসেবে স্থাপন করেছে, আল্লাহর বদলে। অন্যরা মরিয়মের পুত্র, মুসার প্রতি আল্লাহত্ব আরোপ করলো। তাদের সকলকে আদেশ দেয়া হয়েছিল শুধু এক উপাস্যের উপাসনা করতে। তিনি ছাড়া অন্য কোন উপাস্য নেই। তিনি মহিমাম্বিত, কোন অংশীদার থাকা থেকে অনেক উর্ধ্ব।

*\*9:31 If you consult the "Muslim scholars" about worshipping God alone, and upholding the word of God alone, as taught in this proven scripture, they will advise you against it. If you consult the Pope about the identity of Jesus, he will advise you to uphold a trinity. If you obey the "Muslim scholars" whose advice is contrary to God's teachings, or if you take the Pope's advice instead of God's, you have set up these religious leaders as gods instead of God.*

[9:32] They want to put out GOD's light with their mouths, but GOD insists upon perfecting His light, in spite of the disbelievers.

৯/৩২ তারা তাদের মুখ দিয়ে আল্লাহর আলো নিভিয়ে দিতে চায়, কিন্তু আল্লাহ তাঁর আলো যথার্থ করাতে জোড় দেন, অবিশ্বাসীদের সত্ত্বেও।

*"Submission" Destined to Prevail \**

*"আত্মসমর্পণ" বিজয়ী হবার জন্য পূর্বনির্ধারিত\**

[9:33] He is the One who sent His messenger\* with the guidance and the religion of truth, and will make it dominate all religions, in spite of the idol worshippers.

৯/৩৩ তিনিই সে সত্ত্বা যিনি তাঁর বার্তাবাহককে পথনির্দেশনা এবং সত্য ধর্ম দিয়ে পাঠালেন, এবং একে সকল ধর্মের উপর আধিপত্যশীল করবেন, অংশীদার উপাসকদের সত্ত্বেও।

*Beware of*

*Professional Religionists*

*পেশাদার ধর্ম বিশ্বাসীদের বিষয়ে*

*সতর্ক হোন*

[9:34] O you who believe, many religious leaders and preachers take the people's money illicitly, and repel from the path of GOD. Those who hoard the gold and silver, and do not spend them in the cause of GOD, promise them a painful retribution.

৯/৩৪ হে তোমরা যারা বিশ্বাস করো, অনেক ধর্মীয় নেতা এবং প্রচারকরা লোকদের অর্থ অবৈধভাবে নেয়, এবং আল্লাহর পথ থেকে

প্রতিহত করে। যারা স্বর্ণ ও রূপা জমা করে, এবং সেগুলো আল্লাহর উদ্দেশ্যে ব্যয় না করে, তাদেরকে এক যন্ত্রনাদায়ক শাস্তির প্রতিশ্রুতি দাও।

[9:35] The day will come when their gold and silver will be heated in the fire of Hell, then used to burn their foreheads, their sides, and their backs: "This is what you hoarded for yourselves, so taste what you have hoarded."

৯/৩৫ সে দিন আসবে যখন তাদের স্বর্ণ ও রূপা নরকের আগুনে উত্তপ্ত করা হবে, এরপর তাদের কপাল, তাদের পার্শ্ব, এবং তাদের পশ্চাৎভাগ পোড়ানো হবে: "এটা হচ্ছে, যা তোমরা নিজেদের জন্য জমা করেছিলে, সুতরাং স্বাদ নাও যা তোমরা জমা করেছ।"

*God's System: Twelve Months Per Year \**

*আল্লাহর পদ্ধতিঃ বছরে বারো মাস*

[9:36] The count of months, as far as GOD is concerned, is twelve.\* This has been GOD's law, since the day He created the heavens and the earth. Four of them are sacred. This is the perfect religion; you shall not wrong your souls (by fighting) during the Sacred Months. However, you may declare all-out war against the idol worshippers (even during the Sacred Months), when they declare all-out war against you, and know that GOD is on the side of the righteous.

৯/৩৬ আল্লাহর দৃষ্টিভঙ্গি থেকে গননায় মাস বারটি। এটি আল্লাহর আইন, যেদিন থেকে তিনি আকাশমন্ডলী ও পৃথিবী সৃষ্টি করেছেন। এগুলোর চারটি পবিত্র। এটাই যথার্থ ধর্ম; তোমরা পবিত্র মাসগুলোতে (লড়াই করে) তোমাদের আত্মার ক্ষতি করবে না। কিন্তু, তোমরা অংশীদার উপাসকদের বিরুদ্ধে পূর্ণমাত্রায় যুদ্ধ ঘোষণা করতে পারো (এমনকি পবিত্র মাসগুলোতেও), যখন তারা পূর্ণমাত্রায় তোমাদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে, এবং জানো যে আল্লাহ সৎকর্মীদের পাশে রয়েছেন।

*Altering the Sacred Months \**

*পবিত্র মাসসমূহ পরিবর্তন করা\**

[9:37] Altering the Sacred Months is a sign of excessive disbelief; it augments the straying of those who have disbelieved. They alternate the Sacred Months and the regular months, while preserving the number of months consecrated by GOD. They thus violate what GOD has consecrated. Their evil works are adorned in



their eyes. GOD does not guide the disbelieving people.

৯/৩৭ পবিত্র মাসসমূহ পরিবর্তন করা অত্যধিক অবিশ্বাসের একটি চিহ্ন; এটি তাদের পথভ্রষ্টতা বাড়িয়ে দেয় যারা অবিশ্বাস করেছে। তারা পবিত্র মাসসমূহ এবং সাধারণ মাসসমূহে অদল-বদল করে, যদিও আল্লাহর পবিত্র করা মাসসমূহের সংখ্যা ঠিক রাখে। তারা এভাবে তা ভঙ্গ করে যা আল্লাহ পবিত্র করেছেন। তাদের মন্দ কাজগুলো তাদের চোখে সু-সজ্জিত করা হয়েছে। আল্লাহ অবিশ্বাসী লোকদের পথ দেখান না।

\*9:37 *The Sacred Months according to the corrupted Muslim World are Rajab, Zul-Qe'dah, Zul-Hijjah, and Muharram (7th, 11th, 12th and 1st months of the Islamic Calendar). A careful study of the Quran, however, reveals that they should be Zul-Hijjah, Muharram, Safar, and Rabi I (12th, 1st, 2nd, and 3rd months). See Footnote 2:196.*

[9:38] O you who believe, when you are told, "Mobilize in the cause of GOD," why do you become heavily attached to the ground? Have you chosen this worldly life in place of the Hereafter? The materials of this world, compared to the Hereafter, are nil.

৯/৩৮ হে তোমরা যারা বিশ্বাস করো, যখন তোমাদের বলা হয়, “আল্লাহর উদ্দেশ্যে যুদ্ধের জন্য একত্রিত হও,” কেন তোমরা তীব্রভাবে মাটির সাথে আঁকড়ে থাকো? তোমরা কি পরকালের জায়গায় এই দুনিয়াবি জীবন পছন্দ করেছ? এই দুনিয়ার উপকরন, পরকালের তুলনায়, শূন্য।

[9:39] Unless you mobilize, He will commit you to painful retribution and substitute other people in your place; you can never hurt Him in the least. GOD is Omnipotent.

৯/৩৯ যদি না তোমরা যুদ্ধের জন্য একত্রিত হও, তিনি তোমাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তিতে পতিত করবেন এবং তোমাদের জায়গায় অন্য লোকদের প্রতিস্থাপন করবেন; তোমরা কখনো তাঁর সামান্যতম ক্ষতিও করতে পারো না। আল্লাহ সর্বশক্তিমান।

#### *God's Invisible Soldiers*

##### *আল্লাহর অদৃশ্য সৈন্যরা*

[9:40] If you fail to support him (the messenger), GOD has already supported him. Thus, when the disbelievers chased him, and he was one of two in the cave, he said to his

friend, "Do not worry; GOD is with us." GOD then sent down contentment and security upon him, and supported him with invisible soldiers. He made the word of the disbelievers lowly. GOD's word reigns supreme. GOD is Almighty, Most Wise.

৯/৪০ যদি তোমরা তাকে (বার্তাবাহককে) সমর্থন দিতে ব্যর্থ হও, আল্লাহ তাকে ইতোমধ্যেই সমর্থন দিয়েছেন। তাই, যখন অবিশ্বাসীরা তাকে ধাওয়া করলো, এবং গুহায় সে দুজনের একজন ছিল, সে তার বন্ধুকে বলল, “দুশ্চিন্তা করো না; আল্লাহ আমাদের সাথে আছেন।” আল্লাহ তখন তার উপর সন্তুষ্টি এবং নিরাপত্তা অবতীর্ণ করলেন, এবং অদৃশ্য সৈন্য দিয়ে তাকে সমর্থন করলেন। তিনি অবিশ্বাসীদের কথার অবমূল্যায়ন করলেন। আল্লাহর বানী সর্বোচ্চ প্রভাব বিস্তার করে। আল্লাহ সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী।

*Better Believers Strive in the Cause of God*  
উত্তম বিশ্বাসীরা আল্লাহর উদ্দেশ্যে সংগ্রাম করে  
[9:41] You shall readily mobilize, light or heavy, and strive with your money and your lives in the cause of GOD. This is better for you, if you only knew.

৯/৪১ তোমরা তৎক্ষণাৎ যুদ্ধের জন্য একত্রিত হবে, অল্প অথবা অধিক (সজ্জিত), এবং আল্লাহর উদ্দেশ্যে সংগ্রাম করো তোমাদের অর্থ এবং তোমাদের জীবন দিয়ে। এটা তোমাদের জন্য উত্তম, যদি শুধু তোমরা জানতে।

#### *The Sedentary*

##### *বসে থাকা ব্যক্তিরা*

[9:42] If there were a quick material gain, and a short journey, they would have followed you. But the striving is just too much for them. They will swear by GOD: "If we could, we would have mobilized with you." They thus hurt themselves, and GOD knows that they are liars.

৯/৪২ যদি কোন দ্রুত পার্থিব অর্জন, এবং কোন সংক্ষিপ্ত যাত্রা থাকতো, তারা তোমার অনুসরণ করতো। কিন্তু সংগ্রাম করাটাই তাদের জন্য অত্যধিক। তারা আল্লাহর নামে শপথ করবে: “যদি আমরা পারতাম, আমরা তোমাদের সাথে যুদ্ধের জন্য একত্রিত হতাম।” তারা এভাবে নিজেদের আঘাত করে, এবং আল্লাহ জানেন যে তারা মিথ্যাবাদী।

[9:43] GOD has pardoned you: why did you give them permission (to stay behind), before you could distinguish those who are truthful from the liars?

৯/৪৩ আল্লাহ তোমাকে ক্ষমা করেছেনঃ কেন তুমি তাদেরকে (পিছনে থাকার) অনুমতি দিলে, তুমি আগে মিথ্যাবাদীদের থেকে যারা সত্যবাদী তাদেরকে আলাদা করতে পারতে?

[9:44] Those who truly believe in GOD and the Last Day do not ask your permission to evade the opportunity to strive with their money and their lives. GOD is fully aware of the righteous.

৯/৪৪ যারা প্রকৃতই আল্লাহ এবং শেষ দিনে বিশ্বাস করে তারা তাদের অর্থ এবং তাদের জীবন দিয়ে সংগ্রাম করার সুযোগটি এড়াতে তোমার কাছে অনুমতি চায় না। আল্লাহ সৎকর্মীদের সম্পর্কে পূর্ণ সচেতন।

[9:45] The only people who wish to be excused are those who do not really believe in GOD and the Last Day. Their hearts are full of doubt, and their doubts cause them to waver.

৯/৪৫ একমাত্র সে লোকেরাই অব্যহতি পেতে চায় যারা প্রকৃতই আল্লাহ এবং শেষ দিনে বিশ্বাস করে না। তাদের হৃদয় সন্দেহে পূর্ণ, এবং তাদের সন্দেহ তাদেরকে দ্বিধাগ্রস্ত করে।

[9:46] Had they really wanted to mobilize, they would have prepared for it thoroughly. But GOD disliked their participation, so He discouraged them; they were told, "Stay behind with those who are staying behind."

৯/৪৬ তারা যদি সত্যই যুদ্ধের জন্য একত্রিত হতে চাইতো, তারা পুরোপুরিভাবে এর জন্য প্রস্তুত হতো। কিন্তু আল্লাহ তাদের অংশগ্রহণ অপছন্দ করলেন, তাই তিনি তাদের নিরুৎসাহিত করলেন; তাদেরকে বলা হলো, “তাদের সাথে পেছনে থাকো যারা পেছনে থাকছে”।

[9:47] Had they mobilized with you, they would have created confusion, and would have caused disputes and divisions among you. Some of you were apt to listen to them. GOD is fully aware of the transgressors.

৯/৪৭ তারা যদি তোমাদের সাথে যুদ্ধের জন্য একত্রিত হতো, তারা বিভ্রান্তি সৃষ্টি করতো, এবং তোমাদের মাঝে দ্বন্দ্ব ও বিভাজনের কারণ ঘটাতো। তোমাদের কারো কারো মধ্যে তাদের

কথা শনার প্রতি প্রবনতা ছিল। আল্লাহ সীমালঙ্ঘনকারীদের ব্যাপারে সম্পূর্ণ অবগত।

[9:48] They sought to spread confusion among you in the past, and confounded the matters for you. However, the truth ultimately prevails, and GOD's plan is carried out, in spite of them.

৯/৪৮ অতীতে তারা তোমাদের মাঝে বিভ্রান্তি ছড়ানোর সুযোগ খুঁজতো, এবং তোমাদের জন্য বিষয়াদিকে বিভ্রান্তিময় করতো, কিন্তু, সত্য অবশেষে বিজয়ী হয়, এবং আল্লাহর পরিকল্পনা বাস্তবায়িত হয়, তাদের সত্ত্বেও।

[9:49] Some of them would say, "Give me permission (to stay behind); do not impose such a hardship on me." In fact, they have thus incurred a terrible hardship; Hell is surrounding the disbelievers.

৯/৪৯ তাদের কেউ কেউ বলবে, “আমাকে (থেকে যাওয়ার) অনুমতি দিন; আমার উপর এমন কষ্ট আরোপ করবেন না”। আসলে, তারা এভাবে এক ভয়াবহ কষ্ট টেনে এনেছে; নরক অবিশ্বাসীদের ঘিরে ফেলছে।

[9:50] If something good happens to you, they hurt, and if an affliction befalls you, they say, "We told you so," as they turn away rejoicing.

৯/৫০ যদি তোমাদের ভালো কিছু হয়, তারা কষ্ট পায়, এবং যদি কোন দুর্দশা তোমাদের উপর আসে, তারা বলে, “আমরা তোমাদের তা-ই বলেছিলাম,” যদিও তারা আনন্দে পিছনে চলে যায়।

[9:51] Say, "Nothing happens to us, except what GOD has decreed for us. He is our Lord and Master. In GOD the believers shall trust."

৯/৫১ বল, “আমাদের কিছুই হয় না, আল্লাহ আমাদের জন্য যা জারি করেছেন তা ছাড়া। তিনি আমাদের প্রভু এবং মনিব। বিশ্বাসীরা আল্লাহর প্রতি আস্থা রাখবে।”

[9:52] Say, "You can only expect for us one of two good things (victory or martyrdom), while we expect for you condemnation from GOD and retribution from Him, or at our hands. Therefore, wait, and we will wait along with you."

৯/৫২ বল, “তোমরা আমাদের জন্য কেবল দু’টো ভাল জিনিস (বিজয় অথবা শহীদত্ব) থেকে একটি আশা করতে পারো, পক্ষান্তরে আমরা তোমাদের জন্য আশা করি আল্লাহর পক্ষ থেকে নিন্দা এবং তাঁর পক্ষ থেকে অথবা আমাদের

হাতে শাস্তি। অতএব, অপেক্ষা করো, এবং আমরাও তোমাদের সাথে অপেক্ষা করবো।

[9:53] Say, "Spend, willingly or unwillingly. Nothing will be accepted from you, for you are evil people."

৯/৫৩ বল, “ব্যয় করো, ইচ্ছায় বা অনিচ্ছায়। তোমাদের কাছ থেকে কিছুই গ্রহন করা হবে না, কারণ তোমরা মন্দ লোক।”

*The Contact Prayer Existed Before Muhammad \**

মুহাম্মদের আগে

সংযোগ প্রার্থনা বর্তমান ছিল

[9:54] What prevented the acceptance of their spending is that they disbelieved in GOD and His messenger, and when they observed the Contact Prayers (Salat),\* they observed them lazily, and when they gave to charity, they did so grudgingly.

৯/৫৪ তাদের ব্যয় গ্রহনযোগ্য হয়নি কারণ তারা আল্লাহ ও তাঁর বার্তাবাহককে অবিশ্বাস করেছে, এবং যখন তারা সংযোগ প্রার্থনাসমূহ (সালাত)\* পালন করতো, তারা সেগুলো অলসতার সাথে পালন করতো, আর যখন তারা দান করতো, তারা তা করতো অনিচ্ছায়।

\*9:54 This is another proof that the Contact Prayers (Salat) existed before the Quran, and were handed down from Abraham (see 21:73). Also, it stumps those who challenge God's assertion that the Quran is complete and fully detailed when they ask, "Where can we find the details of the Contact Prayers in the Quran?" (6:19, 38, 114).

*Apparent Worldly Success*

আপাত পার্থিব সফলতা

[9:55] Do not be impressed by their money, or their children. GOD causes these to be sources of retribution for them in this life, and (when they die) their souls depart while they are disbelievers.

৯/৫৫ তাদের অর্থ, অথবা তাদের সন্তানাদি দ্বারা অভিভূত হইও না। এগুলোকে আল্লাহ এই জীবনে তাদের জন্য শাস্তির উৎস করেছেন, এবং (যখন তারা মারা যায়) তাদের আত্মা বেড়িয়ে যায় যখন তারা অবিশ্বাসী।

[9:56] They swear by GOD that they belong with you, while they do not belong with you; they are divisive people.

৯/৫৬ তারা আল্লাহর নামে শপথ করে যে তারা তোমাদের সাথে আছে, যদিও তারা তোমাদের সাথে নেই; তারা বিভেদকারী লোক।

[9:57] If they could find a refuge, or caves, or a hiding place, they would go to it, rushing.

৯/৫৭ যদি তারা কোন আশ্রয়, অথবা গুহা, অথবা কোন লুকানোর স্থান পেত, তারা তাতে যেত, তাড়াহুড়া করে।

[9:58] Some of them criticize your distribution of the charities; if they are given therefrom, they become satisfied, but if they are not given therefrom, they become objectors.

৯/৫৮ তাদের কেউ কেউ তোমার দান বণ্টনের সমালোচনা করে; যদি তাদেরকে তা থেকে দেয়া হয়, তারা সন্তুষ্ট হয়, কিন্তু যদি তাদেরকে তা থেকে না দেয়া হয়, তারা অভিযোগকারী হয়।

[9:59] They should be satisfied with what GOD and His messenger have given them. They should have said, "GOD suffices us. GOD will provide for us from His bounties, and so will His messenger. We are seeking only GOD."

৯/৫৯ তাদের উচিত আল্লাহ এবং তাঁর বার্তাবাহক তাদেরকে যা দিয়েছেন তাতে সন্তুষ্ট হওয়া। তাদের বলা উচিত ছিল, “আল্লাহ আমাদের জন্য যথেষ্ট। আল্লাহ তাঁর অনুগ্রহ থেকে আমাদের জন্য দেবেন, এবং তাঁর বার্তাবাহকও তা-ই করবেন। আমরা একমাত্র আল্লাহর অন্বেষণ করছি”।

*Distribution System for Charities*

দানের বণ্টন পদ্ধতি

[9:60] Charities shall go to the poor, the needy, the workers who collect them, the new converts, to free the slaves, to those burdened by sudden expenses, in the cause of GOD, and to the traveling alien. Such is GOD's commandment. GOD is Omniscient, Most Wise.

৯/৬০ দানসমূহ যাবে দরিদ্র, অভাবী, সে শ্রমিকদের কাছে যারা এগুলো সংগ্রহ করে, নতুন ধর্মান্তরিতদের কাছে, দাসদের মুক্ত করতে, তাদের কাছে যারা ভারগ্রস্ত অপ্রত্যাশিত খরচ দ্বারা, আল্লাহর উদ্দেশ্যে, এবং ভ্রমণকারী ভিনদেশীদের জন্য। এমনই আল্লাহর প্রত্যাদেশ। আল্লাহ সর্বজ্ঞ, সবচেয়ে জ্ঞানী।

[9:61] Some of them hurt the prophet by saying, "He is all ears!" Say, "It is better for you that he listens to you. He believes in GOD,

and trusts the believers. He is a mercy for those among you who believe.” Those who hurt GOD’s messenger have incurred a painful retribution.

৯/৬১ তাদের কেউ কেউ নবীকে এই বলে আঘাত করে, “সে সবকিছুতে কান দেয়!” বল, “এটা তোমাদের জন্য উত্তম যে সে তোমাদের কথা শোনে। সে আল্লাহতে বিশ্বাস করে, এবং বিশ্বাসীদের প্রতি আস্থা রাখে। সে তোমাদের মধ্যে যারা বিশ্বাস করে তাদের জন্য একটি দয়া।” যারা আল্লাহর বার্তাবাহককে আঘাত করে তারা এক যন্ত্রনাদায়ক শাস্তি টেনে এনেছে।

[9:62] They swear by GOD to you, to please you, when GOD and His messenger are more worthy of pleasing, if they are really believers.

৯/৬২ তারা তোমাদের কাছে আল্লাহর নামে শপথ করে, তোমাদেরকে সম্ভুষ্ট করতে, যখন আল্লাহ এবং তাঁর বার্তাবাহককে সম্ভুষ্ট করা অধিক উপযুক্ত, যদি তারা সত্যিই বিশ্বাসী হয়।

*Retribution for Opposing God  
And His Messenger*

*আল্লাহ ও তাঁর বার্তাবাহকের  
বিরোধিতার জন্য শাস্তি*

[9:63] Did they not know that anyone who opposes GOD and His messenger has incurred the fire of Hell forever? This is the worst humiliation.

৯/৬৩ তারা কি জানে না যে যেকোনো আল্লাহ এবং তাঁর বার্তাবাহকের বিরোধিতা করে সে অনন্তকালের জন্য নরকের আগুন টেনে এনেছে? এটি হচ্ছে নিকৃষ্টতম অবমাননা।

*The Hypocrites*

*ভণ্ডরা*

[9:64] The hypocrites worry that a sura may be revealed exposing what is inside their hearts. Say, "Go ahead and mock. GOD will expose exactly what you are afraid of."

৯/৬৪ ভণ্ডরা আশঙ্কা করে যে তাদের হৃদয়ের ভেতরে যা আছে তা প্রকাশ করে একটি সূরা প্রকাশিত হতে পারে। বল, “চালিয়ে যাও এবং উপহাস করো। আল্লাহ ঠিক সে বিষয়টি প্রকাশ করবেন যাতে তোমরা ভীত।

[9:65] If you ask them, they would say, "We were only mocking and kidding." Say, "Do you realize that you are mocking GOD, and His revelations, and His messenger?"

৯/৬৫ যদি তুমি তাদের জিজ্ঞেস করো, তারা বলবে, "আমরা শুধু ব্যঙ্গ এবং মজা করছিলাম।" বল, "তোমরা কি উপলব্ধি করো যে তোমরা ব্যঙ্গ করছো আল্লাহকে, এবং তাঁর প্রকাশনাবলিকে, এবং তাঁর বার্তাবাহককে?"

[9:66] Do not apologize. You have disbelieved after having believed. If we pardon some of you, we will punish others among you, as a consequence of their wickedness.

৯/৬৬ ক্ষমা চে-ও না। তোমরা অবিশ্বাস করেছো বিশ্বাস করার পর। যদি আমরা তোমাদের কাউকে কাউকে ক্ষমা করি, আমরা তোমাদের ভেতর অন্যদের শাস্তি দেবো, তাদের পাপের ফলস্বরূপ।

[9:67] The hypocrite men and the hypocrite women belong with each other—they advocate evil and prohibit righteousness, and they are stingy. They forgot GOD, so He forgot them. The hypocrites are truly wicked

৯/৬৭ ভণ্ড পুরুষ ও ভণ্ড নারীরা একে অপরের সাথে রয়েছে- তারা মন্দের ওকালতি করে এবং নিষেধ করে সৎকর্মশীলতা, এবং তারা কৃপণ। তারা আল্লাহকে ভুলে গিয়েছে, তাই তিনি তাদের ভুলে গিয়েছেন। ভণ্ডরা সত্যিই মন্দ।

[9:68] GOD promises the hypocrite men and the hypocrite women, as well as the disbelievers, the fire of Hell, wherein they abide forever. It suffices them. GOD has condemned them; they have incurred an everlasting retribution.

৯/৬৮ আল্লাহ ভণ্ড পুরুষ এবং ভণ্ড নারীদের, একই সাথে অবিশ্বাসীদের অঙ্গীকার দেন- নরকাগ্নির, যেখানে তারা চিরকাল বাস করবে। এটা তাদের জন্য যথেষ্ট। আল্লাহ তাদের নিন্দা করেন; তারা টেনে এনেছে চিরস্থায়ী শাস্তি।

*God's System*

*Does Not Change*

*আল্লাহর পদ্ধতির*

*পরিবর্তন হয় না*

[9:69] Some of those before you were stronger than you, and possessed more money and children. They became preoccupied with their material possessions. Similarly, you have become preoccupied with your material possessions, just like those before you have become preoccupied. You have become totally heedless, just as they were heedless. Such are the people who nullify their works, both in this world and in the Hereafter; they are the losers.

৯/৬৯ তোমাদের আগে তাদের কেউ কেউ তোমাদের চেয়ে শক্তিশালী ছিল, এবং অধিক অর্থ ও সন্তানের অধিকারী ছিল। তারা তাদের পার্থিব সম্পদে আচ্ছন্ন হয়েছিল। একইভাবে, তোমরা তোমাদের পার্থিব সম্পদে আচ্ছন্ন হয়ে পড়েছো, তোমাদের পূর্বের ঠিক তাদের মতো যারা আচ্ছন্ন হয়ে পড়েছিল। তোমরা সম্পূর্ণ অমনোযোগী হয়ে পড়েছো, ঠিক যেমন তারা অমনোযোগী ছিল। এমনই হচ্ছে সেসব লোক যারা তাদের কাজগুলো নষ্ট করেছে, এই দুনিয়া এবং পরকাল উভয় স্থানে; তারাই ক্ষতিগ্রস্ত।

#### *The Losers*

##### *ক্ষতিগ্রস্তরা*

[9:70] Have they not learned anything from the previous generations; the people of Noah, 'Ād, Thamūd, the people of Abraham, the dwellers of Midyan, and the evildoers (of Sodom and Gomorrah)? Their messengers went to them with clear proofs. GOD never wronged them; they are the ones who wronged their own souls.

৯/৭০ তারা কি পূর্ববর্তী প্রজন্মদের থেকে কিছুই শেখেনি; নূহ, আদ, সামুদের লোক, ইব্রাহিমের লোক, মাদিয়ানের অধিবাসী, এবং (সদম ও গমরার) সেই মন্দকর্মীদের থেকে? তাদের বার্তাবাহকরা তাদের কাছে সুস্পষ্ট প্রমাণ নিয়ে গিয়েছিলো। আল্লাহ কখনো তাদের প্রতি অন্যায় করেননি, তারাই তাদের নিজেদের আত্মার প্রতি অন্যায় করেছিল।

#### *The Winners*

##### *বিজয়ীরা*

[9:71] The believing men and women are allies of one another. They advocate righteousness and forbid evil, they observe the Contact Prayers (Salat) and give the obligatory charity (Zakat), and they obey GOD and His messenger. These will be showered by GOD's mercy. GOD is Almighty, Most Wise.

৯/৭১ বিশ্বাসী পুরুষ এবং নারীরা একে অন্যের মিত্র। তারা সৎকর্মশীলতার ওকালতি করে এবং মন্দে নিষেধ করে, তারা সংযোগ প্রার্থনা (সালাত) পালন করে এবং বাধ্যতামূলক দান (যাকাত) দেয়, এবং তারা আল্লাহ ও তাঁর বার্তাবাহককে মান্য করে। এদের প্রতি আল্লাহর দয়া বর্ষিত হবে। আল্লাহ সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী।

[9:72] GOD promises the believing men and the believing women gardens with flowing streams, wherein they abide forever, and magnificent mansions in the gardens of Eden.

And GOD's blessings and approval are even greater. This is the greatest triumph.

৯/৭২ আল্লাহ বিশ্বাসী পুরুষ এবং বিশ্বাসী নারীদের প্রতিশ্রুতি দেন প্রবাহিত ঝর্ণাসহ বাগানসমূহের, যেখানে তারা চিরকাল বসবাস করে, এবং ইডেনের বাগানগুলোর জাঁকজমকময় অট্টালিকাসমূহ। এবং আল্লাহর আশীর্বাদ ও অনুমোদন আরো বড়। এটি শ্রেষ্ঠ বিজয়।

#### *You Shall Be Stern with the Disbelievers*

##### *আপনি অবিশ্বাসীদের সাথে কঠোর হবেন*

[9:73] O you prophet, strive against the disbelievers and the hypocrites, and be stern in dealing with them. Their destiny is Hell; what a miserable abode!

৯/৭৩ হে নবী, অবিশ্বাসী এবং ভন্ডদের বিরুদ্ধে সংগ্রাম করো, এবং তাদের সাথে কার্যকলাপে কঠোর হও। তাদের নিয়তি নরক; কি এক শোচনীয় আবাস!

[9:74] They swear by GOD that they never said it, although they have uttered the word of disbelief; they have disbelieved after becoming submitters. In fact, they gave up what they never had. They have rebelled even though GOD and His messenger have showered them with His grace and provisions. If they repent, it would be best for them. But if they turn away, GOD will commit them to painful retribution in this life and in the Hereafter. They will find no one on earth to be their lord and master.

৯/৭৪ তারা আল্লাহর নামে শপথ করে যে- তারা কখনো তা বলেনি, যদিও তারা অবিশ্বাসমূলক শব্দ উচ্চারণ করেছে; তারা আত্মসমর্পণকারী হবার পর অবিশ্বাস করেছে। আসলে, তারা ত্যাগ করলো যা তাদের কখনো ছিল না। তারা বিদ্রোহ করেছে যদিও আল্লাহ এবং তাঁর বার্তাবাহক তাদেরকে তাঁর দয়া ও জীবিকা বর্ষণ করেছেন। যদি তারা অনুতপ্ত হয়, এটি হবে তাদের জন্য সর্বোত্তম। কিন্তু যদি তারা মুখ ফিরিয়ে নেয়, আল্লাহ তাদেরকে এই জীবনে এবং পরকালে যন্ত্রনাদায়ক শাস্তি দিবেন। তারা পৃথিবীতে তাদের প্রভু ও মনিব হিসেবে কাউকে পাবে না।

[9:75] Some of them even pledged: "If GOD showered us with His grace, we would be charitable, and would lead a righteous life."

৯/৭৫ তাদের কেউ কেউ এমনকি অঙ্গীকার করেছিলঃ “যদি আল্লাহ আমাদেরকে তাঁর দয়া বর্ষণ করেন, আমরা দানশীল হবো, এবং সৎকর্মশীল জীবন- যাপন করবো।”

[9:76] But when He did shower them with His provisions, they became stingy, and turned away in aversion.

৯/৭৬ কিন্তু যখন তিনি তাদেরকে তাঁর জীবিকা বর্ষণ করলেন, তারা কুপণ হয়ে গেল, এবং অনীহায় মুখ ফিরিয়ে নিল।

[9:77] Consequently, He plagued them with hypocrisy in their hearts, till the day they meet Him. This is because they broke their promises to GOD, and because of their lying.

৯/৭৭ ফলস্বরূপ, তিনি তাদের হৃদয়ে ভাঙ্গামী দিয়ে মহামারীগ্রস্থ করলেন, তাঁর সাথে সাক্ষাতের দিন পর্যন্ত। এটা এ কারণে যে তারা আল্লাহর সাথে করা অঙ্গীকার ভঙ্গ করলো, এবং তাদের মিথ্যা বলার কারণে।

[9:78] Do they not realize that GOD knows their secrets, and their conspiracies, and that GOD is the Knower of all secrets?

৯/৭৮ তারা কি উপলব্ধি করে না যে, আল্লাহ জানেন তাদের গোপন বিষয়দি, এবং তাদের চক্রান্তসমূহ, এবং এটা যে- আল্লাহ সকল গোপন বিষয়ই জানেন।

[9:79] Those who criticize the generous believers for giving too much, and ridicule the poor believers for giving too little, GOD despises them. They have incurred a painful retribution.

৯/৭৯ যারা উদার বিশ্বাসীদের সমালোচনা করে খুব বেশি দেয়ার জন্য, এবং গরিব বিশ্বাসীদের উপহাস করে খুব কম দেয়ার জন্য, আল্লাহ তাদের ঘৃণা করেন। তারা টেনে এনেছে এক যন্ত্রণাদায়ক শাস্তি।

*Satan's Most Effective Bait:*

*The Myth of Intercession\**

*শয়তানের সবচেয়ে কার্যকর টোপঃ*

*সুপারিশের মিথ্যা গল্প\**

[9:80] Whether you ask forgiveness for them, or do not ask forgiveness for them—even if you ask forgiveness for them seventy times—GOD will not forgive them. This is because they disbelieve in GOD and His messenger. GOD does not guide the wicked people.

৯/৮০ তুমি তাদের জন্য ক্ষমা প্রার্থনা করো, অথবা ক্ষমা প্রার্থনা না করো- এমনকি যদি তুমি সত্তর বার তাদের জন্য ক্ষমা প্রার্থনা করো- আল্লাহ তাদেরকে ক্ষমা করবেন না। এটা এ

কারণে যে তারা আল্লাহ এবং তাঁর বার্তাবাহককে অবিশ্বাস করে। আল্লাহ মন্দ লোকদের পথ দেখান না।

\*9:80 If Muhammad could not intercede on behalf of his own uncles and cousins, what makes strangers who never met him think that he will intercede on their behalf? Abraham could not intercede on behalf of his father, nor could Noah intercede on behalf of his son (11:46 & 60:4).

\*9:80 If Muhammad could not intercede on behalf of his own uncles and cousins, what makes strangers who never met him think that he will intercede on their behalf? Abraham could not intercede on behalf of his father, nor could Noah intercede on behalf of his son (11:46 & 60:4).

[9:81] The sedentary rejoiced in their staying behind the messenger of GOD, and hated to strive with their money and their lives in the cause of GOD. They said, "Let us not mobilize in this heat!" Say, "The fire of Hell is much hotter," if they could only comprehend.

৯/৮১ বসে থাকা লোকেরা আল্লাহর বার্তাবাহকের পিছনে থেকে যাওয়ায় আনন্দ করেছিল, এবং আল্লাহর উদ্দেশ্যে তাদের অর্থ ও তাদের জীবন দিয়ে সংগ্রাম করাকে ঘৃণা করেছিল। তারা বলেছিল, “আমাদেরকে এই উত্তাপে যুদ্ধের জন্য একত্রিত করো না!” বল, “নরকের আগুন অধিক উত্তপ্ত, ” যদি তারা শুধু অনুধাবন করতে পারতো।

[9:82] Let them laugh a little, and cry a lot. This is the requital for the sins they have earned.

৯/৮২ তাদেরকে একটু হাসতে দাও, এবং অনেক কাঁদতে দাও। এটি হচ্ছে তাদের অর্জন করা পাপের প্রতিদান।

[9:83] If GOD returns you to a situation where they ask your permission to mobilize with you, you shall say, "You will never again mobilize with me, nor will you ever fight with me against any enemy. For you have chosen to be with the sedentary in the first place. Therefore, you must stay with the sedentary."

৯/৮৩ যদি আল্লাহ তোমাকে এমন অবস্থায় ফিরিয়ে নেন যেখানে তারা তোমার সাথে যুদ্ধের জন্য একত্রিত হতে অনুমতি চায়। তুমি বলবে, "তোমরা আবার কখনো আমার সাথে যুদ্ধের জন্য একত্রিত হবে না, না তোমরা কখনো

কোন শত্রুর বিরুদ্ধে আমার সাথে লড়াই করবে। কারণ তোমরাই প্রথমে বসে থাকা লোকদের সাথে থাকা পছন্দ করেছো। সেজন্য, তোমরা অবশ্যই বসে থাকা লোকদের সাথে থাকবে।”

[9:84] You shall not observe the funeral prayer for any of them when he dies, nor shall you stand at his grave. They have disbelieved in GOD and His messenger, and died in a state of wickedness.

৯/৮৪ তুমি তাদের কারো জন্য দাফনপূর্ব প্রার্থনা করবে না যখন সে মারা যায়, না তুমি তার কবরে দাঁড়াবে। তারা আল্লাহ ও তাঁর বার্তাবাহককে অবিশ্বাস করেছে, এবং মরেছে পাপী অবস্থায়।

*Worldly Materials Are Nil*

*পার্থিব বস্তু হচ্ছে শূন্য*

[9:85] Do not be impressed by their money or their children; GOD causes these to be sources of misery for them in this world, and their souls depart as disbelievers.

৯/৮৫ তাদের অর্থ অথবা তাদের সন্তানদের দ্বারা অভিভূত হইও না। এই দুনিয়াতে আল্লাহ এসবকে তাদের জন্য দুর্দশার উৎস করেন, এবং তাদের আত্মা অবিশ্বাসী হিসেবে বেরিয়ে যায়।

[9:86] When a sura is revealed, stating: "Believe in GOD, and strive with His messenger," even the strong among them say, "Let us stay behind!"

৯/৮৬ যখন কোন সুরা প্রকাশিত হয়, যেখানে বলা হয়ঃ “আল্লাহতে বিশ্বাস করো, এবং তাঁর বার্তাবাহকের সাথে সংগ্রাম করো” তখন এমনকি তাদের মধ্যকার বলবানরা বলে, “আমাদের থেকে যেতে দাও”।

[9:87] They chose to be with the sedentary. Consequently, their hearts were sealed, and thus, they cannot comprehend.

৯/৮৭ তারা বসে থাকাদের সাথে থাকতে পছন্দ করলো। পরিণামে, তাদের হৃদয়ে মোহর এঁটে দেয়া হয়েছিল, এবং এ কারণে, তারা হৃদয়ঙ্গম করতে পারে না।

*True Believers are*

*Eager to Strive*

*সত্যিকার বিশ্বাসীরা*

*সংগ্রাম করতে আগ্রহী*

[9:88] As for the messenger and those who believed with him, they eagerly strive with their money and their lives. These have deserved all the good things; they are the winners.

৯/৮৮ আর বার্তাবাহক এবং যারা তার সাথে বিশ্বাস করেছে, তারা আগ্রহের সাথে তাদের অর্থ এবং তাদের জীবন দিয়ে সংগ্রাম করে। এরা সকল ভালো জিনিসের যোগ্য হয়েছে; এরাই জয়ী।

[9:89] GOD has prepared for them gardens with flowing streams, wherein they abide forever. This is the greatest triumph.

৯/৮৯ আল্লাহ তাদের জন্য প্রবাহিত বার্নাসহ বাগান প্রস্তুত করেছেন, যেখানে তারা চিরকাল বসবাস করে। এটাই সবচেয়ে বড় বিজয়।

[9:90] The Arabs made up excuses, and came to you seeking permission to stay behind. This is indicative of their rejection of GOD and His messenger—they stay behind. Indeed, those who disbelieve among them have incurred a painful retribution.

৯/৯০ আরবরা অজুহাত বানিয়েছিল, এবং তোমার কাছে এসেছিল পেছনে থেকে যাবার অনুমতি চাইতে। এটি নির্দেশ করে আল্লাহ এবং তাঁর বার্তাবাহককে তাদের প্রত্যাখ্যান- তারা পেছনে থেকে যায়। নিশ্চয়, তাদের মধ্যে যারা অবিশ্বাস করে তারা টেনে এনেছে যন্ত্রণাদায়ক শাস্তি।

[9:91] Not to be blamed are those who are weak, or ill, or do not find anything to offer, so long as they remain devoted to GOD and His messenger. The righteous among them shall not be blamed. GOD is Forgiver, Most Merciful.

৯/৯১ তারা দোষী হবে না যারা দুর্বল, অথবা অসুস্থ, অথবা উৎসর্গ করার জন্য কোনকিছু পায় না, যতক্ষণ পর্যন্ত তারা আল্লাহ ও তাঁর বার্তাবাহকের প্রতি নিবেদিত থাকে। তাদের মধ্যকার সৎকর্মশীলরা দোষী হবে না। আল্লাহ ক্ষমাকারী, পরম দয়ালু।

[9:92] Also excused are those who come to you wishing to be included with you, but you tell them, "I do not have anything to carry you on." They then turn back with tears in their

eyes, genuinely saddened that they could not afford to contribute.

৯/৯২ এছাড়াও তারা অব্যাহতিপ্রাপ্ত যারা তোমার কাছে আসে তোমার সাথে অন্তর্ভুক্ত হবার ইচ্ছায়, কিন্তু তুমি তাদেরকে বলো, "তোমাদেরকে চালিয়ে নিতে আমার কিছুই করার নেই।" তারা তখন তাদের চোখে অশ্রু নিয়ে ফিরে যায়, সত্যই দুঃখ পেয়ে যে তারা অবদান রাখতে সমর্থ হয়নি।

[9:93] The blame is on those who ask your permission to stay behind, even though they have no excuse. They have chosen to be with the sedentary. Consequently, GOD has sealed their hearts, and thus, they do not attain any knowledge.

৯/৯৩ দোষ হচ্ছে তাদের যারা তোমার কাছে পেছনে থেকে যাওয়ার অনুমতি চায়, এমনকি যদিও তাদের কোন অজুহাত নেই। তারা বসে থাকাদের সাথে থাকতে পছন্দ করেছে। পরিণামে, আল্লাহ তাদের হৃদয়ে মোহর এঁটে দিয়েছেন, এবং এ কারণে, তারা কোন জ্ঞান অর্জন করে না।

*Hard Times Serve to Expose*

*The Hypocrites*

*কঠিন সময় ভুড়দের*

*প্রকাশ করতে কাজ করে*

[9:94] They apologize to you when you return to them (from battle). Say, "Do not apologize; we no longer trust you. GOD has informed us about you." GOD will see your works, and so will the messenger, then you will be returned to the Knower of all secrets and declarations, then He will inform you of everything you had done.

৯/৯৪ তারা তোমার কাছে ক্ষমা চায় যখন তুমি (যুদ্ধ থেকে) তাদের কাছে ফিরে আসো। বল, "ক্ষমা চেও না; তোমাদেরকে আমরা আর বিশ্বাস করি না। আল্লাহ আমাদেরকে তোমাদের সম্পর্কে অবগত করেছেন।" আল্লাহ তোমাদের কাজ দেখবেন, এবং বার্তাবাহকও, এরপর তোমরা সকল গোপন এবং প্রকাশ্য বিষয়ের জ্ঞাতার নিকট ফিরে যাবে, এরপর তিনি তোমাদেরকে সবকিছু জানাবেন যা তোমরা করেছিলে।

[9:95] They will swear by GOD to you, when you return to them, that you may disregard them. Do disregard them. They are polluted,

and their destiny is Hell, as a requital for the sins they have earned.

৯/৯৫ যখন তুমি তাদের কাছে ফিরে আসো, তারা তোমার কাছে আল্লাহর নামে শপথ করবে, যাতে তুমি তাদের উপেক্ষা করো। তাদেরকে উপেক্ষা করো। তারা দূষিত, এবং তাদের নিয়তি নরক, তাদের অর্জিত পাপের প্রতিফল হিসেবে।

[9:96] They swear to you, that you may pardon them. Even if you pardon them, GOD does not pardon such wicked people.

৯/৯৬ তারা তোমার কাছে শপথ করে, যাতে তুমি তাদের ক্ষমা করে দাও। যদি তুমি তাদের ক্ষমা করেও দাও, আল্লাহ এমন মন্দ লোকদের ক্ষমা করেন না।

*The Arabs*

*আরবরা*

[9:97] The Arabs are the worst in disbelief and hypocrisy, and the most likely to ignore the laws that GOD has revealed to His messenger. GOD is Omniscient, Most Wise.

৯/৯৭ আরবরা অবিশ্বাস এবং ভণ্ডামিতে নিকৃষ্টতম। এবং আল্লাহ তাঁর বার্তাবাহকের কাছে যে আইন প্রকাশ করেছেন তা উপেক্ষা করার প্রবণতা সবচেয়ে বেশি। আল্লাহ সর্বজ্ঞ, সবচেয়ে জ্ঞানী।

[9:98] Some Arabs consider their spending (in the cause of God) to be a loss, and even wait in anticipation that a disaster may hit you. It is they who will incur the worst disaster. GOD is Hearer, Omniscient.

৯/৯৮ কিছু আরব (আল্লাহর উদ্দেশ্যে) তাদের ব্যয়কে ক্ষতি হিসেবে গন্য করে, এমনকি অপেক্ষায় থাকে এ আশায় যে তোমার উপর কোন বিপর্যয় আঘাত হানবে। এরাই নিকৃষ্টতম বিপর্যয় টেনে আনবে। আল্লাহ শ্রোতা, সর্বজ্ঞ।

[9:99] Other Arabs do believe in GOD and the Last Day, and consider their spending to be a means towards GOD, and a means of supporting the messenger. Indeed, it will bring them nearer; GOD will admit them into His mercy. GOD is Forgiver, Most Merciful.

৯/৯৯ অন্যান্য আরবরা আল্লাহ এবং শেষ দিবসে বিশ্বাস করে, এবং তাদের ব্যয়কে আল্লাহর নৈকট্য লাভের একটি উপায় হিসেবে গন্য করে, এবং বার্তাবাহককে সমর্থনের একটি উপায় হিসেবে গন্য করে। নিশ্চয়ই, এটি তাদেরকে



অধিকতর নিকটে আনবে; আল্লাহ তাদেরকে তাঁর দয়ার অন্তর্ভুক্ত করবেন। আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।

[9:100] As for the early vanguards who immigrated (Muhājirin), and the supporters who gave them refuge (Ansār) and those who followed them in righteousness, GOD is pleased with them, and they are pleased with Him. He has prepared for them gardens with flowing streams, wherein they abide forever. This is the greatest triumph.

৯/১০০ প্রথম অগ্রণীদল যারা দেশান্তরিত হয়েছে (মুহাযেরিন), এবং তাদেরকে আশ্রয় দানকারী সমর্থনকারীরা (আনসাররা), এবং যারা সৎকর্মশীলতায় তাদের অনুসরণ করেছিল, আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট, এবং তারা তাঁর প্রতি সন্তুষ্ট। তিনি তাদের জন্য প্রস্তুত করেছেন প্রবাহিত ঝর্ণাসহ বাগান, যেখানে তারা চিরকাল থাকবে। এটাই সর্বশ্রেষ্ঠ বিজয়।

#### *Retribution Doubled for the Hypocrites \**

*ভন্ডদের জন্য শাস্তি দ্বিগুন\**

[9:101] Among the Arabs around you, there are hypocrites. Also, among the city dwellers, there are those who are accustomed to hypocrisy. You do not know them, but we know them. We will double the retribution for them, then they end up committed to a terrible retribution.

৯/১০১ তোমাদের চারপাশের আরবদের মধ্যে রয়েছে ভন্ডরা। এছাড়া, শহরের অধিবাসীদের মধ্যে তারা রয়েছে, যারা ভণ্ডমিতে অভ্যস্ত। তুমি তাদের জানো না, কিন্তু আমরা তাদের জানি। আমরা তাদের জন্য শাস্তি দ্বিগুন করবো, এরপর পরিশেষে তারা এক ভয়ানক শাস্তিতে পতিত হয়।

\*9:101 The hypocrites sit among the believers, listen to the message and proofs, then spread their poisonous doubts. It is a Quranic law that they receive double the retribution, now and forever.

[9:102] There are others who have confessed their sins; they have mixed good deeds with bad deeds. GOD will redeem them, for GOD is Forgiver, Most Merciful.

৯/১০২ অন্যান্যরা আছে যারা তাদের পাপ স্বীকার করেছে; তারা ভাল কাজের সাথে মন্দ কাজ মিশিয়েছে। আল্লাহ তাদেরকে উদ্ধার

করবেন, কারণ আল্লাহ ক্ষমাকারী, পরম দয়ালু।

[9:103] Take from their money a charity to purify them and sanctify them. And encourage them, for your encouragement reassures them. GOD is Hearer, Omniscient.

৯/১০৩ তাদের অর্থ থেকে দান নাও তাদেরকে পরিশুদ্ধ করতে এবং তাদেরকে পবিত্র করতে। এবং তাদেরকে উৎসাহিত করো, কারণ তোমার উৎসাহ তাদেরকে আশ্বস্ত করে। আল্লাহ শ্রোতা, সর্বজ্ঞ।

[9:104] Do they not realize that GOD accepts the repentance of His worshipers, and takes the charities, and that GOD is the Redeemer, Most Merciful?

৯/১০৪ তারা কি উপলব্ধি করে না যে আল্লাহ তাঁর উপাসনাকারীদের অনুশোচনা গ্রহণ করেন, এবং দান নেন, আর আল্লাহ উদ্ধারকারী, পরম দয়ালু?

[9:105] Say, "Work righteousness; GOD will see your work, and so will His messenger and the believers. Ultimately, you will be returned to the Knower of all secrets and declarations, then He will inform you of everything you had done."

৯/১০৫ বল, “সৎকর্ম করো; আল্লাহ তোমাদের কাজ দেখবেন, এবং তাঁর বার্তাবাহক এবং বিশ্বাসীরাও। অবশেষে, তোমরা সকল গোপন এবং প্রকাশ্য বিষয়ের জ্ঞাতার নিকট ফিরে যাবে, এরপর তিনি তোমাদেরকে সবকিছু জানাবেন যা তোমরা করেছিলে।”

[9:106] Others are waiting for GOD's decision; He may punish them, or He may redeem them. GOD is Omniscient, Most Wise.

৯/১০৬ অন্যান্যরা অপেক্ষায় আছে আল্লাহর সিদ্ধান্তের জন্য; তিনি হয়তো তাদের শাস্তি দেবেন, অথবা হয়তো তিনি তাদের উদ্ধার করবেন। আল্লাহ সর্বজ্ঞ, সবচেয়ে জ্ঞানী।

#### *Masjids that Oppose God and His Messenger\**

*যে মসজিদ আল্লাহ এবং*

*তাঁর বার্তাবাহকের বিরোধিতা করে*

[9:107] There are those who abuse the masjid by practicing idol worship, dividing the believers, and providing comfort to those who

oppose GOD and His messenger. They solemnly swear: "Our intentions are honorable!" GOD bears witness that they are liars.

৯/১০৭ আর যারা মসজিদের অপব্যবহার করে অংশীদার উপাসনা চর্চা করে, বিশ্বাসীদের বিভক্ত করে, এবং তাদেরকে স্বস্তি দেয় যারা আল্লাহ ও তাঁর বার্তাবাহকের বিরোধিতা করে। তারা দৃড়তার সাথে শপথ করেঃ “আমাদের উদ্দেশ্য সম্মানজনক!” আল্লাহ সাক্ষ্য দেন যে তারা মিথ্যুক।

\*9:107 Any masjid where the practices are not devoted absolutely to God ALONE belongs to Satan, not God. For example, mentioning the names of Abraham, Muhammad, and/or Ali in the Azan and/or the Salat prayers violates God's commandments in 2:136, 2:285, 3:84, & 72:18. Unfortunately, this is a common idolatrous practice throughout the corrupted Muslim world.

*Do Not Pray  
in Those Masjids*

*ঐসব মসজিদে  
প্রার্থনা করবেন না*

[9:108] You shall never pray in such a masjid. A masjid that is established on the basis of righteousness from the first day is more worthy of your praying therein. In it, there are people who love to be purified. GOD loves those who purify themselves.

৯/১০৮ তুমি এমন মসজিদে কখনো প্রার্থনা করবে না। যে মসজিদ প্রথম দিন থেকেই ন্যায়পরায়ণতার ভিত্তির উপর প্রতিষ্ঠিত সে স্থান তোমার প্রার্থনার অধিক উপযুক্ত। এখানে লোকেরা আছে, যারা শুদ্ধ হতে ভালবাসে। আল্লাহ তাদেরকে ভালবাসেন যারা নিজেদের শুদ্ধ করে।

[9:109] Is one who establishes his building on the basis of reverencing GOD and to gain His approval better, or one who establishes his building on the brink of a crumbling cliff, that falls down with him into the fire of Hell? GOD does not guide the transgressing people.

৯/১০৯ যে ব্যক্তি তার ইমারত আল্লাহ ভক্তি এবং তাঁর সম্মতি অর্জনের ভিত্তির উপর প্রতিষ্ঠা করে সে উত্তম, নাকি সে ব্যক্তি যে তার ইমারত একটি ক্ষয়প্রাপ্ত পর্বতগাত্রের কিনারে প্রতিষ্ঠা করে, যা তাকে নিয়ে নরকের আগুনে পতিত হয়? আল্লাহ সীমাতিক্রমকারি লোকদের পথ দেখান না।

[9:110] Such a building that they have established remains a source of doubt in their hearts, until their hearts are stilled. GOD is Omniscient, Most Wise.

৯/১১০ এমন ইমারত যা তারা স্থাপন করেছে তা তাদের হৃদয়ে সন্দেহের একটি উৎস হয়ে থাকে, যতক্ষণ না তাদের হৃদয় স্থির হয়ে যায়। আল্লাহ সর্বজ্ঞ, সবথেকে জ্ঞানী।

*The Most Profitable Investment*

*সবচেয়ে লাভজনক বিনিয়োগ*

[9:111] GOD has bought from the believers their lives and their money in exchange for Paradise. Thus, they fight in the cause of GOD, willing to kill and get killed. Such is His truthful pledge in the Torah, the Gospel, and the Quran—and who fulfills His pledge better than GOD? You shall rejoice in making such an exchange. This is the greatest triumph.

৯/১১১ আল্লাহ স্বর্গোদ্যানের বিনিময়ে বিশ্বাসীদের কাছ থেকে তাদের জীবন এবং তাদের অর্থ কিনে নিয়েছেন। এ কারণে, তারা আল্লাহর উদ্দেশ্যে লড়াই করে, মারতে এবং মরতে সম্মত। এমনই হচ্ছে তওরাত, ইঞ্জিল, এবং কোরানে তাঁর সত্য অঙ্গীকার- এবং কে অঙ্গীকার পূরণে আল্লাহর চেয়ে উত্তম? তোমরা এমন বিনিময়ে আনন্দ করবে। এটিই শ্রেষ্ঠ বিজয়।

*The Believers*

*বিশ্বাসীরা*

[9:112] They are the repenters, the worshipers, the praisers, the meditators, the bowing and prostrating, the advocators of righteousness and forbidders of evil, and the keepers of GOD's laws. Give good news to such believers.

৯:১১২ তারা অনুশোচনাকারী, উপাসনাকারী, প্রশংসাকারী, ধ্যানকারী, অবনত হয় ও সেজদা করে, সৎকর্মশীলতার উকালতি করে এবং মন্দের নিষেধকারী, এবং আল্লাহর আইন রক্ষাকারী। এমন বিশ্বাসীদের সুসংবাদ দাও।

*You Shall Disown God's Enemies*

*Abraham Disowned His Father*

*আপনারা আল্লাহর শত্রুদের ত্যাগ করবেন*

*ইব্রাহীম তার পিতাকে ত্যাগ করেছিল*

[9:113] Neither the prophet, nor those who believe shall ask forgiveness for the idol worshipers, even if they were their nearest of kin, once they realize that they are destined for Hell.

[৯:১১৩] না নবী, না তারা যারা বিশ্বাস করে অংশীদার উপাসকদের জন্য ক্ষমা প্রার্থনা করবে, এমনকি যদিও তারা তাদের নিকটতম আত্মীয়স্বজন হয়, যখন তারা উপলব্ধি করে যে তারা নরকের জন্য নির্ধারিত।

[9:114] The only reason Abraham asked forgiveness for his father was that he had promised him to do so. But as soon as he realized that he was an enemy of GOD, he disowned him. Abraham was extremely kind, clement.

[৯:১১৪] ইব্রাহিম তার পিতার জন্য ক্ষমা চেয়েছিল শুধু একারণে যে, সে তাকে এমন অঙ্গীকার দিয়েছিল। কিন্তু, যখনই সে উপলব্ধি করলো যে সে আল্লাহর শত্রু, সে তাকে ত্যাগ করলো। ইব্রাহিম ছিল অত্যন্ত দয়ালু, সহিষ্ণু।

[9:115] GOD does not send any people astray, after He had guided them, without first pointing out for them what to expect. GOD is fully aware of all things.

[৯:১১৫] আল্লাহ কোন লোকদের পথভ্রষ্ট করেন না, তিনি তাদের পথ-প্রদর্শন করার পর, প্রথমে তাদের জন্য নির্দেশ না করে যে কি প্রত্যাশা করা হয়। আল্লাহ সবকিছু সম্পর্কে সম্পূর্ণ অবগত।

[9:116] To GOD belongs the sovereignty of the heavens and the earth. He controls life and death. You have none beside GOD as a Lord and Master.

[৯:১১৬] আকাশমন্ডলী এবং পৃথিবীর সার্বভৌমত্ব আল্লাহর। তিনি জীবন এবং মৃত্যু নিয়ন্ত্রণ করেন। আল্লাহর পাশে প্রভু এবং মনিব হিসাবে তোমাদের অন্য কেউ নেই।

[9:117] GOD has redeemed the prophet, and the immigrants (Muhājireen) and the supporters who hosted them and gave them refuge (Ansār), who followed him during the difficult times. That is when the hearts of some of them almost wavered. But He has redeemed them, for He is Compassionate towards them, Most Merciful.

[৯:১১৭] আল্লাহ উদ্ধার করেছেন নবীকে, এবং অভিবাসীদের (মুহাজিরিন) এবং সে সমর্থকদের যারা তাদের আতিথিয়তা করেছে এবং তাদের আশ্রয় দিয়েছে (আনসার), যারা তাকে কঠিন সময়ে অনুসরণ করেছে। সে সময় তাদের কারো কারো হৃদয় প্রায় দোদুল্যমান ছিল। কিন্তু তিনি

তাদের উদ্ধার করেছিলেন, কারণ তিনি তাদের প্রতি করুণাময়, পরম দয়ালু।

*Do Not Abandon the Messenger*

*বার্তাবাহককে ত্যাগ করবেন না*

[9:118] Also (redeemed were) the three who stayed behind. The spacious earth became so straitened for them, that they almost gave up all hope for themselves. Finally, they realized that there was no escape from GOD, except to Him. He then redeemed them that they may repent. GOD is the Redeemer, Most Merciful. ৯/১১৮ আরো (উদ্ধার করা হয়েছে) সে তিনজনকে যারা পেছনে থেকে গিয়েছিল। বিস্তৃত পৃথিবী তাদের জন্য এতো সঙ্কুচিত হয়ে গিয়েছিল যে, তারা তাদের নিজেদের জন্য প্রায় সকল আশা ত্যাগ করেছিল। পরিশেষে, তারা উপলব্ধি করলো যে আল্লাহর থেকে পালানো যায় না, তাঁর দিকে ছাড়া। তিনি তখন তাদের উদ্ধার করলেন যাতে তারা অনুশোচনা করতে পারে। আল্লাহ উদ্ধারকারী, সবচেয়ে দয়াময়।

[9:119] O you who believe, you shall reverence GOD, and be among the truthful. ৯/১১৯ হে তোমরা যারা বিশ্বাস করো, তোমরা আল্লাহকে ভক্তি-শ্রদ্ধা করবে, এবং সত্যবাদীদের মধ্যে থাকবে।

[9:120] Neither the dwellers of the city, nor the Arabs around them, shall seek to stay behind the messenger of GOD (when he mobilize s for war). Nor shall they give priority to their own affairs over supporting him. This is because they do not suffer any thirst, or any effort, or hunger in the cause of GOD, or make a single step that enrages the disbelievers, or inflict any hardship upon the enemy, without having it written down for them as a credit. GOD never fails to recompense those who work righteousness.

৯/১২০ না শহরের বাসিন্দারা, না তাদের চারদিকের আরবরা, আল্লাহর বার্তাবাহকের পেছনে থেকে যাওয়ার পথ খুঁজবে (যখন সে যুদ্ধের জন্য একত্রিত হয়)। না তারা তাদের নিজেদের বিষয়কে প্রাধান্য দেবে তাকে সমর্থন দেয়ার চেয়ে। এর কারণ, না তারা আল্লাহর উদ্দেশ্যে কোন তৃষ্ণা ভোগ করে, অথবা কোন চেষ্টা, অথবা ক্ষুধা, অথবা না কোন একটি পদক্ষেপ নেয় যা অবিশ্বাসীদের ক্ষুব্ধ করে, অথবা না শত্রুদের উপর কোন কষ্ট আরোপ

করে, যা কৃতিত্ব হিসাবে তাদের জন্য লেখা হয় না। যারা সৎকর্ম করে তাদেরকে আল্লাহ কখনো পুরস্কৃত করতে ব্যর্থ হন না।

[9:121] Nor do they incur any expense, small or large, nor do they cross any valley, without having the credit written down for them. GOD will surely reward them generously for their works.

৯/১২১ না তারা নিজের উপর কোন ব্যয় টেনে আনে, ছোট অথবা বড়, না তারা কোন উপত্যকা পার হয়, যার কৃতিত্ব তাদের জন্য লেখা না হয়। আল্লাহ অবশ্যই তাদের কাজের জন্য তাদেরকে উদারভাবে পুরস্কৃত করবেন।

### *The Importance of Religious Education*

#### *ধর্মীয় শিক্ষার*

#### *গুরুত্ব*

[9:122] When the believers mobilize, not all of them shall do so. A few from each group shall mobilize by devoting their time to studying the religion. Thus, they can pass the knowledge on to their people when they return, that they may remain religiously informed.

৯/১২২ যখন বিশ্বাসীরা যুদ্ধের জন্য প্রস্তুতি নেয়, তাদের সকলে নিবে না। প্রত্যেক দল থেকে কিছু লোক ধর্ম অধ্যয়নে তাদের সময় উৎসর্গ করতে সমবেত হবে। এভাবে, তারা তাদের লোকদের কাছে জ্ঞান ছড়িয়ে দিতে পারে যখন তারা ফিরে আসে, যাতে তারা ধর্মীয়ভাবে অবগত থাকতে পারে।

### *The Disbelievers*

#### *অবিশ্বাসীরা*

[9:123] O you who believe, you shall fight the disbelievers who attack you—let them find you stern—and know that GOD is with the righteous.

৯/১২৩ হে যারা তোমরা বিশ্বাস করো, তোমরা লড়াই করবে অবিশ্বাসীদের সাথে যারা তোমাদের আক্রমণ করে- যেন তারা তোমাদের কঠোর পায়- এবং জানো যে আল্লাহ সৎকর্মীদের সাথে আছেন।

### *The Hypocrites*

#### *ভগুরা*

[9:124] When a sura was revealed, some of them would say, "Did this sura strengthen the faith of anyone among you?" Indeed, it did strengthen the faith of those who believed, and they rejoice in any revelation.

৯/১২৪ যখন কোন সুরা প্রকাশিত হতো, তাদের কেউ কেউ বলতো, “এই সুরা কি তোমাদের কারো বিশ্বাস মজবুত করেছে?” নিশ্চয়ই, এটা তাদের বিশ্বাসকে মজবুত করেছিল যারা বিশ্বাস করেছে, এবং তারা যে কোন প্রকাশনাতেই আনন্দ করে।

[9:125] As for those who harbored doubts in their hearts, it actually added unholiness to their unholiness, and they died as disbelievers.

৯/১২৫ আর তাদের জন্য যারা তাদের হৃদয়ে সন্দেহ পোষণ করতো, এটা আসলে তাদের অপবিত্রতায় অপবিত্রতা যোগ করেছিল, এবং তারা অবিশ্বাসী হিসাবে মৃত্যুবরণ করলো।

[9:126] Do they not see that they suffer from exacting trials every year once or twice? Yet, they consistently fail to repent, and fail to take heed?

৯/১২৬ তারা কি খেয়াল করে না যে প্রতি বছর এক বা দু' বার তারা কঠোর পরীক্ষার সম্মুখীন হয়? এরপরও, তারা প্রতিবার অনুশোচনা করতে ব্যর্থ হয়, এবং ব্যর্থ হয় সতর্ক হতে।

### *A Historical Crime Unveiled:*

#### *Tampering With the*

#### *Word of God.\**

#### *God Provides Irrefutable Evidence*

#### *এক ঐতিহাসিক অপরাধ উন্মোচনঃ*

#### *আল্লাহর বাণীতে*

#### *অনধিকার হস্তক্ষেপ\**

#### *আল্লাহ অখণ্ডনীয় প্রমাণ দেন*

[9:127] Whenever a sura was revealed, some of them would look at each other as if to say: "Does anyone see you?" Then they left. Thus, GOD has diverted their hearts, for they are people who do not comprehend.

৯/১২৭ যখন কোন সুরা প্রকাশিত হতো, তাদের কেউ কেউ একে অন্যের দিকে এমনভাবে তাকাতো যেন বলতে চায়ঃ “কেউ কি তোমাদের দেখে?” এরপর তারা চলে গেল।

এভাবে, আল্লাহ তাদের হৃদয়কে বিমুখ করেন, কারণ তারা এমন লোক যারা হৃদয়ঙ্গম করে না।

\*9:1 & \*9:127 This is the only sura that is not prefixed with the **Basmalah**. This phenomenon has puzzled the students of the Quran for 14 centuries, and many theories were advanced to explain it. Now we realize that the conspicuous absence of the **Basmalah** serves three purposes: (1) It represents an advance divine proclamation that the idol worshipers were destined to tamper with the Quran by adding 2

*false verses (9:128-129). (2) It demonstrates one of the functions of God's mathematical code in the Quran, namely, to guard the Quran against any alteration. (3) It provides additional miraculous features of the Quran's code. Due to their extraordinary importance, the details are given in Appendices 24 and 29. One immediate observation is that the number of occurrences of the word "God" at the end of Sura 9 is 1273 (19x67). If the two false verses 128 & 129 are included, this phenomenon—and many more—will vanish.*

## Sura 10: Jonah (Younus)

[10:1] A. L. R.\* These (letters) are the proofs of this book of wisdom.

১০/১ অ, ল, র, \* এই (অক্ষরগুলো) প্রজ্ঞাময় এই গ্রন্থটির প্রমাণ।

\*10:1 These letters constitute a major portion of the Quran's awesome mathematical code and proof of divine authorship. See Appendix 1 for details.

[10:2] Is it too much of a wonder for the people that we inspired a man like them? He (was inspired to say), "You shall warn the people, and give good news to those who believe that they have attained a position of prominence at their Lord." The disbelievers said, "This is a clever magician!"

১০:২ এটা কি লোকদের জন্য খুব বেশি বিস্ময়কর যে আমরা তাদের মতো কোন লোককে অনুপ্রাণিত করেছি? তাকে (অনুপ্রাণিত করা হয়েছে বলার জন্য যে), “তুমি লোকদের সতর্ক করবে, এবং যারা বিশ্বাস করে তাদেরকে সুসংবাদ দিবে যে, তারা তাদের প্রভুর কাছে বিশিষ্ট অবস্থান অর্জন করেছে”।  
অবিশ্বাসীরা বলল, “এ তো এক চালাক যাদুকর!”

[10:3] Your only Lord is GOD; the One who created the heavens and the earth in six days, then assumed all authority. He controls all matters. There is no intercessor, except in accordance with His will. Such is GOD your Lord. You shall worship Him. Would you not take heed?

১০:৩ আল্লাহ তোমাদের একমাত্র প্রভু; যিনি আকাশমণ্ডলী ও পৃথিবীকে ছয় দিনে সৃষ্টি করেছেন, এরপর সকল কর্তৃত্ব গ্রহণ করেছেন। তিনি সকল বিষয় নিয়ন্ত্রণ করেন। কোন সুপারিশকারী নেই, তাঁর ইচ্ছানুসারে ব্যতীত। এমনই হলেন তোমাদের প্রভু, আল্লাহ। তোমরা তাঁর উপাসনা করবে। তোমরা কি মনোযোগী হবে না?

[10:4] To Him is your ultimate return, all of you. This is GOD's truthful promise. He initiates the creation, then repeats it, in order to reward those who believe and lead a righteous life, equitably. As for those who disbelieve,

they incur hellish drinks, and a painful retribution for their disbelieving.

১০:৪ তাঁর কাছে তোমাদের চূড়ান্ত প্রত্যাবর্তন, তোমাদের সকলের। এটি আল্লাহর সত্য অঙ্গীকার। তিনি সৃষ্টির সূচনা করেন, এরপর এর পুনরাবৃত্তি করেন তাদের পুরস্কৃত করার জন্য যারা বিশ্বাস করে এবং সৎ জীবন- যাপন করে, ন্যায়সঙ্গতভাবে। আর যারা অবিশ্বাস করে, তারা নিজেদের প্রতি টেনে এনেছে নারকীয় পানীয়, এবং এক যন্ত্রণাদায়ক শাস্তি, তাদের অবিশ্বাসের জন্য।

[10:5] He is the One who rendered the sun radiant, and the moon a light, and He designed its phases that you may learn to count the years and to calculate. GOD did not create all this, except for a specific purpose. He explains the revelations for people who know.

১০:৫ তিনিই সে সত্তা, যিনি সূর্যকে করেছেন প্রজ্বলিত, এবং চাঁদকে আলোকিত, এবং তিনি এর পর্যায়সমূহ নকশা করেছেন যাতে তোমরা বছর গণনা এবং এর হিসাব করা শিখতে পারো। আল্লাহ এই সবকিছু সৃষ্টি করেননি, কোন বিশেষ উদ্দেশ্য ছাড়া। তিনি সেসব লোকদের জন্য প্রকাশনাবলী ব্যাখ্যা করেন যারা জানে।

[10:6] Surely, in the alternation of night and day, and what GOD created in the heavens and the earth, there are proofs for people who are righteous.

১০/৬ নিশ্চয়, রাত ও দিনের পালা- বদলে, এবং যা আল্লাহ আকাশমণ্ডলী ও পৃথিবীতে সৃষ্টি করেছেন, তাতে লোকদের জন্য প্রমাণ রয়েছে যারা সৎকর্মী।

*Preoccupation  
With This World  
এই দুনিয়ায়  
নিবিষ্ট থাকা*

[10:7] Those who are not expecting to meet us, and are preoccupied with this worldly life and are content with it, and refuse to heed our proofs;

১০/৭ যারা আমাদের সাক্ষাতের আশা করছে না, এবং এই পার্থিব জীবনে নিবিষ্ট হয়ে আছে ও তাতেই পরিতৃপ্ত, এবং আমাদের প্রমাণগুলোতে মনোযোগ দিতে চায় না;

[10:8] these have incurred Hell as their ultimate abode, as a consequence of their own works.

১০/৮ এরা নরক টেনে এনেছে তাদের চূড়ান্ত আবাস হিসেবে, তাদের নিজেদের কাজের পরিণামে।

*God Guides the Believers*

আল্লাহ বিশ্বাসীদের পথ- প্রদর্শন করেন

[10:9] As for those who believe and lead a righteous life, their Lord guides them, by virtue of their belief. Rivers will flow beneath them in the gardens of bliss.

১০/৯ আর যারা বিশ্বাস করে এবং সৎ জীবন-যাপন করে, তাদের প্রভু তাদের পথ- প্রদর্শন করেন, তাদের বিশ্বাসের গুণে। সবচেয়ে সুখময় বাগানসমূহে, তাদের তলদেশে প্রবাহিত হবে নদ-নদী।

[10:10] Their prayer therein is: "Be You glorified, our god," their greeting therein is, "Peace," and their ultimate prayer is: "Praise be to GOD, Lord of the universe."

১০/১০ সেখানে তাদের প্রার্থনা হচ্ছেঃ “আপনি মহিমান্বিত, আমাদের উপাস্য”। সেখানে তাদের সম্ভাষণ হচ্ছে, “শান্তি,” এবং তাদের পরম প্রার্থনা হচ্ছেঃ “প্রশংসা আল্লাহর, মহাবিশ্বের প্রভু”।

[10:11] If GOD hastened the retribution incurred by the people, the way they demand provisions, they would have been annihilated long ago. However, we leave those who do not believe in meeting us in their transgressions, blundering.

[১০:১১] যদি আল্লাহ লোকদের অর্জিত শাস্তি ত্বরান্বিত করতেন, যেভাবে তারা জীবিকা দাবি করে, তারা অনেক আগেই ধ্বংস হয়ে যেত। যাহোক, যারা আমাদের সাথে সাক্ষাতে বিশ্বাস করে না আমরা তাদের সীমালঙ্ঘনে ছেড়ে দেই, পথভ্রষ্টতায় মগ্ন।

[10:12] When adversity touches the human being, he implores us while lying down, or sitting, or standing up. But as soon as we relieve his adversity, he goes on as if he never implored us to relieve any hardship! The works of the transgressors are thus adorned in their eyes.

[১০:১২] যখন দুর্দশা মানুষকে স্পর্শ করে, সে আমাদের কাছে শুয়ে, বসে, অথবা দাঁড়িয়ে মিনতি করে। কিন্তু, যখনই আমরা তার দুর্দশা দূর করি, সে এমনভাবে চলে যেন সে কখনোই আমাদের কাছে কোন কষ্ট দূর করতে মিনতি

করেনি। সীমালঙ্ঘনকারীদের কাজ এভাবেই তাদের চোখে সজ্জিত করা হয়।

*Lessons from the Past*

অতীত থেকে শিক্ষা

[10:13] Many a generation we have annihilated before you when they transgressed. Their messengers went to them with clear proofs, but they refused to believe. We thus requite the guilty people.

[১০:১৩] আমরা তোমাদের আগে কত প্রজন্মই না ধ্বংস করেছি যখন তারা সীমালঙ্ঘন করেছিল। তাদের কাছে তাদের বার্তাবাহকগণ সুস্পষ্ট প্রমাণাদি নিয়ে গিয়েছিল, কিন্তু তারা বিশ্বাস করতে প্রত্যাখান করেছিল। আমরা এভাবেই অপরাধী লোকদের প্রতিফল দেই।

*Now It Is Your Turn*

এখন আপনার পালা

[10:14] Then we made you inheritors of the earth after them, to see how you will do.

[১০:১৪] এরপর আমরা তাদের পর তোমাদেরকে পৃথিবীর উত্তরাধিকারী করলাম, তোমরা কেমন করবে তা দেখতে।

*Every Letter Calculated and*

*Divinely Designed*

প্রত্যেকটি অক্ষর হিসাবকৃত এবং

ঐশ্বরিকভাবে নকশা করা

[10:15] When our revelations are recited to them, those who do not expect to meet us say, "Bring a Quran\* other than this, or change it!" Say, "I cannot possibly change it on my own. I simply follow what is revealed to me. I fear, if I disobey my Lord, the retribution of an awesome day."

[১০:১৫] যখন আমাদের প্রকাশনাবলি তাদের কাছে আবৃত্তি করা হয়, যারা আমাদের সাথে সাক্ষাতের আশা করে না তারা বলে, "এটা ছাড়া অন্য কোরআন\* নিয়ে আসো, অথবা একে পরিবর্তন করো।" বল, 'এটা সম্ভবই না যে আমি নিজে নিজে এর পরিবর্তন করি। আমি শুধু অনুসরণ করি যা আমার কাছে প্রকাশিত হয়। আমি ভয় করি, সেই ভয়ঙ্কর দিনের শাস্তিকে, যদি আমি আমার প্রভুকে অমান্য করি।'

\*10:15 The word "Quran" is mentioned in the Quran 58 times, but since this verse refers to "another Quran," it must be excluded; "This Quran" is mentioned in the Quran 57 times, 19x3.

[10:16] Say, "Had GOD willed, I would not have recited it to you, nor would you have known anything about it. I have lived among you a whole life before this (and you have known me as a sane, truthful person). Do you not understand?"

১০/১৬ বল, “আল্লাহ যদি না চাইতেন, না আমি এটি তোমাদের কাছে আবৃত্তি করতাম, না তোমরা এটি সম্পর্কে কোন কিছু জানতে পারতে। এর আগে আমি তোমাদের মধ্যে পুরোটা জীবন পার করেছি (এবং তোমরা আমাকে একজন বিবেকবান, সত্যবাদী ব্যক্তি হিসেবে জেনেছ)। তোমরা কি বুঝ না?”

[10:17] Who is more evil than one who fabricates lies about GOD, or rejects His revelations. Certainly, the transgressors never succeed.

১০/১৭ কে তার চেয়ে বেশি মন্দ যে আল্লাহ সম্পর্কে মিথ্যা রচনা করে, অথবা তাঁর প্রকাশনাবলি প্রত্যাখ্যান করে? নিশ্চয়, সীমাতিক্রমকারীরা কখনো সফল হয় না।

[10:18] They worship beside GOD idols that possess no power to harm them or benefit them, and they say, "These are our intercessors at GOD!" Say, "Are you informing GOD of something He does not know in the heavens or the earth?" Be He glorified. He is the Most High; far above needing partners.

১০/১৮ তারা আল্লাহর পাশে অংশীদারদের উপাসনা করে যা তাদের ক্ষতি বা উপকার করার কোন ক্ষমতা রাখে না, এবং তারা বলে, “এরা আল্লাহর কাছে আমাদের সুপারিশকারী!” বল, “তোমরা কি আল্লাহকে আকাশমন্ডলী বা পৃথিবীর কোন কিছু জানাচ্ছ যা তিনি জানেন না?” তিনি মহিমাযিত। তিনি সর্বোচ্চ; অংশীদার থাকার প্রয়োজন থেকে অনেক উর্ধ্বে।

[10:19] The people used to be one congregation, then they disputed. If it were not for a predetermined word from your Lord, they would have been judged immediately regarding their disputes.

১০/১৯ লোকেরা এক ধর্মীয় সম্প্রদায়ভুক্ত ছিল, এরপর তারা বিবাদ করলো। যদি এটা আল্লাহর পক্ষ থেকে কোন পূর্ব নির্ধারিত আদেশ না হতো, তারা তাৎক্ষণিক তাদের বিবাদের বিষয়ে রায় পেত।

*Miracle of the Quran to be*

*Unveiled after*

*Muhammad \**

*কোরানের অলৌকিকতা*

*উন্মোচিত হবে*

*মুহাম্মদের পর\**

[10:20] they say, "How come no miracle came down to him from his Lord?" Say, "The future belongs to GOD; so wait, and I am waiting along with you."

১০/২০ তারা বলে, “কেমন করে তার কাছে তার প্রভুর পক্ষ থেকে কোন অলৌকিকতা অবতীর্ণ হল না?” বল, “ভবিষ্যৎ আল্লাহর অধীনে; তাই অপেক্ষা করো, এবং আমিও তোমাদের সাথে অপেক্ষা করছি”।

*Rebellious Humans*

*বিদ্রোহী মানবজাতি*

[10:21] When we bestow mercy upon the people, after adversity had afflicted them, they immediately scheme against our revelations! Say, “GOD’s scheming is far more effective. For our messengers are recording everything you scheme.”

[১০:২১] লোকেরা দুর্দশাগ্রস্ত হওয়ার পর আমরা যখন তাদের উপর দয়া করলাম, তারা তৎক্ষণাতঃ আমাদের প্রকাশনাবলির বিরুদ্ধে ষড়যন্ত্র করলো! বল, “আল্লাহর পরিকল্পনা আরো অধিক কার্যকর। কারণ আমাদের বার্তাবাহকরা তোমাদের সকল ষড়যন্ত্র রেকর্ড করছে।

[10:22] He is the One who moves you across the land and sea. You get onto the ships, and they sail smoothly in nice breeze. Then, while rejoicing therein, violent wind blows, and the waves surround them from every side. This is when they implore GOD, sincerely devoting their prayers to Him alone: "If You only save us this time, we will be eternally appreciative."

[১০:২২] তিনিই সে সত্ত্বা যিনি তোমাদেরকে ভূখণ্ড ও সাগরে ভ্রমণ করান। তোমরা জাহাজে আরোহন করো এবং এগুলো পাল খাটিয়ে চমৎকার মৃদু বাতাসে মসৃণভাবে চলে। এরপর, যখন সেখানে তারা আনন্দ করতে থাকে, প্রচণ্ড বাতাস প্রবাহিত হয়, এবং ঢেউ তাদেরকে সব দিক থেকে ঘিরে ফেলে। সেই মুহূর্তেই তারা আল্লাহর কাছে মিনতি করে, তাদের প্রার্থনা আন্তরিকভাবে একমাত্র তাঁর নিকট উৎসর্গ করে, "আপনি যদি আমাদেরকে এবারের মতো রক্ষা করেন, আমরা চিরকাল কৃতজ্ঞ থাকবো।"



[10:23] But as soon as He saves them, they transgress on earth, and oppose the truth. O people, your transgression is only to the detriment of your own souls. You remain preoccupied with this worldly life, then to us is your ultimate return, then we inform you of everything you had done.

[১০:২৩] কিন্তু তিনি তাদের রক্ষা করা মাত্রই, তারা পৃথিবীতে সীমালঙ্ঘন করে, এবং সত্যের বিরোধিতা করে। হে লোকেরা, তোমাদের সীমালঙ্ঘন শুধু তোমাদের নিজ আত্মার ক্ষতি করে। তোমরা এই পার্থিব জীবন নিয়ে নিবিষ্ট থাকো, এরপর আমাদের কাছে তোমাদের চূড়ান্ত প্রত্যাবর্তন, এরপর আমরা তোমাদের জানাবো যা তোমরা করেছিলে।

[10:24] The analogy of this worldly life is like this: we send down water from the sky to produce with it all kinds of plants from the earth, and to provide food for the people and the animals. Then, just as the earth is perfectly adorned, and its people think that they are in control thereof, our judgment comes by night or by day,\* leaving it completely barren, as if nothing existed the previous day. We thus explain the revelations for people who reflect.

[১০:২৪] এই পার্থিব জীবনের উপমা হচ্ছে এরকম: আমরা আকাশ থেকে পানি বর্ষণ করি, তা দিয়ে পৃথিবী থেকে সব ধরণের উদ্ভিদ উৎপন্ন করতে, এবং লোকদের ও প্রাণীদের জন্য খাদ্যের সংস্থান করতে। এরপর, যখনই পৃথিবীকে যথাযথভাবে সজ্জিত করা হয়, এবং এর লোকেরা ভাবে যে তারা এর নিয়ন্ত্রণে, আমাদের বিচার আসে রাতে বা দিনে\*, একে সম্পূর্ণ ধূলিসাৎ করে দিয়ে, যেন আগের দিন কোন কিছুই অস্তিত্ব ছিল না। আমরা এভাবে প্রকাশনাবলি ব্যাখ্যা করি সে লোকদের জন্য যারা গভীর চিন্তা করে।

\*10:24 God, of course, knows whether His judgment will come during the day, or during the night. But it just happens that the earth will be half day and half night when the end of the world comes. Another "scientific miracle" of the Quran.

[10:25] GOD invites to the abode of peace, and guides whomever He wills in a straight path.

[১:২৫] আল্লাহ শান্তির নীড়ের দিকে আমন্ত্রণ করেন, এবং যাকে ইচ্ছা তিনি সরল পথে পরিচালিত করেন।

*Heaven and Hell are Eternal*

*স্বর্গ এবং নরক চিরস্থায়ী*

[10:26] For the righteous, the reward will be multiplied manifold. Their faces will never experience any deprivation or shame. These are the dwellers of Paradise; they abide therein forever.

১০/২৬ সৎকর্মীদের জন্য, পুরস্কার বহুগুণে বৃদ্ধি করা হবে। তাদের মুখমণ্ডল কখনো কোন বঞ্চনা বা লজ্জা অনুভব করবে না। এরাই স্বর্গের বাসিন্দা; তারা সেখানে চিরকাল বাস করে।

[10:27] As for those who earned sins, their requital is equivalent to their sin. Humiliation is their lot, and no one beside GOD can protect them. Their faces will seem overwhelmed by masses of dark night. They will be the dwellers of Hell; they abide therein forever.

১০/২৭ আর তাদের ক্ষেত্রে যারা পাপ অর্জন করেছে, তাদের প্রতিফল তাদের পাপের সমতুল্য। অপমান হচ্ছে তাদের ভাগ্য, এবং আল্লাহর পাশে অন্য কেউ তাদেরকে রক্ষা করতে পারে না। তাদের মুখমণ্ডলকে মনে হবে যেন অন্ধকার রাতের টুকরা দিয়ে ছেয়ে আছে। তারা হবে নরকের বাসিন্দা; তারা সেখানে চিরকাল বাস করবে।

*Idols Disown*

*Their Worshipers*

*উপাস্যরা তাদের উপাসনাকারীদের*

*প্রত্যাক্ষান করে*

[10:28] On the day when we summon them all, we will say to those who worshiped idols, "We have summoned you, together with your idols." We will have them confront each other, and their idols will say to them, "We had no idea that you idolized us.

১০/২৮ সেদিন যখন আমরা তাদের সকলকে সমবেত করবো, যারা অংশীদার উপাসনা করেছিল আমরা তাদের বলব, “আমরা তোমাদের একত্রিত করেছি, তোমাদের উপাস্যদের সাথে”। আমরা তাদেরকে একে অন্যের মুখোমুখি করবো, এবং তাদের উপাস্যরা তাদেরকে বলবে, “আমাদের কোন ধারণা ছিল না যে তোমরা আমাদেরকে উপাস্য করেছ”।

[10:29] "GOD suffices as a witness between us and you, that we were completely unaware of your worshipping us."

১০/২৯ “আমাদের এবং তোমাদের মাঝে সাক্ষী হিসাবে আল্লাহ যথেষ্ট, যে আমরা সম্পূর্ণ অনবগত ছিলাম আমাদেরকে তোমাদের উপাসনার ব্যাপারে”।

[10:30] That is when each soul will examine everything it had done. They will be returned to GOD, their rightful Lord and Master, and the idols they had fabricated will disown them.

১০/৩০ সেই সময় প্রত্যেক আত্মা পরীক্ষা করবে সবকিছু যা সে করেছিল। তারা তাদের ন্যায়সঙ্গত প্রভু এবং মনিব, আল্লাহর কাছে ফিরে যাবে এবং তাদের বানানো উপাস্যরা তাদেরকে প্রত্যাক্ষান করবে।

[10:31] Say, "Who provides for you from the heaven and the earth? Who controls all the hearing and the eyesight? Who produces the living from the dead, and the dead from the living? Who is in control of all things?" They would say, "GOD." Say, "Why then do you not observe the commandments?"

১০/৩১ বল, “কে আকাশ ও পৃথিবী থেকে তোমাদের জন্য জীবিকা প্রদান করেন? কে তোমাদের সকল শ্রবণ ও দৃষ্টিশক্তি নিয়ন্ত্রণ করেন? কে মৃত থেকে জীবিতকে বের করেন, এবং জীবিতকে মৃত করেন? কে সবকিছু নিয়ন্ত্রণ করছেন? তারা বলবে, “আল্লাহ”। বল, “তাহলে কেন তোমরা প্রত্যাদেশগুলো পালন করো না?”

[10:32] Such is GOD, your rightful Lord. What is there after the truth, except falsehood? How could you disregard all this?

১০/৩২ এমনই আল্লাহ, তোমাদের ন্যায়সঙ্গত প্রভু। সত্যের পর আর কি থাকতে পারে, মিথ্যা ছাড়া? কিভাবে তোমরা এই সবকিছু উপেক্ষা করতে পারো?

[10:33] This is what your Lord's decision does to those who choose to be wicked: they cannot believe.

১০/৩৩ এটিই হচ্ছে আল্লাহর সিদ্ধান্ত তাদের প্রতি যারা মন্দ হতে চায়; তারা বিশ্বাস করতে পারে না।

*Reflect on Your Idols*

*আপনাদের উপাস্যদের নিয়ে ভেবে দেখুন*

[10:34] Say, "Can any of your idols initiate creation, then repeat it?" Say, "GOD initiates the creation, then repeats it."

১০/৩৪ বল, “তোমাদের কোন উপাস্য কি সৃষ্টির সূচনা করে, এরপর এর পুনঃরাবৃতি করে? বল, “আল্লাহ সৃষ্টির সূচনা করেন, এরপর এর পুনঃরাবৃতি করেন?”

[10:35] Say, "Does any of your idols guide to the truth?" Say, "GOD guides to the truth. Is one who guides to the truth more worthy of being followed, or one who does not guide, and needs guidance for himself? What is wrong with your judgment?"

১০/৩৫ বল, “তোমাদের কোন উপাস্য কি সত্যের দিকে পথ-প্রদর্শন করে?” বল, “আল্লাহ সত্যের দিকে পথ-প্রদর্শন করেন। যে সত্যের দিকে পথ-প্রদর্শন করে সে কি অনুসরণের অধিক যোগ্য, নাকি যে পথ-প্রদর্শন করে না, বরং নিজের জন্যই পথ-নির্দেশনার দরকার হয়? তোমাদের বিচার-বিবেচনায় সমস্যা কি?”

[10:36] Most of them follow nothing but conjecture, and conjecture is no substitute for the truth. GOD is fully aware of everything they do.

১০/৩৬ তাদের অধিকাংশই অনুমান ছাড়া কিছু অনুসরণ করে না, এবং অনুমান সত্যের কোন বিকল্প নয়। তারা যা কিছু করে আল্লাহ সে সম্পর্কে সম্পূর্ণ অবগত।

*Only God Can*

*Author the Quran*

*একমাত্র আল্লাহ*

*কোরআন রচনা করতে পারেন*

[10:37] This Quran could not possibly be authored by other than GOD. It confirms all previous messages, and provides a fully detailed scripture. It is infallible; for it comes from the Lord of the universe.

১০/৩৭ আল্লাহ ব্যতীত অন্য কারো পক্ষে কোরআন রচনা সম্ভব হতেই পারে না। এটি সকল পূর্ববর্তী বার্তা নিশ্চিত করে, এবং প্রদান করে একটি পূর্ণ বিস্তারিত ঐশীগ্রন্থ। এটি ভুলের উর্ধ্ব; কারণ এটি মহাবিশ্বের প্রভুর কাছ থেকে আগত।

[10:38] If they say, "He fabricated it," say,

"Then produce one sura like these, and invite

whomever you wish, other than GOD, if you are truthful."

১০/৩৮ যদি তারা বলে, “সে এটা মিথ্যা উদ্ভাবন করেছে,” “তবে এগুলোর মতো একটি সুরা তৈরি করো, এবং অন্য যে কাউকে ইচ্ছা আমন্ত্রণ করো, আল্লাহ ছাড়া, যদি তোমরা সত্যবাদী হও”।

[10:39] Indeed, they have rejected this without studying and examining it, and before understanding it. Thus did those before them disbelieve. Therefore, note the consequences for the transgressors.

১০/৩৯ নিশ্চয়, তারা এটি অধ্যয়ন এবং পরখ না করে, এবং এটি বুঝার আগেই প্রত্যাখ্যান করেছে। এভাবেই তাদের পূর্ববর্তীরা অবিশ্বাস করেছিল। সুতরাং, সীমিতক্রমকারীদের পরিণাম লক্ষ্য করো।

[10:40] Some of them believe (in this scripture), while others disbelieve in it. Your Lord is fully aware of the evildoers.

১০/৪০ তাদের কেউ কেউ বিশ্বাস করে (এই ঐশীগ্রন্থে), যখন অন্যরা এতে অবিশ্বাস করে। তোমার প্রভু মন্দকর্মীদের ব্যাপারে পূর্ণ অবগত।

[10:41] If they reject you, then say, "I have my works, and you have your works. You are innocent of anything I do, and I am innocent of anything you do."

১০/৪১ যদি তারা তোমাকে প্রত্যাখ্যান করে, তবে বল, “আমার কর্ম আমার জন্য, এবং তোমাদের কর্ম তোমাদের জন্য। আমি যা কিছু করি তার জন্য তোমরা দায়ী নও, এবং তোমরা যা কিছু করো তার জন্য আমি দায়ী নই”।

[10:42] Some of them listen to you, but can you make the deaf hear, even though they cannot understand?

১০/৪২ তাদের কেউ কেউ তোমার কথা শোনে, কিন্তু তুমি কি বধিরকে শোনাতে পারো, যদিও তারা বুঝতে পারে না?

*Humans Freely Choose Their Paths*

*মানুষ স্বাধীন ভাবে তাদের পথ পছন্দ করে*

[10:43] Some of them look at you, but can you guide the blind, even though they do not see?

১০/৪৩ তাদের কেউ কেউ তোমার দিকে তাকায়, কিন্তু তুমি কি অন্ধকে পথ দেখাতে পারো, যদিও তারা দেখে না?

[10:44] GOD never wrongs the people; it is the people who wrong their own souls.

১০/৪৪ আল্লাহ কখনো লোকদের প্রতি ক্ষতি করেন না; লোকেরা নিজেরাই তাদের আত্মার ক্ষতি করে।

[10:45] On the day when He summons all of them, they will feel as if they lasted in this world one hour of the day, during which they met. Losers indeed are those who disbelieved in meeting GOD; and chose to be misguided.

১০/৪৫ সে দিন যখন তিনি তোমাদের সকলকে সমবেত করবেন, তারা সাক্ষাতের সময়, উপলব্ধি করবে যে তারা এই দুনিয়াতে দিনের একটি ঘণ্টা অবস্থান করেছিল। তারা নিশ্চয় ক্ষতিগ্রস্ত যারা আল্লাহর সাথে সাক্ষাতে অবিশ্বাস করেছিল; এবং পথভ্রষ্টতা বেছে নিয়েছিল।

[10:46] Whether we show you some (of the retribution) we promise them, or terminate your life before that, to us is their ultimate return. GOD witnesses everything they do.

১০/৪৬ যে (শাস্তির) বিষয়ে আমরা তাদের অঙ্গীকার করি যদি এর কিছু অংশ আমরা তোমাকে দেখাই, অথবা এর আগেই তোমার জীবনাবসান করি, তবে আমাদের কাছে তাদের চূড়ান্ত প্রত্যাবর্তন। আল্লাহ তাদের করা সবকিছুর সাক্ষী।

[10:47] To each community, a messenger. After their messenger comes, they are judged equitably, without the least injustice.

১০/৪৭ প্রত্যেক সম্প্রদায়ের প্রতি, একজন বার্তাবাহক। তাদের বার্তাবাহক আসার পর, তাদেরকে ন্যায়সঙ্গতভাবে মূল্যায়ন করা হয়, সামান্যতম অবিচার ছাড়াই।

[10:48] They challenge: "When will this prophecy come to pass, if you are telling the truth?"

১০/৪৮ তারা চ্যালেঞ্জ করেঃ “কখন এই ভবিষ্যৎবানী ঘটবে, যদি তুমি সত্য বলে থাক?”

*The Messenger Possesses*

*No Power*

*বার্তাবাহক*

*কোন ক্ষমতা রাখে না*

[10:49] Say, "I possess no power to harm myself, or benefit myself; only what GOD wills takes place." Each community has a predetermined life span. Once their interim comes to an end, they cannot delay it by one hour, nor advance it.

১০/৪৯ বল, “আমার কোন ক্ষমতা নেই নিজের ক্ষতি করার, অথবা নিজের উপকার করার; আল্লাহ যা চান শুধু তা-ই হয়”। প্রত্যেক সম্প্রদায়ের একটি পূর্বনির্ধারিত জীবনকাল রয়েছে। যখন তাদের সময় শেষ হয়ে যায়, তারা একে এক ঘণ্টা বিলম্ব করতে পারে না, না একে এগোতে পারে।

[10:50] Say, "Whether His retribution comes to you by night or by day, why are the transgressors in such a hurry?"

[১০:৫০] বল, “যদি তোমাদের কাছে তাঁর শাস্তি রাতে বা দিনে আসে, তবে কেন সীমালঙ্ঘনকারীরা এমন তাড়াহুড়া করছে?”

[10:51] "If it does happen, will you believe then? Why should you believe then? You used to challenge it to come?"

১০/৫১ “যদি এটা ঘটে, তোমরা কি তখন বিশ্বাস করবে? কেন তোমরা তখন বিশ্বাস করবে? তোমরা এর আসার ব্যাপারে চ্যালেঞ্জ করতে?”

[10:52] It will be said to the transgressors, "Taste the eternal retribution. Are you not requited precisely for what you have earned?"

১০/৫২ সীমালঙ্ঘনকারীদের বলা হবে, “চিরস্থায়ী শাস্তি আঙ্গাদন করো। তোমরা কি সঠিক প্রতিদান পাওনি যা অর্জন করেছ তার জন্য”।

[10:53] They challenge you to prophesy: "Is this really what will happen?" Say, "Yes

indeed, by my Lord, this is the truth, and you can never escape."

১০/৫৩ তারা তোমার ভবিষ্যৎবানী করাকে চ্যালেঞ্জ করেঃ “এটা কি সত্যিই ঘটবে?” বল, “হ্যাঁ নিশ্চয়, আমার প্রভুর শপথ, এটাই সত্য, এবং তোমরা কখনই পালাতে পারবে না”।

*What Price Faith*

*বিশ্বাসের মূল্য কি*

[10:54] If any wicked soul possessed everything on earth, it would readily offer it as ransom. They will be ridden with remorse when they see the retribution. They will be judged equitably, without the least injustice.

১০/৫৪ যদি কোন মন্দ আত্মা পৃথিবীর সবকিছুর অধিকারী হয়, সে তৎক্ষণাৎ মুক্তিপন হিসাবে তা উপস্থাপন করবে। যখন তারা শাস্তি দেখবে তারা অনুশোচনায় জর্জরিত হবে। তারা ন্যায়সঙ্গতভাবে বিচার পাবে, সামান্যতম অবিচার ছাড়া।

[10:55] Absolutely, to GOD belongs everything in the heavens and the earth. Absolutely, GOD's promise is truth, but most of them do not know.

১০/৫৫ নিঃসন্দেহে, আকাশমণ্ডলী এবং পৃথিবীর সবকিছু আল্লাহর। নিঃসন্দেহে, আল্লাহর অঙ্গীকার সত্য, কিন্তু তাদের অধিকাংশই জানে না।

[10:56] He controls life and death, and to Him you will be returned.

১০/৫৬ তিনি জীবন এবং মৃত্যু নিয়ন্ত্রন করেন, এবং তাঁর কাছেই তোমাদের প্রত্যাবর্তন।

[10:57] O people, enlightenment has come to you herein from your Lord, and healing for anything that troubles your hearts, and guidance, and mercy for the believers.

১০/৫৭ হে লোকেরা, এখানে তোমাদের প্রভুর কাছ থেকে এসেছে জ্ঞানালোক, এবং যা কিছু তোমাদের হৃদয়কে যন্ত্রণা দেয়, তার জন্য নিরাময়, এবং পথনির্দেশনা, এবং বিশ্বাসীদের জন্য দয়া।

*Joy for the Believers*

*বিশ্বাসীদের জন্য আনন্দ*

[10:58] Say, "With GOD's grace and with His mercy they shall rejoice." This is far better than any wealth they can accumulate.

১০/৫৮ বল, “আল্লাহর করুণা এবং তাঁর দয়ায় তারা আনন্দ করবে”। এটা যেকোন সম্পদ থেকে অনেক উত্তম যা তারা সঞ্চয় করতে পারে।

*Human-made*

*Dietary Prohibitions*

*মানব-প্রণীত*

*খাদ্য নিষেধাজ্ঞা*

[10:59] Say, "Did you note how GOD sends down to you all kinds of provisions, then you render some of them unlawful, and some lawful?" Say, "Did GOD give you permission to do this? Or, do you fabricate lies and attribute them to GOD?"

১০/৫৯ বল, “তোমরা কি লক্ষ্য করেছো, কিভাবে আল্লাহ সকল প্রকার জীবিকা তোমাদের নিকট অবতীর্ণ করেন, এরপর তোমরা এগুলোর কতগুলোকে বে-আইনি, এবং কতগুলোকে আইনসিদ্ধ বলে উপস্থাপন করো?” বল, “আল্লাহ কি তোমাদের এটা করার অনুমতি দিয়েছেন?” নাকি তোমরা মিথ্যা বানাও এবং সেগুলো আল্লাহর প্রতি আরোপ করো?”

[10:60] Does it ever occur to those who fabricate lies about GOD that they will have to face Him on the Day of Resurrection? Certainly, GOD showers the people with His grace, but most of them are unappreciative.

১০/৬০ যারা আল্লাহ সম্পর্কে মিথ্যা বানায় তাদের কি কখনো এটা মনে হয় যে, তাদেরকে পুনরুত্থান দিনে তাঁর মুখোমুখি হতে হবে? নিশ্চয়, আল্লাহ লোকদের প্রতি তাঁর করুণা বর্ষণ করেন, কিন্তু তাদের অধিকাংশই অকৃতজ্ঞ।

*Knowing God*

*আল্লাহকে জানা*

[10:61] You do not get into any situation, nor do you recite any Quran, nor do you do anything, without us being witnesses thereof as you do it. Not even an atom's weight is out of

your Lord's control, be it in the heavens or the earth. Nor is there anything smaller than an atom, or larger, that is not recorded in a profound record.

১০/৬১ তোমরা এমন কোন পরিস্থিতির মধ্যে জড়িত হও না, না তোমরা আবৃত্তি করো কোন কোরআন, না তোমরা কোন কিছু করো, যাতে আমরা সাক্ষী থাকি না- যখন তোমরা তা করো। এমনকি একটি পরমানুর ভরও তোমার প্রভুর নিয়ন্ত্রণের বাইরে নয়, তা হোক আকাশমণ্ডলীতে অথবা পৃথিবীতে। না কোন কিছু আছে পরমানুর চেয়ে ছোট, অথবা বড়, যা লিপিবদ্ধ নেই একটি সুস্পষ্ট দলিলে।

*Happiness:*

*Now and Forever \**

*সুখঃ*

*এখন এবং চিরদিন\**

[10:62] Absolutely, GOD's allies have nothing to fear, nor will they grieve.

১০/৬২ নিঃসন্দেহে, আল্লাহর মিত্রদের কোন ভয় নেই, না তারা শোক করবে।

\*10:62-64 Most people think that they have to wait until the Day of Resurrection before they receive their rewards for righteousness, or the retribution for wickedness. But the Quran repeatedly assures the believers that they are guaranteed perfect happiness here in this world, now and forever. At the end of their interim here, they go directly to Paradise (see Appendix 17).

[10:63] They are those who believe and lead a righteous life.

১০/৬৩ তারা হচ্ছে সেসব লোক যারা বিশ্বাস করে এবং ন্যায়পরায়ন জীবন-যাপন করে।

[10:64] For them, joy and happiness in this world, as well as in the Hereafter. This is GOD's unchangeable law. Such is the greatest triumph.

১০/৬৪ তাদের জন্য, আনন্দ এবং সুখ এই দুনিয়ায়, সেই সাথে পরকালে। এটা আল্লাহর অপরিবর্তনীয় আইন, এটাই হলো শ্রেষ্ঠ বিজয়।

[10:65] Do not be saddened by their utterances. All power belongs to GOD. He is the Hearer, the Omniscient.

১০/৬৫ তাদের কথায় দুঃখ পেও না। সকল ক্ষমতা আল্লাহর। তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

[10:66] Absolutely, to GOD belongs everyone in the heavens and everyone on earth. Those

who set up idols beside GOD are really following nothing. They only think that they are following something. They only guess.

১০/৬৬ নিঃসন্দেহে, আকাশমণ্ডলীর সকলে এবং পৃথিবীর সকলে আল্লাহর সকলে আল্লাহর পাশে উপাস্য স্থাপন করে তারা প্রকৃতপক্ষে কিছুই অনুসরণ করছে না। তারা শুধু ভাবে যে তারা কোন কিছু অনুসরণ করছে। তারা শুধু অনুমান করে।

[10:67] He is the One who rendered the night for your rest, and rendered the day lighted. These are proofs for people who can hear.

১০/৬৭ তিনি- ই সে সত্ত্বা যিনি রাতকে করেছেন তোমাদের বিশ্রামের জন্য, এবং দিনকে করেছেন আলোকিত। এগুলো প্রমাণ সে লোকদের জন্য যারা শুনতে পারে।

#### *The Gross Blasphemy*

*আল্লাহতে গুরুতর অসম্মান*

[10:68] They said, "GOD has begotten a son!" Be He glorified. He is the Most Rich. To Him belongs everything in the heavens and everything on earth. You have no proof to support such a blasphemy. Are you saying about GOD what you do not know?

১০/৬৮ তারা বলে, “আল্লাহ পুত্র জন্ম দিয়েছেন!” মহিমা তাঁরই। তিনি সবচেয়ে ধনী। আকাশমণ্ডলীর সবকিছু এবং পৃথিবীর সবকিছু তাঁর। এমন মিথ্যারোপের সমর্থনে তোমাদের কোন প্রমাণ নেই। আল্লাহর যে বিষয়ে তোমরা জানো না, তোমরা কি তা বলছো?

[10:69] Proclaim: "Those who fabricate lies about GOD will never succeed."

১০/৬৯ ঘোষণা করোঃ “যারা আল্লাহ সম্পর্কে মিথ্যা বানায় তারা কখনো সফল হবে না”।

[10:70] They get their temporary share in this world, then to us is their ultimate return, then we commit them to severe retribution for their disbelieving.

১০/৭০ তারা এই বিশ্বে তাদের ক্ষণস্থায়ী অংশ পায়, এরপর আমাদের কাছে তাদের চূড়ান্ত প্রত্যাবর্তন, এরপর আমরা তাদের অবিশ্বাসের জন্য তাদেরকে কঠিন শাস্তি প্রদান করি।

#### *Noah*

*নূহ*

[10:71] Recite for them the history of Noah. He said to his people, "O my people, if you find my position and my reminding you of

GOD's revelations too much for you, then I put my trust in GOD. You should get together with your leaders, agree on a final decision among yourselves, then let me know it without delay.

[১০:৭১] তাদের জন্য আবৃত্তি করো নূহের ইতিহাস। সে তার লোকদের বলেছিল, “হে আমার লোকেরা, যদি তোমরা আমার অবস্থান এবং তোমাদেরকে আমার আল্লাহর প্রকাশনাবলি স্মরণ করিয়ে দেয়াকে তোমাদের জন্য সাধ্যাতীত মনে করো, তাহলে আল্লাহতে আমি আমার আস্থা রাখি। তোমাদের উচিত তোমাদের নেতাদের সাথে মিলিত হওয়া, তোমাদের নিজেদের মাঝে একটি চূড়ান্ত সিদ্ধান্তে সম্মত হওয়া, এরপর অনতিবিলম্বে আমাকে তা জানানো।

[10:72] "If you turn away, then I have not asked you for any wage. My wage comes from GOD. I have been commanded to be a submitter."

১০/৭২ "যদি তোমরা মুখ ফিরিয়ে নাও, আমি তো তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাইনি। আমার পারিশ্রমিক আল্লাহ থেকে আসে। আমাকে একজন আত্মসমর্পণকারী হওয়ার জন্য আদেশ করা হয়েছে।

[10:73] They rejected him and, consequently, we saved him and those who joined him in the ark; we made them the inheritors. And we drowned those who rejected our revelations. Note the consequences; they have been warned.

[১০:৭৩] তারা তাকে প্রত্যাক্ষান করলো এবং, পরিনামে, আমরা তাকে এবং যারা তার সাথে নৌকায় যোগ দিয়েছিল তাদের রক্ষা করলাম; আমরা তাদেরকে উত্তরাধিকারী বানালাম। আর আমরা ডুবিয়ে দিলাম তাদেরকে যারা আমাদের প্রকাশনাবলি প্রত্যাক্ষান করেছিল। পরিনাম লক্ষ করো; তাদের সতর্ক করা হয়েছিল।

#### *Humans Insist on Their Original Sin*

*মানুষ অনড় থাকে*

*তাদের মূল পাপে*

[10:74] Then we sent after him messengers to their people, and they showed them clear proofs. But they were not to believe in what

they had rejected in the past. We thus seal the hearts of the transgressors.

১০:৭৪ এরপর আমরা তার পরবর্তীতে তাদের লোকদের কাছে বার্তাবাহকদের পাঠালাম, এবং তারা তাদেরকে সুস্পষ্ট প্রমাণাদি দেখালো। কিন্তু তারা তাতে বিশ্বাস করার ছিল না, যা তারা অতীতে প্রত্যক্ষান করেছিল। আমরা এভাবে সীমালংঘনকারীদের হৃদয়ে মোহর মেরে দেই।

*Moses and Aaron*

*মুসা ও হারুন*

[10:75] Then we sent after them Moses and Aaron to Pharaoh and his group, with our proofs. But they turned arrogant; and were transgressing people.

১০:৭৫ এরপর আমরা তাদের পরবর্তীতে ফেরাউন ও তার দলের কাছে মুসা ও হারুনকে পাঠালাম, আমাদের প্রমাণাদি সহকারে। কিন্তু তারা উদ্ধত হলো; এবং তারা সীমালংঘনকারী লোক ছিল।

[10:76] When the truth came to them from us, they said, "This is obviously magic!"

১০/৭৬ আমাদের কাছ থেকে যখন সত্য তাদের কাছে আসলো, তারা বলল, “এটা স্পষ্টত জাদু!”

[10:77] Moses said, "Is this how you describe the truth when it comes to you? Is this magic? How can any magicians prevail?"

১০/৭৭ মুসা বলল, “তোমরা কি এভাবেই সত্যের বর্ণনা করো থাকো যখন তা তোমাদের কাছে আসে? এটা কি জাদু? কিভাবে কোন জাদুকর জয়ী হতে পারে?”

[10:78] They said, "Did you come to divert us from what we found our parents doing, and to attain positions of prominence for yourselves? We will never join you as believers."

১০/৭৮ তারা বলল, “তোমরা কি এসেছ আমাদেরকে তা থেকে সরিয়ে দিতে যা আমরা আমাদের পিতামাতাদের করতে দেখেছি এবং নিজেরা বিশেষ অবস্থান অর্জন করার জন্য? আমরা কখনই তোমাদের সাথে বিশ্বাসী হিসাবে যোগ দেব না”।

*The Truth Prevails*

*সত্যেরই জয় হয়*

[10:79] Pharaoh said, "Bring to me every experienced magician."

১০/৭৯ ফেরাউন বলল, “আমার কাছে প্রত্যেক অভিজ্ঞ জাদুকরকে নিয়ে আসো”।

[10:80] When the magicians came, Moses said to them, "Throw whatever you are going to throw."

১০/৮০ যখন জাদুকররা আসলো, মুসা তাদের বলল, “তোমরা যা ছুঁতে চাও ছেড়।

[10:81] When they threw, Moses said, "What you have produced is magic, and GOD will make it fail. GOD does not support the transgressors' work."

১০/৮১ যখন তারা ছুঁলো, মুসা বলল, “যা তোমরা উপস্থাপন করেছ তা জাদু এবং আল্লাহ তা ব্যর্থ করে দেবেন। আল্লাহ সীমালংঘনকারীদের কাজ সমর্থন করেন না।”

[10:82] GOD establishes the truth with His words, despite the criminals.

১০/৮২ আল্লাহ তাঁর বানী দিয়ে সত্যকে প্রতিষ্ঠিত করেন, অপরাধীদের সত্ত্বেও।

[10:83] None believed with Moses except a few of his people, while fearing the tyranny of Pharaoh and his elders. Surely, Pharaoh was much too arrogant on earth, and a real tyrant.

১০/৮৩ কেউ মুসার সাথে বিশ্বাস করেনি তার লোকদের মধ্যে অল্প কয়েকজন ছাড়া, ফেরাউন এবং তার সভাসদের অত্যাচারের ভয়ে। নিশ্চয়, ফেরাউন ছিল পৃথিবীতে অত্যন্ত উদ্ধত, এবং প্রকৃতই অত্যাচারী।

[10:84] Moses said, "O my people, if you have really believed in GOD, then put your trust in Him, if you are really submitters."

১০:৮৪ মুসা বলল, "হে আমার লোকেরা, যদি তোমরা সত্যিই আল্লাহতে বিশ্বাস করো, তাহলে তার উপর তোমাদের আস্থা রাখো, যদি তোমরা সত্যিই আত্মসমর্পণকারী হও।"

[10:85] They said, "We trust in GOD . Our Lord, save us from the persecution of these oppressive people."

১০: ৮৫ তারা বলল, "আমরা আল্লাহতে আস্থা রাখি। আমাদের প্রভু, এই অত্যাচারী লোকদের নির্যাতন থেকে আমাদের রক্ষা করুন।

[10:85] They said, "We trust in GOD. Our Lord, save us from the persecution of these oppressive people.

১০/৮৫ তারা বলল, “আমরা আল্লাহতে আস্থা রাখি। আমাদের প্রভু, এই অত্যাচারি লোকদের নির্যাতন থেকে আমাদের রক্ষা করুন”।

[10:86] "Deliver us, with Your mercy, from the disbelieving people."

১০/৮৬ “আমাদের উদ্ধার করুন, আপনার দয়া দিয়ে, অশিষ্টাচারি লোকদের থেকে”।

[10:87] We inspired Moses and his brother. "Maintain your homes in Egypt for the time being, turn your homes into synagogues, and maintain the Contact Prayers (Salat). Give good news to the believers."

১০/৮৭ আমরা মুসা এবং তার ভাইকে উদ্বুদ্ধ করলাম। “এখনকার জন্য মিসরে তোমাদের ঘর গুলো বহাল রাখ, তোমাদের ঘরগুলো সেনেগে পরিণত করো, এবং সংযোগ প্রার্থনা (সালাত) পালন করো। বিশ্বাসীদের সুসংবাদ দাও।

[10:88] Moses said, "Our Lord, You have given Pharaoh and his elders luxuries and wealth in this world. Our Lord, they only use them to repulse others from Your path. Our Lord, wipe out their wealth, and harden their hearts to prevent them from believing, until they see the painful retribution."

১০/৮৮ মুসা বলল, “আমাদের প্রভু, আপনি ফেরাউন এবং তার সভাসদদের এই দুনিয়ায় বিলাসিতা এবং সম্পদ দিয়েছেন। আমাদের প্রভু, তারা এগুলো শুধু অন্যদেরকে আপনার পথ থেকে বিভাঙিত করতে ব্যবহার করে। আমাদের প্রভু, তাদের সম্পদ নিশ্চিহ্ন করে দিন, এবং তাদের হৃদয় কঠোর করে দিন তাদেরকে বিশ্বাস করা থেকে বিরত রাখতে, যতক্ষণ না তারা যন্ত্রণাদায়ক শাস্তি দেখে।

[10:89] He said, "Your prayer has been answered (O Moses and Aaron), so be steadfast, and do not follow the ways of those who do not know."

১০/৮৯ তিনি বললেন, “তোমাদের প্রার্থনা মঞ্জুর করা হল (হে মুসা এবং হারুন), সুতরাং অবিচল থাকো, এবং তাদের পথ অনুসরণ কর না যারা জানে না”।

[10:90] We delivered the Children of Israel across the sea. Pharaoh and his troops pursued them, aggressively and sinfully. When drowning became a reality for him, he said, "I believe that there is no god except the One in whom the Children of Israel have believed; I am a submitter."

১০/৯০ আমরা সাগর পার করিয়ে ইসরাঈলের সন্তানদের উদ্ধার করেছিলাম। ফেরাউন এবং তার সৈন্যদল তাদের পিছু ধাওয়া করলো, সহিংসতা এবং পাপের সাথে। যখন ডুবে যাওয়া তার জন্য বাস্তবতা হয়ে গেল, সে বলল, “আমি বিশ্বাস করি যে কোন উপাস্য নাই সেই এক সত্তা ব্যতীত যাকে ইসরাঈলের সন্তানেরা বিশ্বাস করেছে, আমি একজন আত্মসমর্পণকারী”।

[10:91] "Too late!\* For you have rebelled already, and chose to be a transgressor.

১০/৯১ “অনেক দেরি হয়ে গেছে!\* কারণ তুমি ইতোমধ্যে বিদ্রহ করেছ, এবং একজন সীমালঙ্ঘনকারী হতে পছন্দ করেছ।

*Pharaoh's Body Preserved \**  
*ফেরাউনের দেহ সংরক্ষিত*

[10:92] "Today, we will preserve your body, to set you up as a lesson for future generations."\* Unfortunately, many people are totally oblivious to our signs.

১০/৯২ “আজ, আমরা তোমার দেহ সংরক্ষণ করবো, তোমাকে ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি শিক্ষা হিসাবে দাড়া করাতে।\* দুর্ভাগ্যবশত, অনেক মানুষ আমাদের নিদর্শনের ব্যাপারে সম্পূর্ণ অন্যান্যমনস্ক।

[10:93] We have endowed the Children of Israel with a position of honor, and blessed them with good provisions. Yet, they disputed when this knowledge came to them. Your Lord will judge them on the Day of Resurrection regarding everything they disputed.

১০/৯৩ আমরা ইসরাইলের সন্তানদেরকে এক সন্মানিত অবস্থান দিয়েছি, এবং তাদেরকে ভালো জীবিকা দিয়ে সৌভাগ্যবান করেছি। তাসত্ত্বেও, এই জ্ঞান যখন তাদের কাছে আসলো তারা বিবাদ করলো। তোমার প্রভু



পুনরুত্থান দিবসে তাদের বিবাদকৃত সকল বিষয়ে বিচার করবেন।

*The Messenger's Doubt*  
বার্তাবাহকের সন্দেহ

[10:94] If you have any doubt regarding what is revealed to you from your Lord, then ask those who read the previous scripture. Indeed, the truth has come to you from your Lord. Do not be with the doubters.

১০/৯৪ যদি তোমার প্রভুর পক্ষ থেকে তোমার কাছে যা প্রকাশ করা হয়েছে সে ব্যাপারে তোমার কোন সন্দেহ থাকে, তবে যারা পূর্ববর্তী ঐশীগ্রন্থ পড়ে তাদের জিজ্ঞাসা করো। প্রকৃতপক্ষে, তোমার প্রভুর পক্ষ থেকে তোমার কাছে সত্য এসেছে। সন্দেহ পোষণকারীদের অন্তর্ভুক্ত না।

[10:95] Nor shall you join those who rejected GOD's revelations, lest you be with the losers. ১০/৯৫ না তুমি তাদের সাথে যোগ দেবে যারা আল্লাহর প্রকাশনাবলী প্রত্যাখ্যান করেছে, পাছে তুমি ক্ষতিগ্রন্থদের অন্তর্ভুক্ত হবে।

[10:96] Surely, those condemned by a decree from your Lord cannot believe. ১০/৯৬ নিশ্চিতভাবে, যারা তোমার প্রভুর পক্ষ থেকে একটি হুকুম, জারির দ্বারা দোষী সাব্যস্ত হয়েছে তারা বিশ্বাস করতে পারে না।

[10:97] No matter what kind of proof you show them, (they cannot believe), until they see the painful retribution. ১০/৯৭ যে প্রমাণই তুমি তাদের দেখাও না কেন, (তারা বিশ্বাস করতে পারে না), যতক্ষণ না তারা যন্ত্রণাদায়ক শাস্তি দেখে।

*Believing Nations Prosper*  
বিশ্বাসী জাতিরা উন্নতি করে

[10:98] Any community that believes will surely be rewarded for believing. For example, the people of Jonah: when they believed, we relieved the humiliating retribution they had been suffering in this world, and we made them prosperous.

১০/৯৮ বিশ্বাসী যে কোন সম্প্রদায় অবশ্যই বিশ্বাসের জন্য পুরস্কৃত হবে। উদাহরণ স্বরূপ, ইউনুসের লকেরাঃ যখন তারা বিশ্বাস করল,

আমরা সেই অপমানকর শাস্তি মুক্ত করলাম যা তারা এই দুনিয়ায় ভোগ করছিল, এবং আমরা তাদেরকে সমৃদ্ধশালী করলাম।

[10:99] Had your Lord willed, all the people on earth would have believed.\* Do you want to force the people to become believers? ১০/৯৯ যদি তোমার প্রভু চাইতেন, পৃথিবীর সকল লোক বিশ্বাস করতো।\* তুমি কি লোকদের বিশ্বাসী হওয়ার জন্য জোর করতে চাও?

\*10:99-101 The test demands that we denounce idolatry on our own, without divine intervention in our initial decision. God blocks out those who choose to disbelieve.

*The Disbelievers*  
Blocked Out\*  
অবিশ্বাসীরা  
বাধাপ্রাপ্ত

[10:100] No soul can believe except in accordance with GOD's will. For He places a curse upon those who refuse to understand. ১০/১০০ আল্লাহর ইচ্ছা ব্যতিত কোন আত্মা বিশ্বাস করতে পারে না। কারন তিনি তাদের উপর অভিশাপ আরোপ করেন যারা বুঝতে অস্বীকার করে।

[10:101] Say, "Look at all the signs in the heavens and the earth." All the proofs and all the warnings can never help people who decided to disbelieve.

১০:১০১ বল, "আকাশমন্ডলী ও পৃথিবীর নিদর্শনাবলি দেখো"। যারা অবিশ্বাস করার সিদ্ধান্ত নিয়েছে তাদের জন্য সকল প্রমাণ এবং সকল সতর্কবার্তা কখনো কাজে আসে না।

[10:102] Can they expect other than the fate of their counterparts in the past? Say, "Just wait, and, along with you, I am also waiting."

১০:১০২ তারা কি তাদের অনুরূপ অতীত ব্যক্তিদের থেকে আলাদা কোন পরিনাম আশা করতে পারে? বল, "শুধু অপেক্ষা করো, এবং, তোমাদের সাথে, আমিও অপেক্ষা করছি।"

*Guaranteed Victory*  
অঙ্গীকারকৃত বিজয়

[10:103] We ultimately save our messengers and those who believe. It is our immutable law that we save the believers.

১০:১০৩ আমরা অবশেষে আমাদের বার্তাবাহকদের এবং যারা বিশ্বাস করে তাদের রক্ষা করি। এটা আমাদের অপরিবর্তনীয় আইন যে আমরা বিশ্বাসীদের রক্ষা করি।

[10:104] Say, "O people, if you have any doubt regarding my religion, I do not worship what you worship beside GOD . I worship GOD alone; the One who will terminate your lives. I am commanded to be a believer."

১০:১০৪ বল, "হে লোকেরা, যদি আমার ধর্ম সম্বন্ধে তোমাদের কোন সন্দেহ থাকে, তোমরা আল্লাহর পাশে যা উপাসনা করো আমি তার উপাসনা করি না; আমি একমাত্র আল্লাহর উপাসনা করি, সেই সত্তা যিনি তোমাদের জীবনাবসান ঘটাবেন আমি আদিষ্ট হয়েছি একজন বিশ্বাসী হওয়ার জন্য।"

[10:105] I was commanded: "Keep yourself devoted to the religion of monotheism; you shall not practice idol worship.

১০:১০৫ আমি আদিষ্ট হয়েছি: "নিজেকে একেশ্বরবাদ ধর্মের প্রতি নিবেদিত রাখো; তুমি অংশীদার উপাসনা চর্চা করবে না।

[10:106] "You shall not worship beside GOD what possesses no power to benefit you or harm you. If you do, you will be a transgressor."

১০/১০৬ "তুমি আল্লাহর পাশে এমন কিছু উপাসনা করবে না, যা তোমার উপকার বা ক্ষতি করার কোন ক্ষমতা রাখে না। যদি তুমি তা করো, তবে তুমি সীমালঙ্ঘকারী হবে"।

*All Power Belongs To God*

*সকল ক্ষমতা আল্লাহর*

[10:107] If GOD touches you with a hardship, none can relieve it except He. And when He blesses you, no force can prevent His grace. He bestows it upon whomever He chooses from among His servants. He is the Forgiver, Most Merciful.

১০/১০৭ আল্লাহ যদি তোমাকে দুঃখ- কষ্ট দিয়ে স্পর্শ করেন, তবে তিনি ব্যতীত কেউ তা লাঘব করতে পারে না। আর তিনি তোমাকে সৌভাগ্যশালী করলে, কোন শক্তি তাঁর অনুগ্রহকে প্রতিরোধ করতে পারে না। তিনি এটি অর্পণ করেন তাঁর বান্দাদের মধ্যে যাকে তিনি পছন্দ করেন। তিনি ক্ষমাশীল, পরম করুণাময়।

[10:108] Proclaim: "O people, the truth has come to you herein from your Lord. Whoever is guided is guided for his own good. And whoever goes astray, goes astray to his own detriment. I am not a guardian over you."

১০/১০৮ ঘোষণা করঃ "হে লোকেরা, তোমাদের প্রভুর পক্ষ থেকে তোমাদের কাছে এখানে সত্য এসেছে। যে কেউ সুপথে পরিচালিত হয় সে তার নিজের ভালোর জন্য সুপথে পরিচালিত হয়। এবং যেকেউ পথভ্রষ্ট হয়, পথভ্রষ্ট হয় তার নিজের ক্ষতির জন্য। আমি তোমাদের অভিভাবক নই।

[10:109] Follow what is revealed to you, and be patient until GOD issues His judgment; He is the best judge.

১০/১০৯ যা তোমার কাছে প্রকাশ করা হয় তা অনুসরণ করো, এবং ধৈর্য ধারণ করো যতক্ষণ না আল্লাহ তাঁর রায় দেন, তিনি সর্বোত্তম বিচারক।

## Sura 11: Hūd (Hūd)

[11:1] A.L.R. This is a scripture whose verses have been perfected, then elucidated.\* It comes from a Most Wise, Most Cognizant.

১। অ, ল, র। এটি একটি ঐশীগ্রহ যার চরণগুলো নিখুঁত করা হয়েছে, তারপর বিশদভাবে বর্ণিত হয়েছে। এটি এসেছে এক সর্বজ্ঞ, সবজ্ঞাতর কাছ থেকে।

*\*11:1 Our generation is fortunate to witness two awesome phenomena in the Quran: (1) an extraordinary mathematical code (Appendix 1), and (2) a literary miracle of incredible dimensions. If humans attempt to write a mathematically structured work, the numerical manipulations will adversely affect the literary quality. The Quran sets the standard for literary excellence.*

*The Quran: Messenger of God*

*কোর'আনঃ আল্লাহর বার্তাবাহক*

[11:2] Proclaiming: "You shall not worship except GOD. I come to you from Him as a warner, as well as a bearer of good news.

২। ঘোষণা করছে “তোমরা আল্লাহ ব্যতীত আর কারো উপাসনা করবে না। আমি তাঁর পক্ষ থেকে তোমাদের কাছে এসেছি একটি সতর্ককারী, সেই সাথে, সুসংবাদ বহনকারী হিসেবে।

[11:3] "You shall seek your Lord's forgiveness, then repent to Him. He will then bless you generously for a predetermined period, and bestow His grace upon those who deserve it. If you turn away, then I fear for you the retribution of an awesome day."

৩। “তোমরা তোমাদের প্রভুর ক্ষমা পেতে চেষ্টা করবে, আর তাঁর কাছে অনুশোচনা করবে। তাহলে তিনি তোমাদেরকে একটি নির্ধারিত সময় পর্যন্ত উদারভাবে অনুগ্রহ করে যাবেন, এবং তাঁর করুণা বর্ষণ করবেন তাদের উপর যারা এর যোগ্য। তোমরা যদি ফিরে যাও, তবে আমি তোমাদের জন্য এক মারাত্মক দিনের শাস্তির ভয় করছি।”

[11:4] To GOD is your ultimate return, and He is Omnipotent.

৪। আল্লাহর কাছে তোমাদের চূড়ান্ত প্রত্যাবর্তন, এবং তিনি সর্বশক্তিমান।

[11:5] Indeed, they hide their innermost thoughts, as if to keep Him from knowing them. In fact, as they cover themselves with their clothes, He knows all their secrets and declarations. He knows the innermost thoughts.

৫। প্রকৃতপক্ষে, তারা তাদের গভীরতম চিন্তাভাবনা লুকায়, যেনো তিনি সেগুলো না জানতে পারেন। মূলত, যদিও তারা নিজেদেরকে তাদের কাপড় দিয়ে আবৃত করে, তিনি তাদের গোপন ও প্রকাশ্য ব্যাপারগুলো জানেন। তিনি সকল গভীরতম চিন্তাভাবনা জানেন।

[11:6] There is not a creature on earth whose provision is not guaranteed by GOD. And He knows its course and its final destiny. All are recorded in a profound record.

৬। পৃথিবীতে এমন কোন জীব নেই যার জীবিকা আল্লাহকর্তৃক নির্ধারিত নয়। আর তিনি এর গতিবিধি এবং এর চূড়ান্ত পরিণতি জানেন। সব কিছু একটি সুস্পষ্ট নথিতে লিপিবদ্ধ।

[11:7] He is the One who created the heavens and the earth in six days—\*and His (earthly) domain was completely covered with water—\*\*in order to test you, to distinguish those among you who work righteousness. Yet, when you say, "You will be resurrected after death," those who disbelieve would say, "This is clearly witchcraft."

[১১:০৭] তিনিই সে সত্তা যিনি আকাশমন্ডলী এবং পৃথিবী ছয় দিনে সৃষ্টি করেছেন- \*আর তাঁর (পৃথিবীর) রাজত্ব পানি দিয়ে পুরোপুরি আবৃত ছিল- তোমাদেরকে পরীক্ষা করার জন্য, তোমাদের মধ্যে যারা সৎ কাজ করে তাদের আলাদা করার জন্য। এরপরও, যখন তোমরা বল, “তোমাদেরকে মৃত্যুর পর পুনরজ্জীবিত করা হবে,” যারা অবিশ্বাস করে তারা বলবে, “এটি সুস্পষ্ট কালো যাদু।”

\*11:7 The six days are simply a yardstick providing us with a lot of information. Thus, we learn that the vast lifeless physical universe was created in two days, while the tiny mote called "Earth" was created in four days

(41:10- 12). The provision of food, water, and oxygen for the earth's inhabitants had to be precisely calculated and arranged.

\*\*11:7 The earth was initially covered with water. Subsequently, the land mass emerged, and the continents drifted apart.

[11:8] And if we delay the retribution they have incurred—for we reserve it for a specific community—they say, "What is keeping Him?" In fact, once it comes to them, nothing can stop it, and their mocking will come back to haunt them.

[11:৮] এবং আমরা যদি তাদের অর্জিত শাস্তি দিতে দেরি করি- কারণ আমরা তা কোন নির্দিষ্ট সম্প্রদায়ের জন্য জমা রাখি- তারা বলে, “কিসে উনাকে আটকে রেখেছে? মূলত, একবার এটি তাদের কাছে আসলে, কোনকিছুই একে থামাতে পারে না, উলটো তাদের উপহাস তাদেরকে তাড়া করে বেড়াবে।

[11:9] Whenever we bless the human being with mercy from us, then remove it, he turns despondent, unappreciative.

আমাদের পক্ষ থেকে যখনই আমরা দয়া দিয়ে মানব জাতিকে অনুগ্রহ করি, এরপর তা সরিয়ে নেই, সে হয়ে যায় নিরাশ, অকৃতজ্ঞ।

[11:10] Whenever we bless him, after adversity had afflicted him, he says, "All adversity has gone away from me;" he becomes excited, proud.

[11:১০] যখনই আমরা অনুগ্রহ করি, সে দুর্দশাগ্রস্ত হওয়ার পর, সে বলে, “আমার কাছ থেকে সকল দুর্দশা চলে গেছে, ” সে হয়ে পরে উদ্বেলিত, গর্বিত।

[11:11] As for those who steadfastly persevere, and lead a righteous life, they deserve forgiveness and a generous recompense.

[11:১১] আর যারা দৃড়তার সাথে অবিচল থাকে, এবং সৎ জীবন- যাপন করে, তারা ক্ষমা ও এক উদার প্রতিদানের যোগ্য হয়েছে।

*God's Revelation is Heavy*  
আল্লাহর প্রকাশনাবলি ভারী/দুর্ভহ

[11:12] You may wish to disregard some of that which is revealed to you, and you may be annoyed by it. Also, they may say, "How

come no treasure comes down to him, or an angel?" You are only a warner; **GOD** controls all things.

১১:১২ তোমার কাছে যা প্রকাশ করা হয় তুমি হয়তো এর কিছু অংশ উপেক্ষা করতে চাইতে পারো এবং হয়তো এর দ্বারা তুমি বিচলিত হতে পারো। এছাড়াও, তারা হয়তো বলতে পারে, “এটা কেমন যে তার কাছে কোন ধনভান্ডার অথবা কোন ফেরেশতা নেমে আসে না?” তুমি শুধু একজন সতর্ককারী; আল্লাহ সবকিছু নিয়ন্ত্রণ করেন।

*The Quran: Impossible to Imitate*

কোর'আনঃ নকল করা অসম্ভব

[11:13] If they say, "He fabricated (*the Quran*)," tell them, "Then produce ten suras like these, fabricated, and invite whomever you can, other than **GOD**, if you are truthful."\*

[11:১৩] যদি তারা বলে, “সে (কোর'আন) বানিয়েছে, ” তাদেরকে বল, “তবে এগুলোর মত দশটি সূরা উপস্থাপন করো, যা বানানো, এবং যাকে পারো আমন্ত্রণ করো, আল্লাহকে ছাড়া, যদি তোমরা সত্যবাদী হও।”

\*11:13 *The Quran's mathematical miracle is inimitable (See Appendix 1).*

[11:14] If they fail to meet your challenge, then know that this is revealed with **GOD's** knowledge, and that there is no god except He. Will you then submit?

[11:১৪] তারা যদি তোমাদের চ্যালেঞ্জের কাছে পরাস্ত হয়, তবে জেনে রাখো যে এটি আল্লাহর জ্ঞান থেকে প্রকাশিত হয়, এবং তিনি ছাড়া কোন উপাস্য নেই। তোমরা কি এবার আত্মসমর্পণ করবে?

[11:15] Those who pursue this worldly life and its material vanities, we will pay them for their works in this life; without the least reduction.

[11:১৫] যারা এই পার্থিব জীবন আর এর বস্তুগত সৌন্দর্যের পিছনে ছুটে বেড়ায়, আমরা এই জীবনে তাদের কাজের জন্য তাদের প্রতিদান দেবো; সামান্যতম কম না দিয়ে।

[11:16] It is they who gave up their share in the Hereafter, and, consequently, Hell is their

lot. All their works are in vain; everything they have done is nullified.

[11:16] এরা তারাই যারা তাদের পরকালের অংশ ছেড়ে দিয়েছে, এবং, পরিণামে, নরকই তাদের নিয়তি। তাদের সকল কাজ অর্থহীন; তারা যা কিছু করেছে সবই বিনষ্ট হয়েছে।

*The Quran's  
Mathematical Code  
কোর'আনের  
গাণিতিক সংকেত*

[11:17] As for those who are given solid proof \* from their Lord, reported by a witness from Him, and before it, the book of Moses has set a precedent and a mercy,\*\* they will surely believe. As for those who disbelieve among the various groups, Hell is awaiting them. Do not harbor any doubt; this is the truth from your Lord, but most people disbelieve.

[11:19] আর যাদেরকে তাদের প্রভুর পক্ষ থেকে জোড়ালো প্রমাণ\* দেয়া হয়েছে, যা তাঁর পক্ষ থেকে একজন স্বাক্ষী দ্বারা উপস্থাপিত, এবং এর আগে, মূসার ঐশীগ্রন্থ এক উদাহরণ ও দয়া\*\* স্থাপন করেছে, তারা অবশ্যই বিশ্বাস করবে। আর বিভিন্ন দলের মধ্যে যারা অবিশ্বাস করে, তাদের জন্য নরক অপেক্ষা করছে। কোন সন্দেহ পোষণ করো না; এটি তোমার প্রভুর পক্ষ থেকে সত্য, কিন্তু বেশিরভাগ মানুষই অবিশ্বাস করে।

*\*11:17 The Quran's 19-based mathematical code is a built-in proof of divine authorship. It is noteworthy that the word "Bayyinah" (proof) is mentioned in the Quran 19 times.*

*\*\*11:17 As it turns out, Moses' book was also mathematically composed, with "19" as the common denominator. See Footnote 46:10 and Appendix 1.*

[11:18] Who are more evil than those who fabricate lies about **GOD**? They will be presented before their Lord, and the witnesses will say, "These are the ones who lied about their Lord. **GOD**'s condemnation has befallen the transgressors."

[11:18] তাদের থেকে খারাপ আর কারা যারা আল্লাহ সম্পর্কে মিথ্যা বানায়? তাদেরকে তাদের প্রভুর সামনে উপস্থিত করা হবে, এবং

স্বাক্ষীরা বলবে, “এরাই তারা যারা তাদের প্রভু সম্পর্কে মিথ্যা বলেছিল। আল্লাহর অভিসম্পাত সীমালঙ্ঘনকারীদের উপর পড়েছে।”

[11:19] They repel from the way of **GOD** and seek to make it crooked, and they are disbelievers in the Hereafter.

[11:19] তারা আল্লাহর পথে বাধা দেয় এবং একে বক্র করতে চেষ্টা করে, এবং তারা পরকালে অবিশ্বাসী।

*The Disbelievers  
অবিশ্বাসীরা*

[11:20] These will never escape, nor will they find any lords or masters to help them against **GOD**. Retribution will be doubled for them. They have failed to hear, and they have failed to see.

[11:20] এরা কখনও পালাতে পারবে না, না তারা আল্লাহর বিপক্ষে তাদেরকে সাহায্য করতে কোন প্রভু বা মনিব পাবে। শাস্তি তাদের জন্য দ্বিগুন করা হবে। তারা শুনতে ব্যর্থ হয়েছে, এবং তারা ব্যর্থ হয়েছে দেখতে।

[11:21] These are the ones who lose their souls, and the idols they had fabricated will disown them

[11:21] এরাই তারা যারা তাদের আত্মা হারায়, এবং তাদের বানানো উপাস্যরা তাদের পরিত্যাগ করবে।

[11:22] There is no doubt that, in the Hereafter, they will be the worst losers.

[11:22] কোন সন্দেহ নেই যে, পরকালে, তারা হবে সর্বাধিক ক্ষতিগ্রস্ত।

*The Believers  
বিশ্বাসীরা*

[11:23] As for those who believe and lead a righteous life, and devote themselves to their Lord, they are the dwellers of Paradise; they abide therein forever.

[11:23] আর যারা বিশ্বাস করে এবং সৎ জীবন- যাপন করে, এবং তাদের প্রভুর প্রতি নিজেদের উৎসর্গ করে, তারা স্বর্গের বাসিন্দা; তারা সেখানে চিরকাল বসবাস করে।

[11:24] The example of these two groups is like the blind and deaf, compared to the seer

and hearer. Are they equal? Would you not take heed?

[১১:২৪] এই দুই শ্রেণীর উদাহরণ হচ্ছে অন্ধ ও বধিরের সাথে, দৃষ্টিবান ও শ্রবনশক্তিবানের তুলনা করার মত। তারা কি সমান? তোমরা কি চিন্তা করবে না?

Noah  
নুহ

[11:25] We sent Noah to his people, saying, "I come to you as a clear warner.

[১১:২৫] আমরা নুহকে তার লোকদের কাছে পাঠিয়েছিলাম, এটা বলতে, “আমি তোমাদের কাছে এসেছি স্পষ্ট সতর্ককারী হিসেবে।

[11:26] "You shall not worship except **GOD**. I fear for you the retribution of a painful day."

[১১:২৬] “তোমরা আল্লাহ ছাড়া অন্য কারো উপাসনা করবে না। আমি তোমাদের জন্য এক যন্ত্রনাদায়ক দিনের শাস্তির ভয় করি।”

[11:27] The leaders who disbelieved among his people said, "We see that you are no more than a human being like us, and we see that the first people to follow you are the worst among us. We see that you do not possess any advantage over us. Indeed, we think you are liars."

[১১:২৭] তার লোকদের মধ্যে যে নেতারা অশ্রদ্ধা করেছিল তারা বলল, “আমরা দেখছি যে তুমি আমাদের মত মানুষ ছাড়া কিছু নও, আর আমাদের মধ্যে নিকৃষ্ট লোকেরাই প্রথমে তোমার অনুসরণ করেছে। আমরা দেখছি যে আমাদের উপর তোমাদের কোন শ্রেষ্ঠত্ব নেই। মূলত, আমরা তোমাদের মিথ্যাবাদী মনে করি।”

[11:28] He said, "O my people, what if I have a solid proof from my Lord? What if He has blessed me out of His mercy, though you cannot see it? Are we going to force you to believe therein?

[১১:২৮] সে বলল, “হে আমার লোকেরা, যদি এমন হয় যে আমার প্রভুর পক্ষ থেকে আমার কাছে একটি জোড়ালো প্রমাণ থাকে? যদি এমন হয় যে তাঁর দয়া থেকে তিনি আমাকে অনুগ্রহ করেছেন, যদিও তোমরা তা দেখতে পারো না? আমরা কি তোমাদেরকে তাতে বিশ্বাস করতে জোর করতে যাচ্ছি?

[11:29] "O my people, I do not ask you for any money; my wage comes only from **GOD**. I am not dismissing those who believed; they will meet their Lord (*and He alone will judge them*). I see that you are ignorant people.

[১১:২৯] “হে আমার লোকেরা, আমি তোমাদের কাছে কোন অর্থ চাই না; আমার পারিশ্রমিক একমাত্র আল্লাহ থেকে আসে। যারা বিশ্বাস করে তাদেরকে আমি তাড়িয়ে দিচ্ছি না; তারা তাদের প্রভুর সাথে সাক্ষাত করবে (এবং একমাত্র তিনি তাদের বিচার করবেন)। আমি দেখি যে তোমরা অজ্ঞ লোক।

[11:30] "O my people, who can support me against **GOD**, if I dismiss them? Would you not take heed?

[১১:৩০] “হে আমার লোকেরা, আল্লাহর বিরুদ্ধে কে আমাকে সহায়তা করতে পারে, যদি আমি তাদেরকে তাড়িয়ে দেই? তোমরা কি মনোযোগ দিবে না?

All Power  
Belongs to God  
সকল ক্ষমতা  
আল্লাহর

[11:31] "I do not claim that I possess the treasures of **GOD**, nor do I know the future, nor do I claim to be an angel. Nor do I say to those despised by your eyes that **GOD** will not bestow any blessings upon them. **GOD** knows best what is in their innermost thoughts. (*If I did this,*) I would be a transgressor."

[১১:৩১] আমি দাবি করি না যে আমার কাছে আল্লাহর ধন-ভান্ডার আছে, না আমি ভবিষ্যৎ জানি, না আমি ফেরেশতা হওয়ার দাবি করি। না আমি ওদেরকে বলি যারা তোমাদের দৃষ্টিতে ঘৃণিত যে আল্লাহ তাদের উপর অনুগ্রহ বর্ষণ করবেন না। আল্লাহ সবচেয়ে ভাল জানেন কি তাদের গভীরতম চিন্তা। (যদি এটি আমি করে থাকি, ) আমি একজন সীমালংঘনকারী হবো।”

[11:32] They said, "O Noah, you have argued with us, and kept on arguing. We challenge you to bring the doom you threaten us with, if you are truthful."

[১১:৩২] তারা বলল, “হে নুহ, তুমি আমাদের সাথে তর্ক করছো, এবং তর্ক করেই যাচ্ছে। আমরা তোমাকে সে অনিবার্য ধ্বংস আনতে

চ্যালেঞ্জ করি যা দিয়ে তুমি আমাদের ভয় দেখাও, যদি তুমি সত্যবাদী হও।”

[11:33] He said, "GOD is the One who brings it to you, if He so wills, then you cannot escape.

[১১:৩৩] সে বলল, “আল্লাহই সেই সত্ত্বা যিনি এটি তোমাদের কাছে নিয়ে আসেন, যদি তিনি এমনই চান, তখন তোমরা পালাতে পারবে না।

[11:34] "Even if I advised you, my advice cannot benefit you if it is GOD's will to send you astray. He is your Lord, and to Him you will be returned."

[১১:৩৪] “যদিও আমি তোমাদের উপদেশ দিয়েছি, তোমাদের বিপক্ষে পাঠানো যদি আল্লাহর ইচ্ছা হয় আমার উপদেশ তোমাদের কোন উপকারে আসতে পারে না। তিনি তোমাদের প্রভু, এবং তাঁর কাছেই তোমরা ফিরে যাবে।”

[11:35] If they say, "He made up this story," then say, "If I made it up, then I am responsible for my crime, and I am innocent of any crime you commit."

[১১:৩৫] যদি তারা বলে, “সে এই গল্প বানিয়েছে,” তাহলে বল, “যদি আমি তা বানিয়ে থাকি, তবে আমি আমার অপরাধের জন্য দায়ী, এবং তোমাদের করা কোন অপরাধের জন্য আমি দায়ী নই।”

[11:36] Noah was inspired: "No more of your people are going to believe, beyond those who already believe. Do not be saddened by their actions.

[১১:৩৬] নূহ অনুপ্রানিত হয়েছিলঃ “তোমার লোকদের মধ্যে আর কেউ বিশ্বাস করবে না, যারা ইতোমধ্যে বিশ্বাস করেছে তারা ছাড়া। তাদের কর্মকাণ্ডে দুঃখ পেয়ো না।

[11:37] "Build the ark under our watchful eyes, and with our inspiration, and do not implore Me on behalf of those who have transgressed; they are destined to drown."

[১১:৩৭] “নৌকাটি নির্মান করো আমাদের সতর্ক দৃষ্টির আওতায়, এবং আমাদের অনুপ্রেরনায়, এবং তাদের হয়ে আমার কাছে মিনতি করো না যারা সীমালংঘন করেছে; ডুবে মরাই তাদের নিয়তি।”

*He Who Laughs Last*

*Laughs Best*  
*বোকোর হাসি দশ বার*

[11:38] While he was building the ark, whenever some of his people passed by him they laughed at him. He said, "You may be laughing at us, but we are laughing at you, just as you are laughing.

১১/৩৮ যখন সে নৌকাটি বানাচ্ছিল, তার লোকদের কেউ কেউ যখনি তার পাশ দিয়ে যেতো তারা তাকে নিয়ে হাসতো। সে বলেছিল, “তোমরা হয়তো আমাদের নিয়ে হাসছ, কিন্তু আমরা তোমাদের নিয়ে হাসছি, ঠিক যেমন তোমরা হাসছ।

[11:39] "You will surely find out who will suffer a shameful retribution, and incur an everlasting punishment."

১১/৩৯ “তোমরা অবশ্যই দেখতে পাবে কারা লজ্জাকর শাস্তি ভোগ করবে, এবং কারা টেনে আনবে এক চিরস্থায়ী শাস্তি”।

[11:40] When our judgment came, and the atmosphere boiled over, we said, "Carry on it a pair of each kind,\* together with your family, except those who are condemned. Carry with you those who have believed," and only a few have believed with him.

১১/৪০ যখন আমাদের বিচার আসলো, এবং বায়ুমণ্ডল অত্যাধিক উত্তপ্ত হয়ে উঠল, আমরা বললাম, “এর উপর প্রত্যেক প্রকারের এক জোড়া তুলো, তোমার পরিবারের সাথে, তাদের ছাড়া যারা দোষী। তোমার সাথে তাদেরকে নাও যারা বিশ্বাস করেছে,” এবং অল্প কয়েকজন তার সাথে বিশ্বাস করেছিল।

*\*11:40 & 44 This is God's proven truth: Noah's ark was made of logs, tied together with primitive ropes (54:13). Contrary to common belief, the flood was limited to the area around today's Dead Sea, and the animals were only Noah's livestock; not every animal that lived on earth.*

[11:41] He said, "Come on board. In the name of GOD shall be its sailing, and its mooring. My Lord is Forgiver, Most Merciful."

১১/৪১ সে বলেছিল, “আরোহণ করো, আল্লাহর নামে হবে এর ভেসে চলা, এবং এর নোঙ্গর। আমার প্রভু ক্ষমাশীল, পরম দয়ালু”।

[11:42] As it sailed with them in waves like hills, Noah called his son, who was isolated: "O my son, come ride with us; do not be with the disbelievers."  
 [১১:৪২] যখন এটি তাদের নিয়ে পাহাড় সমান ঢেউয়ের মাঝে ভেসে গেল, "নূহ তার ছেলেকে ডাকলো, যে আলাদা হয়েছিলঃ "হে আমার পুত্র, আমাদের সাথে উঠো; অবিশ্বাসীদের সাথে থেকে না।"

[11:43] He said, "I will take refuge on top of a hill, to protect me from the water." He said, "Nothing can protect anyone today from **GOD's** judgment; only those worthy of His mercy (*will be saved*)."  
 The waves separated them, and he was among those who drowned.  
 [১১:৪৩] সে বলল, "আমি কোন পাহাড়ের চূড়ায় আশ্রয় নিব, নিজেকে পানি থেকে রক্ষা করতে।" সে বলল, "আজ আল্লাহর বিচার হতে কাউকে কোনকিছুই রক্ষা করতে পারবে না; শুধু তারা (রক্ষা পাবে) যারা তার দয়ার যোগ্য।" ঢেউ তাদের আলাদা করে দিল, এবং সে ছিল তাদের মধ্যে যারা নিমজ্জিত হয়েছিল।

*Where Did the Ark Land*  
 নৌকাটি কোথায় থেমেছিল

[11:44] It was proclaimed: "O earth, swallow your water," and "O sky, cease."  
 The water then subsided; the judgment was fulfilled. The ark finally rested on the hills of Judea.\* It was then proclaimed: "The transgressors have perished."  
 [১১:৪৪] এটি ঘোষণা করা হলঃ "হে পৃথিবী, তোমার পানি গিলে ফেল, "এবং "হে আকাশ, থামো।" পানি তখন কমে গেল; বিচার পরিপূর্ণ হল। অবশেষে নৌকাটি জুদির পাহাড়গুলোতে থামালো। এটি তখন ঘোষণা করা হলঃ "সীমালঙ্ঘনকারীরা ধংস হয়েছে।"

*\*11:40 & 44 This is God's proven truth: Noah's ark was made of logs, tied together with primitive ropes (54:13). Contrary to common belief, the flood was limited to the area around today's Dead Sea, and the animals were only Noah's livestock; not every animal that lived on earth.*

[11:45] Noah implored his Lord: "My Lord, my son is a member of my family, and Your

promise is the truth. You are the wisest of the wise."

[১১:৪৫] নূহ তার প্রভুর কাছে মিনতি করলোঃ "আমার প্রভু, আমার পুত্র আমার পরিবারের সদস্য, এবং আপনার অংগীকার সত্য। আপনি বিজ্ঞদের চেয়েও বিজ্ঞ।"

*The Myth of Intercession\**  
 সুপারিশের কল্পকাহিনী\*

[11:46] He said, "O Noah, he is not of your family. It is unrighteous to ask Me for something you do not know.\* I enlighten you, lest you be like the ignorant."  
 [১১:৪৬] তিনি বলেছিলেন, "হে নূহ, সে তোমার পরিবারের কেউ নয়। এটি অন্যায় আমার কাছে কোনকিছু চাওয়া যা তুমি জানো না। আমি তোমাকে জ্ঞানালোক দিয়েছি, যাতে তুমি অজ্ঞদের মত না হও।"

*\*11:46 Intercession is Satan's most effective bait to entice people into idol worship. However, Abraham could not help his father, nor could Noah help his son, nor could Muhammad help his own relatives (2:254, 9:80 & 114).*

[11:47] He said, "My Lord, I seek refuge in You, lest I implore You again for something I do not know. Unless You forgive me, and have mercy on me, I will be with the losers."  
 [১১:৪৭] সে বলল, "আমার প্রভু, আমি আপনার কাছে আশ্রয় চাই, যাতে আমি আবারো আপনার কাছে এমনকিছুর জন্য মিনতি না করি যা আমি জানি না। যদি আপনি আমাকে ক্ষমা না করেন, এবং আমার উপর দয়া না করেন, আমি ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হয়ে যাব।"

[11:48] It was proclaimed: "O Noah, disembark, with peace and blessings upon you, and upon nations who will descend from your companions. As for the other nations descending from you, we will bless them for awhile, then commit them to painful retribution."

[১১:৪৮] এটি ঘোষণা করা হলঃ "হে নূহ, অবতরণ কর, শান্তি এবং অনুগ্রহের সাথে তোমার উপর, এবং সে জাতির উপর যারা তোমার সংগীদের বংশদের হবে। আর অপর জাতি যারা তোমার বংশধর হবে, আমরা



তাদেরকে কিছু সময়ের জন্য অনুগ্রহ করবো, এরপর তাদেরকে যন্ত্রনাদায়ক শাস্তি দিব।”

[11:49] This is news from the past that we reveal to you. You had no knowledge about them—neither you, nor your people—before this. Therefore, be patient. The ultimate victory belongs to the righteous.

[১১:৪৯] এটি অতীতের সংবাদ যা আমরা তোমার কাছে প্রকাশ করি। তাদের সম্পর্কে তোমার কোন জ্ঞান ছিল না- না তোমার, বা তোমার লোকদের- এর পূর্বে। অতএব, ধৈর্য্য ধারণ করো। চূড়ান্ত বিজয় সংকর্মশীলদের জন্য।

*Hûd: One and the Same Message*  
*হুদঃ এক এবং অভিন্ন বার্তা*

[11:50] To Ād we sent their brother Hûd. He said, "O my people, worship **GOD**; you have no other god besides Him. You are inventing. [১১:৫০] আদ জাতির কাছে আমরা তাদের ভাই হুদকে পাঠিয়েছিলাম। সে বলেছিল, “হে আমার লোকেরা, আল্লাহর উপাসনা কর; তাঁর পাশে তোমাদের অন্য কোন উপাস্য নেই। তোমরা উদ্ভাবন করছো।

[11:51] "O my people, I do not ask you for any wage. My wage comes only from the One who initiated me. Do you not understand? [১১:৫১] “হে আমার লোকেরা, আমি তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাই না। আমার পারিশ্রমিক শুধু সেই সত্ত্বার কাছ থেকে আসে যিনি আমার সূচনা করেছেন। তোমরা কি বুঝো না?

[11:52] "O my people, seek forgiveness from your Lord, then repent to Him. He will then shower you with provisions from the sky, and augment your strength. Do not turn back into transgressors."

[১১:৫২] “হে আমার লোকেরা, তোমাদের প্রভুর ক্ষমা অন্বেষণ করো, এরপর তাঁর কাছে অনুশোচনা করো। তাহলে তিনি আকাশ হতে তোমাদের জন্য জীবিকা বর্ষণ করবেন, এবং তোমাদের শক্তি বৃদ্ধি করবেন। সীমা লঙ্ঘনকারীদের মাঝে ফিরে যেও না।

[11:53] They said, "O Hûd, you did not show us any proof, and we are not abandoning our gods on account of what you say. We will never be believers with you.

[১১:৫৩] তারা বলল, “হে হুদ, তুমি আমাদেরকে কোন প্রমাণ দেখাওনি, আর তোমার কথার উপর ভিত্তি করে আমরা আমাদের উপাস্যগুলো পরিত্যাগ করছি না। আমরা কখনোই তোমার সাথে বিশ্বাসী হবো না।

[11:54] "We believe that some of our gods have afflicted you with a curse." He said, "I bear witness before **GOD**, and you bear witness as well, that I disown the idols you have set up—

[১১:৫৪] “আমরা বিশ্বাস করি যে আমাদের কিছু উপাস্য অভিশাপ দিয়ে তোমাকে পীড়িত করেছে।” সে বলল, “আমি আল্লাহর সামনে সাক্ষ্য দিচ্ছি, আর তোমরাও সাক্ষী থাকো যে, আমি সেই উপাস্যগুলোকে পরিত্যাগ করেছি যেগুলো তোমরা স্থাপন করেছ

[11:55] "—beside Him. So, give me your collective decision, without delay.

[১১:৫৫] “তাঁর পাশে। সুতরাং তোমাদের সম্মিলিত সিদ্ধান্ত আমাকে জানাও, বিলম্ব না করে।

[11:56] "I have put my trust in **GOD**, my Lord and your Lord. There is not a creature that He does not control. My Lord is on the right path.

[১১:৫৬] “আমি আল্লাহর উপর ভরসা করেছি, আমার প্রভু এবং তোমাদের প্রভু। এমন কোন সৃষ্টি নেই যাকে তিনি নিয়ন্ত্রণ করেন না। আমার প্রভু সঠিক পথে আছেন।

[11:57] "If you turn away, I have delivered to you what I was sent with. My Lord will substitute other people in your place; you cannot harm Him in the least. My Lord is in control of all things."

[১১:৫৭] “যদি তোমরা মুখ ফিরিয়ে নাও, আমি তোমাদের কাছে পৌঁছে দিয়েছি যা দিয়ে আমাকে পাঠানো হয়েছিল। আমার প্রভু তোমাদের জায়গায় অন্য লোকদের আনবেন। তোমরা তাঁর এতটুকু ক্ষতি করতে পারবে না। আমার প্রভু সবকিছু নিয়ন্ত্রণ করেন।

[11:58] When our judgment came, we saved Hûd and those who believed with him, by

mercy from us. We saved them from a terrible retribution.

[১১:৫৮] যখন আমাদের বিচার আসলো, আমরা আমাদের দয়ায় হুদ এবং যারা তার সাথে বিশ্বাস করেছিল তাদের রক্ষা করেছিলাম। আমরা তাদেরকে এক ভয়ানক শাস্তি থেকে রক্ষা করেছিলাম।

[11:59] Such was 'Ād—they disregarded the revelations of their Lord, disobeyed His messengers, and followed the ways of every stubborn tyrant.

[১১:৫৯] এমনই ছিল আদ জাতি- তারা তাদের প্রভুর প্রকাশনাবলি অগ্রাহ্য করেছিল, তাঁর বার্তাবাহকদের অমান্য করেছিল, এবং প্রত্যেক একগুঁয়ে অত্যাচারী শাসকের পথ অনুসরণ করলো।

[11:60] Consequently, they incurred condemnation in this world, and on the Day of Resurrection. Indeed, 'Ād rejected their Lord. Indeed, 'Ād, the people of Hūd, have perished.

[১১:৬০] ফলশ্রুতিতে, তারা অভিশাপ টেনে এনেছে এই পৃথিবীতে, এবং পুনরুত্থান দিবসে। প্রকৃতই, আদ জাতি তাদের প্রভুকে প্রত্যাখ্যান করেছিল। প্রকৃতই, আদ জাতি, হুদের লোকেরা, বিলুপ্ত হয়েছে।

*Sāleh: One and the Same Message*  
*সালেহঃ এক এবং অভিন্ন বার্তা*

[11:61] To Thamūd we sent their brother Sāleh. He said, "O my people, worship **GOD**; you have no other god beside Him. He initiated you from the earth, then settled you in it. You shall seek His forgiveness, then repent to Him. My Lord is always near, responsive."

[১১:৬১] সামূদ জাতির কাছে আমরা তাদের ভাই সালেহকে পাঠিয়েছিলাম। সে বলেছিল, “হে আমার লোকেরা, আল্লাহর উপাসনা কর; তাঁর পাশে তোমাদের আর কোন উপাস্য নেই। তিনি পৃথিবী থেকে তোমাদের সূচনা করেছেন, তারপর এর মধ্যে তোমাদের প্রতিষ্ঠিত করেছেন। তোমাদের উচিত তাঁর কাছে ক্ষমা চাওয়া, এরপর তাঁর কাছে অনুশোচনা করা। আমার প্রভু সর্বদাই নিকটে, সাড়াদানকারী।”

[11:62] They said, "O Sāleh, you used to be popular among us before this. Are you

enjoining us from worshipping what our parents are worshipping? We are full of doubt concerning everything you have told us."

[১১:৬২] তারা বলল, “হে সালেহ, তুমি তো এর আগে আমাদের মাঝে জনপ্রিয় ছিলে। আমাদের পিতামাতারা যা উপাসনা করে তার উপাসনা করতে তুমি কি আমাদের নিষেধ করছো? তুমি আমাদেরকে যাকিছু বলেছ সে সবকিছু সম্পর্কে আমরা গভীর সন্দেহে আছি।”

*The Disbelievers Always Losers*  
*অবিশ্বাসীরা সবসময়ই পরাজিত*

[11:63] He said, "O my people, what if I have solid proof from my Lord, and mercy from Him? Who would support me against **GOD**, if I disobeyed Him? You can only augment my loss.

[১১:৬৩] সে বলল, “হে আমার লোকেরা, যদি আমার কাছে থেকে থাকে আমার প্রভুর পক্ষ থেকে জোড়ালো প্রমাণ, এবং তাঁর পক্ষ থেকে দয়া? আল্লাহর বিপক্ষে কে আমার সহায় হবে, যদি আমি তাঁকে অমান্য করি? তোমরা শুধু আমার ক্ষতি বৃদ্ধি করতে পার।

[11:64] "O my people, this is **GOD**'s camel to serve as a proof for you. You shall let her eat from **GOD**'s earth, and do not touch her with any harm, lest you incur an immediate retribution."

[১১:৬৪] “হে আমার লোকেরা, এটি আল্লাহর উট যা তোমাদের জন্য একটি প্রমাণ হিসেবে কাজ করবে। তোমরা একে আল্লাহর পৃথিবী/ভূমি থেকে খেতে দিবে, এবং কোন প্রকার ক্ষতি করার জন্য একে স্পর্শ করবে না, অন্যথায় তোমরা এক আশু শাস্তি টেনে আনবে।”

[11:65] They slaughtered her. He then said, "You have only three days to live. This is a prophecy that is inevitable."

[১১:৬৫] তারা একে হত্যা করল। এরপর সে বলল, “তোমরা শুধু আর তিন দিন বাঁচবে। এটা একটি ভবিষ্যদ্বানী যা অবধারিত।”

[11:66] When our judgment came, we saved Sāleh and those who believed with him by mercy from us, from the humiliation of that day. Your Lord is the Most Powerful, the Almighty.

[১১:৬৬] যখন আমাদের বিচার আসলো, আমাদের কাছ থেকে দয়া দিয়ে আমরা

সালেহ এবং তার সাথে যারা বিশ্বাস করেছিল তাদের রক্ষা করেছিলাম দ্বারা, ঐ দিনের অপমানকর অবস্থা হতে। তোমার প্রভু পরম ক্ষমতাবান, সর্বশক্তিমান।

[11:67] Those who transgressed were annihilated by the disaster, leaving them in their homes, dead.

[১১:৬৭] যারা সীমালঙ্ঘন করেছিল সেই দূর্যোগ তাদেরকে ধ্বংস করে দিয়েছিল, তাদেরকে তাদের বাড়িতে ফেলে রেখেছিল, মৃতবস্থায়।

[11:68] It was as if they never lived there. Indeed, Thamûd have rejected their Lord. Absolutely, Thamûd have incurred their annihilation.

[১১:৬৮] এটা এমন ছিল যেন তারা কখনো সেখানে বসবাস করেনি। মূলত, সামূদ তাদের প্রভুকে প্রত্যাখ্যান করেছে। অবশ্যই, সামূদ তাদের ধ্বংস টেনে এনেছে।

#### *Abraham and Lot* *ইব্রাহিম এবং লূত*

[11:69] When our messengers went to Abraham with good news, they said, "Peace." He said, "Peace," and soon brought a roasted calf.

[১১:৬৯] যখন আমাদের বার্তাবাহকেরা ইব্রাহিমের কাছে সুসংবাদ নিয়ে গিয়েছিল, তারা বলেছিল, “শান্তি।” সে বলল, “শান্তি।” এবং কিছু সময়ের মধ্যেই একটি রোস্ট করা/ ঝলসানো বাছুর নিয়ে আসলো।

[11:70] When he saw that their hands did not touch it, he became suspicious and fearful of them. They said, "Do not be afraid, we are being dispatched to the people of Lot."

[১১:৭০] যখন সে দেখলো তাদের হাত এটা স্পর্শ করছে না, সে তাদের ব্যাপারে সন্দেহ পোষণ করলো এবং ভীত হল। তারা বলল, “ভয় পেও না, আমাদেরকে লূতের লোকদের কাছে পাঠানো হয়েছে।”

[11:71] His wife was standing, and she laughed when we gave her the good news about Isaac, and after Isaac, Jacob.

[১১:৭১] তার স্ত্রী দাঁড়িয়ে ছিল, এবং সে হাসলো যখন আমরা সুসংবাদ দিলাম ইসহাকের, এবং ইসহাকের পর ইয়াকুবের।

[11:72] She said, "Woe to me, how could I bear a child at my age, and here is my husband; an old man? This is really strange!"

[১১:৭২] সে বলল, “আমার আফসোস, কেমন করে আমি আমার এই বয়সে সন্তান ধারণ করতে পারি, এবং এই হচ্ছে আমার স্বামী; একজন বৃদ্ধলোক? এটি সত্যিই বিস্ময়কর!”

[11:73] They said, "Do you find it strange for **GOD**? **GOD** has bestowed His mercy and blessings upon you, O inhabitants of the shrine. He is Praiseworthy, Glorious."

[১১:৭৩] তারা বলল, “তুমি কি আল্লাহর জন্য এটি বিস্ময়কর মনে করো? আল্লাহ তাঁর দয়া এবং অনুগ্রহ তোমাদের উপর অর্পন করেছেন, হে এই ঘরের বাসিন্দারা। তিনি প্রশংসনীয়, মহিমাশিত।”

[11:74] When Abraham's fear subsided, and the good news was delivered to him, he proceeded to argue with us on behalf of Lot's people.

[১১:৭৪] যখন ইব্রাহিমের ভয় কেটে গেল, এবং সুসংবাদটি তার কাছে পৌঁছে দেয়া হল, সে তখন লূতের লোকদের পক্ষে আমাদের সাথে তর্ক শুরু করলো।

[11:75] Indeed, Abraham was clement, extremely kind, and obedient.

[১১:৭৫] প্রকৃতপক্ষে, ইব্রাহিম ছিল কোমল হৃদয়, অত্যন্ত দয়ালু, এবং অনুগত।

[11:76] "O Abraham, refrain from this. Your Lord's judgment has been issued; they have incurred unavoidable retribution."

[১১:৭৬] “হে ইব্রাহীম, এটা থেকে বিরত হও। তোমার প্রভুর রায় হয়ে গেছে; তারা টেনে এনেছে অনিবার্য শাস্তি।”

#### *Homosexuality Condemned* *সমকামিতা নিষিদ্ধ*

[11:77] When our messengers went to Lot, they were mistreated, and he was embarrassed by their presence. He said, "This is a difficult day."

[১১:৭৭] যখন আমাদের বার্তাবাহকেরা লূতের কাছে গেল, তাদের সাথে দুর্ব্যবহার করা হয়েছিল, এবং সে তাদের উপস্থিতিতে অস্বস্তিকর

অবস্থায় পড়লো। সে বলল, “এটা এক কঠিন দিন।”

[11:78] His people came rushing; they had grown accustomed to their sinful acts. He said, "O my people, it would be purer for you, if you take my daughters instead. You shall reverence **GOD**; do not embarrass me with my guests. Have you not one reasonable man among you?"

[১১:৭৮] তার লোকেরা ছুটে আসলো; তারা তাদের পাপপূর্ণ কর্মকাণ্ডে অভ্যস্ত হয়ে ওঠেছিল। সে বলল, “হে আমার লোকেরা, এটি তোমাদের জন্য পবিত্রতর হবে, যদি বিনিময়ে তোমরা আমার মেয়েদের গ্রহণ করো। তোমাদের উচিত আল্লাহকে ভয় করা; আমার অতিথিদের ব্যাপারে আমাকে অস্বস্তিকর অবস্থায় ফেলো না। তোমাদের মাঝে কি একজনও কাঙ্ক্ষিত সম্পন্ন ব্যক্তি নেই?”

[11:79] They said, "You know well that we have no need for your daughters; you know exactly what we want."

[১১:৭৯] তারা বলল, “তুমি ভাল করেই জানো যে তোমার মেয়েদের আমাদের কোন প্রয়োজন নেই; তুমি ঠিকই জানো আমরা কী চাই।”

[11:80] He said, "I wish I were strong enough, or had a powerful ally!"

[১১:৮০] সে বলল, “আমি যদি যথেষ্ট শক্তিশালী হতাম, অথবা আমরা যদি কোন ক্ষমতাবান মিত্র থাকতাম!”

[11:81] *(The angels)* said, "O Lot, we are your Lord's messengers, and these people cannot touch you. You shall leave with your family during the night, and let not anyone of you look back, except your wife; she is condemned along with those who are condemned. Their appointed time is the morning. Is not the morning soon enough?"

[১১:৮১] *(ফেরেশতারা)* বলল, “হে লুত, আমরা তোমার প্রভুর বার্তাবাহক, এবং এই লোকেরা তোমাকে স্পর্শ করতে পারবে না। তুমি তোমার পরিবার নিয়ে রাতে চলে যাবে, আর তোমাদের কাউকে পিছনে তাকাতে দিবে না, তোমার স্ত্রী ছাড়া; সে তাদের সাথে দোষী যারা দোষীসাব্যস্ত হয়েছে। তাদের নির্ধারিত সময় হচ্ছে সকাল। সকাল কি খুব নিকটে নয়?”

*Sodom & Gomorrah Destroyed*  
*সদোম এবং গমোরাহ বিলুপ্ত*

[11:82] When our judgment came, we turned it upside down, and we showered it with hard, devastating rocks.

[১১:৮২] যখন আমাদের বিচার আসলো, আমরা একে উল্টে দিলাম এবং আমরা এর উপর কঠিন, বিধ্বংসী পাথর বর্ষণ করলাম।

[11:83] Such rocks were designated by your Lord to strike the transgressors.

[১১:৮৩] এরকম পাথরগুলো সীমালঙ্ঘনকারীদের আঘাত করার জন্য তোমার প্রভুর দ্বারা নির্বাচিত।

*Shu'aib: One and the Same Message*  
*সো'য়েবঃ এক এবং একই বার্তা*

[11:84] To Midyan we sent their brother Shu'aib. He said, "O my people, worship **GOD**; you have no other god beside Him. Do not cheat when you measure or weigh. I see that you are prosperous, and I fear for you the retribution of an overwhelming day.

[১১:৮৪] মাদিয়ানবাসীদের কাছে আমরা তাদের ভাই সো'য়েবকে পাঠিয়েছিলাম। সে বলল, “হে আমার লোকেরা, আল্লাহর উপাসনা করো; তাঁর পাশে তোমাদের অন্য কোন উপাস্য নেই। তোমরা যখন পরিমাপ অথবা ওজন করো তখন ধোঁকা দিও না। আমি দেখছি যে তোমরা সমৃদ্ধিশালী, আর আমি তোমাদের জন্য এক বিধ্বংসী দিনের শাস্তির ভয় করছি।

[11:85] "O my people, you shall give full measure and full weight, equitably. Do not cheat the people out of their rights, and do not roam the earth corruptingly.

[১১:৮৫] “হে আমার লোকেরা, তোমরা পূর্ণ পরিমাপ এবং পূর্ণ ওজন দেবে, ন্যায়সঙ্গতভাবে। লোকদেরকে তাদের অধিকার থেকে বঞ্চিত করো না, আর পৃথিবীতে দূর্নীতি করে ঘুরে বেড়িও না।

[11:86] “Whatever **GOD** provides for you, no matter how small, is far better for you, if you are really believers. I am not a guardian over you.”

[১১:৮৬] “যাকিছু আল্লাহ তোমাদের প্রদান করেন, তা যত ক্ষুদ্রই হোক, তোমাদের জন্য

অনেক উত্তম, যদি তোমরা সত্যিই বিশ্বাসী হও। আমি তোমাদের কোন অভিভাবক নই।”

[11:87] They said, "O Shu'aib, does your religion dictate upon you that we must abandon our parents' religion, or running our businesses in any manner we choose? Surely, you are known for being clement, wise."

[১১:৮৭] তারা বলল, “হে শু’আইব, তোমার ধর্ম কি তোমাকে নির্দেশ দেয় যে আমাদের অবশ্যই আমাদের পিতামাতার ধর্ম, বা আমাদের পছন্দমত যেকোন পছন্দে আমাদের ব্যবসা চালানো পরিত্যাগ করতে হবে? নিশ্চয়ই, তুমি দয়ালু, বিজ্ঞ হিসেবে পরিচিত।”

[11:88] He said, "O my people, what if I have solid proof from my Lord; what if He has provided me with a great blessing? It is not my wish to commit what I enjoin you from. I only wish to correct as many wrongs as I can. My guidance depends totally on **GOD**; I have put my trust in Him. To Him I have totally submitted.

[১১:৮৮] সে বলল, “হে আমার লোকেরা, যদি এমন হয় যে আমার কাছে আমার প্রভুর পক্ষ থেকে জোড়ালো প্রমাণ থাকে; যদি এমন হয় যে তিনি আমাকে এক মহা অনুগ্রহ প্রদান করেছেন? এটা আমার ইচ্ছা নয় যে আমি তা-ই করবো যা আমি তোমাদেরকে করতে নিষেধ করি। আমি শুধু যতবেশি সম্ভব আমার ভুলগুলো সংশোধন করতে চাই। আমার পথপ্রাপ্তি সম্পূর্ণ আল্লাহর উপর নির্ভর করে; আমি আমার আস্থা তাঁর উপর রেখেছি। আমি তাঁর কাছে পুরোপুরি আত্মসমর্পণ করেছি।

[11:89] "And, O my people, do not be provoked by your opposition to me into incurring the same disasters as the people of Noah, or the people of Hûd, or the people of Sâleh; and the people of Lot are not too far from you.

[১১:৮৯] “আর, হে আমার লোকেরা, আমার প্রতি তোমাদের বিরোধীতা দ্বারা প্ররোচিত হয়ে একই বিপর্যয় টেনে এনো না নুহের লোকদের, বা হুদের লোকদের, বা সালেহের লোকদের মত; এবং লুতের লোকেরা তোমাদের থেকে খুব বেশি দূরে নয়।

[11:90] "You shall implore your Lord for forgiveness, then repent to Him. My Lord is Most Merciful, Kind."

[১১:৯০] “তোমাদের উচিত তোমাদের প্রভুর কাছে ক্ষমার জন্য মিনতি করা, এরপর তাঁর কাছে অনুশোচনা করো। আমার প্রভু পরম দয়ালু, প্রেমময়।”

[11:91] They said, "O Shu'aib, we do not comprehend many of the things you are telling us, and we see that you are powerless among us. If it were not for your tribe, we would have stoned you. You have no value for us."

[১১:৯১] তারা বলল, “হে শু’আইব, তুমি যা বলছো তার অনেক কিছু আমরা বুঝি না, এবং আমরা দেখি যে তুমি আমাদের মাঝে ক্ষমতাহীন। যদি তোমার গোত্র না থাকতো, আমরা তোমাকে পাথর মারতাম। আমাদের কাছে তোমার কোন মূল্য নেই।”

[11:92] He said, "O my people, does my tribe command a greater respect than **GOD**? Is this why you have been heedless of Him? My Lord is fully aware of everything you do.

[১১:৯২] সে বলল, “হে আমার লোকেরা, আমার গোত্র কি আল্লাহর থেকে বেশি সম্মানের অধিকারী? এ কারণেই কি তোমরা তাঁর প্রতি উদাসীন হয়ে আছো? তোমরা যা কিছু করো সে সম্পর্কে আমার প্রভু পূর্ণ অবগত।

[11:93] "O my people, go on doing what you wish, and so will I. You will certainly find out which of us will incur shameful retribution; you will find out who the liar is. Just wait in anticipation, and I will wait in anticipation along with you."

[১১:৯৩] “হে আমার লোকেরা, যা তোমাদের ইচ্ছা করতে থাকো, আর আমিও তা করবো। তোমরা অবশ্যই দেখতে পাবে কে আমাদের মাঝে লজ্জাজনক শাস্তি টেনে আনে; তোমরা দেখতে পাবে মিথ্যাবাদী কে। শুধু আশা নিয়ে অপেক্ষা করো, এবং আমিও তোমাদের সাথে আশা নিয়ে অপেক্ষা করবো।

[11:94] When our judgment came, we saved Shu'aib and those who believed with him, by mercy from us. As for the evil ones, they were struck by a disaster that left them dead in their homes.

[১১:৯৪] যখন আমাদের বিচার আসলো, আমরা শু’আইব এবং তার সাথে যারা বিশ্বাস করেছিল তাদের রক্ষা করেছিলাম, আমাদের পক্ষ থেকে

দয়া দিয়ে। আর যারা মন্দ ব্যক্তি ছিল, তারা এক বিপর্যয় দ্বারা আঘাতপ্রাপ্ত হয়েছিল যা তাদেরকে তাদের বাড়িতে মৃত ফেলে রেখেছিল।

[11:95] It was as though they never existed. Thus, Midyan perished, just like Thamûd had perished before that.

[১১:৯৫] এটা এমন ছিল যেন তাদের কখনো অস্তিত্ব ছিল না। এভাবে, মাদিয়ানবাসী বিলুপ্ত হয়েছিল, যেভাবে এর আগে সামুদ জাতি বিলুপ্ত হয়েছিল।

*Moses*  
*মুসা*

[11:96] We sent Moses with our signs and a profound authority.

[১১:৯৬] আমরা মুসাকে আমাদের নিদর্শনাবলি ও এক সুস্পষ্ট কর্তৃত্বসহ পাঠিয়েছিলাম।

[11:97] To Pharaoh and his elders. But they followed the command of Pharaoh, and Pharaoh's command was not wise.

[১১:৯৭] ফেরাউন এবং তার সভাসদদের কাছে। কিন্তু তারা ফেরাউনের আদেশ অনুসরণ করলো আর ফেরাউনের আদেশ বিচক্ষণ ছিল না।

[11:98] He will lead his people on the Day of Resurrection, all the way to Hell; what a miserable abode to live in!

[১১:৯৮] সে পুনরুত্থান দিনে তার লোকদের নেতৃত্ব দিবে, নরকের পথে; কি এক শোচনীয় বাসস্থান বসবাসের জন্য!

[11:99] They have incurred condemnation in this life, as well as on the Day of Resurrection; what a miserable path to follow!

[১১:৯৯] তারা এই জীবনে অভিশাপ টেনে এনেছে একইসাথে পুনরুত্থান দিনে; অনুসরণের কি এক শোচনীয় পথ!

*Lessons*  
*to be learned*  
*শিক্ষণীয়*  
*পাঠ*

[11:100] This is news from the past communities that we narrate to you. Some are still standing, and some have vanished.

[১১:১০০] এটি অতীত সম্প্রদায়ের সংবাদ যা আমরা তোমাদের কাছে বর্ণনা করি। কিছু এখনো টিকে আছে, আর কিছু বিলুপ্ত হয়েছে।

[11:101] We never wronged them; they wronged their own souls. Their gods, whom they invoked beside **GOD**, could not help them in the least when the judgment of your Lord came. In fact, they only ensured their doom.

[১১:১০১] আমরা কখনও তাদের প্রতি অন্যায় করিনি; তারাই তাদের নিজেদের আত্মার প্রতি অন্যায় করেছে। তাদের উপাস্যরা, যাদেরকে তারা আল্লাহর পাশে ডেকেছে, তাদেরকে একটুও সাহায্য করতে পারেনি যখন তোমার প্রভুর বিচার আসলো। কার্যত, তারা শুধু তাদের সর্বনাশ নিশ্চিত করেছে।

[11:102] Such was the retribution enforced by your Lord when the communities transgressed. Indeed, His retribution is painful, devastating.

[১১:১০২] এমনই ছিল তোমার প্রভুর আরোপিত শাস্তি যখন সম্প্রদায়গুলো সীমালংঘন করেছিল। প্রকৃতপক্ষে, তাঁর শাস্তি যন্ত্রনাদায়ক, ধ্বংসাত্মক।

[11:103] This should be a lesson for those who fear the retribution of the Hereafter. That is a day when all the people will be summoned—a day to be witnessed.

[১১:১০৩] এটি তাদের জন্য একটি শিক্ষণীয় বিষয় হওয়া উচিত যারা পরকালের শাস্তিকে ভয় করে। এটি এমন এক দিন যখন সকল মানুষকে ডাকা হবে- যেদিন হবে সাক্ষী হওয়ার দিন।

[11:104] We have appointed a specific time for it to take place.

[১১:১০৪] আমরা এটি ঘটানোর জন্য একটি নির্দিষ্ট সময় নির্ধারণ করেছি।

[11:105] The day it comes to pass, no soul will utter a single word, except in accordance with His will. Some will be miserable, and some will be happy.

[১১:১০৫] যেদিন এটি আসবে, কোন আত্মা একটি শব্দও উচ্চারণ করবে না, তাঁর ইচ্ছা ব্যতীত। কেউ কেউ হবে দুর্দশাগ্রস্ত, আর কেউ হবে সুখী।

[11:106] As for the miserable ones, they will be in Hell, wherein they sigh and wail.

[১১:১০৬] আর যারা দুর্দশাগ্রস্থ, তারা থাকবে নরকে, যেখানে তারা দীর্ঘশ্বাস ফেলবে ও আর্তনাত করবে।

[11:107] Eternally they abide therein, for as long as the heavens and the earth endure, in accordance with the will of your Lord. Your Lord is doer of whatever He wills.

[১১:১০৭] তারা সেখানে চিরকাল বাস করে, যতকাল আকাশমন্ডলী এবং পৃথিবী টিকে থাকে, তোমার প্রভুর ইচ্ছা অনুযায়ী। তোমার প্রভু তা-ই করেন যা কিছু তিনি ইচ্ছা করেন।

[11:108] As for the fortunate ones, they will be in Paradise. Eternally they abide therein, for as long as the heavens and the earth endure, in accordance with the will of your Lord- an everlasting reward.

[১১:১০৮] আর যারা সৌভাগ্যবান, তারা থাকবে স্বর্গে। তারা সেখানে চিরকাল বাস করবে, যতকাল আকাশমন্ডলী এবং পৃথিবী টিকে থাকে, তোমার প্রভুর ইচ্ছা অনুযায়ী - এক চিরস্থায়ী পুরস্কার।

*Following Our Parents Blindly*

*A Great Human Tragedy*

*আমাদের পিতা-মাতার অন্ধ অনুসরণ:*

*এক মহা মানবীয় বিপর্যয়*

[11:109] Do not have any doubt regarding what these people worship; they worship exactly as they found their parents worshipping. We will requite them their due share fully, without reduction.

[১১:১০৯] এই লোকেরা যা উপাসনা করে সে ব্যাপারে কোন সন্দেহ রেখো না; তারা উপাসনা করে ঠিক যেভাবে তারা তাদের পিতামাতাকে উপাসনা করতে দেখেছে। আমরা তাদের প্রাপ্য অংশ তাদেরকে সম্পূর্ণরূপে দিয়ে দেবো, কম না করে।

[11:110] We have given Moses the scripture, but it was disputed, and if it were not for a predetermined word decreed by your Lord, they would have been judged immediately.

They are full of doubt about this, suspicious.

[১১:১১০] আমরা মুসাকে ঐশ্বরীগ্রন্থ দিয়েছিলাম, কিন্তু এটি বিতর্কিত হয়েছিল, আর যদি তা তোমার প্রভুর দ্বারা জারি করা একটি পূর্বনির্ধারিত আদেশ না হতো, অবিলম্বে তাদের

বিচার করা হতো। তারা এ ব্যাপারে পুরোপুরি সন্দেহে আছে, দ্বিধাগ্রস্থ।

[11:111] Your Lord will surely recompense everyone for their works. He is fully Cognizant of everything they do.

[১১:১১১] তোমার প্রভু অবশ্যই সবাইকে তাদের কাজের প্রতিদান দিবেন। তারা যা করে তিনি সেসব ব্যাপারে সম্পূর্ণ অবগত।

[11:112] Therefore, continue on the path you have been enjoined to follow, together with those who repented with you, and do not transgress. He is Seer of everything you do.

[১১:১১২] সুতরাং, সে পথে চলতে থাকো যা তোমাকে অনুসরণের আদেশ করা হয়েছে, তাদের সাথে একত্রে যারা তোমার সাথে অনুশোচনা করেছে, এবং সীমালংঘন করো না। তোমরা যা কিছু করো তিনি তা দেখেন।

[11:113] Do not lean towards those who have transgressed, lest you incur Hell, and find no allies to help you against **GOD**, then end up losers.

[১১:১১৩] যারা সীমালংঘন করেছে তাদের প্রতি ঝুঁকে পড়ো না, পাছে তোমরা নরক টেনে আনো, এবং আল্লাহর বিপক্ষে তোমাদের সাহায্য করার জন্য কোন মিত্র খোঁজে না পাও, এরপর সবশেষে ক্ষতিগ্রস্থ হও।

*Three of the Five Prayers*

*নামাযের পাঁচটির মধ্যে তিনটি*

[11:114] You shall observe the Contact Prayers (*Salat*) at both ends of the day, and during the night. The righteous works wipe out the evil works. This is a reminder for those who would take heed.

[১১:১১৪] তুমি দিনের উভয় প্রান্তে সংযোগ প্রার্থনা (সালাত) পালন করবে, এবং রাতের বেলা। সৎকাজ মন্দ কাজকে মুছে ফেলে। এটি একটি সতর্কবার্তা তাদের জন্য যারা চিন্তা-ভাবনা করবে।

[11:115] You shall steadfastly persevere, for **GOD** never fails to recompense the righteous.

[১১:১১৫] তুমি দৃড়তার সাথে অবিচল থাকবে, কারণ আল্লাহ সৎকর্মশীলদের প্রতিদান দিতে কখনও ব্যর্থ হন না।

[11:116] If only some of those among the previous generations possessed enough intelligence to forbid evil! Only a few of them deserved to be saved by us. As for the transgressors, they were preoccupied with their material luxuries; they were guilty.

[১১:১১৬] যদি শুধু পূর্ববর্তী প্রজন্মের মধ্যে কেউ কেউ মন্দ কাজ নিষিদ্ধ করার জন্য যথেষ্ট বুদ্ধিমত্তা রাখতো! তাদের অল্প কয়েকজনই আমাদের দ্বারা রক্ষা পাওয়ার যোগ্য ছিল। আর যারা সীমালংঘনকারী, তারা তাদের বৈষয়িক বিলাসিতা নিয়ে ব্যস্ত ছিল, তারা ছিল অপরাধী।

[11:117] Your Lord never annihilates any community unjustly, while its people are righteous.

[১১:১১৭] তোমার প্রভু কখনও অন্যায়ভাবে কোন সম্প্রদায়কে ধ্বংস করেন না, যখন এর লোকেরা সৎকর্মশীল।

*Why Were  
We Created  
আমরা কেন  
সৃষ্টি হয়েছি*

[11:118] Had your Lord willed, all the people would have been one congregation (*of believers*). But they will always dispute (*the truth*).

[১১:১১৮] তোমার প্রভু যদি চাইতেন, তবে সকল মানুষ একটি (*বিশ্বাসী*) দল হতো। কিন্তু তারা সবসময় (*সত্যকে*) বিতর্কিত করবেই।

[11:119] Only those blessed with mercy from your Lord (*will not dispute the truth*). This is why He created them.\* The judgment of your Lord has already been issued: "I will fill Hell with jinns and humans, all together."\*\*

[১১:১১৯] শুধু যারা তোমার প্রভুর কাছ থেকে দয়া দ্বারা অনুগ্রহপ্রাপ্ত (তারা সত্যকে বিতর্কিত করবে না)। এই জন্য তিনি তাদের সৃষ্টি করেছেন। তোমার প্রভুর রায় পূর্বেই জারি হয়েছেঃ “আমি জীন ও মানুষ দিয়ে নরক পূর্ণ করবো, সবাইকে একসাথে।”

*\*11:119 The Most Merciful has created us on this earth to give us yet another chance to denounce our original crime and to be*

*redeemed (see the Introduction and Appendix 7).*

*\*\*11:119 God does not put a single person in Hell; they choose and insist upon going to Hell.*

[11:120] We narrate to you enough history of the messengers to strengthen your heart. The truth has come to you herein, as well as enlightenments and reminders for the believers.

[১১:১২০] আমরা তোমাকে বার্তাবাহকদের যথেষ্ট পরিমাণ ইতিহাস বর্ণনা করি তোমার হৃদয়কে শক্তিশালি করতে। এখানে তোমার কাছে সত্য এসেছে, সেই সাথে বিশ্বাসীদের জন্য আলোকিত জ্ঞান ও সতর্কবানী।

[11:121] Say to those who disbelieve, "Do whatever you can, and so will we.

[১১:১২১] যারা অবিশ্বাস করে তাদের বল, “তোমরা যা পারো করো, এবং আমরাও তা করবো।

[11:122] "Then wait; we too will wait."

[১১:১২২] “তারপর অপেক্ষা করো; আমরাও অপেক্ষা করবো।”

[11:123] To **GOD** belongs the future of the heavens and the earth, and all matters are controlled by Him. You shall worship Him and trust in Him. Your Lord is never unaware of anything you do.

[১১:১২৩] আকাশমন্ডলী ও পৃথিবীর ভবিষ্যৎ আল্লাহর অধীনে, আর সব বিষয় তাঁর দ্বারা নিয়ন্ত্রিত হয়। তুমি তাঁর উপাসনা করবে এবং তাঁর প্রতি আস্থা রাখবে। তোমার প্রভু কখনোই অনবগত নন যা কিছু তোমরা করো।



## Sura 12: Joseph (Yousuf)

[12:1] A. L. R. These (letters) are proofs of this profound scripture.\*

১২:১ অ. ল. র। এইসব (অক্ষরগুলো) এই জ্ঞানগর্ভ ঐশীগ্রহের প্রমাণ।

*\*12:1 The Quranic initials constitute a major component of a great miracle (App. 1). [12:2] We have revealed it an Arabic Quran, that you may understand.\**

[12:2] We have revealed it an Arabic Quran, that you may understand.\*

১২:২ আমরা একে আরবী কোরআন রূপে প্রকাশ করেছি, যাতে তোমরা বুঝতে পারো।

*\*12:2 Why was the Quran revealed in Arabic? See 41:44 and Appendix 4.*

[12:3] We narrate to you the most accurate history through the revelation of this Quran.

Before this, you were totally unaware.

১২:৩ আমরা এই কোরানের ঐশীবার্তার মাধ্যমে তোমাদের নিকট সবচেয়ে নির্ভুল ইতিহাস বর্ণনা করি। এর আগে, তোমরা ছিলে সম্পূর্ণ অসচেতন।

[12:4] Recall that Joseph said to his father, "O my father, I saw eleven planets, and the sun, and the moon; I saw them prostrating before me."

১২:৪ স্মরণ করো যে ইউসুফ তার পিতাকে বলেছিল, "হে আমার পিতা, আমি এগারটি গ্রহ, ও সূর্য, ও চাঁদ দেখেছি ; আমি দেখেছি এগুলোকে আমার সামনে সেজদা করতে।"

[12:5] He said, "My son, do not tell your brothers about your dream, lest they plot and scheme against you. Surely, the devil is man's worst enemy.

১২:৫ সে বলল, "আমার পুত্র, তোমার স্বপ্নের বিষয়ে তোমার ভাইদের বলো না, পাছে তারা তোমার বিরুদ্ধে চক্রান্ত করে ও ফন্দি আটে। নিশ্চয়ই, শয়তান হচ্ছে মানুষের ঘোরতর শত্রু।

[12:6] "Your Lord has thus blessed you, and has given you good news through your dream. He has perfected His blessings upon you and upon the family of Jacob, as He did for your ancestors Abraham and Isaac before that.

Your Lord is Omniscient, Most Wise."

১২/৬ "এভাবে তোমার প্রভু তোমাকে সৌভাগ্যশালী করেছেন, এবং তোমাকে তোমার স্বপ্নের মাধ্যমে সুসংবাদ দিয়েছেন। তোমার প্রতি এবং ইয়াকুবের পরিবারের প্রতি তিনি তাঁর আশীর্বাদ সুসম্পন্ন করেছেন, যেমন ভাবে এর আগে তিনি তোমার পূর্বপুরুষ ইব্রাহীম এবং ইসহাকের জন্য করেছিলেন। তোমরা প্রভু সর্বজ্ঞ, সবচেয়ে জ্ঞানী।

[12:7] In Joseph and his brothers there are lessons for the seekers.

১২/৭ ইউসুফ এবং তার ভাইদের মধ্যে অন্বেষণকারীদের জন্য শিক্ষা রয়েছে।

[12:8] They said, "Joseph and his brother are favored by our father, and we are in the majority. Indeed, our father is far astray.

১২/৮ তারা বলেছিল, "ইউসুফ এবং তার ভাই আমাদের পিতার সুনজরে রয়েছে, এবং আমরা সংখ্যায় বেশি। আসলেই, আমাদের পিতা স্পষ্ট ভ্রান্তিতে আছে।

*Joseph's Fate*

*Already Decided by God\**

*ইউসুফের ভাগ্য*

*আগে থেকেই আল্লাহ কর্তৃক সিদ্ধান্তকৃত*

[12:9] "Let us kill Joseph, or banish him, that you may get some attention from your father. Afterwards, you can be righteous people."\*

১২/৯ "চল আমরা ইউসুফকে হত্যা করি, অথবা তাকে নির্বাসিত করি, যাতে তোমরা তোমাদের পিতার মনোযোগ পেতে পারো। এরপর, তোমরা সৎকর্মশীল লোক হতে পারবে।

*\*12:9 We learn from Joseph's dream that he was destined for a bright future. Thus, while his brothers met to decide his fate, his fate was already decided by God. Everything is done by God (8:17), and is already recorded (57:22).*

[12:10] One of them said, "Do not kill Joseph; let us throw him into the abyss of the well. Perhaps some caravan can pick him up, if this is what you decide to do."

১২/১০ তাদের একজন বলেছিল, “ইউসুফকে হত্যা করো না; চল আমরা তাকে কুপের গভীরে নিক্ষেপ করি। হয়তো কোন কাফেলা তাকে তুলে নিতে পারে, যদি তোমরা এটা করার জন্যই সিদ্ধান্ত নিয়ে থাকো।

[12:11] They said, "Our father, why do you not trust us with Joseph? We will take good care of him."

১২:১১ তারা বলল, "আমাদের পিতা, কেন আপনি ইউসুফের বিষয়ে আমাদের উপর আস্থা রাখেন না? আমরা তাকে ভালো করে দেখে রাখবো।

[12:12] "Send him with us tomorrow to run and play. We will protect him."

১২:১২ "কাল তাকে আমাদের সাথে দৌড়তে এবং খেলতে পাঠান। আমরা তাকে নিরাপদে রাখবো।"

[12:13] He said, "I worry lest you go away with him, then the wolf may devour him while you are not watching him."

১২:১৩ সে বলল, "আমার ভয় হয় পাছে তোমরা তাকে নিয়ে দূরে চলে যাও, এরপর যখন তার প্রতি তোমরা খেয়াল না করো নেকড়ে তাকে খেয়ে ফেলতে পারে।"

[12:14] They said, "Indeed, if the wolf devours him, with so many of us around, then we are really losers."

১২:১৪ তারা বলল, "নিশ্চয়, যদি নেকড়ে তাকে খেয়ে ফেলে, আমরা অনেকেই আশেপাশে থাকা সত্ত্বেও, তাহলে আমরা সত্যিই ক্ষতিগ্রস্ত।"

*Believers are Blessed with God's Assurances  
আল্লাহর আশ্বাস পেয়ে বিশ্বাসীরা আশীর্বাদপ্রাপ্ত*

[12:15] When they went away with him, and unanimously decided to throw him into the

abyss of the well, we inspired him: "Some day, you will tell them about all this, while they have no idea."

১২:১৫ যখন তারা তাকে নিয়ে দূরে চলে গেল, এবং সর্বসম্মতিক্রমে তাকে কুপের গভীরে নিক্ষেপ করার সিদ্ধান্ত নিল, আমরা তাকে অনুপ্রাণিত করলাম, "একদিন, তুমি এই সবকিছু সম্পর্কে তাদের বলবে, অথচ তাদের কোন ধারণাই থাকবে না।"

[12:16] They came back to their father in the evening, weeping.

১২/১৬ তারা সন্ধ্যায় তাদের পিতার কাছে ফিরে এলো, কাঁদতে কাঁদতে।

[12:17] They said, "Our father, we went racing with each other, leaving Joseph with our equipment, and the wolf devoured him. You will never believe us, even if we were telling the truth."

১২/১৭ তারা বলল, "আমাদের পিতা, আমরা একে অন্যের সাথে দৌড়াতে গিয়েছিলাম, ইউসুফকে আমাদের সরঞ্জামের কাছে রেখে, আর নেকড়ে তাকে খেয়ে ফেলল। আপনি কখনই আমাদের বিশ্বাস করবেন না, যদিও আমরা আপনাকে সত্য বলছি।

[12:18] They produced his shirt with fake blood on it. He said, "Indeed, you have conspired with each other to commit a certain scheme. All I can do is resort to a quiet patience. May GOD help me in the face of your conspiracy?"

১২/১৮ তারা তার জামায় নকল রক্ত লাগিয়ে উপস্থাপন করলো। সে বলল, "নিশ্চয়, তোমরা পরস্পর চক্রান্ত করেছ একটা নির্দিষ্ট পরিকল্পনা বাস্তবায়ন করতে। আমি যা করতে পারি তা হল নীরবে ধৈর্য ধারণ। তোমাদের ষড়যন্ত্রের মুখে আল্লাহ আমাকে সাহায্য করুন।"

*Joseph is taken to Egypt*

*ইউসুফকে মিসরে নিয়ে যাওয়া হল*

[12:19] A caravan passed by, and soon sent their waterer. He let down his bucket, then said, "How lucky! There is a boy here!" They

took him along as merchandise, and GOD was fully aware of what they did.

১২/১৯ একটি কাফেলা পাশ দিয়ে যাচ্ছিল, এবং শীঘ্রই তাদের পানি সংগ্রাহককে পাঠালো। সে তার বালতি নিচে ফেললো, তারপর বলল, “কি সৌভাগ্য! এখানে তো দেখি এক বালক! তারা তাকে পণ্যদ্রব্য হিসাবে সাথে নিল, এবং তারা যা করেছিল আল্লাহ সে বিষয়ে সম্পূর্ণ অবগত ছিলেন।

[12:20] They sold him for a cheap price— a few Dirhams—for they did not have any need for him.

১২/২০ তারা সস্তা মূল্যে তাকে বিক্রি করলো- অল্প কিছু দিরহামে- কারণ তাকে তাদের কোন প্রয়োজন ছিল না।

[12:21] The one who bought him in Egypt said to his wife, "Take good care of him. Maybe he can help us, or maybe we can adopt him." We thus established Joseph on earth, and we taught him the interpretation of dreams. GOD's command is always done, but most people do not know.

১২:২১ যে ব্যক্তি তাকে মিশরে এনেছিল সে তার স্ত্রীকে বলল, "তার ভাল যত্ন নাও। হয়তো সে আমাদের উপকারে আসবে, অথবা আমরা তাকে দত্তক নিতে পারি।" এভাবে আমরা ইউসুফকে পৃথিবীতে প্রতিষ্ঠিত করেছি, এবং আমরা তাকে স্বপ্নের ব্যাখ্যা করতে শিখিয়েছি, আল্লাহর নির্দেশ সর্বদাই সম্পন্ন হয়, কিন্তু বেশির ভাগ লোক জানে না।

[12:22] When he reached maturity, we endowed him with wisdom and knowledge. We thus reward the righteous.

১২:২২ যখন সে পরিণত বয়সে পৌঁছল, আমরা তাকে প্রজ্ঞা ও জ্ঞান দান করলাম। আমরা এভাবে সৎকর্মশীলদের পুরস্কৃত করি।

*God Protects the Believers From Sin*  
আল্লাহ বিশ্বাসীদের পাপ থেকে রক্ষা করেন

[12:23] The lady of the house where he lived tried to seduce him. She closed the doors and said, "I am all yours." He said, "May GOD

protect me. He is my Lord, who gave me a good home.\* The transgressors never succeed."

১২:২৩ যেখানে সে বাস করতো সে বাড়ির কত্রী তাকে প্রলুব্ধ করার চেষ্টা করলো। সে দরজাগুলো বন্ধ করলো এবং বলল, "আমি সম্পূর্ণরূপে তোমার।" সে বলল, "আল্লাহ আমায় রক্ষা করুক। তিনি আমার প্রভু, যিনি আমাকে একটি ভালো বাসস্থান দিয়েছেন। সীমালঙ্ঘনকারীরা কখনো সফল হয় না।"

*\*12:23 Joseph worded this statement in such a way that the governor's wife thought that he was talking about her husband, when in fact he was talking about God.*

[12:24] She almost succumbed to him, and he almost succumbed to her, if it were not that he saw a proof from his Lord. We thus diverted evil and sin away from him, for he was one of our devoted servants.

১২:২৪ সে (মহিলা) তার প্রতি প্রায় ঢলে পড়েছিল এবং সে (ইউসুফ) তার প্রতি প্রায় ঢলে পড়েছিল, যদি সে (ইউসুফ) তার প্রভুর পক্ষ থেকে একটি প্রমাণ না দেখতো। আমরা এভাবে মন্দ ও পাপকে তার থেকে সরিয়ে দিয়েছিলাম, কারণ সে ছিল আমাদের নিবেদিত বান্দাদের একজন।

[12:25] The two of them raced towards the door, and, in the process, she tore his garment from the back. They found her husband at the door. She said, "What should be the punishment for one who wanted to molest your wife, except imprisonment or a painful punishment?"

১২:২৫ তাদের দুজনে দরজার দিকে ছুটল, এবং, এক পর্যায়ে, সে (মহিলা) পিছন থেকে তার পোষাক ছিঁড়ে ফেললো। তারা তার স্বামীকে দরজায় পেল। সে বলল, "যে ব্যক্তি তোমার স্ত্রীর সাথে অপকর্ম করতে চেয়েছে তার শাস্তি কি হওয়া উচিত, বন্দী থাকা বা এক যন্ত্রণাকর শাস্তি পাওয়া ছাড়া?"

[12:26] He said, "She is the one who tried to seduce me." A witness from her family suggested: "If his garment is torn from the

front, then she is telling the truth and he is a liar.

১২/২৬ সে বলল, “সে-ই আমাকে প্রলুব্ধ করার চেষ্টা করেছিল”। তার পরিবারের একজন সাক্ষী পরামর্শ দিলঃ “যদি তার পোশাক সামনে থেকে ছেঁড়া থাকে, তবে সে (মহিলা) সত্য বলছে, এবং সে(ইউসুফ) মিথ্যুক”।

[12:27] "And if his garment is torn from the back, then she lied, and he is telling the truth."

১২/২৭ “এবং যদি তার পোশাক পেছন থেকে ছেঁড়া থাকে, তবে সে (মহিলা) মিথ্যা বলছে, এবং সে(ইউসুফ) সত্য বলছে”।

[12:28] When her husband saw that his garment was torn from the back, he said, "This is a woman's scheme. Indeed, your scheming is formidable.

১২/২৮ যখন তার স্বামী দেখলো যে তার পোশাক পেছন থেকে ছেঁড়া, সে বলল, “এটা এক নারীর চক্রান্ত। নিশ্চয়, তোমার চক্রান্ত দুর্ভেদ্য”।

[12:29] "Joseph, disregard this incident. As for you (my wife), you should seek forgiveness for your sin. You have committed an error."

১২/২৯ “ইউসুফ, এ ঘটনা উপেক্ষা করো। আর (আমার স্ত্রী) তোমার উচিত তোমার পাপের জন্য ক্ষমা চাওয়া। তুমি একটি ভুল করেছ”।

[12:30] Some women in the city gossiped: "The governor's wife is trying to seduce her servant. She is deeply in love with him. We see that she has gone astray."

১২/৩০ শহরে কিছু নারী বলাবলি করতে লাগলোঃ “শাসকের স্ত্রী তার ভৃত্যকে প্রলুব্ধ করার চেষ্টা করছে। সে তার গভীর প্রেমে পড়েছে। আমরা দেখছি যে সে বিপথে গেছে”।

[12:31] When she heard of their gossip, she invited them, prepared for them a comfortable place, and gave each of them a knife. She then said to him, "Enter their room." When they saw him, they so admired him, that they cut their hands.\* They said, "Glory be to GOD,

this is not a human being; this is an honorable angel."

১২:৩১ যখন সে(মহিলা) তাদের রটনা শুনলো, সে তাদের আমন্ত্রণ জানালো, তাদের জন্য একটি আরামদায়ক স্থান প্রস্তুত করলো, এবং তাদের প্রত্যেককে একটি ছুরি দিল। এরপর সে তাকে বলল, "তাদের কক্ষে প্রবেশ করো।" যখন তারা তাকে দেখল, তারা তার রূপে এতোই বিমুগ্ধ হলো, যে তারা তাদের হাত কেটে ফেলল। তারা বলল, "মহিমা আল্লাহরই, এ তো কোন মানুষ নয়; এ এক সম্মানিত ফেরেশতা।"

*\*12:31 This is the same word used in 5:38 regarding the hand of the thief, and the sum of sura and verse numbers (12+31 and 5+38) are the same. Therefore, the thief's hand should be marked, not severed as practiced by the corrupted Islam (see Footnote 5:38).*

[12:32] She said, "This is the one you blamed me for falling in love with. I did indeed try to seduce him, and he refused. Unless he does what I command him to do, he will surely go to prison, and will be debased."

১২:৩২ সে বলল, "এই সে ব্যক্তি যার প্রেমে পড়ার কারণে তোমরা আমাকে দোষী করেছিলে। আসলে আমিই তাকে প্রলুব্ধ করার চেষ্টা করেছিলাম, এবং সে প্রত্যাখ্যান করেছিল। যদি সে আমি যা আদেশ করি তা না করে, নির্ঘাৎ সে জেলে যাবে এবং হয়ে হবে।

[12:33] He said, "My Lord, the prison is better than giving in to them. Unless You divert their scheming from me, I may desire them and have like the ignorant ones."

১২:৩৩ সে বলল, "আমার প্রভু, তাদের কাছে নতি স্বীকার করার থেকে জেলে যাওয়া ভাল। যদি না আমার থেকে আপনি তাদের চক্রান্ত সরিয়ে দেন, আমি হয়তো তাদের আকাজক্ষা করবো এবং নির্বোধের মত আচরণ করবো।

[12:34] His Lord answered his prayer and diverted their scheming from him. He is the Hearer, the Omniscient.

১২:৩৪ তার প্রভু তার প্রার্থনার জবাব দিলেন এবং তার থেকে তাদের চক্রান্ত সরিয়ে দিলেন। তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞানী।

[12:35] Later, they saw to it, despite the clear proofs, that they should imprison him for awhile.

১২:৩৫ পরবর্তীতে, তারা এটি দেখেছিল, স্পষ্ট প্রমাণাদি সত্ত্বেও, যে তাদের উচিত তাকে কিছুকালের জন্য বন্দী রাখা।

[12:36] Two young men were in the prison with him. One of them said, "I saw (in my dream) that I was making wine," and the other said, "I saw myself carrying bread on my head, from which the birds were eating. Inform us of the interpretation of these dreams. We see that you are righteous."

১২/৩৬ তার সাথে কারাগারে দুজন যুবক ছিল। তাদের একজন বলল, "আমি (আমার স্বপ্নে) দেখেছি যে আমি মদ তৈরি করছি," এবং অন্যজন বলল, "আমি দেখেছি আমি আমার মাথায় রুটি বহন করছি, যা থেকে পাখিরা খাচ্ছে। এই স্বপ্নগুলোর ব্যাখ্যা আমাদের জানাও। আমরা দেখছি যে তুমি সৎকর্মশীল"।

[12:37] He said, "If any food is provided to you, I can inform you about it before you receive it. This is some of the knowledge bestowed upon me by my Lord. I have forsaken the religion of people who do not believe in GOD, and with regard to the Hereafter, they are really disbelievers.

১২/৩৭ সে বলল, "যদি তোমাদের কোন খাবার দেয়া হয়, তা তোমরা পাওয়ার আগে আমি তোমাদেরকে এর সম্পর্কে জানাতে পারবো। এগুলো আমার প্রতি আমার প্রভুর প্রদত্ত কিছু জ্ঞান। আমি পরিত্যাগ করেছি সেই লোকদের ধর্ম যারা আল্লাহতে বিশ্বাস করে না, এবং পরকালের ব্যাপারে, তারা আসলেই অবিশ্বাসী"।

[12:38] "And I followed instead the religion of my ancestors, Abraham, Isaac, and Jacob. We never set up any idols beside GOD. Such is

the blessing from GOD upon us and upon the people, but most people are unappreciative.

১২/৩৮ "এবং আমি এর পরিবর্তে অনুসরণ করেছি আমার পূর্বপুরুষ ইব্রাহীম, ইসহাক, এবং ইয়াকুবের ধর্ম। আমরা কখনো আল্লাহর পাশে কোন উপাস্য স্থাপন করি না। এমনই আল্লাহর আশীর্বাদ আমাদের প্রতি এবং মানুষের প্রতি, কিন্তু বেশিরভাগ মানুষ অকৃতজ্ঞ।

[12:39] "O my prison mates, are several gods better, or GOD alone, the One, the Supreme?

১২/৩৯ "হে আমার কারাসঙ্গীরা, অনেক উপাস্য উত্তম, নাকি একমাত্র আল্লাহ, একক সত্তা, সর্বোচ্চ?"

১৪:০৯ তোমরা কি তোমাদের পূর্বকার তাদের সম্পর্কে শোননি - নুহ, আদ, সামুদের লোক, এবং অন্যরা যারা তাদের পরে এসেছে এবং যাদেরকে শুধু আল্লাহই জানেন? তাদের বার্তাবাহকরা তাদের কাছে সুস্পষ্ট প্রমাণাদি নিয়ে গিয়েছিল, কিন্তু তারা তাদের অবমাননা করেছিল এবং বলেছিল, "যা দিয়ে তোমাদের পাঠানো হয়েছে আমরা তা অবিশ্বাস করি; আমরা তোমাদের বার্তার বিষয়ে সংশয়বাদী ; সন্দেহে পরিপূর্ণ।"

*Following Our Parents Blindly:*

*A Great Human Tragedy*

*আমাদের পিতা- মাতার অন্ধ অনুসরণ:*

*এক মহা মানবীয় বিপর্যয়*

[14:10] Their messengers said, "Do you have doubts about GOD ; the Initiator of the heavens and the earth? He invites you only to forgive your sins, and to give you another chance to redeem yourselves." They said, "You are no more than humans like us, who want to repel us from the way our parents used to worship. Show us some profound authority."

১৪:১০ তাদের বার্তাবাহকরা বলল, "তোমাদের কি আল্লাহর বিষয়ে সন্দেহ আছে; আকাশমন্ডলী ও পৃথিবীর সূচনাকারী? তিনি

তোমাদের আমন্ত্রণ করেন শুধু তোমাদের পাপ ক্ষমা করে দিতে, এবং তোমাদের নিজেদের পাপমুক্ত করার জন্য আরেকটি সুযোগ দিতে।" তারা বলল, "তোমরা আমাদের মত মানুষ ছাড়া আর কিছু নও, যারা আমাদের মাতা- পিতার করে যাওয়া উপাসনার পথ থেকে আমাদের সরিয়ে দিতে চায়। আমাদের কিছু সুস্পষ্ট কর্তৃত্ব দেখাও।"

[14:11] Their messengers said to them, "We are no more than humans like you, but **GOD** blesses whomever He chooses from among His servants. We could not possibly show you any kind of authorization, except in accordance with **GOD's** will. In **GOD** the believers shall trust.

[১৪:১১] তাদের বার্তাবাহকরা তাদের বলেছিল, "আমরা তোমাদের মত মানুষ ছাড়া কিছু নই, কিন্তু আল্লাহ অনুগ্রহ করেন তাঁর বান্দাদের মধ্য থেকে যাকে তিনি পছন্দ করেন। আমরা সম্ভবত তোমাদেরকে কোন ধরণের কর্তৃত্ব দেখাতে পারবো না, আল্লাহর ইচ্ছানুযায়ী ব্যতীত। আল্লাহর প্রতি বিশ্বাসীদের আস্থা রাখা উচিত।"

[14:12] "Why should we not trust in **GOD**, when He has guided us in our paths? We will steadfastly persevere in the face of your persecution. In **GOD** all the trusters shall trust."

[১৪:১২] "কেন আমরা আল্লাহর প্রতি আস্থা রাখবো না, যখন তিনি আমাদের পথসমূহে আমাদেরকে পরিচালিত করেছেন? আমরা তোমার নির্যাতনের মুখে দৃড়তার সাথে অবিচল থাকবো। আল্লাহর প্রতি সকল আস্থাকারীদের আস্থা রাখা উচিত।"

[14:13] Those who disbelieved said to their messengers, "We will banish you from our land, unless you revert to our religion." Their Lord inspired them: "We will inevitably annihilate the transgressors."

[১৪:১৩] যারা অবিশ্বাস করেছিল তারা তাদের বার্তাবাহকদের বলল, "তোমাদেরকে আমরা আমাদের ভূমি থেকে বের করে দেবো, যদি না তোমরা আমাদের ধর্মে ফিরে আসো।" তাদেরকে তাদের প্রভু অনুপ্রেরণা দিলেন: "আমরা অবশ্যই সীমালঙ্ঘনকারীদের ধ্বংস করবো।"

[14:14] "And we will let you dwell in their land after them. This is (*the reward*) for those

who reverence My majesty, and reverence My promise."

[১৪:১৪] "এবং আমরা তোমাদেরকে তাদের পর তাদের ভূমিতে বাস করতে দেবো। এটা (পুরস্কার) তাদের জন্য যারা আমার ঐশ্বরিক ক্ষমতাকে ভক্তি করে, এবং আমার প্রতিশ্রুতিকে ভক্তি করে।"

[14:15] They issued a challenge, and consequently, every stubborn tyrant ended up doomed.

[১৪:১৫] তারা একটি চ্যালেঞ্জ করলো, এবং ফলস্বরূপ, প্রত্যেক একগুঁয়ে অত্যাচারী শাসক অবশেষে ধ্বংস হলো।

[14:16] Awaiting him is Hell, wherein he will drink putrid water.

[১৪:১৬] তার জন্য অপেক্ষা করছে নরক, যেখানে সে পঁচা পানি খাবে।

[14:17] He will gulp it down, though he cannot stand it, as death comes to him from every direction, but he will never die.

Awaiting him is a terrible retribution.\*

১৪:১৭ সে তা গিলবে, যদিও তা সে সহ্য করতে পারবে না, যেন মৃত্যু প্রত্যেক দিক থেকে তার কাছে আসবে, কিন্তু সে কখনো মরবে না। তার জন্য অপেক্ষায় আছে এক ভয়ানক শাস্তি।\*

*\*14:17 When we rebelled against God, and agreed with Satan during the great feud (38:69), the angels suggested that we should be banished to Hell (Appendix 7). But the Most Merciful decided to give us another chance to redeem ourselves. He said to the angels, "I know what you do not know" (2:30). God knew that many humans would have protested that they had no idea how bad Hell was. The awesome description of Hell in 14:17 and in 22:19-22, nullifies such a protest. Now we have a pretty good idea how terrible Hell is.*

[14:18] The allegory of those who disbelieve in their Lord: their works are like ashes in a violent wind, on a stormy day. They gain nothing from whatever they earn; such is the farthest straying.

১৪:১৮ যারা তাদের প্রভুকে অবিশ্বাস করে তাদের উপমা হচ্ছেঃ তাদের কাজগুলো তীব্র

বাতাসের মাঝে ছাইয়ের মত, কোন ঝড়ো দিনে। যা কিছু তারা উপার্জন করে তা থেকে তারা কিছুই পায় না; এমনই হচ্ছে দূরতম পথভ্রষ্টতা।

*Worship Only the Omnipotent One  
কেবল সর্বশক্তিমান সত্ত্বার উপাসনা করুন*

[14:19] Do you not realize that **GOD** has created the heavens and the earth for a specific purpose? If He wills, He can remove you, and substitute a new creation in your place.

[১৪:১৯] তুমি কি অনুধাবন করো না যে আল্লাহ আকাশমন্ডলী ও পৃথিবী একটি নির্দিষ্ট উদ্দেশ্যে সৃষ্টি করেছেন? যদি তিনি ইচ্ছা করেন, তিনি তোমাদের সরিয়ে দিতে পারেন, এবং তোমাদের জায়গায় নতুন সৃষ্টি আনতে পারেন।

[14:20] This is not too difficult for **GOD**.

[১৪:২০] এটি আল্লাহর জন্য খুব কঠিন নয়।

*On the Day of Resurrection  
পুনরুত্থান দিনে*

[14:21] When they all stand before **GOD**,\* the followers will say to the leaders, "We used to follow you. Can you spare us even a little bit of **GOD** 's retribution?" They will say, "Had **GOD** guided us, we would have guided you. Now it is too late, whether we grieve or resort to patience, there is no exit for us."

[১৪:২১] যখন তারা সকলে আল্লাহর সামনে দাঁড়াবে, অনুসারীরা নেতাদের বলবে, "আমরা তোমাদের অনুসরণ করতাম। তোমরা কি আল্লাহর শাস্তি থেকে আমাদের একটুখানি হলেও মুক্তি দিতে পারো? তারা বলবে, "যদি আল্লাহ আমাদের পথপ্রদর্শন করতেন, আমরা তোমাদের পথ দেখাতাম। এখন অনেক দেরি হয়ে গিয়েছে, আমরা শোক করি বা ধৈর্যধারণ করি, আমাদের কোন নিস্তার নেই।"

*\*14:21 Frequently, the *Quran* talks about the Hereafter in the past tense. This is because those are future events already witnessed by God, and will surely come to pass.*

*Satan Disowns His Followers*

*শয়তান তার অনুসারীদের পরিত্যাগ করে*

[14:22] And the devil will say, after the judgment had been issued, "GOD has promised you the truthful promise, and I promised you, but I broke my promise. I had



no power over you; I simply invited you, and you accepted my invitation. Therefore, do not blame me, and blame only yourselves. My complaining cannot help you, nor can your complaining help me. I have disbelieved in your idolizing me. The transgressors have incurred a painful retribution."

[18:22] এবং শয়তান বলবে, বিচার কার্যকর হওয়ার পর, "আল্লাহ তোমাদের প্রতিশ্রুতি দিয়েছিলেন সত্য প্রতিশ্রুতি, এবং আমি তোমাদের প্রতিশ্রুতি দিয়েছিলাম, কিন্তু আমি আমার প্রতিশ্রুতি ভংগ করেছি। তোমাদের উপর আমার কোন ক্ষমতা ছিল না; আমি শুধু তোমাদের আমন্ত্রণ করতাম, এবং তোমরা আমার আমন্ত্রণ গ্রহণ করত। অতএব, আমাকে দোষ দিও না, এবং শুধু নিজেদের দোষ দাও। আমার অভিযোগ তোমাদের সাহায্য করতে পারবে না, না তোমাদের অভিযোগ আমার কোন সাহায্য করতে পারবে। আমাকে তোমাদের উপাস্য বানানোকে আমি অবিশ্বাস করেছি। সীমালঙ্ঘনকারীরা এক যন্ত্রণাদায়ক শাস্তি টেনে এনেছে।"

[14:23] As for those who believe and lead a righteous life, they will be admitted into gardens with flowing streams. They abide therein forever, in accordance with the will of their Lord. Their greeting therein is: "Peace."  
[18:23] আর তাদের জন্য যারা বিশ্বাস করে এবং সৎ জীবন-যাপন করে, তারা প্রবাহিত বার্নাসহ বাগানগুলোতে প্রবেশ করবে। তারা সেখানে চিরকাল বসবাস করবে, তাদের প্রভুর ইচ্ছানুসারে। সেখানে তাদের সম্ভাষণ হবে, "শান্তি"।

#### *Truth vs Falsehood* *সত্য বনাম মিথ্যা*

[14:24] Do you not see that GOD has cited the example of the good word as a good tree whose root is firmly fixed, and its branches are high in the sky?  
[18:28] তুমি কি দেখো না যে আল্লাহ ভাল কথার উপমা দিয়েছেন একটি ভাল গাছ হিসেবে যার মূল শক্ত করে আটকানো, এবং শাখাগুলো আকাশে বিস্তৃত?

[14:25] It produces its crop every season, as designed by its Lord. GOD thus cites the examples for the people, that they may take heed.

[18:25] এটি প্রত্যেক ঋতুতে এর শস্য উৎপন্ন করে, যেভাবে এর প্রভু নকশা করেছেন। আল্লাহ এভাবে লোকদের জন্য উপমা বর্ণনা করেন, যাতে তারা উপদেশ নিতে পারে।

[14:26] And the example of the bad word is that of a bad tree chopped at the soil level; it has no roots to keep it standing.

[18:26] এবং মন্দ কথার উপমা হচ্ছে একটি মন্দ গাছ যা মাটির স্তরে কাঁটা হয়েছে; একে দাঁড় করিয়ে রাখার জন্য এর কোন মূল নেই।

[14:27] GOD strengthens those who believe with the proven word, in this life and in the Hereafter. And GOD sends the transgressors astray. Everything is in accordance with GOD 's will.

[18:27] যারা বিশ্বাস করে তাদেরকে প্রমাণিত কথা দিয়ে আল্লাহ শক্তিশালী করেন, এই জীবনে এবং পরকালে। এবং আল্লাহ সীমালঙ্ঘনকারীদের পথভ্রষ্ট করেন। সবকিছু আল্লাহর ইচ্ছানুসারে হয়।

#### *They Remove Their Families* *From God's Protection*

*তারা আল্লাহর সুরক্ষা থেকে*  
*তাদের পরিবারকে সরিয়ে নেয়*

[14:28] Have you noted those who responded to GOD 's blessings by disbelieving, and thus brought disaster upon their own families?

[18:28] তুমি কি তাদের লক্ষ্য করেছ যারা অবিশ্বাস দিয়ে আল্লাহর অনুগ্রহের প্রতি সাড়া দিয়েছে, এবং এভাবে তাদের নিজেদের পরিবারের উপর দুর্দশা এনেছে?

[14:29] Hell is their destiny, wherein they burn; what a miserable end!

[18:29] নরক হচ্ছে তাদের নিয়তি, যেখানে তারা দগ্ধ হয়; কি এক শোচনীয় পরিসমাপ্তি!

#### *Idol Worship: The Mother of All Evil* *অংশীদার উপাসনা: সকল মন্দের জননী*

[14:30] They set up rivals to rank with GOD and to divert others from His path. Say,

"Enjoy for awhile; your final destiny is Hell."

[18:30] তারা আল্লাহর সমপর্যায়ে স্থান দিতে এবং অন্যদেরকে তাঁর পথ থেকে বিচ্যুত করতে প্রতিদ্বন্দ্বীদের স্থাপন করে। বল, "ক্ষনিকের

জন্য উপভোগ করে নাও; তোমাদের চূড়ান্ত নিয়তি নরক।"

### Crucial Commandments

#### অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রত্যাদেশাবলি

[14:31] Exhort My servants who believed to observe the Contact Prayers (*Salat*), and to give (*to charity*) from our provisions to them, secretly and publicly, before a day comes where there is neither trade, nor nepotism.

[১৪:৩১] আমার বান্দাদের মধ্যে যারা বিশ্বাস করেছে তাদেরকে উদ্বুদ্ধ করো সংযোগ প্রার্থনা (*সালাত*) পালন করতে, এবং আমাদের দেয়া জীবিকা থেকে দিতে (*দান হিসেবে*), গোপনে ও প্রকাশ্যে, সে দিন আসার আগে যখন থাকবে না কোন বাণিজ্য, না কোন সজনপ্ৰীতি।

[14:32] GOD is the One who created the heavens and the earth, and He sends down from the sky water to produce all kinds of fruit for your sustenance. He has committed the ships to serve you on the sea in accordance with His command. He has committed the rivers as well to serve you.

[১৪:৩২] আল্লাহই সেই সত্তা যিনি আকাশমন্ডলী ও পৃথিবী সৃষ্টি করেছেন, এবং তোমাদের জীবিকার জন্য সকল প্রকার ফল উৎপন্ন করতে আকাশ থেকে পানি বর্ষণ করেন। তিনি জাহাজগুলোকে সমুদ্রে তোমাদের সেবায় নিয়োজিত করেছেন তাঁর আদেশ অনুসারে। তিনি নদীগুলোকেও একইভাবে তোমাদের সেবায় নিয়োজিত করেছেন।

[14:33] He has committed the sun and the moon in your service, continuously. He has committed the night and the day to serve you.

১৪:৩৩ তিনি সূর্য ও চাঁদকে তোমাদের সেবায় নিয়োজিত করেছেন, অনবরত। তিনি রাত ও দিনকে তোমাদের সেবায় নিয়োজিত করেছেন।

[14:34] And He gives you all kinds of things that you implore Him for. If you count GOD 's blessings, you can never encompass them. Indeed, the human being is transgressing, unappreciative.

১৪:৩৪ এবং তিনি তোমাদেরকে সব ধরণের জিনিস দেন যা কিছুর জন্য তোমরা তাঁর কাছে মিনতি করো। যদি তোমরা আল্লাহর অনুগ্রহ গননা করো, তোমরা কখনো সেগুলো বেষ্টন করতে পারবে না। প্রকৃতপক্ষে, মানবজাতি সীমালঙ্ঘনে রত, অকৃতজ্ঞ।

### Abraham

#### ইব্রাহিম

[14:35] Recall that Abraham said, "My Lord, make this a peaceful land, and protect me and my children from worshiping idols.

১৪:৩৫ স্মরণ করো যে ইব্রাহিম বলেছিল, "আমার প্রভু, একে একে শান্তিময় ভূমি করুন, এবং আমাকে ও আমার সন্তানদের অংশীদার উপাসনা থেকে রক্ষা করুন।

[14:36] "My Lord, they have misled so many people. As for those who follow me, they belong with me. As for those who disobey me, You are Forgiver, Most Merciful.

১৪:৩৬ "আমার প্রভু, তারা অনেক লোককে পথভ্রষ্ট করেছে। আর তাদের জন্য যারা আমাকে অনুসরণ করে, তারা আমার সাথে আছে। আর তাদের ক্ষেত্রে যারা আমাকে অমান্য করে, আপনি ক্ষমাকারী, পরম দয়ালু।

[14:37] "Our Lord, I have settled part of my family in this plantless valley, at Your Sacred House. Our Lord, they are to observe the Contact Prayers (*Salat*), so let throngs of people converge upon them, and provide for them all kinds of fruits, that they may be appreciative।

[১৪:৩৭] "আমাদের প্রভু, আমি আমার পরিবারের একাংশের জন্য বসতি স্থাপন করলাম এই তরুলতাহীন উপত্যকায়, তোমার পবিত্র ঘরে। আমাদের প্রভু, তারা যাতে সংযোগ প্রার্থনা (*সালাত*) পালন করে, তাই জনতাকে তাদের সাথে একত্রিত করুন, এবং তাদের জন্য সকল প্রকার ফল সরবরাহ করুন, যাতে তারা কৃতজ্ঞ হয়।

[14:38] "Our Lord, You know whatever we conceal and whatever we declare— nothing is hidden from **GOD** on earth, nor in the heavens.

[১৪:৩৮] "আমাদের প্রভু, আপনি জানেন যা কিছু আমরা গোপন করি এবং যা কিছু আমরা প্রকাশ করি- আল্লাহর কাছে কোন কিছু লুকানো নেই পৃথিবীতে, না আছে আকাশমন্ডলীতে।

[14:39] "Praise be to **GOD** for granting me, despite my old age, Ismail and Isaac. My Lord answers the prayers.

[১৪:৩৯] “প্রশংসা আল্লাহর আমাকে দেয়ার জন্য, আমার বৃদ্ধ বয়স সত্ত্বেও, ইসমাইল ও ইসহাককে। আমার প্রভু প্রার্থনার জবাব দেন।

*The Contact Prayers: Gift From God*  
সংযোগ প্রার্থনাঃ আল্লাহর পক্ষ থেকে উপহার

[14:40] "My Lord, make me one who consistently observes the Contact Prayers (*Salat*), and also my children. Our Lord, please answer my prayers.

[১৪:৪০] “আমার প্রভু, আমাকে এমন একজন করুন যে নিয়ম- মাসিক সংযোগ প্রার্থনা (*সালাত*) পালন করে, এবং আমার সন্তানদেরও। আমাদের প্রভু, দয়া করে আমাদের প্রার্থনার জবাব দিন।

[14:41] "My Lord, forgive me and my parents, and the believers, on the day when the reckoning takes place."

[১৪:৪১] “আমার প্রভু, ক্ষমা করুন আমাকে এবং আমার পিতা- মাতাকে, এবং বিশ্বাসীদের, ঐ দিনে যখন হিসাব নেয়া হয়।”

[14:42] Do not ever think that **GOD** is unaware of what the transgressors are doing. He only respites them until a day where the eyes stare in horror.

[১৪:৪২] কখনো ভেবো না যে সীমালঙ্ঘনকারীরা যা করছে আল্লাহ সে বিষয়ে অসচেতন। তিনি শুধু তাদের ঐ দিন পর্যন্ত অবকাশ দেন যেদিন চোখগুলো আতঙ্কে বিস্ফোরিত হয়।

[14:43] As they rush (*out of the graves*), their faces will be looking upward, their eyes will not even blink, and their minds will be horrified.

[১৪:৪৩] যখন তারা (*কবর থেকে*) দ্রুত বের হবে, তাদের মুখগুলো উপরের দিকে তাকানো থাকবে, এমনকি তাদের চোখের পলকও পড়বে না, এবং তাদের হৃদয় আতঙ্কিত হবে।

*God Sends His Commands*  
*Through His Messengers*

আল্লাহ তাঁর আদেশ  
বার্তাবাহকদের মাধ্যমে পাঠান

[14:44] You shall warn the people of the day when the retribution comes to them. Those who transgressed will say, "Our Lord, give us one more respite. We will then respond to

Your call and follow the messengers."Did you not swear in the past that you will last forever?

[১৪:৪৪] তুমি লোকদের ঐ দিনের বিষয়ে সতর্ক করবে যখন তাদের কাছে শাস্তি আসবে। যারা সীমালঙ্ঘন করেছে তারা বলবে, “আমাদের প্রভু, আমাদেরকে আর একবার অবকাশ দিন। তখন আমরা আপনার ডাকে সাঁড়া দিবো এবং বার্তাবাহকদের অনুসরণ করবো।” তোমরা কি অতীতে শপথ করে বলতে না যে তোমরা চিরকাল টিকে থাকবে?

[14:45] You dwelled in the homes of those before you, who wronged their souls, and you have seen clearly what we did to them. We have set many precedents for you.

[১৪:৪৫] তোমরা তোমাদের পূর্ববর্তীদের বাড়িতে বাস করত, যারা তাদের আত্মার ক্ষতি করেছিল, এবং তোমরা স্পষ্টই দেখেছ যা আমরা তাদের সাথে করেছিলাম। আমরা তোমাদের জন্য অনেক উদাহরণ স্থাপন করেছি।

[14:46] They schemed their schemes, and **GOD** is fully aware of their schemes. Indeed, their schemes were sufficient to erase mountains.

[১৪:৪৬] তারা তাদের চক্রান্ত করেছিল, এবং আল্লাহ তাদের চক্রান্ত সম্পর্কে পূর্ণ অবগত। প্রকৃতপক্ষে, তাদের চক্রান্ত পাহাড়গুলো মুছে দিতে যথেষ্ট ছিল।

*Guaranteed Victory for God's Messengers*  
আল্লাহর বার্তাবাহকদের জন্য নিশ্চিত বিজয়

[14:47] Do not think that **GOD** will ever break His promise to His messengers. **GOD** is Almighty, Avenger.

[১৪:৪৭] মনে করো না যে আল্লাহ কখনো তাঁর বার্তাবাহকদের সাথে করা অঙ্গীকার ভংগ করবেন। আল্লাহ সর্বশক্তিমান, প্রতিশোধ গ্রহনকারী।

*New Heavens and New Earth \**

নতুন আকাশমন্ডলী এবং নতুন পৃথিবী\*

[14:48] The day will come when this earth will be substituted with a new earth, and also the heavens, and everyone will be brought before **GOD**, the One, the Supreme.

[১৪:৪৮] ঐ দিন আসবে যখন এই পৃথিবীর জায়গায় এক নতুন পৃথিবী আনা হবে, এবং আকাশমন্ডলীও, এবং সকলকে আল্লাহর

সামনে উপস্থিত করা হবে, সেই একক সত্ত্বা,  
সর্বোচ্চ।

*\*14:48 This prophecy is also found in the Old Testament (Isaiah 65:17 & 66:22) and the New Testament: "What we await are new heavens and a new earth where, according to his promise, the justice of God will reside." (2 Peter 3:13).*

[14:49] And you will see the guilty on that day chained in shackles.

[১৪:৪৯] আর সেদিন তুমি অপরাধীদের দেখবে শিকলে বাঁধা।

[14:50] Their garments will be made of tar, and fire will overwhelm their faces.

[১৪:৫০] তাদের জামা আলকাতরায় তৈরী হবে, এবং আগুন তাদের মুখ আচ্ছন্ন করবে।

[14:51] For **GOD** will pay each soul for whatever it earned; **GOD** is the most efficient reckoner.

[১৪:৫১] কারণ আল্লাহ প্রত্যেক আত্মাকে শোধ করবেন যা তারা অর্জন করেছে; আল্লাহ সবচেয়ে দক্ষ হিসাব গ্রহনকারী।

[14:52] This is a proclamation for the people, to be warned herewith, and to let them know that He is only one god, and for those who possess intelligence to take heed.

[১৪:৫২] এটি লোকদের জন্য একটি ঘোষণাপত্র, এর দ্বারা সতর্ক করতে, এবং তাদেরকে জানাতে যে তিনিই একমাত্র উপাস্য, এবং যারা বুদ্ধিমত্তার অধিকারী তাদের মনোযোগ দেয়ার জন্য।

## Sura 15: Al-Hijr Valley (Al-Hijr)

[15:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

১৫/০ পরম করুণাময়, পরম দয়ালু আল্লাহর নামে।

[15:1] A.L.R.\* These (*letters*) are proofs of this scripture; a profound Quran.

১৫/১ অ, ল, র।\* এই (*অক্ষর গুলো*) এই ঐশীগ্রন্থের প্রমান; এক জ্ঞানগর্ভ কোরআন।

*\*15:1 & \*15:9 The divine source and the perfect preservation of the Quran are proven by the Quran's mathematical code (App. 1). God's Messenger of the Covenant was destined to unveil this great miracle. The word "Dhikr" denotes the Quran's code in several verses (15:6, 21:2, 26:5, 38:1, 38:8, 74:31). The value of "Rashad Khalifa" (1230)+15+9=1254, 19x66.*

[15:2] Certainly, those who disbelieved will wish they were submitters.

১৫/২ নিশ্চয়, যারা অবিশ্বাস করতো তারা আকাঙ্ক্ষা করবে যে যদি তারা আত্মসমর্পণকারী হতো।

[15:3] Let them eat, enjoy, and remain blinded by wishful thinking; they will find out.

১৫/৩ তাদেরকে খেতে, আনন্দ করতে এবং ইচ্ছেমতো চিন্তায় অন্ধ থাকতে দাও; তারা দেখতে পাবে।

[15:4] We never annihilated any community, except in accordance with a specific, predetermined time.

১৫/৪ আমরা কখনও কোন সম্প্রদায়কে ধ্বংস করি না, একটি নির্দিষ্ট, পূর্বনির্ধারিত সময় অনুসারে ছাড়া।

[15:5] The end of any community can never be advanced, nor delayed.

১৫/৫ কোন সম্প্রদায়ের সমাপ্তি না কখনো এগোতে পারে, না পেছাতে পারে।

[15:6] They said, "O you who received this reminder, you are crazy.

১৫/৬ তারা বলল, "হে তুমি যে এই সতর্কবানী পেয়েছ, তুমি পাগল"।

[15:7] "Why do you not bring down the angels, if you are truthful?"

১৫/৭ "কেন তুমি ফেরেশতাদের নামিয়ে আনো না, যদি তুমি সত্যবাদী হও?"

[15:8] We do not send down the angels except for specific functions. Otherwise, no one will be respited.

১৫/৮ আমরা সুনির্দিষ্ট কাজ ছাড়া ফেরেশতাদের অবতরণ করাই না। অন্যথায়, কেউই রেহাই পাবে না।

*God's Messenger of the Covenant \**

*আল্লাহর অঙ্গীকারকৃত বার্তাবাহক\**

[15:9] Absolutely, we have revealed the reminder, and, absolutely, we will preserve it.\*

১৫/৯ নিসন্দেহে, আমরা এই সতর্কবাণী প্রকাশ করেছি, এবং, নিসন্দেহে, আমরা একে সংরক্ষণ করবো।\*

*\*15:1 & \*15:9 The divine source and the perfect preservation of the Quran are proven by the Quran's mathematical code (App. 1). God's Messenger of the Covenant was destined to unveil this great miracle. The word "Dhikr" denotes the Quran's code in several verses (15:6, 21:2, 26:5, 38:1, 38:8, 74:31). The value of "Rashad Khalifa" (1230)+15+9=1254, 19x66.*

[15:10] We have sent (*messengers*) before you to the communities in the past.

১৫/১০ আমরা তোমার আগে অতীতের সম্প্রদায়ের কাছে (*বার্তাবাহকদের*) পাঠিয়েছি।

[15:11] Every time a messenger went to them, they ridiculed him.

১৫/১১ প্রতিবার যখন একজন বার্তাবাহক তাদের কাছে গিয়েছিলো, তারা তাকে উপহাস করেছিল।

[15:12] We thus control the minds of the guilty.

১৫/১২ আমরা এভাবে অপরাধীদের মনকে নিয়ন্ত্রণ করি।

[15:13] Consequently, they cannot believe in him. This has been the system since the past generations.

১৫/১৩ ফলস্বরূপ, তারা তাকে বিশ্বাস করতে পারে না। অতীত প্রজন্মদের থেকে এই রীতিই চলে আসছে।

[15:14] Even if we opened for them a gate into the sky, through which they climb;

১৫/১৩ এমনকি আমরা যদি তাদের জন্য আকাশে কোন দরজা খুলে দেই, যা দিয়ে তারা আরোহণ করে;

[15:15] they will say, "Our eyes have been deceived. We have been bewitched."

১৫/১৫ তারা বলবে, “আমাদের চোখকে ধোঁকা দেয়া হয়েছে। আমরা জাদুগ্রস্থ হয়ে পড়েছি”।

[15:16] We placed galaxies in the sky, and adorned it for the beholders.

১৫/১৬ আমরা আকাশে নক্ষত্রপুঞ্জ স্থাপন করেছি, এবং দর্শকদের জন্য একে সুসজ্জিত করেছি।

[15:17] And we guarded it against every rejected devil.

১৫/১৭ এবং আমরা প্রত্যেক বিতাড়িত শয়তান থেকে একে সুরক্ষিত করেছি।

[15:18] If any of them sneaks around to listen, a mighty projectile will chase him.

১৫/১৮ যদি তাদের কেউ শোনার জন্য চুপিসারে ঘুরে বেড়ায়, একটি শক্তিশালী ক্ষেপণাস্ত্র তার পিছু ধাওয়া করবে।

[15:19] As for the earth, we constructed it, and placed on it stabilizers (mountains), and we grew on it a perfect balance of everything.

১৫/১৯ পৃথিবীর বিষয়ে, আমরা একে নির্মাণ করেছি, এবং এর উপর ভারসাম্যরক্ষাকারী (পর্বতমালা) রেখেছি এবং আমরা এর উপর দিয়েছি প্রত্যেক জিনিসের এক নিখুঁত ভারসাম্য।

[15:20] We made it habitable for you,\* and for creatures you do not provide for.

১৫/২০ আমরা একে বানিয়েছি বাসযোগ্য তোমাদের জন্য, এবং জীবদের জন্য তোমরা যাদের জীবিকা দাও না।

*\*15:20 When we send astronauts into space, we provide them with precisely measured quantities of food, water, and oxygen. God created the spaceship Earth with billions of astronauts who work and reproduce; He supplied them with a self-supporting system that generates oxygen, fresh water, and a great variety of delicious foods and drinks.*

[15:21] There is nothing that we do not own infinite amounts thereof. But we send it down in precise measure.

১৫/২১ সেখানে কোন কিছুই নেই যার সীমাহীন পরিমানের মালিক আমরা মালিক নই। কিন্তু আমরা তা সুনির্দিষ্ট পরিমাণে অবতীর্ণ করি।

[15:22] And we send the winds as pollinators, and cause water to come down from the sky for you to drink. Otherwise, you could not keep it palatable.

১৫/২২ এবং আমরা বাতাস পাঠাই পরাগায়নকারী হিসেবে, এবং তোমাদের পান করার জন্য আকাশ থেকে পানি বর্ষনের ব্যবস্থা করি। অন্যথায়, তোমরা একে সুস্বাদু রাখতে পারতে না।

[15:23] It is we who control life and death, and we are the ultimate inheritors.

১৫/২৩ আমরাই জীবন ও মৃত্যু নিয়ন্ত্রণ করি, এবং আমরাই চূড়ান্ত উত্তরাধিকারী।

[15:24] And we fully know those among you who advance, and we fully know those who regress.

১৫/২৪ এবং আমরা তোমাদের মধ্যে তাদেরকে পূর্ণরূপে জানি যারা অগ্রগামী হয়, এবং আমরা তাদেরকে পূর্ণরূপে জানি যারা পশ্চাৎগামী হয়।

[15:25] Your Lord will surely summon them. He is Most Wise, Omniscient.

১৫/২৫ তোমার প্রভু অবশ্যই তাদের ডেকে পাঠাবেন। তিনি পরম প্রজ্ঞাবান, সর্বজ্ঞ।

[15:26] We created the human being from aged mud, like the potter's clay.

১৫/২৬ আমরা মানবজাতিকে সৃষ্টি করেছি পুরনো কাঁদা থেকে, কুমোরের মাটির মতো।

[15:27] As for the jinns, we created them, before that, from blazing fire.

১৫/২৭ জীনদের ক্ষেত্রে, আমরা তাদের সৃষ্টি করেছি, এর আগে, জলন্ত আগুন থেকে।

[15:28] Your Lord said to the angels, "I am creating a human being from aged mud, like the potter's clay.

১৫/২৮ তোমার প্রভু ফেরেশতাদের বললেন, “আমি একজন মানুষ সৃষ্টি করছি পুরানো কাঁদা থেকে, কুমোরের মাটির মতো।

[15:29] "Once I perfect him, and blow into him from My spirit, you shall fall prostrate before him."

১৫/২৯ “একবার আমি তাকে সম্পূর্ণ করার পর, এবং তার মধ্যে আমার আত্মা থেকে ফুঁকে দেবার পর, তোমরা তার সামনে সেজদাবনত হবে”।

[15:30] The angels fell prostrate; all of them, ১৫/৩০ ফেরেশতারা সেজদাবনত হল; তাদের সকলে,

[15:31] except Iblis (*Satan*). He refused to be with the prostrators.

১৫/৩১ ইবলিস (*শয়তান*) ছাড়া। সে সেজদাকারীদের সাথে থাকতে অস্বীকার করলো।

[15:32] He said, "O Iblis (*Satan*), why are you not with the prostrators?"

১৫/৩২ তিনি বললেন, “হে ইবলিস (*শয়তান*), তুমি সেজদাকারীদের সাথে নেই কেন?”

[15:33] [He said, "I am not to prostrate before a human being, whom You created from aged mud, like the potter's clay".

১৫/৩৩ সে বলল, “আমি কোন মানুষকে সেজদা করবো না, যাকে আপনি সৃষ্টি করেছেন পুরানো কাঁদা থেকে, কুমোরের মাটির মতো”।

[15:34] He said, "Therefore, you must get out; you are banished.

১৫/৩৪ তিনি বললেন, “সেজন্য, তুমি অবশ্যই বেরিয়ে যাবে; তুমি নির্বাসিত।

[15:35] "You have incurred My condemnation until the Day of Judgment."

১৫/৩৫ “তুমি বিচার দিন পর্যন্ত আমার অভিশাপ অর্জন করেছ”।

[15:36] He said, "My Lord, respite me until the day they are resurrected."

১৫/৩৬ সে বলল, “আমার প্রভু, তাদের পুনরুত্থানের দিন অবধি আমাকে অবকাশ দিন”।

[15:37] He said, "You are respited.

১৫/৩৭ তিনি বললেন, “তোমাকে অবকাশ দেয়া হল”।

[15:38] "Until the specified day and time."

১৫/৩৮ “নির্দিষ্ট দিন এবং সময় পর্যন্ত”।

[15:39] He said, "My Lord, since You have willed that I go astray, I will surely entice them on earth; I will send them all astray.

১৫/৩৯ সে বলল, “আমার প্রভু, যেহেতু আপনি ইচ্ছা করেছেন যে আমি বিপথে যাই, আমি অবশ্যই পৃথিবীতে তাদেরকে প্রলুব্ধ করবো; আমি তাদের সকলকে বিপথে পাঠাবো।

[15:40] "Except those among Your worshipers who are devoted absolutely to You alone."

১৫/৪০ “শুধু আপনার উপাসনাকারীদের মধ্যে তাদের ছাড়া যারা সম্পূর্ণরূপে একমাত্র আপনার প্রতি উৎসর্গকৃত।

[15:41] He said, "This is a law that is inviolable

১৫/৪১ তিনি বললেন, “এটি একটি আইন যা অলঙ্ঘনীয়

[15:42] "You have no power over My servants. You only have power over the strayers who follow you.

১৫/৪২ আমার বান্দাদের উপর তোমার কোন ক্ষমতা নেই। তোমার ক্ষমতা আছে শুধু পথভ্রষ্টদের উপর যারা তোমাকে অনুসরণ করে।

[15:43] "And Hell awaits them all.

১৫/৪৩ “এবং নরক তাদের সকলের জন্য অপেক্ষা করছে।

[15:44] "It will have seven gates. Each gate will get a specific share of them."

১৫/৪৪ “এর সাতটি দরজা হবে। প্রত্যেক দরজা তাদের একটি নির্দিষ্ট অংশ পাবে”।

[15:45] As for the righteous, they will enjoy gardens and springs.

১৫/৪৫ সৎকর্মীদের ক্ষেত্রে, তারা বাগান এবং বার্না উপভোগ করবে।

[15:46] Enter therein, peaceful and secure.

১৫/৪৬ তাতে প্রবেশ করো, শান্তিময় এবং নিরাপদ।

[15:47] We remove all jealousy from their hearts. Like one family, they will be on adjacent furnishings.

১৫/৪৭ আমরা তাদের হৃদয় থেকে সকল হিংসা দূর করবো। তারা নিকটবর্তী আসবাবপথ ও সাজসরঞ্জামের মাঝে থাকবে, একটি পরিবারের মতো।

[15:48] Never will they suffer any fatigue therein; never will they be evicted therefrom.

১৫/৪৮ সেখানে তারা কখনো ক্লান্তি বোধ করবে না; সেখান থেকে কখনো তারা বিতাড়িত হবে না।

[15:49] Inform My servants that I am the Forgiver, Most Merciful.

১৫/৪৯ আমার বান্দাদের জানাও যে আমি ক্ষমাকারী, পরম দয়ালু।

[15:50] And that My retribution is the most painful retribution.

১৫/৫০ এবং যে আমার শাস্তি সবথেকে যন্ত্রণাদায়ক শাস্তি।

*Angels Visit Abraham*

*ফেরেশতারা ইব্রাহীমের সাথে সাক্ষাৎ করলো*

[15:51] Inform them about Abraham's guests.

১৫/৫১ তাদেরকে ইব্রাহীমের অতিথিদের বিষয়ে জানাও।

[15:52] When they entered his quarters, they said, "Peace." He said, "We are apprehensive about you."

১৫/৫২ যখন তারা তার বাসায় প্রবেশ করলো, তারা বলল, “শান্তি”। সে বলল, “আমরা তোমাদের ব্যাপারে শঙ্কিত”।

[15:53] They said, "Do not be apprehensive. We have good news for you: an enlightened son."

১৫/৫৩ তারা বলল, “শঙ্কিত হয়ো না। আমরা তোমার জন্য সুসংবাদ এনেছিঃ এক জ্ঞানদিশু পুত্রের”।

[15:54] He said, "How can you give me such good news, when I am so old? Do you still give me this good news?"

১৫/৫৪ সে বলল, “কিভাবে তোমরা আমাকে এমন সুসংবাদ দিতে পারো, যখন আমি এতো বৃদ্ধ? এরপরও কি তোমরা আমাকে এই সুসংবাদ দাও?”

[15:55] They said, "The good news we give you is true; do not despair."

১৫/৫৫ তারা বলল, “যে সুসংবাদ আমরা তোমাকে দেই তা সত্য; হতাশ হয়ো না”।

[15:56] He said, "None despairs of his Lord's mercy, except the strayers."

১৫/৫৬ সে বলল, “কেউ তার প্রভুর দয়া থেকে হতাশ হয় না, পথভ্রষ্টরা ছাড়া”।

[15:57] He said, "What is your mission, O messengers?"

১৫/৫৭ সে বলল, “তোমাদের পাঠানোর উদ্দেশ্য কি, হে বার্তাবাহকগণ?”

[15:58] They said, "We are being dispatched to guilty people."

১৫/৫৮ তারা বলল, “আমাদেরকে পাঠানো হয় অপরাধী লোকদের নিকট।

[15:59] "As for Lot's family, we will save them all."

১৫/৫৯ “লুতের পরিবারের ক্ষেত্রে, আমরা তাদের সকলকে রক্ষা করবো”।

[15:60] "But not his wife; she is destined to be with the doomed."

১৫/৬০ “কিন্তু তার স্ত্রীকে নয়; সে দণ্ডপ্রাপ্তদের সাথে থাকার জন্য নিয়তিপ্রাপ্ত”।

*Lot*



লুত

[15:61] The messengers went to Lot's town.

১৫/৬১ বার্তাবাহকেরা লুতের শহরে গেল।

[15:62] He said, "You are unknown people."

১৫/৬২ সে বলল, “তোমরা অপরিচিত লোক”।

[15:63] They said, "We bring to you what they have been doubting.

১৫/৬৩ তারা বলল, “আমরা তোমার কাছে এনেছি যাতে তারা সন্দেহ করছে।

[15:64] "We bring to you the truth; we are truthful.

১৫/৬৪ “আমরা তোমার কাছে সত্য আনি, আমরা সত্যবাদী।

[15:65] "You shall take your family during the night. Stay behind them, and make sure that none of you looks back. Go straight as commanded."

১৫/৬৫ “রাতে তুমি তোমার পরিবারকে সঙ্গে নিবে। তাদের পেছনে থেকে, এবং নিশ্চিত করো যে তোমাদের কেউ যেন পেছনে না তাকায়। সোজা চলে যাও যেভাবে আদেশ করা হয়েছে”।

[15:66] We delivered to him this command: those people are to be annihilated in the morning.

১৫/৬৬ আমরা তার কাছে এই হুকুম পৌঁছালামঃ ঐ লোকেরা সকালে ধ্বংস হবে।

[15:67] The people of the city came joyfully.

১৫/৬৭ শহরের লোকেরা আনন্দ করতে করতে আসলো।

[15:68] He said, "These are my guests; do not embarrass me.

১৫/৬৮ সে বলল, “এরা আমার অতিথি; আমাকে বিব্রত করো না”

[15:69] "Fear GOD, and do not shame me."

১৫/৬৯ “আল্লাহকে ভয় করো, এবং আমাকে লজ্জিত করো না”।

[15:70] They said, "Did we not enjoin you from contacting anyone?"

১৫/৭০ তারা বলল, “তোমাকে কি আমরা কারো সাথে যোগাযোগ করতে নিষেধ করিনি?”

[15:71] He said, "Here are my daughters, if you must."

১৫/৭১ সে বলল, “এখানে আছে আমার কন্যারা, যদি তোমাদের দরকারই হয়”।

[15:72] But, alas, they were totally blinded by their lust.

১৫/৭২ কিন্তু, হয়, তারা তাদের কাম লালসায় সম্পূর্ণ অন্ধ ছিল।

[15:73] Consequently, the disaster struck them in the morning.

১৫/৭৩ ফলস্বরূপ, সকালে দুর্যোগ তাদের আঘাত করলো।

[15:74] We turned it upside down, and showered them with devastating rocks.

১৫/৭৪ আমরা একে উল্টে দিলাম, এবং তাদের উপর ধ্বংসাত্মক পাথর বর্ষণ করলাম।

[15:75] This is a lesson for those who possess intelligence.

১৫/৭৫ এটা তাদের জন্য একটি শিক্ষা যারা বুদ্ধিমত্তার অধিকারী।

[15:76] This will always be the system.

১৫/৭৬ এটাই হবে সবসময়কার রীতি।

[15:77] This is a sign for the believers.

১৫/৭৭ এটা বিশ্বাসীদের জন্য একটা নিদর্শন।

[15:78] The people of the woods also were transgressors.

১৫/৭৮ বনের অধিবাসীরাও সীমালঙ্ঘনকারী ছিল।

[15:79] Consequently, we avenged from them, and both communities are fully documented.

১৫/৭৯ ফলস্বরূপ, আমরা তাদের থেকে প্রতিশোধ নিলাম, এবং উভয় জনপদ সম্পূর্ণভাবে নথিভুক্ত।

[15:80] The people of Al-Hijr disbelieved the messengers.

১৫/৮০ আল-হিজরের লোকেরা বার্তাবাহকদের অবিশ্বাস করেছিল।

[15:81] We gave them our revelations, but they disregarded them.

১৫/৮১ আমরা তাদেরকে আমাদের প্রকাশনাবলি দিয়েছিলাম, কিন্তু তারা সেগুলো উপেক্ষা করেছে।

[15:82] They used to carve secure homes out of the mountains.

১৫/৮২ তারা পাহাড়ে নিরাপদ ঘর খোদাই করতো।

[15:83] The disaster hit them in the morning.  
১৫/৮৩ সকালে দুর্ভোগ তাদের আঘাত করলো।

[15:84] What they hoarded did not help them.  
১৫/৮৪ যা তারা জমা করেছিল তা তাদের সাহায্য করেনি।

*End of the World  
Unveiled\**  
বিশ্বের পরিসমাপ্তির  
উন্মোচন

[15:85] We did not create the heavens and the earth, and everything between them, except for a specific purpose. The end of the world will come, so treat them with benign neglect.

১৫/৮৫ আমরা আকাশমন্ডলী ও পৃথিবী, এবং এদের মাঝের সবকিছু একটি সুনির্দিষ্ট উদ্দেশ্য ছাড়া সৃষ্টি করিনি। বিশ্বের পরিসমাপ্তি আসবে, সুতরাং তাদের সাথে সদয় উপেক্ষার আচরণ করো।

*\*15:85-88 One of the functions of God's Messenger of the Covenant is to deliver the Quranic assertion that the world will end in AD 2280 (20:15, 72:27 & Appendix 25).*

[15:86] Your Lord is the Creator, the Omniscient.

১৫/৮৬ তোমার প্রভুই সৃষ্টিকর্তা, সর্বজ্ঞ।

[15:87] We have given you the seven pairs, and the great Quran.

১৫/৮৭ আমরা তোমাকে দিয়েছি সাত জোড়া, এবং মহান কোরআন।

[15:88] Do not be jealous of what we bestowed upon the other (messengers), and do not be saddened (by the disbelievers), and lower your wing for the believers.

১৫/৮৮ অন্য (বার্তাবাহকদের) উপর আমরা যা অর্পণ করেছি তাতে ঈর্ষান্বিত হয়ো না, এবং (অবিশ্বাসীদের কারণে) দুঃখিত হয়ো না, এবং বিশ্বাসীদের প্রতি সদয় হও।

[15:89] And proclaim: "I am the manifest warner."

১৫/৮৯ এবং ঘোষণা করো, “আমি স্পষ্ট সতর্ককারী”।

[15:90] We will deal with the dividers.

১৫/৯০ বিভক্তকারীদের সাথে আমি বোঝাপড়া করবো।

[15:91] They accept the Quran only partially.

১৫/৯১ তারা কোরআনকে শুধু আংশিকভাবে গ্রহণ করে।

[15:92] By your Lord, we will question them all,

১৫/৯২ তোমার প্রভুর শপথ, আমরা তাদের সবাইকে প্রশ্ন করবো,

[15:93] about everything they have done.

১৫/৯৩ সবকিছু সম্পর্কে যা তারা করেছে।

[15:94] Therefore, carry out the orders given to you, and disregard the idol worshipers.

১৫/৯৪ সুতরাং, তোমাকে দেয়া হুকুমগুলো পালন করো, এবং অংশীদার উপাসকদের উপেক্ষা করো।

[15:95] We will spare you the mockers,

১৫/৯৫ আমরা উপহাসকারীদের থেকে তোমাকে নিষ্কৃতি দেব,

[15:96] who set up another god beside GOD.

They will surely find out.

১৫/৯৬ যারা আল্লাহর পাশে অন্য উপাস্য স্থাপন করে, অবশ্যই তারা দেখতে পাবে।

[15:97] We know full well that you may be annoyed by their utterances.

১৫/৯৭ আমরা খুব ভালোভাবে জানি যে তুমি  
হয়তো তাদের কথায় বিরক্ত হও।

[15:98] You shall sing the praises of your  
Lord, and be with the prostrators.

১৫/৯৮ তুমি তোমার প্রভুর গুণ কীর্তন করবে,  
এবং সেজদাকারীদের সাথে থাকবে।

[15:99] And worship your Lord, in order to  
attain certainty.\*

১৫/৯৯ এবং তোমার প্রভুর উপাসনা করো,  
নিশ্চয়তা অর্জন করার জন্য।

*\*15:99 The practices of worship are our  
means of attaining certainty (Appendix 15).*

## Sura 16: The Bee (Al-Nahl)

[16:0] In the Name of God, Most Gracious, Most Merciful

[16:1] GOD's command has already been issued (*and everything has already been written*), so do not rush it.\* Be He glorified; the Most High, far above any idols they set up.

১৬/১ আল্লাহর হুকুম এরই মধ্যে এসে গেছে (এবং সবকিছু এরই মধ্যে লেখা হয়ে গেছে), তাই এতে তাড়াহুড়া করো না। মহিমা তাঁরই; সর্বোচ্চ, তাদের স্থাপন করা যেকোন অংশীদার থেকে অনেক উর্ধ্ব।

\*16:1 Everything is already recorded (57:22). See also Appendix 14.

[16:2] He sends down the angels with the revelations, carrying His commands, to whomever He chooses from among His servants: "You shall preach that there is no other god beside Me; You shall reverence Me."

১৬/২ তিনি প্রকাশনাবলী দিয়ে ফেরেশতাদের অবতরণ করান, তাঁর হুকুম বহন করে, তার প্রতি যাকে তিনি পছন্দ করেন তাঁর বান্দাদের মধ্য থেকে: “তোমরা প্রচার করবে যে, কোন উপাস্য নাই আমার পাশে; তোমরা আমাকে ভক্তি করবে”।

[16:3] He created the heavens and the earth for a specific purpose. He is much too High, far above any idols they set up.

১৬/৩ তিনি আকাশমন্ডলী এবং পৃথিবী একটি সুনির্দিষ্ট উদ্দেশ্যে সৃষ্টি করেছেন। তিনি অনেক অনেক উর্ধ্ব, তাদের স্থাপিত কোন অংশীদার থেকে অনেক উপরে।

[16:4] He created the human from a tiny drop, then he turns into an ardent opponent.

১৬/৪ তিনি মানুষকে অতিক্ষুদ্র এক ফোঁটা থেকে সৃষ্টি করেছেন, এরপর সে এক প্রকাশ্য প্রতিপক্ষে পরিণত হয়।

[16:5] And He created the livestock for you, to provide you with warmth, and many other benefits, as well as food.

১৬/৫ এবং তিনি তোমাদের জন্য গবাদি পশু সৃষ্টি করেছেন, তোমাদের জন্য উষ্ণতা জোগাতে, এবং আরও অনেক উপকারিতা, সেইসাথে খাদ্য।

[16:6] They also provide you with luxury during your leisure, and when you travel.

১৬/৬ এছাড়াও এগুলো বিলাস দ্রব্যের যোগান দেয় তোমাদের অবসর সময়ে, এবং যখন তোমরা ভ্রমণ করো।

*God's Blessings*  
*আল্লাহর আশীর্বাদ*

[16:7] And they carry your loads to lands that you could not reach without a great hardship. Surely, your Lord is Compassionate, Most Merciful.

১৬/৭ এবং তারা তোমাদের বোঝা এমন জায়গায় বহন করে নিয়ে যায় যেখানে তোমরা অনেক কষ্ট ব্যতীত পৌঁছতে পারতে না। নিশ্চয়, তোমার প্রভু দয়ালব, পরম করুণাময়।

[16:8] And (*He created*) the horses, the mules, and the donkeys for you to ride, and for luxury. Additionally, He creates what you do not know.

১৬/৮ এবং (তিনি সৃষ্টি করেছেন) ঘোড়া, খচ্চর, এবং গাধা তোমাদের আরহনের জন্য, এবং বিলাসিতার জন্য। উপরন্তু, তিনি সৃষ্টি করেন যা তোমরা জানো না।

[16:9] GOD points out the paths, including the wrong ones. If He willed, He could have guided all of you.

১৬/৯ আল্লাহ পথসমূহ প্রদর্শন করেন, ভুলটিও। তিনি চাইলে, তোমাদের সকলকে সুপথপ্রাপ্ত করতে পারতেন।

[16:10] He sends down from the sky water for your drink, and to grow trees for your benefit.

১৬/১০ তিনি আকাশ থেকে পানি বর্ষণ করেন তোমাদের পান করার জন্য, এবং তোমাদের উপকারের জন্য গাছ জন্মাতো।

[16:11] With it, He grows for you crops, olives, date palms, grapes, and all kinds of

fruits. This is (sufficient) proof for people who think.

১৬/১১ তা দিয়ে, তিনি তোমাদের জন্য উৎপাদন করেন শস্য, জলপাই, খেজুর গাছ, আঙ্গুর, এবং সকল প্রকার ফল। এটাই(যথেষ্ট) প্রমাণ লোকদের জন্য যারা চিন্তা করে।

[16:12] And He commits, in your service, the night and the day, as well as the sun and the moon. Also, the stars are committed by His command. These are (sufficient) proofs for people who understand.

১৬/১২ এবং তিনি নিয়োজিত করেন, তোমাদের সেবায়, দিন ও রাত্রি, সেই সাথে সূর্য ও চাঁদকে। তারকারাজীও নিয়োজিত রয়েছে তাঁর হুকুমে। এগুলো (যথেষ্ট) প্রমাণ লোকদের জন্য যারা বুঝে।

[16:13] And (He created) for you on earth things of various colors. This is a (sufficient) proof for people who take heed.

১৬/১৩ এবং পৃথিবীতে তোমাদের জন্য (তিনি সৃষ্টি করেছেন) বিভিন্ন রঙের জিনিস। এটা (যথেষ্ট) প্রমাণ লোকদের জন্য যারা মনোযোগ দেয়।

[16:14] And He committed the sea to serve you; you eat from it tender meat, and extract jewelry which you wear. And you see the ships roaming it for your commercial benefits, as you seek His bounties, that you may be appreciative.

১৬/১৪ এবং তিনি সমুদ্রকে নিয়োজিত করেছেন তোমাদের সেবায়; তোমরা এর থেকে নরম মাংস খাও এবং আহরণ করো অলঙ্কার যা তোমরা পরো। এবং তুমি জাহাজগুলোকে দেখো এতে বিচরণ করতে তোমাদের বাণিজ্যিক লাভের জন্য, যখন তোমরা তাঁর অনুগ্রহ অন্বেষণ করো, যাতে তোমরা কৃতজ্ঞ হতে পারো।

[16:15] And He placed stabilizers (mountains) on earth, lest it tumbles with you, as well as rivers and roads, that you may be guided.

১৬/১৫ এবং তিনি পৃথিবীতে ভারসাম্যকারী (পর্বত) স্থাপন করেছেন, পাছে এটি তোমাদের

নিয়ে উলটে পড়ে, সেই সাথে নদী এবং রাস্তা, যাতে তোমরা সুপথপ্রাপ্ত হও।

[16:16] And landmarks, as well as the stars; to be used for navigation.

১৬/১৬ এবং স্থান নির্দেশক, সেই সাথে তারকারাজী; যান চালনায় ব্যবহারের জন্য।

[16:17] Is One who creates like one who does not create? Would you now take heed?

১৬/১৭ যে সত্ত্বা সৃষ্টি করেন তিনি কি তার মতো যে সৃষ্টি করে না? এখন কি তোমরা মনোযোগ দেবে?

[16:18] If you count GOD's blessings, you cannot possibly encompass them. GOD is Forgiver, Most Merciful.

১৬/১৮ যদি তুমি আল্লাহর অনুগ্রহ গণনা করো, তুমি কখনো তা পরিবেষ্টন করতে পারবে না। আল্লাহ ক্ষমাকারী, পরম দয়ালু।

[16:19] And GOD knows whatever you conceal and whatever you declare.

১৬/১৯ এবং আল্লাহ জানেন যাকিছু তোমরা গোপন করো এবং যাকিছু তোমরা প্রকাশ করো।

*The Dead Prophets and Saints*  
মৃত নবীরা এবং ঋষিরা

[16:20] As for the idols they set up beside GOD, they do not create anything; they themselves were created.

১৬/২০ আর আল্লাহর পাশে তাদের স্থাপন করা অংশীদারদের ব্যাপারে, তারা কোন কিছু সৃষ্টি করে না; তারা নিজেরাই সৃজিত।

[16:21] They are dead, not alive, and they have no idea how or when they will be resurrected.

১৬/২১ তারা মৃত, জীবিত নয়, এবং তাদের কোন ধারণা নেই কিভাবে বা কখন তারা পুনরুত্থিত হবে।

[16:22] Your god is one god. As for those who do not believe in the Hereafter, their hearts are denying, and they are arrogant.

১৬/২২ তোমাদের উপাস্য একমাত্র উপাস্য। তাদের ক্ষেত্রে যারা পরকালে বিশ্বাস করে না, তাদের হৃদয় অস্বীকার করছে, এবং তারা উদ্ধত।

[16:23] Absolutely, GOD knows everything they conceal and everything they declare. He does not love those who are arrogant.

১৬/২৩ সম্পূর্ণরূপে, আল্লাহ জানেন সবকিছু যা তারা গোপন করে এবং সবকিছু যা তারা প্রকাশ করে। তিনি তাদের ভালোবাসেন না যারা উদ্ধত।

[16:24] When they are asked, "What do you think of these revelations from your Lord," they say, "Tales from the past."

১৬/২৪ যখন তাদের জিজ্ঞেস করা হয়, "তোমাদের প্রভুর পক্ষ থেকে এই প্রকাশনাবলির ব্যাপারে তোমরা কি মনে করো," তারা বলে, "অতীতের কল্প-কাহিনী"।

[16:25] They will be held responsible for their sins on the Day of Resurrection, all of them, in addition to sins of all those whom they misled by their ignorance. What a miserable load!

১৬/২৫ পুনরুত্থান দিনে তাদেরকে দায়ী করা হবে তাদের পাপের জন্য, তাদের সকলকে, সেই সাথে ওদের সকলের পাপের জন্য তারা যাদেরকে পথভ্রষ্ট করেছে তাদের অজ্ঞতার দ্বারা। কি এক শোচনীয় বোঝা!

[16:26] Others like them have schemed in the past, and consequently, GOD destroyed their building at the foundation, causing the roof to fall on them. The retribution struck them when they least expected.

১৬/২৬ তাদের মতো অন্যান্যরাও অতীতে চক্রান্ত করেছে, এবং ফলস্বরূপ, আল্লাহ তাদের ইমারতের ভিত্তি ধ্বংস করেছিলেন, তাদের উপর ছাদ পতিত করে। শাস্তি তাদের আঘাত করেছিল যখন তারা খুব কমই প্রত্যাশা করেছিল।

[16:27] Then, on the Day of Resurrection, He will disgrace them and ask, "Where are My partners that you had set up beside Me, and had opposed Me for their sake?" Those blessed

with knowledge will say, "Today, the shame and misery have befallen the disbelievers."

১৬/২৭ এরপর, পুনরুত্থান দিনে, তিনি তাদের লাঞ্ছিত করবেন এবং জিজ্ঞেস করবেন, "কোথায় আমার শরিক-উপাস্যরা যাদেরকে তোমরা আমার পাশে স্থাপন করেছিলে, এবং তাদের কারণে আমার বিরোধিতা করেছিলে?" যারা জ্ঞান পেয়ে সৌভাগ্যশালী হয়েছিল তারা বলবে, "আজকে, লজ্জা ও দুর্দশা অবিশ্বাসীদের উপর পড়েছে"।

*Death for  
the Disbelievers  
অবিশ্বাসীর  
মৃত্যু*

[16:28] The angels put them to death in a state of wronging their souls. That is when they finally submit, and say, "We did not do anything wrong!" Yes indeed. GOD is fully aware of everything you have done.

১৬/২৮ তাদের আত্মার ক্ষতি করা অবস্থায় ফেরেশতারা তাদের মৃত্যু ঘটায়। ঠিক তখনই তারা অবশেষে আত্মসমর্পণ করে, এবং বলে, "আমরা কোন অন্যায় করিনি।" হ্যাঁ নিশ্চয়। আল্লাহ সবকিছুর ব্যাপারে সম্পূর্ণ অবগত যা তোমরা করেছ।

[16:29] Therefore, enter the gates of Hell, wherein you abide forever. What a destiny for the arrogant ones.

১৬/২৯ অতএব, নরকের দরজা দিয়ে প্রবেশ করো, যেখানে তোমরা চিরকাল বাস করো। উদ্ধতদের জন্য কি এক শোচনীয় নিয়তি।

*The Believers Do Not Really Die \**  
*বিশ্বাসীরা আসলে মরে না\**

[16:30] As for the righteous, when they are asked, "What do you think of these revelations from your Lord," they say, "Good." For those who lead a righteous life, happiness, and the abode of the Hereafter is even better. What a blissful abode for the righteous.

১৬/৩০ সৎ-কর্মীদের ক্ষেত্রে, যখন তাদের জিজ্ঞেস করা হয়, "তোমাদের প্রভুর পক্ষ

থেকে এই প্রকাশনাবলির ব্যাপারে কি মনে  
করো, "তারা বলে, "ভাল"। যারা সৎ জীবন-  
যাপন করে তাদের জন্য, সুখ, এবং  
পরকালের গৃহ আরও উত্তম। কি এক পরম  
সুখের আবাস সৎ- কর্মশীলদের জন্য।

*\*16:30-32 The righteous taste only the first  
death, which has been already experienced by  
all of us (see 44:56). At the end of their interim  
in this world, the angels of death simply invite  
them to move on to the Paradise where Adam  
and Eve once lived (2:154, 3:169, 8:24, 22:58,  
36:27).*

[16:31] The gardens of Eden are reserved for  
them, wherein rivers flow. They have anything  
they wish therein. GOD thus rewards the  
righteous.

১৬/৩১ ইডেনের বাগানগুলো তাদের জন্য  
সংরক্ষিত রয়েছে, যেখানে নদী প্রবাহিত হয়।  
সেখানে তাদের তা- ই থাকে যা তারা ইচ্ছা  
করে। আল্লাহ এভাবে সৎ- কর্মশীলদের পুরস্কৃত  
করেন।

*They Go Straight to Paradise  
তারা সরাসরি স্বর্গে যায়*

[16:32] The angels terminate their lives in a  
state of righteousness, saying, "Peace be upon  
you. Enter Paradise (now) as a reward for  
your works."\*

১৬/৩২ ফেরেশতারা সৎকর্মশীল অবস্থায়  
তাদের জীবন পরিসমাপ্তি করে, এ বলে,  
"তোমাদের উপর শান্তি বর্ষিত হোক। তোমাদের  
কাজের পুরস্কার হিসেবে (এখন) স্বর্গে প্রবেশ  
করো"।

*\*16:30-32 The righteous taste only the first  
death, which has been already experienced by  
all of us (see 44:56). At the end of their interim  
in this world, the angels of death simply invite  
them to move on to the Paradise where Adam  
and Eve once lived (2:154, 3:169, 8:24, 22:58,  
36:27).*

*The Disbelievers  
অবিশ্বাসীরা*

[16:33] Are they waiting for the angels to  
come to them, or until your Lord's judgment  
comes to pass? Those before them did the

same thing. GOD is not the One who wronged  
them; they are the ones who wronged their  
own souls.

১৬/৩৩ তারা কি অপেক্ষায় আছে তাদের কাছে  
ফেরেশতাদের আসবার, নাকি তোমার প্রভুর  
বিচার এসে যাবার? তাদের পূর্ববর্তীরাও  
একই কাজ করেছিল। আল্লাহ সেই সত্ত্বা নন যে  
তাদের প্রতি অন্যায় করেছে, তারা নিজেরাই  
নিজেদের আত্মার প্রতি অন্যায় করেছিল।

[16:34] They have incurred the consequences  
of their evil works, and the very things they  
ridiculed came back to haunt them.

১৬/৩৪ তারা তাদের মন্দ কাজের ফলাফল  
অর্জন করেছে, এবং যে বিষয়গুলোকে তারা  
উপহাস করতো সেগুলোই উল্টো তাদের তাড়া  
করে বেড়িয়েছিল।

*Famous Excuse  
বিখ্যাত ছুতো*

[16:35] The idol worshipers say, "Had GOD  
willed, we would not worship any idols  
besides Him, nor would our parents. Nor  
would we prohibit anything besides His  
prohibitions." Those before them have done  
the same. Can the messengers do anything but  
deliver the complete message?

১৬/৩৫ অংশীদার উপাসকরা বলে, "আল্লাহ  
যদি চাইতেন, আমরা তাঁর পাশে কোন  
অংশীদার উপাসনা করতাম না, না আমাদের  
পিতা- মাতারা করতো। না আমরা তাঁর  
নিষেধগুলোর পাশে কোনকিছু নিষেধ করতাম"।  
তাদের পূর্ববর্তীরাও একই রকম করেছিল।  
বার্তাবাহকরা কি পূর্ণ বার্তা পৌঁছে দেয়া ছাড়া  
কিছু করতে পারে?

[16:36] We have sent a messenger to every  
community, saying, "You shall worship GOD,  
and avoid idolatry." Subsequently, some were  
guided by GOD, while others were committed  
to straying. Roam the earth and note the  
consequences for the rejectors.

১৬/৩৬ আমরা প্রত্যেক সম্প্রদায়ের নিকট  
একজন বার্তাবাহক পাঠিয়েছি, এই বলে,  
"তোমরা আল্লাহর উপাসনা করবে, এবং  
অংশিবাদকে এড়িয়ে চলবে। "পরবর্তীতে,  
কেউ কেউ আল্লাহ দ্বারা পথপ্রাপ্ত হয়েছিল, যখন  
অন্যরা ছিল পথভ্রষ্টতায় লিপ্ত। ঘুড়ে বেড়াও

পৃথিবীতে এবং প্রত্যাখ্যানকারীদের পরিণতি  
লক্ষ্য করো।

[16:37] No matter how hard you try to guide them, GOD does not guide the ones He had committed to straying. Thus, no one can help them.

১৬/৩৭ তুমি তাদের সুপথপ্রাপ্ত করার যতো চেষ্টা-ই করো না কেন, আল্লাহ তাদের সুপথপ্রাপ্ত করেন না তিনি যাদের পথভ্রষ্ট করেছেন। এরূপে, কেউ তাদের সাহায্য করতে পারে না।

*Deep In Their Minds*  
*তাদের অন্তরের গভীরে*

[16:38] They swore solemnly by GOD: "GOD will not resurrect the dead." Absolutely, such is His inviolable promise, but most people do not know.

১৬/৩৮ তারা আল্লাহর নামে দৃঢ় শপথ করেঃ “আল্লাহ মৃতকে পুনরুত্থিত করবেন না”। নিঃসন্দেহে, এমনই তাঁর অলঙ্ঘনীয় অঙ্গীকার, কিন্তু অধিকাংশ লোক জানে না।

[16:39] He will then point out to everyone all the things they had disputed, and will let those who disbelieved know that they were liars.

১৬/৩৯ এরপর তিনি সবাইকে সে সবকিছু দেখাবেন যে বিষয়ে তারা বিবাদ করতো, এবং যারা অবিশ্বাস করেছিল তাদেরকে জানতে দিবেন যে তারা ছিল মিথ্যাবাদী।

*To Resurrect the Dead*  
*মৃতকে পুনরুত্থিত করা*

[16:40] To have anything done, we simply say to it, "Be," and it is.

১৬/৪০ কোন কিছু করতে হলে, আমরা একে শুধু বলি, “হও,” এবং তা হয়ে যায়।

[16:41] Those who emigrated for the sake of GOD, because they were persecuted, we will surely make it up to them generously in this life, and the recompense of the Hereafter is even greater, if they only knew.

১৬/৪১ যারা আল্লাহর নিমিত্তে দেশ ত্যাগ করেছিল, কারণ তারা নির্যাতিত হয়েছিল, আমরা অবশ্যই উদারভাবে এই জীবনে তাদেরকে তা পূরণ করে দেব, এবং পরকালের প্রতিদান আরও অধিক, যদি তারা শুধু জানত।

[16:42] This is because they steadfastly persevere, and in their Lord they trust.

১৬/৪২ এটা এ কারণে যে তারা অবিচলভাবে অধ্যবসায়ী, এবং তাদের প্রভুর প্রতি তারা আস্থা রাখে।

[16:43] We did not send before you except men whom we inspired. Ask those who know the scripture, if you do not know.

১৬/৪৩ আমরা তোমার আগে মানুষ ছাড়া কারো কাছে অনুপ্রেরনা পাঠাইনি। তাদের জিজ্ঞেস করো যারা ঐশীগ্রন্থ জানে, যদি তোমরা না জানো।

[16:44] We provided them with the proofs and the scriptures. And we sent down to you this message, to proclaim for the people everything that is sent down to them, perhaps they will reflect.

১৬/৪৪ আমরা তাদেরকে প্রমাণাদি এবং ঐশীগ্রন্থাবলী দিয়েছিলাম। এবং আমরা তোমার কাছে এই বার্তা অবতীর্ণ করেছি, লোকদের জন্য সবকিছু ঘোষণা করতে যা তাদের কাছে অবতীর্ণ হয়, সম্ভবত তারা অনুধাবন করবে”।

[16:45] Did those who scheme evil schemes guarantee that GOD will not cause the earth to swallow them, or that the retribution will not come to them when they least expect it?

১৬/৪৫ যারা মন্দ পরিকল্পনা করেছিল তারা কি নিশ্চয়তা দিয়েছিল যে আল্লাহ পৃথিবীকে দিয়ে তাদের গ্রাস করাবেন না, অথবা শাস্তি তাদের কাছে এসে যাবে না যখন তারা খুব কমই প্রত্যাশা করে?

[16:46] It may strike them while they are asleep; they can never escape.

১৬/৪৬ এটা তাদের আঘাত করতে পারে যখন তারা ঘুমন্ত; তারা কখনো পালাতে পারবে না।

[16:47] Or it may strike them while they are fearfully expecting it. Your Lord is Compassionate, Most Merciful.

১৬/৪৭ অথবা এটা তাদের আঘাত করতে পারে যখন তারা ভয়ে ভয়ে এর প্রত্যাশা করছে। তোমাদের প্রভু করুণাময়, পরম দয়ালু।

[16:48] Have they not seen all the things created by GOD? Their shadows surround



them right and left, in total submission to GOD, and willingly.

১৬/৪৮ তারা কি আল্লাহর সৃষ্ট সব কিছু দেখেনি? তাদের ছায়া তাদেরকে ঘিরে থাকে ডানে এবং বায়ে, আল্লাহর প্রতি পরিপূর্ণ সমর্পিত হয়ে, এবং সেছায়।

[16:49] To GOD prostrates everything in the heavens and everything on earth — every creature—and so do the angels; without the least arrogance.\*

১৬/৪৯ আল্লাহকে সেজদা করে আকাশমণ্ডলীর সবকিছু ও পৃথিবীর সবকিছু- সকল সৃষ্টি- এবং ফেরেশতারাও; সামান্যতম ঔদ্ধত্য ছাড়াই।

*\*16:49 The human body, whether it belongs to a believer or a disbeliever, submits to God; the heartbeats, the lungs' movement, and peristalsis illustrate this submission.*

[16:50] They reverence their Lord, high above them, and they do what they are commanded to do.

১৬/৫০ তারা তাদের প্রভুকে ভক্তি করে, তাদের উপরস্থ, এবং তারা করে যা করতে তারা আদিষ্ট হয়।

[16:51] GOD has proclaimed: "Do not worship two gods; there is only one god. You shall reverence Me alone."

১৬/৫১ আল্লাহ ঘোষণা করেছেনঃ “দুই উপাস্যের উপাসনা করো না; উপাস্য একজনই। তোমরা একমাত্র আমার উপাসনা করবে”।

[16:52] To Him belongs everything in the heavens and the earth and therefore, the religion shall be devoted absolutely to Him alone. Would you worship other than GOD?

১৬/৫২ আকাশমণ্ডলী ও পৃথিবীর সবকিছু তাঁর এবং সেজন্য, ধর্ম সম্পূর্ণরূপে একমাত্র তাঁর প্রতি উৎসর্গকৃত হবে। তোমরা কি আল্লাহ ছাড়া অন্যকারো উপাসনা করবে?

[16:53] Any blessing you enjoy is from GOD. Yet, whenever you incur any adversity you immediately complain to Him.

১৬/৫৩ যেকোন অনুগ্রহ তোমরা উপভোগ করো তা আল্লাহর পক্ষ থেকে। এরপরও, যখনই কোন দুর্দশা তোমরা টেনে আনো সাথে সাথেই তোমরা তাঁর নিকট অভিযোগ করো।

[16:54] Yet, as soon as He relieves your affliction, some of you revert to idol worship.

১৬/৫৪ এরপরও, যখন তিনি তোমাদের দুর্দশা দূর করেন, তোমাদের কেউ কেউ অংশীদার উপাসনায় ফিরে যায়।

[16:55] Let them disbelieve in what we have given them. Go ahead and enjoy temporarily; you will surely find out.

১৬/৫৫ আমরা তাদেরকে যা দিয়েছি তাতে তাদের অবিশ্বাস করতে দাও। চালিয়ে যাও এবং সাময়িকভাবে উপভোগ করো; নিশ্চয় তোমরা দেখবে।

[16:56] They designate for the idols they set up out of ignorance, a share of the provisions we bestow upon them. By GOD, you will be held accountable for your innovations.

১৬/৫৬ তাদের অজ্ঞতা বশত: স্থাপন করা অংশীদারদের জন্য তারা নির্ধারণ করে, খাদ্যদ্রব্যের একটি অংশ যা আমরা তাদেরকে দিয়েছি। আল্লাহর শপথ, তোমাদের নব-উদ্ভাবনের জন্য তোমাদেরকে হিসাব দিতে হবে।

*Bigoted Bias*

*Against Baby Girls*

*কন্যা শিশুর বিরুদ্ধে  
পক্ষপাতদুষ্ট গোঁড়ামি*

[16:57] They even assign daughters to GOD, be He glorified, while they prefer for themselves what they like.

১৬/৫৭ তারা এমনকি আল্লাহর জন্য কন্যা সন্তানদের নির্ধারণ করে, মহিমা তাঁরই, যখন তারা নিজেদের জন্য অগ্রাধিকার দেয় যা তারা পছন্দ করে।

[16:58] When one of them gets a baby girl, his face becomes darkened with overwhelming grief.

১৬/৫৮ যখন তাদের কেউ কন্যা সন্তানপ্রাপ্ত হয়, তাঁর মুখমণ্ডল দুর্বিষহ দুঃখে কালো হয়ে যায়।

[16:59] Ashamed, he hides from the people, because of the bad news given to him. He even ponders: should he keep the baby grudgingly, or bury her in the dust. Miserable indeed is their judgment.

১৬/৫৯ লজ্জায়, সে লোকদের থেকে লুকায়, তাকে দেয়া খারাপ সংবাদটির কারণে। সে

এমনকি ভাবেঃ অনিচ্ছাসত্ত্বেও কি তার উচ্চিশিষ্টটিকে রাখা, নাকি তাকে মাটিতে পুঁতে ফেলা। নিশ্চয় শোচনীয় তাদের বিচার।

[16:60] Those who do not believe in the Hereafter set the worst examples, while to GOD belongs the most sublime examples. He is the Almighty, the Most Wise.

১৬/৬০ যারা পরকালে বিশ্বাস করে না তারা নিকৃষ্ট উদাহরণ স্থাপন করে, যখন সবচেয়ে মহৎ উদাহরণ আল্লাহর। তিনি সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী।

*The Original Sin*

*মূল পাপ*

[16:61] If GOD punished the people for their transgressions, He would have annihilated every creature on earth. But He respites them for a specific, predetermined time. Once their interim ends, they cannot delay it by one hour, nor advance it.

[১৬:৬১] যদি আল্লাহ লোকদেরকে তাদের সীমালঙ্ঘনের জন্য শাস্তি দিতেন, তিনি পৃথিবীর প্রত্যেক সৃষ্টি ধ্বংস করে দিতেন। কিন্তু তিনি তাদেরকে একটি নির্দিষ্ট, পূর্বনির্ধারিত সময়ের জন্য অবকাশ দেন। একবার তাদের অন্তবর্তীকাল শেষ হলে, তারা এক ঘণ্টার জন্য তা বিলম্বিত করতে পারে না, না ত্বরান্বিত করতে পারে।

[16:62] They ascribe to GOD what they dislike for themselves, then utter the lie with their own tongues that they are righteous! Without any doubt, they have incurred Hell, for they have rebelled.

[১৬:৬২] তারা আল্লাহর প্রতি আরোপ করে যা তারা নিজেদের জন্য অপছন্দ করে, এরপর তারা নিজেদের মুখে মিথ্যা উচ্চারণ করে যে তারা সৎ- কর্মী! নিঃসন্দেহে, তারা টেনে এনেছে নরক, কারণ তারা বিদ্রোহ করেছে।

[16:63] By GOD, we have sent (*messengers*) to communities before you, but the devil adorned their works in their eyes.

Consequently, he is now their lord, and they have incurred a painful retribution.

[১৬:৬৩] আল্লাহর শপথ, তোমার পূর্বে সম্প্রদায় গুলোর কাছে আমরা (*বার্তাবাহক*) পাঠিয়েছি, কিন্তু শয়তান তাদের চোখে তাদের কাজকে সুসজ্জিত করে দিয়েছিল। পরিনামে,

সে এখন তাদের প্রভু, এবং তারা টেনে এনেছে এক যন্ত্রণাদায়ক শাস্তি।

[16:64] We have revealed this scripture to you, to point out for them what they dispute, and to provide guidance and mercy for people who believe.

১৬/৬৪ আমরা তোমার কাছে এই ঐশীগ্রন্থ প্রকাশ করেছি, তাদেরকে দেখাতে যাতে তারা মতবিরোধ করে, এবং লোকদের জন্য পথ নির্দেশনা ও দয়া প্রদান করতে যারা বিশ্বাস করে।

*Additional Proofs From God*

*আল্লাহ থেকে আরও প্রমাণ*

[16:65] GOD sends down from the sky water to revive the land after it had died. This should be (sufficient) proof for people who hear.

১৬/৬৫ আল্লাহ ভূমিকে এর মৃত্যুর পর পুনরুজ্জীবিত করতে আকাশ থেকে পানি বর্ষণ করেন। এটি (যথেষ্ট) প্রমাণ হওয়া উচিত লোকদের জন্য যারা শোনে।

[16:66] And in the livestock there is a lesson for you: we provide you with a drink from their bellies. From the midst of digested food and blood, you get pure milk, delicious for the drinkers.

১৬/৬৬ এবং গৃহপালিত পশুতে তোমাদের জন্য শিক্ষা রয়েছেঃ আমরা তাদের পেট থেকে তোমাদের পানীয় সরবরাহ করিঃ পরিপাককৃত খাদ্য এবং রক্তের মধ্য থেকে, তোমরা বিশুদ্ধ দুধ পাও, পানকারীদের জন্য সুস্বাদু।

[16:67] And from the fruits of date palms and grapes you produce intoxicants, as well as good provisions. This should be (sufficient) proof for people who understand.

১৬/৬৭ এবং খেজুর গাছ ও আঙুরের ফল থেকে তোমরা মাদকদ্রব্য উৎপন্ন করো, সেই সাথে ভাল খাদ্যদ্রব্য। এটি (যথেষ্ট) প্রমাণ হওয়া উচিত লোকদের জন্য যারা বোঝে।

*The Bee*

*মৌমাছি*

[16:68] And your Lord inspired the bee: build homes in mountains and trees, and in (the hives) they build for you.

১৬/৬৮ এবং তোমার প্রভু মৌমাছীদের অনুপ্রাণিত করলেনঃ পর্বতসমূহে ও গাছে ঘর বানাও, এবং (মৌচাকে) তারা তোমাদের জন্য নির্মাণ করে।

[16:69] Then eat from all the fruits, following the design of your Lord, precisely. From their bellies comes a drink of different colors, wherein there is healing for the people. This should be (sufficient) proof for people who reflect.\*

১৬/৬৯ এরপর সকল প্রকার ফল থেকে খাও, তোমার প্রভুর নকশা অনুসরণ করে, যথাযথভাবে। তাদের পেট থেকে বিভিন্ন রঙের পানীয় বেরিয়ে আসে, যাতে লোকদের জন্য রয়েছে রোগের প্রতিকার। এটি (যথেষ্ট) প্রমাণ হওয়া উচিত লোকদের জন্য যারা অনুধাবন করে।

*\*16:69 Besides its recognized nutritive value, honey has been scientifically proven as a healing medicine for certain allergies and other ailments.*

[16:70] GOD created you, then He terminates your lives. He lets some of you live to the oldest age, only to find out that there is a limit to the knowledge they can acquire. GOD is Omniscient, Omnipotent.

১৬/৭০ আল্লাহ তোমাদের সৃষ্টি করেছেন, এরপর তিনি তোমাদের জীবনের পরিসমাপ্তি ঘটান। তিনি তোমাদের কতককে বৃদ্ধ বয়স পর্যন্ত বাঁচিয়ে রাখেন, শুধুমাত্র দেখাতে যে তাদের জ্ঞান অর্জন করতে পারার একটি সীমা আছে। আল্লাহ সর্বজ্ঞ, সর্বশক্তিমান।

*No Partners With God*

*আল্লাহর সাথে কোন অংশীদার নেই*

[16:71] GOD has provided for some of you more than others. Those who are given plenty would never give their properties to their subordinates to the extent of making them partners. Would they give up GOD's blessings?\*

[১৬:৭১] আল্লাহ তোমাদের কাউকে কাউকে অন্যদের থেকে অধিক দিয়েছেন। যাদেরকে প্রচুর দেয়া হয়েছে তারা কখনো তাদের অধিনস্তদেরকে তাদের সম্পদ এমন পরিমাণে দেবে না যে তারা অংশীদার হয়ে যায়। তারা কি আল্লাহর অনুগ্রহসমূহ ত্যাগ করবে?\*

[16:72] And GOD made for you spouses from among yourselves, and produced for you from your spouses children and grandchildren, and provided you with good provisions. Should they believe in falsehood, and turn unappreciative of GOD's blessings?

[১৬:৭২] এবং আল্লাহ তোমাদের জন্য তোমাদের নিজেদের মধ্য থেকে সহধর্মী/সহধর্মীনি সৃষ্টি করেছেন, এবং তোমাদের সহধর্মী/সহধর্মীনি থেকে তোমাদের জন্য সন্তানাদি এবং নাতি- নাতনি সৃষ্টি করেছেন, এবং তোমাদের জন্য প্রদান করেছেন ভাল খাদ্যদ্রব্য। তাদের কি উচিত মিথ্যায় বিশ্বাস করা, এবং আল্লাহর অনুগ্রহসমূহে অকৃতজ্ঞ হওয়া?

*Idol Worship:*

*Not Very Intelligent*

*অংশীদার উপাসনাঃ*

*বুদ্ধিমত্তার কিছু নয়*

[16:73] Yet, they worship beside GOD what possesses no provisions for them in the heavens, nor on earth, nor can provide them with anything.

১৬/৭৩ এরপরও, তারা আল্লাহর পাশে উপাসনা করে তার, যা না পৃথিবীতে, না আকাশমণ্ডলীতে তাদের জন্য কোন খাদ্যদ্রব্য অধিকার করে, না তাদের কোন কিছু দিতে পারে।

[16:74] Therefore, do not cite the examples for GOD; GOD knows while you do not know.

১৬/৭৪ অতএব, আল্লাহর জন্য কোন উদাহরণ দিও না; আল্লাহ জানেন যখন তোমরা জানো না।

*The Rich Believer is Better*

*than the Poor Believer*

*দরিদ্র বিশ্বাসী থেকে*

*ধনী বিশ্বাসী উত্তম*

[16:75] GOD cites the example of a slave who is owned, and is totally powerless, compared to one whom we blessed with good provisions, from which he gives to charity secretly and publicly. Are they equal? Praise be to GOD, most of them do not know.

১৬/৭৫ আল্লাহ একজন দাসের উদাহরণ দেন যে মালিকানাধীন, এবং পুরোপুরি ক্ষমতাহীন, তার সাথে তুলনা করে যাকে আমরা ভালো জীবিকা দিয়ে সৌভাগ্যশালী করেছি, যা থেকে

সে দান করে গোপনে ও প্রকাশ্যে। তারা কি সমান? প্রশংসা আল্লাহর, তাদের অধিকাংশ জানে না।

[16:76] And GOD cites the example of two men: one is dumb, lacks the ability to do anything, is totally dependent on his master— whichever way he directs him, he cannot produce anything good. Is he equal to one who rules with justice, and is guided in the right path?

১৬/৭৬ এবং আল্লাহ উদাহরণ দেন দুজন মানুষেরঃ একজন নির্বোধ, কোনকিছু করতে সক্ষম নয়, পুরোপুরি তার মালিকের উপর নির্ভরশীল- যে পথে সে তাকে নির্দেশ দেয়, সে ভাল কিছু করতে পারে না। সে কি তার সমান যে ন্যায়পরায়নতার সাথে শাসন করে, এবং সঠিক পথপ্রাপ্ত?

*This Life is Very Short*

*জীবন খুব ছোট*

[16:77] To GOD belongs the future of the heavens and the earth. As far as He is concerned, the end of the world (the Hour) is a blink of an eye away, or even closer. GOD is Omnipotent.

১৬/৭৭ আকাশমণ্ডলী ও পৃথিবীর ভবিষ্যত আল্লাহর অধীন। যে পর্যন্ত তিনি সম্পর্কিত, বিশ্বের পরিসমাপ্তি (সেই ঘণ্টা) তো চোখের এক পলক দূরে, অথবা আরও কাছে। আল্লাহ সর্বশক্তিমান।

[16:78] GOD brought you out of your mothers' bellies knowing nothing, and He gave you the hearing, the eyesight, and the brains, that you may be appreciative.

১৬/৭৮ আল্লাহ মায়ের পেট থেকে তোমাদের বের করেন যখন কিছুই জানতে না, এবং তিনি তোমাদেরকে দিয়েছেন শ্রবণ শক্তি, দৃষ্টি শক্তি, এবং মস্তিষ্ক, যাতে তোমরা কৃতজ্ঞ হও।

[16:79] Do they not see the birds committed to fly in the atmosphere of the sky? None holds them up in the air except GOD. This should be (sufficient) proof for people who believe.

১৬/৭৯ তারা কি আকাশের বায়ুমণ্ডলে পাখিদের উড়তে দেখে না? আল্লাহ ছাড়া কেউ এদেরকে উর্ধ্ব বাতাসে ধরে রাখে না। এটি লোকদের

জন্য (যথেষ্ট) প্রমাণ হওয়া উচিত যারা বিশ্বাস করে।

[16:80] And GOD provided for you stationary homes where you can live. And He provided for you portable homes made of the hides of livestock, so you can use them when you travel, and when you settle down. And from their wools, furs, and hair, you make furnishings and luxuries for awhile.

১৬/৮০ এবং আল্লাহ তোমাদের জন্য দিয়েছেন স্থির ঘর- বাড়ি যেখানে তোমরা বাস করতে পারো। এবং তিনি তোমাদের জন্য দিয়েছেন গবাদিপশুর চামড়া থেকে তৈরি বহনযোগ্য ঘর- বাড়ি, যেন তোমরা সেগুলো ব্যবহার করতে পারো যখন তোমরা ভ্রমণ করো, এবং যখন তোমরা অবস্থান নাও। এবং সেগুলোর পশম, লোমশ চামড়া এবং চুল থেকে তোমরা তৈরি করো আসবাবপত্র এবং বিলাসদ্রব্য কিছুকালের জন্য।

[16:81] And GOD provided for you shade through things which He created, and provided for you shelters in the mountains, and provided for you garments that protect you from heat, and garments that protect when you fight in wars. He thus perfects His blessings upon you, that you may submit.

১৬/৮১ এবং আল্লাহ তোমাদের জন্য তার সৃষ্ট জিনিসের মাধ্যমে ছায়া দিয়েছেন, এবং তোমাদের জন্য আশ্রয় দিয়েছেন পর্বতে, এবং তোমাদের জন্য পোশাক দিয়েছেন যা তোমাদের তাপ থেকে রক্ষা করে, এবং পোশাক যা তোমাদের রক্ষা করে যখন তোমরা যুদ্ধে লড়াই করো। তিনি এভাবে তোমাদের প্রতি তাঁর অনুগ্রহ পূর্ণ করেন।

[16:82] If they still turn away, then your sole mission is the clear delivery (of the message).

১৬/৮২ যদি তারা এরপরও মুখ ফিরিয়ে নেয়, তবে তোমার একমাত্র কাজ শুধু (বার্তা) পৌঁছে দেয়া।

*The Disbelievers Unappreciative*

*অবিশ্বাসীরা অকৃতজ্ঞ*

[16:83] They fully recognize GOD's blessings, then deny them; the majority of them are disbelievers.

১৬/৮৩ তারা আল্লাহর অনুগ্রহগুলো সম্পূর্ণ রূপে চেনে, এরপর সেগুলো অস্বীকার করে; তাদের অধিকাংশ অবিশ্বাসী।

*On The Day of Resurrection*  
*পুনরুত্থান দিনে*

[16:84] The day will come when we raise from every community a witness, then those who disbelieved will not be permitted (*to speak*), nor will they be excused.

১৬/৮৪ সে দিন আসবে যখন আমি প্রত্যেক সম্প্রদায় থেকে একজন সাক্ষী উঠাবো, তখন যারা অবিশ্বাস করতো তারা (*কথা বলার*) অনুমতি পাবে না, না তারা ক্ষমা পাবে।

[16:85] Once those who transgressed see the retribution, it will be too late; it will not be commuted for them, nor will they be respite  
১৬/৮৫ যারা অবিশ্বাস করেছিল তারা একবার যখন শাস্তি দেখবে, তা খুব দেরি হয়ে যাবে; এটা তাদের জন্য কমানো হবে না, না তারা অবকাশ পাবে।

The Idols Disown  
Their Idolizers  
উপাস্যরা তাদের উপাস্য সাব্যস্তকারীদের প্রত্যাখ্যান করে

[16:86] And when those who committed idol worship see their idols, they will say, "Our Lord, these are the idols we had set up beside You." The idols will then confront them and say, "You are liars."

১৬/৮৬ এবং যারা অংশীদার উপাসনা করত ওরা যখন তাদের উপাস্যদের দেখবে, তারা বলবে, “আমাদের প্রভু, এরাই সেই উপাস্যরা যাদের আমরা আপনার পাশে স্থাপন করেছিলাম”। উপাস্যরা তখন তাদের মুখমুখি হবে এবং বলবে, “তোমরা মিথ্যাবাদী”।

[16:87] They will totally submit to GOD on that day, and the idols they had invented will disown them.

১৬/৮৭ তারা সে দিন সম্পূর্ণরূপে আল্লাহর কাছে আত্মসমর্পণ করবে, এবং যে উপাস্যদের তারা উদ্ভাবন করেছিল তারা তাদের প্রত্যাখ্যান করবে।

[16:88] Those who disbelieve and repel from the path of GOD, we augment their retribution

by adding more retribution, due to their transgressions.

১৬/৮৮ যারা অবিশ্বাস করে এবং আল্লাহর পথে বাধা দেয়, আমরা আরও শাস্তি যোগ করে তাদের শাস্তি বাড়িয়ে দেই, তাদের সীমালঙ্ঘনের কারণে।

[16:89] The day will come when we will raise from every community a witness from among them, and bring you as the witness of these people. We have revealed to you this book to provide explanations for everything, and guidance, and mercy, and good news for the submitters.

১৬/৮৯ সে দিন আসবে যখন আমরা প্রত্যেক সম্প্রদায় থেকে একজন সাক্ষী উঠাব তাদেরই মধ্য থেকে, এবং তোমাকে আনব এই লোকদের সাক্ষী হিসাবে। আমরা তোমার কাছে এই গ্রন্থ প্রকাশ করেছি আত্মসমর্পণকারীদের জন্য প্রদান করতে সবকিছুর ব্যাখ্যা, এবং পথ নির্দেশনা, এবং দয়া, এবং সুসংবাদ।

[16:90] GOD advocates justice, charity, and regarding the relatives. And He forbids evil, vice, and transgression. He enlightens you, that you may take heed.

১৬/৯০ আল্লাহ উপদেশ দেন ন্যায়পরায়ণতা, দান, এবং আত্মীয়স্বজনদের প্রতি দৃষ্টি দেয়ার। এবং নিষেধ করেন মন্দ, অনৈতিকতা, এবং সীমালঙ্ঘন। তিনি তোমাদের জ্ঞান দান করেন, যাতে তোমরা সতর্ক হও।

*You Shall Keep Your Word*  
*তোমরা তোমাদের কথা রাখবে*

[16:91] You shall fulfill your covenant with GOD when you make such a covenant. You shall not violate the oaths after swearing (by God) to carry them out, for you have made GOD a guarantor for you. GOD knows everything you do.

১৬/৯১ তোমরা আল্লাহর সাথে তোমাদের চুক্তি পূর্ণ করবে যখন তোমরা এমন কোন চুক্তি করো। তোমরা প্রতিজ্ঞা ভঙ্গ করবে না আল্লাহর নামে সেগুলো পালনের শপথ করার পর, কারণ তোমরা আল্লাহকে তোমাদের জামিনদার করেছ। আল্লাহ জানেন সবকিছু যা তোমরা করো।

[16:92] Do not be like the knitter who unravels her strong knitting into piles of flimsy yarn. This is your example if you abuse the oaths to

take advantage of one another. Whether one group is larger than the other, GOD thus puts you to the test. He will surely show you on the Day of Resurrection everything you had disputed.

১৬/৯২ সেই বুনন (মহিলা) শিল্পীর মতো হয়ো না যে তার মজবুত বুননের পাঁক খুলে তুচ্ছ সুতার স্তূপে পরিনত করে। এটাই তোমাদের উদাহরণ যদি তোমরা একে অপরের কাছ থেকে সুযোগ নিতে তোমাদের প্রতিজ্ঞার অপব্যবহার করো। এক দল অন্য দলের চেয়ে বড় হোক বা না হোক, আল্লাহ এভাবে তোমাদের পরীক্ষা করেন। তিনি নিশ্চয় পুনরুত্থান দিনে তোমাদের দেখাবেন সে সবকিছু যাতে তোমরা বিবাদ করেছিলে।

[16:93] Had GOD willed, He could have made you one congregation. But He sends astray whoever chooses to go astray, and He guides whoever wishes to be guided.\* You will surely be asked about everything you have done.

১৬/৯৩ আল্লাহ যদি চাইতেন, তিনি তোমাদের এক ধর্মগোষ্ঠী করতে পারতেন। কিন্তু তিনি পথভ্রষ্ট করেন যেকেউ বিপথে যেতে পছন্দ করে, এবং তিনি পথপ্রদর্শন করেন যেকেউ সুপথপ্রাপ্ত হতে চায়। তোমাদের অবশ্যই প্রশ্ন করা হবে সে সব কিছু সম্পর্কে যা তোমরা করেছ।

\*16:93 God knows the sincere believers among us who deserve to be redeemed. Accordingly, He guides them, while blocking out those who choose to disbelieve.

*Violating Your Oath:*

*A Serious Offense*

*প্রতিজ্ঞা ভঙ্গ করাঃ*

*একটি গুরুতর অপরাধ*

[16:94] Do not abuse the oaths among you, lest you slide back after having a strong foothold, then you incur misery. Such is the consequence of repelling from the path of GOD (by setting a bad example); you incur a terrible retribution.

১৬/৯৪ তোমাদের মধ্যকার প্রতিজ্ঞার অপব্যবহার করো না, পাছে তোমরা পিছলে যাও সুদৃঢ় অবস্থান পাবার পর, এরপর তোমরা দুর্দশা টেনে আনো। এমনি পরিণাম আল্লাহর পথে বাঁধা দেবার (মন্দ উদাহরণ স্থাপনের

জন্য); তোমরা এক ভয়ানক শাস্তি টেনে আনো।

[16:95] Do not sell your oaths before GOD short. What GOD possesses is far better for you, if you only knew.

১৬/৯৫ অল্পতেই আল্লাহর সামনে তোমাদের করা প্রতিজ্ঞা বিক্রি করো না। আল্লাহর কাছে তোমাদের জন্য যা আছে তা অনেক উত্তম, যদি শুধু তোমরা জানতে।

[16:96] What you possess runs out, but what GOD possesses lasts forever. We will surely reward those who steadfastly persevere; we will recompense them for their righteous works.

১৬/৯৬ যা তোমাদের কাছে আছে তা শেষ হয়ে যায়, কিন্তু আল্লাহর কাছে যা আছে তা চিরকাল রয়ে যায়। আমরা অবশ্যই তাদের পুরস্কৃত করবো যারা অবিচলভাবে অটল; আমরা তাদের প্রতিদান দেব তাদের সং কর্মের জন্য।

*Guaranteed Happiness*

*Now and Forever*

*চিরস্থায়ী নিশ্চিত সুখের গুরু*

*এখনই/এখন থেকেই*

*চিরস্থায়ী নিশ্চিত সুখ/*

*এখন এবং চিরস্থায়ী নিশ্চিত সুখ*

[16:97] Anyone who works righteousness, male or female, while believing, we will surely grant them a happy life in this world, and we will surely pay them their full recompense (on the Day of Judgment) for their righteous works.

১৬/৯৭ যেকেউ সৎকর্ম করে, পুরুষ হোক বা নারী, বিশ্বাসী অবস্থায়, আমরা অবশ্যই তাদেরকে এই দুনিয়ায় একটি সুখী জীবন দেব, এবং (পুনরুত্থান দিনে) আমরা অবশ্যই তাদের সৎকর্মের জন্য পূর্ণ প্রতিদান পরিশোধ করবো।

*An Important Commandment\**

*এক গুরুত্বপূর্ণ প্রত্যাদেশ*

[16:98] When you read the Quran, you shall seek refuge in GOD from Satan the rejected.

১৬/৯৮ যখন তুমি কোরান পড়ো, তুমি আল্লাহর কাছে আশ্রয় প্রার্থনা করবে বিতাড়িত শয়তান থেকে।

\*16:98 Our salvation is attained by knowing

*God's message to us, the Quran, and Satan will do his utmost to keep us from being redeemed. Hence this commandment.*

[16:99] He has no power over those who believe and trust in their Lord.

১৬/৯৯ তার কোনও শক্তি নাই ওদের উপর যারা বিশ্বাস করে এবং তাদের প্রভুর প্রতি আস্থা রাখে।

[16:100] His power is limited to those who choose him as their master; those who choose him as their god.

১৬/১০০ তার ক্ষমতা ওদের উপর সীমাবদ্ধ যারা তাকে তাদের মনিব হিসেবে পছন্দ করে, যারা তাকে পছন্দ করে তাদের উপাস্য হিসাবে।

[16:101] When we substitute one revelation in place of another, and GOD is fully aware of what He reveals, they say, "You made this up!" Indeed, most of them do not know.

১৬/১০১ যখন আমরা কোন প্রকাশনাকে আরেকটির জায়গায় প্রতিস্থাপন করি, এবং আল্লাহ পূর্ণ অবগত যা তিনি প্রকাশ করেন, তারা বলে, “এটি তুমি রচনা করেছ!” প্রকৃতপক্ষে, তাদের বেশির ভাগ জানে না।

[16:102] Say, "The Holy Spirit has brought it down from your Lord, truthfully, to assure those who believe, and to provide a beacon and good news for the submitters."

১৬/১০২ বল, “পবিত্র আত্মা তোমার প্রভুর পক্ষ থেকে এটি অবতীর্ণ করেছে, সত্যের সাথে, তাদের আশস্ত করতে যারা বিশ্বাস করে, এবং আত্মসমর্পণকারীদের জন্য আলোকবর্তিকা ও সুসংবাদ দিতে।

*The Quran Is Not Copied*

*From The Bible*

*বাইবেল থেকে*

*কোরান নকল করা নয়*

[16:103] We are fully aware that they say, "A human being is teaching him!" The tongue of the source they hint at is non-Arabic, and this is a perfect Arabic tongue.

১৬/১০৩ আমরা সম্পূর্ণ অবগত যে তারা বলে, “একজন মানুষ তাকে শিক্ষা দিচ্ছে!” তাদের ইঙ্গিত করা উৎসের ভাষা আরবি নয়, এবং এটি নিখুঁত আরবি ভাষা।

[16:104] Surely, those who do not believe in GOD's revelations, GOD does not guide them. They have incurred a painful retribution.

১৬/১০৪ নিশ্চয়, যারা আল্লাহর প্রকাশনায় বিশ্বাস করে না, আল্লাহ তাদের সুপথপ্রাপ্ত করেন না। তারা টেনে এনেছে এক যন্ত্রণাদায়ক শাস্তি।

[16:105] The only ones who fabricate false doctrines are those who do not believe in GOD's revelations; they are the real liars.

১৬/১০৫ তারাই কেবল মিথ্যা মতবাদ বানায় যারা আল্লাহর প্রকাশনাবলিতে বিশ্বাস করে না। তারাই আসল মিথ্যাবাদী।

*Lip Service Does Not Count*

*মুখের কথা বিবেচ্য নয়*

[16:106] Those who disbelieve in GOD, after having acquired faith, and become fully content with disbelief, have incurred wrath from GOD. The only ones to be excused are those who are forced to profess disbelief, while their hearts are full of faith.\*

১৬/১০৬ যারা আল্লাহতে অবিশ্বাস করে, বিশ্বাস অর্জন করার পর, এবং অবিশ্বাসে পূর্ণ সম্মুখ হয়ে যায়, তারা আল্লাহর ক্রোধ টেনে এনেছে। কেবল তারাই ক্ষমা পেতে পারে অবিশ্বাস স্বীকার করার জন্য যাদের উপর বল প্রয়োগ করা হয়, যখন তাদের হৃদয় বিশ্বাসে পূর্ণ।

*Preoccupation With This Life*

*Leads to Exile From God*

*এই জীবন নিয়ে বিভোর থাকা*

*আল্লাহর কাছ থেকে নির্বাসনের দিকে ধাবিত করে*

[16:107] This is because they have given priority to this life over the Hereafter, and GOD does not guide such disbelieving people.

১৬/১০৭ এর কারণ এই যে তারা এই জীবনকে পরকালের উপর প্রাধান্য দিয়েছে, এবং আল্লাহ এমন অবিশ্বাসী লোকদের পথপ্রদর্শন করেন না।

[16:108] Those are the ones whom GOD has sealed their hearts, and their hearing, and their eyesight. Consequently, they remain unaware.

১৬/১০৮ এরাই তারা যাদের হৃদয়ে, এবং যাদের শ্রবণশক্তিতে, এবং যাদের দৃষ্টিশক্তিতে

আল্লাহ মোহর মেরে দিয়েছেন। ফলস্বরূপ,  
তারা অসচেতন থাকে।

[16:109] Without a doubt, they will be the  
losers in the Hereafter.

১৬/১০৯ কোন সন্দেহ নেই, তারা পরকালে  
ক্ষতিগ্রস্ত হবে।

[16:110] As for those who emigrate because of  
persecution, then continue to strive and  
steadfastly persevere, your Lord, because of all  
this, is Forgiver, Most Merciful.

১৬/১১০ ওদের ক্ষেত্রে যারা নিপীড়নের কারণে  
দেশ ত্যাগ করে, এরপর সংগ্রাম চালিয়ে যায়  
এবং অবিচলতার সাথে অটল থাকে, তোমরা  
প্রভু, এই সবেব কারণে, ক্ষমাশীল, পরম  
দয়ালু।

[16:111] The day will come when every soul  
will serve as its own advocate, and every soul  
will be paid fully for whatever it had done,  
without the least injustice.

১৬/১১১ সে দিন আসবে যখন প্রত্যেক আত্মা  
এর নিজের উকিল হিসেবে দায়িত্ব পালন করবে।  
এবং প্রত্যেক আত্মা পুরোপুরি মূল্য পাবে যা কিছু  
সে করেছে, সমান্যতম অবিচার ছাড়া।

*Prohibiting  
Lawful Food  
Brings Deprivation  
আইনসিদ্ধ খাবার  
নিষিদ্ধকরণ  
বয়ে আনে বঞ্চনা*

[16:112] GOD cites the example of a  
community that used to be secure and  
prosperous, with provisions coming to it from  
everywhere. But then, it turned unappreciative  
of GOD's blessings. Consequently, GOD  
caused them to taste the hardships of starvation  
and insecurity. Such is the requital for what  
they did.

১৬/১১২ আল্লাহ একটি জনপদের উদাহরণ দেন  
যা ছিল নিরাপদ ও সমৃদ্ধশালী, সেখানে সব  
জায়গা থেকে খাদ্যসম্ভার আসতো। কিন্তু  
এরপর, তা আল্লাহর অনুগ্রহের প্রতি অকৃতজ্ঞ  
হয়ে পড়লো। পরিনামে, আল্লাহ তাদেরকে  
অনাহার ও নিরাপত্তাহীনতার কষ্ট আন্বাদন  
করালেন। এমনই হচ্ছে তাদের কৃতকর্মের  
প্রতিদান।

[16:113] A messenger had gone to them from  
among them, but they rejected him.

Consequently, the retribution struck them for  
their transgression.

১৬/১১৩ তাদের মধ্য থেকে একজন বার্তাবাহক  
তাদের কাছে গিয়েছিল, কিন্তু তারা তাকে  
প্রত্যাখ্যান করলো। ফলস্বরূপ, তাদের  
সীমালঙ্ঘনের জন্য শাস্তি তাদের আঘাত  
করেছিল।

[16:114] Therefore, you shall eat from GOD's  
provisions everything that is lawful and good,  
and be appreciative of GOD's blessings, if you  
do worship Him alone.

১৬/১১৪ অতএব, তোমরা আল্লাহর দেয়া সব  
খাদ্যসামগ্রী থেকে খাবে যা আইনসিদ্ধ ও  
ভালো, এবং আল্লাহর অনুগ্রহের প্রতি কৃতজ্ঞ  
হও, যদি তোমরা কেবল তাঁরই উপাসনা  
করো।

*Only Four Foods  
Prohibited  
শুধু চারটি খাদ্য  
নিষিদ্ধ*

[16:115] He only prohibits for you dead  
animals, blood, the meat of pigs,\* and food  
which is dedicated to other than GOD. If one is  
forced (*to eat these*), without being deliberate  
or malicious, then GOD is Forgiver, Most  
Merciful.

১৬/১১৫ তিনি শুধু তোমাদের জন্য নিষিদ্ধ করেন  
মৃত পশু, রক্ত, শূকরের মাংস, এবং যে  
খাদ্য আল্লাহ ছাড়া অন্য কারো প্রতি উৎসর্গ করা  
হয়। যদি কেউ (*এগুলো খেতে*) বাধ্য হয়,  
ইচ্ছাকৃত বা বিদ্বেষপরায়ন না হয়ে, তবে আল্লাহ  
ক্ষমাশীল, পরম করুণাময়।

*\*16:115 & 118 The most devastating  
trichinosis parasite, Trichinella spiralis, (also  
the pork tapeworm Taenia solium) survives in  
the meat of pigs, not the fat. More than  
150,000 people are infected annually in the  
United States. See 6:145-146, and Appendix  
16.*

[16:116] You shall not utter lies with your own  
tongues stating: "This is lawful, and this is  
unlawful," to fabricate lies and attribute them  
to GOD. Surely, those who fabricate lies and  
attribute them to GOD will never succeed.



১৬/১১৬ তোমাদের নিজ মুখে তোমরা মিথ্যা বলবে না এ বলে যেঃ “এটা আইনসম্মত, এবং এটা বেআইনী, ”মিথ্যা বানাতে এবং তা আল্লাহর প্রতি আরোপ করতে। নিশ্চয়, যারা মিথ্যা বানায় এবং তা আল্লাহর প্রতি আরোপ করে তারা কখনো সফল হবে না।

[16:117] They enjoy briefly, then suffer painful retribution.

১৬/১১৭ তারা সাময়িক উপভোগ করে, এরপর ভোগ করে যন্ত্রণাদায়ক শাস্তি।

[16:118] For the Jews, we prohibited what we narrated to you previously.\* It was not us who wronged them; they are the ones who wronged their own souls.

১৬/১১৮ ইহুদীদের জন্য, আমরা নিষিদ্ধ করেছিলাম পূর্বে যা তোমার কাছে আমরা বর্ণনা করেছি। তাদের ক্ষতি আমাদের দ্বারা হয়নি; তারাই তাদের নিজ আত্মার ক্ষতি করেছিল।

\*16:115 & 118 The most devastating trichinosis parasite, *Trichinella spiralis*, (also the pork tapeworm *Taenia solium*) survives in the meat of pigs, not the fat. More than 150,000 people are infected annually in the United States. See 6:145-146, and Appendix 16.

[16:119] Yet, as regards those who fall in sin out of ignorance then repent thereafter and reform, your Lord, after this is done, is Forgiver, Most Merciful.

১৬/১১৯ তা সত্ত্বেও, তাদের ক্ষেত্রে যারা অজ্ঞতাভাষত পাপে পতিত হয় এরপর অনুশোচনা করে ও সংশোধিত হয়, তোমার পালনকর্তা, এসবের পর, ক্ষমাশীল, পরম দয়ালু।

Abraham  
ইব্রাহীম

[16:120] Abraham was indeed an exemplary vanguard in his submission to GOD, a monotheist who never worshiped idols.

১৬/১২০ ইব্রাহীম নিশ্চয়ই আল্লাহর কাছে তার আত্মসমর্পণে ছিল এক দৃষ্টান্তমূলক অগ্রদূত, একজন একেশ্বরবাদী যে কখনও অংশীদার উপাসনা করেনি।

[16:121] Because he was appreciative of His Lord's blessings, He chose him and guided him in a straight path

১৬/১২১ যেহেতু সে তার প্রভুর অনুগ্রহের প্রতি কৃতজ্ঞ ছিল, তিনি তাকে পছন্দ করেছিলেন এবং তাকে পরিচালিত করেছিলেন এক সরল পথে।

[16:122] We granted him happiness in this life, and in the Hereafter he will be with the righteous.

১৬/১২২ এই জীবনে আমরা তাকে সুখ দান করেছিলাম, এবং পরকালে সে সৎকর্মশীলদের সাথে থাকবে।

Muhammad:

A Follower of Abraham\*

মুহাম্মদঃ

ইব্রাহিমের একজন অনুসারী

[16:123] Then we inspired you (Muhammad) to follow the religion of Abraham,\* the monotheist; he never was an idol worshiper.

১৬/১২৩ এরপর (হে মুহাম্মদ) তোমাকে আমরা ইব্রাহিমের ধর্ম অনুসরণ করতে অনুপ্রাণিত করেছিলাম, একেশ্বরবাদী, সে কখনও অংশীদার উপাসক ছিল না।

\*16:123 This informs us that all religious practices, which came to us through Abraham, were intact at the time of Muhammad (see 22:78 and Appendix 9).

The Sabbath Abrogated

বিশ্রাম বার রহিত

[16:124] The Sabbath was decreed only for those who ended up disputing it (Jews & Christians). Your Lord is the One who will judge them on the Day of Resurrection regarding their disputes.

১৬/১২৪ বিশ্রাম বার শুধু ওদের জন্য জারি হয়েছিল শেষ পর্যন্ত যারা এতে কলহ করেছিল (ইহুদী এবং খ্রিষ্টানরা)। তোমার প্রভুই সেই সত্ত্বা যিনি পুনরুত্থান দিনে তাদের কলহের বিষয়ে তাদের বিচার করবেন।

How to Spread God's Message

কিভাবে আল্লাহর বার্তা ছড়িয়ে দিতে হয়

[16:125] You shall invite to the path of your Lord with wisdom and kind enlightenment, and debate with them in the best possible manner. Your Lord knows best who has strayed from His path, and He knows best who the guided ones are.

১৬/১২৫ তুমি তোমার প্রভুর পথে প্রজ্ঞা ও সদয় জ্ঞানালোক দিয়ে আমন্ত্রন করবে, এবং তাদের সাথে বিতর্ক করবে সম্ভাব্য সর্বোত্তম পন্থায়। তোমার প্রভু সবথেকে ভালো জানেন কে তার পথ থেকে বিচ্যুত হয়েছে, এবং তিনি সবথেকে ভালো জানেন কারা সুপথপ্রাপ্ত।

[16:126] And if you punish, you shall inflict an equivalent punishment. But if you resort to patience (instead of revenge), it would be better for the patient ones.

১৬/১২৬ এবং যদি তোমরা শাস্তি দাও, তোমরা সমতুল্য শাস্তি আরোপ করবে। কিন্তু যদি তোমরা ধৈর্য ধারণ করো, এটি উত্তম হবে ধৈর্যশীলদের জন্য।

[16:127] You shall resort to patience—and your patience is attainable only with GOD's help. Do not grieve over them, and do not be annoyed by their schemes.

১৬/১২৭ তুমি ধৈর্য ধারণ করবে- এবং একমাত্র আল্লাহর সাহায্য দিয়ে তোমার ধৈর্য ধারণ সম্ভব। তাদের জন্য পরিতাপ করো না, এবং তাদের চক্রান্তে বিরক্ত হইও না।

[16:128] GOD is with those who lead a righteous life, and those who are charitable.

১৬/১২৮ আল্লাহ তাদের সাথে আছেন যারা সৎ জীবন- যাপন করে, এবং যারা দানশীল।

## Sura 17, The Children of Israel (Bani Israel)

সুরা ১৭, ইসরাইলের সন্তানেরা (বনী ইসরাইল)

[17:0] In the name of God, Most Gracious, Most Merciful

১৭/০ পরম করুণাময়, পরম দয়ালু আল্লাহর নামে।

[17:1] Most glorified is the One who summoned His servant (Muhammad) during the night, from the Sacred Masjid (of Mecca) to the farthest place of prostration,\* whose surroundings we have blessed, in order to show him some of our signs. He is the Hearer, the Seer.

১৭/১ সর্বাধিক মহিমান্বিত সেই সত্ত্বা যিনি তাঁর বান্দা (মুহাম্মদ)- কে রাতের বেলায় তলব করেছিলেন, পবিত্র মসজিদ (মক্কা) থেকে সেজদার সবচেয়ে দূরতম স্থানে, যার চারপাশকে আমরা বরকতময় করেছি, তাকে আমাদের কিছু নিদর্শন দেখানোর জন্য। তিনি শ্রবণকারী, দর্শনকারী।

\*17:1 "The Aqsa Masjid" means "the farthest place where there is prostration," many billions of Light Years away. This verse informs us that Muhammad, the soul, was taken to the highest Heaven to be given the Quran (2:185, 44:3, 53:1-18, & 97:1).

[17:2] Similarly, we gave Moses the scripture, and rendered it a beacon for the Children of Israel that: "You shall not set up any idol as a Lord and Master beside Me."

১৭/২ একইভাবে, আমরা মুসাকে ঐশীগ্রন্থ দিয়েছিলাম, এবং একে ইসরাইলের সন্তানদের জন্য একটি আলোকবর্তিকা করেছিলাম যেঃ “প্রভু এবং মনিব হিসাবে তোমরা আমার পাশে কোন অংশীদার স্থাপন করবে না”।

[17:3] They are descendants of those whom we carried with Noah; he was an appreciative servant.

১৭/৩ তারা ছিল তাদের বংশধর যাদেরকে আমরা নুহের সাথে বহন করেছিলাম; সে ছিল একজন কৃতজ্ঞ বান্দা।

[17:4] We addressed the Children of Israel in the scripture: "You will commit gross evil on

earth, twice. You are destined to fall into great heights of arrogance.

১৭/৪ আমরা ঐশীগ্রন্থে ইসরাইলের সন্তানদের উদ্দেশ্যে বলেছিলামঃ “তোমরা পৃথিবীতে ঘোর পাপে লিপ্ত হবে, দু' বার। ঔদ্ধত্যের চরম শিখরে পতিত হওয়া হচ্ছে তোমাদের নিয়তি।

[17:5] "When the first time comes to pass, we will send against you servants of ours who possess great might, and they will invade your homes. This is a prophecy that must come to pass.

১৭/৫ “প্রথমবার যখন আসে, আমরা তোমাদের বিরুদ্ধে আমাদের বান্দাদের পাঠাবো যারা বিশাল শক্তির অধিকারী, এবং তারা তোমাদের ঘরে হানা দিবে। এটি একটি ভবিষ্যদ্বানী যা অবশ্যই ঘটবে।

[17:6] "Afterwards, we will give you a turn over them, and will supply you with a lot of wealth and children; we will give you the upper hand.

১৭/৬ “পরবর্তীকালে, আমরা তাদের উপর তোমাদের পালা ঘুরিয়ে দেবো, এবং তোমাদের প্রচুর সম্পদ ও সন্তান দেবো; আমরা তোমাদের কর্তৃত্ব দেবো।

[17:7] "If you work righteousness, you work righteousness for your own good, but if you commit evil you do so to your own detriment. Thus, when the second time comes to pass, they will defeat you and enter the mosque (masjid), just as they did the first time. They will wipe out all the gains you had accomplished."

১৭/৭ “যদি তোমরা সৎ- কর্ম করো, তোমরা সৎ- কর্ম করো নিজেদের ভালোর জন্যই, কিন্তু যদি তোমরা মন্দ- কর্ম করো তা নিজেদের ক্ষতির জন্যই করো। সুতরাং, যখন দ্বিতীয় ক্ষণটি আসে, তারা তোমাদের পরাজিত করবে এবং মসজিদে ঢুকবে, ঠিক যেরকম তারা প্রথমবার করেছিল। তারা তোমাদের সম্পন্ন করা সকল অর্জন মুছে ফেলবে।

[17:8] Your Lord showers you with His mercy. But if you revert to transgression, we will counter with retribution. We have designated Gehenna as a final abode for the disbelievers.

১৭/৮ তোমাদের প্রভু তোমাদের প্রতি তাঁর দয়া বর্ষণ করেন। কিন্তু যদি তোমরা সীমালঙ্ঘনে ফিরে যাও, আমরা বিপরীতে শাস্তি দেবো।

আমরা জাহান্নামকে অবিশ্বাসীদের জন্য চূড়ান্ত বাসস্থান হিসাবে নির্ধারণ করেছি।

*Quran: Our Means to Salvation*

*কোরানঃ আমাদের মুক্তির উপায়*

[17:9] This Quran guides to the best path, and brings good news to the believers who lead a righteous life, that they have deserved a great recompense.

১৭/৯ এই কোরআন সর্বোত্তম পথ প্রদর্শন করে, এবং সুসংবাদ নিয়ে আসে বিশ্বাসীদের কাছে যারা সৎ- জীবন যাপন করে, যে তারা এক মহা পুরস্কারের যোগ্য হয়েছে।

[17:10] As for those who disbelieve in the Hereafter, we have prepared for them a painful retribution.

১৭/১০ আর তাদের ক্ষেত্রে যারা পরকালে অবিশ্বাস করে, আমরা তাদের জন্য এক যন্ত্রণাদায়ক শাস্তি প্রস্তুত রেখেছি।

[17:11] The human being often prays for something that may hurt him, thinking that he is praying for something good. The human being is impatient.

১৭/১১ মানুষ প্রায়ই প্রার্থনা করে এমন কিছুর জন্য যা হয়তো তাকে কষ্ট দিবে, এই ভেবে যে সে ভালো কিছু প্রার্থনা করছে। মানুষ ধৈর্যহীন।

[17:12] We rendered the night and the day two signs. We made the night dark, and the day lighted, that you may seek provisions from your Lord therein. This also establishes for you a timing system, and the means of calculation. We thus explain everything in detail.

১৭/১২ রাত ও দিনকে আমরা দু' টি নিদর্শন হিসেবে উপস্থাপন করেছি। রাতকে আমরা করেছি অন্ধকার, এবং দিনকে আলোকিত, যাতে তোমরা তাতে তোমাদের প্রভুর কাছ থেকে খাদ্যসামগ্রী অন্বেষণ করতে পারো। এটি তোমাদের জন্য একটি সময় নির্ধারণ পদ্ধতিও প্রতিষ্ঠা করে, এবং হিসাবের উপায়। আমরা এভাবে সবকিছু বিস্তারিত ব্যাখ্যা করি।

*The Video Tape\**

*ভিডিও টেপ*

[17:13] We have recorded the fate of every human being; it is tied to his neck. On the Day of Resurrection we will hand him a record that is accessible.

১৭/১৩ আমরা প্রত্যেক মানুষের ভাগ্য রেকর্ড করেছি; এটি তার গলায় আটকানো। পুনরুত্থান দিনে আমরা তার হাতে একটি রেকর্ড দেবো যাতে প্রবেশ করা যায়।

*\*17:13 Your life is already recorded, as if on a video tape, from birth to death. This same record will be made accessible to us upon resurrection. See 57:22 & Appendix 14.*

[17:14] Read your own record. Today, you suffice as your own reckoner.

১৭/১৪ পড়ো তোমার নিজের রেকর্ড। আজ, তুমি নিজেই নিজের হিসাবনিকাশের জন্য যথেষ্ট।

[17:15] Whoever is guided, is guided for his own good, and whoever goes astray does so to his own detriment. No sinner will bear the sins of anyone else. We never punish without first sending a messenger.

১৭/১৫ যেকেউ সুপথপ্রাপ্ত, তার নিজের ভালোর জন্যই সুপথপ্রাপ্ত, এবং যেকেউ বিপথে যায় তার নিজের ক্ষতির জন্যই যায়। কোন পাপী অন্য কারো পাপ বহন করবে না। আমরা কখনোই শাস্তি দেই না আগে কোন বার্তাবাহক না পাঠিয়ে।

[17:16] If we are to annihilate any community, we let the leaders commit vast corruption therein. Once they deserve retribution, we annihilate it completely.

১৭/১৬ যদি আমাদেরকে কোন সম্প্রদায় ধ্বংস করতে হয়, সেখানে আমরা নেতাদের ব্যাপক দুর্নীতি করতে দেই। যখনই তারা শাস্তির যোগ্য হয়, আমরা একে পুরোপুরি ধ্বংস করি।

[17:17] Many a generation have we annihilated after Noah. Your Lord is most efficient in dealing with the sins of His servants; He is fully Cognizant, Seer.

১৭/১৭ নুহের পর আমরা অনেক প্রজন্ম ধ্বংস করেছি। তোমার প্রভু তাঁর বান্দাদের পাপের বোঝাপড়ায় সবচেয়ে দক্ষ। তিনি পূর্ণ জ্ঞাত, দ্রষ্টা।

*Choose Your Priorities Carefully*

*This Life*

*এই জীবনে*

*আপনার অগ্রাধিকারগুলো সতর্কতার সাথে পছন্দ করুন*

[17:18] Anyone who chooses this fleeting life as his priority, we will rush to him what we decide to give him, then we commit him to Gehenna, where he suffers forever, despised and defeated.

১৭/১৮ যেকেউ এই ক্ষণস্থায়ী জীবনকে তার অগ্রাধিকার হিসাবে পছন্দ করে, আমরা তাকে দ্রুত দিয়ে দেবো যা আমরা তাকে দেয়ার সিদ্ধান্ত নেই, এরপর আমরা তাকে জাহান্নামে ছেড়ে দেবো, যেখানে সে চিরকাল যন্ত্রণা ভোগ করে, ঘৃণিত ও পরাজিত হয়ে।

*The Hereafter*  
*পরকাল*

[17:19] As for those who choose the Hereafter as their priority, and work righteousness, while believing, their efforts will be appreciated.

১৭/১৯ তাদের ক্ষেত্রে যারা পরকালকে তাদের অগ্রাধিকার হিসাবে পছন্দ করে, এবং সৎকর্ম করে, বিশ্বাসী অবস্থায়, তাদের প্রচেষ্টার সমাদর করা হবে।

[17:20] For each one of them we provide; we provide those and these from your Lord's bounties. Your Lord's bounties are inexhaustible.

১৭/২০ আমরা তাদের প্রত্যেককে প্রদান করি; আমরা প্রদান করি ওদেরকে এবং এদেরকে তোমার প্রভুর উদার দান থেকে। তোমার প্রভুর উদার দানশীলতা অফুরন্ত।

[17:21] Note how we preferred some people above others (*in this life*). The differences in the Hereafter are far greater and far more significant.

১৭/২১ লক্ষ্য করো কেমন করে (*এই দুনিয়াতে*) কিছু লোককে আমরা অন্য লোকদের চেয়ে পছন্দ করি। পরকালে এই পার্থক্য অনেক বিশাল এবং অনেক বেশি তাৎপর্য পূর্ণ।

*Major Commandments*  
*মূখ্য প্রত্যাদেশাবলী*

[17:22] You shall not set up any other god beside GOD, lest you end up despised and disgraced.

১৭/২২ তোমরা আল্লাহর পাশে অন্য কোন উপাস্য স্থাপন করবে না, পাছে তোমরা ঘৃণিত এবং অপদস্থ হয়ে পড়ো।

[17:23] Your Lord has decreed that you shall not worship except Him, and your parents shall be honored. As long as one or both of them live, you shall never say to them, "Uff" (*the slightest gesture of annoyance*), nor shall you shout at them; you shall treat them amicably.

১৭/২৩ তোমার প্রভু হুকুম জারি করেছেন যে তোমরা তাকে ব্যতিত কারো উপাসনা করবে না, এবং তোমাদের পিতা-মাতার সম্মান করবে। যতকাল তাদের একজন বা উভয়জন বেঁচে থাকে, তোমরা কখনো তাদেরকে (*বিরক্তির নূন্যতম প্রকাশ*) 'উহ' শব্দটি বলবে না, না তোমরা তাদের সাথে চিৎকার-চৌচামেচি করবে; তোমরা তাদের সাথে অমায়িক আচরণ করবে।

[17:24] And lower for them the wings of humility, and kindness, and say, "My Lord, have mercy on them, for they have raised me from infancy."

১৭/২৪ এবং তাদের জন্য বিনয়, এবং দয়ার বাহু বাড়িয়ে দাও, এবং বল, "আমার প্রভু, তাদের প্রতি দয়া করুন, কারণ তারা আমাকে শৈশব থেকে লালন-পালন করেছেন"।

[17:25] Your Lord is fully aware of your innermost thoughts. If you maintain righteousness, He is Forgiver of those who repent.

১৭/২৫ তোমাদের প্রভু তোমাদের গভীরতম চিন্তাগুলো সম্পর্কে পূর্ণ অবগত। যদি তোমরা সততা বজায় রাখো, তিনি তাদের প্রতি ক্ষমাশীল যারা অনুশোচনা করে।

[17:26] You shall give the due alms to the relatives, the needy, the poor, and the traveling alien, but do not be excessive, extravagant.

১৭/২৬ তোমরা আত্মীয়-স্বজন, অভাবী, গরিব এবং মুসাফিরদের প্রাপ্য দান দেবে, কিন্তু অতিরিক্ত করো না, অপচয়কারী হয়ো না।

[17:27] The extravagant are brethren of the devils, and the devil is unappreciative of his Lord.

১৭/২৭ অপচয়কারী শয়তানে ভাই, এবং শয়তান তার প্রভুর প্রতি অকৃতজ্ঞ।

[17:28] Even if you have to turn away from them, as you pursue the mercy of your Lord, you shall treat them in the nicest manner.

১৭/২৮ এমনকি যদি তোমাকে তাদের কাছ থেকে মুখ ফিরিয়ে নিতে হয়, তুমি যেহেতু তোমার প্রভুর দয়া অন্বেষণ করো, তুমি তাদের সাথে অত্যন্ত সুন্দর ব্যবহার করবে।

#### *Stinginess Condemned*

#### *কৃপণতা নিন্দনীয়*

[17:29] You shall not keep your hand stingily tied to your neck, nor shall you foolishly open it up, lest you end up blamed and sorry.

১৭/২৯ তুমি কৃপণতায় তোমার হাত গলায় বেধে রাখবে না, না তুমি বোকামির মতো তা খুলে রাখবে, পাছে তুমি দোষী ও দুঃখিত হয়ে পড়ো।

[17:30] For your Lord increases the provision for anyone He chooses, and reduces it. He is fully Cognizant of His creatures, Seer.

১৭/৩০ কারন তোমার প্রভু জীবিকা বাড়িয়ে দেন যার জন্য তিনি পছন্দ করেন, এবং তা কমিয়ে দেন। তিনি তাঁর সৃষ্টিকূলের ব্যাপারে পূর্ণ অবগত, দ্রষ্টা।

#### *Abortion is Murder*

#### *গর্ভপাত মানে হত্যা*

[17:31] You shall not kill your children due to fear of poverty. We provide for them, as well as for you. Killing them is a gross offense.

১৭/৩১ দারিদ্রতার ভয়ে তোমরা তোমাদের সন্তানদের হত্যা করবে না। আমরা প্রদান করি তাদের জন্য, সেই সাথে তোমাদের জন্য। তাদের হত্যা করা একটি গুরুতর অপরাধ।

[17:32] You shall not commit adultery; it is a gross sin, and an evil behavior.

১৭/৩২ তোমরা ব্যভিচার করবে না; এটি এক মহা পাপ, এবং শয়তানি আচরণ।

[17:33] You shall not kill any person—for GOD has made life sacred—except in the course of justice. If one is killed unjustly, then we give his heir authority to enforce justice. Thus, he shall not exceed the limits in avenging the murder, he will be helped.

১৭/৩৩ তোমরা কোন লোককে হত্যা করবে না- কারন আল্লাহ জীবনকে পবিত্র করেছেন- বিচার প্রক্রিয়া ব্যতীত। যদি কেউ অন্যায় ভাবে খুন হয়, তখন আমরা তার উত্তরাধিকারীকে বিচার প্রয়োগের কর্তৃত্ব দেই। সুতরাং, সে খুনের প্রতিশোধ নিতে সীমা অতিক্রম করবে না, সে সাহায্য প্রাপ্ত হবে।

[17:34] You shall not touch the orphans' money except for their own good, until they reach maturity. You shall fulfill your covenants, for a covenant is a great responsibility.

১৭/৩৪ তোমরা এতিমের অর্থ তাদের নিজেদের মঙ্গলের জন্য ছাড়া স্পর্শ করবে না, যতক্ষণ না তারা পরিণত বয়সে পৌঁছে। তোমরা তোমাদের অঙ্গীকার পূর্ণ করবে, কারণ অঙ্গীকার এক বিশাল দায়িত্ব।

[17:35] You shall give full measure when you trade, and weigh equitably. This is better and more righteous.

১৭/৩৫ তোমরা পূর্ণ পরিমাপ দেবে যখন তোমরা বেচাকেনা করো, এবং সঠিক ওজন করবে। এটি উত্তম এবং অধিক ন্যায্যপারায়ণ।

#### *Crucial Advice*

#### *গুরুত্বপূর্ণ উপদেশ*

[17:36] You shall not accept any information, unless you verify it for yourself. I have given you the hearing, the eyesight, and the brain, and you are responsible for using them.

১৭/৩৬ তোমরা কোন তথ্য গ্রহণ করবে না, যদি না তুমি নিজে তা যাচাই করো। আমি তোমাকে দিয়েছি শ্রবণশক্তি, দৃষ্টিশক্তি, এবং মস্তিষ্ক, এবং তুমি সেগুলো ব্যবহারের জন্য দায়ী।

[17:37] You shall not walk proudly on earth — you cannot bore through the earth, nor can you be as tall as the mountains.

১৭/৩৭ তুমি গর্বভরে পৃথিবীতে চলবে না- তুমি পৃথিবী ছেদ করতে পারবে না, না তুমি পারবে উচ্চতায় পর্বত সমান হতে।

[17:38] All bad behavior is condemned by your Lord.

১৭/৩৮ সকল খারাপ আচরণ তোমার প্রভুর দ্বারা নিন্দিত।

*Quran Is Wisdom*  
*কোরআন হল প্রজ্ঞা*

[17:39] This is some of the wisdom inspired to you by your Lord. You shall not set up another god beside GOD, lest you end up in Gehenna, blamed and defeated.

১৭/৩৯ এগুলো হচ্ছে তোমার কাছে তোমার প্রভুর প্রত্যাদিষ্ট কিছু প্রজ্ঞা/ জ্ঞান। তুমি আল্লাহর পাশে অন্য উপাস্য স্থাপন করবে না, পাছে শেষ পর্যন্ত তুমি জাহান্নামে যাও, দোষী এবং পরাজিত হয়ে।

[17:40] Has your Lord given you boys, while giving Himself the angels as daughters?! How could you utter such a blasphemy?

১৭/৪০ তোমাদের প্রভু কি তোমাদের পুত্র দিয়েছেন, যখন নিজেদের দিয়েছেন কন্যা হিসাবে স্বর্গ-দূতদের? কিভাবে তোমরা এমন মিথ্যারোপ করো?

[17:41] We have cited in this Quran (all kinds of examples), that they may take heed. But it only augments their aversion.

১৭/৪১ আমরা এই কোরআনে উল্লেখ করেছি (সকল প্রকার উদাহরণ), যাতে তারা সতর্ক হতে পারে। অথচ এটি তাদের বিমুখতাই বাড়িয়ে দেয়।

[17:42] Say, "If there were any other gods beside Him, as they claim, they would have tried to overthrow the Possessor of the throne.

১৭/৪২ বল, “যদি তাঁর পাশে অন্য উপাস্যরা থাকতো, যেমন তারা দাবী করে, তারা সিংহাসনের অধিকারীকে পরাস্ত করার চেষ্টা করতো।

[17:43] Be He glorified, He is much too exalted, far above their utterances.

১৭/৪৩ মহিমা তাঁরই, তিনি অত্যন্ত প্রশংসিত, তাদের কথার অনেক উর্ধ্বে।

*Everything Glorifies God*  
*সবকিছু আল্লাহরে গুনকীর্তন করে*

[17:44] Glorifying Him are the seven universes, the earth, and everyone in them. There is nothing that does not glorify Him, but

you do not understand their glorification. He is Clement, Forgiver.

১৭/৪৪ তাঁর গুনকীর্তন করে সাত মহাবিশ্ব, পৃথিবী, এবং তাদের মধ্যকার সকলে। এমন কিছু নেই যা তাঁর গুনকীর্তন করে না, কিন্তু তোমরা তাদের গুনকীর্তন বুঝ না। তিনি সহনশীল, ক্ষমাকারী।

*Disbelievers Cannot Understand Quran*  
*অবিশ্বাসীরা কোরআন বুঝতে পারে না*

[17:45] When you read the Quran, we place between you and those who do not believe in the Hereafter an invisible barrier.

১৭/৪৫ যখন তুমি কোরআন পাঠ করো, আমরা তোমার এবং তাদের মাঝে এক অদৃশ্য অন্তরায় রেখে দেই যারা পরকালে বিশ্বাস করে না।

*Quran: The ONLY Source*  
*কোরআন – একমাত্র উৎস*

[17:46] We place shields around their minds, to prevent them from understanding it, and deafness in their ears. And when you preach your Lord, using the Quran alone,\* they run away in aversion.

১৭/৪৬ আমরা তাদের মনের চারপাশে প্রতিরোধক রাখি, এটি বুঝা থেকে তাদের বাধা দিতে, এবং তাদের কানে দেই বধিরতা। এবং যখন তুমি তোমার প্রভুর কথা প্রচার করো, শুধুমাত্র কোরআনের মাধ্যমে, তারা বিরক্তি নিয়ে পালিয়ে যায়/কেটে পড়ে।

\*17:46 The Arabic word "alone" refers to God in 7:70, 39:45, 40:12 & 84, and 60:4. If you add these numbers, you get 361, 19x19. But if you include 17:46, which refers to the Quran, the product is not a multiple of 19. "Alone," therefore refers to the Quran in 17:46 (Appendix 18).

[17:47] We are fully aware of what they hear, when they listen to you, and when they conspire secretly—the disbelievers say, "You are following a crazy man."

১৭/৪৭ আমরা পূর্ণ অবগত আছি কি তারা শোনে, যখন তারা তোমার দিকে মনোযোগ দেয়, এবং যখন তারা গোপনে চক্রান্ত করে-

অবিশ্বাসীরা বলে, “তোমরা এক পাগল লোককে অনুসরণ করছ”।

[17:48] Note how they describe you, and how this causes them to stray off the path.

১৭/৪৮ লক্ষ্য করো কেমন করে তারা তোমার বর্ণনা করে, এবং কেমন করে এটি তাদেরকে পথ থেকে সরিয়ে দেয়।

[17:49] They said, "After we turn into bones and fragments, we get resurrected anew?!"

১৭/৪৯ তারা বলে, “আমরা হাড় এবং খণ্ডিত অংশে পরিণত হবার পর, আমরা কি নতুন করে পুনরুত্থিত হব?”

[17:50] Say, "Even if you turn into rocks or iron.

১৭/৫০ বল, “এমনকি যদিও তোমরা পাথর বা লোহা হয়ে যাও।

[17:51] "Even if you turn into any kind of creation that you deem impossible." They will then say, "Who will bring us back?" Say, "The One who created you in the first place." They will then shake their heads and say, "When will that be?" Say, "It may be closer than you think."

১৭/৫১ এমনকি যদি তোমরা পরিণতও হও এমন কোন সৃষ্টিতে যা তোমরা অসম্ভব বিবেচনা করো। “তারা তখন বলবে, “কে আমাদের ফিরিয়ে আনবে?” বল, “সেই সত্তা যিনি তোমাদের প্রথমবার সৃষ্টি করেছিলেন”। তারা এরপর তাদের মাথা নাড়াবে এবং বলবে, “সেটা কখন হবে?” বল, “এটি হতে পারে তোমরা যা মনে করো তার চেয়ে নিকটবর্তী।

[17:52] The day He summons you, you will respond by praising Him, and you will then realize that you had lasted in this life but a short while.

১৭/৫২ যেদিন তিনি তোমাদের তলব করবেন, তোমরা সাড়া দেবে তাঁর প্রশংসা দিয়ে, এবং তোমরা তখন উপলব্ধি করবে যে তোমরা এই জীবনে খুব কম সময়েই ছিলে।

*Treat Each Other Amicably*  
পরস্পর সৌহার্দ্যপূর্ণ ব্যবহার করুন

[17:53] Tell My servants to treat each other in the best possible manner, for the devil will

always try to drive a wedge among them. Surely, the devil is man's most ardent enemy. ১৭/৫৩ আমার বান্দাদের বল পরস্পরের সাথে সম্ভাব্য সর্বোত্তম ব্যবহার করতে, কারন শয়তান সব সময় তাদের মধ্যে বিভেদ চালানোর চেষ্টা করবে। নিশ্চয়, শয়তান মানুষের সবচেয়ে ঘোর শত্রু।

[17:54] Your Lord knows you best. According to His knowledge, He may shower you with mercy, or He may requite you. We did not send you to be their advocate.

১৭/৫৪ তোমাদের প্রভু তোমাদের সর্বোত্তম জানেন। তার জ্ঞানানুসারে, তিনি তোমাদের উপর দয়া বর্ষণ করতে পারেন, অথবা তিনি হয়তো তোমাদের শাস্তি দিবেন। আমরা তোমাকে তাদের উকিল হতে পাঠাইনি।

[17:55] Your Lord is the best knower of everyone in the heavens and the earth. In accordance with this knowledge, we preferred some prophets over others. For example, we gave David the Psalms.

১৭/৫৫ তোমার প্রভু আকাশমণ্ডলী ও পৃথিবীর মধ্যকার সকলের বিষয়ে সর্বোত্তম জানেন। এই জ্ঞান অনুযায়ী, আমরা কিছু নবীকে অন্যদের থেকে পছন্দ করেছিলাম। উদাহরণ স্বরূপ, আমরা দাউদকে যবুর দিয়েছিলাম।

[17:56] Say, "Implore whatever idols you have set up beside Him." They have no power to relieve your afflictions, nor can they prevent them.

১৭/৫৬ বল, “মিনতি কর সেসব উপাস্যদের কাছে তোমরা তাঁর পাশে যাদের স্থাপন করেছ”। তোমাদের দুর্দশা দূর করার কোন শক্তি তাদের নেই, না তারা সেগুলো ঠেকাতে পারে।

*The Righteous Idols*  
*Worship God Alone*  
সৎ- কর্মী উপাস্যরা  
কেবল আল্লাহর উপাসনা করে

[17:57] Even the idols that they implore are seeking the ways and means towards their Lord. They pray for His mercy, and fear His retribution. Surely, the retribution of your Lord is dreadful.

১৭/৫৭ এমনকি যাদের কাছে তারা মিনতি করে সেই উপাস্যরা তাদের প্রভুর নিকটবর্তী হবার



পথ ও উপায় খুঁজছে। তারা তাঁর দয়ার জন্য প্রার্থনা করে, এবং তাঁর শাস্তির ভয় করে। নিশ্চয়, তোমার প্রভুর শাস্তি ভয়াবহ।

[17:58] There is not a community that we will not annihilate before the Day of Resurrection, or inflict severe retribution upon them. This is already written down in the book.

১৭/৫৮ এমন কোন সম্প্রদায় নেই যে আমরা পুনরুত্থান দিনের আগে ধ্বংস করবো না, কিংবা তাদের উপর কঠোর শাস্তি আরোপ করবো না। এটি ইতোমধ্যেই বইয়ে লেখা আছে।

*Old Kind of Miracles*

*Made Obsolete*

*পুরানো অলৌকিকতাগুলোর*

*লুপ্ত করা হয়েছে*

[17:59] What stopped us from sending the miracles is that the previous generations have rejected them. For example, we showed Thamûd the camel, a profound (*miracle*), but they transgressed against it. We sent the miracles only to instill reverence.

১৭/৫৯ অলৌকিকতা পাঠানো থেকে যা আমাদের নিবৃত্ত করেছিল তা হলো আগের প্রজন্মারা সেগুলো প্রত্যাখ্যান করেছে। উদাহরণ স্বরূপ, আমরা সামুদকে উট দেখিয়েছিলাম, এক প্রগাঢ় (*অলৌকিকতা*), কিন্তু তারা এর বিরুদ্ধে সীমাতিক্রম করেছিল। আমরা কেবল ভক্তি সঞ্চয়ের জন্য অলৌকিকতাগুলো পাঠিয়েছিলাম।

[17:60] We informed you that your Lord fully controls the people, and we rendered the vision that we showed you a test for the people, and the tree that is accursed in the Quran.\* We showed them solid proofs to instill reverence in them, but this only augmented their defiance.

১৭/৬০ আমরা তোমাকে জানিয়েছিলাম যে তোমার প্রভু লোকদের পূর্ণরূপে নিয়ন্ত্রণ করেন, এবং আমরা সেই দৃশ্য উপস্থাপন করেছিলাম যা আমরা তোমাকে দেখিয়েছিলাম, যা লোকদের জন্য একটি পরীক্ষা, এবং সেই গাছ যা কোরআনে অভিসপ্ত। আমরা তাদের মধ্যে ভক্তি সঞ্চয়ের জন্য তাদেরকে দৃঢ় প্রমাণ দেখিয়েছিলাম, কিন্তু এটি শুধু তাদের অবাধ্যতা বাড়িয়েছে।

\*17:60 Muhammad's journey to the highest heaven to receive the Quran, as stated in 17:1 and 53:1-18, is a test because the people had to believe Muhammad on faith.

*Satan Dupes the People*

*শয়তান লোকদের ধোঁকা দেয়*

[17:61] When we said to the angels, "Fall prostrate before Adam," they fell prostrate, except Satan. He said, "Shall I prostrate to one You created from mud?"

১৭/৬১ যখন আমরা ফেরেশতাদের বললাম, “আদমের সামনে সেজদাবনত হও”। তারা সেজদাবনত হলো, শয়তান ছাড়া। সে বলল, “আমি কি তার প্রতি সেজদা করবো যাকে আপনি কাঁদা থেকে সৃষ্টি করেছেন?”

[17:62] He said, "Since You have honored him over me, if You respite me till the Day of Resurrection, I will possess all his descendants, except a few."

১৭/৬২ সে বলল, “যেহেতু আপনি তাকে আমার উপর সন্মান দিয়েছেন, যদি আপনি আমাকে পুনরুত্থান দিন পর্যন্ত অবকাশ দেন, আমি তার বংশধরদের সকলকে নিয়ে নেব, সামান্য কিছু ছাড়া”।

[17:63] He said, "Then go; you and those who follow you will end up in Hell as your requital; an equitable requital."

১৭/৬৩ তিনি বললেন, “তবে যাও; তুমি এবং যারা তোমাকে অনুসরণ করবে তারা তোমাদের শাস্তি হিসাবে শেষ পর্যন্ত নরকে যাবে; এক ন্যায় সঙ্গত শাস্তি।

[17:64] "You may entice them with your voice, and mobilize all your forces and all your men against them, and share in their money and children, and promise them. Anything the devil promises is no more than an illusion."

১৭/৬৪ “তুমি পারো তোমার আওয়াজ দিয়ে তাদের প্রলুব্ধ করতে, এবং তোমার সব ক্ষমতা এবং সব লোক তাদের বিরুদ্ধে একত্রিত করতে, এবং তাদের অর্থ ও সন্তানাদিতে অংশীদার হতে, এবং তাদের অঙ্গীকার দিতে। যা কিছু শয়তান অঙ্গীকার করে তা মায়ায় চেয়ে বেশি কিছু নয়।

[17:65] "As for My servants, you have no power over them." Your Lord suffices as an advocate.

আমার বান্দাদের ক্ষেত্রে, তাদের উপর তোমার কোন ক্ষমতা নেই। তোমার প্রভু উকিল হিসেবে যথেষ্ট।

[17:66] Your Lord is the One who causes the ships to float on the ocean,\* that you may seek His bounties. He is Most Merciful towards you.

১৭/৬৬ তোমাদের প্রভুই সে সত্ত্বা যিনি জাহাজগুলোকে সাগরে ভাসিয়ে রাখেন, যাতে তোমরা তার অনুগ্রহ অন্বেষণ করতে পারো। তিনি তোমাদের প্রতি সবথেকে দয়ালু।

*\*17:66 We now learn from physics and physical chemistry that water possesses unique qualities that render it perfectly suitable for serving our various needs.*

*Bad Weather Friends  
বিপদের বন্ধুরা*

[17:67] If you are afflicted in the middle of the sea, you forget your idols and sincerely implore Him alone. But as soon as He saves you to the shore, you revert. Indeed, the human being is unappreciative.

১৭/৬৭ যদি তোমরা সমুদ্রের মাঝখানে দুর্দশাগ্রস্ত হও/ যদি তোমরা দুর্দশাগ্রস্ত হও মাঝ সমুদ্রে, তোমরা তোমাদের উপাস্যদের ভুলে যাও এবং মন থেকে শুধু তাঁর কাছে মিনতি করো। কিন্তু তিনি তোমাদের তীরে এনে রক্ষা করা মাত্রই তোমরা আগের অবস্থায় ফিরে যাও। আসলে, মানুষ অকৃতজ্ঞ।

[17:68] Have you guaranteed that He will not cause the land, on shore, to swallow you? Or, that He will not send upon you a tempest, then you find no protector?

১৭/৬৮ তোমরা কি নিশ্চয়তা প্রাপ্ত যে তিনি, তীরের উপরস্থ, ভূমিকে দিয়ে তোমাদেরকে গ্রাস করাবেন না? অথবা তিনি তোমাদের উপর কোন প্রবল ঝড় পাঠাবেন না, এরপর তোমরা কোন রক্ষাকারী না পাও?

[17:69] Have you guaranteed that He will not return you to the sea another time, then send upon you a storm that drowns you because of your disbelief? Once this happens, we will not give you another chance.

১৭/৬৯ তোমরা কি নিশ্চয়তা প্রাপ্ত যে আরেকবার তিনি তোমাদের সমুদ্রে ফিরিয়ে নিয়ে যাবেন না, এরপর তোমাদের উপর ঝড় পাঠাবেন না যা তোমাদের ডুবিয়ে মারবে তোমাদের অবিশ্বাসের কারণে? যখনই এটা ঘটবে, আমরা তোমাদের আর কোন সুযোগ দেবো না।

[17:70] We have honored the children of Adam, and provided them with rides on land

and in the sea. We provided for them good provisions, and we gave them greater advantages than many of our creatures.

১৭/৭০ আমরা আদমের সন্তানদের সন্মানিত করেছি, এবং তাদেরকে স্থলে ও সাগরে বাহন দিয়েছি। আমরা তাদের জন্য ভালো খাদ্যসামগ্রী দিয়েছি, এবং আমাদের অনেক সৃষ্টির থেকে আমরা তাদের অধিক সুবিধা দিয়েছি।

[17:71] The day will come when we summon every people, together with their record. As for those who are given a record of righteousness, they will read their record and will not suffer the least injustice.

১৭/৭১ সে দিন আসবে যখন আমরা সকল মানুষকে তলব করবো, তাদের রেকর্ড সহকারে। তাদের ক্ষেত্রে যাদেরকে সৎকর্মশীলতার রেকর্ড দেয়া হবে, তারা তাদের রেকর্ড পড়বে এবং সামান্যতম অবিচার ভোগ করবে না।

[17:72] As for those who are blind in this life, they will be blind in the Hereafter; even a lot worse.

১৭/৭২ আর তাদের ক্ষেত্রে যারা এই জীবনে অন্ধ, তারা পরকালেও অন্ধ হবে; এমনকি আরো অধিক মন্দ।

*God Strengthens the Messenger  
আল্লাহ বার্তাবাহকদের শক্তিশালী করেন*

[17:73] They almost diverted you from the revelations we have given you. They wanted you to fabricate something else, in order to consider you a friend.

১৭/৭৩ তারা তোমাকে আমাদের দেয়া প্রকাশনাবলী থেকে প্রায় সরিয়ে দিয়েছিল। তারা চেয়েছিল তুমি কিছু মিথ্যা উদ্ভাবন করো, যেন তোমাকে বন্ধু গন্য করা যায়।

[17:74] If it were not that we strengthened you, you almost leaned towards them just a little bit.

১৭/৭৪ যদি আমরা তোমাকে শক্তিশালী না করতাম, তুমি তাদের প্রতি খানিকটা বুকুই পড়েছিলে।

[17:75] Had you done that, we would have doubled the retribution for you in this life, and after death, and you would have found no one to help you against us.

১৭/৭৫ তুমি যদি তা করতে, আমরা তোমার জন্য শাস্তি দ্বিগুন করতাম এই জীবনে, এবং মৃত্যুর পর, এবং তুমি আমাদের বিরুদ্ধে তোমাকে সাহায্য করার জন্য কাউকে পেতে না।

[17:76] They almost banished you from the land to get rid of you, so they could revert as soon as you left.

১৭/৭৬ তারা তোমার কাছ থেকে মুক্তি পাওয়ার জন্য দেশ থেকে তোমাকে প্রায় নির্বাসিতই করেছিল, যাতে তুমি চলে যাওয়া মাত্র তারা আগের অবস্থায় ফিরে যেতে পারে।

[17:77] This has been consistently the case with all the messengers that we sent before you, and you will find that our system never changes.

১৭/৭৭ এটি সব বার্তাবাহকদের সাথে অনবরত ঘটে যাওয়া সেই একই ঘটনা যাদেরকে আমরা তোমার পূর্বে পাঠিয়েছিলাম, এবং তুমি দেখবে যে আমাদের নিয়ম কখনো পরিবর্তন হয় না।

#### *The Noon Prayer*

##### *দুপুরের প্রার্থনা*

[17:78] You shall observe the Contact Prayer (Salat) when the sun declines from its highest point at noon, as it moves towards sunset. You shall also observe (the recitation of) the Quran at dawn. (Reciting) the Quran at dawn is witnessed.

১৭/৭৮ তুমি সংযোগ প্রার্থনা (সালাত) পালন করবে যখন দুপুরে সূর্য তার সর্বোচ্চ বিন্দু থেকে চলে পড়ে, যেহেতু এটি সূর্যাস্তের দিকে অগ্রসর হয়। তোমরা এছাড়া ফজরে কোরআন (আবৃত্তি) করবে। ফজরের কোরআন (আবৃত্তি) প্রত্যক্ষ করা হয়।

#### *Meditation*

##### *ধ্যান*

[17:79] During the night, you shall meditate for extra credit, that your Lord may raise you to an honorable rank.

১৭/৭৯ রাতের বেলায়, তুমি অতিরিক্ত কৃতিত্বের জন্য ধ্যান করবে, যাতে তোমার প্রভু তোমাকে এক সন্মানিত পদে উন্নিত করেন।

[17:80] And say, "My Lord, admit me an honorable admittance, and let me depart an honorable departure, and grant me from You a powerful support."

১৭/৮০ এবং বল, “আমার প্রভু, আমাকে সন্মানের সাথে প্রবেশ করান, এবং সন্মানের সাথে বিদায় নিতে দিন, এবং আপনার পক্ষ থেকে আমাকে একটি শক্তিশালী সমর্থন মঞ্জুর করুন”।

[17:81] Proclaim, "The truth has prevailed, and falsehood has vanished; falsehood will inevitably vanish."

১৭/৮১ ঘোষণা করো, “সত্যের জয় হয়েছে, এবং মিথ্যা বিলুপ্ত হয়েছে; মিথ্যা অনিবার্যভাবে বিলুপ্ত হবে”।

#### *Healing and Mercy*

##### *আরোগ্য এবং দয়া*

[17:82] We send down in the Quran healing and mercy for the believers. At the same time, it only increases the wickedness of the transgressors.

১৭/৮২ আমরা বিশ্বাসীদের জন্য কোরানে আরোগ্য এবং দয়া অবতীর্ণ করেছি। একই সাথে, এটি কেবল সীমালঙ্ঘনকারীদের পাপাচার বাড়ায়।

[17:83] When we bless the human being, he becomes preoccupied and heedless. But when adversity strikes him, he turns despondent.

১৭/৮৩ আমরা যখন মানুষকে অনুগ্রহ করি, সে আছন্ন এবং অমনোযোগী হয়ে যায়। কিন্তু যখন দুর্দশা তাকে আঘাত করে, সে হতাশ হয়ে পড়ে।

[17:84] Say, "Everyone works in accordance with his belief, and your Lord knows best which ones are guided in the right path."

১৭/৮৪ বল, “প্রত্যেকে তার বিশ্বাস অনুসারে কাজ করে, এবং তোমার প্রভু সব থেকে ভালো জানেন কারা সঠিক পথে পরিচালিত”।

#### *Divine Revelation: The Source of All Knowledge*

##### *ঐশ্বরিক প্রকাশনাঃ সকল জ্ঞানের উৎস*

[17:85] They ask you about the revelation. Say, "The revelation comes from my Lord. The knowledge given to you is minute."

১৭/৮৫ তারা তোমাকে প্রকাশনা সম্পর্কে জিজ্ঞাসা করে। বল, “প্রকাশনা আমার প্রভুর পক্ষ থেকে আসে। তোমাকে দেয়া জ্ঞান অতি সামান্য”।

[17:86] If we will, we can take back what we revealed to you, then you will find no protector against us.

১৭/৮৬ যদি আমরা চাই, আমরা ফিরিয়ে নিতে পারি যা আমরা তোমার কাছে প্রকাশ করেছি, তখন তুমি আমাদের বিরুদ্ধে কোন রক্ষাকারী পাবে না।

[17:87] This is but mercy from your Lord. His blessings upon you have been great.

১৭/৮৭ এটা তো তোমার প্রভুর পক্ষ থেকে দয়া।  
তোমার উপর তাঁর অনুগ্রহ বিশাল।

*Mathematical Composition of the Quran*  
কোরআনের গাণিতিক গঠন

[17:88] Say, "If all the humans and all the jinns banded together in order to produce a Quran like this, they can never produce anything like it, no matter how much assistance they lent one another."

১৭/৮৮ বল, “যদি সকল মানুষ ও সকল জিন একত্রিত হয় এর মতো একটি কোরান তৈরি করার জন্য, তারা কখনই এর মতো কোনকিছু তৈরি করতে পারবে না, যতো সহায়তাই তারা একে অন্যকে করুক না কেন”।

[17:89] We have cited for the people in this Quran all kinds of examples, but most people insist upon disbelieving

১৭/৮৯ এই কোরআনে আমরা লোকদের জন্য সব ধরনের উদাহরণ দিয়েছি, কিন্তু বেশির ভাগ লোক অবিশ্বাসের উপর জোর দেয়।

*God's Messengers Challenge*  
আল্লাহর বার্তাবাহকদের চ্যালেঞ্জ

[17:90] They said, "We will not believe you unless you cause a spring to gush out of the ground.

১৭/৯০ তারা বলল, “আমরা তোমাকে বিশ্বাস করবো না যদি না তুমি ভূ-পৃষ্ঠ থেকে কোন বর্ণা প্রবাহিত করো।

[17:91] "Or unless you own a garden of date palms and grapes, with rivers running through it.

১৭/৯১ “অথবা যদিনা তুমি একটি খেজুর ও আঙুর বাগানের মালিক হও, যার মধ্যে দিয়ে নদী প্রবাহিত হয়!

[17:92] "Or unless you cause masses from the sky, as you claimed, to fall on us. Or unless you bring GOD and the angels before our eyes.

১৭/৯২ “অথবা যদিনা, তোমার দাবি অনুযায়ী, আকাশ থেকে আমাদের উপর বস্তুপিন্ডের পতন ঘটাও। অথবা যদিনা তুমি আমাদের চোখের সামনে আল্লাহ এবং ফেরেশতাদের নিয়ে আসো।

[17:93] "Or unless you own a luxurious mansion, or unless you climb into the sky. Even if you do climb, we will not believe unless you bring a book that we can read."\*  
Say, "Glory be to my Lord. Am I any more than a human messenger?"

১৭/৯৩ “অথবা যদিনা তুমি কোন বিলাসবহুল প্রাসাদের মালিক হও, অথবা যদিনা তুমি আকাশে আরোহণ করো। তুমি যদি আরোহণও করো, আমরা বিশ্বাস করবো না যদি না তুমি কোন বই নিয়ে আসো যা আমরা পড়তে পারি। বল, “মহিমা আমার প্রভুর। আমি কি একজন মনুষ্য বার্তাবাহকের চেয়ে বেশি কিছুর?”

\*17:93 God's Messenger of the Covenant, Rashad Khalifa, was thus challenged, including the challenge to bring a new book, or bring down masses from the sky. Verse 3:81 defines the duties of God's Messenger of the Covenant. Overwhelming proof is detailed in Appendices 2 & 26.

*Messengership: An Essential Test*  
বার্তাবাহকত্ব: একটি অপরিহার্য পরীক্ষা

[17:94] What prevented the people from believing when the guidance came to them, is their saying, "Did GOD send a human being as a messenger?"

১৭/৯৪ লোকদের কাছে পথ-নির্দেশনা আসার পর বিশ্বাস করা থেকে যা তাদেরকে বাধা দিয়েছিল, তা হচ্ছে তাদের এ কথা যে, “আল্লাহ কি একজন মানুষকে বার্তাবাহক করে পাঠিয়েছিলেন?”

[17:95] Say, "If the earth were inhabited by angels, we would have sent down to them from the sky an angel messenger."

১৭/৯৫ বল, “যদি পৃথিবী ফেরেশতাদের বসতি হতো, তাহলে আকাশ থেকে আমরা তাদের কাছে অবতীর্ণ করতাম কোন ফেরেশতা বার্তাবাহক”।

*God Is My Witness*  
আল্লাহ আমার সাক্ষী

[17:96] Say, "GOD suffices as a witness between me and you. He is fully Cognizant of His worshipers, Seer."

১৭/৯৬ বল, “আমার এবং তোমাদের মধ্যে আল্লাহ সাক্ষী হিসাবে যথেষ্ট। তিনি পূর্ণ অবগত তাঁর উপাসনাকারীদের ব্যাপারে, দ্রষ্টা”।

[17:97] Whomever GOD guides is the truly guided one. And whomever He sends astray, you will never find for them any lords and masters beside Him. We will summon them on the Day of Resurrection forcibly; blind, dumb, and deaf. Their destination is Hell; whenever it cools down, we will increase their fire.

১৭/৯৭ সে-ই সত্যিকার পথপ্রাপ্ত ব্যক্তি যাকে আল্লাহ পথ দেখান। এবং তিনি যাকে পথভ্রষ্ট করেন, তাদের জন্য তুমি কখনই তাঁর পাশে

কোন প্রভু এবং মনিব পাবে না। আমরা তাদেরকে পুনরুত্থান দিনে জোরপূর্বক তলব করবো; অন্ধ, বোবা এবং বধির করে। তাদের গন্তব্য নরক; যখন তা শীতল হবে, আমরা সেগুলোর আগুন বাড়িয়ে দেবো।

*Their Innermost Thoughts*  
*তাদের গভীরতম চিন্তা*

[17:98] Such is their just retribution, since they rejected our revelations. They said, "After we turn into bones and fragments, do we get resurrected into a new creation?"

১৭/৯৮ এমনই তাদের উচিত শাস্তি, যেহেতু তারা আমাদের প্রকাশনাবলী প্রত্যাখ্যান করেছে। তারা বলেছিল, “আমরা হাড় এবং খণ্ডিত অংশে পরিণত হবার পর, আমরা কি এক নতুন সৃষ্টি হয়ে পুনরুত্থিত হব?”

[17:99] Could they not see that the GOD who created the heavens and the earth, is able to create the same creations? He has predetermined for them an irrevocable life span? Yet, the disbelievers insist upon disbelieving.

১৭/৯৯ তারা কি দেখতে পায় না যে আল্লাহ যিনি আকাশ মণ্ডলী এবং পৃথিবী সৃষ্টি করেছেন, সৃষ্টি করতে সক্ষম সেই একই সৃষ্টি? তিনি তাদের জন্য পূর্বনির্ধারিত করেছেন এক অপরিবর্তনীয় জীবন কাল? এরপরও, অবিশ্বাসীরা অবিশ্বাসের উপরই জোর দেয়।

[17:100] Proclaim, "If you possessed my Lord's treasures of mercy, you would have withheld them, fearing that you might exhaust them. The human being is stingy."

১৭/১০০ ঘোষণা করো, “যদি তোমরা আমার প্রভুর দয়া ভাণ্ডারের মালিক হতে, তোমরা সেগুলো গুটিয়ে রাখতে, এই ভয়ে যে তোমরা সেগুলো শেষ করে ফেলবে। মানুষ কৃপণ।

*Moses and Pharaoh*  
*মুসা এবং ফেরাউন*

[17:101] We supported Moses with nine profound miracles—ask the Children of Israel. When he went to them, Pharaoh said to him, "I think that you, Moses, are bewitched."

১৭/১০১ আমরা মুসাকে নয়টি প্রগাঢ় অলৌকিকতা দিয়ে সমর্থন করেছিলাম—ইসরাইলের সন্তানদের কাছে জিজ্ঞেস করো। যখন সে তাদের কাছে গেল, ফেরাউন তাকে বলেছিল, “আমি মনে করি যে তুমি, মুসা, জাদুগ্রস্থ”।

[17:102] He said, "You know full well that no one can manifest these except, obviously, the Lord of the heavens and the earth. I think that you, Pharaoh, are doomed."

১৭/১০২ সে বলল, “তুমি খুব ভালো করেই জানো যে এগুলো যেকেউ প্রকাশ করতে পারে না কিন্তু, স্পষ্টতই, আকাশমণ্ডলী এবং পৃথিবীর প্রভু ছাড়া। আমি মনে করি যে তুমি, ফেরাউন, ধ্বংসপ্রাপ্ত”।

[17:103] When he pursued them, as he chased them out of the land, we drowned him, together with those who sided with him, all of them.

১৭/১০৩ যখন সে তাদের পিছু নিলো, যেভাবে সে তাদেরকে দেশের বাইরে পর্যন্ত ধাওয়া করেছিল, আমরা তাকে ডুবিয়ে দিলাম, তাদের সাথে একত্রে যারা তার পক্ষ নিয়েছিল, তাদের সকলকে।

[17:104] And we said to the Children of Israel afterwards, "Go live in this land. When the final prophecy comes to pass, we will summon you all in one group."

১৭/১০৪ এবং পরবর্তীতে আমরা ইসরাইলের সন্তানদের বলেছিলাম, “যাও এই দেশে বাস করো। যখন চূড়ান্ত ভবিষ্যদ্বাণী ঘটবে, আমাদের সকলকে একটি দল করে তলব করবো”।

*The Quran Released Slowly*  
*To Facilitate Memorization*

*মুখস্থ করার সুবিধার্থে*

*কোরআন ধীরে ধীরে ছাড়া হয়েছে*

[17:105] Truthfully, we sent it down, and with the truth it came down. We did not send you except as a bearer of good news, as well as a warner.

১৭/১০৫ সত্যের সঙ্গে, আমরা একে অবতীর্ণ করেছি, এবং সত্য নিয়ে এটি অবতীর্ণ হয়েছে। আমরা তোমাকে একজন সুসংবাদ বহনকারী, সেই সাথে সতর্ককারী হিসেবে ছাড়া পাঠাইনি।

[17:106] A Quran that we have released slowly, in order for you to read it to the people over a long period, although we sent it down all at once.

১৭/১০৬ কোরআন যা আমরা ধীরে ধীরে ছেড়েছি, ক্রমান্বয়ে এটি দীর্ঘ সময়কাল ধরে লোকদের কাছে তোমার পরার জন্য, যদিও আমরা একে হঠাৎ করেই অবতীর্ণ করেছি।

[17:107] Proclaim, "Believe in it, or do not believe in it." Those who possess knowledge from the previous scriptures, when it is recited to them, they fall down to their chins, prostrating.

১৭/১০৭ ঘোষণা দাও, “এতে বিশ্বাস করো, অথবা এতে বিশ্বাস না করো। “যারা পূর্ববর্তী ঐশীগ্রন্থের জ্ঞান রাখে, তাদের কাছে যখন এটা আবৃত্তি করা হয়, তারা তাদের মাথা নত করে সেজদায় পড়ে যায়।

[17:108] They say, "Glory be to our Lord. This fulfills our Lord's prophecy."

১৭/১০৮ তারা বলে, “মহিমা আমাদের প্রভুর। এটা আমাদের প্রভুর ভবিষ্যদ্বাণী পূর্ণ করে”।

[17:109] They fall down on their chins, prostrating and weeping. For it augments their reverence.

১৭/১০৯ তারা তাদের মাথা নত করে সেজদায় পড়ে যায় এবং কাঁদে। কারন এটা তাদের ভক্তি বৃদ্ধি করে।

[17:110] Say, "Call Him GOD, or call Him Most Gracious; whichever name you use, to Him belongs the best names."

১৭/১১০ বল, “তাকে আল্লাহ ডাকো, অথবা তাঁকে পরম দয়াময় ডাকো; যে নামই তোমরা ব্যবহার করো না কেন, সর্বোত্তম নামগুলো তাঁরই”।

*Tone of the*

*Contact Prayers (Salat)*

*সংযোগ প্রার্থনা (সালাতের)*

*কণ্ঠস্বর*

You shall not utter your Contact Prayers (Salat) too loudly, nor secretly; use a moderate tone.

তুমি তোমার সংযোগ প্রার্থনা (সালাত) অতি উচ্চস্বরে পড়বে না, না নীরবে; একটি মধ্যম কণ্ঠস্বর ব্যবহার করো।

[17:111] And proclaim: "Praise be to GOD, who has never begotten a son, nor does He have a partner in His kingship, nor does He need any ally out of weakness," and magnify Him constantly.

১৭/১১১ এবং ঘোষণা করঃ “প্রশংসা আল্লাহর, যিনি কখনই কোন পুত্র জন্ম দেননি, না তাঁর রাজত্বে তাঁর কোন অংশীদার আছে, না দুর্বলতাবশত তাঁর কোন মিত্রের প্রয়োজন আছে”, এবং প্রতিনিয়ত তাঁর মহত্ব বর্ণনা করো।

## Sura 18: The Cave (Al-Kahf)

[18:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[18:1] Praise GOD, who revealed to His  
servant this scripture, and made it flawless.

[১৮:০১] প্রশংসা আল্লাহর, যিনি তাঁর বান্দার  
কাছে এই ঐশীগ্রন্থ প্রকাশ করেছেন, এবং একে  
নির্ভুল করেছেন।

[18:2] A perfect (*scripture*) to warn of severe  
retribution from Him, and to deliver good  
news to the believers who lead a righteous life,  
that they have earned a generous recompense.

[১৮:০২] একটি যথাযথ (*ঐশীগ্রন্থ*) তাঁর পক্ষ  
থেকে কঠিন শাস্তির বিষয়ে সতর্ক করতে, এবং  
বিশ্বাসীদের শুভ সংবাদ দিতে যারা সৎ জীবন-  
যাপন করে, যে তারা অর্জন করেছে এক মহা  
প্রতিদান।

[18:3] Wherein they abide forever.

[১৮:০৩] যেখানে তারা চিরকাল বসবাস করে।

[18:4] And to warn those who said, "GOD has  
begotten a son!"

[১৮:০৪] এবং তাদেরকে সতর্ক করতে যারা  
বলে, “আল্লাহ পুত্র জন্ম দিয়েছেন!”

[18:5] They possess no knowledge about this,  
nor did their parents. What a blasphemy  
coming out of their mouths! What they utter is  
a gross lie.

[১৮:০৫] তারা এ বিষয়ে কোন জ্ঞান রাখে না,  
না রাখতো তাদের মাতা-পিতারা। কি এক  
মিথ্যাচারই না তাদের মুখ দিয়ে আসছে! তারা  
যা বলে তা এক ঘোর মিথ্যাচার।

[18:6] You may blame yourself on account of  
their response to this narration, and their  
disbelieving in it; you may be saddened.

[১৮:০৬] তুমি হয়তো নিজেকে দোষ দিবে এই  
বর্ণনার প্রতি তাদের প্রতিক্রিয়ার কারণে, এবং  
এতে তাদের অবিশ্বাসের কারণে; তুমি হয়তো  
দুঃখিত হবে।

*The End of the World\**  
*বিশ্বের পরিসমাপ্তি\**

[18:7] We have adorned everything on earth,  
in order to test them, and thus distinguish those  
among them who work righteousness.

[১৮:০৭] আমরা পৃথিবীর সবকিছু সাজিয়েছি,  
তাদের পরীক্ষা করার জন্য, এবং এভাবে

তাদের মধ্যে যারা সৎ কাজ করে তাদেরকে  
আলাদা করি।

*\*18:8-9 As it turns out, the history of these  
Christian believers, the Seven Sleepers of  
Ephesus, is directly connected with the end of  
the world as stated in 18:9 & 21. The role of  
these believers in unveiling the end of the  
world is detailed in Appendix 25.*

[18:8] Inevitably, we will wipe out everything  
on it, leaving it completely barren.\*

[১৮:০৮] অনিবার্যভাবে, আমরা এর সবকিছু  
মুছে ফেলব, একে পুরোপুরি ধূলিসাৎ করে  
দিয়ে।\*

*\*18:8-9 As it turns out, the history of these  
Christian believers, the Seven Sleepers of  
Ephesus, is directly connected with the end of  
the world as stated in 18:9 & 21. The role of  
these believers in unveiling the end of the  
world is detailed in Appendix 25.*

*The Dwellers  
of the Cave  
গুহাবাসীরা*

[18:9] Why else do you think we are telling  
you about the people of the cave, and the  
numbers connected with them? They are  
among our wondrous signs.

[১৮:০৯] কেন তুমি অন্যকিছু ভাবো- আমরাই  
তোমাকে বলছি গুহার লোকদের সম্পর্কে, এবং  
তাদের সাথে সম্পর্কিত সংখ্যা সম্পর্কে? তারা  
আমাদের বিস্ময়কর নিদর্শনগুলোর অন্তর্ভুক্ত।

[18:10] When the youths took refuge in the  
cave, they said, "Our Lord, shower us with  
Your mercy, and bless our affairs with Your  
guidance."

[১৮:১০] যখন তরুণেরা গুহায় আশ্রয়  
নিয়েছিল, তারা বলেছিল, "আমাদের প্রভু,  
আমাদের প্রতি আপনার দয়া বর্ষণ করুন, এবং  
আপনার পথ-নির্দেশনা দিয়ে আমাদের  
কাজগুলোকে অনুগ্রহ করুন।"

[18:11] We then sealed their ears in the cave  
for a predetermined number of years.

[১৮:১১] আমরা এরপর এক পূর্বনির্ধারিত  
সংখ্যক বছরের জন্য গুহায় তাদের কানে মোহর  
মেরে দিলাম।

[18:12] Then we resurrected them to see which  
of the two parties could count the duration of  
their stay therein.

[১৮:১২] এরপর আমরা তাদের পুনঃরুখিত  
করলাম দেখার জন্য যে দু' দলের কোনটি

সেখানে তাদের অবস্থানের সময়কাল গননা করতে পারে।

[18:13] We narrate to you their history, truthfully. They were youths who believed in their Lord, and we increased their guidance.

[১৮:১৩] আমরা তোমার কাছে তাদের ইতিহাস বর্ণনা করি, সত্যের সাথে। তারা ছিল তরুণ যারা তাদের প্রভুকে বিশ্বাস করেছিল, এবং আমরা তাদের পথপ্রাপ্তি বাড়িয়ে দিয়েছিলাম।

[18:14] We strengthened their hearts when they stood up and proclaimed: "Our only Lord is the Lord of the heavens and the earth. We will never worship any other god beside Him. Otherwise, we would be far astray.

[১৮:১৪] আমরা তাদের হৃদয়কে শক্তিশালী করেছিলাম যখন তারা দাঁড়ালো এবং ঘোষণা করলো: "আকাশমন্ডলী এবং পৃথিবীর প্রভুই আমাদের একমাত্র প্রভু। আমরা কখনো তাঁর পাশে অন্যকোন উপাস্যের উপাসনা করবো না। অন্যথায়, আমরা বহুদূরে পথভ্রষ্ট হবো।

[18:15] "Here are our people setting up gods beside Him. If only they could provide any proof to support their stand! Who is more evil than the one who fabricates lies and attributes them to GOD?"

[১৮:১৫] "এই যে আমাদের লোকেরা তাঁর পাশে উপাস্যদের স্থাপন করছে। যদি শুধু তারা তাদের পক্ষে কোন প্রমাণ দেখাতে পারতো! কে তার চেয়ে অধিক মন্দ যে মিথ্যা রচনা করে এবং সেগুলো আল্লাহর প্রতি আরোপ করে?

*The Seven Sleepers of Ephesus\**  
*ইফিসাসের ঘুমন্ত সাতজন*

[18:16] "Since you wish to avoid them, and their worshiping of other than GOD,\* let us take refuge in the cave. May your Lord shower you with His mercy and direct you to the right decision."

[১৮:১৬] যেহেতু তোমরা তাদেরকে, এবং আল্লাহ ছাড়া তাদের অন্য কারো উপাসনা করাকে এড়াতে চাও, সেহেতু চলো আমরা গুহায় আশ্রয় নেই। তোমাদের প্রভু তোমাদেরকে তাঁর দয়া বর্ষণ করুন এবং তোমাদের সঠিক সিদ্ধান্তে পরিচালিত করুন।

*\*18:16-20 Ephesus is located about 200 miles south of ancient Nicene, and 30 miles south of today's Izmir in Turkey. The dwellers of the cave were young Christians who wanted to follow the teachings of Jesus, and worship God alone. They were fleeing the persecution of neo-Christians who proclaimed a corrupted*

*Christianity three centuries after Jesus, following the Nicene Conferences, when the Trinity doctrine was announced. In 1928, Franz Miltner, an Austrian archeologist discovered the tomb of the seven sleepers of Ephesus. Their history is well documented in several encyclopedias.*

*A Guiding Teacher  
is a Prerequisite*

*একজন পথপ্রদর্শক শিক্ষক  
একটি পূর্বশর্ত*

[18:17] You could see the sun when it rose coming from the right side of their cave, and when it set, it shone on them from the left, as they slept in the hollow thereof. This is one of GOD 's portents.\* Whomever GOD guides is the truly guided one, and whomever He sends astray, you will not find for him a guiding teacher.

[১৮:১৭] তুমি সূর্যকে তাদের গুহার ডান পাশ থেকে উদিত হতে দেখতে পেতে, এবং যখন এটি অস্ত যেত, এটি তাদের বাম দিক থেকে আলোকিত হতো, সেখানকার গর্তে যখন তারা ঘুমিয়ে ছিল। এটি আল্লাহর একটি সত্যকীরণ। যাকে আল্লাহ পথপ্রদর্শন করেন সেই সত্যিকার পথপ্রাপ্ত ব্যক্তি, এবং যাকে তিনি পথভ্রষ্ট করেন; তুমি তার জন্য কোন পথনির্দেশক শিক্ষক পাবে না।

*\*18:17 This sign, or hint, tells us that the cave was facing north.*

[18:18] You would think that they were awake, when they were in fact asleep. We turned them to the right side and the left side, while their dog stretched his arms in their midst. Had you looked at them, you would have fled from them, stricken with terror.

[১৮:১৮] তুমি মনে করতে যে তারা জাগ্রত, যখন তারা আসলে ঘুমন্ত। আমরা তাদেরকে ডান ও বাম পাশে ফিরাতাম, যখন তাদের কুকুর তার বাহুগুলো তাদের মাঝে টান টান করে রেখেছিল। যদি তুমি তাদের দিকে তাকাতে, তুমি হয়তো তাদের থেকে পালাতে, আতংকগ্রস্থ হয়ে।

[18:19] When we resurrected them, they asked each other, "How long have you been here?" "We have been here one day or part of the day," they answered. "Your Lord knows best how long we stayed here, so let us send one of us with this money to the city. Let him fetch the cleanest food, and buy some for us. Let him keep a low profile, and attract no attention.



[১৮:১৯] যখন আমরা তাদের পুনরুজ্জীবিত করলাম, তারা একে অন্যকে জিজ্ঞেস করলো, “তোমরা কতক্ষণ এখানে আছো?” “আমরা এখানে এক দিন বা দিনের একাংশ জুড়ে আছি,” তারা জবাব দিল। “তোমাদের প্রভু সবচেয়ে ভাল জানেন কত সময় জুড়ে /ধরে আমরা এখানে অবস্থান করছি, তাই চলো এই পয়সা দিয়ে আমরা আমাদের একজনকে শহরে পাঠাই। সে সবচেয়ে পরিষ্কার খাবার নিয়ে আসুক, এবং কিছু আমাদের জন্য কিনে আনুক। সে যেন তাকে জনসম্মুখে কম প্রকাশ করে, এবং কোন দৃষ্টি আকর্ষণ না করে।

[18:20] "If they discover you, they will stone you, or force you to revert to their religion, then you can never succeed."

[১৮:২০] যদি তারা তোমাদের খুঁজে পায়, তারা তোমাদের পাথর মারবে, অথবা জোড় করে তোমাদেরকে তাদের ধর্মে ফিরিয়ে নেবে, সেক্ষেত্রে তোমরা কখনো সফল হতে পারবে না।"

*Connection*

*With the End of the World\**

*বিশ্বের পরিসমাপ্তির সাথে*

*সম্পর্ক\**

[18:21] We caused them to be discovered, to let everyone know that GOD 's promise is true, and to remove all doubt concerning the end of the world.\* The people then disputed among themselves regarding them. Some said, "Let us build a building around them." Their Lord is the best knower about them. Those who prevailed said, "We will build a place of worship around them."

[১৮:২১] আমরা তাদেরকে প্রকাশ

করলাম, সবাইকে জানাতে যে আল্লাহর অঙ্গীকার সত্য, এবং বিশ্বের পরিসমাপ্তির ব্যাপারে সকল সন্দেহ দূর করার জন্য।\* এরপর লোকেরা নিজেদের মধ্যে তাদের সম্পর্কে বিবাদে জড়ালো। কেউ কেউ বলল, "চল আমরা তাদের চারপাশে দালান বানাই।" তাদের প্রভু তাদের সম্পর্কে সর্বোত্তম জ্ঞাত। যারা প্রাধান্য পেয়েছিল তারা বলল, "তাদের ঘিরে আমরা একটি উপাসনার জায়গা বানাবো।"

\*18:21 As detailed in Appendix 25, this story helped pinpoint the end of the world.

[18:22] Some would say, "They were three; their dog being the fourth," while others would say, "Five; the sixth being their dog," as they guessed. Others said, "Seven," and the eighth

was their dog. Say, "My Lord is the best knower of their number." "Only a few knew the correct number. Therefore, do not argue with them; just go along with them. You need not consult anyone about this.

[১৮:২২] কেউ কেউ বলে, "তারা ছিল তিনজন, তাদের কুকুর সহ চার", যখন অন্যরা বলে, "পাঁচজন; তাদের কুকুর সহ ছয়," কারণ তারা অনুমান করেছিল। অন্যরা বলেছিল, "সাতজন", এবং আট নম্বরে তাদের কুকুর। বল, "আমার প্রভু তাদের সংখ্যা সম্পর্কে সবচেয়ে ভাল জানেন। শুধু অল্প কয়েকজনই সঠিক সংখ্যাটি জানত। সেজন্য, তাদের সাথে তর্ক করো না; শুধু তাদের সাথে থাকো। তোমার এ নিয়ে কারো সাথে পরামর্শের দরকার নেই।

*Remembering God*

*Every Chance We Get*

*আল্লাহর স্মরণ করা-*

*যখনই আমরা সুযোগ পাই*

[18:23] You shall not say that you will do anything in the future,

[১৮:২৩] তুমি কখনো বলবে না যে তুমি কোনকিছু ভবিষ্যতে করবে,

[18:24] without saying, "GOD willing."\* If you forget to do this, you must immediately remember your Lord and say, "May my Lord guide me to do better next time."

[১৮:২৪] এটা না বলে যে, "আল্লাহ চাইলে, \* যদি তুমি তা করতে ভুলে যাও, সাথে সাথে অবশ্যই তুমি তোমার প্রভুকে স্মরণ করবে এবং বল, "পরবর্তীতে আরো ভাল করার জন্য আল্লাহ আমায় পথ- প্রদর্শন করুন।"

\*18:24 This important commandment gives us daily opportunities to remember God.

[300 + 9]\*

[৩০০+৯]\*

[18:25] They stayed in their cave three hundred years, increased by nine.\*

[১৮:২৫] তারা তাদের গুহায় ছিল তিনশত বছর, আরো নয় বাড়িয়ে।

\*18:25 The difference between 300 solar years and 300 lunar years is nine years. Thus, discovering the end of the world was predetermined by the Almighty to take place in 1980 AD (1400 AH), 300 years (309 lunar years) before the end of the world (see 72:27 & Appendix 25).

[18:26] Say, "GOD is the best knower of how long they stayed there." He knows all secrets in the heavens and the earth. By His grace you can see; by His grace you can hear. There is none beside Him as Lord and Master, and He never permits any partners to share in His kingship.

[1৮:২৬] বল, “কত কাল সেখানে তারা ছিল আল্লাহই সবচেয়ে ভাল জানেন।” তিনি আকাশমন্ডলী ও পৃথিবীর সকল রহস্য জানেন। তাঁর দয়ায় তোমরা দেখতে পাও; তাঁর দয়ায় তোমরা শুনতে পাও। তাঁর পাশে প্রভু ও মনিব হিসেবে আর কেউ নেই, এবং তিনি কখনো কোন অংশীদারকে তাঁর রাজত্বে অংশ নিতে অনুমতি দেন না।

[18:27] You shall recite what is revealed to you of your Lord's scripture. Nothing shall abrogate His words, and you shall not find any other source beside it.

[1৮:২৭] তুমি আবৃত্তি করবে তোমার প্রভুর ঐশীগ্রন্থের যাকিছু তোমার কাছে প্রকাশিত হয়। কোন কিছুই তাঁর বানীকে বাতিল/রদ করবে না, এবং এর পাশে অন্যকোন উৎস তুমি খুঁজবে না।

#### *Quranic Study Groups*

##### *কোরান অধ্যয়ন গ্রুপ*

[18:28] You shall force yourself to be with those who worship their Lord day and night, seeking Him alone. Do not turn your eyes away from them, seeking the vanities of this world. Nor shall you obey one whose heart we rendered oblivious to our message; one who pursues his own desires, and whose priorities are confused.

[1৮:২৮] তাদের সাথে থাকতে তুমি নিজেকে বাধ্য করবে যারা দিনে ও রাতে তাদের প্রভুর উপাসনা করে, একমাত্র তাঁর খোঁজে। তাদের থেকে মুখ ফিরিয়ে নিও না, এই বিশ্বের তুচ্ছ কিছুর খোঁজে। না তুমি সে ব্যক্তিকে মান্য করবে, যার হৃদয়কে আমরা আমাদের বার্তার প্রতি বেখবর রেখেছি; যে ব্যক্তি তার নিজ ইচ্ছার অনুসরণ করে, যার অগ্রাধিকারগুলো বিভ্রান্তিকর।

#### *Absolute Freedom of Religion*

##### *ধর্মের পূর্ণাঙ্গ স্বাধীনতা*

[18:29] Proclaim: "This is the truth from your Lord," then whoever wills let him believe, and whoever wills let him disbelieve. We have prepared for the transgressors a fire that will completely surround them. When they scream for help, they will be given a liquid like

concentrated acid that scalds the faces. What a miserable drink! What a miserable destiny!

[1৮:২৯] ঘোষণা কর, "এটি তোমার প্রভুর পক্ষ থেকে সত্য," এরপর যেকেউ চায় তাকে বিশ্বাস করতে দাও, এবং যেকেউ চায় তাকে অবিশ্বাস করতে দাও। আমরা

সীমালঙ্ঘনকারীদের জন্য আগুন প্রস্তুত রেখেছি যা তাদেরকে পুরোপুরি ঘিরে ফেলবে। যখন তারা সাহায্যের জন্য চিৎকার করবে, তাদেরকে ঘনীভূত অম্লের মত তরল দেয়া হবে যা মুখগুলোকে বালসে দেবে। কি এক শোচনীয় পানীয়! কি এক শোচনীয় নিয়তি!

[18:30] As for those who believe and lead a righteous life, we never fail to recompense those who work righteousness.

[1৮:৩০] আর তাদের ক্ষেত্রে যারা বিশ্বাস করে এবং সৎকর্মশীল জীবন যাপন করে, যারা সৎকর্ম করে তাদেরকে কখনো আমরা প্রতিদান দিতে ব্যর্থ হই না।

[18:31] They have deserved gardens of Eden wherein rivers flow. They will be adorned therein with bracelets of gold, and will wear clothes of green silk and velvet, and will rest on comfortable furnishings. What a wonderful reward; what a wonderful abode!

[1৮:৩১] তারা ইডেনের বাগানগুলোর যোগ্য হয়েছে যেখানে প্রবাহিত হয় নদী। সেখানে সোনার কার্কঁ দিয়ে তাদের সাজানো হবে, এবং পরিধান করবে সবুজ রেশম ও মখমলের কাপড়, এবং বিশ্রাম নিবে আরামদায়ক আসবাবপত্র ও সাজসরঞ্জামের মাঝে। কতই না উৎকৃষ্ট প্রতিদান; কতই না উৎকৃষ্ট আবাস!

#### *Property as an Idol\**

##### *সম্পদ যখন উপাস্য*

[18:32] Cite for them the example of two men: we gave one of them two gardens of grapes, surrounded by date palms, and placed other crops between them.

[1৮:৩২] তাদের জন্য দুই জন লোকের উদাহরণ উদ্ধৃতি করোঃ আমরা তাদের একজনকে আংগুরের দুটি বাগান দিয়েছিলাম, খেজুর গাছে ঘেরা, এবং তাদের মাঝে ছিল অন্যান্য ফসলাদি।

\*18:32-42 The Quran cites many examples of the different gods that people worship beside God; they include children (7:190), religious leaders and scholars (9:31), property (18:42), dead saints and prophets (16:20-21, 35:14, & 46:5-6), and the ego (25:43, 45:23).

[18:33] Both gardens produced their crops on time, and generously, for we caused a river to run through them.

[১৮:৩৩] উভয় বাগানই তাদের ফসল ফলাত সময়মত, এবং প্রচুর পরিমাণে, কারণ আমরা একটি নদীকে তাদের মধ্য দিয়ে প্রবাহিত করেছিলাম।

[18:34] Once, after harvesting, he boastfully told his friend: "I am far more prosperous than you, and I command more respect from the people."

[১৮:৩৪] একবার, ফসল তোলার পর, সে দস্তভরে তার বন্ধুকে বলল, "আমি তোমার চেয়ে অনেক বেশি সমৃদ্ধশালী, এবং আমি লোকদের থেকে অধিক সম্মানের দাবিদার।

[18:35] When he entered his garden, he wronged his soul by saying, "I do not think that this will ever end."

[১৮:৩৫] যখন সে তার বাগানে প্রবেশ করলো, সে এ বলে তার আত্মার ক্ষতি করলো, "আমি মনে করি না যে এটা কখনো শেষ হবে।

[18:36] "Moreover, I think this is it; I do not think that the Hour (*the Hereafter*) will ever come to pass. Even if I am returned to my Lord, I will (*be clever enough to*) possess an even better one over there."

[১৮:৩৬] "তাছাড়া, আমি মনে করি এটাই সব; আমি মনে করি না যে সেই ঘন্টা (*পরকাল*) কখনো আসবে। এমনকি আমি আমার প্রভুর কাছে ফিরলেও, ঐখানে এর চেয়েও উত্তম কিছু অধিকার করতে আমি (*যথেষ্ট চতুর*) হবো।

[18:37] His friend said to him, as he debated with him, "Have you disbelieved in the One who created you from dust, then from a tiny drop, then perfected you into a man?"

[১৮:৩৭] তার বন্ধু তাকে বলল, যখন সে তার সাথে কথা কাটাকাটি করছিল, "তুমি কি সেই সত্ত্বাকে অবিশ্বাস করেছ যিনি তোমাকে সৃষ্টি করেছেন ধুলো থেকে, এরপর এক তুচ্ছ ফোটা থেকে, এরপর তোমাকে একজন পূর্ণ মানুষ হিসেবে সুগঠিত করেছেন?

[18:38] "As for me, **GOD** is my Lord, and I will never set up any other god besides my Lord."

[১৮:৩৮] আমার ক্ষেত্রে, আল্লাহ আমার প্রভু, এবং আমি কখনো আমার প্রভুর পাশে অন্য কোনো উপাস্য স্থাপন করবো না।

*Important  
Commandment  
গুরুত্বপূর্ণ  
ঐশিক আদেশ*

[18:39] "When you entered your garden, you should have said, 'This is what **GOD** has given me (*Mā Shā Allāh*). No one possesses power except **GOD** (*Lā Quwwata Ellā Bellāh*).' You may see that I possess less money and less children than you."

[১৮:৩৯] "যখন তুমি তোমার বাগানে প্রবেশ কর, তোমার বলা উচিত ছিল, 'এ তো যা আল্লাহ আমাকে দিয়েছেন (মা শা আল্লাহ)। কেউই ক্ষমতা রাখে না আল্লাহ ছাড়া (*লা ক্বা য়াতা ইল্লা বিল্লাহ*)।' তুমি হয়তো দেখো যে আমি তোমার চেয়ে কম অর্থ এবং কম সন্তানের অধিকারী।

[18:40] "My Lord may grant me better than your garden. He may send a violent storm from the sky that wipes out your garden, leaving it completely barren."

"আমার প্রভু আমাকে হয়তো তোমার বাগানের চেয়ে উত্তম প্রদান করবেন। তিনি হয়তো আকাশ থেকে কোন তীব্র ঝড় পাঠাবেন যা তোমার বাগানকে নিশ্চিহ্ন করে দেবে, একে সম্পূর্ণ ধূলিসাৎ করে দিয়ে।

[18:41] "Or, its water may sink deeper, out of your reach."

"অথবা, হয়তো এর পানি গভীরে চলে যাবে, তোমার নাগালের বাইরে।"

[18:42] Indeed, his crops were wiped out, and he ended up sorrowful, lamenting what he had spent on it in vain, as his property lay barren. He finally said, "I wish I never set up my property as a god beside my Lord."

[১৮:৪২] বাস্তবেই, তার ফসলাদি নিশ্চিহ্ন হয়েছিল, এবং শেষ পর্যন্ত সে দুঃখ ভারাক্রান্ত হলো, পরিতাপ করতে থাকলো তার জন্য যা সে এর পিছনে ব্যয় করেছে অনর্থক, যেহেতু তার সম্পত্তি মরুময় হয়ে রইলো। অবশেষে সে বলল, "আমি যদি কখনো আমার প্রভুর পাশে আমার সম্পত্তিকে উপাস্য হিসেবে স্থাপন না করতাম।"

[18:43] No force on earth could have helped him against **GOD**, nor was it possible for him to receive any help.

পৃথিবীর কোন শক্তি আল্লাহর বিপক্ষে তাকে সাহায্য করতে পারলো না, না তার পক্ষে কোন সাহায্য পাওয়া সম্ভব ছিল।

[18:44] That is because the only true Lord and master is **GOD**; He provides the best recompense, and with Him is the best destiny. এটা এ কারণে যে একমাত্র সত্য প্রভু এবং মনিব হচ্ছেন আল্লাহ; তিনি সর্বোত্তম প্রতিদান দেন, এবং তাঁর কাছেই রয়েছে সর্বোত্তম নিয়তি।

[18:45] Cite for them the example of this life as water that we send down from the sky to produce plants of the earth, then they turn into hay that is blown away by the wind. **GOD** is able to do all things.

[১৮:৪৫] তাদের জন্য এই জীবনের উদাহরণ দাও যেন পানি যা আমরা আকাশ থেকে বর্ষণ করি পৃথিবীর উদ্ভিদ উৎপন্ন করতে, এরপর এরা পরিণত হয় খড়কূটায় বাতাসে যা উড়ে যায়। আল্লাহ সবকিছু করতে সক্ষম।

*Rearranging*

*Our Priorities*

*আমাদের অগ্রাধিকারগুলো*

*পূর্ণবিন্যাস করা*

[18:46] Money and children are the joys of this life, but the righteous works provide an eternal recompense from your Lord, and a far better hope.

[১৮:৪৬] অর্থ এবং সন্তানাদি তো হচ্ছে এই জীবনের আনন্দ, কিন্তু সৎকর্ম তোমার প্রভুর পক্ষ থেকে প্রদান করে অনন্তকালের প্রতিদান, এবং অনেক উত্তম আশা।

[18:47] The day will come when we wipe out the mountains, and you will see the earth barren. We will summon them all, not leaving out a single one of them.

[১৮:৪৭] সে দিন আসবে যখন আমরা পর্বতগুলোকে নিশ্চিহ্ন করবো, এবং পৃথিবীকে তুমি দেখবে মরুভূমি। আমরা তাদের সকলকে ডেকে পাঠাবো, তাদের একজনকেও ছাড়া হবে না।

[18:48] They will be presented before your Lord in a row. You have come to us as individuals, just as we created you initially. Indeed, this is what you claimed will never happen.

[১৮:৪৮] তাদেরকে তোমাদের প্রভুর সামনে একটি সাড়ি করে উপস্থিত করা হবে। তোমরা আমাদের কাছে এসেছ আলাদা আলাদাভাবে, ঠিক যেভাবে আমরা প্রথম দিকে তোমাদের সৃষ্টি করেছিলাম। প্রকৃতপক্ষে, এ তো তা-ই যা কখনো ঘটবে না বলে তোমরা দাবী করেছিলে।

[18:49] The record will be shown, and you will see the guilty fearful of its contents. They will say, "Woe to us. How come this book leaves nothing, small or large, without counting it?" They will find everything they had done brought forth. Your Lord is never unjust towards anyone.

[১৮:৪৯] রেকর্ড দেখানো হবে, এবং তুমি অপরাধীদের দেখবে এর ভেতরকার জিনিসে ভীত। তারা বলবে, "আমাদের দুঃখ। এই বই কেমন করে কোনকিছু ছাড়ে নি, ছোট অথবা বড়, তা গননা না করে?" তারা যা কিছু করেছিল সবকিছু তারা সামনে পাবে। তাদের করা সবকিছু তারা সামনে পাবে। তোমার প্রভু কখনো কারও প্রতি অন্যায়কারী নন।

*Classification of God's Creatures*

*আল্লাহর সৃষ্টির শ্রেণী বিভাগ*

[18:50] We said to the angels, "Fall prostrate before Adam." They fell prostrate, except Satan. He became a jinn, for he disobeyed the order of His Lord.\* Will you choose him and his descendants as lords instead of Me, even though they are your enemies? What a miserable substitute!

[১৮:৫০] আমরা ফেরেশতাদের বললাম, "আদমের সামনে সেজদাবনত হও।" তারা সেজদাবনত হলো, শয়তান ছাড়া। সে জীন হয়ে পড়লো, কারণ সে তাঁর প্রভুর আদেশ অমান্য করেছিল।\* তোমরা কি আমার বদলে তাকে এবং তার বংশধরদের প্রভু হিসেবে পছন্দ করবে, যদিও তারা তোমাদের শত্রু? কি এক শোচনীয় প্রতিস্থাপন!

*\*18:50 When the great feud in the heavenly society took place (38:69), all creatures became classified into angels, jinns, and humans (Appendix 7).*

[18:51] I never permitted them to witness the creation of the heavens and the earth, nor the creation of themselves. Nor do I permit the wicked to work in My kingdom.\*

[১৮:৫১] আমি কখনো তাদেরকে আকাশমন্ডলী ও পৃথিবীর সৃষ্টিতে সাক্ষী হবার অনুমতি দেইনি, না দিয়েছি তাদের নিজেদের সৃষ্টিতে। না আমি মন্দকে আমার রাজ্যে কাজ করার অনুমতি দেই।

*\*18:51 God knew that Satan and his supporters (jinns and humans) were going to make the wrong decision. Hence their exclusion from witnessing the creation process.*

[18:52] The day will come when He says, "Call upon My partners, whom you claimed to

be gods beside Me,"they will call on them, but they will not respond to them. An insurmountable barrier will separate them from each other.

[1৮:৫২] সে দিন আসবে যখন সে বলবে, “আমার অংশীদারদের আহ্বান করো, যাদেরকে তোমরা আমার পাশে উপাস্য হবার দাবি করতো।” তারা তাদেরকে ডাকবে, কিন্তু তারা তাদের প্রতি সাড়া দিবে না। এক দূর্ভেদ্য অন্তরায় তাদের পরস্পরকে আলাদা করবে।

[18:53] The guilty will see Hell, and will realize that they will fall into it. They will have no escape therefrom.

[1৮:৫৩] অপরাধী নরক দেখবে, এবং বুঝবে যে তারা তাতে পতিত হবে। সেখান থেকে তাদের কোন মুক্তি থাকবে না।

*Disbelievers Refuse to Accept the Completeness of the Quran*

কোরানের সম্পূর্ণতা গ্রহন করতে  
অবিশ্বাসীরা অস্বীকার করে

[18:54] We have cited in this Quran every kind of example, but the human being is the most argumentative creature.

[1৮:৫৪] আমরা এই কোরানে সব ধরণের উদাহরণ দেই, কিন্তু মানব জাতি সবচেয়ে তর্কপ্রিয় সৃষ্টি।

[18:55] Nothing prevented the people from believing, when the guidance came to them, and from seeking the forgiveness of their Lord, except that they demanded to see the same (*kind of miracles*) as the previous generations, or challenged to see the retribution beforehand.

[1৮:৫৫] কোনকিছুই লোকদের বাধা দেয়নি বিশ্বাস করা থেকে, যখন তাদের কাছে পথ-নিদর্শনা আসলো, এবং দয়া অন্বেষণ করা থেকে তাদের প্রভুর, এছাড়া যে তারা পূর্ববর্তী প্রজন্মদের মত একই (রকম অলৌকিকতা) দেখার দাবি করেছিল, অথবা আগেই শাস্তি দেখার চ্যালেঞ্জ করেছিল।

[18:56] We only send the messengers as simply deliverers of good news, as well as warners. Those who disbelieve argue with falsehood to defeat the truth, and they take My proofs and warnings in vain.

[1৮:৫৬] আমরা শুধু বার্তাবাহকদের পাঠাই কেবল সুসংবাদ বহনকারী হিসেবে, সেই সাথে সতর্ককারী হিসেবে। যারা অবিশ্বাস করে তারা মিথ্যা দিয়ে তর্ক করে সত্যকে পরাজিত করতে,

এবং তারা আমার প্রমাণাদি ও সতর্কসংকেতগুলোকে নিরর্থক নেয়।

*Divine Intervention*  
ঐশ্বরিক হস্তক্ষেপ

[18:57] Who are more evil than those who are reminded of their Lord's proofs, then disregard them, without realizing what they are doing. Consequently, we place shields on their hearts to prevent them from understanding it (*the Quran*), and deafness in their ears. Thus, no matter what you do to guide them, they can never ever be guided.

[1৮:৫৭] তাদের চেয়ে কে অধিক মন্দ যাদেরকে তাদের প্রভুর প্রমাণাদি স্মরণ করানো হয়, এরপর সেগুলো উপেক্ষা করে, তারা যা করছে তা অনুধাবন না করেই। পরিনামে, আমরা তাদের হৃদয়ের উপর প্রতিরোধক রাখি তাদেরকে এটি (কোরান) বুঝতে বাধা দিতে, এবং বধিরতা দেই তাদের কানে। সুতরাং, তুমি তাদেরকে পথপ্রাপ্ত করতে যাই করো না কেন, তারা কখনো কোন কালেও পথপ্রাপ্ত হতে পারবে না।

[18:58] Yet, your Lord is the Forgiver, full of mercy. If He called them to account for their deeds, He would annihilate them right there and then. Instead, He gives them a respite until a specific, predetermined time; then they can never escape.

[1৮:৫৮] এরপরও, তোমার প্রভু ক্ষমাকারী, দয়ায় পরিপূর্ণ। যদি তিনি তাদের কাজের জন্য হিসাব নিতে তাদেরকে ডাকতেন, তিনি তাদের ঠিক তখনই ধ্বংস করতেন। পরিবর্তে, তিনি তাদেরকে একটি নির্দিষ্ট, পূর্বনির্ধারিত সময় পর্যন্ত অবকাশ দেন; এরপর তারা কখনো পালাতে পারবে না।

[18:59] Many a community we annihilated because of their transgressions, we designated a specific time for their annihilation.

[1৮:৫৯] আমরা অনেক সম্প্রদায়কে ধ্বংস করেছি তাদের সীমালঙ্ঘনের কারণে, আমরা তাদের ধ্বংসের জন্য একটি নির্দিষ্ট সময় মনোনীত করেছি।

*Valuable Lessons from Moses and His Teacher*

মুসা এবং তার শিক্ষক  
থেকে মূল্যবান শিক্ষা

[18:60] Moses said to his servant, "I will not rest until I reach the point where the two rivers meet, no matter how long it takes."

[১৮:৬০] মূসা তার ভৃত্যকে বলল, "আমি বিশ্রাম নিবো না যতক্ষণ না আমি দু' নদীর মিলনস্থলে পৌঁছাই, এতে যতো সময়ই লাগুক না কেন।"

[18:61] When they reached the point where they met, they forgot their fish, and it found its way back to the river, sneakily.

[১৮:৬১] যখন তারা সে জায়গায় পৌঁছাল যেখানে এরা মিলেছিল, তারা তাদের মাছের কথা ভুলে গেল, এবং এটি নদীতে ফেরার পথ খুঁজে পেয়েছিল, অলক্ষ্যে।

[18:62] After they passed that point, he said to his servant, "Let us have lunch. All this traveling has thoroughly exhausted us."

[১৮:৬২] তারা সেই জায়গা অতিক্রম করার পর, সে তার ভৃত্যকে বলল, "চল আমরা দুপুরের খাবার খাই। এই পুরো ভ্রমণ আমাদের একেবারেই ক্লান্ত করে দিয়েছে।"

[18:63] He said, "Remember when we sat by the rock back there? I paid no attention to the fish. It was the devil who made me forget it, and it found its way back to the river, strangely."

[১৮:৬৩] সে বলল, "মনে আছে কি যখন আমরা সেখানে পাথরের পাশে বসে ছিলাম? আমি মাছটির প্রতি কোন নজর দেইনি। শয়তানই তা আমাকে ভুলিয়ে দিয়েছে, এবং এটি নদীতে ফেরার পথ খুঁজে পেয়েছিল, অদ্ভুতভাবে।"

[18:64] (Moses) said, "That was the place we were looking for." They traced their steps back.

[১৮:৬৪] (মূসা) বলল, "এটাই ছিল সেই জায়গা যা আমরা খুঁজছিলাম।" তারা তাদের ফেলে আসা পথ ধরে ফিরে গেল।

[18:65] They found one of our servants, whom we blessed with mercy, and bestowed upon him from our own knowledge.

[১৮:৬৫] তারা আমাদের বান্দাদের একজনকে পেল, যাকে আমরা দয়া দিয়ে অনুগ্রহ করেছিলাম, এবং তাকে আমাদের নিজস্ব জ্ঞান থেকে প্রদান করেছিলাম।

[18:66] Moses said to him, "Can I follow you, that you may teach me some of the knowledge and the guidance bestowed upon you?"

[১৮:৬৬] মূসা তাকে বলল, "আমি কি আপনার অনুসরণ করতে পারি, যাতে আপনি আপনার উপর অর্পিত জ্ঞান এবং পথ-নির্দেশনার কিছু আমাকে শেখাতে পারেন?"

[18:67] He said, "You cannot stand to be with me."

[১৮:৬৭] সে বলল, "তুমি আমার সাথে স্থির থাকতে পারবে না।"

[18:68] "How can you stand that which you do not comprehend?"

[১৮:৬৮] "কিভাবে তুমি তাতে স্থির থাকবে যা তুমি বোঝ না?"

[18:69] He said, "You will find me, GOD willing, patient. I will not disobey any command you give me."

[১৮:৬৯] সে বলল, "আল্লাহ চাইলে, আমাকে আপনি ধৈর্যশীল পাবেন। আমি আপনার দেয়া কোন আদেশে অবাধ্য হবো না।"

[18:70] He said, "If you follow me, then you shall not ask me about anything, unless I choose to tell you about it."

[১৮:৭০] সে বলল, "যদি তুমি আমার অনুসরণ করো, তাহলে আমাকে কোনকিছুর বিষয়ে তুমি জিজ্ঞেস করবে না, যদি না আমি তোমাকে এ বিষয়ে বলতে পছন্দ করি।"

[18:71] So they went. When they boarded a ship, he bore a hole in it. He said, "Did you bore a hole in it to drown its people? You have committed something terrible."

[১৮:৭১] তাই তারা চললো। যখন তারা জাহাজে আরোহণ করলো, তাতে সে একটি ছিদ্র করলো। সে বলল, "আপনি কি লোকদের ডুবানোর জন্য এতে ছিদ্র করেছেন? আপনি ভয়ানক কিছু করেছেন।"

[18:72] He said, "Did I not say that you cannot stand to be with me?"

[১৮:৭২] সে বলল, "আমি কি বলিনি যে তুমি আমার সাথে স্থির থাকতে পারবে না?"

[18:73] He said, "I am sorry. Do not punish me for my forgetfulness; do not be too harsh with me."

[১৮:৭৩] সে বলল, "আমি দুঃখিত। আমার ভুলো-মনার জন্য আমাকে শাস্তি দিও না; আমার প্রতি এতো রুঢ় হইয়েন না।"

[18:74] So they went. When they met a young boy, he killed him. He said, "Why did you kill such an innocent soul, who did not kill another soul? You have committed something horrendous."

[১৮:৭৪] তাই তারা চললো। যখন তারা এক কমবয়সী বালকের সাক্ষাৎ পেল। সে বলল, কেন আপনি এমন নিষ্পাপ আত্মাকে হত্যা

করলেন, যে কিনা অন্য আত্মাকে হত্যা করেনি? আপনি জঘন্যতম কিছু করেছেন।"

[18:75] He said, "Did I not tell you that you cannot stand to be with me?"

[১৮:৭৫] সে বলল, "আমি কি বলিনি যে তুমি আমার সাথে স্থির থাকতে পারবে না?"

[18:76] He said, "If I ask you about anything else, then do not keep me with you. You have seen enough apologies from me."

[১৮:৭৬] সে বলল, "আমি যদি আপনাকে আর কোনকিছু জিজ্ঞেস করি, তবে আমাকে আপনার সাথে রাখবেন না। আপনি আমার কাছ থেকে যথেষ্ট অনুন্নয় দেখেছেন।"

[18:77] So they went. When they reached a certain community, they asked the people for food, but they refused to host them. Soon, they found a wall about to collapse, and he fixed it. He said, "You could have demanded a wage for that!"

[১৮:৭৭] তাই তারা চললো। যখন তারা কোন নির্দিষ্ট সম্প্রদায়ের কাছে পৌঁছলো, তারা লোকদের নিকট খাবার চাইলো, কিন্তু তাদের আপ্যায়ন করতে তারা অস্বীকৃতি জানালো। কিছুক্ষনের মধ্যেই, তারা একটি দেয়ালকে ধ্বংসে পড়ার মুখে পেল, এবং সে তা মেরামত করলো। সে বলল, "আপনি এর জন্য পারিশ্রমিক চাইতে পারতেন?"

*There is a Good Reason for Everything  
সবকিছুর পিছনে কোন ভাল কারণ আছে*

[18:78] He said, "Now we have to part company. But I will explain to you everything you could not stand.

[১৮:৭৮] সে বলল, "এখন আমাদের সংগ ত্যাগ করতে হবে। তবে, আমি তোমাকে ব্যাখ্যা দিবো সবকিছুর যাতে তুমি স্থির থাকতে পারো নি।"

[18:79] "As for the ship, it belonged to poor fishermen, and I wanted to render it defective. There was a king coming after them, who was confiscating every ship, forcibly.

[১৮:৭৯] "জাহাজটির বিষয়ে, এটি ছিল দরিদ্র জেলেদের, এবং এটিকে আমি ত্রুটিযুক্ত করতে চেয়েছিলাম। একজন রাজা তাদের পিছনে আসছিল, যে জোরপূর্বক সব জাহাজ জব্দ করছিল,।"

[18:80] "As for the boy, his parents were good believers, and we saw that he was going to

burden them with his transgression and disbelief.\*

[১৮:৮০] বালকটির বিষয়ে, তার বাবা মালিক বিশ্বাসী ছিল, এবং আমরা দেখলাম যে সে তার সীমালঙ্ঘন এবং অশ্রদ্ধার কারণে তাদের বোঝা হতে যাচ্ছিল।

*\*18:80 Adolf Hitler was a cute and seemingly innocent child. Had he died as a child, many would have grieved, and many would have even questioned God's wisdom. We learn from these profound lessons that there is a good reason behind everything.*

[18:81] "We willed that your Lord substitute in his place another son; one who is better in righteousness and kindness.

[১৮:৮১] আমরা চেয়েছিলাম যে তোমার প্রভু তার জায়গায় আরেকটি পুত্র দেন; যে সৎকর্মশীলতা ও দয়ায় উত্তম হবে।

[18:82] "As for the wall, it belonged to two orphan boys in the city. Under it, there was a treasure that belonged to them. Because their father was a righteous man, your Lord wanted them to grow up and attain full strength, then extract their treasure. Such is mercy from your Lord. I did none of that of my own volition. This is the explanation of the things you could not stand."

[১৮:৮২] "দেয়ালটির বিষয়ে, এটি শহরের দুই এতিম বালকের মালিকানায় ছিল। এর নীচে, তাদের গুপ্তধন ছিল। যেহেতু তাদের পিতা ছিল একজন সৎ লোক, তোমার প্রভু চেয়েছিলেন যে তারা বড় হয়ে উঠুক এবং পূর্ণ শক্তি অর্জন করুক, এরপর তাদের গুপ্তধন বের করে আনুক। এমনই তোমার প্রভুর দয়া। আমি এগুলোর কোনকিছুই নিজের ইচ্ছায় করিনি। এটাই হচ্ছে সেসব বিষয়ের ব্যাখ্যা যাতে তুমি স্থির থাকতে পারো নি।"

*Zul-Qarnain: The One With the Two Horns or Two Generations*

*যুলকারনাইন: দুই শিংওয়ালা অথবা দুই প্রজন্মের ব্যক্তি*

[18:83] They ask you about Zul-Qarnain. Say, "I will narrate to you some of his history."

[১৮:৮৩] তারা যুলকারনাইনের বিষয়ে জিজ্ঞেস করে। বল, "আমি তোমাদেরকে তার কিছু ইতিহাস বর্ণনা করবো।"

[18:84] We granted him authority on earth, and provided him with all kinds of means.

[১৮:৮৪] আমরা পৃথিবীতে তাকে কর্তৃত্ব দিলাম, এবং তাকে সব ধরনের কলা-কৌশল দিলাম।

[18:85] Then, he pursued one way.  
[১৮:৮৫] এরপর, সে এক পথ ধরলো।

[18:86] When he reached the far west, he found the sun setting in a vast ocean, and found people there. We said, "O Zul-Qarnain, you can rule as you wish; either punish, or be kind to them."

[১৮:৮৬] যখন সে সুদূর পশ্চিমে পৌঁছল, সে সূর্যকে এক সুবিশাল সমুদ্রে অস্ত যেতে দেখলো, এবং সেখানে লোকদের পেয়েছিল। আমরা বললাম, "হে যুলকারনাইন, তুমি তোমার ইচ্ছেমত শাসন করতে পারো, হয় শাস্তি দাও, অথবা তাদের প্রতি দয়ালু হও।"

[18:87] He said, "As for those who transgress, we will punish them, then, when they return to their Lord, He will commit them to more retribution."

[১৮:৮৭] সে বলল, "তাদের ক্ষেত্রে যারা সীমালঙ্ঘন করে, আমরা তাদের শাস্তি দিব, এরপর, যখন তারা তাদের প্রভুর কাছে ফিরে যাবে, তিনি তাদেরকে আরও অধিক শাস্তি দেবেন।"

[18:88] "As for those who believe and lead a righteous life, they receive a good reward; we will treat them kindly."

[১৮:৮৮] "আর যারা বিশ্বাস করে এবং সৎ-জীবন যাপন করে, তারা ভাল পুরস্কার পায়; আমরা তাদের সাথে সদয় আচরণ করবো।"

[18:89] Then he pursued another way.  
[১৮:৮৯] এরপর, সে অন্য পথ ধরলো।

[18:90] When he reached the far east, he found the sun rising on people who had nothing to shelter them from it.

[১৮:৯০] যখন সে সুদূর পূর্বে পৌঁছল, সে সূর্যকে লোকদের উপর উদয় হতে দেখল যাদের কাছে এটি থেকে আশ্রয় নেয়ার কিছু ছিল না।

[18:91] Naturally, we were fully aware of everything he found out.

[১৮:৯১] স্বভাবতই, আমরা তার দেখতে পাওয়া সবকিছু সম্পর্কে পূর্ণ অবগত ছিলাম।

[18:92] He then pursued another way.  
[১৮:৯২] এরপর, সে অন্য পথ ধরলো।

[18:93] When he reached the valley between two palisades, he found people whose language was barely understandable.

[১৮:৯৩] যখন সে দু'টি পর্বত চূড়ার মধ্যবর্তী উপত্যকায় পৌঁছল, সে লোকদের পেয়েছিল যাদের ভাষা সামান্যই বুঝা যেতো।

*Gog and Magog\**  
ইয়াজুজ ও মাজুজ

[18:94] They said, "O Zul-Qarnain, Gog and Magog are corruptors of the earth. Can we pay you to create a barrier between us and them?"

[১৮:৯৪] তারা বলল, "হে যুলকারনাইন, ইয়াজুজ ও মাজুজ পৃথিবীর দুর্নীতিবাজ। আমরা কি আমাদের ও তাদের মাঝে দেয়াল সৃষ্টি করার জন্য তোমাকে মজুরী দিতে পারি?"

*\*18:94-98 One of my duties as God' Messenger of the Covenant is to state that Gog and Magog, the final sign before the end of the world, will reappear in 2270 AD (1700 AH), just 10 years before the end. Note that Gog and Magog occur in Suras 18 and 21, precisely 17 verses before the end of each sura, representing 17 lunar centuries (see 72:27 and Appendix 25).*

[18:95] He said, "My Lord has given me great bounties. If you cooperate with me, I will build a dam between you and them."

[১৮:৯৫] সে বলল, "আমার প্রভু আমাকে মহা প্রাচুর্য দিয়েছেন। যদি তোমরা আমার সাথে সহযোগীতা করো, আমি তোমাদের ও তাদের মাঝে বাধঁ নির্মাণ করবো।"

[18:96] "Bring to me masses of iron." Once he filled the gap between the two palisades, he said, "Blow." Once it was red hot, he said, "Help me pour tar on top of it."

[১৮:৯৬] আমার কাছে লোহার স্তূপ নিয়ে আসো।" যখন সে দু'টি পর্বত চূড়ার মাঝখানের খালি জায়গা পূর্ণ করলো, সে বলল, "বাতাস দাও"। যখন তা তপ্ত লাল হলো, সে বলল, "আমাকে এর উপর পিচ ঢালতে সাহায্য করো।"

[18:97] Thus, they could not climb it, nor could they bore holes in it.

[১৮:৯৭] যেন, তারা এতে চড়তে করতে না পারে, না তারা এতে গর্ত খুঁড়তে পারে।

[18:98] He said, "This is mercy from my Lord. When the prophecy of my Lord comes to pass, He will cause the dam to crumble. The prophecy of my Lord is truth."



[১৮:৯৮] সে বলল, “এটি আমার প্রভুর পক্ষ থেকে দয়া। যখন আমার প্রভুর ভবিষ্যদ্বানী ঘটবে, তিনি বাধঁটিকে ভেঙে টুকরো টুকরো করে দিবেন। আমার প্রভুর ভবিষ্যদ্বানী সত্য।

[18:99] At that time, we will let them invade with one another, then the horn will be blown, and we will summon them all together.

[১৮:৯৯] সেই সময়, আমরা তাদের পরস্পরকে হানা-হানি করতে দেব, এরপর শিঙায় ফুঁ দেয়া হবে, এবং আমরা তাদের সবাইকে একত্রে তলব করবো/ একত্রে আসার জন্য আদেশ করবো।

[18:100] We will present Hell, on that day, to the disbelievers.

[১৮:১০০] আমরা নরক উপস্থাপন করবো, ওই দিন, অশ্বাসীদের কাছে।

[18:101] They are the ones whose eyes were too veiled to see My message. Nor could they hear.

[১৮:১০১] তারা সেই ব্যক্তি যাদের চোখ আমার বার্তা দেখার জন্য খুব বেশি পর্দাবৃত ছিল। না তারা শুনতে পারতো।

[18:102] Do those who disbelieve think that they can get away with setting up My servants as gods beside Me? We have prepared for the disbelievers Hell as an eternal abode.

[১৮:১০২] যারা অশ্বাস করে তারা কি মনে করে যে আমার বান্দাদেরকে উপাস্য স্থাপন করে তারা পার পেয়ে যাবে?

আমরা অশ্বাসীদের জন্য নরককে এক চিরস্থায়ী আবাস হিসেবে প্রস্তুত করেছি।

*Examine Yourself*

*নিজেকে পরীক্ষা করুন*

[18:103] Say, "Shall I tell you who the worst losers are?"

[১৮:১০৩] বল, “আমি কি তোমাদের বলব যে কারা সর্বাধিক ক্ষতিগ্রস্ত?

[18:104] "They are the ones whose works in this life are totally astray, but they think that they are doing good."

[১৮:১০৪] “তারা সেই ব্যক্তি যাদের কাজ এই জীবনে পুরোপুরি বিপথে গেছে, কিন্তু তারা মনে করে যে তারা ভাল কাজ করছে।”

[18:105] Such are the ones who disbelieved in the revelations of their Lord and in meeting Him. Therefore, their works are in vain; on the Day of Resurrection, they have no weight.

[১৮:১০৫] তারা এমনই যারা তাদের প্রভুর প্রকাশনাবলিকে এবং তাঁর সাথে সাক্ষাতের বিষয়কে অশ্বাস করেছে। সুতরাং, তাদের কাজগুলো ব্যর্থ; পুনরুত্থান দিনে, তাদের কোন ওজন থাকবে না।

[18:106] Their just requital is Hell, in return for their disbelief, and for mocking My revelations and My messengers.

[১৮:১০৬] তাদের উচিত প্রতিদান হচ্ছে নরক, তাদের অশ্বাসের বিনিময়ে, এবং আমার প্রকাশনাবলি ও বার্তাবাহকদের উপহাস করার কারণে।

[18:107] As for those who believe and lead a righteous life they have deserved a blissful Paradise as their abode.

[১৮:১০৭] তাদের ক্ষেত্রে যারা বিশ্বাস করে ও সৎ-জীবন যাপন করে তারা তাদের বাসস্থান হিসেবে এক পরম সুখের স্বর্গোদ্যানের যোগ্য হয়েছে।

[18:108] Forever they abide therein; they will never want any other substitute.

[১৮:১০৮] তারা চিরকাল সেখানে বসবাস করে; তারা কখনো অন্যকোন বিকল্প চাইবে না।

*The Quran: Everything We Need*

*কোরান: আমাদের প্রয়োজনের সব*

[18:109] Say, "If the ocean were ink for the words of my Lord, the ocean would run out, before the words of my Lord run out, even if we double the ink supply."

[১৮:১০৯] বল, “আমার প্রভুর কথার জন্য সাগর যদি কালি হয়, সাগর ফুরিয়ে যাবে, আমার প্রভুর কথা ফুরানোর আগেই, এমনকি যদি আমরা কালির পরিমাণ দ্বিগুণও করি।

[18:110] Say, "I am no more than a human like you, being inspired that your god is one god. Those who hope to meet their Lord shall work righteousness, and never worship any other god beside his Lord."

[১৮:১১০] বল, “আমি তোমাদের মত একজন মানুষের চেয়ে বেশি কিছু নই, প্রত্যাদিষ্ট হয়েছি যে তোমাদের উপাস্য এক উপাস্য। যারা তাদের প্রভুর সাথে সাক্ষাতের আশা করে তারা সৎকর্ম করবে, এবং তার প্রভুর পাশে কখনো অন্যকোন উপাস্যের উপাসনা করবে না।



## Sura 19: Mary (Maryam)

[19:0] In the name of God, Most Gracious, Most Merciful

[19:1] K. H. Y. 'A. S.\* (Kāf Hā Yā 'Ayn Sād)  
ক হ উ আ স (কাফ হা ইয়া আইন সোয়াদ)

*\*19:1 This is the maximum number of Quranic Initials, because this sura deals with such crucial matters as the miraculous birth of John and the virgin birth of Jesus, and strongly condemns the gross blasphemy that considers Jesus to be a son of God. The five initials provide a powerful physical evidence to support these issues (See Appendices 1 & 22).*

Zachariah  
জাকারিয়া

[19:2] A narration about your Lord's mercy towards His servant Zachariah.  
এটি তোমার প্রভুর দয়া বিষয়ে একটি বর্ণনা তাঁর বান্দা জাকারিয়ার প্রতি।

[19:3] He called his Lord, a secret call.  
সে তার প্রভুকে ডেকেছিল, গোপনে।

[19:4] He said, "My Lord, the bones have turned brittle in my body, and my hair is aflame with gray. As I implore You, my Lord, I never despair.  
সে বলল, "আমার প্রভু, আমার দেহের হাড়গুলো ভঙ্গুর হয়ে পড়েছে, এবং আমার চুল পেকে সাদা হয়ে গেছে। আমার প্রভু, যেহেতু আমি আপনার কাছে প্রার্থনা করি, আমি কখনো হতাশ নই।

[19:5] "I worry about my dependants after me, and my wife has been sterile. Grant me, from You, an heir.  
আমি আমার পর আমার স্বগোত্রীয়দের জন্য চিন্তিত, এবং আমার স্ত্রী বন্ধ্যা হয়ে আছে। আমাকে আপনার পক্ষ থেকে একজন উত্তরাধিকারী প্রদান করুন।

[19:6] "Let him be my heir and the heir of Jacob's clan, and make him, my Lord, acceptable."  
তাকে আমার উত্তরাধিকারী করুন এবং উত্তরাধিকারি করুন ইয়াকুব গোত্রের, এবং আমার প্রভু, তাকে গ্রহণযোগ্য করুন।"

John  
ইয়াহিয়া

[19:7] "O Zachariah, we give you good news; a boy whose name shall be John (*Yahya*). We never created anyone like him before."  
হে যাকারিয়া, আমরা তোমাকে সুসংবাদ দিচ্ছি; একটি বালকের যার নাম হবে ইয়াহিয়া। আমরা এর আগে কখনো তার মত কাউকে সৃষ্টি করিনি।"

[19:8] He said, "My Lord, will I have a son despite my wife's sterility, and despite my old age?"  
সে বলল, "আমার প্রভু, আমি কি আমার স্ত্রীর বন্ধ্যাত্য সত্ত্বেও, এবং আমার বৃদ্ধ বয়স সত্ত্বেও পুত্রসন্তান পাবো?"

[19:9] He said, "Thus said your Lord: 'It is easy for Me to do. I created you before that, and you were nothing.'  
তিনি বললেন, "তোমার প্রভু এমনই বলেছেন: এটি আমার জন্য করা সহজ। এর আগে তোমাকে আমি সৃষ্টি করেছি, এবং তুমি কিছুই ছিলে না।"

[19:10] He said, "My Lord, give me a sign." He said, "Your sign is that you will not speak to the people for three consecutive nights."  
সে বলল, "আমার প্রভু, আমাকে একটি সংকেত দিন।" তিনি বললেন, "তোমার সংকেত হচ্ছে যে তুমি পর পর তিন রাত লোকদের সাথে কথা বলবে না।"

[19:11] He came out to his family, from the sanctuary, and signaled to them: "Meditate (*on God*) day and night."  
সে বেড়িয়ে আসলো তার পরিবারের কাছে, উপাসনার জায়গা থেকে, এবং তাদের সংকেত দিলঃ "(আল্লাহর) ধ্যান করো দিনে এবং রাতে।"

[19:12] "O John, you shall uphold the scripture, strongly." We endowed him with wisdom, even in his youth.  
"হে ইয়াহিয়া, তুমি ঐশীগ্রন্থ আঁকড়ে থাকবে, দৃঢ়ভাবে।" আমরা তাকে প্রজ্ঞা দান করেছিলাম, এমনকি তার যৌবনেও।

[19:13] And (*we endowed him with*) kindness from us and purity, for he was righteous.  
এবং (*আমরা তাকে দান করেছিলাম*) আমাদের পক্ষ থেকে দয়া ও পবিত্রতা, কারণ সে ছিল সৎকর্মশীল।

[19:14] He honored his parents, and was never a disobedient tyrant.

সে তার মাতা-পিতাকে সম্মান করতো, এবং কখনো অবাধ্য স্বেচ্ছাচারী ছিল না।

[19:15] Peace be upon him the day he was born, the day he dies, and the day he is resurrected back to life.

তার উপর শান্তি বর্ষিত হোক যেদিন সে জন্মেছিল, যেদিন সে মারা যায়, এবং যেদিন সে জীবিত হয়ে পুনঃস্থিত হবে।

*Mary*  
*মরিয়ম*

[19:16] Mention in the scripture Mary. She isolated herself from her family, into an eastern location.

ঐশীগ্রন্থে মরিয়মের বিষয়ে উল্লেখ করো। সে তার পরিবার থেকে নিজেকে বিচ্ছিন্ন করেছিল, পূর্বদিকের একটি স্থানে।

[19:17] While a barrier separated her from them, we sent to her our Spirit. He went to her in the form of a human being.

যখন একটি অন্তরায় তাদের থেকে তাকে আলাদা করলো, আমরা তার কাছে আমাদের আত্মা পাঠালাম। সে তার কাছে একজন মানুষ হিসেবে গিয়েছিল।

[19:18] She said, "I seek refuge in the Most Gracious, that you may be righteous." সে বলল, "আমি পরম দয়ালুর নিকট আশ্রয় প্রার্থনা করি, যে তুমি হয়তো সৎকর্মশীল হবে।

[19:19] He said, "I am the messenger of your Lord, to grant you a pure son." সে বলল, "আমি তোমার প্রভুর বার্তাবাহক, তোমাকে একটি শুদ্ধ পুত্র সন্তান দান করতে।

[19:20] She said, "How can I have a son, when no man has touched me; I have never been unchaste."

সে বলল, "কিভাবে আমার কোন পুত্র সন্তান হতে পারে, যখন কোন পুরুষ আমাকে স্পর্শ করেনি; আমি কখনো অসতী ছিলাম না।"

[19:21] He said, "Thus said your Lord, 'It is easy for Me. We will render him a sign for the people, and mercy from us. This is a predestined matter.'"

সে বলল, "তোমার প্রভু এমনই বলেছেন: এটি আমার জন্য সহজ। আমরা লোকদের জন্য তাকে করবো একটি নিদর্শন, এবং আমাদের পক্ষ থেকে দয়া। এটি একটি পূর্বনির্ধারিত বিষয়।"

*The Birth of Jesus*

*ঈসার জন্ম*

[19:22] When she bore him, she isolated herself to a faraway place.

যখন সে তাকে গর্ভে ধারণ করলো, সে নিজেকে দূরবর্তী স্থানে আড়াল করলো।

[19:23] The birth process came to her by the trunk of a palm tree. She said, "(I am so ashamed; ) I wish I were dead before this happened, and completely forgotten."

একটি খেঁজুর গাছের কাণ্ডের পাশে তার জন্মদান প্রক্রিয়াটি ঘটলো। সে বলল, "(আমার এতো লজ্জা হচ্ছে; ) এটা ঘটার আগে যদি আমার মৃত্যু হতো, এবং পুরোপুরি বিস্মৃত হতাম।

[19:24] (The infant) called her from beneath her, saying, "Do not grieve. Your Lord has provided you with a stream.

(নবজাতক) তার নীচ থেকে তাকে ডাকল, এ বলে যে, "দুঃখ করো না। তোমার প্রভু তোমাকে একটি ঝর্ণা প্রদান করেছেন।

[19:25] "If you shake the trunk of this palm tree, it will drop ripe dates for you.\*

"যদি তুমি এই খেঁজুর গাছের কাণ্ডে ঝাঁকি দাও, এটি তোমার জন্য পাকা খেঁজুড় ফেলবে।

\*19:25 Thus, Jesus was born in late September or early October. This is when dates ripen in the Middle East to the point of falling off the tree.

[19:26] "Eat and drink, and be happy. When you see anyone, say, 'I have made a vow of silence; I am not talking today to anyone.'"

"খাও ও পান করো, এবং সুখী হও। যখন তুমি কাউকে দেখবে, বলবে, 'আমি মৌন থাকার সংকল্প করেছি; আজ আমি কারো সাথে কথা বলছি না।'"

[19:27] She came to her family, carrying him. They said, "O Mary, you have committed something that is totally unexpected.

সে তার পরিবারের কাছে আসলো, তাকে সাথে নিয়ে। তারা বলল, হে মরিয়ম, তুমি এমন কিছু করেছ যা পুরোপুরি অপ্রত্যাশিত।

[19:28] "O descendant of Aaron, your father was not a bad man, nor was your mother unchaste."

হে হারুনের বংশধর, তোমার পিতা কোন খারাপ লোক ছিল না, না তোমার মা অসতী ছিল।"

*The Infant Makes*

## a Statement

নবজাতক

বিবৃতি দিল

[19:29] She pointed to him. They said, "How can we talk with an infant in the crib?"

সে তার দিকে নির্দেশ করলো। তারা বলল,  
"কেমন করে কোলের শিশুর সাথে আমরা কথা বলবো?"

[19:30] (*The infant spoke and*) said, "I am a servant of **GOD**. He has given me the scripture, and has appointed me a prophet.

(নবজাতক কথা শুরু করল এবং) বলল,

"আমি আল্লাহর একজন সেবক। তিনি আমাকে ঐশীগ্রন্থ দিয়েছেন, এবং আমাকে একজন নবী নিযুক্ত করেছেন।

[19:31] "He made me blessed wherever I go, and enjoined me to observe the Contact Prayers (*Salat*) and the obligatory charity (*Zakat*) for as long as I live.

যেখানেই আমি যাই তিনি আমাকে সৌভাগ্যশালী করেছেন, এবং আমাকে আদেশ করেছেন সংযোগ প্রার্থনা (সালাত) ও বাধ্যতামূলক দান (যাকাত) পালন করতে যতদিন আমি বাঁচি।

[19:32] "I am to honor my mother; He did not make me a disobedient rebel.

আমাকে আমার মায়ের সম্মান করতে হবে; আমাকে তিনি অবাধ্য বিদ্রোহী বানাননি।

[19:33] "And peace be upon me the day I was born, the day I die, and the day I get resurrected."

"এবং আমার উপর শান্তি হোক যেদিন আমি জন্মেছি, যেদিন আমি মারা যাই, এবং যেদিন আমি পুনরুত্থিত হই।"

## The Proven Truth

প্রমানিত সত্য

[19:34] That was Jesus, the son of Mary, and this is the truth of this matter, about which they continue to doubt.

সে-ই ছিল ঈসা, মরিয়ম পুত্র, এবং এটা-ই এ বিষয়ের সত্য, যে বিষয়ে তারা সন্দেহ করতে থাকে।

[19:35] It does not befit **GOD** that He begets a son, be He glorified. To have anything done, He simply says to it, "Be," and it is.

এটা আল্লাহর সাথে মানায় না যে তিনি পুত্র সন্তান জন্ম দেন, তিনি মহিমান্বিত। কোনকিছু

করতে হলে, তিনি একে শুধু বলেন,  
"হও," এবং তা হয়ে যায়।

[19:36] He also proclaimed, "**GOD** is my Lord and your Lord; you shall worship Him alone. This is the right path."\*

তিনি আরো ঘোষণা করলেন, "আল্লাহ আমার প্রভু এবং তোমাদের প্রভু; তোমরা কেবল তাঁরই উপাসনা করবে। এটাই সত্য পথ।

\*19:36 This is similar to the statement attributed to Jesus in the Gospel of John 20:17.

[19:37] The various parties disputed among themselves (*regarding the identity of Jesus*). Therefore, woe to those who disbelieve from the sight of a terrible day.

(ঈসার পরিচয়ের বিষয়ে) বিভিন্ন দল নিজেদের মারো বিবাদ করেছে। একারণে, দুর্ভোগ তাদের প্রতি যারা এক ভয়ানক দিনের সাক্ষাতে অবিশ্বাস করে।

[19:38] Wait till you hear them and see them when they come to face us. The transgressors on that day will be totally lost.

অপেক্ষা কর যে পর্যন্ত না তুমি তাদের শুনছ এবং দেখছ যখন তারা আমাদের মুখোমুখি হতে আসে। সীমালঙ্ঘনকারীরা ঐদিন পুরোপুরি ক্ষতিগ্রস্ত হবে।

[19:39] Warn them about the day of remorse, when judgment will be issued. They are totally oblivious; they do not believe.

তাদেরকে অনুশোচনার দিন সম্পর্কে সতর্ক করো, যখন বিচার প্রকাশ হবে। তারা পুরোপুরি বেখবর; তারা বিশ্বাস করে না।

[19:40] We are the ones who inherit the earth and everyone on it; to us everyone will be returned.

আমরাই সেই সত্তা যারা পৃথিবীর এবং এর সবকিছুর উত্তরাধিকার করি; আমাদের কাছেই সকলে ফিরে আসবে।

## Abraham

ইব্রাহিম

[19:41] Mention in the scripture Abraham; he was a saint, a prophet.

ঐশীগ্রন্থে ইব্রাহিমের উল্লেখ করো; সে ছিল একজন ঋষি, একজন নবী।

[19:42] He said to his father, "O my father, why do you worship what can neither hear, nor see, nor help you in any way?"

সে তার পিতাকে বলল, "হে আমার পিতা, কেন তুমি তারউপাসনা করো যা না পারে শুনতে, না পারেদেখতে, না তোমাকে কোনভাবে সাহায্য করতে পারে?"

[19:43] "O my father, I have received certain knowledge that you did not receive. Follow me, and I will guide you in a straight path. হে আমার পিতা, আমি সুনির্দিষ্ট জ্ঞান পেয়েছি যা তুমি পাও নি। আমাকে অনুসরণ করো, এবং আমি তোমাকে সোজা পথ দেখাবো।

[19:44] "O my father, do not worship the devil. The devil has rebelled against the Most Gracious. হে আমার পিতা, শয়তানের উপাসনা করো না। শয়তান পরম দয়ালুর বিরুদ্ধে বিদ্রোহ করেছে।

[19:45] "O my father, I fear lest you incur retribution from the Most Gracious, then become an ally of the devil." হে আমার পিতা, আমার ভয় হয় পাছে তুমি পরম দয়ালু থেকে শাস্তি টেনে আনো, এরপর শয়তানের মিত্র হয়ে পড়ো।

[19:46] He said, "Have you forsaken my gods, O Abraham? Unless you stop, I will stone you. Leave me alone." সে বলল, "তুমি কি আমার উপাস্যদের পরিত্যাগ করছো, হে ইব্রাহিম? যদি না তুমি থামো, আমি তোমাকে পাথর মারবো। আমাকে আমার মত থাকতে দাও।

[19:47] He said, "Peace be upon you. I will implore my Lord to forgive you; He has been Most Kind to me. সে বলল, "তোমার উপর শান্তি বর্ষিত হোক। তোমার ক্ষমার জন্য আমি আমার প্রভুর কাছে মিনতি করবো; তিনি আমার প্রতি পরম দয়ালু।

[19:48] "I will abandon you and the gods you worship besides **GOD**. I will worship only my Lord. By imploring my Lord alone, I cannot go wrong." আমি তোমাকে এবং আল্লাহর পাশে তোমার উপাসনা করা উপাস্যদের পরিত্যাগ করবো। আমি শুধু আমার প্রভুর উপাসনা করবো। শুধুমাত্র আমার প্রভুর কাছে মিনতি করে, আমি ভুল হতে পারি না।

[19:49] Because he abandoned them and the gods they worshiped beside **GOD**, we granted him Isaac and Jacob, and we made each of them a prophet.

যেহেতু সে তাদেরকে এবং আল্লাহর পাশে তাদের উপাসনা করা উপাস্যদের পরিত্যাগ করেছিল, আমরা তাকে দিয়েছিলাম ইসহাক ও ইয়াকুব, এবং আমরা তাদের প্রত্যেককে নবী বানিয়েছিলাম।

[19:50] We showered them with our mercy, and we granted them an honorable position in history. আমরা তাদের প্রতি আমাদের দয়া বর্ষণ করেছিলাম, এবং আমরা তাদেরকে ইতিহাসে এক সম্মানিত স্থান দিয়েছিলাম।

*Moses*

*মুসা*

[19:51] Mention in the scripture Moses. He was devoted, and he was a messenger prophet. ঐশীগ্রন্থে মুসার উল্লেখ করো। সে ছিল নিবেদিত, এবং সে ছিল বার্তাবাহক নবী।

[19:52] We called him from the right side of Mount Sinai. We brought him close, to confer with him. আমরা সিনাই পর্বতের ডান পাশ থেকে তাকে ডেকেছিলাম। আমরা তাকে নিকটে এনেছিলাম, তার সাথে পরামর্শ করতে।

[19:53] And we granted him, out of our mercy, his brother Aaron as a prophet. এবং আমরা তাকে দিয়েছিলাম, আমাদের দয়া থেকে, তার ভাই হারুনকে একজন নবী হিসেবে।

[19:54] And mention in the scripture Ismail. He was truthful when he made a promise, and he was a messenger prophet. এবং ঐশীগ্রন্থে ইসমাইলের উল্লেখ করো। সে ছিল সত্যবাদী যখন সে কোন প্রতিজ্ঞা করতো, এবং সে ছিল একজন বার্তাবাহক নবী।

[19:55] He used to enjoin his family to observe the Contact Prayers (*Salat*) and the obligatory charity (*Zakat*); he was acceptable to his Lord. সে তার পরিবারকে সংযোগ প্রার্থনা (সালাত) ও বাধ্যতামূলক দান (যাকাত) পালনের নির্দেশ দিত; সে ছিল তার প্রভুর কাছে গ্রহণযোগ্য।

[19:56] And mention in the scripture Idris. He was a saint, a prophet. এবং ঐশীগ্রন্থে ইদ্রিসের উল্লেখ করো। সে ছিল একজন ঋষি, একজন নবী।

[19:57] We raised him to an honorable rank. আমরা তাকে এক সম্মানিত পদমর্যাদায় উন্নীত করেছিলাম।

[19:58] These are some of the prophets whom **GOD** blessed. They were chosen from among the descendants of Adam, and the descendants of those whom we carried with Noah, and the descendants of Abraham and Israel, and from among those whom we guided and selected. When the revelations of the Most Gracious are recited to them, they fall prostrate, weeping. এরা হচ্ছে নবীদের কয়েকজন যাদেরকে আল্লাহ অনুগ্রহ করেছিলেন। তাদের পছন্দ করা হয়েছিল আদমের বংশধরদের থেকে, এবং তাদের বংশধর থেকে যাদেরকে আমরা নুহের সাথে বহন করেছিলাম, এবং ইব্রাহিম ও ইসরাইলের বংশধরদের থেকে, এবং তাদের মধ্য থেকে যাদের আমরা পথপ্রদর্শন এবং নির্বাচিত করেছিলাম। যখন পরম দয়ালুর প্রকাশনাবলি তাদের কাছে আবৃত্তি করা হয়, তারা সেজদায় পড়ে কাঁদতে থাকে।

*Losing the  
Contact Prayers  
(Salat)  
সংযোগ প্রার্থনা  
(সালাত)  
হারানো*

[19:59] After them, He substituted generations who lost the Contact Prayers (*Salat*), and pursued their lusts. They will suffer the consequences. তাদের পর, তিনি সে প্রজন্মদের প্রতিস্থাপন করেছিলেন যারা সংযোগ প্রার্থনা (সালাত) হারিয়েছিল, এবং তাদের লালসার পিছনে ছুটেছিল। তারা পরিনাম ভোগ করবে।

[19:60] Only those who repent, believe, and lead a righteous life will enter Paradise, without the least injustice. কেবল যারা অনুশোচনা করে, বিশ্বাস করে, এবং সৎকর্মশীল জীবন যাপন করে তারা স্বর্গোদ্যানে প্রবেশ করবে, সামান্যতম অবিচার ছাড়াই।

[19:61] The gardens of Eden await them, as promised by the Most Gracious for those who worship Him, even in privacy. Certainly, His promise must come to pass. ইডেনের বাগানগুলো তাদের জন্য অপেক্ষা করে, যেমন পরম দয়ালু অংগীকার করেছিলেন তাদের জন্য যারা তাঁর উপাসনা করে, এমনকি একাকিত্বে। নিশ্চিতভাবে, তাঁর অংগীকার অবশ্যই সংঘটিত হবে।

[19:62] They will not hear any nonsense therein; only peace. They receive their provisions therein, day and night. তারা সেখানে কোন আজ্ঞে- বাজে কথা- বার্তা শুনবে না; কেবলই শান্তি। তারা সেখানে তাদের খাদ্যসামগ্রী পাবে, দিন ও রাতে।

[19:63] Such is Paradise; we grant it to those among our servants who are righteous. এমনই স্বর্গোদ্যান; আমরা আমাদের বান্দাদের মধ্য থেকে তাদের জন্য এটা মঞ্জুর করি যারা সৎকর্মশীল।

[19:64] We do not come down except by the command of your Lord. To Him belongs our past, our future, and everything between them. Your Lord is never forgetful. তোমার প্রভুর আদেশ ছাড়া আমরা অবতরণ করি না। তাঁর অধীনে রয়েছে আমাদের অতীত, আমাদের ভবিষ্যৎ, এবং এদের মধ্যকার সবকিছু। তোমার প্রভু কখনো ভুলেন না।

[19:65] The Lord of the heavens and the earth, and everything between them; you shall worship Him and steadfastly persevere in worshipping Him. Do you know of anyone who equals Him? আকাশমণ্ডলী ও পৃথিবীর প্রভু, এবং এদের মধ্যকার সবকিছুর; তোমরা তাঁর উপাসনা করবে এবং তাঁর উপাসনায় অবিচলতার সাথে অটল থাকবে। তুমি কি কাউকে জানো যে তাঁর সমান?

[19:66] The human being asks, "After I die, do I come back to life?" মানুষ জিজ্ঞেস করে, "আমি মরে যাবার পর, আমি কি পুনরায় জীবিত হব?"

[19:67] Did the human being forget that we created him already, and he was nothing? মানুষ কি ভুলে যায় যে আমরা তাকে ইতোমধ্যেই সৃষ্টি করেছি, এবং সে কিছুই ছিল না?

*Special Warning  
to the Leaders  
নেতাদের প্রতি  
বিশেষ সতর্কীকরণ*

[19:68] By your Lord, we will certainly summon them, together with the devils, and will gather them around Hell, humiliated. তোমার প্রভুর শপথ, আমরা অবশ্যই তাদের তলব করবো, শয়তানের সাথে একসঙ্গে,

এবং নরকের চারপাশে তাদের একত্র করবো,  
অপদস্থ অবস্থায়।

[19:69] Then we will pick out from each group  
the most ardent opponent of the Most  
Gracious.

এরপর আমরা প্রত্যেক দল থেকে পরম দয়ালুর  
সবচেয়ে ঘোর বিরোধীদের বেছে নিব।

[19:70] We know full well those who are most  
deserving of burning therein.

আমরা তাদেরকে খুব ভাল করেই জানি যারা  
সেখানে পোড়ার সবচেয়ে উপযুক্ত।

*Everyone Sees Hell\**

সকলে নরক দেখবে

[19:71] Every single one of you must see it;  
this is an irrevocable decision of your Lord.  
তোমাদের প্রত্যেকে অবশ্যই এটি দেখবে; এটা  
তোমার প্রভুর এক অনড় সিদ্ধান্ত।

*\*19:71 As detailed in Appendix 11, we will be  
resurrected prior to God's physical arrival to  
our universe. That will be a temporary taste of  
Hell, since the absence of God is Hell. When  
God comes (89:22), the righteous will be  
rescued. See 19:72.*

[19:72] Then we rescue the righteous, and  
leave the transgressors in it, humiliated.  
এরপর আমরা সৎকর্মশীলদের উদ্ধার করবো,  
এবং সীমালঙ্ঘনকারীদের এতে ছেড়ে দেবো,  
অপদস্থ অবস্থায়।

*The Majority*

সংখ্যাগরিষ্ঠ

[19:73] When our revelations are recited to  
them, clearly, those who disbelieve say to  
those who believe, "Which of us is more  
prosperous? Which of us is in the majority?"  
যখন তাদের কাছে আমাদের প্রকাশনাবলি  
অবৃত্তি করা হয়, সুস্পষ্টভাবে, যারা অবিশ্বাস  
করে তারা যারা বিশ্বাস করে তাদেরকে বলে,  
"আমাদের মধ্যে কারা অধিক সমৃদ্ধশালী?  
আমাদের মধ্যে কারা সংখ্যাগরিষ্ঠ?"

[19:74] Many a generation have we annihilated  
before them; they were more powerful, and  
more prosperous.

তাদের আগে আমরা অনেক প্রজন্মকে ধ্বংস  
করেছি; তারা ছিল অধিক ক্ষমতাবান, এবং  
অধিক সমৃদ্ধশালী।

[19:75] Say, "Those who choose to go astray,  
the Most Gracious will lead them on, until they

see what is promised for them—either the  
retribution or the Hour. That is when they find  
out who really is worse off, and weaker in  
power."

বল, "যারা বিপথে যাওয়া পছন্দ করে, পরম  
দয়ালু তাদের পরিচালিত করবেন, যে পর্যন্ত না  
তারা দেখে যা তাদের অংগীকার করা হয়েছে-  
হয় শাস্তি নয়তো সেই ঘন্টা। ঠিক তখনই তারা  
দেখবে যে কে অধিকতর মন্দ অবস্থায় রয়েছে,  
এবং ক্ষমতায় দুর্বলতম।

[19:76] **GOD** augments the guidance of those  
who choose to be guided. For the good deeds  
are eternally rewarded by your Lord, and bring  
far better returns.

আল্লাহ তাদের পথপ্রাপ্তি বাড়িয়ে দেন যারা  
পথপ্রাপ্ত হওয়া পছন্দ করে। কেননা ভাল কাজ  
তোমার প্রভুর দ্বারা চিরস্থায়ীভাবে পুরস্কৃত হয়,  
এবং অনেক উত্তম প্রতিদান ফিরিয়ে আনে।

[19:77] Have you noted the one who rejected  
our revelations then said, "I will be given  
wealth and children"?!  
তুমি কি সে ব্যক্তিকে লক্ষ্য করেছ যে আমাদের  
প্রকাশনাবলিকে প্রত্যাখ্যান করেছিল এরপর  
বলল, "আমাকে সম্পদ এবং সন্তানাদি দেয়া  
হবে"?!

[19:78] Has he seen the future? Has he taken  
such a pledge from the Most Gracious?  
সে কি ভবিষ্যৎ দেখেছে? সে কি পরম  
করণাময়ের কাছ থেকে এমন কোন অঙ্গীকার  
নিয়োগেছে?

[19:79] Indeed, we will record what he utters,  
then commit him to ever-increasing  
retribution.

নিশ্চয়, আমরা সংরক্ষণ করবো যা সে বলে,  
এরপর তাকে চিরবর্ধনশীল শাস্তিতে ফেলবো।

[19:80] Then we inherit everything he  
possessed, and he comes back to us all alone.  
এরপর আমরা তার অধিকৃত সবকিছু  
উত্তরাধিকার করি, এবং সে আমাদের কাছে  
ফিরে আসে সম্পূর্ণ একা।

[19:81] They worship beside **GOD** other gods  
that may be of help to them.

তারা আল্লাহর পাশে অন্য উপাস্যদের উপাসনা  
করে যাতে তাদের সাহায্যে আসতে পারে।

*The Idols Disown*

*Their Worshipers*

উপাস্যরা তাদের উপাসনাকারীদের

প্রত্যাক্ষান করে



[19:82] On the contrary; they will reject their idolatry, and will be their enemies.  
উলটো; তারা তাদের উপাস্য-সাব্যস্ত করাকে প্রত্যাখ্যান করবে, এবং তাদের শত্রু হয়ে যাবে।

[19:83] Do you not see how we unleash the devils upon the disbelievers to stir them up?  
তুমি কি দেখো না কিভাবে আমরা অশিষ্টদের পিছনে শয়তানদের লেলিয়ে দেই তাদের উত্তেজিত করতে?

[19:84] Do not be impatient; we are preparing for them some preparation.  
অধৈর্য হইও না; আমরা তাদের জন্য প্রস্তুত করছি কিছু প্রস্তুতি।

[19:85] The day will come when we summon the righteous before the Most Gracious in a group.  
সে দিন আসবে যখন আমরা পরম করুণাময়ের সামনে সৎকর্মশীলদের তলব করবো একটি দলে।

[19:86] And we will herd the guilty to Hell, to be their eternal abode.  
এবং আমরা অপরাধীদেরকে নরকের দিকে দলবদ্ধভাবে নিয়ে যাবো, তাদের চিরস্থায়ী আবাসে থাকার জন্য।

[19:87] No one will possess the power to intercede, except those who conform to the laws of the Most Gracious.  
কেউ সুপারিশ করার অধিকার রাখবে না, তারা ব্যতীত যারা পরম করুণাময়ের আইনের অনুরূপ কাজ করবে।

*Gross Blasphemy*  
ঘোর মিথ্যাচার

[19:88] They said, "The Most Gracious has begotten a son!"  
তারা বলল, "পরম করুণাময় পুত্র জন্ম দিয়েছেন!"

[19:89] You have uttered a gross blasphemy.  
তোমরা এক ঘোর মিথ্যাচার উচ্চারণ করেছ।

[19:90] The heavens are about to shatter, the earth is about to tear asunder, and the mountains are about to crumble.  
আকাশমণ্ডলী যেন চূর্ণ হয়ে যাবে, পৃথিবী যেন খন্ড-বিখন্ড হয়ে যাবে, এবং পর্বত যেন টুকরো টুকরো হয়ে যাবে।

[19:91] Because they claim that the Most Gracious has begotten a son.  
কারণ তারা দাবী করে যে পরম করুণাময় পুত্র জন্ম দিয়েছেন।

[19:92] It is not befitting the Most Gracious that He should beget a son.  
এটা পরম করুণাময়কে মানায় না যে তিনি পুত্র জন্ম দিবেন।

[19:93] Every single one in the heavens and the earth is a servant of the Most Gracious.  
আকাশমন্ডলী ও পৃথিবীর প্রত্যেকে পরম করুণাময়ের বান্দা।

[19:94] He has encompassed them, and has counted them one by one.  
তিনি তাদের বেষ্টিত করে আছেন, এবং তাদেরকে এক এক করে গুনে রেখেছেন।

[19:95] All of them will come before Him on the Day of Resurrection as individuals.  
পুনরুত্থান দিনে তারা সকলে তাঁর সামনে আসবে, পৃথকভাবে।

[19:96] Surely, those who believe and lead a righteous life, the Most Gracious will shower them with love.  
নিশ্চয়ই, যারা বিশ্বাস করে এবং সৎ জীবন যাপন করে, পরম করুণাময় তাদের উপর ভালবাসা বর্ষণ করবেন।

[19:97] We thus made this (*Quran*) elucidated in your tongue, in order to deliver good news to the righteous, and to warn with it the opponents.  
আমরা এভাবে তোমার ভাষায় একে (কোরআন) সহজ করেছি, সৎকর্মীদের কাছে সুসংবাদ পৌঁছে দিতে, এবং প্রতিপক্ষকে এর দ্বারা সতর্ক করতে।

[19:98] Many a generation before them we annihilated; can you perceive any of them, or hear from them any sound?  
তাদের পূর্বে আমরা অনেক প্রজন্ম ধ্বংস করেছি; তুমি কি তাদের কাউকে অনুধাবন করো, অথবা তাদের থেকে কোন শব্দ শুনো?

## Sura 20: T.H. (TāHā)

[20:0] In the name of God, Most Gracious, Most Merciful

[20:1] T. H.\*  
ত.হ .

*\*20:1 The role of these Quranic initials as components of the Quran's awesome mathematical miracle is given in detail in Appendix 1.*

[20:2] We did not reveal the Quran to you, to cause you any hardship.  
তোমাকে কোন কষ্টে ফেলতে, আমরা তোমার কাছে কোরান প্রকাশ করিনি।

[20:3] Only to remind the reverent.  
শুধুমাত্র ভক্তদের স্মরণ করাতে।

[20:4] A revelation from the Creator of the earth and the high heavens.  
পৃথিবী এবং উর্ধ্ব আকাশমন্ডলীর সৃষ্টিকর্তার পক্ষ থেকে একটি প্রকাশনা।

[20:5] The Most Gracious; He has assumed all authority.  
পরম দয়ালু; তিনি সকল কর্তৃত্ব গ্রহণ করেছেন।

[20:6] To Him belongs everything in the heavens, and the earth, and everything between them, and everything beneath the ground.  
আকাশমন্ডলী, ও পৃথিবীর সবকিছু, এবং এগুলোর মধ্যকার সবকিছু, এবং ভূপৃষ্ঠের নিম্নস্থ- সবকিছু তাঁর অধীন।

[20:7] Whether you declare your convictions (or not) He knows the secret, and what is even more hidden.  
তুমি তোমার প্রত্যয় প্রকাশ করো (বা না করো) তিনি জানেন গোপন বিষয়টি, এবং যা এর চেয়েও গভীরে লুকায়িত।

[20:8] **GOD**: there is no other god besides Him. To Him belong the most beautiful names.  
আল্লাহ : তাঁর পাশে অন্য কোন উপাস্য নেই। সবচেয়ে সুন্দর নামগুলো তাঁরই।

[20:9] Have you noted the history of Moses?  
তুমি কি মুসার ইতিহাস লক্ষ্য করেছ?

[20:10] When he saw a fire, he said to his family, "Stay here. I have seen a fire. Maybe I can bring you some of it, or find some guidance at the fire."

[২০:১০] যখন সে আগুন দেখল, সে তার পরিবারকে বলল, "এখানে থাকো। আমি আগুন দেখেছি। হয়তো আমি তা থেকে তোমাদের জন্য কিছু নিয়ে আসতে পারি, অথবা আগুনের কাছে কিছু পথ- নির্দেশনা পেতে পারি।"

[20:11] When he came to it, he was called, "O, Moses.  
যখন সে এর কাছে এলো, তাকে ডাকা হলো, "হে, মুসা।

[20:12] "I am your Lord; remove your sandals. You are in the sacred valley, Tuwā.  
আমি তোমার প্রভু; তোমার জুতা খোল। তুমি পবিত্র উপত্যকা- তুয়ায় আছো।

[20:13] "I have chosen you, so listen to what is being revealed.  
আমি তোমাকে পছন্দ করেছি, অতঃএব শুনো যা প্রকাশিত হচ্ছে।

[20:14] "I am **GOD**; there is no other god beside Me. You shall worship Me alone, and observe the Contact Prayers (*Salat*) to remember Me.  
আমি আল্লাহ; আমার পাশে অন্যকোন উপাস্য নেই। তুমি কেবল আমার উপাসনা করবে, এবং আমাকে স্মরণ করতে সংযোগ প্রার্থণা (*সালাত*) পালন করবে।

*End of the World is Not Hidden\**  
*বিশ্বের পরিসমাপ্তি*  
*গুপ্ত নয়*

[20:15] "The Hour (*end of the world*) is surely coming; I will keep it almost hidden. For each soul must be paid for its works.  
সেই ঘন্টা (বিশ্বের পরিসমাপ্তি) নিশ্চিত আসছে; একে আমি প্রায় গোপন রাখবো। কেননা প্রত্যেক আত্মাকে এর কাজের পাওনা অবশ্যই পেতে হবে।

*\*20:15 The end of the world is given in the Quran, God's final message (15:87).*

[20:16] "Do not be diverted therefrom by those who do not believe in it— those who pursue their own opinions—lest you fall.  
“তাদের দ্বারা এটা থেকে বিচ্যুত হইও না যারা এতে বিশ্বাস করে না- যারা নিজ ধারণার অনুসরণ করে- পাছে তোমার পতন হয়।

[20:17] "What is this in your right hand, Moses?"

“তোমার ডান হাতে এটা কি, মুসা?”

[20:18] He said, "This is my staff. I lean on it, herd my sheep with it, and I use it for other purposes."

সে বলল, “এটি আমার লাঠি। আমি এতে ভর দেই, এটি দিয়ে আমার ভেড়া চরাই, এবং একে আমি অন্য কাজেও ব্যবহার করি।”

[20:19] He said, "Throw it down, Moses." তিনি বললেন, “এটি নিচে ছুঁড়ো, মুসা।”

[20:20] He threw it down, whereupon it turned into a moving serpent.

সে এটি নিচে ছুঁড়লো, যারপর এটি পরিনত হলো একটি চলন্ত সাপে।

[20:21] He said, "Pick it up; do not be afraid. We will return it to its original state.

তিনি বললেন, তোল এটা; ভয় পেও না। আমরা একে এর আসল অবস্থায় ফিরিয়ে আনবো।

[20:22] "And hold your hand under your wing; it will come out white without a blemish; another proof.

এবং তোমার হাত তোমার বাহুর নিচে রাখো; এটি নিখুঁত সাদা হয়ে বেড়িয়ে আসবে; আরেকটি প্রমাণ।

[20:23] "We thus show you some of our great portents.

এভাবে আমরা তোমাকে আমাদের মহানিদর্শনগুলোর কিছু দেখাই।

[20:24] "Go to Pharaoh, for he has transgressed."

“ফেরাউন- এর কাছে যাও, কারণ সে সীমালংঘন করেছে।”

[20:25] He said, "My Lord, cool my temper.

সে বলল, “আমার প্রভু, আমার মেজাজ শান্ত করুন।

[20:26] "And make this matter easy for me.

“এবং এ বিষয়টা আমার জন্য সহজ করে দিন।

[20:27] "And untie a knot from my tongue.

“এবং আমার মুখের জড়তা দূর করে দিন।

[20:28] "So they can understand my speech.

“যেন তারা আমার কথা বুঝতে পারে।

[20:29] "And appoint an assistant for me from my family.

“এবং আমার পরিবার থেকে আমার জন্য একজন সহকারী নিযুক্ত করে দিন।

[20:30] "My brother Aaron.

“আমার ভাই হারুনকে।

[20:31] "Strengthen me with him.

“তাকে দিয়ে আমাকে শক্তিশালী করুন।

[20:32] "Let him be my partner in this matter.

“তাকে এই বিষয়ে আমার অংশীদার করুন।

[20:33] "That we may glorify You frequently.

“যাতে আমরা অহরহ আপনার মহিমা প্রকাশ করতে পারি।

[20:34] "And commemorate You frequently.

এবং অহরহ আপনার স্মরণ করতে পারি।

[20:35] "You are Seer of us."

“আপনি আমাদের দ্রষ্টা।”

[20:36] He said, "Your request is granted, O Moses.

তিনি বললেন, “তোমার অনুরোধ মঞ্জুর করা হলো, হে মুসা।

[20:37] "We have blessed you another time.

“আমরা তোমাকে আরেকবার অনুগ্রহ করেছিলাম।

[20:38] "When we revealed to your mother what we revealed.

“যখন আমরা তোমার মায়ের কাছে প্রকাশ করেছিলাম যা প্রকাশ করার ছিল।

[20:39] "Saying: 'Throw him into the box, then throw him into the river. The river will throw him onto the shore, to be picked up by an enemy of Mine and an enemy of his.' I showered you with love from Me, and I had you made before My watchful eye.

“এ বলে যেঃ ‘তাকে বাস্ত্রে রাখো, এরপর তাকে নদীতে ভাসিয়ে দাও। নদী তাকে তীরে নিয়ে যাবে, আমার এবং তার একজন শত্রু তাকে তুলে নেবার জন্য।’ আমি আমার পক্ষ থেকে তোমার প্রতি ভালোবাসা বর্ষণ করেছিলাম, এবং আমি তোমাকে গড়েছি আমার সতর্ক দৃষ্টির আওতায়।

[20:40] "Your sister walked to them and said, 'I can tell you about a nursing mother who can take good care of him.' We thus returned you to your mother, that she may be happy and stop worrying. And when you killed a soul, we saved you from the grievous consequences;

indeed we tested you thoroughly. You stayed years with the people of Midyan, and now you have come back in accordance with a precise plan.

“তোমার বোন তাদের কাছে গেল এবং বলল, ‘আমি তোমাদেরকে একজন স্তন্যদানকারিনী মায়ের বিষয়ে বলতে পারি যে তার ভাল যত্ন নিতে পারবে।’ এভাবে আমরা তোমাকে তোমার মায়ের কাছে ফিরিয়ে দিলাম, যাতে সে খুশী হতে পারে এবং দুশ্চিন্তা বন্ধ করে। এবং তুমি যখন একটি আত্মাকে হত্যা করেছিলে, আমরা তোমাকে মর্মান্তিক পরিনাম থেকে রক্ষা করেছিলাম; নিশ্চয়ই আমরা তোমাকে সম্পূর্ণরূপে পরীক্ষা করেছি। তুমি মাদিয়ানের লোকদের সাথে বছরের পর বছর থেকেছ, এবং এখন তুমি ফিরে এসেছ একটি সুনির্দিষ্ট পরিকল্পনা অনুসারে।

[20:41] "I have made you just for Me.  
“আমি তোমাকে কেবল আমার জন্য গড়েছি।

[20:42] "Go with your brother, supported by My signs, and do not waver in remembering Me.

তোমার ভাইয়ের সাথে যাও, আমার নিদর্শনাবলির সমর্থন নিয়ে, এবং আমার স্মরণে শৈথিল্য করো না।

[20:43] "Go to Pharaoh, for he transgressed.  
ফেরাউনের কাছে যাও, কারণ সে সীমালংঘন করেছে।

[20:44] "Speak to him nicely; he may take heed, or become reverent."  
“তার সাথে সুন্দর করে কথা বল; সে হয়তো উপদেশ গ্রহণ করবে, অথবা ভক্ত হয়ে যাবে।”

[20:45] They said, "Our Lord, we fear lest he may attack us, or transgress."

তারা বলল, “আমাদের প্রভু, আমরা ভয় করি যে সে হয়তো আমাদের আক্রমণ করবে, অথবা সীমালংঘন করবে।”

[20:46] He said, "Do not be afraid, for I will be with you, listening and watching.

তিনি বললেন, “ভয় পেও না, কারণ আমি তোমাদের সাথে থাকবো, শুনবো এবং দেখবো।

[20:47] "Go to him and say, 'We are two messengers from your Lord. Let the Children of Israel go. You must refrain from persecuting them. We bring a sign from your Lord, and peace is the lot of those who heed the guidance.

তার কাছে যাও এবং বল, 'তোমার প্রভুর পক্ষ থেকে আমরা দু' জন বার্তাবাহক। ইসরাইলের সন্তানদের যেতে দাও। তাদেরকে নিপীড়ন করা থেকে তোমাকে অবশ্যই বিরত থাকতে হবে। তোমার প্রভুর পক্ষ থেকে আমরা একটি নিদর্শন এনেছি, এবং শাস্তিই তাদের নিয়তি যারা পথ-নির্দেশনায় মনোযোগ দেয়।

[20:48] ""We have been inspired that the retribution will inevitably afflict those who disbelieve and turn away."

“আমাদের প্রত্যাদেশ করা হয়েছে যে শাস্তি অনিবার্যভাবে আঘাত করবে তাদেরকে, যারা অবিশ্বাস করে এবং মুখ ফিরিয়ে নেয়।”

[20:49] He said, "Who is your Lord, O Moses."

সে বলল, "কে তোমার প্রভু, হে মুসা। "

[20:50] He said, "Our Lord is the One who granted everything its existence, and its guidance."

সে বলল, “আমাদের প্রভু সেই সত্তা যিনি সবকিছুকে এর অস্তিত্ব, এবং এর পথ-নির্দেশনা দান করেছেন।”

[20:51] He said, "What about the past generations?"

সে বলল, “অতীত প্রজন্মের কি হবে?”

[20:52] He said, "The knowledge thereof is with my Lord in a record. My Lord never errs, nor does He forget."

সে বলল, "এর জ্ঞান আছে আমার প্রভুর কাছে, একটি নথিতে। আমার প্রভু কখনো ভুল করেন না, না তিনি ভুলে যান।"

[20:53] He is the One who made the earth habitable for you, and paved in it roads for you. And He sends down from the sky water with which we produce many different kinds of plants.

তিনিই তোমাদের জন্য পৃথিবীকে বাসযোগ্য করেছেন, এবং এতে তোমাদের জন্য রাস্তা খোদাই করে দিয়েছেন। এবং তিনি আকাশ থেকে পানি বর্ষণ করেন যা দিয়ে আমরা নানা রকমের উদ্ভিদ উৎপন্ন করি।

[20:54] Eat and raise your livestock. These are sufficient proofs for those who possess intelligence.\*

খাও এবং পালন করো তোমাদের গৃহপালিত পশু। এগুলো তাদের জন্য যথেষ্ট প্রমাণ যারা বুদ্ধিমত্তার অধিকারী।

*\*20:54 Those who possess intelligence appreciate the fact that we are astronauts who were launched into space on this 'Spaceship Earth.' God provided us with renewable food, water, pets, wildlife, and livestock, as we embark on this temporary space odyssey. Compare God's provisions to 'Spaceship Earth' with the provisions we give to our astronauts (Appendix 7).*

[20:55] From it we created you, into it we return you, and from it we bring you out once more.

এর থেকে আমরা তোমাদের সৃষ্টি করেছি, এর মধ্যে আমরা তোমাদের ফিরিয়ে দেবো, এবং এর থেকেই আরো একবার আমরা তোমাদের বের করে আনবো।

[20:56] We showed him all our proofs, but he disbelieved and refused.

আমরা তাকে আমাদের সব প্রমাণ দেখালাম, কিন্তু সে অবিশ্বাস করলো এবং প্রত্যাক্ষান করলো।

[20:57] He said, "Did you come here to take us out of our land with your magic, O Moses?"

সে বলল, "তুমি কি তোমার জাদু দিয়ে আমাদেরকে আমাদের দেশ থেকে নিয়ে যেতে এসেছো, হে মুসা?"

[20:58] "We will surely show you similar magic. Therefore, set an appointment that neither we, nor you will violate; in a neutral place."

“আমরা অবশ্যই তোমাকে অনুরূপ জাদু দেখাবো। অতএব, সাক্ষাতের জন্য একটি সময় নির্ধারণ করো যা না আমরা, না তুমি লঙ্ঘন করবে; একটি নিরপেক্ষ স্থানে।

[20:59] He said, "Your appointed time shall be the day of festivities. Let us all meet in the forenoon."

সে বলল, "তোমাদের নির্ধারিত সময়টি হবে উৎসবের দিনে। চল আমরা সবাই পূর্বাহ্নে একত্রিত হই।”

[20:60] Pharaoh summoned his forces, then came.

ফেরাউন তার বাহিনীকে তলব করলো, এরপর আসলো।

[20:61] Moses said to them, "Woe to you. Do you fabricate lies to fight **GOD** and thus incur His retribution? Such fabricators will surely fail."

মূসা তাদের বলল, "দূর্ভাগ্য তোমাদের। তোমরা কি আল্লাহর সাথে লড়াই করতে মিথ্যা

উদ্ভাবন করো এবং এভাবে তাঁর শাস্তি টেনে আনো? এমন মিথ্যা উদ্ভাবকেরা নিশ্চয় ব্যর্থ হবে।”

[20:62] They disputed among themselves, as they conferred privately.

তারা নিজেদের মধ্যে বিবাদে জড়ালো, যখন তারা একান্তে পরামর্শ করছিলো।

[20:63] They said, "These two are no more than magicians who wish to take you out of your land with their magic, and to destroy your ideal way of life.

তারা বলল, "এরা দু' জন যাদুকরের চেয়ে বেশি কিছু না যারা চায় তাদের যাদু দিয়ে তোমাদেরকে তোমাদের দেশ থেকে বের করে নিয়ে যেতে, এবং তোমাদের আদর্শ জীবন-ব্যবস্থা ধ্বংস করতে।

[20:64] "Let us agree upon one scheme and face them as a united front. The winner today will have the upper hand."

চল আমরা একটি পরিকল্পনায় একমত হই এবং সম্মিলিতভাবে তাদের মুখোমুখি হই। আজকের বিজয়ীর কর্তৃত্ব থাকবে।

[20:65] They said, "O Moses, either you throw, or we will be the first to throw."

তারা বলল, "হে মুসা, হয় তুমি ছুঁড়ো, না হয় প্রথমে আমরা ছুঁড়বো।

[20:66] He said, "You throw." Whereupon, their ropes and sticks appeared to him, because of their magic, as if they were moving.

সে বলল, "তোমরা ছুঁড়ো। “যারপর, তাদের যাদুর কারণে তার কাছে এমন মনে হলো যেন তাদের দড়ি এবং লাঠিগুলো নড়ছিল।

[20:67] Moses harbored some fear.

মূসা কিছুটা ভয় পেয়ে গেলো।

[20:68] We said, "Have no fear. You will prevail.

আমরা বললাম, “কোন ভয় করো না। তুমি বিজয়ী হবে।

[20:69] "Throw what you hold in your right hand, and it will swallow what they fabricated. What they fabricated is no more than the scheming of a magician. The magician's work will not succeed."

ছুঁড়ো, যা তুমি তোমার ডান হাতে ধরে আছো, এবং এটি গিলে ফেলবে যা তারা মিথ্যা উদ্ভাবন করেছে। যা তারা মিথ্যা উদ্ভাবন করেছে তা যাদুকরের কলা-কৌশলের চেয়ে বেশি কিছু নয়। যাদুকরের কাজ সফল হবে না।”

*The Experts Recognize The Truth*  
*বিশেষজ্ঞরা সত্য চিনতে পারে*

[20:70] The magicians fell prostrate, saying, "We believe in the Lord of Aaron and Moses." যাদুকরেরা সেজদায় লুটিয়ে পড়লো, এ বলে যে, "আমরা হারুন এবং মুসার প্রভুকে বিশ্বাস করি।"

[20:71] He said, "Did you believe in him without my permission? He must be your chief; the one who taught you magic. I will surely sever your hands and feet on alternate sides. I will crucify you on the palm trunks. You will find out which of us can inflict the worst retribution, and who outlasts whom." সে বলল, "তোমরা কি তাকে আমার অনুমতি ছাড়াই বিশ্বাস করলে? সে নিশ্চয় তোমাদের প্রধান; যে তোমাদের যাদু শিখিয়েছে। আমি অবশ্যই তোমাদের বিপরীত দিকের হাত এবং পা কেটে ফেলবো। আমি তোমাদেরকে খেজুর গাছে ত্রুশবিদ্ধ করবো। তোমরা দেখবে আমাদের মধ্যে কে নিকৃষ্ট শাস্তি আরোপ করতে পারে, এবং কে কার চেয়ে অধিক টিকে থাকে।"

[20:72] They said, "We will not prefer you over the clear proofs that came to us, and over the One who created us. Therefore, issue whatever judgment you wish to issue. You can only rule in this lowly life." তারা বলল, "আমাদের কাছে যে স্পষ্ট প্রমাণাদি এসেছে তার উপরে, এবং যেই সত্ত্বা আমাদের সৃষ্টি করেছেন তাঁর উপর আমরা তোমাকে পছন্দ করবো না। সুতরাং, তুমি যে বিচার করতে চাও করো। তুমি শুধু এই তুচ্ছ জীবনেই শাসন করতে পারো।"

[20:73] "We have believed in our Lord, that He may forgive us our sins, and the magic that you forced us to perform. **GOD** is far better and Everlasting." আমরা আমাদের প্রভুতে বিশ্বাস করেছি, যাতে তিনি ক্ষমা করেন আমাদের পাপ, এবং এই যাদু যা দেখাতে তুমি আমাদের বাধ্য করেছো। আল্লাহ আরো অনেক উত্তম এবং চিরস্থায়ী।

[20:74] Anyone who comes to his Lord guilty will incur Hell, wherein he never dies, nor stays alive. যেকেউ তার প্রভুর কাছে অপরাধী হয়ে আসে সে টেনে আনবে নরক, যেখানে সে কখনো মরে না, না জীবিত থাকে।

[20:75] As for those who come to Him as believers who had led a righteous life, they attain the high ranks. আর যারা তাঁর কাছে বিশ্বাসী হিসেবে আসে, যারা কিনা সৎকর্মশীল জীবন যাপন করেছে, তারা উচ্চ পদ অর্জন করে।

[20:76] The gardens of Eden, beneath which rivers flow, will be their abode forever. Such is the reward for those who purify themselves. ইডেনের বাগানগুলো, যার তলদেশে নদী প্রবাহিত হয়, তাদের চিরকালের আবাস হবে। এমনই তাদের জন্য পুরস্কার যারা নিজেদের পরিশুদ্ধ করে।

[20:77] We inspired Moses: "Lead My servants out, and strike for them a dry road across the sea. You shall not fear that you may get caught, nor shall you worry." আমরা মুসাকে প্রত্যাদেশ করলাম: "আমার বান্দাদের বের করে নিয়ে যেতে নেতৃত্ব দাও, এবং তাদের জন্য সাগরে আঘাত করে একটি শুকনো রাস্তা বের করো। তোমরা ভয় পাবে না যে তোমরা ধরা পড়ে যাবে, না তোমরা উদ্ভিগ্ন হবে।"

[20:78] Pharaoh pursued them with his troops, but the sea overwhelmed them, as it was destined to overwhelm them. ফেরাউন তার দল নিয়ে তাদের পিছু নিল, কিন্তু সাগর তাদের নিমজ্জিত করলো, যেমন তার নিয়তি ছিল তাদেরকে নিমজ্জিত করা।

[20:79] Thus, Pharaoh misled his people; he did not guide them. এভাবে, ফেরাউন তার লোকদের পথভ্রষ্ট করেছিলো; সে তাদের পথ- প্রদর্শন করেনি।

[20:80] O Children of Israel, we delivered you from your enemy, summoned you to the right side of Mount Sinai, and we sent down to you manna and quails. হে ইসরাইলের সন্তানেরা, আমরা তোমাদেরকে তোমাদের শত্রু থেকে উদ্ধার করেছিলাম, তোমাদেরকে সিনাই পর্বতের ডান পাশে তলব করেছিলাম, এবং আমরা তোমাদের কাছে মান্না ও কোয়েল অবতীর্ণ করেছিলাম।

[20:81] Eat from the good things we provided for you, and do not transgress, lest you incur My wrath. Whoever incurs My wrath has fallen. আমরা যে ভাল জিনিস তোমাদেরকে দিয়েছি তা থেকে খাও, এবং সীমালঙ্ঘন করো না, যাতে

না তোমরা আমার ক্রোধ টেনে আনো। যেকোনো আমার ক্রোধ টেনে আনে সে পতিত হয়েছে।

[20:82] I am surely Forgiving for those who repent, believe, lead a righteous life, and steadfastly remain guided.

আমি অবশ্যই তাদের জন্য ক্ষমাশীল যারা অনুশোচনা করে, বিশ্বাস করে, সৎকর্মশীল জীবন যাপন করে, এবং দৃড়তার সাথে পথে থাকে।

*The Children of Israel Rebel*  
*ইসরাইলের সন্তানেরা বিদ্রোহ করে*

[20:83] "Why did you rush away from your people, O Moses?"

"কেন তুমি তোমার লোকদের থেকে তুরা করে চলে আসলে, হে মুসা?"

[20:84] He said, "They are close behind me. I have rushed to You my Lord, that You may be pleased."

সে বলল, "তারা আমার পিছনে নিকটেই আছে। আমি আপনার কাছে ছুটে এসেছি, আমার প্রভু, যাতে আপনি খুশি হোন।"

[20:85] He said, "We have put your people to the test after you left, but the Samaritan misled them."

তিনি বললেন, "তুমি চলে আসার পর আমরা তোমার লোকদের পরীক্ষায় ফেলেছি, কিন্তু সামিরি তাদের বিভ্রান্ত করেছে।"

[20:86] Moses returned to his people, angry and disappointed, saying, "O my people, did your Lord not promise you a good promise? Could you not wait? Did you want to incur wrath from your Lord? Is this why you broke your agreement with me?"

মুসা তার লোকদের কাছে ফিরে এল, রাগান্বিত ও হতাশ হয়ে, সে বলল, "হে আমার লোকেরা, তোমাদের প্রভু কি তোমাদেরকে একটি ভাল অংগীকার দেননি? তোমরা কি অপেক্ষা করতে পারনি? তোমরা কি তোমাদের প্রভুর কাছ থেকে ক্রোধ টেনে আনতে চেয়েছিলে? এ কারনেই কি তোমরা আমার সাথে তোমাদের চুক্তি ভঙ্গ করেছ?"

[20:87] They said, "We did not break our agreement with you on purpose. But we were loaded down with jewelry, and decided to throw our loads in. This is what the Samaritan suggested."

তারা বলল, "আমরা ইচ্ছা করে তোমার সাথে আমাদের চুক্তি ভঙ্গ করিনি। কিন্তু আমাদের গহনা আমাদের জন্য বোঝা হয়ে গিয়েছিল, এবং আমরা আমাদের বোঝাগুলো এর মধ্যে নিক্ষেপ করতে সিদ্ধান্ত নিলাম। এই পরামর্শই সামিরি দিয়েছিল।"

[20:88] He produced for them a sculpted calf, complete with a calf's sound. \* They said, "This is your god, and the god of Moses." Thus, he forgot.

সে তাদের জন্য একটি খোদাইকৃত বাছুর বানিয়েছিল, যা বাছুরের মত ডাকতে সক্ষম ছিল।\* তারা বলল, "এটি তোমাদের উপাস্য, এবং মুসার উপাস্য।" এভাবে, সে ভুলে গিয়েছিল।

\*20:88 & 96 *The Samaritan went to the spot where God spoke to Moses, and grabbed a fistful of dust upon which God's voice had echoed. This dust, when mixed with the molten gold caused the golden statue to acquire the sound of a calf.*

[20:89] Could they not see that it neither responded to them, nor possessed any power to harm them, or benefit them?

তারা কি দেখতে পায়নি যে এটি না তাদের প্রতি সাড়া দিচ্ছিল, না এর কোন ক্ষমতা ছিল তাদের ক্ষতি করার, বা তাদের উপকার করার?

[20:90] And Aaron had told them, "O my people, this is a test for you. Your only Lord is the Most Gracious, so follow me, and obey my commands."

এবং হারুন তাদেরকে বলেছিল, "হে আমার লোকেরা, এটি তোমাদের জন্য একটি পরীক্ষা। পরম দয়ালুই তোমাদের একমাত্র প্রভু, তাই আমাকে অনুসরণ করো, এবং আমার আদেশ মান্য করো।"

[20:91] They said, "We will continue to worship it, until Moses comes back."

২০/৯১ তারা বলল, "আমরা এর উপাসনা চালিয়ে যাব, যতক্ষণ না মুসা ফিরে আসে।"

[20:92] (Moses) said, "O Aaron, what is it that prevented you, when you saw them go astray, ২০/৯২ (মুসা) বলল, "হে হারুন, যখন তুমি তাদেরকে বিপথে যেতে দেখলে, কিসে তোমাকে বাধা দিয়েছিল,

[20:93] "from following my orders? Have you rebelled against me?"

“আমার নির্দেশ অনুসরণ করা থেকে? তুমি কি আমার বিরুদ্ধে বিদ্রোহ করেছ?”

[20:94] He said, "O son of my mother, do not pull me by my beard and my head. I was afraid that you might say, 'You have divided the Children of Israel, and disobeyed my orders.' " সে বলল, "হে আমার মায়ের পুত্র, আমাকে আমার দাড়ি এবং আমার মাথা ধরে টেনো না। আমি ভয়ে ছিলাম যে তুমি হয়তো বলবে, ' তুমি ইসরাইলের সন্তানদের বিভক্ত করেছ, এবং আমার আদেশ অমান্য করেছ। ' "

[20:95] He said, "What is the matter with you, O Samaritan?" সে বলল, “তোমার হয়েছে কি, হে সামারিয়ান?”

[20:96] He said, "I saw what they could not see. I grabbed a fistful (*of dust*) from the place where the messenger stood, and used it (*to mix into the golden calf*). This is what my mind inspired me to do."\*

সে বলল, “আমি দেখেছিলাম যা তারা দেখতে পাইনি। আমি সেখান থেকে এক মুঠো (*ধুলো*) তুলে নিলাম যেখানে বার্তাবাহক দাঁড়িয়েছিল, এবং তা (*স্বর্ণের বাছুরের সাথে মেশাতে*) ব্যবহার করলাম। এটা করতেই আমার মন আমাকে উদ্বুদ্ধ করেছিল।

\*20:88 & 96 The Samaritan went to the spot where God spoke to Moses, and grabbed a fistful of dust upon which God's voice had echoed. This dust, when mixed with the molten gold caused the golden statue to acquire the sound of a calf.

[20:97] He said, "Then go, and, throughout your life, do not even come close. You have an appointed time (for your final judgment) that you can never evade. Look at your god that you used to worship; we will burn it and throw it into the sea, to stay down there forever."

সে বলল, “তাহলে যাও, এবং, তোমার পুরো জীবনে কাছেও এসো না। (তোমার চূড়ান্ত বিচারের জন্য) তোমার একটি নির্ধারিত সময় আছে যা তুমি কখনো এড়াতে পারবে না। তোমার উপাস্যের দিকে তাকাও যেটাকে তুমি উপাসনা করতে; আমরা এটাকে পুড়িয়ে ফেলব এবং একে সাগরে নিক্ষেপ করবো, যেন তা চিরকাল সেখানে তলিয়ে থাকে।

*You Have  
But One God  
আপনার কেবলই  
একজন উপাস্য আছে*

[20:98] Your only god is GOD; the One beside whom there is no other god. His knowledge encompasses all things.

তোমাদের একমাত্র উপাস্য আল্লাহ; সেই সত্তা যাঁর পাশে অন্য কোন উপাস্য নেই। তাঁর জ্ঞান সবকিছুকে ঘিরে আছে।

[20:99] We thus narrate to you some news from the past generations. We have revealed to you a message from us.

আমরা এভাবে তোমার কাছে অতীত প্রজন্মের কিছু সংবাদ বর্ণনা করি। আমরা তোমার কাছে আমাদের পক্ষ থেকে একটি বার্তা প্রকাশ করেছি।

[20:100] Those who disregard it will bear a load (of sins) on the Day of Resurrection. যারা তা উপেক্ষা করে তারা পুনরুত্থান দিনে (পাপের) বোঝা বহন করবে।

[20:101] Eternally they abide therein; what a miserable load on the Day of Resurrection! তারা সেখানে চিরকাল বাস করে; পুনরুত্থান দিনে কি এক শোচনীয় বোঝা!

[20:102] That is the day when the horn is blown, and we summon the guilty on that day blue.

ওটা সে দিন যখন শিঙায় ফু দেয়া হয়, এবং আমরা ঐ দিন অপরাধীদের তলব করি নীল বর্ণে।

[20:103] Whispering among themselves, they will say, "You have stayed (in the first life) no more than ten days!"

নিজেদের মধ্যে ফিসফিস করে, তারা বলবে, “তোমরা (প্রথম জীবনে) দশ দিনের বেশি অবস্থান করোনি!”

[20:104] We are fully aware of their utterances. The most accurate among them will say, "You stayed no more than a day."

তারা যা বলে তা সম্পর্কে আমরা সম্পূর্ণ অবগত। তাদের মধ্যে যে সবচেয়ে নির্ভুল সে বলবে, “তোমরা এক দিনের বেশি অবস্থান করোনি।”

*On the Day  
of Resurrection  
পুনরুত্থান দিনে*

[20:105] They ask you about the mountains. Say, "My Lord will wipe them out."

তারা তোমাকে পাহাড় সম্পর্কে জিজ্ঞেস করে। বল, “আমার প্রভু এগুলো মুছে ফেলবেন।



[20:106] "He will leave them like a barren, flat land.

তিনি এগুলোকে অনুর্বর, সমতল ভূমির মতো করে দিবেন।

[20:107] "Not even the slightest hill will you see therein, nor a dip."

এমনকি তুমি সেখানে সামান্যতম টিলাও দেখবে না, না কোন খাঁদ।”

[20:108] On that day, everyone will follow the caller, without the slightest deviation. All sounds will be hushed before the Most Gracious; you will hear nothing but whispers.

ঐ দিনে, প্রত্যেকেই আহ্বানকারীকে অনুসরণ করবে, সামান্যতম বিচ্যুতি ছাড়া। পরম করুণাময়ের সামনে সব শব্দ স্থব্ধ হয়ে যাবে; তুমি ফিসফিস ছাড়া কিছু শুনতে পাবে না।

[20:109] On that day, intercession will be useless, except for those permitted by the Most Gracious, and whose utterances conform to His will.

ঐ দিনে, সুপারিশ কোন কাজে আসবে না, তাদের ব্যতিত যারা পরম করুণাময়ের দ্বারা অনুমোদিত, এবং যাদের কথা তাঁর ইচ্ছা মোতাবেক হয়।

[20:110] He knows their past and their future, while none encompasses His knowledge.

তিনি তাদের অতীত এবং ভবিষ্যৎ জানেন, যখন কেউ তাঁর জ্ঞান পরিবেষ্টন করে না।

[20:111] All faces will submit to the Living, the Eternal, and those who are burdened by their transgressions will fail.

জীবিত, চিরস্থায়ী সত্ত্বার কাছে সকল মুখমণ্ডল সমর্পণ করবে, এবং যারা তাদের সীমালংঘনের দ্বারা ভারগ্রস্ত, তারা ব্যর্থ হবে।

[20:112] As for those who worked righteousness, while believing, they will have no fear of injustice or adversity.

আর যারা সৎ কাজ করেছে, বিশ্বাসী অবস্থায়, তাদের কোন অবিচার বা দুর্দশার ভয় থাকবে না।

[20:113] We thus revealed it, an Arabic Quran, and we cited in it all kinds of prophecies, that they may be saved, or it may cause them to take heed.

আমরা তাই এটি প্রকাশ করেছি- একটি আরবী কোরআন, এবং এতে আমরা সব রকমের ভবিষ্যদ্বানী উদ্ধৃত করেছি, যাতে তারা রক্ষা

পেতে পারে, অথবা এটি হয়তো তাদের উপদেশ গ্রহণের কারণ হবে।

[20:114] Most Exalted is GOD, the only true King. Do not rush into uttering the Quran before it is revealed to you, and say, "My Lord, increase my knowledge."

সবচেয়ে উচ্চে আল্লাহ, একমাত্র প্রকৃত রাজা। কোরআনের ব্যাপারে তাড়াহুড়া করো না তোমার কাছে এটা প্রকাশ হওয়ার আগে, এবং বলো, “আমার প্রভু, আমার জ্ঞান বৃদ্ধি করুন।”

*Humans Fail to Make a Firm Stand\**

*মানুষ দৃঢ় অবস্থান নিতে ব্যর্থ হয়*

[20:115] We tested Adam in the past, but he forgot, and we found him indecisive.

অতীতে আমরা আদমকে পরীক্ষা করেছি, কিন্তু সে ভুলে গিয়েছিলো, এবং আমরা তাকে সিদ্ধান্তহীন/ দ্বিধাশিত পেয়েছিলাম।

[20:116] Recall that we said to the angels, "Fall prostrate before Adam." They fell prostrate, except Satan; he refused.

স্মরণ কর যে আমরা ফেরেশতাদের বলেছিলাম, “আদমের সামনে সেজদাবনত হও।” তারা সেজদাবনত হলো, শয়তান ছাড়া; সে প্রত্যাঙ্কান করলো।

[20:117] We then said, "O Adam, this is an enemy of you and your wife. Do not let him evict you from Paradise, lest you become miserable.

আমরা তারপর বললাম, “হে আদম, সে তোমার এবং তোমার স্ত্রীর শত্রু। স্বর্গ থেকে তোমাদের তাড়িয়ে দিতে তাকে দিও না, পাছে তোমরা দুর্দশাগ্রস্ত হয়ে পড়ো।

[20:118] "You are guaranteed never to hunger therein, nor go unsheltered.

তোমাদের নিশ্চয়তা দেয়া হল যে সেখানে কখনো ক্ষুধার্থ হবে না, না আশ্রয়হীন হবে।

[20:119] "Nor will you thirst therein, nor suffer from any heat."

না তোমরা সেখানে পিপাসার্ত হবে, না কোনরকম গরমে কষ্ট পাবে।

[20:120] But the devil whispered to him, saying, "O Adam, let me show you the tree of eternity and unending kingship."

কিন্তু শয়তান তার কাছে ফিসফিসিয়ে বলল, "হে আদম, চল আমি তোমাকে অমরত্ব এবং অন্তহীন রাজত্বের গাছটি দেখাই।"

[20:121] They ate from it, whereupon their bodies became visible to them, and they tried to cover themselves with the leaves of Paradise. Adam thus disobeyed his Lord, and fell.

তারা তা থেকে খেয়েছিল, যারপর তাদের দেহ তাদের কাছে দৃশ্যমান হয়ে পড়লো, এবং তারা স্বর্গের পাতা দিয়ে নিজেদের ঢাকার চেষ্টা করলো। আদম এভাবে তার প্রভুকে অমান্য করলো, এবং পতিত হলো।

[20:122] Subsequently, his Lord chose him, redeemed him, and guided him.

পরবর্তীতে, তার প্রভু তাকে পছন্দ করলেন, তাকে উদ্ধার করলেন, এবং তাকে পথ দেখালেন।

[20:123] He said, "Go down therefrom, all of you. You are enemies of one another. When guidance comes to you from Me, anyone who follows My guidance will not go astray, nor suffer any misery.

তিনি বললেন, "এখান থেকে নেমে যাও, তোমরা সবাই। তোমরা একে অপরের শত্রু। আমার কাছ থেকে তোমাদের নিকট যখন পথ-নির্দেশনা আসে, যেকেউ আমার পথ-নির্দেশনা অনুসরণ করবে সে বিপথে যাবে না, না কোন দুর্দশা ভোগ করবে।

*For the Disbelievers:*

*Miserable Life*

*Unavoidable*

*অবিশ্বাসীদের জন্য:*

*দুর্দশাময় জীবন*

*অনিবার্য*

[20:124] "As for the one who disregards My message, he will have a miserable life, and we resurrect him, on the Day of Resurrection, blind."

“আর যে আমার বার্তা উপেক্ষা করবে, তার থাকবে দুর্দশাময় জীবন, এবং আমরা তাকে পুনরুত্থিত করবো, পুনরুত্থান দিনে, অন্ধ অবস্থায়।”

[20:125] He will say, "My Lord, why did you summon me blind, when I used to be a seer?"

২০/১২৫ সে বলবে, "আমার প্রভু, কেন আপনি আমাকে অন্ধ করে তলব করলেন, যখন আমি চক্ষুস্থান ছিলাম?"

[20:126] He will say, "Because you forgot our revelations when they came to you, you are now forgotten."

তিনি বলবেন, "কারণ তুমি আমাদের প্রকাশনাবলি ভুলে গিয়েছিলে যখন সেগুলো তোমার কাছে এসেছিল, এখন তোমাকে ভুলে যাওয়া হয়েছে।"

[20:127] We thus requite those who transgress and refuse to believe in the revelations of their Lord. The retribution in the Hereafter is far worse and everlasting.

এভাবে আমরা তাদের প্রতিফল দেই, যারা সীমালঙ্ঘন করে এবং তোমার প্রভুর প্রকাশনাবলি বিশ্বাস করা প্রত্যাখ্যান করে। পরকালের শাস্তি আরও অধিক মন্দ এবং চিরস্থায়ী।

[20:128] Does it ever occur to them how many previous generations we have annihilated? They are now walking in the homes of those before them. These are signs for those who possess intelligence.

তারা কি কখনো এটা উপলব্ধি করে যে, আমরা পূর্ববর্তী কতগুলো প্রজন্ম ধ্বংস করে দিয়েছি? তারা এখন তাদের বাড়ি-ঘরে বিচরন করছে, যারা তাদের পূর্বে ছিল। এগুলো তাদের জন্য নিদর্শন, যারা বুদ্ধিমত্তার অধিকারী।

[20:129] If it were not for your Lord's predetermined plan, they would have been judged immediately.

যদি এটা তোমার প্রভুর পূর্বনির্ধারিত পরিকল্পনার জন্য না হতো, তবে তৎক্ষণাত্ তাদের বিচার করা হতো।

[20:130] Therefore, be patient in the face of their utterances, and praise and glorify your Lord before sunrise and before sunset. And during the night glorify Him, as well as at both ends of the day, that you may be happy.

অতএব, তাদের কথার মুখে ধৈর্য ধরো, এবং তোমার প্রভুর প্রশংসা এবং মহিমা ঘোষণা করো সূর্যোদয়ের আগে এবং সূর্যাস্তের আগে। এবং রাতে তাঁর মহিমা ঘোষণা করো, সেই সাথে দিনের দুই প্রান্তে, যাতে তুমি সুখী হতে পারো।

[20:131] And do not covet what we bestowed upon any other people. Such are temporary ornaments of this life, whereby we put them to the test. What your Lord provides for you is far better, and everlasting.

এবং তাতে লোভ করো না যা আমরা অন্য লোকদের দান করেছি। এমনই এই জীবনের অস্থায়ী অলংকার, যা দিয়ে আমরা তাদের পরীক্ষায় ফেলি। যা তোমার প্রভু তোমার জন্য

প্রদান করেন, তা অনেক উত্তম, এবং  
চিরস্থায়ী।

*The Parents' Responsibility*  
মাতা-পিতার দায়িত্ব

[20:132] You shall enjoin your family to observe the contact prayers (Salat), and steadfastly persevere in doing so. We do not ask you for any provisions; we are the ones who provide for you. The ultimate triumph belongs to the righteous.

তুমি তোমার পরিবারকে সংযোগ প্রার্থনা (সালাত) পালন করতে নির্দেশ দেবে, এবং তা করতে দৃঢ়ভাবে অবিচল থাকবে। আমরা তোমার কাছে কোন জীবিকা চাই না; আমরাই তোমার জন্য প্রদান করি। চূড়ান্ত বিজয় সৎকর্মশীলদের।

*Why Messengers?*  
কেন বার্তাবাহকরা?

[20:133] They said, "If he could only show us a miracle from his Lord!" Did they not receive sufficient miracles with the previous messages?

তারা বলল, "সে যদি কেবল তার প্রভুর পক্ষ থেকে আমারদেরকে কোন অলৌকিক কিছু দেখাতে পারতো!" আগের বার্তাগুলোর সাথে তারা কি যথেষ্ট অলৌকিকতা পায়নি?

[20:134] Had we annihilated them before this, they would have said, "Our Lord, had You sent a messenger to us, we would have followed Your revelations, and would have avoided this shame and humiliation."

আমরা যদি এর আগেই তাদের ধ্বংস করে দিতাম, তারা বলত, "আমাদের প্রভু, আপনি যদি আমাদের কাছে কোন বার্তাবাহক পাঠাতেন, আমরা তাহলে আপনার প্রকাশনাবলি অনুসরণ করতাম, এবং এই লজ্জা ও অপদস্থতা এড়াতে পারতাম।

[20:135] Say, "All of us are waiting, so wait; you will surely find out who are on the correct path, and who are truly guided."

বল, "আমরা সবাই অপেক্ষা করছি, সুতরাং অপেক্ষা করো; তোমরা নিশ্চয় দেখবে, কারা সঠিক পথে আছে, এবং কারা সত্যই পথপ্রাপ্ত।"

## Sura 21: The Prophets (Al-Anbyā')

[21:0] In the name of God, Most Gracious, Most Merciful

[21:1] Fast approaching is the reckoning for the people, but they are oblivious, averse. দ্রুত ঘনিষে আসছে লোকদের জন্য হিসাব গ্রহণের সময়, কিন্তু তারা বেখবর, বিমুখ।

*Opposition to the New Evidence*  
নতুন প্রমানের প্রতি বিরোধিতা

[21:2] When a proof comes to them from their Lord, that is new, they listen to it heedlessly. যখন তাদের প্রভুর পক্ষ থেকে তাদের কাছে কোন প্রমান আসে, যা নতুন, তারা তা শুনে অমনোযোগী হয়ে।

[21:3] Their minds are heedless. And the transgressors confer secretly: "Is he not just a human being like you? Would you accept the magic that is presented to you?"\* তাদের মন অমনোযোগী। এবং

সীমালংঘনকারীরা গোপনে পরামর্শ করেঃ “সে কি কেবল তোমাদের মত একজন মানুষ নয়? তোমরা কি সে যাদু গ্রহণ করবে যা তোমাদের কাছে উপস্থাপন করা হয়?

*\*21:3 Although the Bible (Malachi 3:1) and the Quran (3:81) prophesy the advent of God's Messenger of the Covenant, when he did appear, supported by 'one of the greatest miracles' (74:30-35), he was met with heedlessness and opposition. The divine assertion that every 'new' proof is opposed has been proven by the Arabs' opposition to the Quran's miracle. (App. 1 & 2).*

[21:4] He said, "My Lord knows every thought in the heaven and the earth. He is the Hearer, the Omniscient."

সে বলল, “আমার প্রভু আকাশ এবং পৃথিবীতে প্রতিটি চিন্তা সম্পর্কে অবগত। তিনি শ্রোতা, সর্বজ্ঞ।”

[21:5] They even said, "Hallucinations," "He made it up," and, "He is a poet. Let him show us a miracle like those of the previous messengers."

তারা এমনকি বলল, “দৃষ্টিভ্রম,” “সে এটা বানিয়েছে,” এবং, “সে একজন কবি। সে আগের বার্তাবাহকদের মতো আমাদের কাছে কোন অলৌকিকতা প্রদর্শন করুক।”

[21:6] We never annihilated a believing community in the past. Are these people believers?

অতীতে আমরা কখনো কোন বিশ্বাসী সম্প্রদায়কে ধ্বংস করিনি। এই লোকেরা কি বিশ্বাসী?

[21:7] We did not send before you except men whom we inspired. Ask those who know the scripture, if you do not know.

আমরা তোমার আগে মানুষ ছাড়া কারো কাছে প্রত্যাদেশ দিয়ে পাঠাইনি। তাদের জিজ্ঞেস করো যারা ঐশীগ্রন্থ জানে, যদি তোমরা না জানো।

[21:8] We did not give them bodies that did not eat, nor were they immortal.

আমরা তাদের এমন দেহ দেইনি যা খাওয়া-দাওয়া করতো না, না তারা অমর ছিল।

[21:9] We fulfilled our promise to them; we saved them together with whomever we willed, and annihilated the transgressors.

তাদের প্রতি আমরা আমাদের অঙ্গীকার পূর্ণ করেছিলাম; আমরা তাদের রক্ষা করেছি, তাদের সাথে যাদেরকে আমরা চেয়েছি, এবং সীমালঙ্ঘনকারীদের ধ্বংস করেছিলাম।

[21:10] We have sent down to you a scripture containing your message. Do you not understand?

আমরা তোমাদের কাছে তোমাদের বার্তা সংবলিত একটি ঐশীগ্রন্থ অবতীর্ণ করেছি। তোমরা কি বুঝ না?

[21:11] Many a community we terminated because of their transgression, and we substituted other people in their place.

আমরা অনেক সম্প্রদায়কে তাদের সীমালঙ্ঘনের কারণে শেষ করে দিয়েছিলাম, এবং আমরা তাদের জায়গায় অন্য লোকদের প্রতিস্থাপন করেছিলাম।

[21:12] When our requital came to pass, they started to run.

যখন আমাদের প্রতিফল আসলো, তারা দৌড়ানো শুরু করলো।

[21:13] Do not run, and come back to your luxuries and your mansions, for you must be held accountable.

দৌড়িও না, এবং তোমাদের বিলাসিতা ও অট্টালিকায় ফিরে আসো, কারণ অবশ্যই তোমাদের হিসাব নেয়া হবে।

[21:14] They said, "Woe to us. We were really wicked."

২১/১৪ তারা বলল, “দুর্ভাগ্য আমাদের, আমরা আসলেই অন্যায়কারী ছিলাম”।

[21:15] This continued to be their proclamation, until we completely wiped them out.

তাদের এই ঘোষণাই অব্যাহত ছিল, যতক্ষণ না আমরা তাদেরকে পুরোপুরি ধ্বংস করে দিয়েছিলাম।

[21:16] We did not create the heavens and the earth, and everything between them just for amusement.

আমরা আকাশমন্ডলী ও পৃথিবী, এবং তাদের মধ্যকার সবকিছু শুধুমাত্র আমোদ- প্রমোদের জন্য তৈরি করিনি।

[21:17] If we needed amusement, we could have initiated it without any of this, if that is what we wanted to do.

যদি আমাদের আমোদ- প্রমোদের দরকার হতো, আমরা এগুলোর কোনকিছু ছাড়াই তা শুরু করতে পারতাম, যদি তা-ই আমরা করতে চাইতাম।

[21:18] Instead, it is our plan to support the truth against falsehood, in order to defeat it. Woe to you for the utterances you utter.

বরং, সত্যকে সমর্থন করাই আমাদের পরিকল্পনা মিথ্যার উপর, একে পরাজিত করার উদ্দেশ্যে। দুর্ভোগ তোমাদের প্রতি তোমাদের বলা কথার জন্য।

[21:19] To Him belongs everyone in the heavens and the earth, and those at Him are never too arrogant to worship Him, nor do they ever waver.

আকাশমন্ডলী ও পৃথিবীর সকলে তাঁর, এবং তাঁর কাছে যারা রয়েছে তারা কখনো এতোটা উদ্ধত নয় যে তাঁকে উপাসনা করবে না, না তারা কখনো দ্বিধাশ্রিত হয়/ গড়ি- মসি করে।

[21:20] They glorify night and day, without ever tiring.

তারা রাত- দিন মহিমা প্রকাশ করে, কখনো ক্লান্ত না হয়ে।

*One God/  
এক আল্লাহ*

[21:21] Have they found gods on earth who can create?

তারা কি পৃথিবীতে কোন উপাস্য পেয়েছে যারা সৃষ্টি করতে পারে?

[21:22] If there were in them (*the heavens and the earth*) other gods beside GOD, there would have been chaos. Glory be to GOD; the Lord with absolute authority. He is high above their claims.

যদি এগুলোর (*আকাশমন্ডলী ও পৃথিবীর*) মধ্যে আল্লাহর পাশে অন্য উপাস্য থাকতো, সেখানে বিশৃঙ্খলা হতো। মহিমা আল্লাহর; পরম কর্তৃত্বময় প্রভু। তিনি তাদের দাবীর অনেক উর্ধ্বে।

*Never Question God's Wisdom*

*কখনো আল্লাহর প্রজ্ঞায় প্রশ্ন করবেন না*

[21:23] He is never to be asked about anything He does, while all others are questioned.

যা তিনি করেন তার কোনকিছু সম্পর্কে কখনই তিনি জিজ্ঞাসিত হবার নন, যেখানে অন্য সকলে প্রশ্নবিদ্ধ হয়।

[21:24] Have they found other gods beside Him? Say, "Show me your proof. This is the message to my generation, consummating all previous messages." Indeed, most of them do not recognize the truth; this is why they are so hostile.

তারা কি তাঁর পাশে অন্য উপাস্যদের পেয়েছে? বল, "আমাকে তোমাদের প্রমাণ দেখাও"। এটি আমার প্রজন্মের প্রতি, পূর্ববর্তী সকল বার্তার সুসম্পন্নকারী একটি বার্তা। নিশ্চয়, তাদের অধিকাংশই সত্য চিনে না, একারণেই তারা এতোটা শত্রুভাবাপন্ন।

*One God/  
One Message/  
One Religion  
এক আল্লাহ/  
এক বার্তা/  
এক ধর্ম*

[21:25] We did not send any messenger before you except with the inspiration: "There is no god except Me; you shall worship Me alone."

আমরা তোমার আগে কোন বার্তাবাহক পাঠাইনি এই প্রত্যাদেশ ছাড়া যে: “আমি ছাড়া অন্যকোন উপাস্য নেই; তোমরা শুধু আমারই উপাসনা করবে।”

[21:26] Yet, they said, "The Most Gracious has begotten a son!" Glory be to Him. All (messengers) are (His) honored servants.

এরপরও, তারা বলল, "পরম করুণাময় পুত্র সন্তান জন্ম দিয়েছেন!" মহিমা তাঁরই। সকল (বার্তাবাহক তাঁর) সম্মানিত বান্দা।

[21:27] They never speak on their own, and they strictly follow His commands.  
তারা কখনো নিজ থেকে কিছু বলে না, এবং তারা যথাযথভাবে তাঁর আদেশ অনুসরণ করে।

#### *The Myth of Intercession* সুপারিশের মিথ্যাগল্প

[21:28] He knows their future and their past. They do not intercede, except for those already accepted by Him, and they are worried about their own necks.\*

তিনি তাদের অতীত এবং তাদের ভবিষ্যৎ জানেন। তারা সুপারিশ করে না, তাদের ব্যতীত যারা তাঁর দ্বারা ইতিপূর্বেই স্বীকৃত হয়েছে, এবং তারা তাদের নিজেদের ব্যাপারেই চিন্তিত।

\*21:28 *The myth of intercession is Satan's most effective bait (see Appendix 8).*

[21:29] If any of them claims to be a god beside Him, we requite him with Hell; we thus requite the wicked.

যদি তাদের কেউ তাঁর পাশে কোন উপাস্য হবার দাবি করে, আমরা নরক দিয়ে তার প্রতিফল দেই; আমরা এভাবে পাপীদের প্রতিফল দেই।

#### *The Big Bang* *Theory Confirmed\** বিগ ব্যাং

তত্ত্ব নিশ্চিত হয়েছে

[21:30] Do the unbelievers not realize that the heaven and the earth used to be one solid mass that we exploded into existence? And from water we made all living things. Would they believe?

অবিশ্বাসীরা কি অনুধাবন করে না যে আকাশমন্ডলী ও পৃথিবী একটি নিরেট ভর হয়ে ছিল যার বিস্ফোরণ ঘটিয়ে আমরা অস্তিত্বে এনেছি এবং পানি থেকে আমরা সকল জীবন্ত জিনিস তৈরি করেছি। তারা কি বিশ্বাস করবে?

\*21:30 *The Big Bang Theory is now supported by the Creator's infallible mathematical code (Appendix 1). Thus, it is no longer a theory; it is a law, a proven fact.*

[21:31] And we placed on earth stabilizers, lest it tumbles with them, and we placed straight roads therein, that they may be guided.

এবং আমরা পৃথিবীতে ভারসাম্যকারী স্থাপন করেছি, পাছে তা তোমাদের নিয়ে উলটে পড়ে, এবং আমরা সেখানে সোজা রাস্তা স্থাপন করেছি, যাতে তারা পথ-নির্দেশনা পায়।

[21:32] And we rendered the sky a guarded ceiling. Yet, they are totally oblivious to all the portents therein.

এবং আমরা আকাশকে একটি সুরক্ষিত ছাদ করেছি। এরপরও, তারা সেখানের সব নিদর্শনের প্রতি পুরোপুরি বেখেয়াল।

[21:33] And He is the One who created the night and the day, and the sun and the moon; each floating in its own orbit.

এবং তিনিই সেই সত্ত্বা যিনি সৃষ্টি করেছেন রাত ও দিন, এবং সূর্য ও চাঁদ; প্রত্যেকেই নিজ নিজ কক্ষপথে ভাসছে।

[21:34] We never decreed immortality for anyone before you; should you die, are they immortal?

তোমার আগে আমরা কখনো কারো জন্য অমরত্ব জারি করিনি; তোমার মৃত্যু হলে, তারা কি অমর?

[21:35] Every soul will taste death, after we put you to the test through adversity and prosperity, then to us you ultimately return.

প্রতিকূলতা এবং সমৃদ্ধির মাধ্যমে আমরা তোমাদের পরীক্ষায় ফেলবার পর, প্রত্যেক আত্মা মৃত্যু আন্বাদন করবে, পরিশেষে আমাদের কাছে তোমরা ফিরে আসো।

#### *All Messengers Ridiculed*

সকল বার্তাবাহককে উপহাস করা হয়েছে

[21:36] When those who disbelieve see you, they ridicule you: "Is this the one who challenges your gods?" Meanwhile, they remain totally heedless of the message from the Most Gracious.

যারা অবিশ্বাস করে তারা যখন তোমাকে দেখে, তারা তোমাকে নিয়ে উপহাস করে: "এই কি সে, যে তোমাদের উপাস্যদের চ্যালেঞ্জ করে?" এদিকে, তারা পরম দয়ালুর বার্তায় পুরোপুরি অমনোযোগী থাকে।

[21:37] The human being is impatient by nature. I will inevitably show you My signs; do not be in such a hurry.

মানুষ স্বভাবতই অধৈর্য। আমি অনিবার্যভাবে তোমাদেরকে আমার নিদর্শন দেখাব; এমন তাড়াহুড়ায় থেকো না।

[21:38] They challenge: "Where is that (retribution), if you are truthful?"

তারা চ্যালেঞ্জ করে: "কোথায় সেই (শাস্তি), যদি তোমরা সত্যবাদী হও?"

[21:39] If only those who disbelieve could envision themselves when they try to ward off the fire; off their faces and their backs! No one will help them then.

যারা অবিশ্বাস করে তারা যদি শুধু তাদের নিজেদেরকে দেখতে পেত যখন তারা আগুন সরাতে চেষ্টা করে, তাদের মুখ এবং তাদের পিঠ থেকে! কেউই তখন তাদের সাহায্য করবে না।

[21:40] Indeed, it will come to them suddenly, and they will be utterly stunned. They can neither avoid it, nor can they receive any respite.

নিশ্চয়, এটি তাদের কাছে হঠাৎ করে আসবে, এবং তারা একেবারে হতভম্ব হয়ে পড়বে। না তারা সেটা এড়াতে পারবে, না তারা কোন অবকাশ পাবে।

[21:41] Messengers before you have been ridiculed, and, consequently, those who ridiculed them incurred the retribution for their ridiculing.

তোমার পূর্বেও বার্তাবাহকদের উপহাস করা হয়েছে, এবং, পরিণামে, যারা তাদের নিয়ে উপহাস করেছে তারা তাদের উপহাসের জন্য শাস্তি টেনে এনেছে।

#### *Priorities Confused*

#### *অগ্রাধিকার নিয়ে দ্বিধাগ্রস্ততা*

[21:42] Say, "Who can protect you from the Most Gracious during the night or during the day?" Indeed, they are totally oblivious to the message of their Lord.

বল, "কে তোমাদের পরম দয়ালুর কাছ থেকে রক্ষা করতে পারবে রাতে, বা দিনে? নিশ্চয়, তারা তাদের প্রভুর বার্তার প্রতি পুরোপুরি বেখবর।

[21:43] Do they have gods who can protect them from us? They cannot even help themselves. Nor can they accompany one another when they are summoned to face us. তাদের কাছে কি উপাস্যরা আছে যারা আমাদের কাছ থেকে তাদের বাঁচাতে পারে? তারা এমনকি তাদের নিজেদেরও সাহায্য করতে পারে না। না তারা একে অন্যের সঙ্গ পাবে যখন তাদেরকে আমাদের মুখোমুখি হবার জন্য একত্রিত করা হবে।

[21:44] We have provided for these people and their ancestors, up until an old age. Do they not see that every day on earth brings them closer to the end? Can they reverse this process?

এইসব লোকদের এবং তাদের পূর্বপুরুষদের জন্য আমরা জীবিকা প্রদান করেছি, বুড়ো বয়স

পর্যন্ত। তারা কি দেখে না যে পৃথিবীর প্রত্যেকটি দিন তাদেরকে সমাপ্তির কাছে নিয়ে যায়? তারা কি এই প্রক্রিয়া উল্টাতে পারে?

[21:45] Say, "I am warning you in accordance with divine inspiration." However, the deaf cannot hear the call, when they are warned.

বল, "আমি তোমাদেরকে সতর্ক করছি ঐশ্বরিক প্রত্যাদেশ অনুসারে।" কিন্তু, বধির ব্যক্তি ডাক শুনতে পারে না, যখন তাদের সতর্ক করা হয়।

[21:46] When a sample of your Lord's retribution afflicts them, they readily say, "We were indeed wicked."

যখন তোমার প্রভুর শাস্তির একটি নমুনা তাদের আঘাত করে, তারা অবলীলায় বলে, "আমরা আসলেই মন্দ ছিলাম"।

[21:47] We will establish the scales of justice on the Day of Resurrection. No soul will suffer the least injustice. Even the equivalent of a mustard seed will be accounted for. We are the most efficient reckoners.

আমরা পুনরুত্থান দিনে বিচারের দাঁড়িপাল্লা স্থাপন করবো। কোন আত্মাই সামান্যতম অবিচার ভোগ করবে না। এমনকি একটি সরিষা বীজের সমতুল্য পরিমানেরও হিসাব নেয়া হবে। আমরা সবচেয়ে দক্ষ হিসাব গ্রহণকারী।

#### *Prophets Moses and Aaron*

#### *নবী মুসা এবং হারুন*

[21:48] We gave Moses and Aaron the Statute Book, a beacon, and a reminder for the righteous.

আমরা মুসা এবং হারুনকে দিয়েছিলাম বিধান গ্রন্থ, একটি আলোকবর্তিকা, এবং স্মরণ করানোর একটি মাধ্যম- সংকর্মপরায়নদের জন্য।

[21:49] The ones who reverence their Lord, even when alone in their privacy, and they worry about the Hour.

যারা তাদের প্রভুকে ভক্তি করে, এমনকি তাদের একাকীতে, এবং তারা সেই ঘন্টার ব্যাপারে উদ্বিগ্ন।

[21:50] This too is a blessed reminder that we sent down. Are you denying it?

এটিও একটি বরকতময় স্মরণ করানোর মাধ্যম যা আমরা অবতীর্ণ করেছি। তোমরা কি একে প্রত্যাখ্যান করছো?

#### *Abraham*

আব্রাহাম

[21:51] Before that, we granted Abraham his guidance and understanding, for we were fully aware of him.\*

তার আগে, আমরা ইব্রাহিমকে তার পথ-নির্দেশনা এবং বুঝার ক্ষমতা প্রদান করেছিলাম, কারণ আমরা তার বিষয়ে পুরোপুরি অবগত ছিলাম।

*\*21:51 Was Abraham so smart as to discover God, or, did God grant him the intelligence because He knew that he deserved to be saved? As it turns out, this whole world was created to redeem those among us who deserve redemption. When the angels suggested that all the rebels, humans and jinns, must be banished out of God's kingdom, 'I know what you do not know' (2:30). At the same time, this world proves Satan's incompetence as a god (App. 7).*

[21:52] He said to his father and his people, "What are these statues to which you are devoting yourselves?"

সে তার পিতাকে এবং তার লোকদের বলল, "কি এই মূর্তিগুলো, যেগুলোর প্রতি তোমরা নিজেদের উৎসর্গ করছো?"

[21:53] They said, "We found our parents worshipping them."

তারা বলল, "আমরা আমাদের পিতা-মাতাদের দেখেছি এদের উপাসনা করতে।"

[21:54] He said, "Indeed, you and your parents have gone totally astray."

সে বলল, "নিশ্চয়, তোমরা এবং তোমাদের পিতা-মাতারা পুরোপুরি পথভ্রষ্ট হয়েছো।"

[21:55] They said, "Are you telling us the truth, or are you playing?"

তারা বলল, "তুমি কি আমাদের সত্য বলছো, নাকি তামাশা করছো?"

[21:56] He said, "Your only Lord is the Lord of the heavens and the earth, who created them. This is the testimony to which I bear witness.

সে বলল, "তোমাদের একমাত্র প্রভু হচ্ছেন আকাশমন্ডলী এবং পৃথিবীর প্রভু, যিনি তাদের সৃষ্টি করেছেন। এটা সেই সাক্ষ্য যার সাক্ষী আমি দেই।

[21:57] "I swear by GOD, I have a plan to deal with your statues, as soon as you leave."

"আমি আল্লাহর নামে শপথ করছি, তোমাদের মূর্তিগুলোর সাথে আমার কিছু একটা করার

পরিকল্পনা আছে, তোমরা চলে যাওয়া মাত্রই।"

[21:58] He broke them into pieces, except for a big one, that they may refer to it.

সে সেগুলোকে টুকরো টুকরো করে ফেলল, বড়টাকে ছাড়া, যাতে তারা সেটাকে জিজ্ঞেস করতে পারে।

[21:59] They said, "Whoever did this to our gods is really a transgressor."

তারা বলল, "যে-ই আমাদের উপাস্যদের সাথে এরকম করেছে, সে আসলেই সীমালংঘনকারী।"

[21:60] They said, "We heard a youth threaten them; he is called Abraham."

তারা বলল, "আমরা এক তরুনকে শুনেছি এগুলোকে হুমকি দিতে; তার নাম হলো ইব্রাহিম।"

[21:61] They said, "Bring him before the eyes of all the people, that they may bear witness."

তারা বলল, "তাকে সকল লোকের চোখের সামনে আনো; যাতে তারা সাক্ষী দিতে পারে।"

[21:62] They said, "Did you do this to our gods, O Abraham?"

তারা বলল, "তুমি কি আমাদের উপাস্যদের সাথে এরকম করেছ, হে ইব্রাহিম?"

*Abraham Proves His Point*

*ইব্রাহিম তার বক্তব্য প্রমাণ করে*

[21:63] He said, "It is that big one who did it. Go ask them, if they can speak."

সে বলল, "এটা তো ঐ বড়টা করেছে।

তাদেরকে গিয়ে জিজ্ঞেস করো, যদি তারা কথা বলতে পারে।"

[21:64] They were taken aback, and said to themselves, "Indeed, you are the ones who have been transgressing."

তারা অবাক হয়ে গেলো, এবং নিজেদের মধ্যে বলাবলি করলো, "নিশ্চয়, তোমরাই সীমালঙ্ঘন করছিলে।"

[21:65] Yet, they reverted to their old ideas: "You know full well that these cannot speak."

এরপরও, তারা তাদের পুরনো ধারণায় ফিরে গেল: "তুমি ভাল করেই জানো যে এরা কথা বলতে পারে না।"

[21:66] He said, "Do you then worship besides GOD what possesses no power to benefit you or harm you?"



সে বলল, "তবে কি তোমরা আল্লাহর পাশে তার উপাসনা করো যা তোমাদের উপকার বা ক্ষতি করার কোন ক্ষমতা রাখে না?"

[21:67] "You have incurred shame by worshipping idols beside GOD. Do you not understand?"

আল্লাহর পাশে অন্য উপাস্যদের উপাসনা করে তোমরা লাঞ্ছনা টেনে এনেছ। তোমরা কি বুঝো না?"

*Profound Miracle*

*প্রগাড় নিদর্শন*

[21:68] They said, "Burn him and support your gods, if this is what you decide to do."

তারা বলল, "তাকে পুড়িয়ে ফেলো এবং তোমাদের উপাস্যদের সমর্থন করো, যদি তোমরা এটাই করার সিদ্ধান্ত নাও।"

[21:69] We said, "O fire, be cool and safe for Abraham."\*

আমরা বললাম, "হে আগুন, ইব্রাহিমের জন্য শীতল এবং নিরাপদ হয়ে যাও।"

\*21:69 "Cool," without "and safe" would have caused Abraham to freeze.

[21:70] Thus, they schemed against him, but we made them the losers.

এভাবে, তারা তার বিরুদ্ধে ষড়যন্ত্র করেছিলো, কিন্তু আমরা তাদেরকে পরাজিত করে দিয়েছিলাম।

[21:71] We saved him, and we saved Lot, to the land that we blessed for all the people.

আমরা তাকে রক্ষা করেছিলাম, এবং আমরা রক্ষা করেছিলাম লুতকে, সেই ভূমিতে নিয়ে যা আমরা সকল লোকদের জন্য অনুগ্রহময় করেছিলাম।

[21:72] And we granted him Isaac and Jacob as a gift, and we made them both righteous.

এবং আমরা তাকে ইসহাক ও ইয়াকুবকে দিয়েছিলাম উপহার হিসেবে, এবং আমরা তাদের উভয়কে সৎকর্মশীল করেছিলাম।

*Abraham:*

*Delivered All*

*Religious Duties of Islam*

*ইব্রাহিম :*

*ইসলামের সকল ধর্মীয়*

*কর্তব্যগুলো পৌঁছিয়েছেন*

[21:73] We made them imams who guided in accordance with our commandments, and we taught them how to work righteousness, and how to observe the Contact Prayers (*Salat*) and

the obligatory charity (*Zakat*).\* To us, they were devoted worshipers.

আমরা তাদেরকে ইমাম বানিয়েছিলাম যারা আমাদের প্রত্যাদেশ অনুসারে পথ দেখাতো, এবং আমরা তাদের শিখিয়েছিলাম কিভাবে সৎকর্ম করতে হয়, এবং কিভাবে সংযোগ প্রার্থনা (*সালাত*) এবং বাধ্যতামূলক দান (*যাকাত*) পালন করতে হয়। আমাদের কাছে, তারা নিবেদিত উপাসনাকারী ছিল।

\*21:73 When the Quran was revealed, all religious duties were already established through Abraham (2:128, 16:123, 22:78).

*Lot*

*লুত*

[21:74] As for Lot, we granted him wisdom and knowledge, and we saved him from the community that practiced abominations; they were wicked and evil people.

লুতের ক্ষেত্রে, আমরা তাকে প্রজ্ঞা ও জ্ঞান প্রদান করেছিলাম, এবং আমরা তাকে সেই সম্প্রদায় থেকে রক্ষা করেছিলাম যারা নিদারুণ ঘৃণ্য কাজ চর্চা করতো; তারা ছিল অন্যায়কারী এবং মন্দ লোক।

[21:75] We admitted him into our mercy, for he was righteous.

আমরা তাকে আমাদের অনুগ্রহের অন্তর্ভুক্ত করিয়েছিলাম, কারণ সে ছিল সৎকর্মপরায়ন।

[21:76] And, before that, Noah called and we responded to him. We saved him and his family from the great disaster.

এবং, এর আগে, নূহ ডেকেছিল এবং আমরা তার ডাকে সাড়া দিয়েছিলাম। আমরা তাকে এবং তার পরিবারকে সেই মহা দুর্যোগ থেকে বাঁচিয়েছিলাম।

[21:77] We supported him against the people who rejected our revelations. They were evil people, so we drowned them all.

আমরা তাকে সে লোকদের বিপক্ষে সমর্থন দিয়েছিলাম যারা আমাদের প্রকাশনাবলি প্রত্যাখ্যান করেছিল। তারা ছিল মন্দ লোক, তাই আমরা তাদের সকলকে ডুবিয়ে দিয়েছিলাম।

*David and Solomon*

*দাউদ এবং সোলায়মান*

[21:78] And David and Solomon, when they once ruled with regard to someone's crop that was destroyed by another's sheep. We witnessed their judgment.

আর দাউদ এবং সোলায়মান, একবার তারা যখন বিচার করেছিল কোন একজনের ফসল

নিয়ে যা আরেকজনের ভেড়া নষ্ট করেছিলো।  
আমরা তাদের বিচার প্রত্যক্ষ করেছিলাম।

[21:79] We granted Solomon the correct understanding, though we endowed both of them with wisdom and knowledge. We committed the mountains to serve David in glorifying (God), as well as the birds. This is what we did.

আমরা সোলায়মানকে সঠিক বুঝ দিয়েছিলাম, যদিও আমরা তাদের দু' জনকেই প্রজ্ঞা ও জ্ঞান দান করেছিলাম। (আল্লাহর) মহিমা প্রকাশে আমরা দাঁউদের সেবায় নিযুক্ত করেছিলাম পাহাড়দেরকে, সেই সাথে পাখিদেরও। আমরা এটাই করেছিলাম।

[21:80] And we taught him the skill of making shields to protect you in war. Are you then thankful?

এবং যুদ্ধে তোমাদের রক্ষা করতে আমরা তাকে ঢাল বানানোর কৌশল শিখিয়েছিলাম। তবে কি তোমরা কৃতজ্ঞ ?

[21:81] For Solomon, we committed the wind gusting and blowing at his disposal. He could direct it as he wished, to whatever land he chose, and we blessed such land for him. We are fully aware of all things.

সোলায়মানের জন্য, আমরা তার আয়ত্তে এনে দিয়েছিলাম বায়ুকে যা তার ইচ্ছামতো আন্দোলিত এবং প্রবাহিত হতো, সে একে তার ইচ্ছামতো নির্দেশ করতে পারতো, তার পছন্দের যে কোন ভূমিতে, এবং আমরা এমন ভূমিকে তার জন্য ধন্য করতাম। আমরা সব বিষয়ে পুরোপুরি অবগত।

[21:82] And of the devils there were those who would dive for him (to harvest the sea), or do whatever else he commanded them to do. We committed them in his service.

এবং শয়তানদের মধ্যে ছিল তারা যারা তার জন্য ডুব দিতো (সাগর থেকে উত্তোলন করতে), অথবা তা-ই করতো যা সে তাদেরকে করতে আদেশ করতো। আমরা তার সেবায় তাদের নিযুক্ত করেছিলাম।

*Job*  
*আয়ুব*

[21:83] And Job implored his Lord: "Adversity has befallen me, and, of all the merciful ones, You are the Most Merciful."

এবং আয়ুব তার প্রভুর কাছে মিনতি করেছিল: "আমি দুর্দশা পীড়িত হয়েছি, এবং, সকল দয়ালুর মধ্যে, আপনি সবচেয়ে দয়ালু।

[21:84] We responded to him, relieved his adversity, and restored his family for him, even twice as much. That was a mercy from us, and a reminder for the worshipers.

আমরা তার ডাকে সাড়া দিয়েছিলাম, তার দুর্দশা দূর করেছিলাম, এবং তার জন্য তার পরিবারকে ফিরিয়ে দিয়েছিলাম, এমনকি দ্বিগুণ আকারে। সেটা ছিল আমাদের পক্ষ থেকে দয়া, এবং উপাসনাকারীদের জন্য স্মরণ করার একটি মাধ্যম।

[21:85] Also, Ismail, Idris, Zal-Kifl; all were steadfast, patient.

আরও, ইসমাইল, ইদ্রিস, জুল-কিফল; সকলেই ছিল অবিচল, ধৈর্যশীল।

[21:86] We admitted them into our mercy, for they were righteous.

আমরা তাদেরকে আমাদের দয়ার অন্তর্ভুক্ত করিয়েছিলাম, কারণ তারা ছিল সৎকর্মশীল।

*Jonah*  
*ইউনুছ*

[21:87] And Zan-Noon (Jonah, "the one with an 'N' in his name"), abandoned his mission in protest, thinking that we could not control him. He ended up imploring from the darkness (of the big fish's belly): "There is no god other than You. Be You glorified. I have committed a gross sin."

এবং জান-নুন (ইউনুছ, যার নামে 'ন' আছে), প্রতিবাদে তাকে দেওয়া বিশেষ কাজ থেকে সরে দাঁড়িয়েছিল, এই ভেবে যে আমরা তাকে নিয়ন্ত্রণ করতে পারবো না, শেষ পর্যন্ত সে (বড় মাছের পেটের) অন্ধকার থেকে অনুনয় করতে লাগলো: "আপনি ছাড়া অন্য কোন উপাস্য নেই। আপনি মহিমান্বিত। আমি এক গুরুতর পাপ করেছি।

[21:88] We responded to him, and saved him from the crisis; we thus save the believers.

আমরা তার ডাকে সাড়া দিয়েছিলাম, এবং তাকে সেই সংকট থেকে রক্ষা করেছিলাম; আমরা এভাবে বিশ্বাসীদের রক্ষা করি।

*Zachariah and John*  
*জাকারিয়া এবং ইয়াহ-ইয়া*

[21:89] And Zachariah implored his Lord: "My Lord, do not keep me without an heir, though You are the best inheritor."

এবং জাকারিয়া তার প্রভুর কাছে মিনতি করেছিল: "আমার প্রভু, আমাকে উত্তরাধিকার শূন্য করে রাখবেন না, যদিও আপনিই সর্বোত্তম উত্তরাধিকারী।"

[21:90] We\* responded to him and granted him John; we fixed his wife for him. That is because they used to hasten to work righteousness, and implored us in situations of joy, as well as fear. To us, they were reverent. আমরা তার ডাকে সাড়া দিয়েছিলাম এবং তাকে দান করেছিলাম ইয়াহিয়া; আমরা তার জন্য তার স্ত্রীকে ঠিক করে দিয়েছিলাম। সেটা এ কারণে যে তারা সৎকর্ম করতে ঝাঁপিয়ে পড়তো, এবং আমাদের কাছে অনুন্নয় করতে আনন্দের সময়ে, একই সাথে ভয়ের সময়। আমাদের কাছে, তারা ছিল ভক্ত।

\*21:90 *The use of the plural tense throughout the Quran indicates participation of the angels. It is clear from 3:39 and from the Bible that the angels dealt with Zachariah extensively, as they gave him the good news about John. See Appendix 10.*

*Mary and Jesus*  
*মরিয়ম এবং ঈসা*

[21:91] As for the one who maintained her virginity, we blew into her from our spirit, and thus, we made her and her son a portent for the whole world.

তার ক্ষেত্রে, যে তার সতীত্ব বজায় রেখেছিল, আমরা তার মধ্যে আমাদের আত্মা থেকে ফুঁকে দিয়েছিলাম, আর এভাবে, আমরা তাকে এবং তার পুত্রকে পুরো বিশ্বের জন্য একটি নিদর্শন করেছিলাম।

*One God / One Religion*  
*এক আল্লাহ / এক ধর্ম*

[21:92] Your congregation is but one congregation, and I alone am your Lord; you shall worship Me alone.

তোমাদের ধর্মগোষ্ঠী তো এক ধর্মগোষ্ঠী, এবং কেবল আমিই তোমাদের প্রভু; তোমরা একমাত্র আমার উপাসনা করবে।

[21:93] However, they divided themselves into disputing religions. All of them will come back to us (for judgment).

২১/৯৩ কিন্তু, তারা নিজেদেরকে বিতর্কিত ধর্মে বিভক্ত করে ফেলল। (বিচারের জন্য) তারা সকলে আমাদের কাছে ফিরে আসবে।

[21:94] As for those who work righteousness, while believing, their work will not go to waste; we are recording it.

২১/৯৪ আর যারা সৎ- কাজ করে, বিশ্বাসী অবস্থায়, তাদের কাজ বিফলে যাবে না; আমরা তা লিপিবদ্ধ করছি।

[21:95] It is forbidden for any community we had annihilated to return.

২১/৯৫ আমরা ধ্বংস করে দিয়েছি এমন কোন জনপদের জন্য ফিরে আসা নিষিদ্ধ।

*The End of the World\**  
*বিশ্বের পরিসমাপ্তি*

[21:96] Not until Gog and Magog reappear,\* will they then return—they will come from every direction.

২১/৯৬ যতক্ষণ না ইয়াজুজ এবং মাজুজ পুনরাবির্ভূত হয়, তখন তারা ফিরবে- তারা প্রত্যেক দিক থেকে আসবে।

\*21:96 *By the year 2270 AD, thanks to God's mathematical miracle in the Quran (Appendix 1), America will be the heart of Islam, and billions around the globe will have believed in the Quran (9:33, 41:53, 48:28, 61:9). Gog and Magog (allegorical names of villainous communities), will be the only bastions of heathenism, and they will attack the submitters. That is when the world will end (15:87, 18:94, Appendix 25). Gog and Magog are mentioned in 18:94 & 21:96, 17 verses before the end of each sura; this may indicate the time of their appearance.*

[21:97] That is when the inevitable prophecy will come to pass, and the disbelievers will stare in horror: "Woe to us; we have been oblivious. Indeed, we have been wicked."

২১/৯৭ তখন- ই সে অনিবার্য ভবিষ্যদ্বাণী পূর্ণ হবে, এবং অবিশ্বাসীরা আতঙ্কিত দৃষ্টিতে তাকিয়ে থাকবে: "দুর্ভাগ্য আমাদের, আমরা বেখবর হয়ে ছিলাম। নিশ্চয়, আমরা অন্যায্যকারী ছিলাম"।

*The Hereafter*  
*পরকাল*

[21:98] You and the idols you worship besides GOD will be fuel for Hell; this is your inevitable destiny.

২১/৯৮ তোমরা এবং আল্লাহর পাশে যাদেরকে তোমরা উপাসনা করো, তারা নরকের জ্বালানি হবে; এটাই তোমাদের অনিবার্য নিয়তি।

[21:99] If those were gods, they would not have ended up in Hell. All its inhabitants abide in it forever.

২১/৯৯ ঐগুলো যদি উপাস্য হতো, তারা শেষ পর্যন্ত নরকে যেতো না। এর সব বাসিন্দারা এর মধ্যে চিরকাল বাস করবে।

[21:100] They will sigh and groan therein, and they will have no access to any news.

২১/১০০ তারা সেখানে দীর্ঘশ্বাস ফেলবে এবং আতর্নাদ করবে, এবং কোন সংবাদে তাদের কোন প্রবেশাধিকার থাকবে না।

[21:101] As for those who deserved our magnificent rewards, they will be protected from it.

২১/১০১ আর যারা আমাদের চমৎকার পুরস্কারের যোগ্য হয়েছে, তারা এর থেকে সুরক্ষিত থাকবে।

#### *The Righteous* সৎ- কর্মশীলরা

[21:102] They will not hear its hissing. They will enjoy an abode where they can get everything they desire, forever.

২১/১০২ তারা এর হিস- হিস শব্দ শুনবে না। তারা এক বাসস্থান উপভোগ করবে যেখানে তারা যা কিছু আকাঙ্ক্ষা করবে তাই পাবে, চিরকাল।

[21:103] The great horror will not worry them, and the angels will receive them joyfully: "This is your day, that has been promised to you."

২১/১০৩ সেই মহা আতঙ্ক তাদেরকে চিন্তিত করবে না, এবং স্বর্গ- দূতেরা তাদেরকে আনন্দের সাথে গ্রহণ করবেঃ “এটা তোমাদের দিন, যার প্রতিশ্রুতি তোমাদেরকে দেয়া হয়েছে”।

#### *The Day of Resurrection* পুনরুত্থান দিন

[21:104] On that day, we will fold the heaven, like the folding of a book. Just as we initiated the first creation, we will repeat it. This is our promise; we will certainly carry it out.

২১/১০৪ সেই দিনে, আমরা আকাশকে গুটিয়ে নেব, একটা বই গুটিয়ে নেয়ার মত। ঠিক যেভাবে আমরা প্রথম সৃষ্টির সূচনা করেছিলাম, আমরা তার পুনরাবৃত্তি করবো। এটা আমাদের অঙ্গীকার; আমরা অবশ্যই তা সম্পাদন করবো।

[21:105] We have decreed in the Psalms, as well as in other scriptures, that the earth shall be inherited by My righteous worshipers.

২১/১০৫ আমরা যবুরে জারি করেছি, সেই সাথে অন্যান্য ঐশী- গ্রন্থে, যে পৃথিবীর উত্তরাধিকারী হবে আমার সৎ- কর্মশীল উপাসনাকারীরা।

[21:106] This is a proclamation for people who are worshipers.

২১/১০৬ এটা সেসব লোকদের জন্য একটি ঘোষণা যারা উপাসনাকারী।

[21:107] We have sent you out of mercy from us towards the whole world.

২১/১০৭ পুরো দুনিয়ার প্রতি আমাদের দয়া থেকে আমরা তোমাকে পাঠিয়েছি।

[21:108] Proclaim, "I have been given divine inspiration that your god is one god. Will you then submit?"

২১/১০৮ ঘোষণা করো, “আমাকে ঐশ্বরিক প্রত্যাদেশ দেওয়া হয়েছে যে তোমাদের উপাস্য, এক উপাস্য। তবে কি তোমরা নিজেদেরকে সমর্পণ করবে?”

[21:109] If they turn away, then say, "I have warned you sufficiently, and I have no idea how soon or late (*the retribution*) will come to you.

২১/২০৯ যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে বল, “আমি তোমাদেরকে যথেষ্ট সতর্ক করেছি, এবং আমার কোন ধারণা নেই কতটা শীঘ্র বা দেরিতে (*শাস্তি*) তোমাদের কাছে আসবে।

[21:110] "He is fully aware of your public utterances, and He is fully aware of everything you conceal.

২১/১১০ “তিনি পরিপূর্ণ অবগত তোমাদের প্রকাশ্য বক্তব্যের ব্যাপারে, এবং তিনি পরিপূর্ণ অবগত সে সবকিছু সম্পর্কে, যা তোমরা গোপন করো।

[21:111] "For all that I know, this world is a test for you, and a temporary enjoyment."

২১/১১১ “যতো দূর আমি জানি, এই দুনিয়া তোমাদের জন্য একটি পরীক্ষা, এবং একটি সাময়িক উপভোগ”।

[21:112] Say, "My Lord, Your judgment is the absolute justice. Our Lord is the Most Gracious; only His help is sought in the face of your claims."

২১/১১২ বল, “আমার প্রভু, আপনার বিচার পূর্ণ ন্যায়বিচার। আমাদের প্রভু পরম করুণাময়, তোমাদের দাবীর মুখে শুধুমাত্র তাঁর সাহায্য অন্বেষণ করি”।

## Sura 22: Pilgrimage (Al-Hajj)

[22:0] In the name of God, Most Gracious, Most Merciful.

[22:1] O people, you shall reverence your Lord, for the quaking of the Hour is something horrendous.

২২/১ হে লোকেরা, তোমরা তোমাদের প্রভুকে ভক্তি করবে, কারন সেই ঘটনার কম্পন এক ভয়ানক কিছু।

[22:2] The day you witness it, even a nursing mother will discard her infant, and a pregnant woman will abort her fetus. You will see the people staggering, as if they are intoxicated, even though they are not intoxicated. This is because GOD's retribution is so awesome.

২২/২ যেদিন তোমরা তা প্রত্যক্ষ করবে, এমনকি একজন স্তন্য দানকারিণী মাও তার শিশুকে পরিত্যাগ করবে, এবং একজন অন্তঃসত্ত্বা নারী গর্ভপাত করবে। তুমি লোকদের টলমল করে হাটতে দেখবে, যেন তারা মাতাল, যদিও তারা মাতাল নয়। এটা এ কারণে যে আল্লাহর শাস্তি খুবই ভয়ানক।

[22:3] Among the people, there are those who argue about GOD without knowledge, and follow every rebellious devil.

২২/৩ লোকদের মধ্যে, এমনও আছে যারা আল্লাহর ব্যাপারে তর্ক করে জ্ঞান ছাড়াই, এবং প্রত্যেক বিদ্রোহী শয়তানের অনুসরণ করে।

[22:4] It is decreed that anyone who allies himself with him, he will mislead him and guide him to the agony of Hell.

২২/৪ এটা জারি করা হয়েছে যে, যেকেউ নিজেকে তার মিত্র করে, তাকে সে পথভ্রষ্ট করবে এবং তাকে নরকের যন্ত্রণার দিকে পথ দেখাবে।

*Where Did We Come From?*

*কোথা হতে আমরা এসেছি?*

[22:5] O people, if you have any doubt about resurrection, (*remember that*) we created you from dust, and subsequently from a tiny drop, which turns into a hanging (*embryo*), then it becomes a fetus that is given life or deemed lifeless. We thus clarify things for you. We settle in the wombs whatever we will for a predetermined period.\* We then bring you out as infants, then you reach maturity. While some of you die young, others live to the worst age, only to find out that no more knowledge can be attained beyond a certain limit. Also, you look at a land that is dead, then as soon as

we shower it with water, it vibrates with life and grows all kinds of beautiful plants.

২২/৫ হে লোকেরা, যদি পুনরুত্থানের ব্যাপারে তোমাদের কোন সন্দেহ থাকে, (*স্মরণ করো যে*) আমরা তোমাদের ধুলো থেকে সৃষ্টি করেছি, এবং পরবর্তীতে এক অতি ক্ষুদ্র ফোঁটা থেকে, যা এক বুলবুল (*ড্রপ*) পরিণত হয়, এরপর এটি পরিনত হয় একটি মানবাকৃতির ড্রপে যাতে জীবন দেওয়া হয় অথবা জীবনহীন গণ্য করা হয়। আমরা এভাবে তোমাদের জন্য বিষয়গুলো সুস্পষ্ট করি। আমরা গর্ভে স্থাপন করি যা আমাদের ইচ্ছা একটি পূর্ব নির্ধারিত সময়ের জন্য। এরপর আমরা তোমাদের নবজাতক হিসেবে বের করে আনি, এরপর তোমরা প্রাপ্ত বয়সে পৌঁছাও। যেখানে তোমাদের কেউ কেউ যৌবনে মারা যাও, অন্যরা নিকৃষ্ট বয়স পর্যন্ত বেঁচে থাকো, শুধুমাত্র এটা দেখার জন্য যে একটি নির্দিষ্ট সীমার পর কোন জ্ঞান আহরণ করা যায় না। আবার, তোমরা একটি ভূমিকে দেখো যা কিনা মৃত, এরপর যখনই আমরা এতে পানি বর্ষণ করি, এতে জীবন স্পন্দিত হয় এবং সকল প্রকার সুন্দর উদ্ভিদ জন্মায়ে।

[22:6] This proves that GOD is the Truth, and that He revives the dead, and that He is Omnipotent.

২২/৬ এটা প্রমাণ করে যে আল্লাহ সত্য, এবং যে তিনি মৃতকে জীবিত করেন, এবং যে তিনি সর্বশক্তিমান।

[22:7] And that the Hour is coming, no doubt about it, and that GOD resurrects those who are in the graves.

২২/৭ এবং যে সেই ঘটনা আসছে, এ ব্যাপারে কোন সন্দেহ নেই, এবং যে আল্লাহ পুনরুজ্জীবিত করেন, তাদেরকে, যারা কবরে রয়েছে।

*A Common Occurrence*

*এক নিত্য ঘটনা*

[22:8] Among the people there is the one who argues about GOD without knowledge, and without guidance, and without an enlightening scripture.

২২/৮ লোকদের মধ্যে রয়েছে সে ব্যক্তি, যে আল্লাহ সম্পর্কে তর্ক করে জ্ঞান ছাড়া, এবং পথ নির্দেশনা ছাড়া, এবং কোন জ্ঞানালোকপূর্ণ ঐশী-গ্রন্থ ছাড়া।

[22:9] Arrogantly he strives to divert the people from the path of GOD. He thus incurs humiliation in this life, and we commit him on

the Day of Resurrection to the agony of burning.

২২/৯ দাস্তিকতার সাথে সে সংগ্রাম করে আল্লাহর পথ থেকে লোকদের সরিয়ে দিতে। এই ভাবে সে এ জীবনে অপমান টেনে আনে, এবং পুনরুত্থান দিনে আমরা তাকে দহন যন্ত্রণায় সোপর্দ করবো।

[22:10] This is what your hands have sent ahead for you. GOD is never unjust towards the people.

২২/১০ এটা তাই যা তোমার হাত তোমার জন্য পাঠিয়েছে। আল্লাহ কখনই লোকদের প্রতি অন্যায়কারী নন।

*Fair Weather Friends*

*সুসময়ের বন্ধু*

[22:11] Among the people there is the one who worships GOD conditionally. If things go his way, he is content. But if some adversity befalls him, he makes an about-face. Thus, he loses both this life and the Hereafter. Such is the real loss

২২/১১ লোকদের মধ্যে রয়েছে সে ব্যক্তি যে শর্তসাপেক্ষে আল্লাহর উপাসনা করে। যদি সবকিছু তার মত অনুযায়ী যায়, সে সন্তুষ্ট। কিন্তু যদি কিছু দুর্দশা তার উপর পতিত হয়, সে মুখ ফিরিয়ে নেয়। এভাবে, সে এই জীবন এবং পরকাল উভয়ই হারায়। এমনই আসল ক্ষতি।

[22:12] He idolizes beside GOD what possesses no power to harm him or benefit him; such is the real straying.

২২/১২ সে আল্লাহর পাশে তার উপাসনা করে যা তার ক্ষতি অথবা তার উপকার করার কোন ক্ষমতা রাখে না; এমনই আসল পথভ্রষ্টতা।

[22:13] He idolizes what is more apt to harm him than benefit him. What a miserable lord! What a miserable companion!

২২/১৩ সে তার উপাসনা করে যা তার উপকারের চেয়ে ক্ষতি করার বেশি সম্ভাবনা রাখে। কি এক শোচনীয় প্রভু! কি এক শোচনীয় সঙ্গি!

[22:14] GOD admits those who believe and lead a righteous life into gardens with flowing streams. Everything is in accordance with GOD's will.

২২/১৪ যারা বিশ্বাস করে এবং সৎ জীবন-যাপন করে আল্লাহ তাদের প্রবেশ করাবেন প্রবাহিত ঝর্ণা সহ বাগানে। সবকিছু আল্লাহর ইচ্ছা অনুযায়ী হয়।

*Happiness Now, and Forever*

*এখন, এবং চিরকালের সুখ*

[22:15] If anyone thinks that GOD cannot support him in this life and in the Hereafter, let him turn completely to (his Creator in) heaven, and sever (his dependence on anyone else). He will then see that this plan eliminates anything that bothers him.

২২/১৫ যদি কেউ ভাবে যে আল্লাহ এই জীবনে এবং পরকালে তাকে সমর্থন করতে পারবে না, তাকে সম্পূর্ণ ভাবে স্বর্গের (তার সৃষ্টিকর্তার) দিকে ফিরতে দাও, এবং ছিন্ন করতে দাও (অন্য কারো প্রতি তার নির্ভরশীলতা)। সে তখন দেখবে যে এই পরিকল্পনা অপসারণ করে যে কোন কিছু যা তাকে কষ্ট দেয়।

[22:16] We have thus revealed clear revelations herein, then GOD guides whomever He wills.

২২/১৬ এখানে, আমরা এভাবে স্পষ্ট প্রকাশনাবলী প্রকাশ করেছি, অতঃপর আল্লাহ যাকে ইচ্ছা পথপ্রদর্শন করেন।

*God: The Only Judge*

*ঈশ্বরঃ একমাত্র বিচারক*

[22:17] Those who believe, those who are Jewish, the converts, the Christians, the Zoroastrians, and the idol worshipers, GOD is the One who will judge among them on the Day of Resurrection. GOD witnesses all things.

২২/১৭ যারা বিশ্বাস করে, যারা ইহুদী, ধর্মান্তরিত, খ্রিষ্টান, জরথুষ্ট্রীয়, এবং অংশীদার উপাসকরা, আল্লাহই সেই স্বভা যিনি পুনরুত্থান দিনে তাদের মধ্যে বিচার করবেন। আল্লাহ সবকিছু প্রত্যক্ষ করেন।

[22:18] Do you not realize that to GOD prostrates everyone in the heavens and the earth, and the sun, and the moon, and the stars, and the mountains, and the trees, and the animals, and many people? Many others among the people are committed to doom. Whomever GOD shames, none will honor him. Everything is in accordance with GOD's will.

২২/১৮ তুমি কি অনুধাবন করো না যে আল্লাহকে সেজদা করে আকাশমন্ডলী এবং পৃথিবীর সবকিছু, এবং সূর্য, এবং চাঁদ, এবং তারাকারাজি, এবং পর্বতসমূহ, এবং বৃক্ষরাজি, এবং পশুকূল এবং অনেক লোকরা? লোকদের মধ্যে অন্য অনেকের ধ্বংস অবধারিত। যাকে আল্লাহ লজ্জিত করেন, কেউ

তাকে সম্মান করবে না। সবকিছু আল্লাহর ইচ্ছা অনুসারে হয়।

*How Terrible is Hell!\**  
নরক কতটা ভয়ঙ্কর

[22:19] Here are two parties feuding with regard to their Lord. As for those who disbelieve, they will have clothes of fire tailored for them. Hellish liquid will be poured on top of their heads.

২২/১৯ এই যে দুটি পক্ষ তাদের প্রভুর ব্যাপারে বিবাদ করছে। যারা অবিশ্বাস করে, তাদের জন্য আগুনের পোশাক তৈরি করা হবে। নারকীয় তরল তাদের মাথার উপর ঢালা হবে।

*\*22:19-22 People who have insisted upon going to Hell will inevitably complain: 'Had we known how bad this is, we would have behaved differently.' They will be told that the horrors of Hell have been pointed out to them in the most graphic, though symbolic, terms. It should be noted that Heaven and Hell are almost invariably mentioned together in the Quran.*

[22:20] It will cause their insides to melt, as well as their skins.

২২/২০ এটা তাদের ভিতর গলিয়ে দেবে, সেই সাথে তাদের চামড়া।

[22:21] [They will be confined in iron pots.

২২/২১ তারা লোহার পাত্রে আবদ্ধ থাকবে।

[22:22] Whenever they try to exit such misery, they will be forced back in: "Taste the agony of burning."

২২/২২ যখনি তারা এমন দুর্দশা থেকে বের হতে চেষ্টা করবে, তাদের জোরপূর্বক তাতে ফিরিয়ে দেওয়া হবে: “দহন যন্ত্রণা আন্বাদন করো”।

*The Bliss of Heaven*  
স্বর্গের পরম সুখ

[22:23] GOD will admit those who believe and lead a righteous life into gardens with flowing streams. They will be adorned therein with bracelets of gold, and pearls, and their garments therein will be silk.

২২/২৩ যারা বিশ্বাস করে এবং সৎ জীবন-যাপন করে, আল্লাহ তাদেরকে প্রবেশ করাবেন প্রবাহিত ঝর্ণাসহ বাগানে। তাদেরকে সেখানে সোনার কংকন এবং মুক্তা দিয়ে সাজানো হবে এবং সেখানে তাদের পোশাক হবে রেশমের।

[22:24] They have been guided to the good words; they have been guided in the path of the Most Praised.

২২/২৪ তারা সৎ বাক্যের দিকে পথপ্রদর্শিত হয়েছে; তারা পথপ্রদর্শিত হয়েছে পরম প্রশংসিতের পথে।

[22:25] Surely, those who disbelieve and repulse others from the path of GOD, and from the Sacred Masjid that we designated for all the people—be they natives or visitors—and seek to pollute it and corrupt it, we will afflict them with painful retribution.

২২/২৫ অবশ্যই, যারা অবিশ্বাস করে এবং অন্যদের বাধা দেয় আল্লাহর পথ থেকে, এবং পবিত্র মসজিদ থেকে যা আমরা সকল লোকদের জন্য নির্ধারিত করেছি- হোক তারা স্থানীয় অথবা দর্শনার্থী - এবং একে দূষিত এবং কলুষিত করতে চায়, আমরা তাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তি দিয়ে পীড়িত করবো।

*Pilgrimage, Like All Duties in Islam, Decreed Through Abraham\**

তীর্থ- যাত্রা, ইসলামের সকল কর্তব্যের মত, ইব্রাহীমের মাধ্যমে জারিকৃত

[22:26] We appointed Abraham to establish the Shrine: "You shall not idolize any other god beside Me, and purify My shrine for those who visit it, those who live near it, and those who bow and prostrate.

২২/২৬ আমরা ইব্রাহীমকে পবিত্র গৃহ স্থাপন করতে নিযুক্ত করেছিলাম : “তুমি আমার পাশে অন্য কোন উপাস্যের উপাসনা করবে না, এবং আমার ঘর পবিত্র রাখবে তাদের জন্য যারা তা দর্শন করতে আসে, যারা এর নিকটে বাস করে, এবং যারা রুকু ও সেজদা করে।

*\*22:26-27 Abraham was the original messenger of Submission (Islam). See 22:78 and Appendix 9.*

[22:27] "And proclaim that the people shall observe Hajj pilgrimage.\* They will come to you walking or riding on various exhausted (means of transportation). They will come from the farthest locations."

২২/২৭ এবং ঘোষণা করো যে লোকেরা হজ্জ তীর্থযাত্রা পালন করবে।\* তারা তোমার কাছে হেঁটে অথবা বিভিন্ন ক্লান্তিকর (পরিবহনে) চড়ে আসবে। তারা সর্বাধিক দূরবর্তী স্থান থেকে আসবে।

*\*22:26-27 Abraham was the original messenger of Submission (Islam). See 22:78 and Appendix 9.*

[22:28] They may seek commercial benefits, and they shall commemorate GOD's name during the specified days for providing them with livestock. "Eat therefrom and feed the despondent and the poor."

২২/২৮ তারা বানিজ্যিক সুবিধা অন্বেষণ করতে পারে, এবং তারা নির্দিষ্ট দিনগুলোতে আল্লাহর নাম স্মরণ করবে তাদেরকে গৃহপালিত পশু প্রদান করার জন্য। “সেখান থেকে খাও এবং দুঃস্থ ও গরিবদের খাওয়াও”।

[22:29] They shall complete their obligations, fulfill their vows, and visit the ancient shrine.

২২/২৯ তারা তাদের কর্তব্য সম্পন্ন করবে, তাদের প্রতিজ্ঞা পূর্ণ করবে, এবং প্রাচীন পবিত্র ঘরটি দর্শন করবে।

[22:30] Those who reverence the rites decreed by GOD have deserved a good reward at their Lord. All livestock is made lawful for your food, except for those specifically prohibited for you. You shall avoid the abomination of idol worship, and avoid bearing false witness.

২২/৩০ যারা আল্লাহর জারিকৃত ধর্মানুষ্ঠানগুলো সম্মান করে তারা তাদের প্রভুর কাছে এক ভালো পুরস্কারের যোগ্য হয়েছে। সকল গৃহপালিত পশু তোমাদের খাদ্য হিসেবে আইনসিদ্ধ করা হল, সেগুলো ছাড়া যেগুলো তোমাদের জন্য সুনির্দিষ্টভাবে নিষিদ্ধ করা হয়েছে। তোমরা অংশীদার উপাসনার জঘন্যতা এড়িয়ে চলবে, এবং মিথ্যা সাক্ষ্য দেওয়া এড়িয়ে চলবে।

[22:31] You shall maintain your devotion absolutely to GOD alone. Anyone who sets up any idol beside GOD is like one who fell from the sky, then gets snatched up by vultures, or blown away by the wind into a deep ravine.

২২/৩১ তোমরা তোমাদের একনিষ্ঠতা সম্পূর্ণরূপে কেবল আল্লাহর প্রতি বজায় রাখবে। যেকোনো আল্লাহর পাশে কোনো উপাস্য স্থাপন করে সে তার মতো যে আকাশ থেকে পড়লো, তারপর শকুনেরা তাকে ছিনিয়ে নিল, অথবা বাতাস তাকে এক গভীর গিরিখাতের মধ্যে উড়িয়ে নিয়ে ফেলল।

[22:32] Indeed, those who reverence the rites decreed by GOD demonstrate the righteousness of their hearts.

২২/৩২ নিশ্চয়, যারা আল্লাহর জারিকৃত ধর্মানুষ্ঠানগুলোকে সম্মান করে তারা তাদের হৃদয়ের ন্যায়পরায়ণতা প্রদর্শন করলো।

*Livestock Offerings  
During Pilgrimage\**

*তীর্থ যাত্রার সময়  
গৃহপালিতপশু উৎসর্গ*

[22:33] The (livestock) provide you with many benefits for a period, before being donated to the ancient shrine.

২২/৩৩ গৃহপালিতপশু তোমাদেরকে একটি নির্দিষ্ট সময়ের জন্য অনেক উপকারিতা দেয়, প্রাচীন পবিত্র ঘরে দান করার আগে।

*\*22:36 Animal offerings from the pilgrims conserve the resources at the pilgrimage site. Note that almost 2,000,000 pilgrims converge on Mecca during pilgrimage.*

[22:34] For each congregation we have decreed rites whereby they commemorate the name of GOD for providing them with the livestock. Your god is one and the same god; you shall all submit to Him. Give good news to the obedient.

২২/৩৪ প্রত্যেক জনপদের জন্য আমরা ধর্মানুষ্ঠান জারি করেছি যার দ্বারা তারা আল্লাহর নাম স্মরণ করে তাদেরকে গৃহপালিতপশু প্রদান করার জন্য। তোমাদের উপাস্য এক এবং সেই একই উপাস্য। তোমরা সকলে তাঁর কাছে সমর্পিত হবে। অনুগতদের সুসংবাদ দাও।

[22:35] They are the ones whose hearts tremble upon mentioning GOD, they steadfastly persevere during adversity, they observe the Contact Prayers (*Salat*), and from our provisions to them, they give to charity.

২২/৩৫ তারা সে লোক যাদের হৃদয় আল্লাহর উল্লেখে কম্পিত হয়, তারা প্রতিকূলতার সময় দৃঢ়তার সাথে অবিচল, তারা সংযোগ প্রার্থনা (*সালাত*) পালন করে, এবং তাদেরকে দেয়া আমাদের জীবিকা থেকে তারা দান করে।

[22:36] The animal offerings are among the rites decreed by GOD for your own good.\* You shall mention GOD's name on them while they are standing in line. Once they are offered for sacrifice, you shall eat therefrom and feed the poor and the needy. This is why we subdued them for you, that you may show your appreciation.

২২/৩৬ আল্লাহর জারি করা ধর্মানুষ্ঠানগুলোর মধ্যে পশু কোরবানি রয়েছে তোমাদের নিজেদের ভালোর জন্য। তোমরা এগুলোর উপর আল্লাহর নাম উচ্চারণ করবে যখন এরা সারিতে দাঁড়িয়ে থাকে। এগুলো কোরবানির জন্য উৎসর্গ হয়ে গেলে তোমরা এদের থেকে খাবে এবং গরীব ও অভাবীদের খাওয়াবে। এই জন্যই আমরা এগুলোকে তোমাদের জন্য বশীভূত করে



দিয়েছি, যাতে তোমরা তোমাদের কৃতজ্ঞতা প্রদর্শন করতে পারো।

*\*22:36 Animal offerings from the pilgrims conserve the resources at the pilgrimage site. Note that almost 2,000,000 pilgrims converge on Mecca during pilgrimage.*

[22:37] Neither their meat, nor their blood reaches GOD. What reaches Him is your righteousness. He has subdued them for you, that you show your appreciation by glorifying GOD for guiding you. Give good news to the charitable.

২২/৩৭ না তাদের মাংস, না তাদের রক্ত আল্লাহর কাছে পৌঁছায়। যা তাঁর কাছে পৌঁছায় তা হল তোমাদের সৎ-কর্মশীলতা। তিনি এগুলোকে তোমাদের জন্য বশীভূত করে দিয়েছেন, যাতে আল্লাহর মহিমা ঘোষণা করে তোমার তোমাদের কৃতজ্ঞতা প্রদর্শন করো তোমাদের পথ প্রদর্শন করার জন্য। দানশীলদের সুসংবাদ দাও।

*God Defends the Believers  
আল্লাহ বিশ্বাসীদের পক্ষে থাকেন*

[22:38] GOD defends those who believe. GOD does not love any betrayer, unappreciative.  
২২/৩৮ আল্লাহ তাদের পক্ষে থাকেন যারা বিশ্বাস করে। আল্লাহ কোন বিশ্বাসঘাতক, অকৃতজ্ঞকে ভালোবাসেন না।

*Synagogues, Churches,  
and Masjids  
সিনেগগ, গির্জা,  
এবং মসজিদ*

[22:39] Permission is granted to those who are being persecuted, since injustice has befallen them, and GOD is certainly able to support them.  
২২/৩৯ তাদেরকে অনুমতি দেয়া হলো যারা নির্যাতিত হচ্ছে, যেহেতু তাদের উপর অবিচার করা হয়েছে, এবং আল্লাহ অবশ্যই তাদের সমর্থন করতে সক্ষম।

[22:40] They were evicted from their homes unjustly, for no reason other than saying, "Our Lord is GOD." If it were not for GOD's supporting of some people against others, monasteries, churches, synagogues, and masjids—where the name of GOD is commemorated frequently—would have been destroyed. Absolutely, GOD supports those who support Him. GOD is Powerful, Almighty.

২২/৪০ তারা তাদের বাড়ি থেকে উচ্ছেদ হয়েছিল অন্যায়ভাবে, অন্য কোন কারণে না শুধু এটুকু বলার জন্য “আমাদের প্রভু আল্লাহ”। যদি আল্লাহ কিছু লোককে সমর্থন না করতেন অন্যদের বিরুদ্ধে, মঠ, গির্জা, সিনেগগ এবং মসজিদগুলো- যেখানে আল্লাহর নাম ঘন ঘন স্মরণ করা হয়- ধ্বংস হয়ে যেত। নিঃসন্দেহে, আল্লাহ তাদের সমর্থন করেন যারা তাঁকে সমর্থন করে। আল্লাহ ক্ষমতাধর, সর্বশক্তিমান।

[22:41] They are those who, if we appointed them as rulers on earth, they would establish the Contact Prayers (Salat) and the obligatory charity (Zakat), and would advocate righteousness and forbid evil. GOD is the ultimate rule

২২/৪১ তারা হচ্ছে সেসব লোক, যাদেরকে যদি আমরা পৃথিবীতে শাসক হিসেবে নিয়োগ/মনোনীত করি, তারা সংযোগ প্রার্থনা (সালাত) এবং বাধ্যতামূলক দান (যাকাত) প্রতিষ্ঠা করবে, এবং সৎকর্মশীলতার ওকালতি করবে এবং মন্দ থেকে নিষেধ করবে। আল্লাহ চূড়ান্ত শাসক।

[22:42] If they reject you, the people of Noah, 'Ad, and Thamûd have also disbelieved before them.

২২/৪২ যদি তারা তোমাকে প্রত্যাক্ষান করে, তাদের আগে নুহের, আদের এবং সামুদের লোকেরাও অবিশ্বাস করেছিল।

[22:43] Also the people of Abraham, and the people of Lot.

২২/৪৩ ইব্রাহীমের লোকেরা এবং লুতের লোকেরাও।

[22:44] And the dwellers of Midyan. Moses was also rejected. I led all those people on, then I called them to account; how (devastating) was My requital!

২২/৪৪ এবং মাদিয়ানের বাসিন্দারা। মুসাকেও প্রত্যাখ্যান করা হয়েছিল। আমি ঐ সকল লোকদের সুযোগ দিয়ে রেখেছিলাম, এরপর আমি তাদেরকে হিসাবের জন্য ডেকেছিলাম; কেমন (ধ্বংসাত্মক) ছিল আমার শাস্তি!

[22:45] Many a community have we annihilated because of their wickedness. They ended up with ruins, stilled wells, and great empty mansions.

২২/৪৫ অনেক জনপদ আমরা ধ্বংস করে দিয়েছি তাদের অন্যায়ের কারণে। তারা শেষ

পর্যন্ত ধ্বংসাবশেষে পরিণত হয়েছিল, নিখর  
কুয়া এবং বিশাল শূন্য প্রাসাদ সহ।

[22:46] Did they not roam the earth, then use  
their minds to understand, and use their ears to  
hear? Indeed, the real blindness is not the  
blindness of the eyes, but the blindness of the  
hearts inside the chests.

২২/৪৬ তারা কি পৃথিবী ঘুরে দেখেনি, এরপর  
তাদের মন ব্যবহার করে নি বোঝার জন্য,  
এবং তাদের কান ব্যবহার করেনি শোনার জন্য?  
নিশ্চয়, চোখের অন্ধত্ব প্রকৃত অন্ধত্ব নয়,  
বুকের ভেতরে হৃদয়ের অন্ধত্বই প্রকৃত অন্ধত্ব।

[22:47] They challenge you to bring  
retribution, and GOD never fails to fulfill His  
prophecy. A day of your Lord is like a  
thousand of your years.

২২/৪৭ তারা তোমাকে শাস্তি আনার জন্য  
চ্যালেঞ্জ করে, এবং আল্লাহ কখনো তাঁর  
ভবিষ্যদ্বানী পূর্ণ করতে ব্যর্থ হন না। তোমার প্রভুর  
এক দিন তোমাদের এক হাজার বছরের মত।

[22:48] Many a community in the past  
committed evil, and I led them on for awhile,  
then I punished them. To Me is the ultimate  
destiny.

২২/৪৮ অতীতে অনেক জনপদ মন্দ করেছে,  
এবং আমি তাদেরকে কিছু সময়ের জন্য সুযোগ  
দিয়ে রেখেছিলাম, এরপর আমি তাদেরকে  
শাস্তি দিয়েছি। আমার দিকেই চূড়ান্ত নিয়তি।

*God's Messenger of the Covenant*  
আল্লাহর অঙ্গীকারকৃত বার্তাবাহক

[22:49] Say, "O people, I have been sent to  
you as a profound warner."\*

২২/৪৯ বল, “হে লোকেরা, আমাকে  
তোমাদের কাছে পাঠানো হয়েছে একজন  
জ্ঞানগর্ভ সতর্ককারী হিসাবে”।

\*22:49 This command is directed specifically  
to God's Messenger of the Covenant. This fact,  
and the specific name of the messenger are  
mathematically coded into the Quran. See the  
details, together with the irrefutable proofs, in  
Appendices 2 and 26.

[22:50] Those who believe and lead a  
righteous life have deserved forgiveness and a  
generous recompense.

২২/৫০ যারা বিশ্বাস করে এবং সৎ জীবন-  
যাপন করে তারা যোগ্য হয়েছে ক্ষমা এবং উদার  
প্রতিদানের।

[22:51] As for those who strive to challenge  
our revelations, they incur Hell.

২২/৫১ আর যারা আমাদের প্রকাশনাবলীকে  
চ্যালেঞ্জ করতে সংগ্রাম করে, তারা নরক টেনে  
আনে।

*The System\**  
সে প্রক্রিয়া\*

[22:52] We did not send before you any  
messenger, nor a prophet, without having the  
devil interfere in his wishes. GOD then  
nullifies what the devil has done. GOD  
perfects His revelations. GOD is Omniscient,  
Most Wise.\*

২২/৫২ তোমার আগে না আমরা পাঠিয়েছি  
কোন বার্তাবাহক, না কোন নবী, যার ইচ্ছায়  
শয়তান হস্তক্ষেপ করেনি। এরপর আল্লাহ তা  
অকার্যকর করেন যা শয়তান করেছে। আল্লাহ  
তাঁর প্রকাশনাবলীকে যথাযথ করেন। আল্লাহ  
সর্বজ্ঞ, সব থেকে জ্ঞানী।

\*22:52 Throughout this worldly test, Satan is  
allowed to present his point of view (we are  
born with a representative of Satan in our  
bodies). This allows the people to make a  
choice between God's evidence and Satan's  
evidence. Satan's evidence is invariably based  
on lies. This system explains the fact that the  
devil's agents continuously come up with the  
most absurd lies, insults and accusations  
against every messenger (see 6:33-34, 8:30,  
17:76-77, 27:70).

*The Hypocrites Drop Out*  
ভণ্ডারা বাদ পড়ে

[22:53] He thus sets up the devil's scheme as a  
test for those who harbor doubts in their hearts,  
and those whose hearts are hardened. The  
wicked must remain with the opposition.

২২/৫৩ তিনি এভাবে শয়তানের চক্রান্তকে  
তাদের জন্য একটি পরীক্ষা স্বরূপ করেন যারা  
তাদের হৃদয়ে সন্দেহ পোষণ করে, এবং  
যাদের হৃদয় কঠিন হয়ে পড়েছে। অন্যায়কারীরা  
অবশ্যই বিরোধী দলের সাথে থাকবে।

[22:54] Those who are blessed with knowledge  
will recognize the truth from your Lord, then  
believe in it, and their hearts will readily  
accept it. Most assuredly, GOD guides the  
believers in the right path.

২২/৫৪ যারা জ্ঞান পেয়ে অনুগ্রহপ্রাপ্ত তারা  
তোমার প্রভুর পক্ষ থেকে আসা সত্য চিনতে  
পারবে, এরপর তাতে বিশ্বাস করবে, এবং  
তাদের হৃদয় নির্দিধায় তা গ্রহণ করবে।

অবশ্যই, আল্লাহ বিশ্বাসীদের সঠিক পথে পরিচালিত করেন।

[22:55] As for those who disbelieve, they will continue to harbor doubts until the Hour comes to them suddenly, or until the retribution of a terrible day comes to them.

২২/৫৫ আর যারা অবিশ্বাস করে, তারা সন্ধেহ পোষণ করতে থাকবে যতক্ষণ না সেই ঘণ্টা হঠাৎ করেই তাদের কাছে চলে আসে, অথবা যতক্ষণ না এক ভয়ানক দিনের শাস্তি তাদের কাছে এসে যায়।

*Satan's Temporary Kingship*

শয়তানের ক্ষণস্থায়ী রাজত্ব

[22:56] All sovereignty on that day belongs to GOD, and He will judge among them. As for those who believe and lead a righteous life, they have deserved the gardens of bliss.

২২/৫৬ সে দিন সকল সার্বভৌম ক্ষমতা আল্লাহর হবে, এবং তিনি তাদের মধ্যে বিচার করবেন। তাদের ক্ষেত্রে যারা বিশ্বাস করে এবং সৎ জীবন-যাপন করে, তারা পরম সুখের বাগানগুলোর যোগ্য হয়েছে।

[22:57] While those who disbelieved and rejected our revelations have incurred a shameful retribution.

২২/৫৭ যখন যারা অবিশ্বাস করেছিল এবং আমাদের প্রকাশনাবলী প্রত্যাখ্যান করেছিল, তারা টেনে এনেছে এক লজ্জাকর শাস্তি।

*Striving in the Cause of God*

আল্লাহর উদ্দেশ্যে সংগ্রাম করা

[22:58] Those who emigrate for the sake of GOD, then get killed, or die, GOD will surely shower them with good provisions. GOD is certainly the best Provider.

২২/৫৮ যারা আল্লাহর খাতিরে দেশ ত্যাগ করে, এর পর নিহত হয়, অথবা মারা যায়, আল্লাহ অবশ্যই তাদের প্রতি ভালো জীবিকা বর্ষণ করবেন। আল্লাহ নিশ্চয় সর্বোত্তম জীবিকা প্রদানকারী।

[22:59] Most assuredly, He will admit them an admittance that will please them. GOD is Omniscient, Clement.

২২/৫৯ অবশ্যই, তিনি তাদেরকে এমন জায়গায় প্রবেশ করাবেন যা তাদেরকে সন্তুষ্ট করবে। আল্লাহ সর্বজ্ঞ, কৃপাময়।

*Divine Help for the Oppressed*

নিপীড়িতদের জন্য ঐশ্বরিক সাহায্য

[22:60] It is decreed that if one avenges an injustice that was inflicted upon him, equitably, then is persecuted because of this, GOD will surely support him. GOD is Pardoner, Forgiving.

২২/৬০ এটা জারি করা হয়েছে যে যদি কেউ তার উপর আরোপিত কোন অবিচারের প্রতিশোধ গ্রহণ করে, ন্যায়সঙ্গতভাবে, এরপর এর কারণে নির্যাতিত হয়, আল্লাহ অবশ্যই তাকে সমর্থন করবেন। আল্লাহ ক্ষমাকারী, ক্ষমাশীল।

*God's Omnipotence*

আল্লাহর সর্বশক্তিমত্তা

[22:61] It is a fact that GOD merges the night into the day, and merges the day into the night, and that GOD is Hearer, Seer.

২২/৬১ এটি বাস্তবতা যে আল্লাহ রাতকে দিনের সাথে মিলিয়ে দেন, এবং দিনকে রাতের সাথে মিলিয়ে দেন, এবং যে আল্লাহ শ্রোতা, দ্রষ্টা।

[22:62] It is a fact that GOD is the Truth, while the setting up of any idols beside Him constitutes a falsehood, and that GOD is the Most High, the Supreme.

২২/৬২ এটি বাস্তবতা যে আল্লাহ হচ্ছেন সত্য, যেখানে তাঁর পাশে কোন উপাস্য স্থাপন করা হচ্ছে এক মিথ্যা দাড় করানো, এবং যে আল্লাহ সর্বোচ্চ, সর্বপ্রধান।

[22:63] Do you not see that GOD sends down from the sky water that turns the land green? GOD is Sublime, Cognizant.

২২/৬৩ তুমি কি দেখো না যে আল্লাহ আকাশ থেকে পানি বর্ষণ করেন যা ভূমিকে সবুজে করে তোলে? আল্লাহ মহিমাষিত, জ্ঞাতা।

[22:64] To Him belongs everything in the heavens and everything on earth. Absolutely, GOD is the Most Rich, Most Praiseworthy.

২২/৬৪ তাঁর অধীনে রয়েছে আকাশ মণ্ডলীর সবকিছু এবং পৃথিবীর সবকিছু। নিঃসন্দেহে, আল্লাহ সবচেয়ে ধনী, সবচেয়ে প্রশংসনীয়।

[22:65] Do you not see that GOD has committed in your service everything on earth? The ships run in the ocean by His command. He prevents the heavenly bodies from crashing onto the earth, except in accordance with His command. GOD is Most Kind towards the people, Most Merciful.

২২/৬৫ তুমি কি দেখনা যে আল্লাহ তোমাদের সেবায় নিয়োজিত করেছেন পৃথিবীর সব কিছুর জাহাজগুলো মহাসাগরে তাঁর আদেশ মত চলে। তিনি আকাশস্থ বস্তুগুলোকে পৃথিবীর সাথে সংঘর্ষ

হওয়া থেকে বিরত রাখেন, তাঁর আদেশ অনুসারে ব্যতীত। আল্লাহ লোকদের প্রতি পরম দয়ালু, পরম করুণাময়।

[22:66] He is the One who granted you life, then He puts you to death, then He brings you back to life. Surely, the human being is unappreciative.

২২/৬৬ তিনিই সে সত্ত্বা যিনি তোমাদেরকে জীবন দান করেছেন, এরপর তিনি তোমাদেরকে মৃত্যু দেন, এরপর তিনি তোমাদেরকে জীবন ফিরিয়ে দেন। নিশ্চয়, মানুষ অকৃতজ্ঞ।

[22:67] For each congregation, we have decreed a set of rites that they must uphold. Therefore, they should not dispute with you. You shall continue to invite everyone to your Lord. Most assuredly, you are on the right path.

২২/৬৭ প্রত্যেক ধর্মগোষ্ঠীর জন্য, আমরা জারী করছি কিছু ধর্মানুষ্ঠান যা তাদেরকে অবশ্যই পালন করতে হবে। অতএব, তাদের উচিত নয় তোমার সাথে তর্ক করা। তুমি তোমার প্রভুর দিকে সকলকে নিমন্ত্রণ করতে থাকবে। অবশ্যই, তুমি সঠিক পথে রয়েছ।

[22:68] If they argue with you, then say, "GOD is fully aware of everything you do."

২২/৬৮ যদি তারা তোমার সাথে তর্ক করে, তবে বল, “তোমরা যা কিছুই করো আল্লাহ তা সম্পর্কে পুরোপুরি অবগত”।

[22:69] GOD will judge among you on the Day of Resurrection regarding all your disputes.

২২/৬৯ পুনরুত্থান দিনে আল্লাহ তোমাদের মধ্যে বিচার করবেন তোমাদের সকল বিতর্ক নিয়ে।

[22:70] Do you not realize that GOD knows everything in the heavens and everything on earth? All this is recorded in a record. This is easy for GOD to do.

২২/৭০ তোমরা কি উপলব্ধি করো না যে আল্লাহ আকাশমণ্ডলীর সবকিছু এবং পৃথিবীর সবকিছু জানেন? এই সবকিছু এক নথীতে নথিভুক্ত আছে। এটা করা আল্লাহর জন্য সহজ।

[22:71] Yet, they idolize beside GOD idols wherein He placed no power, and they know nothing about them. The transgressors have no helper.

২২/৭১ তবুও, তারা আল্লাহর পাশে উপাস্যদের উপাসনা করে যাতে তিনি কোন

ক্ষমতা রাখেননি। সীমালঙ্ঘনকারীদের কোন সাহায্যকারী নেই।

*Violence & Belligerence:*

*Signs of Disbelief*

*হিংস্রতা এবং যুদ্ধভাবাপন্নতাঃ*

*অবিশ্বাসের লক্ষণ*

[22:72] When our revelations are recited to them, clearly, you recognize wickedness on the faces of those who disbelieve. They almost attack those who recite our revelations to them. Say, "Shall I inform you of something much worse? Hell is promised by GOD for those who disbelieve; what a miserable destiny."

২২/৭২ যখন আমাদের প্রকাশনাবলী তাদের কাছে আবৃত্তি করা হয়, স্পষ্টভাবে, তুমি তাদের মুখমণ্ডলে দুষ্টতা দেখতে পাবে যারা অবিশ্বাস করে। তারা তাদেরকে প্রায় আক্রমণই করে বসে যারা তাদের কাছে আমাদের প্রকাশনাবলী আবৃত্তি করে। বল, “আমি কি তোমাদেরকে আরও খারাপ কিছু সম্পর্কে জানাব? আল্লাহ নরকের অঙ্গীকার করেছেন তাদের জন্য যারা অবিশ্বাস করে; কি এক শোচনীয় নিয়তি”।

*Can They Create a Fly?*

*তারা কি একটা মাছি সৃষ্টি করতে পারে?*

[22:73] O people, here is a parable that you must ponder carefully: the idols you set up beside GOD can never create a fly, even if they banded together to do so. Furthermore, if the fly steals anything from them, they cannot recover it; weak is the pursuer and the pursued.

২২/৭৩ হে লোকেরা, এই যে এক উপমা যা তোমাদেরকে অবশ্যই সতর্কতার সাথে ভেবে দেখতে হবেঃ আল্লাহর পাশে তোমরা যে উপাস্যদের স্থাপন করো তারা একটি মাছিও সৃষ্টি করতে পারে না, এমনকি যদি তারা তা করতে একত্রে সঙ্গবদ্ধ/দলবদ্ধ হয়। উপরন্তু, যদি মাছি তাদের কাছ থেকে কোন কিছু চুরি করে, তারা সেটা পুনরুদ্ধার করতে পারে না; অনুসরণকারী এবং অনুসৃত উভয়ই দুর্বল।

[22:74] They do not value GOD as He should be valued. GOD is the Most Powerful, the Almighty.

২২/৭৪ তারা আল্লাহকে মূল্যায়ন করে না যেভাবে তাঁকে মূল্যায়ন করা উচিত। আল্লাহ সবচেয়ে ক্ষমতাময়, সর্বশক্তিমান।

[22:75] GOD chooses from among the angels messengers, as well as from among the people. GOD is Hearer, Seer.

২২/৭৫ আল্লাহ ফেরেশতাদের মধ্য থেকে  
বার্তাবাহকদের বাছাই করেন, একইভাবে  
মানুষদের মধ্য থেকেও। আল্লাহ শ্রোতা, দ্রষ্টা।

[22:76] He knows their past and their future.  
To GOD belongs the ultimate control of all  
matters.

২২/৭৬ তিনি জানেন তাদের অতীত এবং  
তাদের ভবিষ্যৎ। আল্লাহর অধীনেই সবকিছুর  
চূড়ান্ত নিয়ন্ত্রণ।

[22:77] O you who believe, you shall bow,  
prostrate, worship your Lord, and work  
righteousness, that you may succeed.

২২/৭৭ হে তোমরা যারা বিশ্বাস করো, তোমরা  
রুকু করবে, সেজদা করবে, তোমাদের প্রভুর  
উপাসনা করবে, এবং সৎ কাজ করবে, যাতে  
তোমরা সফল হতে পারো।

*Abraham: Original  
Messenger of Islam\**

*ইব্রাহিমঃ*

*ইসলামের আদি বার্তাবাহক*

[22:78] You shall strive for the cause of GOD  
as you should strive for His cause. He has  
chosen you and has placed no hardship on you  
in practicing your religion—the religion of  
your father Abraham. He is the one who  
named you "Submitters" originally. Thus, the  
messenger shall serve as a witness among you,  
and you shall serve as witnesses among the  
people. Therefore, you shall observe the  
Contact Prayers (*Salat*) and give the obligatory  
charity (*Zakat*), and hold fast to GOD; He is  
your Lord, the best Lord and the best  
Supporter.

২২/৭৮ তোমরা আল্লাহর উদ্দেশ্যে সংগ্রাম  
করবে যেভাবে তাঁর উদ্দেশ্যে তোমাদের সংগ্রাম  
করা উচিত। তিনি তোমাদের পছন্দ করেছেন  
এবং তোমাদের উপর কোন কষ্ট আরোপ  
করেননি তোমাদের ধর্ম চর্চায় – তোমাদের পিতা  
ইব্রাহীমের ধর্ম। সে-ই প্রথম তোমাদের নাম  
দিয়েছিল “মুসলিম”। সুতরাং, বার্তাবাহক  
তোমাদের মধ্যে সাক্ষী হিসেবে কাজ করবে,  
এবং তোমরা লোকেদের মধ্যে সাক্ষী হিসেবে  
কাজ করবে। অতএব, তোমরা সংযোগ প্রার্থনা  
(*সালাত*) পালন করবে এবং বাধ্যতামূলক দান  
(*যাকাত*) দেবে, এবং আল্লাহকে শক্তভাবে  
ধারণ করবে; তিনি তোমাদের প্রভু, সর্বশ্রেষ্ঠ  
প্রভু এবং সর্বশ্রেষ্ঠ সমর্থনকারী।

## Sura 23: The Believers (Al-Mu'minûn)

সূরা ২৩: বিশ্বাসীগণ (আল- মু'মিনুন)

[23:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[২৩:০] আল্লাহর নামে, পরম দয়ালু, পরম  
করুণাময়।

[23:1] Successful indeed are the believers;  
[২৩:১] নিশ্চয় সফল বিশ্বাসীরা;

[23:2] who are reverent during their Contact  
Prayers (Salat).

[২৩:২] যারা তাদের সংযোগ প্রার্থনা (সালাতে)  
ভক্তিপূর্ণ থাকে।

[23:3] And they avoid vain talk.

[২৩:৩] এবং তারা অনর্থক কথা এড়িয়ে চলে।

[23:4] And they give their obligatory charity  
(Zakat).

[২৩:৪] এবং তারা তাদের বাধ্যতামূলক দান  
(যাকাত) প্রদান করে।

[23:5] And they maintain their chastity.

[২৩:৫] এবং তারা তাদের যৌন শুদ্ধতা বজায়  
রাখে।

[23:6] Only with their spouses, or those who  
are rightfully theirs, do they have sexual  
relations; they are not to be blamed.

[২৩:৬] তাদের যৌন সম্পর্ক থাকে শুধু তাদের  
জীবনসংগীদের সাথে, অথবা তাদের সাথে  
যারা বৈধভাবে তাদের; সেক্ষেত্রে তারা দোষী  
হবে না।

[23:7] Those who transgress these limits are  
the transgressors.

[২৩:৭] যারা এইসব সীমা অতিক্রম করে  
তরাই সীমালঙ্ঘনকারী।

[23:8] When it comes to deposits entrusted to  
them, as well as any agreements they make,  
they are trustworthy.

[২৩:৮] যখন তাদের কাছে কোন আমানত রাখা  
হয় অথবা কোন চুক্তি তারা করে, তারা  
আস্থাভাজন।

[23:9] And they observe their Contact Prayers  
(Salat) regularly.

[২৩:৯] এবং তারা নিয়মিত তাদের সংযোগ  
প্রার্থনা (সালাত) পালন করে।

[23:10] Such are the inheritors.

[২৩:১০] উত্তরাধিকারীরা এমনই।

[23:11] They will inherit Paradise, wherein  
they abide forever.

[২৩:১১] তারা স্বর্গের উত্তরাধিকারী হবে,  
যেখানে তারা চিরকাল বসবাস করে।

*Accurate Embryology*  
*নির্ভুল অণুবিদ্যা*

[23:12] We created the human being from a  
certain kind of mud.

[২৩:১২] আমরা মানুষকে সৃষ্টি করেছি এক  
বিশেষ ধরনের কাঁদামাটি থেকে।

[23:13] Subsequently, we reproduced him  
from a tiny drop, that is placed into a well  
protected repository.

[২৩:১৩] পরবর্তীকালে, আমরা তাকে অতি  
ক্ষুদ্র এক ফোঁটা থেকে পুনঃসৃষ্টি করেছি, যা  
একটি সুরক্ষিত আধারে রাখা হয়।

[23:14] Then we developed the drop into a  
hanging (*embryo*), then developed the hanging  
(*embryo*) into a bite-size (*fetus*), then created  
the bite-size (*fetus*) into bones, then covered  
the bones with flesh. We thus produce a new  
creature. Most blessed is GOD, the best  
Creator.

[২৩:১৪] এরপর আমরা ফোঁটাটিকে পরিণত  
করলাম ঝুলন্ত (*এমব্রিও*), তারপর ঝুলন্ত (*এমব্রিও*)  
- কে পরিণত করলাম কামড়- সদৃশ  
(*মানবাকৃতির এমব্রিও*), তারপর কামড়- সদৃশ  
(*মানবাকৃতির এমব্রিও*) থেকে সৃষ্টি করলাম হাড়,  
তারপর হাড়কে মাংস দিয়ে ঢেকে দিলাম।  
আমরা এভাবে এক নতুন সৃষ্টি তৈরি করি।  
পরম কল্যাণময় আল্লাহ, সর্বোত্তম সৃষ্টিকারী।

[23:15] Then, later on, you die.

[২৩:১৫] এরপর, পরবর্তীতে, তোমরা মারা  
যাও।

[23:16] Then, on the Day of Resurrection, you  
will be resurrected.

[২৩:১৬] তারপর, পুনরুত্থান দিবসে তোমরা  
পুনরুত্থিত হবে।

*The Seven Universes*  
*সাতটি মহাবিশ্ব*

[23:17] We created above you seven universes  
in layers, and we are never unaware of a single  
creature in them.

[২৩:১৭] আমরা তোমাদের উপর স্তরে স্তরে  
সাতটি মহাবিশ্ব সৃষ্টি করেছি, এবং এগুলোর  
কোন একটি সৃষ্টি সম্পর্কে আমরা কখনো  
অনবগত নই।

*Innumerable Blessings From*

*আল্লাহর নিকট থেকে অসংখ্য অনুগ্রহ*

[23:18] We send down from the sky water, in exact measure, then we store it in the ground. Certainly, we can let it escape.

[২৩:১৮] আমরা আকাশ থেকে পানি বর্ষণ করি, যথাযথ পরিমাণে, এরপর আমরা তা মাটির নিচে জমা করি। নিশ্চয়, আমরা তা সরিয়ে দিতে পারি।

[23:19] With it, we produce for you orchards of date palms, grapes, all kinds of fruits, and various foods.

[২৩:১৯] এটি দিয়ে, আমরা তোমাদের জন্য উৎপন্ন করি খেজুর গাছ এবং আঙ্গুরের বাগান, সব রকমের ফল, এবং নানা ধরনের খাদ্য।

[23:20] Also, a tree native to Sinai produces oil, as well as relish for the eaters.

[২৩:২০] আবার, সিনাই এর স্থানীয় একটি গাছ তেল উৎপন্ন করে, সেই সাথে আহারকারীদের জন্য রুচি।

[23:21] And the livestock should provide you with a lesson. We let you drink (milk) from their bellies, you derive other benefits from them, and some of them you use for food.

[২৩:২১] এবং গবাদিপশু থেকে তোমাদের একটি শিক্ষা নেওয়া উচিত। তাদের পেট থেকে আমরা তোমাদের (দুধ) পান করতে দেই, তোমরা তাদের থেকে অন্যান্য সুবিধাও নিয়ে থাকো, এবং তাদের কতককে তোমরা খাদ্য হিসেবে নাও।

[23:22] On them, and on the ships, you ride.

[২৩:২২] তাদের উপরে, এবং জাহাজগুলোতে, তোমরা আরোহণ করো।

*Noah*

*নূহ*

[23:23] We sent Noah to his people, saying, "O my people, worship GOD. You have no other god beside Him. Would you not be righteous?"

[২৩:২৩] আমরা নূহকে তার লোকদের কাছে পাঠিয়েছিলাম, এই বলে যে, “হে আমার লোকেরা, আল্লাহর উপাসনা করো। তার পাশে তোমাদের অন্যকোন উপাস্য নেই। তোমরা কি সৎকর্মশীল হবে না?”

[23:24] The leaders who disbelieved among his people said, "This is no more than a human like you, who wants to gain prominence among you. Had GOD willed, He could have

sent down angels. We never heard of anything like this from our ancestors.

[২৩:২৪] তার লোকদের মধ্যে যেসব নেতারা অবিশ্বাস করেছিল তারা বলল, “এ তো তোমাদের মত মানুষের চেয়ে বেশি কিছু না, যে তোমাদের মাঝে খ্যাতি অর্জন করতে চায়। যদি আল্লাহ চাইতেন, তিনি স্বর্গদূতদের পাঠাতে পারতেন। আমরা আমাদের পূর্বপুরুষদের কাছে কখনোই এরকম কিছু শুনিনি।

[23:25] "He is simply a man gone crazy. Just ignore him for awhile."

[২৩:২৫] “সে কেবল একজন মানুষ যে পাগল হয়ে গেছে। তাকে শুধু কিছু কালের জন্য উপেক্ষা করো।”

[23:26] He said, "My Lord, grant me victory, for they have disbelieved me."

[২৩:২৬] সে বলল, “আমার প্রভু, আমাকে বিজয় দান করুন, কারণ তারা আমাকে অবিশ্বাস করেছে।”

[23:27] We then inspired him: "Make the watercraft\* under our watchful eyes, and in accordance with our inspiration. When our command comes, and the atmosphere boils up, put on it a pair of every kind (*of your domesticated animals*), and your family, except those condemned to be doomed. Do not speak to Me on behalf of those who transgressed; they will be drowned.

[২৩:২৭] আমরা এরপর তাকে প্রত্যাদেশ করলাম: “আমাদের সতর্ক দৃষ্টির আওতায়, এবং আমাদের প্রত্যাদেশ অনুযায়ী জলযান তৈরী করো। যখন আমাদের আদেশ এসে যায়; এবং আবহাওয়া ভীষণ উত্তপ্ত হয়ে পড়ে, তখন এতে (*তোমার গৃহপালিত পশুর*) প্রত্যেকের একটি জোড়া, এবং তোমার পরিবারকে উঠিয়ে নাও, তাদেরকে ছাড়া যারা ধ্বংস হবার জন্য সাব্যস্ত হয়েছে। যারা সীমালংঘন করেছে তাদের পক্ষ হয়ে আমার সাথে কথা বলো না; তারা নিমজ্জিত হবে।

*\*23:27 The story tellers have created a mockery of Noah's history. Noah's ark was a flat watercraft made of logs, tied together with primitive ropes (54:13), the flood was local, around the Dead Sea area, and the animals were Noah's domesticated animals.*

*\*২৩:২৭ গল্প লেখকরা নূহের ইতিহাস নিয়ে গুজব তৈরী করেছে। নূহের জলযানটি ছিল একটি সমতল জলযান কাঠের তৈরী, সাদামাটা দড়ি দিয়ে একত্রে বাধা (৫৪:১৩), বন্যাটা ছিল*

আঞ্চলিক, মৃত- সাগরের আসে পাশে, আর  
পশুগুলি ছিল নূহের গৃহপালিত পশু।

[23:28] "Once you are settled, together with those who are with you, on the watercraft, you shall say, 'Praise GOD for saving us from the evil people.'

[২৩:২৮] “যখন তুমি জলযানে স্থির হবে- তাদের সাথে একত্রে, যারা তোমার সাথে আছে, তুমি বলবে, ‘প্রশংসা আল্লাহর আমাদেরকে মন্দ লোকদের কাছ থেকে রক্ষা করার জন্য।’”

[23:29] "And say, 'My Lord, let me disembark onto a blessed location; You are the best deliverer.'"

[২৩:২৯] “এবং বল, ‘আমার প্রভু, আমাকে একটি পবিত্র স্থানে নোঙ্গর করতে দিন; আপনি সর্বোত্তম উদ্ধারকারী।’”

[23:30] These should provide sufficient proofs for you. We will certainly put you to the test.

[২৩:৩০] এগুলো তোমাদের জন্য যথেষ্ট প্রমাণ হওয়া উচিত। আমরা নিশ্চয় তোমাদের পরীক্ষায় ফেলবো।

[23:31] Subsequently, we established another generation after them.

[২৩:৩১] পরবর্তীতে, আমরা তাদের পর আরেকটি প্রজন্মকে প্রতিষ্ঠা করেছিলাম।

[23:32] We sent to them a messenger from among them, saying, "You shall worship GOD. You have no other god beside Him. Would you not be righteous?"

[২৩:৩২] আমরা তাদের কাছে তাদের মধ্য থেকে একজন বার্তাবাহক পাঠিয়েছিলাম, এই বলে যে, “তোমরা আল্লাহর উপাসনা করবে। তাঁর পাশে তোমাদের অন্য কোন উপাস্য নেই। তোমরা কি সৎকর্মশীল হবে না?”

[23:33] The leaders among his people who disbelieved and rejected the idea of the Hereafter—although we provided for them generously in this life—said, "This is no more than a human being like you. He eats from what you eat, and drinks as you drink.

[২৩:৩৩] তার লোকদের মধ্যে যে নেতারা পরকালের ধারণাকে অবিশ্বাস ও প্রত্যাখ্যান করেছিল- যদিও এই জীবনে আমরা তাদেরকে উদারভাবে দিয়েছিলাম- তারা বলল, “এ তো তোমাদের মত একজন মানুষের চেয়ে বেশি কিছু নয়। সে খায় যা থেকে তোমরা খাও, এবং পান করে যেমন তোমরা পান করো।”

[23:34] "If you obey a human being like you, then you are really losers.

[২৩:৩৪] “যদি তোমরা তোমাদেরই মতন একজন মানুষকে মান্য কর, তাহলে তোমরা আসলেই ক্ষতিগ্রস্ত হবে।

[23:35] "Does he promise you that, after you die and turn into dust and bones, you will come out again?"

[২৩:৩৫] “সে কি তোমাদেরকে এই প্রতিশ্রুতি দেয় যে, তোমরা মরে যেয়ে ধূলা এবং হাড়ে পরিণত হবার পর, তোমরা আবার আবির্ভূত হবে?”

[23:36] "Impossible, impossible indeed is what is promised to you.

[২৩:৩৬] “অসম্ভব, সত্যিই অসম্ভব তোমাদেরকে যার প্রতিশ্রুতি দেয়া হয়।

[23:37] "We only live this life—we live and die—and we will never be resurrected.

[২৩:৩৭] “আমরা শুধু এই জীবনেই বেঁচে থাকি - আমরা বেঁচে থাকি এবং মরে যাই- এবং আমরা কখনোই পুনরুত্থিত হবো না।

[23:38] "He is just a man who fabricated lies and attributed them to GOD. We will never believe him."

[২৩:৩৮] সে কেবলই একজন মানুষ যে মিথ্যা রচনা করেছে এবং সেগুলো আল্লাহর প্রতি আরোপ করেছে। আমরা কখনোই তাকে বিশ্বাস করবো না।

[23:39] He said, "My Lord, grant me victory, for they have disbelieved me."

[২৩:৩৯] সে বলল, “আমার প্রভু, আমাকে বিজয় দান করুন, কারণ তারা আমাকে অবিশ্বাস করেছে।”

[23:40] He said, "Soon they will be sorry."

[২৩:৪০] তিনি বললেন, “শীঘ্রই তারা অনুতপ্ত হবে।”

[23:41] The retribution struck them, equitably, and thus, we turned them into ruins. The wicked people perished.

[২৩:৪১] শাস্তি তাদের আঘাত করল, ন্যায্যসঙ্গত ভাবে এবং এভাবে, আমরা তাদেরকে ধ্বংসাবশেষে পরিণত করলাম। অন্যায্যকারীরা ধ্বংস হল।

[23:42] Subsequently, we established other generations after them.

[২৩:৪২] পরবর্তীতে, আমরা তাদের পর অন্যান্য প্রজন্মদের প্রতিষ্ঠা করেছিলাম।



[23:43] No community can advance its predetermined fate, nor delay it.

[২৩:৪৩] কোন সম্প্রদায় এর পূর্বনির্ধারিত নিয়তি এগিয়ে নিতে পারে না, না পারে পেছাতে।

[23:44] Then we sent our messengers in succession. Every time a messenger went to his community, they disbelieved him. Consequently, we annihilated them, one after the other, and made them history. The people who disbelieved have perished.

[২৩:৪৪] এরপর আমরা পর্যায়ক্রমে আমাদের বার্তাবাহক পাঠালাম। যতবারই কোন বার্তাবাহক তার সম্প্রদায়ের কাছে গিয়েছে, তারা তাকে অবিশ্বাস করেছে। পরিনামে, আমরা তাদের ধ্বংস করলাম, একটির পর আরেকটি, এবং তাদেরকে ইতিহাস বানালাম। অবিশ্বাস করা লোকেরা বিলুপ্ত হল।

*Moses and Aaron*  
*মুসা এবং হারুন*

[23:45] Then we sent Moses and his brother Aaron with our revelations and a profound proof.

[২৩:৪৫] এরপর আমরা মুসা ও তার ভাই হারুনকে আমাদের প্রত্যাদেশাবলি এবং এক প্রগাঢ় প্রমাণ সহকারে পাঠিয়েছিলাম।

[23:46] To Pharaoh and his elders, but they turned arrogant. They were oppressive people. [২৩:৪৬] ফেরাউন এবং তার সভাসদের কাছে, কিন্তু তারা উদ্ধত হয়ে গেল। তারা অত্যাচারী লোক ছিল।

[23:47] They said, "Shall we believe for two men whose people are our slaves?"

[২৩:৪৭] তারা বলল, “আমরা কি এমন দুজন মানুষের জন্য বিশ্বাস করবো যাদের লোকেরা আমাদের দাস?”

[23:48] They rejected the two, and consequently, they were annihilated.

[২৩:৪৮] তারা সে দুজনকে প্রত্যাখ্যান করেছিল, এবং পরিনামে, এরা ধ্বংস হল।

[23:49] We gave Moses the scripture, that they may be guided.

[২৩:৪৯] আমরা মুসাকে ঐশীগ্রন্থ দিয়েছিলাম, যাতে তারা পথপ্রাপ্ত হতে পারে।

[23:50] We made the son of Mary and his mother a sign, and we gave them refuge on a mesa with food and drink.

[২৩:৫০] আমরা মরিয়মের পুত্র এবং তার মাকে করলাম একটি নিদর্শন, এবং আমরা তাদেরকে খাদ্য ও পানীয় দিয়ে একটি সমতল পাহাড় চূড়ায় আশ্রয় প্রদান করেছিলাম।

*One God/One Religion*  
*এক আল্লাহ/এক ধর্ম*

[23:51] O you messengers, eat from the good provisions, and work righteousness. I am fully aware of everything you do.

[২৩:৫১] হে তোমরা বার্তাবাহকেরা, ভাল খাদ্যসামগ্রী থেকে খাও, এবং সৎকর্মশীল কাজ করো।

[23:52] Such is your congregation—one congregation—and I am your Lord; you shall reverence Me.

[২৩:৫২] এমনই তোমাদের ধর্মগোষ্ঠী- এক ধর্মগোষ্ঠী - এবং আমি তোমাদের প্রভু; তোমরা আমাকে ভক্তি করবে।

[23:53] But they tore themselves into disputing factions; each party happy with what they have.

[২৫:৫৩] কিন্তু তারা নিজেদের বিবাদপূর্ণ উপদলে ছিন্ন করল। প্রত্যেক দল তাদের নিজেদেরটা নিয়ে খুশী।

[23:54] Therefore, just leave them in their confusion, for awhile.

[২৩:৫৪] অতএব, তাদেরকে শুধু তাদের বিভ্রান্তিতে ছেড়ে দাও, কিছু সময়ের জন্য।

[23:55] Do they think that, since we provided them with money and children,

[২৩:৫৫] তারা কি মনে করে যে, যেহেতু আমরা তাদেরকে অর্থ ও সন্তানাদি প্রদান করেছি,

[23:56] we must be showering them with blessings? Indeed, they have no idea.

[২৩:৫৬] সেহেতু আমরা তাদের উপর অবশ্যই অনুগ্রহ বর্ষণও করতে থাকবো? বস্তুত, তাদের কোন ধারণা নেই।

[23:57] Surely, those who are reverently conscious of their Lord,

[২৩:৫৭] নিশ্চিতই, যারা ভক্তির সাথে তাদের প্রভুর ব্যাপারে সচেতন,

[23:58] And who believe in the revelations of their Lord,

[২৩:৫৮] এবং যারা তাদের প্রভুর প্রত্যাদেশে বিশ্বাস করে,

[23:59] And who never set up any idols beside their Lord,

[২৩:৫৯] এবং যারা কখনোই তাদের প্রভুর পাশে কোন উপাস্য স্থাপন করে না,

[23:60] As they give their charities, their hearts are fully reverent. For they recognize that they will be summoned before their Lord,

[২৩:৬০] যখন তারা দান করে, তাদের হৃদয় তখন ভক্তিতে পূর্ণ থাকে। কারণ, তারা মানে যে তারা তাদের প্রভুর সামনে একত্রিত হবে,

[23:61] They are eager to do righteous works; they compete in doing them.

[২৩:৬১] তারা সৎ কাজ করতে আগ্রহী; তারা সেগুলো করতে প্রতিযোগিতা করে।

*The Disbelievers*

*Unappreciative*

*অবিশ্বাসীরা*

*অকৃতজ্ঞ*

[23:62] We never burden any soul beyond its means, and we keep a record that utters the truth. No one will suffer injustice.

[২৩:৬২] আমরা কখনও কোন আত্মার উপর তার সাধ্যের অতিরিক্ত বোঝা চাপাই না, এবং আমরা একটি নথি রাখি যা সত্য বলে। কেউই অবিচার ভোগ করবে না।

[23:63] Because their minds are oblivious to this, they commit works that do not conform with this; their works are evil.

[২৩:৬৩] তাদের অন্তর যেহেতু এর প্রতি বেখবর, তারা এমন কাজ করে এর সাথে যা মেলে না; তাদের কাজ মন্দ।

[23:64] Then, when we requite their leaders with retribution, they complain.

[২৩:৬৪] এরপর, যখন আমরা তাদের নেতাদের শাস্তি দিয়ে প্রতিফল দেই, তারা অভিযোগ করে।

[23:65] Do not complain now; you have given up all help from us.

[২৩:৬৫] এখন অভিযোগ করো না; তোমরা আমাদের সব সাহায্য পরিত্যাগ করেছ।

[23:66] My proofs have been presented to you, but you turned back on your heels.

[২৩:৬৬] আমার প্রমাণাদি তোমাদের কাছে উপস্থাপন করা হচ্ছিল, কিন্তু তোমরা পিছু হটে গেলে।

[23:67] You were too arrogant to accept them, and you defiantly disregarded them.

[২৩:৬৭] তোমরা এতো উদ্ধত ছিলে যে সেগুলো গ্রহণ করনি, এবং তোমরা স্পর্ধাসহকারে এগুলোকে উপেক্ষা করেছিলে।

[23:68] Why do they not reflect upon this scripture? Do they not realize that they have received something never attained by their ancestors?

[২৩:৬৮] কেন তারা এই ঐশীগ্রন্থের বিষয়ে ভেবে দেখে না? তারা কি অনুধাবন করে না যে, তারা এমনকিছু পেয়েছে, যা কখনো তাদের পূর্বপুরুষেরা পায়নি?

[23:69] Have they failed to recognize their messenger? Is this why they are disregarding him?

[২৩:৬৯] তারা কি তাদের বার্তাবাহকে চিনতে ব্যর্থ হয়েছে? এ কারণেই কি তারা তাকে উপেক্ষা করছে?

[23:70] Have they decided that he is crazy? Indeed, he has brought the truth to them, but most of them hate the truth.

[২৩:৭০] তারা কি সিদ্ধান্তে এসেছে যে সে পাগল? নিশ্চয়ই, সে তাদের কাছে সত্য এনেছে, কিন্তু তাদের বেশিরভাগই সত্যকে ঘৃণা করে।

[23:71] Indeed, if the truth conformed to their wishes, there would be chaos in the heavens and the earth; everything in them would be corrupted. We have given them their proof, but they are disregarding their proof.

[২৩:৭১] নিশ্চয়, সত্য যদি তাদের ইচ্ছা সম্মত হতো, তাহলে আকাশমন্ডলী ও পৃথিবীতে বিশৃঙ্খলা হতো; এদের মধ্যে সবকিছু কলুষিত হয়ে পড়তো। আমরা তাদেরকে তাদের প্রমাণ দিয়েছি, কিন্তু তারা তাদের প্রমাণ উপেক্ষা করছে।

[23:72] Are you asking them for a wage? Your Lord's wage is far better. He is the best Provider.

[২৩:৭২] তুমি কি তাদের কাছে কোন পারিশ্রমিক চাইছো? তোমরা প্রভুর পারিশ্রমিক অনেক উত্তম। তিনি সর্বোত্তম জীবিকা প্রদানকারী।

[23:73] Most assuredly, you are inviting them to a straight path.

[২৩:৭৩] নিশ্চিতভাবে, তুমি তাদেরকে এক সরল পথের দিকে আহ্বান করছ।

[23:74] Those who disbelieve in the Hereafter will surely deviate from the right path.

[২৩:৭৪] যারা পরকালে অবিশ্বাস করে, অবশ্যই তারা সঠিক পথ থেকে বিচ্যুত হবে।

[23:75] Even when we showered them with mercy, and relieved their problems, they plunged deeper into transgression, and continued to blunder.

[২৩:৭৫] এমনকি যখন আমরা তাদের উপর দয়া বর্ষণ করলাম, এবং তাদের সমস্যাগুলো দূর করে দিলাম, তখন সীমালঙ্ঘনে তারা আরো গভীরভাবে নিমজ্জিত হলো, এবং বিভ্রান্তিতে পড়েই রইল।

[23:76] Even when we afflicted them with retribution, they never turned to their Lord imploring.

[২৩:৭৬] এমনকি যখন আমরা তাদেরকে শাস্তি ভোগ করলাম, তারা কখনো তাদের প্রভুর কাছে মিনতি করতে ফেরেনি।

[23:77] Subsequently, when we requited them with the severe retribution they had incurred, they were shocked.

[২৩:৭৭] পরবর্তীতে, আমরা যখন তাদেরকে তাদের অর্জিত কঠিন শাস্তি দিয়ে প্রতিফল দিলাম, তারা প্রচণ্ড ধাক্কা খেলো।

[23:78] He is the One who granted you the hearing, the eyesight, and the brains. Rarely are you appreciative.

[২৩:৭৮] তিনিই সেই সত্ত্বা যিনি তোমাদের দান করেছেন শ্রবনশক্তি, দৃষ্টিশক্তি, এবং মস্তিষ্ক। তোমরা খুব কমই কৃতজ্ঞ।

[23:79] He is the One who established you on earth, and before Him you will be summoned.

[২৩:৭৯] তিনিই সেই সত্ত্বা যিনি তোমাদেরকে পৃথিবীতে প্রতিষ্ঠিত করেছেন, এবং তাঁর সামনেই তোমাদের তলব করা হবে।

[23:80] He is the One who controls life and death, and He is the One who alternates the night and day. Do you not understand?

[২৩:৮০] তিনিই সেই সত্ত্বা যিনি জীবন ও মৃত্যু নিয়ন্ত্রণ করেন, এবং তিনিই সেই সত্ত্বা যিনি রাত এবং দিনের পালা-বদল করান। তোমরা কি বোঝো না?

[23:81] They said what their ancestors said.

[২৩:৮১] তারা বলেছিল যা তাদের পূর্বপুরুষরা বলেছিল।

[23:82] They said, "After we die and become dust and bones, we get resurrected?"

[২৩:৮২] তারা বলেছিল, “আমরা মরে ধূলা ও হাড়ে পরিনত হবার পরও কি আমরা পুনরুত্থিত হবো?”

[23:83] "Such promises were given to us and to our parents in the past. These are no more than tales from the past."

[২৩:৮৩] “অতীতেও এ ধরনের প্রতিশ্রুতি আমাদেরকে এবং আমাদের পিতামাতাদের দেয়া হয়েছিল। এগুলো অতীতের কল্পকাহিনীর চেয়ে বেশি কিছু নয়।”

*Most Believers are  
Destined for Hell\**

*অধিকাংশ বিশ্বাসীর*

*নিয়তি নরক\**

[23:84] Say, "To whom belongs the earth and everyone on it, if you know?"

[২৩:৮৪] বল, “পৃথিবী এবং এর উপরের সকলে কার অধীন, যদি তোমরা জেনে থাকো?”

*\*23:84-89 Belief in God is valid only if one recognizes God's qualities, such as the fact that God controls everything (8:17). Believers who do not know God are not really believers. Most believers nullify their belief by idolizing such powerless idols as the prophets and saints (6:106).*

*\*২৩:৮৪-৮৯ আল্লাহর উপর বিশ্বাস তখনই যুক্তিপূর্ণ যখন কেউ আল্লাহর গুণাবলিকে উপলব্ধি করে, যেমন এই সত্যটি যে, আল্লাহ সবকিছু নিয়ন্ত্রণ করেন (৮:১৭)। সেই বিশ্বাসীরা যারা আল্লাহকে জানে না তারা আসলে বিশ্বাসীই না। বেশিরভাগ বিশ্বাসীই তাদের বিশ্বাস নষ্ট করে ফেলে নবীদের ও সাধুদের মত ক্ষমতাহীন উপাস্যদের অত্যাধিক ভক্তি করে, যেমন (৬:১০৬)।*

[23:85] They will say, "To GOD." Say, "Why then do you not take heed?"

[২৩:৮৫] তারা বলবে, “আল্লাহর।” বল, “তাহলে কেন তোমরা মনোযোগী হও না?”

[23:86] Say, "Who is the Lord of the seven universes; the Lord of the great dominion?"

[২৩:৮৬] বল, “কে সাতটি মহাবিশ্বের প্রভু; মহা রাজত্বের প্রভু?”

[23:87] They will say, "GOD." Say, "Why then do you not turn righteous?"

[২৩:৮৭] তারা বলবে, “আল্লাহ।” বল,  
“তাহলে কেন তোমরা সৎকর্মশীল হও না?”

[23:88] Say, "In whose hand is all sovereignty over all things, and He is the only one who can provide help, but needs no help, if you know?"

[২৩:৮৮] বল, “কার হাতে রয়েছে সবকিছুর উপর সকল সার্বভৌমত্ব, এবং একমাত্র তিনিই সাহায্য করতে পারেন, কিন্তু তাঁর কোনও সাহায্যের প্রয়োজন হয় না, যদি তোমরা জানো?”

[23:89] They will say, "GOD." Say, "Where did you go wrong?"

[২৩:৮৯] তারা বলবে, “আল্লাহ।” বল,  
“কোথায় তোমরা ভুল করেছ?”

[23:90] We have given them the truth, while they are liars.

[২৩:৯০] আমরা তাদেরকে সত্য দিয়েছি,  
অথচ তারা মিথ্যাবাদী।

[23:91] GOD has never begotten a son. Nor was there ever any other god besides Him. Otherwise, each god would have declared independence with his creations, and they would have competed with each other for dominance. GOD be glorified; far above their claims.

[২৩:৯১] আল্লাহ কখনোই কোন পুত্র জন্ম দেননি। না তাঁর পাশে কখনো অন্য কোন উপাস্য ছিল। অন্যথায়, প্রত্যেক উপাস্য তার সৃষ্টিকে নিয়ে স্বাধীনতা ঘোষণা করতো, এবং তারা কর্তৃত্বের জন্য একে অন্যের সাথে প্রতিযোগিতা করতো। মহিমা আল্লাহর, তাদের দাবির অনেক উর্ধ্বে।

[23:92] The Knower of all secrets and declarations; be He exalted, far above having a partner.

[২৩:৯২] সকল গোপন ও প্রকাশ্য বিষয়ের জ্ঞাতা; তিনি সমুচ্চ, অংশীদার থাকা থেকে অনেক উর্ধ্বে।

[23:93] Say, "My Lord, whether You show me (the retribution) they have incurred,

[২৩:৯৩] বল, “আমার প্রভু, তাদের অর্জিত (শাস্তি) আমাকে দেখান বা না দেখান,

[23:94] "My Lord, let me not be one of the transgressing people."

[২৩:৯৪] “আমার প্রভু, আমাকে সীমালংঘনকারী লোকদের একজন করবেন না।”

[23:95] To show you (the retribution) we have reserved for them is something we can easily do.

[২৩:৯৫] তাদের জন্য আমাদের সংরক্ষিত (শাস্তি) এমনকিছু যা আমরা তোমাকে সহজেই দেখাতে পারি।

[23:96] Therefore, counter their evil works with goodness; we are fully aware of their claims.

[২৩:৯৬] সুতরাং, ভাল দিয়ে তাদের মন্দ কাজ প্রতিহত কর; আমরা তাদের দাবি সম্পর্কে পূর্ণ অবগত।

*To Be Protected  
From Satan*

*শয়তান থেকে*

*সুরক্ষিত থাকতে*

[23:97] Say, "My Lord, I seek refuge in You from the whispers of the devils.

[২৩:৯৭] বল, “আমার প্রভু, আমি আপনার কাছে শয়তানদের ফিসফিসানি/ প্ররোচনা থেকে আশ্রয় চাই।

[23:98] "And I seek refuge in You, my Lord, lest they come near me."

[২৩:৯৮] “এবং আমি আপনার কাছে আশ্রয় চাই, আমার প্রভু, পাছে তারা আমার নিকটে চলে আসে।”

*The Dead Never Come Back  
Until the Day of Resurrection*

*পুনরুত্থান দিবসের আগে*

*মৃতরা কখনও ফিরে আসে না*

[23:99] When death comes to one of them, he says, "My Lord, send me back.

[২৩:৯৯] মৃত্যু যখন তাদের কারো কাছে আসে, সে বলে, “আমার প্রভু, আমাকে ফেরত পাঠান।

[23:100] "I will then work righteousness in everything I left." Not true. This is a false claim that he makes. A barrier will separate his soul from this world until resurrection.

[২৩:১০০] “তাহলে আমি আমার ফেলে আসা সবকিছুতে সৎকাজ করবো।” সত্য নয়। এটি একটি মিথ্যা দাবি যা সে করে। একটি অন্তরায় এই দুনিয়া থেকে তার আত্মাকে আলাদা করে রাখবে পুনরুত্থান পর্যন্ত।

[23:101] When the horn is blown, no relations among them will exist on that day, nor will they care about one another.

[২৩:১০১] যখন শিঙায় ফুঁ দেয়া হবে, সেদিন তাদের মধ্যে কোন সম্পর্ক বিদ্যমান থাকবে না, না তারা একে অন্যের বিষয়ে পরোয়া করবে।

[23:102] As for those whose weights are heavy, they will be the winners.

[২৩:১০২] তাদের ক্ষেত্রে যাদের ওজন ভারি হবে, তাই হবে বিজয়ী।

[23:103] Those whose weights are light are the ones who lost their souls; they abide in Hell forever.

[২৩:১০৩] তাদের ক্ষেত্রে যাদের ওজন হালকা, তারা সেই ব্যক্তি যারা তাদের আত্মা হারিয়েছে; তারা চিরদিন নরকে বাস করবে।

[23:104] Fire will overwhelm their faces, and they last miserably therein.

[২৩:১০৪] আগুণ তাদের মুখমণ্ডল ছেয়ে ফেলবে, এবং তারা সেখানে স্থায়ী হবে শোচনীয়ভাবে।

[23:105] Were not My revelations recited to you, and you kept on rejecting them?

[২৩:১০৫] আমার প্রত্যাদেশাবলি কি তোমাদের কাছে পাঠ করা হয়নি, এবং তোমরা কি সেগুলো প্রত্যাখ্যান করে যাও নি?

[23:106] They will say, "Our Lord, our wickedness overwhelmed us, and we were people gone astray.

[২৩:১০৬] তারা বলবে, “আমাদের প্রভু, আমাদের অন্যায়া আমাদের আচ্ছন্ন করেছে এবং আমরাই বিপথগামী লোক ছিলাম।

[23:107] "Our Lord, take us out of this; if we return *(to our old behavior)*, then we are really wicked."

[২৩:১০৭] “আমাদের প্রভু, আমাদেরকে এর থেকে বের করুন; যদি আমরা *(আমাদের পুরনো স্বভাবে)* ফিরে যাই, তাহলে আমরা আসলেই অন্যায়াকারী।”

[23:108] He will say, "Abide therein, humiliated, and do not speak to Me.

[২৩:১০৮] তিনি বলবেন, “সেখানে বাস কর, অপদস্থ হয়ে, এবং আমার সাথে কথা বলো না।” তারা বিশ্বাসীদের পরিহাস করলো

*They Ridiculed the Believers*

*তারা বিশ্বাসীদের উপহাস করেছিল*

[23:109] "A group of My servants used to say, 'Our Lord, we have believed, so forgive us and

shower us with mercy. Of all the merciful ones, You are the Most Merciful.'

[২৩:১০৯] “আমার বান্দাদের একটি দল বলতো, ‘আমাদের প্রভু, আমরা বিশ্বাস করেছি, তাই আমাদের ক্ষমা করুন এবং আমাদের উপর দয়া বর্ষণ করুন। সকল দয়াশীলদের মধ্যে আপনি সবচেয়ে দয়াশীল।’

[23:110] "But you mocked and ridiculed them, to the extent that you forgot Me. You used to laugh at them.

[২৩:১১০] “কিন্তু তোমরা তাদের ব্যঙ্গ ও পরিহাস করেছিলে, এতটা পরিমাণে যে তোমরা আমাকেই ভুলে গিয়েছিলে। তোমরা তাদের নিয়ে হাসতে।

[23:111] "I have rewarded them today, in return for their steadfastness, by making them the winners."

[২৩:১১১] “তাদের অবিচলতার বদলে, আজ আমি তাদের পুরস্কৃত করেছি, তাদেরকে বিজয়ী করে।”

[23:112] He said, "How long have you lasted on earth? How many years?"

[২৩:১১২] তিনি বললেন, “তোমরা পৃথিবীতে কত সময় কাটিয়েছো? কত বছর?”

[23:113] They said, "We lasted a day or part of a day. Ask those who counted."

[২৩:১১৩] তারা বলল, “আমরা একদিন বা একদিনের কিছু অংশ কাটিয়েছি। যারা গননা করেছে তাদের জিজ্ঞেস করুন।”

[23:114] He said, "In fact, you stayed but a brief interim, if you only knew.

[২৩:১১৪] তিনি বললেন, “প্রকৃতপক্ষে, তোমরা মাত্র অল্পকালই অবস্থান করেছিলে, যদি তোমরা জানতে।

[23:115] "Did you think that we created you in vain; that you were not to be returned to us?"

[২৩:১১৫] “তোমরা কি মনে করেছিলে যে আমরা তোমাদের অনর্থক সৃষ্টি করেছি; যে তোমাদেরকে আমাদের কাছে ফিরিয়ে আনা হবে না?”

[23:116] Most exalted is **GOD**, the true Sovereign. There is no other god beside Him; the Most Honorable Lord, possessor of all authority.

[২৩:১১৬] আল্লাহ সবচেয়ে উর্ধ্ব, প্রকৃত সার্বভৌমত্বের অধিকারী। তাঁর পাশাপাশি অন্য

কোনও উপাস্য নেই; সর্বোচ্চ সম্মানিত প্রভু,  
সকল কর্তৃত্বের অধিকারী।

[23:117] Anyone who idolizes beside **GOD**  
any other god, and without any kind of proof,  
his reckoning rests with his Lord. The  
disbelievers never succeed.

[২৩:১১৭] যে আল্লাহর পাশা পাশি অন্য  
উপাস্যদের ডাকে, এবং কোনও ধরনের প্রমাণ  
ছাড়াই, তার হিসাবকৃত বিষয় তার প্রভুর  
নিকট। অবিশ্বাসীরা কখনো সফল হয় না।

[23:118] Say, "My Lord, shower us with  
forgiveness and mercy. Of all the merciful  
ones, You are the Most Merciful."

[২৩:১১৮] বল, “আমার প্রভু, আমাদেরকে  
ক্ষমা ও করুণা বর্ষণ করুন। সকল করুণাময়ের  
মধ্যে আপনিই সর্বশ্রেষ্ঠ করুণাময়।”

## Sura 24: Light (Al-Noor)

সুরা ২৪, আলো (আল-নূর)

[24:0] In the name of God, Most Gracious, Most Merciful

২৪/০ পরম করুণাময়, পরম দয়ালু আল্লাহর নামে।

[24:1] A sura that we have sent down, and we have decreed as law. We have revealed in it clear revelations, that you may take heed.

২৪/১ একটি সুরা যা আমরা অবতীর্ণ করেছি, এবং আমরা একটি আইন হিসেবে জারি করেছি। আমরা এতে স্পষ্ট প্রত্যাদেশ প্রকাশ করেছি, যাতে তোমরা মনোযোগ দিতে পারো।

### Adultery

ব্যভিচার

[24:2] The adulteress and the adulterer you shall whip each of them a hundred lashes. Do not be swayed by pity from carrying out GOD's law, if you truly believe in GOD and the Last Day. And let a group of believers witness their penalty.\*

২৪/২ ব্যভিচারিণী নারী এবং ব্যভিচারি পুরুষ, এদের প্রত্যেককে তোমরা একশত কশাঘাত করবে। তাদের প্রতি সমবেদনা দ্বারা প্রভাবিত হয়ে আল্লাহর আইন নির্বাহ করা থেকে পিছপা হইয়ো না, যদি তোমরা সত্যই আল্লাহ ও শেষ দিনে বিশ্বাস করে থাকো। এবং একদল বিশ্বাসীদের প্রত্যক্ষ করতে দাও তাদের শাস্তি।

[24:3] The adulterer will end up marrying an adulteress or an idol worshiper, and the adulteress will end up marrying an adulterer or an idol worshiper. This is prohibited for the believers.

তারা কখনো আল্লাহর পাশে অন্য কোন উপাস্যের কাছে মিনতি করে না, না তারা কোন আত্মাকে হত্যা করে- কারন আল্লাহ জীবনকে পবিত্র/অতি মূল্যবান করেছেন- বিচার প্রক্রিয়া ছাড়া। না তারা ব্যাভিচার করে। এ অপরাধগুলো যারা করে তাদেরকে মূল্য দিতে হবে।

[25:69] Retribution is doubled for them on the Day of Resurrection, and they abide therein humiliated.  
তাদের জন্য পুনরুত্থান দিনে শাস্তি দ্বিগুন করা হয়, আর সেখানে তারা বাস করে অপদস্থ অবস্থায়।

[25:70] Exempted are those who repent, believe, and lead a righteous life. GOD transforms their sins into credits. GOD is Forgiver, Most Merciful.  
তারা ছাড় পাবে যারা অনুশোচনা করে, বিশ্বাস করে, এবং সৎ জীবন- যাপন করে। আল্লাহ তাদের পাপগুলোকে কৃতিত্বে রূপান্তর করেন। আল্লাহ ক্ষমাকারী, সবচেয়ে দয়ালু।

[25:71] Those who repent and lead a righteous life, GOD redeems them; a complete redemption.  
যারা অনুশোচনা করে এবং সৎ জীবন- যাপন করে, আল্লাহ তাদেরকে উদ্ধার করেন; পরিপূর্ণভাবে।

*Additional Traits of the Righteous*

সৎ- কর্মীদের অতিরিক্ত আরো বৈশিষ্ট্য

[25:72] They do not bear false witness. When they encounter vain talk, they ignore it.  
তারা মিথ্যা সাক্ষী দেয় না। যখন তারা অনর্থক কথার মুখোমুখি হয়, তারা তা উপেক্ষা করে।

[25:73] When reminded of their Lord's revelations, they never react to them as if they were deaf and blind.

যখন তাদের প্রভুর প্রত্যাদেশাবলি স্মরণ করিয়ে দেয়া হয়, তারা কখনো সেগুলোর প্রতি বধির ও অন্ধের মতো প্রতিক্রিয়া করে না।

[25:74] And they say, "Our Lord, let our spouses and children be a source of joy for us, and keep us in the forefront of the righteous."  
আর তারা বলে, "আমাদের প্রভু, আমাদের জন্য আমাদের সহধর্মী/সহধর্মীনি ও সন্তানদেরকে আনন্দের উৎস করুন, এবং আমাদেরকে সৎ- কর্মীদের অগ্রভাগে রাখুন।"

[25:75] These are the ones who attain Paradise in return for their steadfastness; they are received therein with joyous greetings and peace.

এরা সে ব্যক্তি যারা তাদের অবিচলতার বিনিময়ে স্বর্গ অর্জন করে; সেখানে তাদেরকে আনন্দঘন সম্ভাষণ ও শাস্তি দিয়ে গ্রহণ করা হয়।

[25:76] Eternally they abide therein; what a beautiful destiny; what a beautiful abode.  
চিরকাল তারা সেখানে বসবাস করে; কতই না চমৎকার নিয়তি; কতই না চমৎকার আবাস।

[25:77] Say, "You attain value at my Lord only through your worship. But if you disbelieve, you incur the inevitable consequences."  
বল, "আমার প্রভুর নিকট তোমাদের উপাসনা দ্বারাই কেবল তোমরা মূল্য অর্জন করো। কিন্তু যদি তোমরা অবিশ্বাস করো, তোমরা টেনে আনবে অনিবার্য পরিণাম।"



## Sura 26: The Poets (Al-Shu'arā')

[26:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[26:1] T. S. M.\*  
ত. স. ম।

\*26:1 See Appendix 1 for the significance of  
these previously mysterious letters.

[26:2] These (letters) constitute proofs of this  
clarifying scripture.  
এইসব (অক্ষরগুলো) এই সুস্পষ্টকারী  
ঐশীগ্রন্থের প্রমাণাদি গঠন করে।

[26:3] You may blame yourself that they are  
not believers.  
তুমি হয়তো নিজেকে দোষ দিবে যে তারা  
বিশ্বাসী নয়।

[26:4] If we will, we can send from the sky a  
sign that forces their necks to bow.  
যদি আমরা চাই, আমরা আকাশ থেকে একটি  
নিদর্শন পাঠাতে পারি যা বলপূর্বক তাদের  
ঘাড়কে অবনত করবে।

*The Quran's  
Mathematical Code*  
কোরানের  
গাণিতিক কোড

[26:5] Whenever a reminder from the Most  
Gracious comes to them, that is new, they turn  
away in aversion.  
যখনই পরম করুণাময়ের পক্ষ থেকে কোন  
স্মারক-বার্তা তাদের কাছে আসে, যা নতুন,  
তারা অনীহায় মুখ ফিরিয়ে নেয়।

[26:6] Since they disbelieved, they have  
incurred the consequences of their  
heedlessness.  
যেহেতু তারা অবিশ্বাস করেছে, তারা তাদের  
অমনোযোগীতার পরিণাম টেনে এনেছে।

[26:7] Have they not seen the earth, and how  
many kinds of beautiful plants we have grown  
thereon?  
তারা কি পৃথিবীটা দেখেনি, এবং সেখানে কত  
ধরনের সুন্দর উদ্ভিদ আমরা জন্মিয়েছি?

[26:8] This should be a sufficient proof for  
them, but most of them are not believers.  
২৬/৮ এটা তাদের জন্য যথেষ্ট প্রমাণ হওয়া  
উচিত, কিন্তু তাদের বেশির ভাগ বিশ্বাসী নয়।

[26:9] Most assuredly, your Lord is the  
Almighty, Most Merciful.  
২৬/৯ অত্যন্ত নিশ্চিত ভাবে, তোমার প্রভু  
সর্বশক্তিমান, পরম দয়ালু।

*Moses*  
মুসা

[26:10] Recall that your Lord called Moses:  
"Go to the transgressing people.  
২৬/১০ স্মরণ করো যে তোমার প্রভু মুসাকে  
ডেকেছিলেনঃ "সীমালঙ্ঘনকারী লোকদের কাছে  
যাও"।

[26:11] "Pharaoh's people; perhaps they  
reform."  
"ফেরাউনের লোকেরা; হয়তো তারা  
সংশোধিত হবে।"

[26:12] He said, "My Lord, I fear lest they  
disbelieve me.  
সে বলল, "আমার প্রভু, আমার ভয় হয়  
পাছে তারা আমাকে অবিশ্বাস করে।

[26:13] "I may lose my temper. My tongue  
gets tied; send for my brother Aaron.  
"আমার মেজাজ বিগড়ে যেতে পারে। আমার  
জিহবা আটকে যায়; আমার ভাই হারুনকে  
ডেকে পাঠান।

[26:14] "Also, they consider me a fugitive; I  
fear lest they kill me."  
"তাছাড়া, তারা আমাকে একজন পলাতক  
হিসাবে দেখে; আমার ভয় হয় পাছে তারা  
আমাকে হত্যা করে।"

[26:15] He said, "No, (they will not). Go with  
My proofs. We will be with you, listening.  
তিনি বললেন, "না, (তারা তা করবে না)।  
আমার প্রমাণাদি নিয়ে যাও। আমরা তোমাদের  
সাথে থাকবো, শুনবো।

[26:16] "Go to Pharaoh and say, 'We are  
messengers from the Lord of the universe.  
"ফেরাউনের কাছে যাও এবং বলো, "আমরা  
মহাবিশ্বের প্রভুর পক্ষ থেকে বার্তাবাহক।

[26:17] "Let the Children of Israel go."  
"ইসরাইলের সন্তানদের যেতে দাও।"

[26:18] He said, "Did we not raise you from  
infancy, and you spent many years with us?  
সে বলল, "আমরা কি শিশুকাল থেকে  
তোমাকে বড় করিনি, আর তুমি আমাদের  
সাথে বছর থেকেছ?"



[26:19] "Then you committed the crime that you committed, and you were ungrateful."  
“এরপর তোমার যা অপরাধ তা তুমি করেছ, এবং তুমি ছিলে অকৃতজ্ঞ।”

[26:20] He said, "Indeed, I did it when I was astray.  
সে বলল, “নিশ্চয়, আমি তা করেছিলাম যখন আমি পথভ্রষ্ট ছিলাম।

[26:21] "Then I fled, when I feared you, and my Lord endowed me with wisdom and made me one of the messengers.  
“এরপর আমি তোমাদের ভয়ে পালালাম, এবং আমার প্রভু আমাকে প্রজ্ঞা দান করলেন এবং আমাকে করলেন বার্তাবাহকদের একজন।

[26:22] "You are boasting that you did me a favor, while enslaving the Children of Israel!"  
“তুমি অহংকার করছো যে তুমি আমাকে অনুগ্রহ করেছিলে, অথচ ইসরাইলের সন্তানদের দাস করে রেখেছো!”

[26:23] Pharaoh said, "What is the Lord of the universe?"  
ফেরাউন বলল, “মহাবিশ্বের প্রভু কি?”

[26:24] He said, "The Lord of the heavens and the earth, and everything between them. You should be certain about this."  
সে বলল, “আকাশমণ্ডলী ও পৃথিবী, এবং এদের মধ্যকার সবকিছুর প্রভু। এ বিষয়ে তোমাদের নিশ্চিত হওয়া উচিত।”

[26:25] He said to those around him, "Did you hear this?"  
সে তার চারপাশে যারা ছিল তাদের বলল, “শুনেছো তোমরা?”/“তোমরা কি এমনকিছু শুনেছো?”

[26:26] He said, "Your Lord and the Lord of your ancestors."  
সে বলল, “তোমাদের প্রভু এবং তোমাদের পূর্বপুরুষদের প্রভু।”

[26:27] He said, "Your messenger who is sent to you is crazy."  
সে বলল, “তোমাদের বার্তাবাহক যাকে তোমাদের কাছে পাঠানো হয়েছে সে পাগল।”

[26:28] He said, "The Lord of the east and the west, and everything between them, if you understand."

সে বলল, “পূর্ব ও পশ্চিম, এবং এদের মধ্যকার সবকিছুর প্রভু, যদি তোমরা বুঝো।”

[26:29] He said, "If you accept any god, other than me, I will throw you in the prison."  
সে বলল, “যদি তুমি কোন উপাস্য গ্রহন করো, আমাকে ছাড়া, আমি তোমাকে কারারুদ্ধ করবো।”

[26:30] He said, "What if I show you something profound?"  
সে বলল, “আমি যদি তোমাকে প্রগাঢ় কিছু দেখাই?”

[26:31] He said, "Then produce it, if you are truthful."  
সে বলল, “তাহলে তা দেখাও, যদি তুমি সত্যবাদী হয়ে থাকো।”

[26:32] He then threw his staff, whereupon it became a profound snake.  
সে তখন তার লাঠি নিক্ষেপ করলো, যার ফলে এটি এক দৃশ্যমান সাপে পরিণত হলো।

[26:33] And he took out his hand, and it was white to the beholders.  
আর সে তার হাত বের করলো, এবং এটি দর্শকদের কাছে শুভ্র দেখাল।

[26:34] He said to the elders around him, "This is an experienced magician."  
সে তার চারপাশের সভাসদদের বলল, “এ এক অভিজ্ঞ যাদুকর।

[26:35] "He wants to take you out of your land, with his magic. What do you suggest?"  
“সে তোমাদেরকে তোমাদের দেশ থেকে বের করে নিতে চায়, তার যাদু দিয়ে। তোমাদের পরামর্শ কি?”

[26:36] They said, "Respite him and his brother, and send summoners to every town."  
তারা বলল, “তাকে ও তার ভাইকে অবকাশ দিন, এবং আহ্বানকারী পাঠান প্রত্যেক শহরে।

[26:37] "Let them summon every experienced magician."  
“তারা ডেকে আনুক প্রত্যেক অভিজ্ঞ যাদুকরকে।”

[26:38] The magicians were gathered at the appointed time, on the appointed day.  
যাদুকরদের জড়ো করা হলো নির্ধারিত সময়ে, নির্ধারিত দিনে।

[26:39] The people were told: "Come one and all; let us gather together here.

লোকদের বলা হলো: “প্রত্যেকে আসো; চল একসাথে সবাই এখানে জড়ো হই।

[26:40] "Maybe we will follow the magicians, if they are the winners."

“হয়তো আমরা জাদুকরদের অনুসরণ করবো, যদি তারা জয়ী হয়।”

[26:41] When the magicians came, they said to Pharaoh, "Do we get paid, if we are the winners?"

যখন জাদুকররা আসলো, তারা ফেরাউনকে বলল, "আমাদেরকে কি কিছু দেওয়া হবে, যদি আমরাই বিজয়ী হই? ”

[26:42] He said, "Yes indeed; you will even be close to me."

সে বলল, “হ্যা নিশ্চয়; এমনকি তোমরা আমার কাছেই হবে।”

[26:43] Moses said to them, "Throw what you are going to throw."

মূসা তাদেরকে বলল, “ছুঁড়ো যা তোমরা ছুড়তে যাচ্ছ।”

[26:44] They threw their ropes and sticks, and said, "By Pharaoh's majesty, we will be the victors."

তারা তাদের রশি ও লাঠি ছুড়লো, এবং বলল, “ফেরাউনের রাজক্ষমতার শপথ, আমরাই বিজয়ী হবো।”

[26:45] Moses threw his staff, whereupon it swallowed what they fabricated.

মূসা তার লাঠি ছুড়লো, যার ফলে এটি গিলে ফেললো যা তারা মিথ্যা বানিয়েছিল।

*The Experts*

*See the Truth*

*বিশেষজ্ঞরা*

*সত্য দেখতে পায়*

[26:46] The magicians fell prostrate.

জাদুকররা সেজদায় পড়লো।

[26:47] They said, "We believe in the Lord of the universe.

তারা বলল, "আমরা মহাবিশ্বের প্রভুকে বিশ্বাস করি।

[26:48] "The Lord of Moses and Aaron."

"মূসা এবং হারুনের প্রভু।"

[26:49] He said, "Did you believe with him before I give you permission? He must be your teacher, who taught you magic. You will surely find out. I will cut your hands and feet on alternate sides. I will crucify you all."

সে বলল, "আমি তোমাদের অনুমতি দেয়ার আগেই কি তোমরা তার সাথে বিশ্বাস করলে? সে নিশ্চয় তোমাদের শিক্ষক হবে, যে তোমাদেরকে যাদু শিখিয়েছে। নিশ্চয় তোমরা দেখতে পাবে। আমি বিপরীত দিক থেকে তোমাদের হাত ও পা কাটবো। তোমাদের সবাইকে আমি ত্রুশবিদ্ধ করবো। "

[26:50] They said, "This will not change our decision; to our Lord we will return.

তারা বলল, “তা আমাদের সিদ্ধান্ত পরিবর্তন করবে না; আমরা আমাদের প্রভুর নিকট ফিরে যাবো।

[26:51] "We hope that our Lord will forgive us our sins, especially that we are the first believers."

“আমরা আশা করি যে আমাদের প্রভু আমাদের পাপগুলো মাফ করবেন, বিশেষত যখন আমরাই প্রথম বিশ্বাসী।”

[26:52] We inspired Moses: "Travel with My servants; you will be pursued."

আমরা মূসাকে প্রত্যাদেশ করলামঃ “আমরা বান্দাদের নিয়ে যাত্রা করো; তোমাদের পিছু নেয়া হবে।”

[26:53] Pharaoh sent to the cities callers.

ফেরাউন শহরে শহরে দর্শনার্থীদের পাঠালো।

[26:54] (Proclaiming,) "This is a small gang.

(ঘোষণা করতে যে, ) “এটি ছোট একটা চক্র।

[26:55] "They are now opposing us.

তারা এখন আমাদের বিরোধীতা করছে।

[26:56] "Let us all beware of them."

আসো আমরা সবাই এদের বিষয়ে সতর্ক হই।”

*The Inevitable*

*Retribution*

*সে অনিবার্য*

*শাস্তি*

[26:57] Consequently, we deprived them of gardens and springs.

পরিনামে, আমরা তাদেরকে বঞ্চিত করেছি বাগান ও ঝর্ণা থেকে।

[26:58] And treasures and an honorable position.

আর সম্পদ ও সম্মানিত অবস্থান থেকে।

[26:59] Then we made it an inheritance for the Children of Israel.

এরপর আমরা একে ইসরাইলের সন্তানদের জন্য একটি উত্তরাধিকার করলাম।

[26:60] They pursued them towards the east. তারা তাদেরকে পূর্বদিকে ধাওয়া করলো।

[26:61] When both parties saw each other, Moses' people said, "We will be caught." যখন উভয় দল একে অন্যকে দেখলো, মূসার লোকেরা বলল, "আমরা ধরা পড়ে যাবো।"

[26:62] He said, "No way. My Lord is with me; He will guide me."

সে বলল, "কোনভাবেই না। আমার প্রভু আমার সাথে আছেন; তিনি আমাকে পথ দেখাবেন।"

[26:63] We then inspired Moses: "Strike the sea with your staff," whereupon it parted. Each part was like a great hill.

আমরা তখন মূসাকে প্রত্যাদেশ করলামঃ "তোমার লাঠি দিয়ে সাগরে আঘাত করো," যারফলে এটি ভাগ হয়ে গেলো। প্রত্যেক ভাগ ছিল এক বিশাল পাহাড়ের মতো।

[26:64] We then delivered them all. তখন আমরা তাদের সবাইকে পার করলাম।

[26:65] We thus saved Moses and all those who were with him.

এভাবে আমরা মূসাকে এবং তার সাথে যারা ছিল সকলকে বাচালাম।

[26:66] And we drowned the others. আর আমরা অন্যদের ডুবিয়ে দিলাম।

[26:67] This should be a sufficient proof, but most people are not believers. এটি যথেষ্ট প্রমাণ হওয়া উচিত, কিন্তু অধিকাংশ লোকই বিশ্বাসী নয়।

[26:68] Most assuredly, your Lord is the Almighty, Most Merciful.

অত্যন্ত নিশ্চিতভাবে, তোমার প্রভু সর্বশক্তিমান, সবচেয়ে দয়ালু।

Abraham  
ইব্রাহিম

[26:69] Narrate to them Abraham's history. তাদের কাছে ইব্রাহিমের ইতিহাস বর্ণনা করো।

[26:70] He said to his father and his people, "What is this you are worshipping?"

সে তার পিতা ও তার লোকদের বলেছিল, "এটা কিসের উপাসনা তোমরা করছো?"

[26:71] They said, "We worship statues; we are totally devoted to them."

তারা বলল, "আমরা মূর্তির উপাসনা করি; আমরা এদের প্রতি সম্পূর্ণ নিবেদিত।"

[26:72] He said, "Can they hear you when you implore?"

সে বলল, "তোমরা যখন প্রার্থনা করো তারা কি শুনতে পায়?"

[26:73] "Can they benefit you, or harm you?" তারা কি তোমাদের উপকার, বা ক্ষতি করতে পারে?"

[26:74] They said, "No; but we found our parents doing this."

তারা বলল, "না; কিন্তু আমরা আমাদের পিতা-মাতাকে এটি করতে দেখেছি।"

[26:75] He said, "Do you see these idols that you worship."

সে বলল, "তোমরা কি এইসব উপাস্যদের দেখো, তোমরা যাদের উপাসনা করো।"

[26:76] "You and your ancestors."

"তোমরা এবং তোমাদের পূর্বপুরুষরা।"

[26:77] "I am against them, for I am devoted only to the Lord of the universe."

আমি তাদের বিরুদ্ধে, কারণ আমি কেবল মহাবিশ্বের প্রভুর প্রতিই নিবেদিত।

[26:78] "The One who created me, and guided me."

সেই সত্তা যিনি আমায় সৃষ্টি করেছেন, এবং আমাকে পথ দেখিয়েছেন।

[26:79] "The One who feeds me and waters me."

সেই সত্তা যিনি আমাকে খাবার দেন এবং আমাকে পানি দেন।

[26:80] "And when I get sick, He heals me."

"আর যখন আমি অসুস্থ হই, তিনি আমাকে নিরাময় করেন।"

[26:81] "The One who puts me to death, then brings me back to life."

"সেই সত্তা যিনি আমাকে মৃত্যু দেন, এরপর আবার আমাকে জীবন দেন।"

[26:82] "The One who hopefully will forgive my sins on the Day of Judgment.  
“সেই সত্তা যিনি বিচার দিনে আশা করি আমার পাপগুলো ক্ষমা করে দেবেন।

[26:83] "My Lord, grant me wisdom, and include me with the righteous.  
“আমার প্রভু, আমাকে প্রজ্ঞা দান করুন, এবং আমাকে সৎকর্মীদের অন্তর্ভুক্ত করুন।

[26:84] "Let the example I set for the future generations be a good one.  
“আমি যেন ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি ভাল উদাহরণ স্থাপন করি।

[26:85] "Make me one of the inheritors of the blissful Paradise.  
“আমাকে পরম সুখের স্বর্গের উত্তরাধিকারীদের একজন করুন।

[26:86] "And forgive my father, for he has gone astray.  
“আর আমার পিতাকে ক্ষমা করুন, যেহেতু সে বিপথে গিয়েছে।

[26:87] "And do not forsake me on the Day of Resurrection."  
“এবং পুনরুত্থান দিনে আমাকে পরিত্যাগ করবেন না।”

[26:88] That is the day when neither money, nor children, can help.  
এটা সে দিন যখন না অর্থ, না সন্তানাদি, সাহায্য করতে পারবে।

[26:89] Only those who come to GOD with their whole heart (*will be saved*).  
কেবল তারা (*রক্ষা পাবে*) যারা তাদের পুরো হৃদয় সহ আল্লাহর কাছে আসে।

[26:90] Paradise will be presented to the righteous.  
সৎকর্মীদের কাছে স্বর্গ উপস্থাপন করা হবে।

[26:91] Hell will be set up for the strayers.  
পথভ্রষ্টদের জন্য নরক স্থাপন করা হবে।

*They Will Disown  
Their Idols  
তারা প্রত্যাক্ষান করবে  
তাদের উপাস্যদের*

[26:92] They will be asked, "Where are the idols you had worshiped

তাদেরকে জিজ্ঞেস করা হবে, “তোমাদের উপাস্যরা কোথায় তোমরা যাদের উপাসনা করতে।

[26:93] "beside GOD? Can they help you now? Can they help themselves?"  
“আল্লাহর পাশে? তারা কি এখন তোমাদের সাহায্য করতে পারে? তারা কি তাদের নিজেদের সাহায্য করতে পারে?”

[26:94] They will be thrown therein, together with the strayers.  
তাদেরকে তার মধ্যে নিক্ষেপ করা হবে, পথভ্রষ্টদের সাথে একসঙ্গে।

[26:95] And all of Satan's soldiers.  
আর শয়তানের সকল সৈন্যদের।

[26:96] They will say as they feud therein,  
তারা বলবে যেহেতু তারা সেখানে কলহ করবে,

[26:97] "By GOD, we were far astray.  
“আল্লাহর শপথ, আমরা অনেক পথভ্রষ্ট ছিলাম।

[26:98] "How could we set you up to rank with the Lord of the universe?  
“কিভাবে আমরা তোমাদেরকে মহাবিশ্বের প্রভুর সাথে সমকক্ষ করতে পারলাম?

[26:99] "Those who misled us were wicked.  
“যারা আমাদেরকে ভুল পথে চালিয়েছিল তারা ছিল অন্যায্যকারী।

[26:100] "Now we have no intercessors.  
“এখন আমাদের কোন সুপারিশকারি নাই।

[26:101] "Nor a single close friend.  
“না কোন অন্তরঙ্গ বন্ধু।

[26:102] "If only we could get another chance, we would then believe."  
“যদি শুধু আমরা আরেকটি সুযোগ পেতাম, আমরা তবে বিশ্বাস করতাম”

[26:103] This should be a good lesson. But most people are not believers.  
এটি একটি ভালো শিক্ষা হওয়া উচিত। কিন্তু অধিকাংশ লোক বিশ্বাসী নয়।

[26:104] Your Lord is the Almighty, Most Merciful.  
তোমার প্রভু সর্বশক্তিমান, সবচেয়ে দয়ালু।

*Noah  
নূহ*

[26:105] The people of Noah disbelieved the messengers.  
নূহের লোকেরা বার্তাবাহকদের অবিশ্বাস করেছিলো।

[26:106] Their brother Noah said to them, "Would you not be righteous?  
তাদের ভাই নূহ তাদেরকে বলল, "তোমরা কি সৎকর্মী হবে না?

[26:107] "I am an honest messenger to you.  
"আমি তোমাদের প্রতি এক বিশ্বস্ত বার্তাবাহক।।

[26:108] "You shall reverence GOD and obey me.  
"তোমরা আল্লাহকে ভক্তি করবে এবং আমাকে মান্য করবে।

[26:109] "I do not ask you for any wage. My wage comes from the Lord of the universe.  
"আমি তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাই না। আমার পারিশ্রমিক আসে মহাবিশ্বের প্রভুর কাছ থেকে।

[26:110] "You shall reverence GOD and obey me."  
"তোমরা আল্লাহকে ভক্তি করবে এবং আমাকে মান্য করবে।"

[26:111] They said, "How can we believe with you, when the worst among us have followed you?"  
তারা বলল, "কিভাবে আমরা তোমার সাথে বিশ্বাস করতে পারি, যখন আমাদের মধ্যে যারা নিকৃষ্ট তারা তোমাকে অনুসরণ করেছে?"

[26:112] He said, "How do I know what they did?  
সে বলল, "তারা কি করেছে আমি কেমন করে জানবো?

[26:113] "Their judgment rests only with my Lord, if you could perceive.  
"তাদের বিচারের ভার তো কেবল আমার প্রভুর কাছে, যদি তোমরা অনুধাবন করতে পারতে।

[26:114] "I will never dismiss the believers.  
"আমি কখনো বিশ্বাসীদের অগ্রাহ্য করবো না।

[26:115] "I am no more than a clarifying warner."  
"আমি একজন স্পষ্ট সতর্ককারীর চেয়ে বেশি কিছু নই।"

[26:116] They said, "Unless you refrain, O Noah, you will be stoned."  
তারা বলল, "যদি না তুমি বিরত হও, হে নূহ, তোমাকে পাথর মারা হবে।"

[26:117] He said, "My Lord, my people have disbelieved me.  
সে বলল, "আমার প্রভু, আমার লোকেরা আমাকে অবিশ্বাস করেছে।

[26:118] "Grant me victory against them, and deliver me and my company of believers."  
"আমাকে তাদের বিরুদ্ধে বিজয় দান করুন, আর আমাকে এবং আমার বিশ্বাসী সাথীদের উদ্ধার করুন।"

[26:119] We delivered him and those who accompanied him in the loaded ark.  
আমরা উদ্ধার করেছিলাম তাকে এবং তাদেরকে যারা তার সাথে ছিল বোঝাইকৃত নৌকায়।

[26:120] Then we drowned the others.  
এরপর আমরা অন্যদের ডুবিয়ে দিয়েছিলাম।

[26:121] This should be a lesson, but most people are not believers.  
এটা একটা শিক্ষা হওয়া উচিত, কিন্তু অধিকাংশ লোক বিশ্বাসী নয়।

[26:122] Most assuredly, your Lord is the Almighty, Most Merciful.  
অত্যন্ত নিশ্চিতভাবে, তোমার প্রভু সর্বশক্তিমান, সবচেয়ে দয়ালু।

*Hûd*  
*হুদ*

[26:123] 'Ād disbelieved the messengers.  
আদ জাতি বার্তাবাহকদের অবিশ্বাস করেছিল।

[26:124] Their brother Hûd said to them, "Would you not be righteous?  
তাদের ভাই হুদ তাদেরকে বলেছিল, "তোমরা কি সৎকর্মী হবে না?

[26:125] "I am an honest messenger to you.  
"আমি তোমাদের কাছে এক বিশ্বস্ত বার্তাবাহক।

[26:126] "You shall reverence GOD, and obey me.  
তোমরা আল্লাহকে ভক্তি করবে, এবং আমাকে মান্য করবে।

[26:127] "I do not ask you for any wage; my wage comes from the Lord of the universe.

"আমি তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাই না; আমার পারিশ্রমিক আসে মহাবিশ্বের প্রভুর কাছ থেকে।

[26:128] "You build on every hill a mansion for vanity's sake.

"তোমরা প্রত্যেক পাহাড়ে অট্টালিকা বানাও অহমিকা ভরে।

[26:129] "You set up buildings as if you last forever.

"তোমরা দালান বানাও এমন ভাবে যেন তোমরা চিরকাল টিকে থাকবে।

[26:130] "And when you strike, you strike mercilessly.

"আর যখন তোমরা আঘাত করো, তোমরা আঘাত করো নির্দয়ভাবে।

[26:131] "You shall reverence GOD and obey me.

"তোমরা আল্লাহকে ভক্তি করবে এবং আমাকে মান্য করবে।

[26:132] "Reverence the One who provided you with all the things you know.

"সে সত্ত্বাকে ভক্তি করো যিনি তোমাদের প্রদান করেছেন সে সবকিছু যা তোমরা জানো।

[26:133] "He provided you with livestock and children.

"তিনি তোমাদেরকে গৃহপালিত পশু ও সন্তানাদি প্রদান করেছেন।

[26:134] "And gardens and springs.

"আর বাগান ও ঝর্ণাসমূহ।

[26:135] "I fear for you the retribution of an awesome day."

"আমি তোমাদের জন্য এক ভয়ানক দিনের শাস্তির ভয় করি।"

[26:136] They said, "It is the same whether you preach, or not preach.

তারা বলল, "তুমি প্রচার করো আর না করো উভয় সমান।

[26:137] "That affliction was limited to our ancestors.

"ঐ দূর্ভোগ আমাদের পূর্বপুরুষ পর্যন্তই সীমাবদ্ধ ছিল।

[26:138] "No retribution will ever befall us."

"কখনোই কোন শাস্তি আমাদের উপর আসবে না।"

[26:139] They thus disbelieved and, consequently, we annihilated them. This should be a lesson, but most people are not believers.

এভাবে তারা অবিশ্বাস করলো এবং, পরিনামে, আমরা তাদেরকে ধ্বংস করলাম। এটি একটি শিক্ষা হওয়া উচিত, কিন্তু অধিকাংশ লোক বিশ্বাসী নয়।

[26:140] Most assuredly, your Lord is the Almighty, Most Merciful.

অত্যন্ত নিশ্চিতভাবে, তোমার প্রভু সর্বশক্তিমান, সবচেয়ে দয়ালু।

*Sāleh*

সালেহ

[26:141] Thamūd disbelieved the messengers. সামূদ জাতি বার্তাবাহকদের অবিশ্বাস করেছিল।

[26:142] Their brother Sāleh said to them, "Would you not be righteous?"

তাদের ভাই সালেহ তাদেরকে বলেছিল, "তোমরা কি সৎকর্মী হবে না?"

[26:143] "I am an honest messenger to you.

"আমি তোমাদের কাছে একজন বিশ্বস্ত বার্তাবাহক।

[26:144] "You shall reverence GOD, and obey me.

"তোমরা আল্লাহকে ভক্তি করবে, এবং আমাকে মান্য করবে।

[26:145] "I do not ask you for any wage; my wage comes only from the Lord of the universe.

আমি তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাই না; আমার পারিশ্রমিক কেবল মহাবিশ্বের প্রভুর কাছ থেকে আসে।

[26:146] "Do you suppose you will be left forever, secure in this state?"

তোমরা কি ধরে নিচ্ছ যে, তোমরা চিরকাল এই অবস্থায় নিরাপদে রয়ে যাবে?

[26:147] "You enjoy gardens and springs.

"তোমরা বাগান ও ঝর্ণাসমূহ উপভোগ করো।

[26:148] "And crops and date palms with delicious fruits.

"আর শস্যাদি ও সুস্বাদু ফল সহ খেঁজুর গাছ।

[26:149] "You carve out of the mountains luxurious mansions.

'তোমরা পর্বতসমূহে বিলাসবহুল অট্টালিকা  
খোদাই করো।

[26:150] "You shall reverence GOD, and obey  
me.

"তোমরা আল্লাহকে ভক্তি করবে, এবং আমাকে  
মান্য করবে।

[26:151] "Do not obey the transgressors.  
"সীমালঙ্ঘনকারীদের মান্য করো না।

[26:152] "Who commit evil, not good works."  
"যারা ভালো কাজ নয়, মন্দ করে।

[26:153] They said, "You are bewitched.  
তারা বলল, "তুমি যাদুগ্রস্থ।

[26:154] "You are no more than a human like  
us. Produce a miracle, if you are truthful."  
"তুমি আমাদের মতো মানুষের চেয়ে বেশি কিছু  
নও। একটি অলৌকিকতা দেখাও, যদি তুমি  
সত্যবাদী হও।"

[26:155] He said, "Here is a camel that will  
drink only on a day that is assigned to her; a  
day that is different from your specified days  
of drinking.

সে বলল, "এই যে একটি উট যেটা এর জন্য  
নির্ধারিত দিনটিতেই শুধু পান করবে; সে দিনটি  
যা তোমাদের পান করার নির্দিষ্ট দিনগুলো থেকে  
আলাদা।

[26:156] "Do not touch her with any harm, lest  
you incur retribution on an awesome day."  
"কোন ক্ষতির উদ্দেশ্যে তাকে স্পর্শ করো না,  
পাছে তোমরা এক ভয়ানক দিনে শাস্তি টেনে  
আনো।"

[26:157] They slaughtered her, and thus  
incurred sorrow.  
তারা তাকে জবাই করলো, এবং এভাবে দুঃখ  
টেনে আনলো।

[26:158] The retribution overwhelmed them.  
This should be a lesson, but most people are  
not believers.  
শাস্তি তাদেরকে ছেয়ে ফেলল। এটি একটি শিক্ষা  
হওয়া উচিত, কিন্তু অধিকাংশ লোক বিশ্বাসী  
নয়।

[26:159] Most assuredly, your Lord is the  
Almighty, Most Merciful.

অত্যন্ত নিশ্চিতভাবে, তোমার প্রভু  
সর্বশক্তিমান, সবচেয়ে দয়ালু।

Lot

লূত

[26:160] The people of Lot disbelieved the  
messengers.

লূতের লোকেরা বার্তাবাহকদেরকে অবিশ্বাস  
করেছিলো।

[26:161] Their brother Lot said to them,  
"Would you not be righteous?  
তাদের ভাই লূত তাদেরকে বলল, "তোমরা কি  
সৎকর্মী হবে না?

[26:162] "I am an honest messenger to you.  
"আমি তোমাদের কাছে এক বিশ্বস্ত বার্তাবাহক।

[26:163] "You shall reverence GOD, and obey  
me.

"তোমরা আল্লাহকে ভক্তি করবে, এবং আমাকে  
মান্য করবে।

[26:164] "I do not ask you for any wage; my  
wage comes only from the Lord of the  
universe.

"আমি তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাই  
না; আমার পারিশ্রমিক কেবল মহাবিশ্বের প্রভুর  
কাছ থেকে আসে।

[26:165] "Do you have sex with the males, of  
all the people?  
"সকল লোকদের থেকে, তোমরা কি পুরুষদের  
সাথে যৌনচর্চা করো?

[26:166] "You forsake the wives that your  
Lord has created for you! Indeed, you are  
transgressing people."  
"তোমরা স্ত্রীদের পরিত্যাগ করো যাদেরকে  
তোমাদের প্রভু তোমাদের জন্য সৃষ্টি করেছেন!  
নিশ্চয়, তোমরা সীমালঙ্ঘনকারী লোক।"

[26:167] They said, "Unless you refrain, O  
Lot, you will be banished."  
তারা বলল, "যদি না তুমি বিরত হও, হে  
লূত, তুমি নির্বাসিত হবে।"

[26:168] He said, "I deplore your actions."  
সে বলল, "আমি তোমাদের কার্যকলাপের  
অত্যন্ত ঘৃণা করি।"

[26:169] "My Lord, save me and my family  
from their works."  
"আমার প্রভু, আমাকে এবং আমার পরিবারকে  
তাদের কাজগুলো থেকে রক্ষা করুন।"

[26:170] We saved him and all his family.

আমরা তাকে এবং তার পরিবারের সকলকে  
রক্ষা করলাম।

[26:171] But not the old woman; she was  
doomed.

কিন্তু বৃদ্ধ মহিলাকে নয়; সে ছিল দন্ডাজ্ঞাপ্রাপ্ত।

[26:172] We then destroyed the others.  
এরপর আমরা অন্যদের ধ্বংস করলাম।

[26:173] We showered them with a miserable  
shower; what a terrible shower for those who  
had been warned!

আমরা তাদের প্রতি এক যন্ত্রণাদায়ক বৃষ্টি বর্ষণ  
করলাম; তাদের জন্য কতই না ভয়ংকর বর্ষণ  
ছিল যাদেরকে সতর্ক করা হয়েছিল!

[26:174] This should be a lesson, but most  
people are not believers.  
এটি একটি শিক্ষা হওয়া উচিত, কিন্তু অধিকাংশ  
লোক বিশ্বাসী নয়।

[26:175] Most assuredly, your Lord is the  
Almighty, Most Merciful.

নিশ্চিতভাবে, তোমার প্রভু সর্বশক্তিমান,  
পরম দয়ালু।

*Shu'aib*  
শোয়াইব

[26:176] The People of the Woods disbelieved  
the messengers.

বনের লোকেরা বার্তাবাহকদের অবিশ্বাস  
করেছিল।

[26:177] Shu'aib said to them, "Would you not  
be righteous?"

শোয়াইব তাদের বলেছিল, “তোমরা কি  
সৎকর্মী হবে না?”

[26:178] "I am an honest messenger to you.  
"আমি তোমাদের কাছে এক বিশ্বস্ত বার্তাবাহক।

[26:179] "You shall reverence GOD, and obey  
me.

"তোমরা আল্লাহকে ভক্তি করবে, এবং আমাকে  
মান্য করবে।

[26:180] "I do not ask you for any wage; my  
wage comes only from the Lord of the  
universe.

"আমি তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাই  
না; আমার পারিশ্রমিক কেবল মহাবিশ্বের প্রভুর  
কাছ থেকে আসে।

[26:181] "You shall give full measure when  
you trade; do not cheat.

"তোমরা পূর্ণ পরিমাপে দিবে যখন তোমরা  
লেনদেন করো, প্রতারণা করো না।

[26:182] "You shall weigh with an equitable  
scale.

"তোমরা সঠিক পাল্লায় ওজন করবে।

[26:183] "Do not cheat the people out of their  
rights, and do not roam the earth corruptingly.

"লোকদেরকে তাদের অধিকারের বিষয়ে  
প্রতারণা করো না, এবং পৃথিবীতে দূনীতি করে  
বেড়িও না।

[26:184] "Reverence the One who created you  
and the previous generations."

"সেই সত্ত্বাকে ভক্তি করো যিনি তোমাদেরকে  
এবং পূর্ববর্তী প্রজন্মদেরকে সৃষ্টি করেছেন।"

[26:185] They said, "You are bewitched.  
তারা বলল, "তুমি যাদুগ্রস্ত।

[26:186] "You are no more than a human being  
like us. In fact, we think you are a liar.

"তুমি আমাদের মতো একজন মানুষের চেয়ে  
বেশি কিছু না। প্রকৃতপক্ষে, আমরা মনে করি  
তুমি একজন মিথ্যাবাদী

[26:187] "Let masses from the sky fall on us, if  
you are truthful."

"আকাশ থেকে আমাদের উপর বস্তুপিণ্ড ফেল,  
যদি তুমি সত্যবাদী হও।"

[26:188] He said, "My Lord is the One who  
knows everything you do."

সে বলল, "আমার প্রভু সে সত্ত্বা যিনি তোমরা  
যা কিছু করো সব জানেন।"

[26:189] They disbelieved him and,  
consequently, they incurred the retribution of  
the Day of the Canopy. It was the retribution  
of an awesome day.

তারা তাকে অবিশ্বাস করলো এবং, পরিনামে,  
তারা আচ্ছাদন দিনের শাস্তি টেনে আনলো। এটি  
ছিল এক ভয়ানক দিনের শাস্তি।

[26:190] This should be a lesson, but most  
people are not believers.

এটি একটি শিক্ষা হওয়া উচিত, কিন্তু অধিকাংশ  
লোক বিশ্বাসী নয়।

[26:191] Most assuredly, your Lord is the  
Almighty, Most Merciful.

নিশ্চিতভাবে, তোমার প্রভু সর্বশক্তিমান,  
পরম দয়ালু।



*The Quran*

*কোর'আন*

[26:192] This is a revelation from the Lord of the universe.

এটি মহাবিশ্বের প্রভুর কাছ থেকে একটি প্রত্যাদেশ।

[26:193] The Honest Spirit (Gabriel) came down with it.

বিশ্বস্ত আত্মা (জিব্রাইল) একে নিয়ে অবতরন করেছিল।

[26:194] To reveal it into your heart, that you may be one of the warners.

তোমার হৃদয়ে একে প্রকাশ করতে, যেন তুমি সতর্ককারীদের একজন হতে পারো।

[26:195] In a perfect Arabic tongue. নিখুঁত আরবি ভাষায়।

[26:196] It has been prophesied in the books of previous generations.

এর ভবিষ্যৎবাণী করা হয়েছে পূর্ববর্তী প্রজন্মের গ্রন্থগুলোতে।

[26:197] Is it not a sufficient sign for them that it was known to the scholars among the Children of Israel?

তাদের জন্য এটি কি যথেষ্ট নিদর্শন নয় যে ইসরাইলের সন্তানদের মধ্যে পণ্ডিতগণের এটি জানা ছিল?

*The Quran Must*

*Be Translated*

*কোর'আন অবশ্যই*

*অনুবাদ করতে হবে*

[26:198] If we revealed this to people who do not know Arabic.

আমরা যদি এটা সেসব লোকদের কাছে প্রকাশ করতাম যারা আরবি জানে না।

[26:199] And had him recite it (in Arabic), they could not possibly believe in it.

আর তাকে (আরবীতে) এটি আবৃত্তি করতে দিতাম, তারা কখনোই এতে বিশ্বাস করতে পারতো না।

[26:200] We thus render it (like a foreign language) in the hearts of the guilty.

আমরা এভাবে এটিকে অপরাধীদের হৃদয়ে (বিদেশী ভাষার মতো) করে দেই।

[26:201] Thus, they cannot believe in it; not until they see the painful retribution.

সুতরাং, তারা এতে বিশ্বাস করতে পারে না; যতক্ষণ না তারা যন্ত্রণাদায়ক শাস্তি দেখে।

[26:202] It will come to them suddenly, when they least expect it.

এটি তাদের কাছে হঠাৎ করেই আসবে, যখন তারা প্রায় তার আশা-ই করবে না।

[26:203] They will then say, "Can we have a respite?"

তখন তারা বলবে, "আমরা কি অবকাশ পেতে পারি?"

[26:204] Did they not challenge our retribution?

তারা কি আমাদের শাস্তিকে চ্যালেঞ্জ করেনি?

[26:205] As you see, we allowed them to enjoy for years.

তুমি যেমনটি দেখছ, আমরা তাদেরকে বছরের পর বছর উপভোগ করতে দিয়েছি।

[26:206] Then the retribution came to them, just as promised.

এরপর শাস্তি তাদের কাছে চলে এসেছে, ঠিক যেরকম প্রতিশ্রুতি দেয়া হয়েছে।

[26:207] Their vast resources did not help them in the least.

তাদের বিপুল সম্পদ তাদেরকে সামান্যতম সাহায্যও করেনি।

[26:208] We never annihilate any community without sending warners.

আমরা সতর্ককারী না পাঠিয়ে কখনো কোন সম্প্রদায়কে ধ্বংস করি না।

[26:209] Therefore, this is a reminder, for we are never unjust.

অতএব, এটি একটি স্মারক বার্তা, কারণ আমরা কখনো অন্যায়কারী নই।

*False Messengers*

*Incapable of Preaching*

*the Worship of God ALONE\**

*মিথ্যা বার্তাবাহকরা*

*কেবলমাত্র আল্লাহর উপাসনা*

*প্রচার করতে অক্ষম*

[26:210] The devils can never reveal this.

শয়তানেরা কখনো একে প্রকাশ করতে পারবে না।

\*26:210 A false messenger is a messenger of Satan, for he is the fabricator of the most horrendous lie. Such a messenger can never denounce idolatry, or preach the worship of God ALONE.

[26:211] They neither would, nor could.  
না তারা তা করবে, না করতে পারবে।

[26:212] For they are prevented from hearing.  
কারণ তাদেরকে শুনতে বাঁধা দেয়া হয়।

[26:213] Therefore, do not idolize beside GOD any other god, lest you incur the retribution.  
অতএব, আল্লাহর পাশে অন্য কোন উপাস্যকে আল্লাহতুল্য করো না, পাছে তুমি শাস্তি টেনে আনো।

*God's Messenger of the Covenant\**

*আল্লাহর প্রতিশ্রুত  
বার্তাবাহক*

[26:214] You shall preach to the people who are closest to you.  
তুমি তোমার নিকটতম লোকদের কাছে প্রচার করবে।

\*26:214-223 These verses refer to God's Messenger of the Covenant: the sum of the gematrical value of "Rashad Khalifa" (1230), plus the verse number (214) is 1230+214=1444=19x76= 19x19x4, and the sum of the verse numbers from 214 through 223 is 2185=19x115 (Appendix 1).

[26:215] And lower your wing for the believers who follow you.  
আর বিশ্বাসীরা যারা তোমার অনুসরণ করে, তাদের প্রতি তোমর দয়ার বাহু প্রসারিত করো/ প্রতি সদয় হও।

[26:216] If they disobey you, then say, "I disown what you do."  
যদি তারা তোমাকে অমান্য করে, তাহলে বল, "যা তোমরা করো তার জন্য আমি দায়ী নই।"

[26:217] And put your trust in the Almighty, Most Merciful.  
আর তোমার আস্থা রাখো সর্বশক্তিমান, পরম দয়ালুর প্রতি।

[26:218] Who sees you when you meditate during the night.  
যিনি তোমাকে দেখেন, যখন তুমি রাতে ধ্যান করো।

[26:219] And your frequent prostrations.

এবং বার বার তোমার সেজদা।

[26:220] He is the Hearer, the Omniscient.  
তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

[26:221] Shall I inform you upon whom the devils descend?  
আমি কি তোমাদের বলবো শয়তানরা কাদের কাছে অবতরণ করে।

[26:222] They descend upon every guilty fabricator.  
তারা অবতরণ করে প্রত্যেক অপরাধী মিথ্যা উদ্ভাবনকারীদের কাছে।

[26:223] They pretend to listen, but most of them are liars.  
তারা শুনার ভান করে, কিন্তু তাদের বেশিরভাগ মিথ্যাবাদী।

[26:224] As for the poets, they are followed only by the strayers.  
কবিদের ক্ষেত্রে, পথভ্রষ্টরাই কেবল তাদের অনুসরণ করে।

[26:225] Do you not see that their loyalty shifts according to the situation?  
তুমি কি দেখো না যে, তাদের আনুগত্য পরিস্থিতি অনুসারে পরিবর্তিত হয়?

[26:226] And that they say what they do not do?  
আর যে, তারা বলে যা তারা করে না?

[26:227] Exempted are those who believe, lead a righteous life, commemorate GOD frequently, and stand up for their rights. Surely, the transgressors will find out what their ultimate destiny is.  
তাদের ছাড়া যারা বিশ্বাস করে, একটি সৎ জীবন যাপন করে, ঘন ঘন আল্লাহর স্মরণ করে, এবং তাদের অধিকারের জন্য সোচ্চার হয়। নিশ্চয়, সীমালঙ্ঘনকারীরা দেখতে পাবে যে তাদের চূড়ান্ত নিয়তি কি।



## Sura 27: The Ant (Al-Naml)

[27:0] In the name of God, Most Gracious, Most Merciful  
২৭/০ পরম করুণাময়, পরম দয়ালু আল্লাহর নামে।

[27:1] T. S.\* These (letters) constitute proofs of the Quran; a profound scripture.  
২৭/১ ত, স, এই (অক্ষরগুলো)কোরআনে প্রমান গঠন করে; এক জ্ঞানগর্ভ ঐশীগ্রন্থ।

\*27:1 See Appendix 1 for the meaning of these Quranic initials.

[27:2] A beacon, and good news, for the believers.  
২৭/২ একটি আলোকবর্তিকা, এবং সুসংবাদ, বিশ্বাসীদের জন্য।

[27:3] Who observe the Contact Prayers (Salat), give the obligatory charity (Zakat), and they are, with regard to the Hereafter, absolutely certain.  
২৭/৩ যারা সংযোগ প্রার্থনা (সালাত) পালন করে, বাধ্যতামূলক দান (যাকাত)দেয়, এবং তারা পরকালের বিষয়ে সম্পূর্ণরূপে নিশ্চিত।

[27:4] Those who do not believe in the Hereafter, we adorn their works in their eyes. Thus, they continue to blunder.  
২৭/৪ যারা পরকালে বিশ্বাস করে না, আমরা তাদের চোখে তাদের কাজকে সাজিয়ে দেই। ফলে, তারা ভুল করতে থাকে।

[27:5] It is these who incur the worst retribution, and in the Hereafter, they will be the worst losers.  
২৭/৫ এরাই নিকৃষ্ট শাস্তি টেনে আনে, এবং পরকালে, তারা সর্বাধিক ক্ষতিগ্রস্ত হবে।

[27:6] Surely, you are receiving the Quran from a Most Wise, Omniscient.  
২৭/৬ নিশ্চিতভাবে, তুমি কোরআন গ্রহণ করছো এক প্রজ্ঞাময়, সর্বজ্ঞের কাছ থেকে।

Moses  
মুসা

[27:7] Recall that Moses said to his family, "I see a fire; let me bring you news therefrom, or a torch to warm you."  
২৭/৭ স্মরণ করো যে মুসা তার পরিবারকে বলেছিল, “আমি আগুন দেখছি, আমি তোমাদের জন্য সেখান থেকে সংবাদ অথবা তোমাদেরকে উষ্ণ রাখতে মশাল নিয়ে আসছি।

[27:8] When he came to it, he was called: "Blessed is the One (who is speaking from) within the fire, and those around it."Glory be to GOD, Lord of the universe.

২৭/৮ যখন সে এর কাছে আসলো, তাকে ডাকা হলঃ “পবিত্র সেই সত্তা (যিনি কথা বলছেন) আগুনের মধ্যে থেকে, এবং তারা যারা এর চারিদিকে আছে”। মহিমা আল্লাহর, মহাবিশ্বের প্রভু।

[27:9] "O Moses, this is Me, GOD, the Almighty, Most Wise.  
২৭/৯ হে মুসা, এতো আমি, আল্লাহ, সর্বশক্তিমান, সবথেকে জ্ঞানী।

[27:10] "Throw down your staff."When he saw it moving like a demon, he turned around and fled. "O Moses, do not be afraid. My messengers shall not fear.  
২৭/১০ “তোমার লাঠি নিচে ছুড়ে ফেলো”। যখন সে এটাকে দানবের মত চলতে দেখল, সে ঘুরে দাঁড়ালো এবং পালাল। “হে মুসা ভয় করো না। আমার বার্তাবাহকেরা ভয় করবে না।

[27:11] "Except those who commit a transgression, then substitute righteousness after sinning; I am Forgiving, Most Merciful.  
২৭/১১ “তারা ছাড়া যারা কোন সীমালঙ্ঘন করে, এরপর পাপের পরিবর্তে সৎ-কর্ম করে; আমি ক্ষমাশীল, পরম দয়ালু।

[27:12] "Put your hand in your pocket; it will come out white, without a blemish. These are among nine miracles to Pharaoh and his people, for they are wicked people."  
২৭/১২ “তুমি তোমার হাত তোমার বাহুর মধ্যে রাখো; এটা সাদা হয়ে বেরিয়ে আসবে, কোন খুঁত ছাড়া। এইগুলো হলো ফেরাউন এবং তার লোকদের প্রতি নয়টি অলৌকিকতা, কারণ তারা ছিল পাপী লোক”।

[27:13] When our miracles were presented to them, clear and profound, they said, "This is obviously magic."  
২৭/১৩ যখন আমাদের অলৌকিকতাগুলো তাদের কাছে উপস্থাপন করা হোল, স্পষ্ট এবং প্রগাঢ়, তারা বলল, “এ তো স্পষ্টতই জাদু”।

[27:14] They rejected them and were utterly convinced of their wrong ways, due to their arrogance. Note the consequences for the evildoers.  
২৭/১৪ তারা সেগুলোকে প্রত্যাখ্যান করলো এবং তাদের ভুল পথে একদম নিশ্চিত ছিল, তাদের

ঔদ্ধত্যের কারণে। লক্ষ্য করো মন্দ কর্মীদের পরিণতি।

David and Solomon  
দাউদ এবং সুলাইমান

[27:15] We endowed David and Solomon with knowledge, and they said, "Praise GOD for blessing us more than many of His believing servants."

২৭/১৫ আমরা দাউদ এবং সুলাইমানকে জ্ঞান দান করেছিলাম, এবং তারা বলল, “প্রশংসা আল্লাহর তাঁর অনেক বিশ্বাসী বান্দাদের থেকে আমাদেরকে অধিক সৌভাগ্যশালী করার জন্য”।

[27:16] Solomon was David's heir. He said, "O people, we have been endowed with understanding the language of the birds, and all kinds of things have been bestowed upon us. This is indeed a real blessing."

২৭/১৬ সুলাইমান ছিল দাউদের উত্তরাধিকারী। সে বলল, “হে লোকেরা, আমাদেরকে পাখিদের ভাষা বোঝার ক্ষমতা দান করা হয়েছে, এবং আমাদের প্রদান করা হয়েছে সকল ধরনের জিনিস। এটা নিশ্চয় প্রকৃত আনুগ্রহ”।

[27:17] Mobilized in the service of Solomon were his obedient soldiers of jinns and humans, as well as the birds; all at his disposal.

২৭/১৭ সুলাইমান সেবায় নিয়ন্ত্রিত ছিল তার বাধ্য জিন ও মানব সৈন্যরা, সেই সাথে পাখিরা, সকলেই ছিল তার আয়ত্তাধীন।

[27:18] When they approached the valley of the ants, one ant said, "O you ants, go into your homes, lest you get crushed by Solomon and his soldiers, without perceiving."\*

২৭/১৮ যখন তারা পিঁপড়াদের উপত্যকার কাছাকাছি আসলো, একটি পিঁপড়া বলল, “হে পিঁপড়াগণ, তোমাদের বাড়ির ভেতরে চলে যাও, পাছে তোমারা সুলাইমান ও তার সৈন্যদের অজ্ঞাতসারে পিষ্ট হয়ে যাও”।

*\*27:18-19 The more unusual the events in a given sura, the stronger the mathematical evidence supporting them. This helps assure us that such strange phenomena are indicative of God's power. This sura's initials, T.S., constitute a complex part of the mathematical miracles related to the Quranic initials. The unusual birth and miracles of Jesus are in Sura 19, which is prefixed with five Quranic Initials. See Appendix 1 for the details.*

[27:19] He smiled and laughed at her statement,\* and said, "My Lord, direct me to

be appreciative of the blessings You have bestowed upon me and my parents, and to do the righteous works that please You. Admit me by Your mercy into the company of Your righteous servants."

২৭/১৯ সে তার কথায় হেসে উঠলো, এবং বলল, “আমার প্রভু, আমাকে পরিচালিত করুন আপনার অনুগ্রহের প্রতি কৃতজ্ঞ হতে যা আপনি আমার এবং আমার পিতামাতার উপর অর্পণ করেছেন, এবং সেই সৎকর্ম করতে যা আপনাকে সম্ভুষ্ট করে। আপনার দয়ায় আমাকে অন্তর্ভুক্ত করুন আপনার সৎ- কর্মী বান্দাদের সাহচর্যে।

*\*27:18-19 The more unusual the events in a given sura, the stronger the mathematical evidence supporting them. This helps assure us that such strange phenomena are indicative of God's power. This sura's initials, T.S., constitute a complex part of the mathematical miracles related to the Quranic initials. The unusual birth and miracles of Jesus are in Sura 19, which is prefixed with five Quranic Initials. See Appendix 1 for the details.*

[27:20] He inspected the birds, and noted: "Why do I not see the hoopoe? Why is he missing?"

২৭/২০ সে পাখিদের পরিদর্শন করলো, এবং বললঃ “আমি হুদহুদকে দেখছি না কেন? সে অনুপস্থিত কেন?”

[27:21] "I will punish him severely or sacrifice him, unless he gives me a good excuse."

২৭/২১ “আমি তাকে কঠোর শাস্তি দেবো বা তাকে জবেহ করবো যদি না সে উপযুক্ত কারন দর্শায়।

[27:22] He did not wait for long. (The hoopoe) said, "I have news that you do not have. I brought to you from Sheba, some important information.

২৭/২২ সে বেশিক্ষণ অপেক্ষা করলো না। (হুদহুদ) বলল, “আমার কাছে সংবাদ আছে যা আপনার কাছে নাই। আমি সাবা থেকে আপনার জন্য, কিছু গুরুত্বপূর্ণ তথ্য এনেছি।

[27:23] "I found a woman ruling them, who is blessed with everything, and possesses a tremendous palace.

২৭/২৩ “আমি এক নারীকে দেখেছি তাদেরকে শাসন করতে, যাকে সবকিছু দিয়ে অনুগ্রহ করা হয়েছে, এবং সে এক অসাধারণ প্রাসাদের অধিকারী।

[27:24] "I found her and her people prostrating before the sun, instead of GOD. The devil has adorned their works in their eyes, and has repulsed them from the path; consequently, they are not guided."

২৭/২৪ “আমি তাকে এবং তার লোকদের আল্লাহর বদলে সূর্যকে সেজদা করতে দেখেছি। শয়তান তাদের কাজকে তাদের চোখে সাজিয়ে দিয়েছে, এবং তাদেরকে পথ থেকে নিবৃত্ত রেখেছে; ফলস্বরূপ, তারা পথপ্রাপ্ত নয়”।

[27:25] They should have been prostrating before GOD, the One who manifests all the mysteries in the heavens and the earth, and the One who knows everything you conceal and everything you declare.

২৭/২৫ তাদের উচিত ছিল আল্লাহকে সেজদা করা, সেই সত্তা যিনি আকাশমণ্ডলী ও পৃথিবীর সকল রহস্য প্রকাশ করেন, এবং সেই সত্তা যিনি জানেন যাকিছু তোমরা গোপন করো এবং যাকিছু তোমরা প্রকাশ করো।

[27:26] GOD: there is no other god beside Him; the Lord with the great dominion.

২৭/২৬ ঈশ্বরঃ তাঁর পাশে অন্য কোন উপাস্য নাই, মহান রাজত্বের প্রভু।

[27:27] (Solomon) said, "We will see if you told the truth, or if you are a liar.

২৭/২৭ (সুলেমান) বলল, “আমরা দেখব তুমি কি সত্য বলেছো নাকি তুমি এক মিথ্যাবাদী।

[27:28] "Take this letter from me, give it to them, then watch for their response."

২৭/২৮ “আমার কাছ থেকে এই চিঠি নাও, এটা তাদেরকে দাও, এরপর তাদের জবাবের প্রতি লক্ষ্য রাখো।

*Back in Sheba*

*সাবার*

[27:29] She said, "O my advisers, I have received an honorable letter.

২৭/২৯ সে বলল, “হে আমার উপদেষ্টা মণ্ডলী, আমি এক সন্মানিত চিঠি পেয়েছি।

[27:30] "It is from Solomon, and it is, 'In the name of GOD, Most Gracious, Most Merciful.'\*

২৭/৩০ “এটা সুলাইমানের কাছ থেকে, এবং এটা হলো, “পরম করুণাময়, পরম দয়ালু আল্লাহর নামে”।

[27:31] "Proclaiming: 'Do not be arrogant; come to me as submitters.'"

২৭/৩১ “এই ঘোষণা দিয়ে “উদ্ধত হয়ো না; আমার কাছে আসো আত্মসমর্পণকারী হিসাবে”।

[27:32] She said, "O my advisers, counsel me in this matter. I am not deciding anything until you advise me."

২৭/৩২ সে বলল, “হে আমার উপদেষ্টা মণ্ডলী, আমাকে এই বিষয়ে পরামর্শ দাও। আমি কোন সিদ্ধান্ত নিচ্ছি না যতক্ষণ না তোমরা আমাকে উপদেশ দাও”।

[27:33] They said, "We possess the power, we possess the fighting skills, and the ultimate command is in your hand. You decide what to do."

২৭/৩৩ তারা বলল, “আমাদের শক্তি আছে, আমাদের যুদ্ধের দক্ষতা আছে, আর চূড়ান্ত হুকুম আপনার হাতে। আপনি সিদ্ধান্ত নিন কি করতে হবে।

[27:34] She said, "The kings corrupt any land they invade, and subjugate its dignified people. This is what they usually do.

২৭/৩৪ সে বলল, “রাজারা কোন ভূখণ্ডকে/দেশ/ জনপদ আক্রমণ করলে তা বিপর্যস্ত করে দেয়, এবং এর মর্যাদাসম্পন্ন লোকদের অধীনস্থ করে নেয়। এটাই তারা সাধারণত করে থাকে।

[27:35] "I am sending a gift to them; let us see what the messengers come back with."

২৭/৩৫ “আমি তাদের কাছে একটি উপহার পাঠাচ্ছি; দেখি বার্তাবাহকরা কি নিয়ে ফিরে আসে”।

[27:36] When the hoopoe returned to Solomon (he told him the news), and he responded (to Sheba's people): "Are you giving me money? What GOD has given me is far better than what He has given you. You are the ones to rejoice in such gifts."

২৭/৩৬ যখন হুদহুদ সুলেমানের কাছে ফিরে এলো (সে তাকে সংবাদটি দিলো), এবং সে জবাবে বলল (সাবার লোকদের): “তোমরা কি আমাকে অর্থ দিচ্ছ? আল্লাহ আমাকে যা দিয়েছেন তা তোমাদেরকে যা দিয়েছেন তা থেকে অনেক উত্তম। তোমরা সে লোক যারা এমন উপহারে আনন্দ করে”।

[27:37] (To the hoopoe, he said,) "Go back to them (and let them know that) we will come to them with forces they cannot imagine. We will evict them, humiliated and debased."

২৭/৩৭ (হুদহুদকে, সে বলল) “তাদের কাছে ফিরে যাও (এবং তাদের জানাও যে) আমরা তাদের কাছে আসবো এমন সেনাবাহিনী নিয়ে যা তারা কল্পনা করতে পারে না। আমরা তাদেরকে উচ্ছেদ করবো, অপমানিত এবং অপদস্থ করে।

*Faster Than the Speed of Light*  
আলোর গতির থেকে দ্রুত

[27:38] He said, "O you elders, which of you can bring me her mansion, before they arrive here as submitters?"

২৭/৩৮ সে বলল, “হে সভাসদবর্গ/পরিষদবর্গ/প্রধানগণ, তোমাদের মধ্যে কে আমাকে তার প্রাসাদ এনে দিতে পারে, তারা এখানে আত্মসমর্পণকারী হিসাবে পৌঁছানোর আগে।

[27:39] One afrit from the jinns said, "I can bring it to you before you stand up. I am powerful enough to do this."

২৭/৩৯ জিনদের মধ্যে একজন শক্তিশালী জিন বলল, “আপনি উঠে দাঁড়ানোর আগে আমি তা আপনার কাছে নিয়ে আসতে পারি। আমি যথেষ্ট শক্তিশালী তা করার জন্য”।

[27:40] The one who possessed knowledge from the book said, "I can bring it to you in the blink of your eye." When he saw it settled in front of him, he said, "This is a blessing from my Lord, whereby He tests me, to show whether I am appreciative or unappreciative. Whoever is appreciative is appreciative for his own good, and if one turns unappreciative, then my Lord is in no need for him, Most Honorable."

২৭/৪০ যে গ্রন্থ থেকে জ্ঞান অর্জন করেছিল সে বলল, “আপনি চোখের পলক ফেলার আগেই আপনার কাছে আমি তা নিয়ে আসতে পারি”। সে যখন তার সামনে তা রক্ষিত দেখল, সে বলল, “এটা আমার প্রভুর পক্ষ থেকে একটি অনুগ্রহ, যার দ্বারা তিনি আমাকে পরীক্ষা করেন, এটা দেখাতে আমি কৃতজ্ঞ নাকি অকৃতজ্ঞ। যে কৃতজ্ঞ সে তার নিজের ভালোর জন্যই কৃতজ্ঞ, এবং যদি কেউ অকৃতজ্ঞ হয়, তবে আমার প্রভুর তাকে কোন প্রয়োজন নেই, পরম সন্মানিত।

[27:41] He said, "Remodel her mansion for her. Let us see if she will be guided, or continue with the misguided."

২৭/৪১ সে বলল, “তার প্রাসাদ তার জন্য পুনরায় সাজাও। দেখা যাক সে পথপ্রাপ্ত হবে, নাকি পথভ্রষ্টদের সাথে চলবে”।

[27:42] When she arrived, she was asked, "Does your mansion look like this?" She said, "It seems that this is it." (Solomon said,) "We knew beforehand what she was going to do, and we were already submitters."

২৭/৪২ যখন সে পৌঁছাল, তাকে জিজ্ঞাসা করা হল, “তোমার প্রাসাদ কি দেখতে এমন?” সে বলল, “মনে হচ্ছে এটা যেন সেটাই”। “আমরা আগেই জানতাম সে কি করতে যাচ্ছে, এবং ইতিমধ্যে আমরা আত্মসমর্পণকারী ছিলাম”।

[27:43] She had been diverted by worshipping idols instead of GOD; she belonged to disbelieving people.

২৭/৪৩ সে আল্লাহর বদলে অন্য উপাস্যদের উপাসনা তাকে পথ থেকে সরিয়ে নিয়েছিল; সে অবিশ্বাসী লোকদের অন্তর্ভুক্ত ছিল।

[27:44] She was told, "Go inside the palace." When she saw its interior, she thought it was a pool of water, and she (pulled up her dress,) exposing her legs. He said, "This interior is now paved with crystal." She said, "My Lord, I have wronged my soul. I now submit with Solomon to GOD, Lord of the universe."

২৭/৪৪ তাকে বলা হল, “প্রাসাদের ভেতরে যাও”। যখন সে এটার অভ্যন্তরভাগ দেখল, সে ভাবল এটা একটি জলাশয়, এবং সে (তার পোশাক উঁচু করে ধরল) তার পাগুলো অনাবৃত করে। সে বলল, “এই অভ্যন্তরভাগ এখন স্ফটিক দিয়ে বাঁধানো”। সে বলল, “আমার প্রভু, আমি আমার আত্মার ক্ষতি করেছি। আমি এখন সুলেমানের সাথে আল্লাহর কাছে আত্মসমর্পণ করছি, যিনি মহাবিশ্বের প্রভু”।

*Sāleh*  
সালেহ

[27:45] We have sent to Thamūd their brother Sāleh, saying, "You shall worship GOD." But they turned into two feuding factions.

২৭/৪৫ আমরা সামুদ জাতির কাছে তাদের ভাই সালেহকে পাঠিয়েছি, এই বলে যে, “তোমরা আল্লাহর উপাসনা করবে”। কিন্তু তারা দুটি বিবাদকারী দলে বিভক্ত হল।

[27:46] He said, "O my people, why do you hasten to commit evil instead of good works? If only you implore GOD for forgiveness, you may attain mercy."

২৭/৪৬ সে বলল, “হে আমার লোকেরা, কেন তোমরা ভালো কাজের বদলে মন্দ কাজে ত্বরান্বিত? যদি কেবল তোমরা আল্লাহর কাছে

ক্ষমাপ্রাপ্তির জন্য মিনতি করো, তোমরা দয়া পেতে পারো”।

[27:47] They said, "We consider you a bad omen for us, you and those who joined you." He said, "Your omen is fully controlled by GOD. Indeed, you are deviant people."

২৭/৪৭ তারা বলল, “আমরা তোমাকে আমাদের জন্য অশুভ লক্ষণ মনে করি, তোমাকে এবং তোমার সাথে যারা যোগ দিয়েছে”। সে বলল, “তোমাদের পূর্ব লক্ষণ সম্পূর্ণরূপে আল্লাহর দ্বারা নিয়ন্ত্রিত। নিশ্চয়, তোমরা পথভ্রষ্ট লোক”।

[27:48] There were nine gangsters in the city who were wicked, and never did anything good.

২৭/৪৮ সেই শহরে ছিল নয়জন দুর্বৃত্তদের লোক যারা ছিল পাপিষ্ঠ, এবং কখন ভালো কিছু করতো না।

[27:49] They said, "Let us swear by GOD that we kill him and his people, then tell his tribe, 'We know nothing about their death. We are truthful.'"

২৭/৪৯ তারা বলল “চল আমরা আল্লাহর নামে শপথ করি যে আমরা তাকে এবং তার লোকদের হত্যা করবো, এরপর তার গোষ্ঠীকে বলব, “আমরা তাদের মৃত্যুর ব্যাপারে কিছুই জানি না। আমরা সত্যবাদী”।

*God Protects The Believers*  
*আল্লাহ বিশ্বাসীদের রক্ষা করেন*

[27:50] They plotted and schemed, but we also plotted and schemed, while they did not perceive.

২৭/৫০ তারা কুমন্ত্রনা এবং চক্রান্ত করলো, এবং আমরা ও চক্রান্ত করলাম এবং কৌশল অবলম্বন করলাম, যা তারা বুঝতে পারেনি।

[27:51] Note the consequences of their plotting; we annihilated them and all their people.

২৭/৫১ লক্ষ্য করো তাদের চক্রান্তের পরিণাম; আমরা তাদেরকে এবং তাদের সব লোকদের ধ্বংস করেছিলাম।

[27:52] Here are their homes utterly ruined, because of their transgression. This should be a lesson for people who know.

২৭/৫২ এইযে তাদের ঘরবাড়ি একদম ধ্বংসপ্রাপ্ত, তাদের সীমালঙ্ঘনের কারণে। এটা একটা শিক্ষা হওয়া উচিত সেসব লোকদের জন্য যারা জানে।

[27:53] We save those who believe and lead a righteous life.

২৭/৫৩ আমরা রক্ষা করি তাদেরকে যারা বিশ্বাস করে এবং সৎ-জীবন যাপন করে।

*Lot*  
*লুত*

[27:54] Lot said to his people, "How could you commit such an abomination, publicly, while you see?"

[29:14] We sent Noah to his people, and he stayed with them one thousand years, less fifty.\* Subsequently, they incurred the flood because of their transgressions.

আমরা নূহকে তার লোকদের কাছে পাঠিয়েছিলাম, এবং সে তাদের সাথে পঞ্চাশ কম এক হাজার বছর অবস্থান করেছিল। পরবর্তীতে, তারা তাদের সীমালঙ্ঘনের কারণে বন্যা টেনে এনেছিল।

*\*29:14 Since the Quran's miracle is mathematical, the numbers especially constitute an important part of the 19-based code. Thus, the numbers mentioned in the Quran add up to 162146, or 19x8534 (see Appendix 1 for the details).*

[29:15] We saved him and those who accompanied him in the ark, and we set it up as a lesson for all the people.

আমরা তাকে ও তার সাথে যারা নৌকায় ছিল তাদেরকে রক্ষা করেছিলাম, এবং আমরা একে সব লোকদের জন্য একটি শিক্ষা হিসেবে স্থাপন করলাম।

Abraham  
ইব্রাহিম

[29:16] Abraham said to his people, "You shall worship GOD, and reverence Him. This is better for you, if you only knew.

ইব্রাহিম তার লোকদের বলেছিল, "তোমরা আল্লাহর উপাসনা করবে, এবং তাকে ভক্তি করবে। এটা তোমাদের জন্য উত্তম, যদি শুধু তোমরা জানতে।

[29:17] "What you worship instead of GOD are powerless idols; you have invented a lie." "তোমরা আল্লাহর পরিবর্তে যা কিছুর উপাসনা করো তা ক্ষমতাহীন শরিক- উপাস্য; তোমরা এক মিথ্যা উদ্ভাবন করেছো।"

God: The Only Source of Provisions  
আল্লাহ: জীবিকার একমাত্র উৎস

The idols you worship beside GOD do not possess any provisions for you. Therefore, you shall seek provisions only from GOD. You shall worship Him alone, and be appreciative of Him; to Him is your ultimate return.

আল্লাহর পাশে যেসব উপাস্যদের উপাসনা তোমরা করো তাদের কাছে তোমাদের জন্য কোন জীবিকা নেই। অতএব, তোমরা শুধু আল্লাহর কাছে জীবিকা খুঁজবে। তোমরা কেবল তার উপাসনা করবে, এবং তার প্রতি কৃতজ্ঞ হও; তাঁর কাছেই তোমাদের চূড়ান্ত প্রত্যাবর্তন।

[29:18] If you disbelieve, generations before you have also disbelieved. The sole function of the messenger is to deliver (the message).

যদি তোমরা অবিশ্বাস করো, তোমাদের আগও প্রজন্মগুলো অবিশ্বাস করেছে। বার্তাবাহকের একমাত্র কাজ (বার্তা) প্রদান করা।

Study the Origin of Life\*  
জীবনের উৎপত্তি নিয়ে অধ্যয়ন করুন

[29:19] Have they not seen how GOD initiates the creation, then repeats it? This is easy for GOD to do.

তারা কি দেখেনি কিভাবে আল্লাহ সৃষ্টির সূচনা করেন, এরপর এর পুনরাবৃত্তি করেন? এটি করা আল্লাহর জন্য সহজ।

*\*29:19-20 We learn from the Quran that evolution is a divinely guided process. See Appendix 31 for the details.*

[29:20] Say, "Roam the earth and find out the origin of life."\* For GOD will thus initiate the creation in the Hereafter. GOD is Omnipotent.

বল, "পৃথিবী ঘুরে বেড়াও এবং জীবনের উৎপত্তি খুঁজে বের করো"। কারণ আল্লাহ এভাবে পরকালে সৃষ্টির সূচনা করবেন। আল্লাহ সর্বশক্তিমান।

*\*29:19-20 We learn from the Quran that evolution is a divinely guided process. See Appendix 31 for the details.*

[29:21] He condemns to retribution whomever He wills, and showers His mercy upon whomever He wills. Ultimately, to Him you will be turned over.

তিনি যাকে ইচ্ছা শাস্তি দেন, এবং যার প্রতি ইচ্ছা তার দয়া বর্ষণ করেন। অবশেষে, তাঁর দিকেই তোমরা ফিরবে।

[29:22] None of you can escape from these facts, on earth or in the heaven, and you have none beside GOD as a Lord and Master. তোমাদের কেউ এই বাস্তবতা এড়িয়ে যেতে পারবে না, পৃথিবীতে বা আকাশমণ্ডলীতে, এবং আল্লাহর পাশে প্রভু ও মনিব হিসেবে তোমাদের কেউ নেই।

[29:23] Those who disbelieve in GOD's revelations, and in meeting Him, have despaired from My mercy. They have incurred a painful retribution. যারা আল্লাহর প্রকাশনাবলিতে, আর তাঁর সাথে সাক্ষাতে অবিশ্বাস করে, তারা আমার দয়া থেকে নিরাশ হয়েছে। তারা টেনে এনেছে এক যন্ত্রণাকর শাস্তি।

*Back to Abraham*  
*আবার ইব্রাহিমের কথা*

[29:24] The only response from his people was their saying, "Kill him, or burn him." But GOD saved him from the fire. This should provide lessons for people who believe. প্রতিক্রিয়ায় তার লোকেরা শুধু বলেছিল, "তাকে হত্যা করো, অথবা পুড়িয়ে ফেলো।" কিন্তু আল্লাহ তাকে আগুন থেকে রক্ষা করলেন। এটি সে লোকদের জন্য শিক্ষা হওয়া উচিত যারা বিশ্বাস করে।

*Social Pressure: A Profound Disaster*  
*সামাজিক চাপ: এক বিরাট দুর্গতি*

[29:25] He said, "You worship beside GOD powerless idols due to peer pressure, just to preserve some friendship among you in this worldly life. But then, on the Day of Resurrection, you will disown one another, and curse one another. Your destiny is Hell, wherein you cannot help one another." সে বলল, "তোমরা সামাজিক চাপের কারণে আল্লাহর পাশে ক্ষমতাহীন উপাস্যের উপাসনা করো, শুধুমাত্র এই পার্থিব জীবনে তোমাদের মধ্যে কিছু বন্ধুত্ব রক্ষার জন্য। কিন্তু এরপর, পুনরুত্থান দিবসে, তোমরা একে অপরকে পরিত্যাগ করবে, এবং একে অপরকে অভিশাপ দিবে। তোমাদের নিয়তি নরক, যেখানে তোমরা পরস্পরকে সাহায্য করতে পারবে না।"

[29:26] Lot believed with him and said, "I am emigrating to my Lord. He is the Almighty, the Most Wise."

লুত তার সাথে বিশ্বাস করেছিল এবং বলেছিল, "আমি আমার প্রভুর উদ্দেশ্যে দেশত্যাগ করছি। তিনি সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী।"

[29:27] We granted him Isaac and Jacob, we assigned to his descendants prophethood and the scriptures, we endowed him with his due recompense in this life, and in the Hereafter he will surely be with the righteous.

আমরা তাকে ইসহাক ও ইয়াকুব দান করেছিলাম, আমরা তার বংশধরদের মধ্যে নবুওয়ত ও কিতাবের নিয়োগ দিয়েছিলাম/ দায়িত্ব দিয়েছিলাম, আমরা তাকে দিয়েছিলাম তার প্রাপ্য প্রতিদান, এবং পরকালে সে অবশ্যই সৎকর্মীদের সাথে থাকবে।

*Lot*  
*লুত*

[29:28] Lot said to his people, "You commit such an abomination, no one in the world has ever done it before you.

লুত তার লোকদের বলল, "তোমরা এমন ঘৃণ্য কাজ করো, যা বিশ্বে তোমাদের আগে আর কেউ করেনি।

[29:29] "You practice sex with the men, you commit highway robbery, and you allow all kinds of vice in your society." The only response from his people was to say, "Bring to us GOD's retribution, if you are truthful."

"তোমরা পুরুষদের সাথে যৌন চর্চা করো, তোমরা রাজপথে ডাকাতি করো, এবং তোমাদের সমাজে তোমরা সব রকমের পাপ অনুমোদন করো।" প্রতিক্রিয়ায় তার লোকেরা কেবল বলেছিল, "আমাদের কাছে আল্লাহর শাস্তি নিয়ে আসো, যদি তুমি সত্যবাদী হও।"

[29:30] He said, "My Lord, grant me victory over these wicked people."

সে বলল, "আমার প্রভু, এইসব অন্যায়কারী লোকদের উপর আমাকে বিজয় দান করুন।"

*Angels Visit Abraham and Lot*

*ফেরেশতারা ইব্রাহিম ও লুতের সাথে সাক্ষাৎ করল*

[29:31] When our messengers went to Abraham with good news (about Isaac's birth), they also said, "We are on our way to annihilate the people of that town (Sodom). For its people have been wicked."



যখন আমাদের ফেরেশতারা ইব্রাহিমের কাছে (ইসহাকের জন্মের) সুসংবাদ নিয়ে যায়, তারা এও বলে, “আমরা ঐ (সডম) শহরের লোকদের ধ্বংস করতে যাচ্ছি। কারণ এর লোকেরা অন্যায্যকারী।”

[29:32] He said, "But Lot is living there." They said, "We are fully aware of everyone who lives in it. We will of course save him and his family, except his wife; she is doomed." সে বলল, "কিন্তু সেখানে লুত থাকে।" তারা বলল, "সেখানে যারা থাকে আমরা তাদের প্রত্যেকের বিষয়ে সম্পূর্ণ অবগত। আমরা অবশ্যই তাকে ও তার পরিবারকে রক্ষা করবো, তার স্ত্রী ছাড়া; সে ধ্বংসপ্রাপ্ত।"

[29:33] When our messengers arrived at Lot's place, they were mistreated, and he was embarrassed by their presence. But they said, "Have no fear, and do not worry. We will save you and your family, except your wife; she is doomed." যখন আমাদের ফেরেশতারা লুতের কাছে পৌঁছলো, তাদের সাথে দুর্ব্যবহার করা হলো, এবং সে তাদের উপস্থিতিতে বিব্রত হলো। কিন্তু তারা বলল, "ভয় করো না, এবং দুশ্চিন্তা করো না। আমরা তোমাকে ও তোমার পরিবারকে রক্ষা করবো, তোমার স্ত্রী ছাড়া; সে ধ্বংসপ্রাপ্ত।"

[29:34] "We will pour upon the people of this town a disaster from the sky, as a consequence of their wickedness." "আমরা আকাশ থেকে এই শহরের লোকদের উপর দুর্যোগ অবতীর্ণ করবো, তাদের অন্যায্যের পরিণামে।"

[29:35] We left standing some of their ruins, to serve as a profound lesson for people who understand. আমরা তাদের কিছু ধ্বংসস্তুপকে রেখে দিয়েছি, সেসব লোকদের জন্য একটি দিব্যমান শিক্ষা হিসেবে যারা বুঝে।

*Shu'aib*  
শোয়াইব

[29:36] To Midyan we sent their brother Shu'aib. He said, "O my people, you shall worship GOD and seek the Last Day, and do not roam the earth corruptingly." মাদিয়ানবাসীদের কাছে আমরা তাদের ভাই শোয়াইবকে পাঠিয়েছিলাম। সে বলেছিল, "হে আমার লোকেরা, তোমরা আল্লাহর উপাসনা

করবে ও শেষ দিনের আশা রাখবে/ শেষ দিন অন্তেষণ করবে, এবং পৃথিবীতে দুর্নীতি করে বেড়াবে না।"

[29:37] They disbelieved him and, consequently, the earthquake annihilated them; they were left dead in their homes by morning. তারা তাকে অশ্রদ্ধা করেছিল এবং পরিনামে, ভূমিকম্প তাদের ধ্বংস করেছিল; সকালের মধ্যেই তারা তাদের ঘরে মৃত পড়ে ছিল।

[29:38] Similarly, 'Ād and Thamūd (were annihilated). This is made manifest to you through their ruins. The devil had adorned their works in their eyes, and had diverted them from the path, even though they had eyes.

একইভাবে, আদ ও সামূদ (ধ্বংস হয়েছিল)। তাদের ধ্বংসস্তুপই তোমাদের কাছে তা সুস্পষ্ট করে তোলে। শয়তান তাদের চোখে তাদের কাজকে সাজিয়ে রেখেছিল, এবং পথ থেকে তাদেরকে সরিয়ে দিয়েছিল, যদিও তারা ছিল দৃষ্টি সম্পন্ন।

*God's Immutable System*  
আল্লাহর অপরিবর্তনীয় নিয়ম

[29:39] Also Qāroon, Pharaoh, and Hāmān; Moses went to them with clear signs. But they continued to commit tyranny on earth. Consequently, they could not evade (the retribution). এছাড়াও ফারুণ, ফেরাউন, এবং হামান; মূসা তাদের কাছে পরিষ্কার নিদর্শনাবলি নিয়ে গিয়েছিল। কিন্তু পৃথিবীতে তারা অত্যাচার করেই যাচ্ছিলো। ফলস্বরূপ, তারা (শাস্তি) এড়াতে পারলো না।

[29:40] All those disbelievers were doomed as a consequence of their sins. Some of them were annihilated by violent winds, some were annihilated by the quake, some we caused the earth to swallow, and some we drowned. GOD is not the One who wronged them; it is they who wronged their own souls. সে সকল অশ্রদ্ধাসীরা তাদের পাপের ফলস্বরূপ ধ্বংস হয়েছিল। আমরা তাদের কাউকে ধ্বংস করেছিলাম ঝড়ো বাতাস দিয়ে, কাউকে ধ্বংস করেছিল ভূমিকম্প, কাউকে পৃথিবী গিলে ফেলেছিল, আর কাউকে আমরা ডুবিয়ে দিয়েছিলাম। আল্লাহ তাদের প্রতি কোন অন্যায্য করেননি; তারা নিজেরাই তাদের আত্মার প্রতি

অন্যায় করেছিল।

*The Spider*  
মাকড়সা

[29:41] The allegory of those who accept other masters beside GOD is that of the spider and her home; the flimsiest of all homes is the home of the spider, if they only knew.\*  
যারা আল্লাহর পাশে অন্য মনিবদের গ্রহন করে তাদের উপমা হচ্ছে মাকড়সা ও তার ঘর সরুপ; সব ঘরের মধ্যে মাকড়সার ঘরই সবচেয়ে ভঙ্গুর, শুধু যদি তারা জানতো।

*\*29:41-43 It takes a knowledgeable person to know that the Black Widow spider kills her mate. The use of the feminine reference to the spider in 29:41 is thus significant. This is in addition to the fact that the spider web is physically very flimsy.*

[29:42] GOD knows full well that whatever they worship besides Him are really nothing. He is the Almighty, the Most Wise.  
আল্লাহ খুব ভাল করেই জানেন তাঁর পাশে তারা যা কিছুই উপাসনা করে সেগুলো আসলে কিছুই না। তিনি সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী।

[29:43] We cite these examples for the people, and none appreciate them except the knowledgeable.\*  
এইসব উদাহরণ আমরা লোকেদের জন্য বর্ণনা করি, এবং জ্ঞানীরা ছাড়া কেউই এগুলোর মর্ম উপলব্ধি করে না।

*\*29:41-43 It takes a knowledgeable person to know that the Black Widow spider kills her mate. The use of the feminine reference to the spider in 29:41 is thus significant. This is in addition to the fact that the spider web is physically very flimsy.*

[29:44] GOD created the heavens and the earth, truthfully. This provides a sufficient proof for the believers.  
আল্লাহ আকাশমন্ডলী ও পৃথিবী সৃষ্টি করেছেন, সত্যের সাথে। বিশ্বাসীদের জন্য এটি যথেষ্ট প্রমাণ যোগায়।

*The Contact Prayers (Salat)*  
সংযোগ প্রার্থনা (সালাত)

[29:45] You shall recite what is revealed to you of the scripture, and observe the Contact Prayers (Salat), for the Contact Prayers prohibit evil and vice. But the remembrance of

GOD (through Salat) is the most important objective.\* GOD knows everything you do. তুমি আবৃত্তি করবে ঐশীগ্রন্থের যা তোমার কাছে প্রকাশ করা হয়েছে, এবং সংযোগ প্রার্থনা (সালাত) পালন করো, কারণ সংযোগ প্রার্থনা মন্দ ও অধর্ম থেকে দূরে রাখে। কিন্তু (সালাতের মাধ্যমে) আল্লাহর স্মরণ করাই হলো সবচেয়ে গুরুত্বপূর্ণ লক্ষ্য। তোমরা যা কিছুই করো আল্লাহ তা জানেন।

\*29:45 Your god is whatever occupies your mind most of the time (see 20:14 & Appendix 27).

*One God/One Religion*  
এক আল্লাহ/এক ধর্ম

[29:46] Do not argue with the people of the scripture (Jews, Christians, & Muslims) except in the nicest possible manner-unless they transgress- and say, "We believe in what was revealed to us and in what was revealed to you, and our god and your god is one and the same; to Him we are submitters."  
যথাসম্ভব সুন্দর পন্থা ব্যতিত ঐশীগ্রন্থের লোকেদের (ইহুদি, খ্রিস্টান, ও মুসলিমদের) সাথে বিতর্ক করো না- যদি না তারা সীমালঙ্ঘন করে- আর বল, "আমরা বিশ্বাস করি যা আমাদের কাছে প্রকাশ করা হয়েছে ও যা তোমাদের কাছে প্রকাশ করা হয়েছে, আর আমাদের উপাস্য ও তোমাদের উপাস্য এক এবং একই/অভিন্ন; তার কাছেই আমরা আত্মসমর্পণকারী। "

[29:47] We have revealed to you this scripture, and those whom we blessed with the previous scripture will believe in it. Also, some of your people will believe in it. Indeed, those who disregard our revelations are the real disbelievers.

আমরা তোমার কাছে এই ঐশীগ্রন্থ প্রকাশ করেছি, এবং যাদেরকে আমরা পূর্বের ঐশীগ্রন্থ দিয়ে সৌভাগ্যশালী করেছি তারা এতে বিশ্বাস করবে। এছাড়াও, তোমার লোকদের কেউ কেউ এতে বিশ্বাস করবে। নিশ্চয়, যারা আমাদের প্রকাশনাবলি উপেক্ষা করে তারাই প্রকৃত অশ্বাসী।

*Quran: Muhammad's Miracle\**  
কোরআন: মুহাম্মদের অলৌকিকতা

[29:48] You did not read the previous scriptures, nor did you write them with your hand. In that case, the rejectors would have

had reason to harbor doubts.  
তুমি পূর্ববর্তী ঐশীগ্রন্থগুলো পড়োনি, না তুমি  
সেগুলো নিজের হাতে লিখেছ। সেক্ষেত্রে,  
প্রত্যাখ্যানকারীদের সন্দেহ করার কারন থাকতে  
পারতো।

[29:49] In fact, these revelations are clear in  
the chests of those who possess knowledge.  
Only the wicked will disregard our revelations.  
বস্তুত, এইসব প্রকাশনাবলি তাদের বক্ষ  
পরিষ্কার যারা জ্ঞানের অধিকারী। শুধু  
অন্যায়কারীরাই আমাদের প্রকাশনাবলি  
প্রত্যাখ্যান করবে।

[29:50] They said, "If only miracles\* could  
come down to him from his Lord!" Say, "All  
miracles come only from GOD; I am no more  
than a manifest warner."  
তারা বলল, "শুধু যদি তার প্রভুর পক্ষ থেকে  
তার কাছে অলৌকিকতা আসতো!" বল,  
"সকল অলৌকিকতা কেবল আল্লাহ থেকে  
আসে; আমি একজন স্পষ্ট সতর্ককারীর চেয়ে  
বেশি কিছু নই।"

[29:51] Is it not enough of a miracle\* that we  
sent down to you this book, being recited to  
them? This is indeed a mercy and a reminder  
for people who believe.  
এটি কি যথেষ্ট অলৌকিকতা নয় যে আমরা  
তোমার কাছে এই গ্রন্থ অবতীর্ণ করেছি, যা  
তাদের কাছে আবৃত্তি করা হয়? এটি নিশ্চয়  
একটি দয়া ও এক স্মারক বার্তা সে লোকদের  
জন্য যারা বিশ্বাস করে।

[29:52] Say, "GOD suffices as a witness  
between me and you. He knows everything in  
the heavens and the earth. Surely, those who  
believe in falsehood and disbelieve in GOD  
are the real losers."  
বল, "আমার এবং তোমাদের মাঝে সাক্ষী  
হিসেবে আল্লাহ যথেষ্ট। তিনি আকাশমণ্ডলী ও  
পৃথিবীর সবকিছু জানেন। নিশ্চয়, যারা মিথ্যায়  
বিশ্বাস করে এবং আল্লাহতে অবিশ্বাস করে  
তরাই প্রকৃত ক্ষতিগ্রস্ত।"

*They Are in Hell*  
*তারা নরকে*

[29:53] They challenge you to bring the  
retribution! If it were not for a predetermined  
appointment, the retribution would have come  
to them immediately.\* Certainly, it will come  
to them suddenly, when they least expect it.  
তারা তোমাকে শাস্তি আনার জন্য চ্যালেঞ্জ করে।

যদি এক পূর্বনির্ধারিত সময় না থাকতো, শাস্তি  
তাদের কাছে তৎক্ষণাত আসতো। নিশ্চয়, এটি  
তাদের কাছে হঠাৎ করেই আসবে, যখন তারা  
খুব কমই এর আশা করবে।

[29:54] They challenge you to bring  
retribution! Hell already surrounds the  
disbelievers.  
শাস্তি আনার জন্য তারা তোমাকে চ্যালেঞ্জ  
করে! নরক তো ইতোমধ্যে অবিশ্বাসীদের ঘিরেই  
ফেলেছে।

[29:55] The day will come when the  
retribution overwhelms them, from above them  
and from beneath their feet; He will say,  
"Taste the consequences of your works."  
সেদিন আসবে যখন শাস্তি তাদের ঘেরাও করে  
ফেলবে, তাদের উপর থেকে এবং তাদের  
পায়ের নিচ থেকে; সে বলবে, "তোমাদের  
কাজের ফল আন্বাদন করো।"

[29:56] O My servants who believed, My earth  
is spacious, so worship Me.  
হে আমার বান্দারা যারা বিশ্বাস করো, আমার  
পৃথিবী প্রশস্ত, তাই আমার উপাসনা করো।

[29:57] Every soul will taste death, then to us  
you will be ultimately returned.  
প্রত্যেক আত্মা মৃত্যুর স্বাদ আন্বাদন করবে,  
এরপর পরিশেষে আমাদের কাছেই তোমরা  
ফিরে আসবে।

[29:58] Those who believe and lead a  
righteous life, we will surely settle them in  
Paradise, with mansions and flowing streams.  
Eternally they abide therein. What a beautiful  
reward for the workers.  
যারা বিশ্বাস করে এবং সৎ জীবন- যাপন করে,  
নিশ্চয় আমরা তাদেরকে প্রতিষ্ঠিত করবো স্বর্গে,  
অট্টালিকা ও প্রবাহিত ঝর্ণা সহ। তারা সেখানে  
চিরকাল বাস করে। কর্মীদের জন্য কতই না  
সুন্দর পুরস্কার!

[29:59] They are the ones who steadfastly  
persevere, and trust in their Lord.  
তারা সে ব্যক্তি যারা দৃঢ়তার সাথে অবিচল  
থাকে, আর তাদের প্রভুর উপর আস্থা রাখে।

[29:60] Many a creature that does not carry its  
provision, GOD provides for it, as well as for  
you. He is the Hearer, the Omniscient.  
বহু প্রানি আছে যেগুলো এদের জীবিকা বহন  
করে না, আল্লাহ এদের জন্য প্রদান করেন,

একইভাবে তোমাদের জন্যও। তিনি শুনেন,  
সর্বজ্ঞ।

*Most Believers Destined for Hell*  
বেশির ভাগ বিশ্বাসীর নিয়তি নরক

[29:61] If you ask them, "Who created the heavens and the earth, and put the sun and the moon in your service," they will say, "GOD." Why then did they deviate? যদি তুমি তাদের জিজ্ঞেস করো, "কে আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করেছেন, আর তোমাদের সেবায় সূর্য ও চাঁদকে নিয়োজিত করেছেন," তারা বলবে, "আল্লাহ।" তাহলে কেন তারা বিচ্যুত হয়?

[29:62] GOD is the One who increases the provision for whomever He chooses from among His creatures, and withholds it. GOD is fully aware of all things. আল্লাহই সে সত্ত্বা যিনি তার সৃষ্টিকূল থেকে যে কারো জন্য ইচ্ছে জীবিকা বৃদ্ধি করেন, আর তা সীমাবদ্ধ রাখেন। আল্লাহ সবকিছুর বিষয়ে পূর্ণ সচেতন।

[29:63] If you ask them, "Who sends down from the sky water, to revive dead land," they will say, "GOD." Say, "Praise GOD." Most of them do not understand. যদি তুমি তাদের জিজ্ঞেস করো, "কে আকাশ থেকে পানি অবতীর্ণ করেন মৃত জমিকে পুনরুজ্জীবিত করার জন্য," তারা বলবে, "আল্লাহ।" বল, "প্রশংসা আল্লাহর।" তাদের বেশির ভাগ বুঝে না।

*Re-arrange Your Priorities*  
আপনি জীবনে যেগুলোকে অগ্রাধিকার দেন  
সেগুলো পুনর্বিন্যাস করুন

[29:64] This worldly life is no more than vanity and play, while the abode of the Hereafter is the real life, if they only knew. এই পার্থিব জীবন অহমিকা এবং রঙ্গ-খেলায় চেয়ে বেশি কিছু নয়, যেখানে পরকালের আবাসই সত্যিকার জীবন, যদি শুধু তারা জানতো।

[29:65] When they ride on a ship, they implore GOD, devoting their prayers to Him. But as soon as He saves them to the shore, they revert to idolatry. যখন তারা কোন জাহাজে আরোহণ করে, তারা আল্লাহর কাছে মিনতি করে, তাদের প্রার্থনাকে তাঁর কাছেই নিবেদন করে। কিন্তু যখনই

তাদেরকে তিনি তীরে এনে রক্ষা করেন, তারা পুনরায় শিরক করতে থাকে।

[29:66] Let them disbelieve in what we have given them, and let them enjoy temporarily; they will surely find out. তাদেরকে অবিশ্বাস করতে দাও যা আমরা তাদেরকে দিয়েছি, এবং তাদেরকে কিছু কালের জন্য উপভোগ করতে দাও; তারা নিশ্চয় দেখতে পাবে।

[29:67] Have they not seen that we have established a Sacred Sanctuary that we made secure, while all around them the people are in constant danger? Would they still believe in falsehood, and reject GOD's blessings? তারা কি দেখেনি যে আমরা একটি পবিত্র উপাসনার স্থান প্রতিষ্ঠা করেছি যাকে আমরা নিরাপদ করেছি, যখন তাদের চারপাশের সকল লোকেরা অনবরত বিপদে আছে? তারা কি এরপরও মিথ্যায় বিশ্বাস করবে, এবং আল্লাহর অনুগ্রহকে প্রত্যাখ্যান করবে?

[29:68] Who is more evil than one who fabricates lies and attributes them to GOD, or rejects the truth when it comes to him? Is Hell not a just retribution for the disbelievers? তার চেয়ে কে বেশি মন্দ যে মিথ্যা উদ্ভাবন করে এবং সেগুলো আল্লাহর প্রতি আরোপ করে, অথবা সত্য প্রত্যাখ্যান করে যখন তা তার কাছে আসে? নরকই কি অবিশ্বাসীদের জন্য উচিত শাস্তি নয়?

[29:69] As for those who strive in our cause, we will surely guide them in our paths. Most assuredly, GOD is with the pious. আর যারা আমাদের কারনে সংগ্রাম করে, আমরা নিশ্চয় তাদেরকে আমাদের পথ দেখাবো। নিশ্চিতই, আল্লাহ ধার্মিকদের সাথে আছেন।



## Sura 30: Romans (Al-Room)

[30:0] In the name of God, Most Gracious, Most Merciful

[30:1] A. L. M.\*  
অ.ল.ম

*\*30:1 See Appendix 1 for the detailed explanation of these previously mysterious initials.*

[30:2] Certainly, the Romans will be defeated.  
নিশ্চয়, রোমানরা পরাজিত হবে।

[30:3] In the nearest land. After their defeat, they will rise again and win.  
নিকটতম ভূমিতে। তাদের পরাজয়ের পর, তারা আবার জেগে উঠবে এবং জয়ী হবে।

[30:4] Within several years. Such is GOD's decision, both in the first prophecy, and the second. On that day, the believers shall rejoice কয়েক বছরের মধ্যে। এমনই আল্লাহর সিদ্ধান্ত, প্রথম এবং দ্বিতীয় উভয় ভবিষ্যৎবাণীর ক্ষেত্রে। ঐ দিন, বিশ্বাসীরা আনন্দ করবে।

[30:5] in GOD's victory. He grants victory to whomever He wills. He is the Almighty, Most Merciful.  
আল্লাহর বিজয়ে। তিনি যাকে ইচ্ছা বিজয় দান করেন। তিনি সর্বশক্তিমান, সবচেয়ে দয়ালু।

*Preoccupation With the Wrong Life  
ভুল জীবনে মগ্ন থাকা*

[30:6] Such is GOD's promise-and GOD never breaks His promise-but most people do not know.  
এমনই আল্লাহর অঙ্গীকার এবং আল্লাহ কখনো তার অঙ্গীকার ভঙ্গ করেন না- কিন্তু অধিকাংশ লোক জানেনা।

[30:7] They care only about things of this world that are visible to them, while being totally oblivious to the Hereafter.  
তারা কেবল এই পার্থিব জিনিসের প্রতি গুরুত্ব দেয় যা তাদের কাছে দৃশ্যমান, যখন পরকালের বিষয়ে পুরোপুরি বেখেয়াল থাকে।

[30:8] Why do they not reflect on themselves? GOD did not create the heavens and the earth, and everything between them, except for a specific purpose, and for a specific life span. However, most people, with regard to meeting

their Lord, are disbelievers.

কেন তারা নিজেদের বিষয়ে চিন্তা করে না? আল্লাহ আকাশমন্ডলী ও পৃথিবী, এবং এদের মধ্যকার সবকিছু, একটি সুনির্দিষ্ট উদ্দেশ্য, এবং একটি সুনির্দিষ্ট জীবনকাল ব্যতীত সৃষ্টি করেননি। কিন্তু, অধিকাংশ লোক, তাদের প্রভুর সাথে সাক্ষাতের বিষয়ে, অবিশ্বাসী।

[30:9] Have they not roamed the earth and noted the consequences for those who preceded them? They used to be more powerful, more prosperous, and more productive on earth. Their messengers went to them with clear signs. Consequently, GOD was not the One who wronged them, they are the ones who wronged their own souls.  
তারা কি পৃথিবী ঘুরে দেখেনি এবং তাদের পূর্বে যারা ছিল তাদের পরিণাম লক্ষ্য করেনি? তারা ছিল পৃথিবীতে আরো ক্ষমতাবান, আরো সমৃদ্ধশালী, এবং আরো উৎপাদনশীল। তাদের বার্তাবাহকগণ তাদের কাছে পরিষ্কার নিদর্শনাবলি নিয়ে গিয়েছিল। পরিণামে, আল্লাহ তাদের প্রতি অন্যায় করেননি, তারাই তাদের নিজেদের আত্মার প্রতি অন্যায় করেছিল।

[30:10] The consequences for those who committed evil had to be evil. That is because they rejected GOD's revelations, and ridiculed them.  
যারা মন্দ কাজ করেছিল তাদের পরিণাম মন্দই হওয়ার ছিল। এর কারন হল তারা আল্লাহর প্রকাশনাবলি প্রত্যাখ্যান করত, এবং সেগুলোকে উপহাস করত।

*Idol Worshipers Disown Their Idols  
অংশীদার উপাসকরা তাদের উপাস্যদের প্রত্যাখ্যান করে*

[30:11] GOD is the One who initiates the creation and repeats it. Ultimately, you will be returned to Him.  
আল্লাহই সে সত্ত্বা যিনি সৃষ্টির সূচনা করেন এবং এর পুনরাবৃত্তি করেন। অবশেষে, তোমাদের তার কাছে ফিরে যেতে হবে।

[30:12] On the Day when the Hour comes to pass, the guilty will be shocked.  
সে দিনে যখন সে ঘটনা সংঘটিত হবে, অপরাধীরা আতংকিত হবে।

[30:13] Their idols will have no power to intercede on their behalf; on the contrary, they will disown their idols.  
তাদের উপাস্যদের কোন ক্ষমতা থাকবে না

তাদের পক্ষ হয়ে সুপারিশ করার ;  
পক্ষান্তরে, তারা তাদের উপাস্যদের প্রত্যাখ্যান  
করবে।

[30:14] On the day when the Hour comes to  
pass, they will part company.  
সে দিন যখন সে ঘণ্টা সংঘটিত হবে, তারা সঙ্গ  
পরিত্যাগ করবে।

[30:15] As for those who believe and lead a  
righteous life, they will be in Paradise,  
rejoicing.  
আর যারা বিশ্বাস করে এবং সৎ জীবন যাপন  
করে, তারা থাকবে স্বর্গে, আনন্দের সাথে।

[30:16] As for those who disbelieve, and reject  
our revelations and the meeting of the  
Hereafter, they will last in the retribution  
forever.  
আর যারা অশ্বাস করে, আর আমাদের  
প্রকাশনাবলি এবং পরকালের সাক্ষাতকে  
প্রত্যাখ্যান করে, তারা চিরকাল শাস্তিতে  
থাকবে।

*Remember God, Always*

*আল্লাহর স্মরণ করুন, সবসময়*

[30:17] Therefore, you shall glorify GOD  
when you retire at night, and when you rise in  
the morning.  
অতএব, তোমরা আল্লাহর মহিমা ঘোষণা  
করবে যখন তোমরা রাতে ঘুমাতে যাও, এবং  
যখন তোমরা সকালে ঘুম থেকে ওঠো।

[30:18] All praise is due to Him in the heavens  
and the earth, throughout the evening, as well  
as in the middle of your day.  
আকাশমন্ডলী এবং পৃথিবীতে সকল প্রশংসা তাঁর  
জন্য, বিকেল জুড়ে, একই সাথে তোমাদের  
দিনের মধ্যভাগে।

[30:19] He produces the live from the dead,  
and produces the dead from the live, and He  
revives the land after it had died; you are  
similarly resurrected.  
তিনি মৃত থেকে জীবিতকে তৈরি করেন, আর  
মৃতকে তৈরি করেন জীবিত থেকে, এবং তিনি  
ভূমিকে পুনরুজ্জীবিত করেন তা মরে যাবার  
পর; একইভাবে তোমরা পুনরুজ্জীবিত হও।

*Marriage: A Divine Institution*

*বিয়ে: একটি ঐশ্বরিক প্রতিষ্ঠান*

[30:20] Among His proofs is that He created  
you from dust, then you became reproducing  
humans.

তাঁর প্রমাণাদির মধ্যে আছে যে তিনি  
তোমাদেরকে ধূলা থেকে সৃষ্টি করেছেন,  
এরপর তোমরা প্রজননশীল মানুষ হয়ে ওঠো।

[30:21] Among His proofs is that He created  
for you spouses from among yourselves, in  
order to have tranquility and contentment with  
each other, and He placed in your hearts love  
and care towards your spouses. In this, there  
are sufficient proofs for people who think.  
তাঁর প্রমাণসমূহের মধ্যে রয়েছে যে তিনি  
তোমাদের মধ্যে থেকে তোমাদের জন্য  
সহধর্মী/সহধর্মীনি সৃষ্টি করেছেন, যাতে  
পরস্পরের সাথে প্রশান্তি ও সন্তুষ্টিতে থাকো,  
আর তিনি তোমাদের সঙ্গীদের প্রতি তোমাদের  
হৃদয়ে ভালবাসা ও যত্ন রেখেছেন। এর মধ্যে,  
যথেষ্ট প্রমাণ আছে সে লোকদের জন্য যারা চিন্তা  
করে।

*More Proofs*

*আরো প্রমাণাদি*

[30:22] Among His proofs are the creation of  
the heavens and the earth, and the variations in  
your languages and your colors. In these, there  
are signs for the knowledgeable.  
তাঁর প্রমাণসমূহের মধ্যে রয়েছে আকাশমণ্ডলী ও  
পৃথিবীর সৃষ্টি, এবং তোমাদের ভাষা ও রঙের  
ভিন্নতা। এসবের মধ্যে, নিদর্শনাবলি আছে  
জ্ঞানবানদের জন্য।

[30:23] Among His proofs is your sleeping  
during the night or the day, and your working  
in pursuit of His provisions. In this, there are  
sufficient proofs for people who can hear.  
তাঁর প্রমাণসমূহের মধ্যে রয়েছে তোমাদের ঘুম  
রাতে বা দিনে, এবং তাঁর জীবিকার খোঁজে  
তোমাদের কাজ করা। এর মাঝে, যথেষ্ট প্রমাণ  
রয়েছে সে লোকদের জন্য যারা শুনতে পারে।

[30:24] Among His proofs is that He shows  
you the lightning as a source of fear, as well as  
hope, then He sends down from the sky water  
to revive a land that has been dead. In these,  
there are sufficient proofs for people who  
understand.

তাঁর প্রমাণসমূহের মধ্যে রয়েছে যে তিনি  
তোমাদের বজ্রপাত দেখান ভয় উদ্বেককারী সেই  
সাথে আশা স্বরূপ, এরপর তিনি আকাশ থেকে  
পানি বর্ষণ করেন জমিকে পুনরুজ্জীবিত করতে  
যা ছিল মৃত। এসবের মধ্যে, সে লোকদের

জন্য যথেষ্ট প্রমাণ আছে যারা বুঝে।

[30:25] Among His proofs is that the heaven and the earth are standing at His disposal. Finally, when He calls you out of the earth, one call, you will immediately come out.

তঁর প্রমাণসমূহের মধ্যে রয়েছে যে আকাশ ও পৃথিবী তঁর নিয়ন্ত্রনে দাঁড়িয়ে আছে। অবশেষে, যখন তিনি তোমাদেরকে ডাকেন মাটি থেকে বের হতে, একটি ডাক, তোমরা সাথে সাথে বের হয়ে আসবে।

[30:26] To Him belongs everyone in the heavens and the earth; all are subservient to Him.

আকাশমণ্ডলী ও পৃথিবীর সবাই তঁরই; সবাই তঁর আজ্ঞাধীন।

[30:27] And He is the One who initiates the creation, then repeats it; this is even easier for Him. To Him belongs the most sublime similitude, in the heavens and the earth, and He is the Almighty, Most Wise.

আর তিনিই সেই সত্ত্বা যিনি সৃষ্টির সূচনা করেন, এরপর তার পুনরাবৃত্তি করেন; এটা এমনকি তঁর জন্য আরো সহজ। সবচেয়ে মহিমান্বিত উপমা তারই, আকাশমণ্ডলী ও পৃথিবীতে, এবং তিনি সর্বশক্তিমান, সবথেকে জ্ঞানী।

#### *Absurdity of Idol Worship*

#### *শরিক উপাসনার অযৌক্তিকতা*

[30:28] He cites for you herein an example from among yourselves: Do you ever elevate your servants or subordinates to the level where they rival you, and to the point that you pay them as much allegiance as is being paid to you? We thus explain the revelations for people who understand.

তিনি তোমাদের জন্য এখানে একটি উদাহরণ দেন তোমাদের নিজেদের মধ্য থেকে: তোমরা কি তোমাদের ভৃত্য বা অধস্তনদের কখনো সে স্তরে উঠাও যেখানে তারা তোমাদের প্রতিদ্বন্দ্বিতা করে, এবং সে বিন্দুতে যে তোমরা তাদেরকে ততটুকু আনুগত্য প্রদর্শন করো যতটুকু তোমাদেরকে প্রদর্শন করা হয়? আমরা এভাবে সে লোকদের জন্য প্রকাশনাবলি ব্যাখ্যা করি যারা বুঝে।

[30:29] Indeed, the transgressors have followed their own opinions, without knowledge. Who then can guide those who have been sent astray by GOD? No one can ever help them.

নিশ্চয়, সীমালঙ্ঘনকারীরা তাদের নিজেদের মত অনুসরণ করেছে, জ্ঞান ছাড়াই। কে তবে তাদেরকে পথ দেখাতে পারে যারা আল্লাহর দ্বারা পথভ্রষ্ট হয়েছে? কেউ কখনো তাদের সাহায্য করতে পারবে না।

#### *Monotheism: Natural Instinct\**

#### *একেশ্বরবাদী : সহজাত প্রবৃত্তি\**

[30:30] Therefore, you shall devote yourself to the religion of strict monotheism. Such is the natural instinct placed into the people by GOD. Such creation of GOD will never change. This is the perfect religion, but most people do not know.

অতএব, তোমরা নিজেদেরকে উৎসর্গ করবে কঠোর একেশ্বরবাদী ধর্মের প্রতি। এমনই সহজাত প্রবৃত্তি যা আল্লাহ লোকদের মধ্যে রেখেছেন। আল্লাহর এমন সৃষ্টি কখনো পরিবর্তন হবে না। এটাই নিঃখুত ধর্ম, কিন্তু অধিকাংশ লোক জানে না।

*\*30:30 Recognizing God ALONE as our Lord and Master is a natural instinct. We are born into this world with such an instinct. See 7:172-173 and Appendix 7.*

[30:31] You shall submit to Him, reverence Him, observe the Contact Prayers (Salat), and whatever you do-do not ever fall into idol worship.

তোমরা তঁর নিকট আত্মসমর্পণ করবে, তঁাকে ভক্তি-শ্রদ্ধা করবে, সংযোগ প্রার্থনা (সালাত) পালন করবে, এবং তোমরা যা-ই করো না কেন - কখনো শরিক উপাসনায় পড়ো না।

#### *Sectarianism Condemned*

#### *দলে বিভক্তি/সাম্প্রদায়িকতা নিন্দিত*

[30:32] (Do not fall in idol worship,) like those who divide their religion into sects; each party rejoicing with what they have.

(শরিক উপাসনায় পড়ো না) তাদের মতো যারা নিজেদের ধর্মকে দল-উপদলে ভাগ করে; প্রত্যেকটি দল তাদের যা আছে তা নিয়ে আনন্দিত।

#### *Bad Weather Friends*

#### *দুঃসময়ের বন্ধু*

[30:33] When adversity afflicts the people, they turn to their Lord, totally devoting themselves to Him. But then, as soon as He showers them with mercy, some of them revert



to idol worship.\*

যখন মানুষ দুর্দশাগ্রস্ত হয়, তারা তাদের প্রভুর দিকে ফিরে, নিজেদেরকে পুরোপুরি তাঁর কাছে উৎসর্গ করে। কিন্তু তারপর, যখন তিনি তাদের উপর দয়া বর্ষণ করেন, তাদের কেউ কেউ শিরক উপাসনায় ফিরে যায়।

[30:34] Let them be unappreciative of what we have given them. Enjoy temporarily; you will surely find out.

আমরা তাদেরকে যা দিয়েছি তাতে তাদেরকে অকৃতজ্ঞ হতে দাও। সাময়িকভাবে উপভোগ করো; অবশ্যই তোমরা দেখতে পাবে।

[30:35] Have we given them authorization that justifies their idolatry?

আমরা কি তাদেরকে কোন অনুমোদন দিয়েছি যা তাদের শরিক উপাসনাকে সমর্থন করে?

[30:36] When we bestow mercy upon the people, they rejoice therein. But when adversity befalls them, as a consequence of their own works, they become despondent. যখন আমরা মানুষের উপর দয়া বর্ষণ করি, তারা তাতে আনন্দ করে। কিন্তু যখন তাদের উপর দুর্ভোগ পতিত হয়, তাদের নিজেদের কাজের পরিনামে, তারা হতাশ হয়ে যায়।

[30:37] Do they not realize that GOD increases the provision for whomever He wills, or reduces it? These should be lessons for people who believe.

তারা কি এটা অনুধাবন করে না যে আল্লাহ যার জন্য ইচ্ছা জীবিকা বৃদ্ধি করেন, অথবা তা কমিয়ে দেন? এটা সেসব মানুষের জন্য শিক্ষা হওয়া উচিত যারা বিশ্বাস করে।

[30:38] Therefore, you shall give the relatives their rightful share (of charity), as well as the poor, and the traveling alien. This is better for those who sincerely seek GOD's pleasure; they are the winners.

অতঃএব, তোমরা আত্মীয়দের দিবে তাদের ন্যায্য অংশ (দানের), গরীবদেরও, এবং ভ্রমণরত ভীনদেশীদের। এটি তাদের জন্য উত্তম যারা আন্তরিকভাবে আল্লাহর সন্তুষ্টি খোঁজে; তারাই বিজয়ী।

[30:39] The usury that is practiced to increase some people's wealth, does not gain anything at GOD. But if you give to charity, seeking GOD's pleasure, these are the ones who receive their reward manifold.

চড়াসুদ, যা কিছু মানুষের সম্পদ বাড়ানোর

জন্য চর্চা করা হয়, তা আল্লাহর দৃষ্টিতে কিছুই লাভ করে না। কিন্তু যদি তোমরা দান করো, আল্লাহর সন্তুষ্টির খোঁজে, এরাই সে ব্যক্তি যারা বহুগুণে তাদের পুরস্কার পায়।

*Who Is Worthy of Worship?*

*কে উপাসনার যোগ্য?*

[30:40] GOD is the One who created you. He is the One who provides for you. He is the One who puts you to death. He is the One who resurrects you. Can any of your idols do any of these things? Be He glorified. He is much too exalted to have any partners.

আল্লাহই সে সত্তা যিনি তোমাদের সৃষ্টি করেছেন। তিনিই সে সত্তা যিনি তোমাদেরকে জীবিকা প্রদান করেন। তিনিই সে সত্তা যিনি তোমাদের পুনরুত্থিত করেন। তোমাদের কোন উপাস্য কি এগুলোর কোনকিছু করতে পারে? মহিমা তাঁরই। কোন শরিক থাকা থেকে তিনি অনেক উর্ধ্বে।

[30:41] Disasters have spread throughout the land and sea, because of what the people have committed. He thus lets them taste the consequences of some of their works, that they may return (to the right works).

স্থল ও সাগর জুড়ে দুর্যোগ ছড়িয়ে পড়েছে, মানুষ যা করেছে তার কারণে। তিনি এভাবে তাদের কিছু কাজের পরিনাম অস্বাদন করান, যাতে তারা ( ভাল কাজের দিকে) ফিরে আসে।

*Learning From History*

*ইতিহাস থেকে শিক্ষা*

[30:42] Say, "Roam the earth and note the consequences for those before you." Most of them were idol worshipers.

বল, "পৃথিবীতে ঘুড়ে বেড়াও এবং তাদের পরিনাম লক্ষ্য করো যারা তোমাদের পূর্বে ছিল।" তাদের বেশির ভাগই ছিল শিরক উপাসক।

[30:43] Therefore, you shall devote yourself completely to this perfect religion, before a day comes which is made inevitable by GOD. On that day, they will be shocked.

অতঃএব, তোমরা নিজেদেরকে এই নি:খুত ধর্মে পুরোপুরি উৎসর্গ করবে, সে দিন আসার আগে যা আল্লাহর দ্বারা অনিবার্য করা হয়েছে। ঐদিন, তারা প্রচণ্ড আতংকিত হবে।

[30:44] Whoever disbelieves, disbelieves to the detriment of his own soul, while those who lead a righteous life, do so to strengthen and develop their own souls.

যেকেউ অবিশ্বাস করে, তার নিজ আত্মার ক্ষতি করতেই অবিশ্বাস করে, পক্ষান্তরে যারা সং জীবন যাপন করে, তারা তা করে তাদের নিজের আত্মাকে শক্তিশালী ও উন্নত করতে।

[30:45] For He will generously recompense those who believe and lead a righteous life from His bounties. He does not love the disbelievers.

কারণ তিনি তাঁর ভান্ডার থেকে তাদেরকে উদারভাবে প্রতিদান দিবেন যারা বিশ্বাস করে এবং সং জীবন- যাপন করে। তিনি অবিশ্বাসীদের ভালবাসেন না।

[30:46] Among His proofs is that He sends the winds with good omen, to shower you with His mercy, and to allow the ships to run in the sea in accordance with His rules, and for you to seek His bounties (through commerce), that you may be appreciative.

তাঁর প্রমানসমূহের মধ্যে রয়েছে যে তিনি বাতাসকে শুভ পূর্বাভাস সহ পাঠান, তোমাদের প্রতি তাঁর দয়া বর্ষণ করতে, এবং তাঁর বিধান অনুসারে জাহাজগুলোকে সাগরে চলতে দিতে, এবং (বানিজ্যের মাধ্যমে) তোমাদের তাঁর ভান্ডার থেকে খুঁজতে দেওয়ার জন্য, যেন তোমরা কৃতজ্ঞ হতে পারো।

*Guaranteed Victory for the Believers*  
*বিশ্বাসীদের জন্য নিশ্চিত বিজয়*

[30:47] We have sent messengers before you to their people, with profound signs. Subsequently, we punished those who transgressed. It is our duty that we grant victory to the believers.

[৩০:৪৭] আমরা তোমার আগে বার্তাবাহকদের পাঠিয়েছি তাদের লোকদের কাছে, জ্ঞানগর্ভ নিদর্শনাবলী দিয়ে। পরবর্তীতে, যারা সীমালঙ্ঘন করেছে তাদেরকে আমরা শাস্তি দিয়েছি। এটা আমাদের দায়িত্ব যে আমরা বিশ্বাসীদের বিজয় দান করি।

[30:48] GOD is the One who sends the winds, to stir up clouds, to be spread throughout the sky in accordance with His will. He then piles the clouds up, then you see the rain coming down therefrom. When it falls on whomever He chooses from among His servants, they rejoice.

আল্লাহই সে সত্ত্বা যিনি বাতাস পাঠান, মেঘমালাকে সঞ্চালিত করতে, যাতে তাঁর ইচ্ছা অনুসারে আকাশজুড়ে ছড়িয়ে পড়ে। তিনি এরপর মেঘমালাকে স্তম্ভ করেন, এরপর তুমি তার মধ্যে থেকে বৃষ্টি নেমে আসতে দেখো। যখন তা বর্ষিত হয় যাদের উপর তিনি চান তাঁর বান্দাদের মধ্য থেকে, তারা আনন্দ করে।

[30:49] Before it fell on them, they had resorted to despair.

এটি তাদের উপর বর্ষণ হবার আগে, তারা হতাশা গ্রস্থ হয়েছিল।

[30:50] You shall appreciate GOD's continuous mercy, and how He revives the land that has been dead. He will just as certainly resurrect the dead. He is Omnipotent. তোমরা মূল্যায়ন করবে আল্লাহর অবিরত দয়াকে, এবং যেভাবে তিনি যে ভূমি মৃত ছিল তাকে পুনরুজ্জীবিত করেন। তিনি ঠিক এমন নিশ্চিতভাবেই মৃতকে পুনরুজ্জীবিত করবেন। তিনি সর্বশক্তিমান।

[30:51] Had we sent upon them instead a yellow sandstorm, they would have continued to disbelieve.

আমরা যদি পরিবর্তে তাদের উপর হলুদ বালুঝড় পাঠাতাম, তারা অবিশ্বাস করতেই থাকতো।

[30:52] You cannot make the dead, nor the deaf, hear the call, once they turn away.

তুমি না মৃতকে, না বধিরকে, ডাক শুনতে পারবে, তারা বিমুখ হয়ে পড়লে।

[30:53] Nor can you guide the blind out of their straying. You can only be heard by those who believe in our revelations, and decide to become submitters.

না তুমি অন্ধকে তাদের পথভ্রষ্টতা হতে ফিরিয়ে পথ দেখাতে পারবে। তুমি কেবল তাদেরকেই শোনাতে পারবে যারা আমাদের প্রকাশনাবলিতে বিশ্বাস করে, আর আত্মসমর্পণকারী হবার সিদ্ধান্ত নেয়।

*This Life is Very Short*  
*জীবন খুব ছোট*

[30:54] GOD is the One who created you weak, then granted you after the weakness strength, then substituted after the strength weakness and gray hair. He creates whatever He wills. He is the Omniscient, the Omnipotent.

আল্লাহই সে সত্ত্বা যিনি তোমাদের দুর্বল করে সৃষ্টি করেছেন, এরপর দুর্বলতার পর শক্তি দান করেছেন, এরপর শক্তির স্থানে/পরে দিয়েছেন দুর্বলতা এবং ধূসর চুল। তিনি যা ইচ্ছা সৃষ্টি করেন। তিনি সর্বজ্ঞ, সর্বশক্তিমান।

অতএব, তুমি দৃঢ়তার সাথে অবিচল থাকবে- কেননা আল্লাহর প্রতিশ্রুতি সত্য- এবং তাদের দ্বারা ভীত হয়ো না যারা নিশ্চয়তা অর্জন করেনি।

[30:55] On the day when the Hour comes to pass, the guilty will swear that they lasted (in this world) only one hour. That is how wrong they were.

সেইদিনে যখন সে ঘন্টা সংঘটিত হবে, অপরাধীরা শপথ করে বলবে যে তারা (এই পৃথিবীতে) কেবল এক ঘন্টা অবস্থান করেছিল। এতোটাই তারা ভুল ছিল।

[30:56] Those who are blessed with knowledge and faith will say, "You have lasted, according to GOD's decree, until the Day of Resurrection. Now, this is the Day of Resurrection, but you failed to recognize it."

যারা জ্ঞান ও বিশ্বাস দ্বারা অনুগ্রহপ্রাপ্ত হয়েছে তারা বলবে, "তোমরা অবস্থান করেছ, আল্লাহর বিধান অনুসারে, পুনরুত্থান দিবস পর্যন্ত। এখন, এটাই পুনরুত্থান দিবস, কিন্তু তোমরা তা চিনতে ব্যর্থ হয়েছ।"

[30:57] Therefore, no apology, on that day, will benefit the transgressors, nor will they be excused.

একারণে, কোন ক্ষমাপ্রার্থনা, ঐদিন, সীমালঙ্ঘনকারীদের কাজে আসবে না, না তারা ক্ষমাপ্রাপ্ত হবে।

[30:58] Thus, we have cited for the people in this Quran all kinds of examples. Yet, no matter what kind of proof you present to the disbelievers, they say, "You are falsifiers."

এভাবে, আমরা এই কোর' আনে লোকদের জন্য সব রকমের উদাহরণ দিয়েছি। এরপরও, অবিশ্বাসীদেরকে তুমি যে প্রমাণই দেখাও না কেন, তারা বলে "তোমরা মিথ্যাপন্থী।"

#### *Divine Intervention*

#### *ঐশ্বরিক হস্তক্ষেপ*

[30:59] GOD thus seals the hearts of those who do not know.

আল্লাহ এভাবে তাদের হৃদয়ে মোহর মেরে দেন যারা জানে না।

[30:60] Therefore, you shall steadfastly persevere-for GOD's promise is the truth-and do not be intimidated by those who have not attained certainty.

## Sura 31: Luqmān (Luqmān)

[31:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[31:1] A. L. M.\*  
অ. ল. ম।

\*31:1 See Appendix 1 for the important role of  
these initials.

[31:2] These (letters) constitute proofs of this  
book of wisdom.  
এই (অক্ষরগুলো) এই জ্ঞানগর্ভ বইয়ের প্রমাণ  
স্থাপন করে।

[31:6] Among the people, there are those who  
uphold baseless Hadith, and thus divert others  
from the path of GOD without knowledge,  
and take it in vain. These have incurred a  
shameful retribution.  
লোকদের মধ্যে, রয়েছে তারা যারা ভিত্তিহীন  
হাদীস সমর্থন করে, আর এভাবে কোন জ্ঞান  
ছাড়া অন্যদেরকে আল্লাহর পথ হতে সরিয়ে  
দেয়, এবং একে নেয় অর্থহীনভাবে। এরা টেনে  
এনেছে এক লজ্জাজনক শাস্তি।

[31:7] And when our revelations are recited to  
the one of them, he turns away in arrogance as  
if he never heard them, as if his ears are deaf.  
Promise him a painful retribution.  
আর যখন তাদের কারো কাছে আমাদের  
প্রকাশনাবলি আবৃত্তি করা হয়, সে ঔদ্ধত্যের  
সাথে মুখ ফিরিয়ে নেয় যেন সে কখনো সেগুলো  
শুনেনি, যেন তার কান বধির। তাকে এক  
যন্ত্রণাদায়ক শাস্তির প্রতিশ্রুতি দাও।

[31:8] Surely, those who believe and lead a  
righteous life have deserved the gardens of  
bliss.  
নিশ্চয়, যারা বিশ্বাস করে এবং সৎ জীবন যাপন  
করে তারা পরম সুখের বাগানগুলোর যোগ্য  
হয়েছে।

[31:9] Eternally they abide therein. This is the  
truthful promise of GOD. He is the Almighty,  
Most Wise.  
তারা সেখানে চিরকাল বাস করে। এটি আল্লাহর  
সত্য প্রতিশ্রুতি। তিনি সর্বশক্তিমান, সবচেয়ে  
জ্ঞানী।

[31:10] He created the heavens without pillars  
that you can see. He established on earth  
stabilizers (mountains) lest it tumbles with  
you, and He spread on it all kinds of creatures.  
We send down from the sky water to grow all  
kinds of beautiful plants.

তিনি আকাশমণ্ডলীকে খুঁটি ছাড়া সৃষ্টি করেছেন  
যা তোমরা দেখতে পাও। তিনি পৃথিবীতে  
স্থিতিস্থাপক (পর্বতমালা) স্থাপন করেছেন পাছে  
এটি তোমাদেরকে নিয়ে উলটে পড়ে, এবং তিনি  
এর উপর সব রকমের প্রাণী ছড়িয়ে দিয়েছেন।  
আমরা আকাশ থেকে পানি বর্ষন করি সব  
রকমের সুন্দর উদ্ভিদ জন্মাতে।

[31:11] Such is the creation of GOD; show me  
what the idols you set up beside Him have  
created. Indeed, the transgressors are far  
astray.  
এমনই আল্লাহর সৃষ্টি ; আমাকে দেখাও তাঁর  
পাশে তোমাদের স্থাপন করা উপাস্যরা কি সৃষ্টি  
করেছে। নিশ্চয়, সীমালঙ্ঘনকারীরা সুদূরে  
পথভ্রষ্ট।

*Luqmān's Wisdom*  
*লুকমানের প্রজ্ঞা*

[31:12] We have endowed Luqmān with  
wisdom: "You shall be appreciative of  
GOD."Whoever is appreciative is appreciative  
for his own good. As for those who turn  
unappreciative, GOD is in no need,  
Praiseworthy.

আমরা লুকমানকে প্রজ্ঞা অর্পণ করেছিলাম:  
"তুমি আল্লাহর প্রতি কৃতজ্ঞ হবে।"যেকোনো কৃতজ্ঞ  
সে তার নিজের ভালোর জন্যই কৃতজ্ঞ। আর  
যারা অকৃতজ্ঞ হয়ে যায়, আল্লাহ অভাবমুক্ত,  
প্রশংসনীয়।

[31:13] Recall that Luqmān said to his son, as  
he enlightened him, "O my son, do not set up  
any idols beside GOD; idolatry is a gross  
injustice."\*

স্মরণ করো যে লুকমান তার ছেলেকে বলেছিল,  
যখন সে তাকে জ্ঞানালোক দিচ্ছিল, "হে আমার  
পুত্র, আল্লাহর পাশে কোন উপাস্য স্থাপন করো  
না; শরিক স্থাপন করা একটি ঘোর অবিচার।

\*31:13 How will you feel if you take care of a  
child, give him the best education, and prepare  
him for life, only to see him thank someone  
else? Thus is idolatry; injustice.

*The Second Commandment*  
*দ্বিতীয় প্রত্যাদেশ*

[31:14] We enjoined the human being to honor  
his parents. His mother bore him, and the load  
got heavier and heavier. It takes two years (of  
intensive care) until weaning. You shall be  
appreciative of Me, and of your parents. To  
Me is the ultimate destiny.

আমরা মানুষকে তার মাতাপিতার সম্মান করতে আদেশ করেছি। তার মা তাকে গর্ভে ধারণ করেছে, আর সেই ভার ভারী থেকে ভারী হয়েছে। দুধ ছাড়ানো অবধি দু' বছর (নিবিড় পরিচর্যার) প্রয়োজন হয়। তোমরা কৃতজ্ঞ হবে আমার প্রতি, এবং তোমাদের মাতাপিতার প্রতি। আমার কাছেই চূড়ান্ত নিয়তি।

[31:15] If they try to force you to set up any idols beside Me, do not obey them. But continue to treat them amicably in this world. You shall follow only the path of those who have submitted to Me. Ultimately, you all return to Me, then I will inform you of everything you have done.

যদি তারা আমার পাশে কোন উপাস্য স্থাপন করতে বল প্রয়োগ করে, তাদেরকে মান্য করো না। কিন্তু এই পৃথিবীতে তাদের সাথে অমায়িক আচরণ করে যাবে। তোমরা শুধু তাদের পথ অনুসরণ করবে যারা আমার কাছে আত্মসমর্পণ করেছে। শেষপর্যন্ত, তোমরা সবাই আমার কাছে ফিরবে, তখন আমি তোমাদের জানাবো যাকিছু তোমরা করেছে।

[31:16] "O my son, know that even something as tiny as a mustard seed, deep inside a rock, be it in the heavens or the earth, GOD will bring it. GOD is Sublime, Cognizant. "হে আমার পুত্র, জেনে রাখো যে যদি কোন কিছু একটি সরিষার দানার মতো ছোট- ও হয়, কোন পাথরের গভীরে, তা হোক আকাশমণ্ডলীতে বা পৃথিবীতে, আল্লাহ তা বের করে আনবেন। আল্লাহ মহিমাম্বিত, অবগত।

[31:17] "O my son, you shall observe the Contact Prayers (Salat). You shall advocate righteousness and forbid evil, and remain steadfast in the face of adversity. These are the most honorable traits.

"হে আমার পুত্র, তুমি সংযোগ প্রার্থনা (সালাত) পালন করবে। তুমি সৎকর্মের নির্দেশ দেবে এবং মন্দ কাজে নিষেধ করবে, আর প্রতিকূলতার মুখে দৃঢ় থাকবে। এগুলো সবচেয়ে সম্মানিত বৈশিষ্ট্য।

[31:18] "You shall not treat the people with arrogance, nor shall you roam the earth proudly. GOD does not like the arrogant showoffs.

তুমি লোকদের সাথে উদ্ধত আচরণ করবে না, না তুমি গর্বভরে পৃথিবীতে ঘুড়ে বেড়াবে। আল্লাহ উদ্ধত লোক- দেখানো মানুষকে পছন্দ করেন না।

[31:19] "Walk humbly and lower your voice - the ugliest voice is the donkey's voice."

"নম্রভাবে হাটো এবং তোমার স্বর নিচু করো- গাধার স্বরই সবচেয়ে কর্কশ।"

[31:20] Do you not see that GOD has committed in your service everything in the heavens and the earth, and has showered you with His blessings- obvious and hidden? Yet, some people argue about GOD without knowledge, without guidance, and without the enlightening scripture.

তোমরা কি দেখ না যে আল্লাহ তোমাদের সেবায় নিয়োজিত করেছেন আকাশমণ্ডলী ও পৃথিবীর সবকিছুকে, এবং তোমাদের প্রতি বর্ষণ করেছেন তাঁর প্রকাশ্য ও গোপন অনুগ্রহ? তবুও, কিছুর লোক আল্লাহ সম্পর্কে তর্ক করে জ্ঞান ছাড়া, পথনির্দেশনা ছাড়া, এবং জ্ঞানালোকপূর্ণ ঐশীগ্রহ ছাড়াই।

*Following the Parents Blindly: A Common Tragedy*

*মাতাপিতার অন্ধ অনুসরণ : একটি সাধারণ বিপর্যয়*

[31:21] When they are told, "Follow these revelations of GOD," they say, "No, we follow only what we found our parents doing." What if the devil is leading them to the agony of Hell? যখন তাদেরকে বলা হয়, "আল্লাহর এই সব প্রকাশনাবলি অনুসরণ করো," তারা বলে, "না, আমরা কেবল অনুসরণ করি যা আমাদের পিতামাতাকে করতে দেখেছি।" শয়তান যদি তাদেরকে নরকের তীব্র যন্ত্রণার দিকে পরিচালনা করে থাকে, তবুও কি?

*The Strongest Bond*

*সবচেয়ে শক্তিশালী বাঁধন*

[31:22] Those who submit completely to GOD, while leading a righteous life, have gotten hold of the strongest bond. For GOD is in full control of all things.

যারা সম্পূর্ণরূপে আল্লাহর কাছে আত্মসমর্পণ করে, সৎ জীবন যাপন করা অবস্থায়, তারা সবচেয়ে শক্তিশালী বাঁধন আঁকড়ে ধরেছে। কারণ আল্লাহ সবকিছুর পূর্ণ নিয়ন্ত্রণে আছেন।

[31:23] As for those who disbelieve, do not be saddened by their disbelief. To us is their ultimate return, then we will inform them of everything they had done. GOD is fully aware of the innermost thoughts.

আর যারা অবিশ্বাস করে, তাদের অবিশ্বাসের কারণে দুঃখ পেওনা। আমাদের কাছেই তাদের

চূড়ান্ত প্রত্যাবর্তন, তারপর আমরা তাদেরকে সবকিছু জানাবো যা তারা করেছিল। আল্লাহ গভীরতম চিন্তাগুলো সম্পর্কে সম্পূর্ণ অবগত।

[31:24] We let them enjoy temporarily, then commit them to severe retribution.

আমরা তাদেরকে সাময়িক ভাবে উপভোগ করতে দেই, এরপর তাদেরকে কঠোর শাস্তিতে পতিত করি।

*They Believe in God*

*তারা আল্লাহতে বিশ্বাস করে*

[31:25] If you ask them, "Who created the heavens and the earth," they will say, "GOD." Say, "Praise be to GOD." Yet, most of them do not know.

যদি তুমি তাদেরকে জিজ্ঞেস করো, "কে আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করেছেন," তারা বলবে, "আল্লাহ।" বল, "প্রশংসা আল্লাহর।" তবুও, তাদের বেশিরভাগ- ই জানে না।

[31:26] To GOD belongs everything in the heavens and the earth. GOD is the Most Rich, Most Praiseworthy.

আকাশমণ্ডলী এবং পৃথিবীর সবকিছু আল্লাহর। আল্লাহ সবচেয়ে ধনী, সবচেয়ে প্রশংসনীয়।

*These Are All the Words We Need*

*এই সকল কথাগুলোই আমাদের প্রয়োজন*

[31:27] If all the trees on earth were made into pens, and the ocean supplied the ink, augmented by seven more oceans, the words of GOD would not run out. GOD is Almighty, Most Wise.

যদি পৃথিবীর সকল গাছ দিয়ে কলম বানানো হতো, আর সাগর কালি সরবরাহ করতো, আরো সাত সাগর বাড়িয়ে দিয়ে, তবুও আল্লাহর কথা ফুরিয়ে যেতো★ না। আল্লাহ সর্বশক্তিমান, সবচেয়ে প্রজ্ঞাময়।

[31:28] The creation and resurrection of all of you is the same as that of one person. GOD is Hearer, Seer.

তোমাদের সকলের সৃষ্টি ও পুনরুত্থান এক ব্যক্তির মতোই। আল্লাহ শুনেন, দেখেন।

*God ALONE Worthy of Worship*

*একমাত্র আল্লাহই উপাসনার যোগ্য*

[31:29] Do you not realize that GOD merges the night into the day and merges the day into the night, and that He has committed the sun and the moon in your service, each running in

its orbit for a specific life span, and that GOD is fully Cognizant of everything you do?

তোমরা কি অনুধাবন করো না যে আল্লাহ রাতকে দিনের মধ্যে মিলিয়ে দেন ও দিনকে রাতের মধ্যে মিলিয়ে দেন, এবং সূর্য ও চাঁদকে নিয়োজিত করেছেন তোমাদের সেবায়, প্রত্যেকেই নিজ কক্ষপথে একটি নির্দিষ্ট জীবনকালের জন্য চলছে, এবং আল্লাহ পুরোপুরি অবগত সবকিছু সম্পর্কে যা তোমরা করো?

[31:30] This proves that GOD is the truth, while any idol they set up beside Him is falsehood, and that GOD is the Most High, Most Great.

এটি প্রমাণ করে যে আল্লাহ সত্য, যেখানে তাঁর পাশে তারা যে শরীক স্থাপন করে তা মিথ্যা, এবং যে আল্লাহ সর্বোচ্চ, সবচেয়ে মহান।

[31:31] Do you not see that the ships roam the sea, carrying GOD's provisions, to show you some of His proofs? Indeed, these should be sufficient proofs for everyone who is steadfast, appreciative.

তুমি কি দেখো না যে জাহাজগুলো সাগরে ঘুড়ে বেড়ায়, আল্লাহর জীবিকা বহন করে, তোমাদেরকে তাঁর কিছু প্রমাণ দেখাতে? নিশ্চয়ই, এগুলো যথেষ্ট প্রমাণ হওয়া উচিত সকলের জন্য যারা অবিচল, কৃতজ্ঞ।

[31:32] When violent waves surround them, they implore GOD, sincerely devoting their prayers to Him alone. But as soon as He saves them to the shore, some of them revert. None discards our revelations except those who are betrayers, unappreciative.

যখন প্রচণ্ড ঢেউ তাদের ঘিরে ফেলে, তারা আল্লাহর কাছে মিনতি করে, তাদের প্রার্থনা কেবল তাঁর প্রতি আন্তরিকভাবে উৎসর্গ করে। কিন্তু যখনই তিনি তাদেরকে তীরে এনে উদ্ধার করেন, তাদের কেউ কেউ আগের অবস্থায় ফিরে যায়। কেউই আমাদের প্রকাশনাবলি অগ্রাহ্য করে না তারা ছাড়া যারা বিশ্বাসঘাতক, অকৃতজ্ঞ।

[31:33] O people, you shall reverence your Lord, and fear a day when a father cannot help his own child, nor a child can help his father. Certainly, GOD's promise is truth. Therefore, do not be distracted by this life; do not be distracted from GOD by mere illusions.

হে লোকেরা, তোমরা তোমাদের প্রভুকে ভক্তি করবে, আর ভয় করো এমন এক দিনকে যখন কোন পিতা তার নিজ সন্তানকে সাহায্য করতে পারবে না, না কোন সন্তান তার পিতাকে সাহায্য করতে পারবে। অবশ্যই, আল্লাহর প্রতিশ্রুতি

সত্য। একারণে, এই জীবন দ্বারা বিভ্রান্ত হইও  
না; আল্লাহ থেকে নিছক মোহের দ্বারা বিভ্রান্ত  
হইও না।

*Things We May and May Not Know\**

*বিষয়সমূহ যা আমরা জানতে পারি এবং না-ও  
জানতে পারি\**

[31:34] With GOD is the knowledge  
regarding the Hour (end of the world).\* He is  
the One who sends down the rain, and He  
knows the contents of the womb. No soul  
knows what will happen to it tomorrow, and  
no one knows in which land he or she will die.  
GOD is Omniscient, Cognizant.

আল্লাহর কাছে আছে সে ঘন্টা (বিশ্বের  
পরিসমাপ্তি) সম্পর্কিত জ্ঞান।\* তিনিই সে সত্ত্বা  
যিনি বৃষ্টি অবতীর্ণ করেন, এবং তিনি জানেন  
জরায়ুস্থ★ বস্তু সম্পর্কে। কোন আত্মা জানে না  
আগামীকাল তার সাথে কি ঘটবে, এবং কোন  
ব্যক্তি জানে না কোন স্থানে সে মারা যাবে।  
আল্লাহ সর্বজ্ঞ, অবগত।

*\*31:34 God reveals His knowledge whenever  
He wills. We learn from this verse that we may  
be able to predict the rain, and the gender of  
the fetus. But we can never know the time or  
place of death. In accordance with 72:27, God  
has revealed the end of the world through His  
Messenger of the Covenant. See 15:87, 20:15,  
and Appendix 25 for the details*

## Sura 32: Prostration (Al-Sajdah)

[32:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[32:1] A. L. M.\*

\*32:1 The meaning of these letters is given in the next verse: "This book is, without a doubt, a revelation from the Lord of the universe." See Appendix 1 for the details.

[32:2] The book is, without a doubt, a revelation from the Lord of the universe.

গ্রন্থটি, কোন সন্দেহ ছাড়াই, এক প্রত্যাদেশ  
মহাবিশ্বের প্রভুর পক্ষ থেকে।

[32:3] They said, "He fabricated it." Indeed, this is the truth from your Lord, to warn people who never received a warner before you, that they may be guided.

তারা বলল, "সে এটি বানিয়েছে।" নিশ্চয়ই, এটি তোমার প্রভুর পক্ষ থেকে সত্য, সেসব লোকদের সতর্ক করতে যারা তোমার আগে কখনো কোন সতর্ককারী পায়নি, যাতে তারা পথপ্রাপ্ত হতে পারে।

*No Mediator Between God And You*

*আল্লাহ ও আপনার মাঝে কোন মধ্যস্থতাকারী  
নেই*

[32:4] GOD is the One who created the heavens and the earth, and everything between them in six days, then assumed all authority. You have none beside Him as Lord, nor do you have an intercessor. Would you not take heed?

আল্লাহই সে সত্ত্বা যিনি সৃষ্টি করেছেন  
আকাশমন্ডলী ও পৃথিবী, এবং এদের মধ্যকার  
সবকিছু ছয় দিনে, এরপর সকল কর্তৃত্ব গ্রহণ  
করেছেন। তাঁর পাশে প্রভু হিসেবে তোমাদের  
কেউ নেই, না তোমাদের কোন সুপারিশকারী  
আছে। তোমরা কি মনোযোগ দেবে না?

[32:5] All matters are controlled by Him from the heaven to the earth. To Him, the day is equivalent to one thousand of your years.

আকাশ থেকে পৃথিবী পর্যন্ত সকল বিষয়-বস্তু  
তাঁর দ্বারা নিয়ন্ত্রিত হয়। তাঁর কাছে, সে দিনটি  
তোমাদের এক হাজার বছরের সমতুল্য।

[32:6] Knower of all secrets and declarations;  
the Almighty, Most Merciful.

সকল গোপন ও প্রকাশ্য বিষয়ের জ্ঞাতা;

সর্বশক্তিমান, সবচেয়ে দয়ালু।

*The Origin of Man*

*মানুষের উদ্ভব*

[32:7] He is the One who perfected everything He created, and started the creation of the human from clay.

তিনি সে সত্ত্বা যিনি নিখুঁত করেছেন সবকিছুকে  
যা তিনি সৃষ্টি করেছেন, আর মানুষের সৃষ্টি শুরু  
করেছেন কাঁদা থেকে।

[32:8] Then He continued his reproduction through a certain lowly liquid.

এরপর তিনি এক বিশেষ তুচ্ছ তরলের মাধ্যমে  
তার প্রজনন চালু রেখেছেন।

[32:9] He shaped him and blew into him from His spirit. And He gave you the hearing, the eyesight, and the brains; rarely are you thankful.

তিনি তাকে আকার দিলেন এবং তার মধ্যে তাঁর  
রুহ থেকে ফুঁকে দিলেন। আর তিনি  
তোমাদেরকে দিয়েছেন শ্রবণশক্তি, দৃষ্টিশক্তি,  
এবং মস্তিষ্ক; তোমরা খুব কমই কৃতজ্ঞ।

[32:10] They wonder, "After we vanish into the earth, do we get created anew?" Thus, as regards meeting their Lord, they are disbelievers.

তারা অবাক হয়, "আমরা মাটিতে মিশে যাবার  
পর, আমরা কি আবার নতুন করে সৃষ্টি  
হবো?" এভাবে, তাদের প্রভুর সাথে সাক্ষাতের  
ব্যাপারে, তারা অবিশ্বাসী।

[32:11] Say, "You will be put to death by the angel in whose charge you are placed, then to your Lord you will be returned."

বল, "তোমাদের মৃত্যু হবে ফেরেশতার মাধ্যমে  
যার দায়িত্বে তোমাদের রাখা হয়েছে, এরপর  
তোমাদের প্রভুর কাছে তোমরা ফিরে যাবে।"

*Too Late*

*অনেক দেরি হয়ে গেছে*

[32:12] If only you could see the guilty when they bow down their heads before their Lord: "Our Lord, now we have seen and we have heard. Send us back and we will be righteous. Now we have attained certainty."\*

যদি শুধু তুমি অপরাধীদের দেখতে পারতে যখন  
তারা তাদের প্রভুর সামনে মাথা নোয়ায়ঃ  
"আমাদের প্রভু, এখন আমরা দেখেছি এবং  
আমরা শুনেছি। আমাদের ফেরত পাঠান এবং



আমরা সৎকর্মী হবো। আমরা এখন নিশ্চয়তা অর্জন করেছি।"\*

\*32:12 If sent back, they would commit the same transgressions. See Footnote 6:28.

[32:13] Had we willed, we could have given every soul its guidance, but it is already predetermined that I will fill Hell with jinns and humans, all together.\*

আমরা যদি চাইতাম, প্রত্যেক আত্মাকে আমরা তার পথনির্দেশনা দিতে পারতাম, কিন্তু এটা ইতোমধ্যেই পূর্বনির্ধারিত যে আমি জীন ও মানুষ দিয়ে নরক পূর্ণ করবো, সবাইকে একসাথে।\*

\*32:13 The majority of humans "insist" upon going to Hell, by choosing to ignore God's invitations to redeem them. God will not put a single person in Hell. Those who fail to redeem themselves by denouncing idolatry and devoting themselves to God ALONE, and fail to develop their souls through the practices prescribed by our Creator, will have to run to Hell on their own volition. They will be too weak to stand the physical presence of God's energy.

[32:14] Taste the consequences of your forgetting this day; now we forget you. You have incurred eternal retribution in return for your own works.

এই দিনটিকে তোমাদের ভুলে যাওয়ার পরিণাম ভোগ করো; এখন আমরা তোমাদের ভুলে গেলাম। তোমরা তোমাদের নিজেদের কাজের বদলে চিরস্থায়ী শাস্তি টেনে এনেছ।

[32:15] The only people who truly believe in our revelations are those who fall prostrate upon hearing them. They glorify and praise their Lord, without any arrogance.

আমাদের প্রকাশনাবলিতে সত্যিকার অর্থে কেবল সে লোকেরা বিশ্বাস করে যারা তা শুনামাত্র সেজদায় পতিত হয়। তারা তাদের প্রভুর গুণকীর্তন এবং প্রশংসা করে, কোন ঔদ্ধত্যতা ছাড়া।

[32:16] Their sides readily forsake their beds, in order to worship their Lord, out of reverence and hope, and from our provisions to them, they give.

তাদের পার্শ্ব নির্দিধায় শয্যা ত্যাগ করে, তাদের প্রভুর উপাসনা করার জন্য, ভক্তি ও আশা থেকে, আর আমাদের জীবিকা থেকে তারা দেয়।

*Heaven: Indescribably Beautiful*  
*স্বর্গঃ বর্ণনাতীত সুন্দর*

[32:17] You have no idea how much joy and happiness are waiting for you as a reward for your (righteous) works.

তোমাদের কোন ধারণা নেই তোমাদের (সৎ) কাজের জন্য পুরস্কার হিসেবে কী পরিমাণ আনন্দ ও সুখ তোমাদের জন্য অপেক্ষা করছে।

[32:18] Is one who is a believer the same as one who is wicked? They are not equal. যে ব্যক্তি একজন বিশ্বাসী সে কি ঐ ব্যক্তির মতো যে অন্যায্যকারী? তারা সমান নয়।

[32:19] As for those who believe and lead a righteous life, they have deserved the eternal Paradise. Such is their abode, in return for their works.

আর তাদের জন্য যারা বিশ্বাস করে এবং সৎ জীবন-যাপন করে, তারা যোগ্য হয়েছে চিরস্থায়ী স্বর্গের। এমনই তাদের আবাস, তাদের কাজের বদলায়।

[32:20] As for the wicked, their destiny is Hell. Every time they try to leave it, they will be forced back. They will be told, "Taste the agony of Hell which you used to disbelieve in."

আর অন্যায্যকারীদের জন্য, তাদের নিয়তি নরক। প্রতিবার তারা এর থেকে বের হবার চেষ্টা করলে, তাদেরকে জোড়পূর্বক ফিরিয়ে দেয়া হবে। তাদেরকে বলা হবে, "নরকের যন্ত্রণা আন্বাদন করো যাতে তোমরা অবিশ্বাস করতো।"

*Take A Hint*

*একটি পূর্বাভাষ নিন*

[32:21] We let them taste the smaller retribution (*of this world*), before they incur the greater retribution (*of the Hereafter*), that they may (*take a hint and*) reform.

আমরা তাদেরকে (এই দুনিয়ায়) ছোট শাস্তি ভোগ করাই, তারা (পরকালের) বড় শাস্তি টেনে আনার আগে, যাতে তারা (একটি পূর্বাভাষ পায় এবং) সংশোধিত হতে পারে।

[32:22] Who is more evil than one who is reminded of these revelations of his Lord, then insists upon disregarding them? We will certainly punish the guilty.

কে অধিক মন্দ সে ব্যক্তির চেয়ে যাকে তার প্রভুর এই প্রকাশনাবলি স্মরণ করিয়ে দেয়া হয়, এরপর সেগুলোকে উপেক্ষাই করতে থাকে?

আমরা নিশ্চয় অপরাধীকে শাস্তি দিবো।

[32:23] We have given Moses the scripture -do not harbor any doubt about meeting Him-and we made it a guide for the Children of Israel. আমরা মূসাকে ঐশীগ্রন্থ দিয়েছি- তাঁর সাথে সাক্ষাতের ব্যাপারে কোন সন্দেহ করো না- এবং একে আমরা ইসরাইলের সন্তানদের জন্য একটি পথপ্রদর্শক করেছিলাম।

[32:24] We appointed from among them imams who guided in accordance with our commandments, because they steadfastly persevered and attained certainty about our revelations.

আমরা তাদের মধ্য থেকে ইমাম নিযুক্ত করেছিলাম যারা আমাদের প্রত্যাদেশ অনুসারে পথ প্রদর্শন করতো, কারণ তারা ছিল দৃঢ়তার সাথে অবিচল এবং নিশ্চয়তা অর্জন করেছিল আমাদের প্রকাশনাবলি সম্পর্কে।

[32:25] Your Lord is the One who will judge them on the Day of Resurrection, regarding everything they disputed.

তোমাদের প্রভু সে সত্ত্বা যিনি পুনরুত্থান দিবসে তাদের বিচার করবেন, তাদের বিবাদ করা সবকিছুর ব্যাপারে।

[32:26] Does it ever occur to them how many generations we have annihilated before them? They now live and walk in their ancestors' homes. This should provide sufficient proofs. Do they not hear?

তারা কি কখনো এটা উপলব্ধি করে যে তাদের আগে আমরা কত প্রজন্মকে ধ্বংস করেছি? তারা এখন বাস করে এবং চলাফেরা করে তাদের পূর্বপুরুষদের বাড়ি- ঘরে। এটি যথেষ্ট প্রমাণ হওয়া উচিত। তারা কি শুনে না?

[32:27] Do they not realize that we drive the water to barren lands, and produce with it crops to feed their livestock, as well as themselves? Do they not see?

তারা কি অনুধাবন করে না যে আমরা অনুর্বর জমিতে পানি প্রবাহিত করি, এবং তা দিয়ে ফসল উৎপাদন করি তাদের গৃহপালিত পশুকে খাওয়াতে, সেই সাথে তাদেরকেও? তারা কি দেখে না?

[32:28] They challenge: "Where is that victory, if you are truthful?"

তারা চ্যালেঞ্জ করে, "কোথায় সেই বিজয়,

যদি তোমরা সত্যবাদী হও?"

[32:29] Say, "The day such a victory comes, believing will not benefit those who did not believe before that, nor will they be given another chance."

বল, "যেদিন এমন বিজয় আসবে, বিশ্বাস করা তাদের উপকারে আসবে না যারা তার আগে বিশ্বাস করেনি, না তাদেরকে আরেকবার সুযোগ দেয়া হবে।"

[32:30] Therefore, disregard them and wait, they too are waiting.

একারণে, তাদেরকে উপেক্ষা করো এবং অপেক্ষা করো, তারাও অপেক্ষা করছে।

### Sura 33: The Parties (Al-Ahzāb)

[33:0] In the name of God, Most Gracious, Most Merciful

[33:1] O you prophet, you shall reverence GOD and do not obey the disbelievers and the hypocrites. GOD is Omniscient, Most Wise. হে নবী, তুমি আল্লাহকে ভক্তি করবে এবং অবিশ্বাসী ও ভণ্ডদের মান্য করবে না। আল্লাহ সর্বজ্ঞ, সবচেয়ে প্রজ্ঞাময়।

[33:2] Follow what is revealed to you from your Lord. GOD is fully Cognizant of everything you all do.

অনুসরণ করো তোমার প্রভুর পক্ষ থেকে তোমার কাছে যা প্রকাশ করা হয়েছে। তোমরা সকলে যা করো তার সবকিছু সম্পর্কে আল্লাহ সম্পূর্ণ অবগত।

[33:3] And put your trust in GOD. GOD suffices as an advocate.

আর আল্লাহর উপর তোমার আস্থা রাখো। সমর্থক হিসেবে আল্লাহ যথেষ্ট।

#### *Devotion to God Is Indivisible*

##### *আল্লাহর প্রতি ভক্তি অবিভাজ্য*

[33:4] GOD did not give any man two hearts in his chest. Nor did He turn your wives whom you estrange (*according to your custom*) into your mothers.\* Nor did He turn your adopted children into genetic offspring. All these are mere utterances that you have invented. GOD speaks the truth, and He guides in the (*right*) path.

আল্লাহ কোন মানুষের বুকে দু' টি হৃদয় দেননি। না তিনি মা' তে পরিণত করেন তোমাদের স্ত্রীদেরকে, যাদেরকে তোমরা (*তোমাদের প্রথা অনুসারে*) আলাদা করো।\* না তিনি তোমাদের পালিত সন্তানকে বংশগত সন্তানে পরিণত করেন। এগুলো তো মুখের কথা মাত্র যা তোমরা উদ্ভাবন করেছো। আল্লাহ সত্য বলেন, এবং তিনি (*সঠিক*) পথ দেখান।

\*33:4 *It was a custom in Arabia to estrange the wife by declaring that she was like the husband's mother. Such an unfair practice is abrogated herein.*

#### *Do Not Change Your Names*

##### *আপনাদের নাম পরিবর্তন করবেন না*

[33:5] You shall give your adopted children names that preserve their relationship to their genetic parents. This is more equitable in the sight of GOD. If you do not know their

parents, then, as your brethren in religion, you shall treat them as members of your family. You do not commit a sin if you make a mistake in this respect; you are responsible for your purposeful intentions. GOD is Forgiver, Most Merciful.

তোমরা তোমাদের পালিত সন্তানদের নাম দিবে যা তাদের বংশগত মাতাপিতার সাথে তাদের সম্পর্ক রক্ষা করে। এটা আল্লাহর দৃষ্টিতে অধিক ন্যায়সঙ্গত। যদি তোমরা তাদের মাতাপিতাকে না জানো, তাহলে, তোমাদের ধর্মের ভাই-বোন হিসেবে, তোমরা তাদেরকে তোমাদের পরিবারের সদস্য হিসেবে গন্য করবে। তোমরা কোন পাপ করো না এইক্ষেত্রে যদি তোমরা ভুল করে ফেলো; তোমরা তোমাদের উদ্দেশ্যমূলক অভিপ্রায়ের জন্য দায়ী। আল্লাহ ক্ষমাকারী, পরম দয়ালু।

[33:6] The prophet is closer to the believers than they are to each other, and his wives are like mothers to them. The relatives ought to take care of one another in accordance with GOD's scripture. Thus, the believers shall take care of their relatives who immigrate to them, provided they have taken care of their own families first. These are commandments of this scripture.

তাদের একে অন্যের চেয়ে নবী বিশ্বাসীদের নিকটতর, আর তাদের কাছে তার স্ত্রীরা মায়ের মতন। আল্লাহর ঐশীগ্রন্থ অনুসারে আত্মীয়দের উচিত একে অন্যের দেখ-ভাল করা। এভাবে, বিশ্বাসীরা দেখভাল করবে তাদের আত্মীয়দের যারা তাদের নিকট দেশান্তরিত হয়েছে, তবে আগে তাদের নিজ পরিবারের দেখভাল করবে। এগুলো এই ঐশীগ্রন্থের প্রত্যাদেশাবলি।

#### *Muhammad Pledges to Support God's Messenger of the Covenant\**

##### *মুহাম্মদ আল্লাহর অঙ্গীকারকৃত বার্তাবাহককে সমর্থন করতে প্রতিজ্ঞা করে*

[33:7] Recall that we took from the prophets their covenant, including you (*O Muhammad*), Noah, Abraham, Moses, and Jesus the son of Mary. We took from them a solemn pledge.\*

স্মরণ করো যে আমরা নবীদের থেকে তাদের অঙ্গীকার নিয়েছিলাম, তোমাকে সহ (*হে মুহাম্মদ*), নূহ, ইব্রাহিম, মূসা, এবং মরিয়মের পুত্র ঈসা থেকেও। আমরা তাদের থেকে একটি গুরুত্বপূর্ণ অঙ্গীকার নিয়েছিলাম।\*

\*33:7 *The covenant is detailed in 3:81. God took a covenant from the prophets that they shall support His Messenger of the Covenant*

who would come after Muhammad to purify and unify their messages. The Covenant was made before the earth's creation, and was fulfilled in Mecca Zul-Hijja 3, 1391 (Dec. 21, 1971). The sum of the Islamic month (12), plus the day (3), plus the year (1391) gives 1406, 19x74. Overwhelming proof identifying God's Messenger of the Covenant as Rashad Khalifa is provided throughout the Quran (Appendices 2 & 26).

[33:8] Subsequently, He will surely question the truthful about their truthfulness, and has prepared for the disbelievers (in this Quranic fact) a painful retribution.

পরবর্তীতে, তিনি অবশ্যই সত্যবাদীদের প্রশ্ন করবেন তাদের সত্যবাদীতা সম্পর্কে, এবং অবিশ্বাসীদের জন্য প্রস্তুত করেছেন (এই কোরানীয় ঘটনার বিষয়ে) এক যন্ত্রণাকর শাস্তি।

### The Battle of the Parties

#### দলগুলোর যুদ্ধ

[33:9] O you who believe, remember GOD's blessing upon you; when soldiers attacked you, we sent upon them violent wind and invisible soldiers. GOD is Seer of everything you do. হে তোমরা যারা বিশ্বাস করো, তোমাদের উপর আল্লাহর অনুগ্রহ স্মরণ করো; যখন সৈন্যরা তোমাদের আক্রমণ করেছিলো, আমরা তাদের উপর পাঠিয়েছিলাম ঝড়ো বাতাস এবং অদৃশ্য সৈন্য। আল্লাহ সবকিছু দেখেন যা তোমরা করো।

[33:10] When they came from above you, and from beneath you, your eyes were terrified, your hearts ran out of patience, and you harbored unbecoming thoughts about GOD. যখন তারা এসেছিল তোমাদের উপর থেকে, এবং তোমাদের নিচ থেকে, তোমাদের চোখ আতঙ্কিত হয়েছিল, তোমাদের হৃদয়ে ধৈর্য ফুরিয়ে গিয়েছিলো, এবং তোমরা আল্লাহ সম্পর্কে বেমানান ধারণা পোষন করছিলে।

[33:11] That is when the believers were truly tested; they were severely shaken up. ঠিক তখনই বিশ্বাসীদের সত্যিকারভাবে পরীক্ষা করা হয়েছিল; তারা প্রচণ্ড ভাবে কম্পিত হয়েছিল।

[33:12] The hypocrites and those with doubts in their hearts said, "What GOD and His messenger promised us was no more than an illusion!"

ভণ্ডরা ও যাদের হৃদয়ে সন্দেহ ছিল তারা

বলল, "আল্লাহ ও তাঁর বার্তাবাহক আমাদেরকে যে প্রতিশ্রুতি দিয়েছেন তা এক মোহের চেয়ে বেশি কিছু নয়।

[33:13] A group of them said, "O people of Yathrib, you cannot attain victory; go back." Others made up excuses to the prophet: "Our homes are vulnerable," when they were not vulnerable. They just wanted to flee.

তাদের এক দল বলল, "হে ইয়াসরেবের লোকেরা, তোমরা বিজয় অর্জন করতে পারবে না; ফিরে যাও।" বাকীরা নবীর কাছে অজুহাত দাঁড় করালো: "আমাদের ঘর অরক্ষিত, "যখন সেগুলো অরক্ষিত ছিল না। তারা কেবল পালাতে চেয়েছিল।

[33:14] Had the enemy invaded and asked them to join, they would have joined the enemy without hesitation.

যদি শত্রুরা হামলা করতো এবং তাদের যোগ দিতে বলতো, তারা নির্দিধায় শত্রুদের সাথে যোগ দিতো।

[33:15] They had pledged to GOD in the past that they would not turn around and flee; making a pledge with GOD involves a great responsibility.

তারা অতীতে আল্লাহর কাছে অঙ্গীকার করেছিল যে তারা পিছু হটে পালিয়ে যাবে না; আল্লাহর সাথে অঙ্গীকার করলে এক মহা দায়িত্ব বর্তায়।

[33:16] Say, "If you flee, you can never flee from death or from being killed. No matter what happens, you only live a short while longer."

বল, "যদি তোমরা পালাও, তোমরা কখনো পালাতে পারবে না মৃত্যু থেকে অথবা হত্যা হওয়া থেকে। যাই ঘটুক না কেন, তোমরা শুধু কিছুকাল বেশি বাঁচো।"

[33:17] Say, "Who would protect you from GOD if He willed any adversity, or willed any blessing for you?" They can never find, beside GOD, any other Lord and Master.

বল, "কে তোমাদেরকে আল্লাহ থেকে বাচাবে যদি তিনি তোমাদের জন্য কোন দূর্ভোগ চান, অথবা কোন অনুগ্রহ চান তোমাদের জন্য? "তারা কখনো পাবে না, আল্লাহর পাশে, অন্য কোন প্রভু ও মনিব।

[33:18] GOD is fully aware of the hinderers among you, and those who say to their comrades, "Let us all stay behind." Rarely do they mobilize for defense.

আল্লাহ পুরোপুরি অবগত তোমাদের মধ্যকার বিঘ্ন সৃষ্টিকারীদের বিষয়ে, এবং যারা তাদের সহযোগীদের বলে, "চল আমরা সবাই পিছনে থাকি।" তারা খুব কমই আত্মরক্ষার জন্য একত্রিত হয়।

[33:19] Also, they are too stingy when dealing with you. If anything threatens the community, you see their eyes rolling with fear, as if death had already come to them. Once the crisis is over, they whip you with sharp tongues. They are too stingy with their wealth. These are not believers, and, consequently, GOD has nullified their works. This is easy for GOD to do.

এছাড়া, তারা তোমার সাথে আচরণে খুবই কৃপণ। যদি কোনকিছু সম্প্রদায়কে হুমকি দেয়, তুমি দেখ যে ভয়ে তাদের চোখ চরকি খায়, যেন মৃত্যু তাদের কাছে এসেই পড়লো। একবার সংকট কেটে গেলে, তারা তোমাকে কষাঘাত করে তীক্ষ্ণ কথা দিয়ে। তারা তাদের সম্পদ নিয়েও খুব কৃপণ। এরা বিশ্বাসী নয়, আর, পরিনামে, আল্লাহ তাদের কাজকে নিষ্ফল করে দিয়েছেন। এটা করা আল্লাহর জন্য সহজ।

[33:20] They thought that the parties might come back. In that case, they would wish that they were lost in the desert, asking about your news from afar. Had the parties attacked you while they were with you, they would rarely support you.

তারা ভেবেছিল হয়তো দলগুলো ফিরে আসতে পারে। সেক্ষেত্রে, তারা চাইতো যে যদি তারা মরুভূমিতে হারিয়ে গিয়ে, দূর থেকে তোমাদের খবরাখবর নিতো। যদি তোমাদের সাথে তারা থাকাকালে দলগুলো তোমাদেরকে আক্রমণ করতো, তারা খুব কমই তোমাদের সহায়তা করতো।

#### *The Prophet's Courage\** নবীর সাহসিকতা

[33:21] The messenger of GOD has set up a good example for those among you who seek GOD and the Last Day, and constantly think about GOD.

তোমাদের মধ্যে তাদের জন্য আল্লাহর বার্তাবাহক একটি ভাল উদাহরণ স্থাপন করেছেন যারা আল্লাহ ও শেষ দিনের অন্বেষণ করে, এবং প্রতিনিয়ত আল্লাহর বিষয়ে চিন্তা করে।

\*33:21 Satan took this verse out of context, and relied on the people's idolization of the

prophet Muhammad to innovate a whole set of unauthorized and unreasonable regulations called "Sunna of the Prophet." This created a totally different religion (see 42:21 and Appendix 18).

[33:22] When the true believers saw the parties (*ready to attack*), they said, "This is what GOD and His messenger have promised us, and GOD and His messenger are truthful." This (*dangerous situation*) only strengthened their faith and augmented their submission.

যখন সত্যিকার বিশ্বাসীরা দলগুলোকে দেখলো (*আক্রমণ করতে প্রস্তুত*), তারা বলল, "এর প্রতিজ্ঞাই আল্লাহ ও তাঁর বার্তাবাহক আমাদেরকে করেছিলেন, আর আল্লাহ ও তাঁর বার্তাবাহক সত্যবাদী।" এই (*বিপজ্জনক পরিস্থিতি*) কেবল তাদের বিশ্বাসকে শক্তিশালী করেছিল এবং তাদের আত্মসমর্পণ বাড়িয়ে দিয়েছিল।

[33:23] Among the believers there are people who fulfill their pledges with GOD. Some of them died, while others stand ready, never wavering.

বিশ্বাসীদের মধ্যে সে সব লোকেরা রয়েছে যারা আল্লাহর সাথে তাদের অঙ্গীকার পরিপূর্ণ করে। তাদের কেউ কেউ মারা যায়, যখন অন্যরা প্রস্তুত হয়ে থাকে, কখনো দ্বিধাষিত না হয়ে।

[33:24] GOD will surely recompense the truthful for their truthfulness, and will punish the hypocrites, if He so wills, or redeem them. GOD is Forgiver, Most Merciful.

আল্লাহ অবশ্যই সত্যবাদীদের প্রতিদান দেবেন তাদের সত্যবাদিতার জন্য, এবং ভণ্ডদের শাস্তি দেবেন, যদি তিনি এমনই চান, অথবা পাপমুক্ত করবেন। আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।

#### *During Muhammad's Time* মুহাম্মদের সময়ে

[33:25] GOD repulsed those who disbelieved with their rage, and they left empty handed. GOD thus spared the believers any fighting. GOD is Powerful, Almighty.

যারা অবিশ্বাস করেছে আল্লাহ তাদেরকে পিছু হটতে বাধ্য করেছেন তাদের ক্রোধ নিয়ে, এবং তারা খালি হাতে ফিরেছে। আল্লাহ এভাবে কোন যুদ্ধ থেকে বিশ্বাসীদের নিষ্কৃতি দেন। আল্লাহ ক্ষমতাবান, সর্বশক্তিমান।

[33:26] He also brought down their allies among the people of the scripture from their

secure positions, and threw terror into their hearts. Some of them you killed, and some you took captive.

এছাড়াও তিনি ঐশীগ্রাহের লোকদের মধ্য থেকে তাদের মিত্রদেরকে নিরাপদ অবস্থান থেকে নামিয়ে দিয়েছিলেন, এবং তাদের হৃদয়ে আতংক ছুঁড়ে দিয়েছিলেন। তাদের কতককে তোমরা হত্যা করেছো, আর কতককে বন্দী করেছো।

[33:27] He made you inherit their land, their homes, their money, and lands you had never stepped on. GOD is in full control of all things.

তিনি তোমাদেরকে উত্তরাধিকার করতে দিয়েছেন তাদের ভূমি, তাদের বাড়ি-ঘর, তাদের অর্থ, এবং সেসব ভূমি যাতে তোমরা কখনো পা রাখেনি। আল্লাহ সবকিছুর পূর্ণ নিয়ন্ত্রনে আছেন।

#### *Special Responsibility For Being Close নিকটবর্তী হওয়ার জন্য বিশেষ দায়িত্ব*

[33:28] O prophet, say to your wives, "If you are seeking this life and its vanities, then let me compensate you and allow you to go amicably.

হে নবী, তোমার স্ত্রীদের বল, "যদি তোমরা এই জীবন এবং এর তুচ্ছ বিষয়াদির অন্বেষণ করো, তাহলে চলো আমি তোমাদের ক্ষতিপূরণ দিয়ে দেই এবং তোমাদেরকে আপসে চলে যেতে দেই।

[33:29] "But if you are seeking GOD and His messenger, and the abode of the Hereafter, then GOD has prepared for the righteous among you a great recompense."

"কিন্তু যদি তোমরা অন্বেষণ করো আল্লাহ ও তাঁর বার্তাবাহককে, এবং পরকালের আবাস, তাহলে তোমাদের মধ্যকার সৎকর্মীদের জন্য আল্লাহ প্রস্তুত রেখেছেন এক মহা প্রতিদান।"

#### *Special Responsibility বিশেষ দায়িত্ব*

[33:30] O wives of the prophet, if any of you commits a gross sin, the retribution will be doubled for her. This is easy for GOD to do. হে নবীর স্ত্রীরা, যদি তোমাদের কেউ গুরুতর অপরাধ করো, শাস্তি তার জন্য দ্বিগুন হবে। এটি আল্লাহর জন্য করা সহজ।

[33:31] Any one of you who obeys GOD and His messenger, and leads a righteous life, we

will grant her double the recompense, and we have prepared for her a generous provision. তোমাদের যেকেউ আল্লাহ ও তাঁর বার্তাবাহককে অনুসরণ করে, এবং সৎ জীবন-যাপন করে, আমরা তাকে দিবো দ্বিগুন প্রতিদান, এবং আমরা তার জন্য প্রস্তুত রেখেছি এক উদার জীবিকা।

#### *Setting the Example দৃষ্টান্ত স্থাপন করা*

[33:32] O wives of the prophet, you are not the same as any other women, if you observe righteousness. (You have a greater responsibility.) Therefore, you shall not speak too softly, lest those with disease in their hearts may get the wrong ideas; you shall speak only righteousness.

হে নবীর স্ত্রীরা, তোমরা অন্য কোন নারীর মতো নও, যদি তোমরা সৎকর্মশীলতা পালন করো। (তোমাদের অধিকতর দায়িত্ব আছে।) অতএব, তোমরা খুব কোমলভাবে কথা বলবে না, পাছে যাদের হৃদয়ে রোগ আছে তারা ভুল ধারণা পেতে পারে; তোমরা শুধু ন্যায়সঙ্গত কথা বলবে।

[33:33] You shall settle down in your homes, and do not mingle with the people excessively, like you used to do in the old days of ignorance. You shall observe the Contact Prayers (*Salat*), and give the obligatory charity (*Zakat*), and obey GOD and His messenger. GOD wishes to remove all unholiness from you, O you who live around the Sacred Shrine, and to purify you completely.

তোমরা তোমাদের ঘরে থাকবে, এবং লোকদের সাথে খুব বেশি মেলামেশা করবে না, যেমন তোমরা পুরনো অজ্ঞতার দিনগুলোতে করত। তোমরা সংযোগ প্রার্থনা (*সালাত*) পালন করবে, এবং বাধ্যতামূলক দান (*যাকাত*) দিবে, এবং আল্লাহ ও তাঁর বার্তাবাহককে মান্য করবে। আল্লাহ তোমাদের থেকে সকল অপবিত্রতা দূর করতে চান, হে তোমরা যারা পবিত্র ঘরের চতুর্দিকে বাস করো, এবং চান তোমাদের পরিপূর্ণ পরিশুদ্ধ করতে।

[33:34] Remember what is being recited in your homes of GOD's revelations and the wisdom inherent therein. GOD is Sublime, Cognizant.

স্মরণ রাখো তোমাদের ঘরে যা আবৃত্তি করা হয় আল্লাহর প্রকাশনাবলির এবং এর মধ্যে বিদ্যমান প্রজ্ঞা। আল্লাহ মহিমান্বিত, অবগত।

[33:35] The submitting men, the submitting women, the believing men, the believing women, the obedient men, the obedient women, the truthful men, the truthful women, the steadfast men, the steadfast women, the reverent men, the reverent women, the charitable men, the charitable women, the fasting men, the fasting women, the chaste men, the chaste women, and the men who commemorate GOD frequently, and the commemorating women; GOD has prepared for them forgiveness and a great recompense.

৩৩/৩৫ আত্মসমর্পণকারী পুরুষ ,  
আত্মসমর্পণকারী নারী ,বিশ্বাসী পুরুষ ,বিশ্বাসী  
নারী ,অনুগত পুরুষ ,অনুগত নারী ,সত্যবাদী  
পুরুষ ,সত্যবাদী নারী ,অবিচল পুরুষ ,অবিচল  
নারী ,ভক্তি- শ্রদ্ধাকারী পুরুষ ,ভক্তি- শ্রদ্ধাকারী  
নারী ,দানশীল পুরুষ ,দানশীল নারী ,রোজাদার  
পুরুষ ,রোজাদার নারী ,চরিত্রবান পুরুষ ,  
চরিত্রবান নারী ,এবং পুরুষ যে অহরহ আল্লাহকে  
স্মরণ করে ,এবং স্মরণকারী নারী ;আল্লাহ  
তাদের জন্য প্রস্তুত রেখেছেন ক্ষমা এবং এক  
মহা প্রতিদান।

*Major Error Committed by Muhammad*  
*মুহাম্মদের দ্বারা হওয়া বড় ভুল*  
*Muhammad the Man Disobeys Muhammad the*  
*Messenger*  
*বার্তাবাহক মুহাম্মদের অবাধ্য হয় মানুষ মুহাম্মদ*

[33:36] No believing man or believing woman, if GOD and His messenger issue any command, has any choice regarding that command. Anyone who disobeys GOD and His messenger has gone far astray.

যদি আল্লাহ ও তাঁর বার্তাবাহক কোন আদেশ  
দেন তবে ঐ আদেশের ব্যাপারে, কোন বিশ্বাসী  
পুরুষ অথবা বিশ্বাসী নারীর কোন পছন্দ নেই।  
যেকোন আল্লাহ ও তাঁর বার্তাবাহকের অবাধ্য  
হয়, সে বহুদূরে পথভ্রষ্ট হয়েছে।

[33:37] Recall that you said to the one who was blessed by GOD, and blessed by you, "Keep your wife and reverence GOD," and you hid inside yourself what GOD wished to proclaim. Thus, you feared the people, when you were supposed to fear only GOD. When Zeid was completely through with his wife, we had you marry her, in order to establish the precedent that a man can marry the divorced wife of his adopted son. GOD's commands shall be done.

স্মরণ করো যে তুমি সে ব্যক্তিকে বলেছিলে যে

আল্লাহর অনুগ্রহপ্রাপ্ত ছিল, এবং তোমার  
অনুগ্রহপ্রাপ্ত ছিল, "তোমার স্ত্রীকে থাকতে দাও  
এবং আল্লাহকে ভক্তি করো, "আর তুমি তোমার  
নিজের ভিতর লুকাচ্ছিলে যা আল্লাহ ঘোষণা  
করতে চেয়েছিলেন। এভাবে, তুমি লোকদের  
ভয় করেছিলে, যখন তোমার কাছে কেবল  
আল্লাহকে ভয় করাই প্রত্যাশিত ছিল। যখন  
জাযিদ তার স্ত্রীর প্রতি পুরোপুরি আগ্রহ  
হারিয়েছিল, আমরা তাকে তোমার সাথে বিয়ে  
করলাম, উদাহরণ স্থাপন করতে যে কোন  
পুরুষ তার পালিত পুত্রের তলাকপ্রাপ্ত স্ত্রীকে  
বিয়ে করতে পারে। আল্লাহর আদেশ সম্পন্ন  
হবেই।

[33:38] The prophet is not committing an error by doing anything that is made lawful by GOD. Such is GOD's system since the early generations. GOD's command is a sacred duty.

নবী কোন ভুল করছে না কোনকিছু করে যা  
আল্লাহর দ্বারা আইনসম্মত করা হয়েছে। এমনই  
আল্লাহর পদ্ধতি প্রারম্ভিক প্রজন্মগুলো থেকে।  
আল্লাহর আদেশ একটি পবিত্র দায়িত্ব।

[33:39] Those who deliver GOD's messages, and who reverence Him alone, shall never fear anyone but GOD. GOD is the most efficient reckoner.

যারা আল্লাহর বার্তা পৌঁছে দেয়, এবং যারা  
একমাত্র তাঁর ভক্তি করে, তারা কখনো আল্লাহ  
ছাড়া কাউকে ভয় করবে না। আল্লাহ সবচেয়ে  
দক্ষ হিসাব গ্রহণকারী।

*Not The Final Messenger\**  
*শেষ বার্তাবাহক নয়\**

[33:40] Muhammad was not the father of any man among you. He was a messenger of GOD and the final prophet. GOD is fully aware of all things.

মুহাম্মদ তোমাদের মধ্যে কোন পুরুষের পিতা  
ছিল না। সে ছিল আল্লাহর একজন বার্তাবাহক  
এবং শেষ নবী। আল্লাহ সবকিছু সম্পর্কে সম্পূর্ণ  
অবগত।

*\*33:40 Despite this clear definition of Muhammad, most Muslims insist that he was the last prophet and also the last messenger. This is a tragic human trait as we see in 40:34. Those who readily believe God realize that God sends His purifying and consolidating Messenger of the Covenant after the final prophet Muhammad (3:81, 33:7).*

[33:41] O you who believe, you shall remember GOD frequently.\*  
হে তোমরা যারা বিশ্বাস করো, তোমরা ঘন ঘন আল্লাহর স্মরণ করবে। \*

*\*33:41-42 Your god is whatever occupies your thoughts most of the time. Hence the commandment to commemorate God and glorify Him day and night. See Appendix 27.*

[33:42] You shall glorify Him day and night.  
তোমরা দিন রাত তাঁর মহিমা প্রকাশ করবে।

[33:43] He is the One who helps you, together with His angels, to lead you out of darkness into the light. He is Most Merciful towards the believers.  
তিনিই সে সত্ত্বা যিনি তোমাদের সাহায্য করেন, তাঁর ফেরেশতাদের সাথে, তোমাদেরকে অন্ধকার থেকে আলোয় পরিচালিত করতে। তিনি বিশ্বাসীদের প্রতি পরম দয়ালু।

[33:44] Their greeting the day they meet Him is, "Peace," and He has prepared for them a generous recompense.  
তাঁর সাথে তাদের সাক্ষাতের দিনের অভিবাদন হলো, "শান্তি," এবং তিনি তাদের জন্য প্রস্তুত রেখেছেন এক উদার প্রতিদান।

[33:45] O prophet, we have sent you as a witness, a bearer of good news, as well as a warner.  
হে নবী, আমরা তোমাকে পাঠিয়েছি একজন সাক্ষী হিসেবে, একজন সুসংবাদ বহনকারী, সেই সাথে একজন সতর্ককারী হিসেবে।

[33:46] Inviting to GOD, in accordance with His will, and a guiding beacon.  
আল্লাহর দিকে আমন্ত্রণ জানাতে, তাঁর ইচ্ছানুসারে, এবং একটি পথপ্রদর্শক আলোকবর্তিকা।

[33:47] Deliver good news to the believers, that they have deserved from GOD a great blessing.  
বিশ্বাসীদের সুসংবাদ দাও, যে তারা আল্লাহর থেকে এক বিশাল অনুগ্রহের উপযুক্ত হয়েছে।

[33:48] Do not obey the disbelievers and the hypocrites, disregard their insults, and put your trust in GOD; GOD suffices as an advocate.  
অবিশ্বাসী ও ভণ্ডদের মান্য করো না, তাদের অপমান উপেক্ষা করো, এবং আল্লাহর উপর তোমার আস্থা রাখো; একজন উকিল হিসেবে আল্লাহই যথেষ্ট।

## Marriage Laws বিবাহ আইন

[33:49] O you who believe, if you married believing women, then divorced them before having intercourse with them, they do not owe you any waiting interim (before marrying another man). You shall compensate them equitably, and let them go amicably.  
হে তোমরা যারা বিশ্বাস করো, যদি তোমরা বিশ্বাসী নারীদেরকে বিয়ে করে থাকো, এরপর তাদের সঙ্গে যৌন সহবাসের আগেই তাদের তালাক দাও, তারা তোমাদের কাছে বাধ্য নয় অন্তবর্তী সময় অপেক্ষা করতে (অপর পুরুষকে বিয়ে করার আগে)। তোমরা ন্যায়সঙ্গতভাবে তাদেরকে ক্ষতিপূরণ দিবে, এবং তাদেরকে আপোষে যেতে দাও।

[33:50] O prophet, we made lawful for you your wives to whom you have paid their due dowry, or what you already have, as granted to you by GOD. Also lawful for you in marriage are the daughters of your father's brothers, the daughters of your father's sisters, the daughters of your mother's brothers, the daughters of your mother's sisters, who have emigrated with you. Also, if a believing woman gave herself to the prophet-by forfeiting the dowry-the prophet may marry her without a dowry, if he so wishes. However, her forfeiting of the dowry applies only to the prophet, and not to the other believers. We have already decreed their rights in regard to their spouses or what they already have. This is to spare you any embarrassment. GOD is Forgiver, Most Merciful.

হে নবী, আমরা তোমার জন্য আইনসম্মত করেছি তোমার স্ত্রীদের যাদেরকে তুমি তাদের ন্যায় মোহরানা পরিশোধ করেছ, অথবা যা ইতোমধ্যে তোমার, যেমন আল্লাহ তোমাকে দিয়েছেন। এছাড়া, তোমার জন্য বিয়ের ক্ষেত্রে আইনসম্মত তোমার পিতার ভাইয়ের কন্যারা, তোমার পিতার বোনের কন্যারা, তোমার মায়ের ভাইয়ের কন্যারা, তোমার মায়ের বোনের কন্যারা, যারা তোমার সাথে দেশান্তরিত হয়েছে। এছাড়াও, কোন বিশ্বাসী নারী যদি নিজেকে নবীর কাছে নিবেদন করে - স্বেচ্ছায় মোহরানা ত্যাগ করে- নবী তাকে মোহরানা ছাড়াই বিয়ে করতে পারে, যদি সে তা-ই চায়। যদিও, তার স্বেচ্ছায় মোহরানা ত্যাগ শুধু নবীর ক্ষেত্রে প্রযোজ্য, এবং অন্য বিশ্বাসীদের ক্ষেত্রে নয়। আমরা ইতোমধ্যেই তাদের অধিকারের বিষয় জারি করেছি, তাদের সহধর্মী/সহধর্মীনি বা ইতোমধ্যেই তাদের যা আছে সে ব্যাপারে।



এটা তোমাকে কোনপ্রকার বিব্রতকর অবস্থা থেকে নিষ্কৃতি দেয়ার জন্য। আল্লাহ ক্ষমাকারী, পরম দয়ালু।

[33:51] You may gently shun any one of them, and you may bring closer to you any one of them. If you reconcile with any one you had estranged, you commit no error. In this way, they will be pleased, will have no grief, and will be content with what you equitably offer to all of them. GOD knows what is in your hearts. GOD is Omniscient, Clement.

তুমি ভদ্রভাবে তাদের যে কোন কারো থেকে দূরে থাকতে পারো, এবং তুমি তাদের যে কোন কাউকে কাছে আনতে পারো। যদি তুমি যে কোন কারো সাথে পুনর্মিলিত হও যার সাথে তুমি বিচ্ছিন্ন হয়েছিলে, তুমি কোন ভুল করো না। এই ভাবে, তারা সম্ভুষ্ট থাকবে, কোনপ্রকার শোক থাকবে না, এবং তাতে তৃপ্ত থাকবে যা তুমি তাদের সবাইকে ন্যায়সঙ্গতভাবে প্রস্তাব করো। আল্লাহ জানেন যা তোমাদের হৃদয়ে আছে। আল্লাহ সর্বজ্ঞ, সহনশীল।

[33:52] Beyond the categories described to you, you are enjoined from marrying any other women, nor can you substitute a new wife (from the prohibited categories), no matter how much you admire their beauty. You must be content with those already made lawful to you. GOD is watchful over all things.

তোমার কাছে বর্ণনা করা প্রকারগুলোর বাইরে, অন্য কোন নারীকে বিয়ে করা তোমার জন্য নিষেধ, না তুমি কোন নতুন স্ত্রী তাদের পরিবর্তে আনতে পারবে (নিষেধকৃত প্রকারগুলো থেকে), তুমি তাদের রূপে যতই মুগ্ধ হও না কেন। তুমি অবশ্যই তাদের নিয়ে তৃপ্ত থাকবে যাদেরকে ইতোমধ্যেই তোমার কাছে আইনসম্মত করা হয়েছে। আল্লাহ সবকিছুর উপর সতর্ক নজর রাখেন।

#### *Etiquette*

#### *আদবকায়দা*

[33:53] O you who believe, do not enter the prophet's homes unless you are given permission to eat, nor shall you force such an invitation in any manner. If you are invited, you may enter. When you finish eating, you shall leave; do not engage him in lengthy conversations. This used to hurt the prophet, and he was too shy to tell you. But GOD does not shy away from the truth. If you have to ask his wives for something, ask them from behind a barrier. This is purer for your hearts and their hearts. You are not to hurt the messenger of GOD. You shall not marry his wives after him,

for this would be a gross offense in the sight of GOD.\*

হে যারা বিশ্বাস করো, নবীর ঘরে প্রবেশ করো না যদি না তোমাদেরকে খাওয়ার অনুমতি দেয়া হয়, না তোমরা কোনভাবে এমন আমন্ত্রণের জন্য জোর করবে। যদি তোমরা আমন্ত্রিত হও, তোমরা প্রবেশ করতে পারো। যখন তোমরা খাওয়া শেষ করো, তোমরা প্রস্থান করবে; তাকে দীর্ঘ আলোচনায় সম্পৃক্ত করো না। এটা নবীকে কষ্ট দিতো, এবং সে তোমাদেরকে বলতে খুব লজ্জা পেতো। কিন্তু, আল্লাহ সত্যে লজ্জা বোধ করেন না। যদি তার স্ত্রীদের কাছে তোমাদের কোন কিছু চাইতে হয়/ জিজ্ঞাসা করতে হয়, একটি পর্দার আড়াল থেকে তাদের জিজ্ঞাসা করো/ কাছে চাও। এটা তোমাদের হৃদয় এবং তাদের হৃদয়ের জন্য শুদ্ধতর। তোমরা তোমাদের আল্লাহর বার্তাবাহককে কষ্ট দিবে না। তোমরা তার পরে তার স্ত্রীদের বিয়ে করবে না, কারণ আল্লাহর দৃষ্টিতে তা হবে এক গুরুতর অপরাধ।

*\*33:53 We are enjoined in 4:22 from marrying women who were previously married to our fathers. Nor can the father marry the divorced wife of his son (4:23). This divine commandment preserves our respect for our fathers and their most private affairs. Similarly, the prophet was a father figure to the believers of his time. For the good of those believers, God enjoined them from marrying women who were previously married to the prophet. Marriage is a sacred and very private relationship, and the prophet's private life was better kept private.*

[33:54] Whether you declare anything, or hide it, GOD is fully aware of all things.

তোমরা কোনকিছু প্রকাশ করো, অথবা তা গোপন করো, আল্লাহ সবকিছু সম্পর্কে সম্পূর্ণ অবগত।

[33:55] The women may relax (their dress code) around their fathers, their sons, their brothers, the sons of their brothers, the sons of their sisters, the other women, and their (female) servants. They shall reverence GOD. GOD witnesses all things.

নারীরা (তাদের পোষাক নীতি) শিথিল করতে পারে তাদের পিতা, তাদের পুত্র, তাদের ভাই, তাদের ভাইদের পুত্র, তাদের বোনদের পুত্র, অন্য নারী, এবং তাদের (নারী) ভৃত্যদের কাছে। তারা আল্লাহকে ভক্তি করবে। আল্লাহ সবকিছু প্রত্যক্ষ করেন।

*During the Prophet's Life\**

*নবীর জীবদ্দশায়*

[33:56] GOD and His angels help and support the prophet. O you who believe, you shall help and support him, and regard him as he should be regarded.\*

আল্লাহ ও তাঁর ফেরেশতারা নবীকে সাহায্য ও সমর্থন করেন। হে তোমরা যারা বিশ্বাস করো, তোমরা তাকে সাহায্য ও সমর্থন করবে, আর তাকে গণ্য করবে যেভাবে তাকে গণ্য করা উচিত।

*\*33:56 The word "prophet" (Nabi) consistently refers to Muhammad only when he was alive. Satan used this verse to entice the Muslims into commemorating Muhammad, constantly, instead of commemorating God as enjoined in 33:41-42.*

[33:57] Surely, those who oppose GOD and His messenger, GOD afflicts them with a curse in this life, and in the Hereafter; He has prepared for them a shameful retribution. নিশ্চয়, যারা আল্লাহ ও তাঁর বার্তাবাহকের বিরোধীতা করে, আল্লাহ তাদেরকে অভিশাপ দেন কষ্ট দিতে এই জীবনে, এবং পরকালে; তিনি তাদের জন্য প্রস্তুত রেখেছেন এক লজ্জাকর শাস্তি।

[33:58] Those who persecute the believing men and the believing women, who did not do anything wrong, have committed not only a falsehood, but also a gross sin. যারা বিশ্বাসী পুরুষ ও বিশ্বাসী নারীকে কষ্ট দেয়, যারা কোন ভুল করেনি, তারা শুধু মিথ্যাচার করেনি, বরং এক ঘোর পাপ করেছে।

*Dress Code for Women*

*নারীদের জন্য পোষাক নীতি*

[33:59] O prophet, tell your wives, your daughters, and the wives of the believers that they shall lengthen their garments. Thus, they will be recognized (as righteous women) and avoid being insulted. GOD is Forgiver, Most Merciful.

হে নবী, বলো তোমার স্ত্রীদের, তোমার কন্যাদের এবং বিশ্বাসীদের স্ত্রীদের যে তারা তাদের পোষাক দীর্ঘ করবে। এভাবে, তাদের চেনা যাবে (সৎকর্মশীল নারী হিসেবে) এবং অপমানিত হওয়া এড়াবে। আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।

[33:60] Unless the hypocrites, and those with disease in their hearts, and the vicious liars of the city refrain (from persecuting you), we will surely grant you the upper hand, then they will be forced to leave within a short while.

যদি না ভন্ডরা, এবং যাদের হৃদয়ে রোগ আছে, এবং শহরের জঘন্য মিথ্যুকরা (তোমাদের উপর অত্যাচার করা থেকে) বিরত হয়, আমরা অবশ্যই তোমাকে কর্তৃত্ব দিবো, এরপর কিছু সময়ের মধ্যে স্থান ত্যাগের জন্য তারা বাধ্য হবে।

[33:61] They have incurred condemnation wherever they go; (unless they stop attacking you,) they may be taken and killed.

যেখানেই তারা যাক, তারা শাস্তি টেনে এনেছে; (যদি না তারা তোমাদের উপর আক্রমণ করা বন্ধ করে, ) তাদেরকে হয়তো বন্দী এবং হত্যা করা হবে।

[33:62] This is GOD's eternal system, and you will find that GOD's system is unchangeable. এটি আল্লাহর চিরস্থায়ী পদ্ধতি, এবং তুমি দেখবে যে আল্লাহর পদ্ধতি অপরিবর্তনীয়।

*End of the World Revealed\**

*বিশ্বের পরিসমাপ্তি প্রকাশিত*

[33:63] The people ask you about the Hour (end of the world). Say, "The knowledge thereof is only with GOD. For all that you know, the Hour may be close."

লোকেরা তোমাকে সে ঘন্টা (বিশ্বের পরিসমাপ্তি) সম্পর্কে জিজ্ঞেস করে। বল, "এর জ্ঞান কেবল আল্লাহর কাছে। যতটুকু তুমি জানো, সে ঘন্টা হয়তো নিকটে।"

*\*33:63 Less than a century ago, only God possessed knowledge about television and space satellites, for example. He revealed this knowledge at the predetermined time. Similarly, God has revealed the time appointed for the end of this world (Appendix 25).*

*The Followers Turn On Their Leaders*

*অনুসারীরা তাদের নেতার দিকে ফিরে*

[33:64] GOD has condemned the disbelievers, and has prepared for them Hell. আল্লাহ অবিশ্বাসীদের অভিশপ্ত করেছেন, এবং তাদের জন্য নরক প্রস্তুত রেখেছেন।

[33:65] Eternally they abide therein. They will find no lord, nor a supporter.

সেখানে তারা চিরকাল থাকে। তারা কোন প্রভু  
পাবে না, না কোন সমর্থনকারী।

[33:66] The day they are thrown into Hell,  
they will say, "Oh, we wish we obeyed GOD,  
and obeyed the messenger."

যেদিন তারা নরকে নিক্ষিপ্ত হবে, তারা বলবে,  
"আহা, আমরা যদি আল্লাহকে মান্য করতাম,  
এবং বার্তাবাহককে মান্য করতাম।

[33:67] They will also say, "Our Lord, we have  
obeyed our masters and leaders, but they led us  
astray.

তারা আরো বলবে, "আমাদের প্রভু, আমরা  
আমাদের মনিব ও নেতাদের মান্য করেছিলাম,  
কিন্তু তারা আমাদের বিপথে পরিচালিত করেছে।

[33:68] "Our Lord, give them double the  
retribution, and curse them a tremendous  
curse."

"আমাদের প্রভু, তাদেরকে দ্বিগুন শাস্তি দিন,  
এবং তাদেরকে এক ভয়ানক অভিশাপে অভিশপ্ত  
করুন।"

[33:69] O you who believe, do not be like  
those who hurt Moses, then GOD absolved  
him of what they said. He was, in the sight of  
GOD, honorable.

হে তোমরা যারা বিশ্বাস করো, তাদের মতো  
হয়ো না যারা মুসাকে আঘাত করেছিল, এরপর  
তারা যা বলেছিল তা থেকে আল্লাহ তাকে  
নির্দোষ প্রমাণ করলেন। সে ছিল, আল্লাহর  
দৃষ্টিতে, সম্মানিত।

[33:70] O you who believe, reverence GOD  
and utter only the correct utterances.

হে তোমরা যারা বিশ্বাস করো, আল্লাহকে ভক্তি  
করো এবং কেবল সঠিক কথা বলো।

[33:71] He will then fix your works, and  
forgive your sins. Those who obey GOD and  
His messenger have triumphed a great  
triumph.

তাহলে তিনি তোমাদের কাজগুলো ঠিক করে  
দেবেন, এবং তোমাদের পাপগুলো ক্ষমা  
করবেন। যারা আল্লাহ এবং তাঁর বার্তাবাহককে  
মান্য করে তারা এক মহা বিজয়ে জয়ী হলো।

### *Freedom of Choice*

#### *ইচ্ছার স্বাধীনতা*

[33:72] We have offered the responsibility  
(freedom of choice) to the heavens and the  
earth, and the mountains, but they refused to

bear it, and were afraid of it. But the human  
being accepted it; he was transgressing,  
ignorant.\*

আমরা আকাশমন্ডলী ও পৃথিবী, এবং  
পর্বতগুলোকে (ইচ্ছা স্বাধীনতার) দায়িত্ব নিতে  
প্রস্তাব করেছিলাম, কিন্তু তারা তা বহন করতে  
অস্বীকার করলো, এবং তাতে ভীত হল। কিন্তু  
মানুষ তা গ্রহণ করলো; সে ছিল  
সীমালঙ্ঘনকারী, অজ্ঞ।\*

\*33:72 The animals, trees, stars, etc. took  
advantage of this most gracious offer. See  
Appendix 7.

[33:73] For GOD will inevitably punish the  
hypocrite men and the hypocrite women, and  
the idol worshiping men and the idol  
worshiping women. GOD redeems the  
believing men and the believing women. GOD  
is Forgiver, Most Merciful.

কারণ আল্লাহ অবধারিতভাবে ভদ্র পুরুষ ও ভদ্র  
নারীদের, এবং শরিক উপাসনাকারী পুরুষ ও  
শরিক উপাসনাকারী নারীদের শাস্তি দিবেন।

আল্লাহ বিশ্বাসী পুরুষ ও বিশ্বাসী নারীদের  
পাপমুক্ত করেন। আল্লাহ ক্ষমাকারী, পরম  
দয়ালু।

## Sura 34: Sheba (Saba')

[34:0] In the name of God, Most Gracious, Most Merciful

[34:1] Praise be to GOD-to whom belongs everything in the heavens and the earth; all praise is also due to Him in the Hereafter. He is the Most Wise, the Cognizant.

প্রশংসা আল্লাহর - যাঁর অধীনে রয়েছে আকাশমন্ডলী ও পৃথিবীর সবকিছু; অধিকন্তু পরকালের সকল প্রশংসাও তাঁর জন্য। তিনি সবচেয়ে প্রজ্ঞাময়, অবগত।

[34:2] He knows everything that goes into the earth, and everything that comes out of it, and everything that comes down from the sky, and everything that climbs into it. He is the Most Merciful, the Forgiving.

তিনি জানেন সবকিছু যা মাটির ভেতর যায়, আর সবকিছু যা এর থেকে বের হয়ে আসে, আর সবকিছু যা আকাশ থেকে নেমে আসে, আর সবকিছু যা এর মধ্যে উঠিত হয়। তিনি পরম দয়ালু, ক্ষমাশীল।

[34:3] Those who disbelieve have said, "The Hour will never come to pass!" Say, "Absolutely-by my Lord-it will most certainly come to you. He is the Knower of the future. Not even the equivalent of an atom's weight is hidden from Him, be it in the heavens or the earth. Not even smaller than that, or larger (*is hidden*). All are in a profound record."

যারা অবিশ্বাস করে তারা বলেছে, "সে ঘন্টা কখনো আসবে না!" বল, "নিঃসন্দেহে - আমার প্রভুর শপথ- এটি অবশ্যই তোমাদের কাছে আসবে। তিনি ভবিষ্যৎ সম্পর্কে জানেন। এমনকি একটি পরমানুর ভরের সমতুল্য পরিমাণও তাঁর থেকে লুকানো নয়, হোক তা আকাশমন্ডলী অথবা পৃথিবীতে। না (লুকানো আছে) এমনকি এর চেয়ে ছোট বা বড় কিছু। সবকিছু আছে এক জ্ঞানগর্ভ নথিতে।"

[34:4] Most certainly, He will reward those who believe and lead a righteous life. These have deserved forgiveness and a generous provision.

অবশ্যই যারা বিশ্বাস করে এবং সৎ জীবন-যাপন করে তিনি তাদেরকে পুরস্কৃত করবেন। এরা ক্ষমা এবং এক উদার জীবিকার যোগ্য হয়েছে।

[34:5] As for those who constantly challenge our revelations, they have incurred a retribution of painful humiliation.

আর যারা অনবরত আমাদের প্রকাশনাবলিকে

চ্যালেঞ্জ করে, তারা এক যন্ত্রণাদায়ক অপমানের শাস্তি টেনে এনেছে।

[34:6] It is evident to those who are blessed with knowledge that this revelation from your Lord to you is the truth, and that it guides to the path of the Almighty, the Most Praiseworthy.

এটা তাদের কাছে সুস্পষ্ট যারা জ্ঞান দ্বারা অনুগ্রহপ্রাপ্ত যে তোমার প্রভুর পক্ষ থেকে তোমার কাছে আসা এই প্রকাশনাবলি সত্য, এবং এটি সর্বশক্তিমান, সবচেয়ে প্রশংসনীয়ের দিকে পথনির্দেশ করে।

[34:7] Those who disbelieve have said, "Let us show you a man who tells you that after you are torn apart you will be created anew.

যারা অবিশ্বাস করে তারা বলেছে, "চল আমরা তোমাদের এমন এক মানুষ দেখাই যে তোমাদের বলে, তোমরা ছিন্ন-বিচ্ছিন্ন হবার পর তোমাদেরকে নতুন করে সৃষ্টি করা হবে।

[34:8] "Either he fabricated lies about GOD, or he is crazy." Indeed, those who disbelieve in the Hereafter have incurred the worst retribution; they have gone far astray.

"হয় সে আল্লাহ সম্পর্কে মিথ্যা বানিয়েছে, নতুবা সে পাগল।" নিশ্চয়, যারা পরকালে অবিশ্বাস করে তারা সবচেয়ে নিকৃষ্ট শাস্তি টেনে এনেছে; তারা বহুদূর পথভ্রষ্ট হয়েছে।

[34:9] Have they not seen all the things in front of them and behind them, in the heaven and the earth? If we willed, we could have caused the earth to swallow them, or caused masses to fall on them from the sky. This should be a sufficient proof for every obedient servant.

তারা কি তাদের সামনের এবং পিছনের সবকিছু দেখেনি, আকাশমন্ডলী এবং পৃথিবীতে? যদি আমরা চাইতাম, আমরা পৃথিবীকে দিয়ে তাদের গ্রাস করাতে পারতাম, অথবা আকাশ থেকে তাদের উপর বস্তুপিণ্ডের পতন ঘটাতাম। এটা প্রত্যেক অনুগত বান্দার জন্য একটি যথেষ্ট প্রমাণ হওয়া উচিত।

David and Solomon

দাউদ ও সুলেমান

[34:10] We endowed David with blessings from us: "O mountains, submit with him, and you too, O birds." We softened the iron for him.

আমরা দাউদকে আমাদের পক্ষ থেকে অনুগ্রহ দান করেছিলাম: "হে পর্বতসমূহ, তার সাথে

আত্মসমর্পণ করো, আর তোমরাও, হে পাখিরা।” আমরা তার জন্য লোহাকে নরম করে দিয়েছিলাম।

[34:11] "You may make shields that fit perfectly, and work righteousness. Whatever you do, I am Seer thereof."

"তুমি আত্ম-রক্ষার্থে ঢাল বানাতে পারো যা যথার্থই মানানসই হয়, এবং সৎকর্ম করো। যা কিছু তোমরা করো, আমি তা দেখি।"

#### *The First Oil Field*

##### *প্রথম তেল ক্ষেত্র*

[34:12] To Solomon we committed the wind at his disposal, traveling one month coming and one month going. And we caused a spring of oil to gush out for him. Also, the jinns worked for him, by his Lord's leave. Any one of them who disregarded our commands, we subjected him to a severe retribution.

সুলেমানের কাছে আমি বাতাসকে তার আজ্ঞাবহ করেছিলাম, যা আসতে ভ্রমন করতো একমাস আর যেতে একমাস। আর আমরা তার জন্য প্রবল বেগে একটি তেলের ঝর্ণা বের করলাম। এছাড়াও, জীনরা তার জন্য কাজ করতো, তার প্রভুর অনুমতিতে। তাদের যেকোনো আমাদের আদেশকে উপেক্ষা করতো, আমরা তাকে কঠিন শাস্তি দিয়ে আয়ত্তে আনতাম।

[34:13] They made for him anything he wanted-niches, statues, deep pools, and heavy cooking pots. O family of David, work (righteousness) to show your appreciation. Only a few of My servants are appreciative. তারা তার জন্য সবকিছুই বানাতো যা সে চাইতো - কুলুঙ্গি, মূর্তি, গভীর জলাশয়, এবং ভারী রান্নার পাত্র। হে দাউদের পরিবার, (সৎ) কর্ম করো তোমাদের কৃতজ্ঞতা প্রদর্শন করতে। আমার বান্দাদের মধ্যে অল্প সংখ্যকই কৃতজ্ঞ।

#### *Jinns' Knowledge is Limited*

##### *জীনদের জ্ঞান সীমাবদ্ধ*

[34:14] When the appointed time for his death came, they had no clue that he had died. Not until one of the animals tried to eat his staff, and he fell down, that the jinns realized that he was dead. They thus realized that if they really knew the unseen, they would have stopped working so hard as soon as he died.

যখন তার মৃত্যুর নির্ধারিত সময় এসে পড়লো, তাদের কাছে কোন ইঙ্গিত ছিল না যে সে মারা গিয়েছে। যতক্ষণ না একটি প্রানী তার লাঠি

খাওয়ার চেষ্টা করলো, আর সে পড়ে গেল, তখনই জীনরা বুঝলো যে সে মৃত। এভাবে তারা অনুধাবন করলো যে যদি তারা সত্যই অদৃশ্য বিষয় জানতো, তবে সে মারা যাওয়া মাত্রই তারা এত কষ্টকর কাজ করা বন্ধ করে দিতো।

[34:15] Sheba's homeland used to be a marvel, with two gardens on the right and the left. Eat from your Lord's provisions, and be appreciative of Him-good land, and a forgiving Lord.

সাবার মাতৃভূমি ছিল এক বিস্ময়, ডানে ও বায়ে দু'টি বাগান সহ। তোমাদের প্রভুর জীবিকা থেকে খাও, এবং তাঁর প্রতি কৃতজ্ঞ হও- **ভাল ভূভাগ, এবং এক ক্ষমাশীল প্রভু।**

[34:16] They turned away and, consequently, we poured upon them a disastrous flood, and we substituted their two gardens into two gardens of bad tasting fruits, thorny plants, and a skimpy harvest.

তারা মুখ ফিরিয়ে নিলো এবং, পরিনামে, আমরা তাদের উপর সর্বনাশা বন্যা প্রবাহিত করলাম, এবং আমরা তাদের দুই বাগানকে বদলে দিলাম খারাপ স্বাদের ফল বাগান, কাঁটায়ুক্ত উদ্ভিদ, এবং অপরিপুষ্ট ফসলে।

[34:17] We thus requited them for their disbelief. Do we not requite only the disbelievers?

আমরা এভাবে তাদের অবিশ্বাসের জন্য তাদেরকে শাস্তি দিয়েছি। আমরা কি শুধু অবিশ্বাসীদের শাস্তি দেই না?

[34:18] We placed between them and the communities that we blessed other oases, and we secured the journey between them: "Travel therein days and nights in complete security." আমরা তাদের এবং অনুগ্রহপ্রাপ্ত সম্প্রদায়গুলোর মাঝে অন্য মরুদ্যান স্থাপন করেছিলাম, আর এগুলোর মধ্যকার যাত্রাকে আমরা নিরাপদ করেছিলাম: "সেখানে দিনে ও রাতে সম্পূর্ণ নিরাপদে ভ্রমণ করো।"

[34:19] But they (turned unappreciative and) challenged: "Our Lord, we do not care if You increase the distance of our journeys (without any stations)." They thus wronged their own souls. Consequently, we made them history, and scattered them into small communities throughout the land. This should provide lessons for those who are steadfast, appreciative.

কিন্তু (তারা অকৃতজ্ঞ হয়ে পড়লো এবং) চ্যালেঞ্জ করলো: "আমাদের প্রভু, আমরা পরোয়া করি না যদি আপনি (কোন বিশ্রামস্থল ছাড়া) আমাদের যাত্রার দূরত্ব বাড়িয়ে দেন।" তারা এভাবে তাদের নিজেদের আত্মার প্রতি অন্যায় করলো। ফলশ্রুতিতে, আমরা তাদের ইতিহাস বানালাম, এবং দেশজুড়ে তাদেরকে ছোট ছোট সম্প্রদায়ে বিচ্ছিন্ন করে দিলাম। এগুলো তাদের জন্য শিক্ষা হওয়া উচিত যারা অবিচল, কৃতজ্ঞ।

*Satan Claims the Majority*  
শয়তান অধিকাংশকে দাবী করে

[34:20] Satan found them readily fulfilling his expectations. They followed him, except a few believers.

শয়তান তাদেরকে তৎক্ষণাৎ তার প্রত্যাশা পূর্ণ করতে দেখল। তারা তাকে অনুসরণ করলো, অল্প সংখ্যক বিশ্বাসী ছাড়া।

*The Objective: Do We Believe in the Hereafter?\**

লক্ষ্য : আমরা কি পরকালে বিশ্বাস করি

[34:21] He never had any power over them. But we thus distinguish those who believe in the Hereafter from those who are doubtful about it.\* Your Lord is in full control of all things.

তাদের উপর কখনো তার কোন ক্ষমতা ছিল না। কিন্তু এভাবে যারা পরকালে বিশ্বাস করে তাদেরকে আমরা আলাদা করি তাদের থেকে যারা এ বিষয়ে সন্দেহান। তোমার প্রভু সবকিছুর পূর্ণ নিয়ন্ত্রনে আছেন।

\*34:21 The criteria that inform us whether we believe in the Hereafter or not are in 6:113, 17:45, & 39:45. These three criteria bring out our true convictions, regardless of our oral statements.

[34:22] Say, "Implore the idols you have set up beside GOD. They do not possess as much as a single atom in the heavens, or the earth. They possess no partnership therein, nor does He permit them to be His assistants."

বল, "সে উপাস্যদের কাছে চাও যাদেরকে তোমরা আল্লাহর পাশে স্থাপন করেছো। তারা আকাশমণ্ডলী, অথবা পৃথিবীর একটি পরমানুরও মালিক না। তারা সেখানকার কোন অংশীদারিত্বের মালিক না, না তিনি তাদেরকে তাঁর সহকারী হবার অনুমতি দেন।"

*No Intercession*

*কোন সুপারিশ চলবে না*

[34:23] Intercession with Him will be in vain, unless it coincides with His will. When their minds are finally settled down, and they ask, "What did your Lord say," they will say, "The truth." He is the Most High, the Most Great. তাঁর কাছে সুপারিশ করা অর্থহীন হবে, যদি না তা তাঁর ইচ্ছার সাথে মিলে যায়। তাদের মন যখন অবশেষে স্থির হয়, আর তারা জিজ্ঞেস করে, "তোমাদের প্রভু কি বলেছেন," তারা বলবে, "সত্য।" তিনি সবচেয়ে উর্ধ্ব, সবচেয়ে মহান।

[34:24] Say, "Who provides for you, from the heavens and the earth?" Say, "GOD," and "Either we or you are guided, or have gone far astray."

বল, "কে তোমাদের জীবিকা দেন, আকাশমণ্ডলী ও পৃথিবী থেকে?" বল, "আল্লাহ, "এবং "হয় আমরা- না হয় তোমরা পথপ্রাপ্ত, অথবা বহুদূরে পথভ্রষ্ট হয়েছি।"

[34:25] Say, "You are not responsible for our crimes, nor are we responsible for what you do."

বল, "তোমরা আমাদের অপরাধের জন্য দায়ী নও, না আমরা তার জন্য দায়ী যা তোমরা করো।"

[34:26] Say, "Our Lord will gather us all together before Him, then He will judge between us equitably. He is the Judge, the Omniscient."

বল, "আমাদের প্রভু তাঁর সামনে আমাদের সকলকে একত্রিত করবেন, তারপর তিনি আমাদের মাঝে ন্যায়সঙ্গত বিচার করবেন। তিনিই বিচারক, সর্বজ্ঞ।"

[34:27] Say, "Show me the idols you have set up as partners with Him!" Say, "No; He is the one GOD, the Almighty, Most Wise."

বল, "আমাকে সে উপাস্যদের দেখাও যাদেরকে তোমরা তাঁর সাথে শরিক হিসেবে স্থাপন করেছ।" বল, "না; তিনিই সেই এক আল্লাহ, সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী।"

*God's Messenger of the Covenant*  
আল্লাহর অঙ্গীকারকৃত বার্তাবাহক

[34:28] We have sent you (O Rashad)\* to all the people, a bearer of good news, as well as a warner, but most people do not know.

(হে রাশাদ) \* আমরা তোমাকে সব লোকদের কাছে পাঠিয়েছি, একজন সুসংবাদ বহনকারী,

সেই সাথে একজন সতর্ককারী হিসেবে, কিন্তু অধিকাংশ লোক জানে না।

\*34:28 As detailed in Appendix 2, the name of this messenger is mathematically coded into the Quran as "Rashad Khalifa." By adding the numerical value of the name "Rashad" (505), plus the numerical value of the name "Khalifa" (725), plus the number of the sura (34), plus the number of the verse (28), we obtain a total that conforms with the Quran's 19-based mathematical miracle, which was unveiled through Rashad Khalifa. (505+725+34+28=1292=19x68). More information is given in 5:19 and its footnote.

[34:29] They challenge, "When will this promise come to pass, if you are truthful?" তারা চ্যালেঞ্জ করে, "কখন এই প্রতিশ্রুতি পূর্ণ হবে, যদি তোমরা সত্যবাদী হও?"

[34:30] Say, "You have a specific time, on a specific day, that you cannot delay by one hour, nor advance."

বল, "তোমাদের জন্য একটি নির্দিষ্ট সময় রয়েছে, একটি নির্দিষ্ট দিনে, যা তোমরা এক ঘণ্টার জন্যও পিছাতে পারবে না, না আগাতে পারবে।"

[34:31] Those who disbelieve have said, "We will not believe in this Quran, nor in the previous scriptures." If you could only envision these transgressors when they stand before their Lord! They will argue with one another back and forth. The followers will tell their leaders, "If it were not for you, we would have been believers."

যারা অবিশ্বাস করেছে তারা বলেছে, "আমরা এই কোর' আনে বিশ্বাস করবো না, না পূর্ববর্তী ঐশীগ্রন্থে।" যদি শুধু তুমি এসব সীমালঙ্ঘনকারীদেরকে দেখতে পেতে যখন তারা তাদের প্রভুর সামনে দাঁড়ায়! তারা আগে পিছে পরস্পরের সাথে বাদানুবাদ করবে। অনুসারীরা তাদের নেতাদের বলবে, "তোমরা যদি না থাকতে, আমরা বিশ্বাসীই হতাম।"

*On the Day of Resurrection*  
*পুনরুত্থান দিনে*

[34:32] The leaders will say to those who followed them, "Are we the ones who diverted you from the guidance after it came to you? No; it is you who were wicked."

সে নেতারা তাদেরকে বলবে যারা তাদের অনুসরণ করেছিল, "আমরাই কি তোমাদের পথনির্দেশনা থেকে পথচ্যুত করেছি তোমাদের

কাছে তা আসার পর? না; তোমরাই ছিলে অন্যায়কারী।"

[34:33] The followers will say to their leaders, "It was you who schemed night and day, then commanded us to be unappreciative of GOD, and to set up idols to rank with Him." They will be ridden with remorse, when they see the retribution, for we will place shackles around the necks of those who disbelieved. Are they not justly requited for what they did?

অনুসারীরা তাদের নেতাদের বলবে, "তোমরাই রাত-দিন ষড়যন্ত্র করেছিলে, তারপর আমাদেরকে আল্লাহর প্রতি অকৃতজ্ঞ হবার জন্য, এবং তাঁর সাথে সমমর্যাদা দিয়ে শরিক স্থাপন করতে আদেশ করেছিলে।" তারা অনুশোচনায় জর্জরিত হবে, যখন তারা শাস্তি দেখবে, কেননা আমরা তাদের ঘাড়ের শিকল পরাবো যারা অবিশ্বাস করেছিল। তারা যা করেছে তার জন্য কি তারা ন্যায়সঙ্গত প্রতিফল পায়নি?

*Every Time!*  
*প্রত্যেকবার!*

[34:34] Every time we sent a warner to a community, the leaders of that community said, "We reject the message you are sent with."

প্রত্যেকবার যখন আমরা কোন সম্প্রদায়ের কাছে কোন সতর্ককারী পাঠিয়েছি, ওই সম্প্রদায়ের নেতারা বলেছে, "আমরা সে বার্তা প্রত্যাক্ষান করি, যা নিয়ে তোমরা প্রেরিত হয়েছে।"

[34:35] They also said, "We are more powerful, with more money and children, and we will not be punished."

তারা আরো বলেছে, "আমরা অধিক শক্তিশালী, বেশি টাকাকড়ি ও সন্তান-সন্ততিতে, আর আমাদেরকে শাস্তি দেয়া হবে না।"

[34:36] Say, "My Lord is the One who controls all provisions; He grants the provisions to whomever He wills, or reduces them, but most people do not know."

বল, "আমার প্রভু সে সত্তা যিনি সকল জীবিকা নিয়ন্ত্রণ করেন; তিনি যার জন্য ইচ্ছা জীবিকা দেন, অথবা এগুলো কমিয়ে দেন, কিন্তু অধিকাংশ লোক জানে না।"

[34:37] It is not your money or your children that bring you closer to us. Only those who believe and lead a righteous life will receive the reward for their works, multiplied manifold. In the abode of Paradise they will live in perfect peace.

তোমাদের টাকা- পয়সা বা তোমাদের সন্তানাদি তোমাদেরকে আমাদের নিকটে আনে না। যারা বিশ্বাস করে এবং সৎ জীবন- যাপন করে শুধু তারাই তাদের কাজগুলোর জন্য পুরস্কার পাবে, বহুগুনে বর্ধিত। স্বর্গের আবাসে তারা পূর্ণাঙ্গ শান্তিতে বাস করবে।

[34:38] As for those who consistently challenge our revelations, they will abide in retribution.

আর তাদের জন্য যারা আমাদের প্রকাশনাবলিকে অনবরত চ্যালেঞ্জ করে যায়, তারা শান্তিতে বাস করবে।

[34:39] Say, "My Lord is the One who controls all provisions; He increases the provisions for whomever He chooses from among His servants, or reduces them. Anything you spend (in the cause of God), He will reward you for it; He is the Best Provider."

বল, "আমার প্রভু সে সত্তা যিনি সকল জীবিকা নিয়ন্ত্রণ করেন; তিনি তাঁর বান্দাদের মধ্য থেকে যার জন্য পছন্দ করেন জীবিকা বাড়িয়ে দেন, অথবা এগুলো কমিয়ে দেন। তোমরা যা কিছু ব্যয় করো (আল্লাহর উদ্দেশ্যে), তিনি তার জন্য তোমাদের পুরস্কৃত করবেন; তিনিই সর্বোত্তম জীবিকা প্রদানকারী।"

[34:40] On the day when He summons them all, He will say to the angels, "Did these people worship you?"

সেদিন যখন তিনি তাদের সবাইকে তলব করবেন, তিনি ফেরেশতাদের বলবেন, "এই লোকেরা কি তোমাদের উপাসনা করতো?"

[34:41] They will answer, "Be You glorified. You are our Lord and Master, not them. Instead, they were worshiping the jinns; most of them were believers therein."

তারা উত্তর দিবে, "আপনি মহিমান্বিত। আপনি আমাদের প্রভু এবং আদেশ দাতা, তারা নয়। বরং, তারা জ্বীনদের উপাসনা করতো, তাদের অধিকাংশ তাতে বিশ্বাসী ছিল।"

[34:42] On that day, you possess no power to help or harm one another, and we will say to the transgressors, "Taste the retribution of the Hell that you used to deny."

সেদিন, একে অন্যকে সাহায্য বা ক্ষতি করার কোন ক্ষমতা তোমাদের থাকবে না, এবং আমরা সীমালঙ্ঘনকারীদের বলবো, "নরকের শাস্তি আন্বাদন করো যা তোমরা অস্বীকার করতো।"

*Mathematical Miracle of the Quran\**  
*কোরানের গাণিতিক অলৌকিকতা \**

[34:43] When our proofs were recited to them, perfectly clear, they said, "This is simply a man who wants to divert you from the way your parents are worshipping." They also said, "These are fabricated lies." Those who disbelieved also said about the truth that came to them, "This is obviously magic."

তাদের কাছে যখন আমাদের প্রমাণ আবৃত্তি করা হয়েছিল, সম্পূর্ণরূপে স্পষ্ট, তারা বলেছিল, "এ তো কেবলই একজন মানুষ যে তোমাদেরকে সে পথ থেকে সরিয়ে দিতে চায় যেভাবে তোমাদের মাতা- পিতারা উপাসনা করছে।" তারা আরো বলল, "এগুলো বানোয়াট মিথ্যা।" যারা অবিশ্বাস করেছে তাদের কাছে আসা সত্য সম্পর্কে তারা এ- ও বলেছিল যে, "এটা স্পষ্ট যাদু।"

\*34:43 By adding the gematrical value of "Rashad" (505), plus the value of "Khalifa" (725), plus this verse number (43), we get  $505+725+43=1273=19 \times 67$ . See Appendices 1 & 2.

[34:44] We did not give them any other books to study, nor did we send to them before you another warner.

আমরা তাদেরকে অধ্যয়ন করতে অন্যকোন গ্রন্থ দেইনি, না আমরা তোমার আগে তাদের কাছে অন্যকোন সতর্ককারী পাঠিয়েছি।

[34:45] Those before them disbelieved, and even though they did not see one-tenth\* of (the miracle) we have given to this generation, when they disbelieved My messengers, how severe was My retribution!

যারা তাদের পূর্বে অবিশ্বাস করেছিল, এবং যদিও তারা এই প্রজন্মকে আমাদের দেয়া (অলৌকিকতার) এক- দশমাংশও দেখেনি, যখন তারা আমার বার্তাবাহকদের অবিশ্বাস করেছিল, কতই না কঠোর ছিল আমার শাস্তি!

\*34:45 The great miracles given to Moses and Jesus were limited in time and place; they were witnessed by a few people who happened to exist in that place at that time. But the mathematical miracle of the Quran is perpetual (see 74:30-35 & Appendix 1).

*God's Messenger of the Covenant\**  
*আল্লাহর অঙ্গীকারকৃত বার্তাবাহক \**

[34:46] Say, "I ask you to do one thing: Devote yourselves to GOD, in pairs or as individuals, then reflect. Your friend (Rashad) is not crazy.



He is a manifest warner to you, just before the advent of a terrible retribution.”

বল, "আমি তোমাদের একটা বিষয় করতে বলি: নিজেদেরকে আল্লাহর কাছে উৎসর্গ করো, জোড়ায় জোড়ায় বা ব্যক্তিগতভাবে, এরপর ভেবে দেখো। তোমাদের বন্ধু (রাশাদ) পাগল নয়। সে তোমাদের কাছে একজন সুস্পষ্ট সতর্ককারী, এক ভয়ানক শাস্তি আসার ঠিক আগে।”

*\*34:46 By placing the gematrical value of "Rashad" (505) next to the value of "Khalifa" (725), then the sura number (34), and the verse number (46), we get 5057253446 = 19x266171234.*

[34:47] Say, "I do not ask you for any wage; you can keep it. My wage comes only from GOD. He witnesses all things.”

বল, "আমি তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাই না; তোমরা তা রাখতে পারো। আমার পারিশ্রমিক শুধুমাত্র আল্লাহর কাছ থেকে আসে। তিনি সবকিছু প্রত্যক্ষ করেন।”

[34:48] Say, "My Lord causes the truth to prevail. He is the Knower of all secrets.”

বল, "আমার প্রভু সত্যকে জয়ী করান। তিনি সকল গোপন বিষয় জানেন।”

[34:49] Say, "The truth has come; while falsehood can neither initiate anything, nor repeat it.”

বল, "সত্য এসেছে; যখন মিথ্যা না কোনকিছুর সূচনা করতে পারে, না এর পুনরাবৃত্তি করতে পারে।”

[34:50] Say, "If I go astray, I go astray because of my own shortcomings. And if I am guided, it is because of my Lord's inspiration. He is Hearer, Near.”

বল, "যদি আমি পথভ্রষ্ট হই, আমি পথভ্রষ্ট হই আমার নিজের ত্রুটির কারণে। আর যদি আমি পথপ্রাপ্ত হই, এটা আমার প্রভুর প্রত্যাদেশের বদৌলতে। তিনি শ্রবণকারী, নিকটবর্তী।”

[34:51] If you could only see them when the great terror strikes them; they cannot escape then, and they will be taken away forcibly. যদি শুধু তুমি তাদেরকে দেখতে পারতে যখন সে মহা আতংক তাদের আঘাত করে; তখন তারা পলাতে পারবে না, এবং তাদেরকে জোরপূর্বক তুলে নেয়া হবে।

[34:52] They will then say, "We now believe in it,"but it will be far too late.

তারা তখন বলবে, "আমরা এখন এতে বিশ্বাস করি, "কিন্তু তা অনেক বেশি দেরী হয়ে যাবে।

[34:53] They have rejected it in the past; they have decided instead to uphold conjecture and guesswork.\*

তারা অতীতে এটা প্রত্যাখ্যান করেছিল; পরিবর্তে তারা মেনে চলার সিদ্ধান্ত নিয়েছিল ধারণা এবং অনুমাননির্ভর কর্ম।\*

*\*34:53 People of all religions tend to forsake the word of God and uphold the words of men. The Jews and the Muslims uphold the Mishnah (Hadith) and Gemarrah (Sunna), while the Christians uphold a trinity invented by the Nicene Conference, 325 years after Jesus.*

[34:54] Consequently, they were deprived of everything they longed for. This is the same fate as their counterparts in the previous generations. They harbored too many doubts. পরিনামে, তারা সবকিছু থেকে বঞ্চিত হয়েছিল যার আকাঙ্ক্ষা তারা করতো। এটা সে একই ভাগ্য পূর্ববর্তী প্রজন্মে তাদের অনুরূপ লোকদের মতো। তারা খুব বেশি সন্দেহ পোষণ করতো।

## Sura 35: Initiator (Fäter)

### সুরা ৩৫, সূচনাকারী (ফাতের)

[35:0] In the name of God, Most Gracious, Most Merciful

৩৫/০ পরম করুণাময়, পরম দয়ালু আল্লাহর নামে।

[35:1] Praise be to **GOD**, Initiator of the heavens and the earth, and appointer of the angels to be messengers with wings—two, three, and four (*wings*). He increases the creation as He wills. **GOD** is Omnipotent.

৩৫/১ প্রশংসা আল্লাহর, আকাশমণ্ডলী ও পৃথিবীর সূচনাকারী, এবং ফেরেশতাদের নিয়োগকারী পাখায়ুক্ত বার্তাবাহক হবার জন্য- দুই, তিন, ও চার (*পাখা*)। তিনি সৃষ্টি বৃদ্ধি করেন যেমন তিনি চান। আল্লাহ সর্বশক্তিমান।

[35:2] When **GOD** showers the people with mercy, no force can stop it. And if He withholds it, no force, other than He, can send it. He is the Almighty, Most Wise.

৩৫/২ যখন আল্লাহ লোকদের উপর দয়া বর্ষণ করেন, কোন শক্তি তা আটকাতে পারে না। এবং যদি তিনি তা আটকে রাখেন, কোন শক্তি, তিনি ব্যতিত, তা পাঠাতে পারে না। তিনিই সর্ব-শক্তিমান, সবথেকে জ্ঞানী।

[35:3] O people, remember **GOD**'s blessings upon you. Is there any creator other than **GOD** who provides for you from the heaven and the earth? There is no other god beside Him. How could you deviate?

৩৫/৩ হে মানুষ, তোমাদের উপর আল্লাহর অনুগ্রহকে স্মরণ করো। আল্লাহ ছাড়া অন্য কোন সৃষ্টিকর্তা কি আছে যে তোমাদের জীবিকা দান করে আকাশমণ্ডলী এবং পৃথিবী থেকে? তাঁর পাশে অন্য কোন উপাস্য নেই। কেমন করে তোমরা পথভ্রষ্ট হও?

[35:4] If they disbelieve you, messengers before you have been disbelieved. **GOD** is in control of all things.

৩৫/৪ যদি তারা তোমাকে অ বিশ্বাস করে, তোমার পূর্বেও বার্তাবাহকদের অ বিশ্বাস করা হয়েছে। আল্লাহ সকল বস্তুর নিয়ন্ত্রনে আছেন।

[35:5] O people, **GOD**'s promise is the truth; therefore, do not be distracted by this lowly life. Do not be diverted from **GOD** by mere illusions.

৩৫/৫ হে মানুষ, আল্লাহর প্রতিশ্রুতি সত্য; অতএব, এই নিম্নমানের জীবন দ্বারা বিভ্রান্ত

হইও না। আল্লাহ থেকে নিছক বিভ্রমের দ্বারা বিচ্যুত হইও না।

[35:6] The devil is your enemy, so treat him as an enemy. He only invites his party to be the dwellers of Hell.

৩৫/৬ শয়তান তোমাদের শত্রু, তাই তাকে শত্রু হিসাবে বিবেচনা করো। সে শুধু তার দলকে নরকের বাসিন্দা হতে আমন্ত্রণ করে।

[35:7] Those who disbelieve have incurred a severe retribution, and those who believe and lead a righteous life have deserved forgiveness and a great recompense.

৩৫/৭ যারা অ বিশ্বাস করে তারা টেনে এনেছে এক ভীষণ শাস্তি, আর যারা বিশ্বাস করে এবং সৎ জীবন- যাপন করে তারা যোগ্য হয়েছে ক্ষমা ও এক মহা প্রতিদানের।

[35:8] Note the one whose evil work is adorned in his eyes, until he thinks that it is righteous. **GOD** thus sends astray whoever wills (*to go astray*), and He guides whoever wills (*to be guided*). Therefore, do not grieve over them. **GOD** is fully aware of everything they do.

৩৫/৮ সে ব্যক্তির প্রতি লক্ষ্য করো যার মন্দ কাজকে তার চোখে সাজিয়ে দেয়া হয়েছে, যতক্ষণ না সে ভাবে যে এটা সৎকাজ। আল্লাহ এভাবে পথভ্রষ্ট করেন যেকোউ চায় (*পথভ্রষ্ট হতে*), এবং তিনি পথপ্রদর্শন করেন যেকোউ চায় (*পথপ্রাপ্ত হতে*)। অতএব, তাদের জন্য দুঃখ করো না। আল্লাহ সবকিছু সম্পর্কে পূর্ণ অবগত যা তারা করে।

[35:9] **GOD** is the One who sends the winds to stir up clouds, then we drive them towards barren lands, and revive such lands after they were dead. Thus is the resurrection.

৩৫/৯ আল্লাহই সে সত্তা যিনি বাতাস পাঠান মেঘমালাকে সঞ্চালিত করতে, এরপর আমরা সেগুলোকে অনুর্বর ভূমির দিকে চালনা করি, এবং এরকম ভূমিকে এগুলোর মৃত্যুর পর পুনরুজ্জীবিত করি। এভাবেই পুনরুত্থান হয়।

*All Dignity Belongs With God*

*সকল মর্যাদা আল্লাহর*

[35:10] Anyone seeking dignity should know that to **GOD** belongs all dignity. To Him ascends the good words, and He exalts the righteous works. As for those who scheme evil works, they incur severe retribution; the scheming of such people is destined to fail.

৩৫/১০ যেকোন মর্যাদা চায় তার জানা উচিত যে সকল মর্যাদা আল্লাহর। তাঁর দিকে ভালো কথা উদ্ভিত হয়, এবং তিনি সৎকর্মের উচ্চ-মূল্যায়ন করেন। আর যারা মন্দ কাজের ষড়যন্ত্র করে, তারা টেনে এনেছে কঠোর শাস্তি; এমন লোকদের ষড়যন্ত্রের নিয়তি হচ্ছে ব্যর্থ হওয়া।

*God is in Full Control*  
*আল্লাহ পূর্ণ নিয়ন্ত্রনে আছেন*

[35:11] **GOD** created you from dust, then from a tiny drop, then He causes you to reproduce through your spouses. No female becomes pregnant, nor gives birth, without His knowledge. No one survives for a long life, and no one's life is snapped short, except in accordance with a pre-existing record. This is easy for **GO**

৩৫/১১ আল্লাহ তোমাদেরকে ধুলো থেকে সৃষ্টি করেছেন, এরপর ক্ষুদ্র ফোঁটা থেকে, এরপর তিনি তোমাদের সঙ্গীদের মাধ্যমে তোমাদের বংশবৃদ্ধি করান। কোন নারী গর্ভধারণ করে না, না জন্ম দেয়, তাঁর জ্ঞানের বাইরে। না কেউ দীর্ঘকাল বেঁচে থাকে, আর না কারো জীবন সংক্ষিপ্ত করা হয়, আগে থেকে বিদ্যমান কোন রেকর্ড অনুযায়ী ছাড়া। এটা আল্লাহর জন্য সহজ।

*Appreciating God's Greatness\**  
*আল্লাহর বিশালত্ব উপলব্ধি*

[35:12] The two seas are not the same; one is fresh and delicious, while the other is salty and undrinkable. From each of them you eat tender meat, and extract jewelry to wear. And you see the ships sailing through them, seeking His provisions, that you may be appreciative.

৩৫/১২ দুই সাগর এক নয়; একটি টাটকা ও সুস্বাদু, যখন অন্যটি লবনাক্ত ও পানের অযোগ্য। তাদের প্রত্যেকটি থেকে তোমরা নরম মাংস খাও, এবং পরিধানের অলঙ্কার আহরণ করো। এবং তোমরা জাহাজগুলোকে দেখো এগুলোর মাঝে পাল তুলে চলতে, তাঁর জীবিকা অন্বেষণে, যাতে তোমরা কৃতজ্ঞ হতে পারো।

*\*35:12-13 When we send our astronauts into space, we provide them with their minimum needs of food, water, and oxygen. When we sided with Satan's blasphemy billions of years ago (Appendix 7), God launched us into space aboard the spaceship Earth. But God has supplied our spaceship with awesome renewable systems that provide a great variety of fresh foods, water, oxygen, and even the reproduction of us astronauts.*

[35:13] He merges the night into the day, and merges the day into the night. He has committed the sun and the moon to run for a predetermined period of time. Such is **GOD** your Lord; to Him belongs all kingship. Any idols you set up beside Him do not possess as much as a seed's shell.

৩৫/১৩ তিনি রাতকে দিনের মধ্যে মিলিয়ে দেন, এবং দিনকে রাতের মধ্যে মিলিয়ে দেন। তিনি সূর্য ও চাঁদকে একটি পূর্বনির্ধারিত সময়কালের জন্য চলতে নিয়োজিত করেছেন। এমনই আল্লাহ তোমাদের প্রভু; সকল রাজত্ব তাঁর। তাঁর পাশে যে উপাস্যই তোমরা স্থাপন করো না কেন তারা একটি বীজেরও মালিক না।

*The Idols Utterly Powerless\**  
*শরীক উপাস্যরা একেবারেই শক্তিহীন*

[35:14] If you call on them, they cannot hear you. Even if they hear you, they cannot respond to you. On the Day of Resurrection, they will disown you. None can inform you like the Most Cognizant.

৩৫/১৪ যদি তোমরা তাদেরকে ডাকো, তারা শুনতে পারে না। এমনকি যদি তারা তোমাদের ডাক শোনেও, তারা তোমাদের ডাকে সাড়া দিতে পারে না। পুনরুত্থান দিনে, তারা তোমাদের প্রত্যাখ্যান করবে। পরম সর্বজ্ঞের মতো কেউ তোমাকে অবহিত করতে পারবে না।

*\*35:14 People idolize Jesus, Mary, Muhammad, Ali, and/or the saints; such idols are dead, unaware, and utterly powerless. Even when they were alive, they were powerless.*

[35:15] O people, you are the ones who need **GOD**, while **GOD** is in no need for anyone, the Most Praiseworthy.

৩৫/১৫ হে মানুষ, তোমাদেরই আল্লাহকে প্রয়োজন, যখন আল্লাহর কাউকে কোন প্রয়োজন নেই, পরম প্রশংসনীয়।

[35:16] If He wills, He can get rid of you and substitute a new creation.

৩৫/১৬ তিনি যদি চান, তিনি তোমাদের সরিয়ে দিতে পারেন এবং পরিবর্তে নতুন সৃষ্টি করতে পারেন।

[35:17] This is not too difficult for **GOD**.

৩৫/১৭ এটা আল্লাহর জন্য খুব কঠিন নয়।

[35:18] No soul can carry the sins of another soul. If a soul that is loaded with sins implores another to bear part of its load, no other soul can carry any part of it, even if they were

related. The only people to heed your warnings are those who reverence their Lord, even when alone in their privacy, and observe the Contact Prayers (*Salat*). Whoever purifies his soul, does so for his own good. To **GOD** is the final destiny.

৩৫/১৮ কোন আত্মা অন্য আত্মার পাপ বহন করতে পারে না। যদি কোন পাপ ভারাক্রান্ত আত্মা অন্যকাউকে তার ভার বহন করার জন্য ডাকে, অন্যকোন আত্মা এর কোন অংশ বহন করতে পারবে না, এমনকি যদি তারা আত্মীয়ও হয়। একমাত্র সেসব লোকেরাই তোমার সতর্কবার্তায় মনোযোগ দেবে যারা তাদের প্রভুকে ভক্তি করে, এমনকি তাদের একাকীতেও এবং সংযোগ প্রার্থনা (*সালাত*) পালন করে। যেকোনু তার আত্মাকে পরিশুদ্ধ করে, সে তার নিজের ভালোর জন্য তা করে। আল্লাহর কাছেই চূড়ান্ত নিয়তি।

[35:19] The blind and the seer are not equal.  
৩৫/১৯ অন্ধ এবং চক্ষুস্থান সমান নয়।

[35:20] Nor are the darkness and the light.  
৩৫/২০ আর না অন্ধকার এবং আলো।

[35:21] Nor are the coolness of the shade and the heat of the sun.  
৩৫/২১ না ছায়ার শীতলতা এবং সূর্যের তাপ।

[35:22] Nor are the living and the dead; **GOD** causes whomever He wills to hear. You cannot make hearers out of those in the graves.  
৩৫/২২ না জীবিত এবং মৃত; আল্লাহ যাকে ইচ্ছা শুনান। যারা কবরে আছে তাদেরকে তুমি শুনাতে পারো না।

[35:23] You are no more than a warner.  
৩৫/২৩ তুমি একজন সতর্ককারীর চেয়ে বেশি কিছু নও।

*God's Messenger of the Covenant\**  
আল্লাহর অঙ্গীকারকৃত বার্তাবাহক

[35:24] We have sent you\* with the truth, a bearer of good news, as well as a warner. Every community must receive a warner.  
৩৫/২৪ আমরা তোমাকে পাঠিয়েছি সত্য সহকারে, একজন সুসংবাদ বহনকারী, সেই সাথে সতর্ককারী হিসেবে। প্রত্যেক জনপদ অবশ্যই একজন সতর্ককারী পাবে।

\*35:24 The gematrical value of "Rashad Khalifa" (1230), plus the verse number (24)

give us a total that is a multiple of 19  
(1230+24=1254=19x66).

[35:25] If they disbelieve you, those before them have also disbelieved. Their messengers went to them with clear proofs, and the Psalms, and the enlightening scriptures.  
৩৫/২৫ যদি তারা তোমাকে অবিশ্বাস করে, তাদের পূর্বে যারা ছিল তারাও অবিশ্বাস করেছিল। তাদের বার্তাবাহকেরা তাদের কাছে স্পষ্ট প্রমাণ, এবং জবুর ও জ্ঞানালোকপূর্ণ ঐশীগ্রন্থ সহ গিয়েছিল,

[35:26] Subsequently, I punished those who disbelieved; how terrible was My retribution!  
৩৫/২৬ পরবর্তীতে, আমি তাদেরকে শাস্তি দিয়েছিলাম যারা অবিশ্বাস করেছিল; কত ভয়ানক ছিল আমার শাস্তি!

*God's Colorful Creations*  
আল্লাহর রঙিন সৃষ্টি

[35:27] Do you not realize that **GOD** sends down from the sky water, whereby we produce fruits of various colors? Even the mountains have different colors; the peaks are white, or red, or some other color. And the ravens are black.

[৩৫:২৭] তোমরা কি উপলব্ধি করো না যে আল্লাহ আকাশ থেকে পানি বর্ষন করেন, যা দ্বারা আমরা বিভিন্ন রঙের ফল উৎপন্ন করি? এমনকি পাহাড়গুলোর রয়েছে বিভিন্ন রঙ; চূড়াগুলো সাদা, অথবা লাল, অথবা অন্য কোন রঙের। এবং দাঁড় কাকগুলো কালো।

[35:28] Also, the people, the animals, and the livestock come in various colors. This is why the people who truly reverence **GOD** are those who are knowledgeable. **GOD** is Almighty, Forgiving.

[৩৫:২৮] এছাড়াও, লোকেরা, প্রাণীরা এবং গৃহপালিত পশুরা বিভিন্ন রঙের হয়। এ জন্যই আল্লাহকে সত্যিকারভাবে ভক্তি করে সেসব লোকেরা যারা জ্ঞানী। আল্লাহ সর্বশক্তিমান, ক্ষমাশীল।

[35:29] Surely, those who recite the book of **GOD**, observe the Contact Prayers (*Salat*), and from our provisions to them they spend—secretly and publicly—are engaged in an investment that never loses.

৩৫/২৯ নিশ্চয়, যারা আল্লাহর গ্রন্থ আবৃত্তি করে, সংযোগ প্রার্থনা (*সালাত*) পালন করে, এবং আমাদের জীবিকা থেকে তারা ব্যয় করে—

গোপনে ও প্রকাশ্যে- তারা জড়িত রয়েছে একটি বিনিয়োগে যাতে কখনই লোকসান হয় না।

[35:30] He will recompense them generously, and will multiply His blessings upon them. He is Forgiving, Appreciative.

৩৫/৩০ তিনি তাদেরকে উদারভাবে প্রতিদান দেবেন, এবং তাদের প্রতি তাঁর অনুগ্রহ বহুগুনে বাড়িয়ে দেবেন। তিনি ক্ষমাশীল, গুণগ্রাহী।

*Quran: The Consummation of All the Scriptures*

*কোরআনঃ সকল ঐশীগ্রন্থের পূর্ণতাপ্রাপ্তি*

[35:31] What we revealed to you in this scripture is the truth, consummating all previous scriptures. **GOD** is fully Cognizant of His servants, Seer.

৩৫/৩১ এই ঐশীগ্রন্থে যা আমরা তোমার কাছে প্রকাশ করেছি তা সত্য, যা পূর্ববর্তী সকল ঐশীগ্রন্থকে পূর্ণতা দেয়। আল্লাহ তাঁর বান্দাদের ব্যাপারে পূর্ণ অবগত, দ্রষ্টা।

[35:32] We passed the scripture from generation to generation, and we allowed whomever we chose from among our servants to receive it. Subsequently, some of them wronged their souls, others upheld it only part of the time, while others were eager to work righteousness in accordance with **GOD**'s will; this is the greatest triumph.

৩৫/৩২ আমরা প্রজন্ম থেকে প্রজন্মে ঐশীগ্রন্থ পৌঁছিয়েছি, এবং আমাদের বান্দাদের মধ্যে যাদেরকে আমরা পছন্দ করেছি তাদেরকে এটি গ্রহণ করার অনুমতি দিয়েছি। পরবর্তীতে, তাদের কেউ কেউ নিজেদের আত্মার প্রতি অন্যায় করেছিল, অন্যরা শুধু কিছুকালের জন্য একে সমর্থন করেছিল, যেখানে অন্যরা আল্লাহর ইচ্ছানুসারে সৎকর্ম করতে উৎসাহী ছিল, এটাই মহা বিজয়।

*The Believers*  
*বিশ্বাসীরা*

[35:33] They will enter the gardens of Eden, where they will be adorned with bracelets of gold and pearls, and their garments in it will be made of silk.

৩৫/৩৩ তারা ইডেনের বাগানগুলোয় প্রবেশ করবে, যেখানে তাদেরকে সোনা ও মুক্তার কাঁকন দিয়ে সাজানো হবে, এবং সেখানে তাদের পোশাক হবে রেশমের তৈরি।

[35:34] They will say, "Praise **GOD** for removing all our worries. Our Lord is Forgiving, Appreciative.

৩৫/৩৪ তারা বলবে, “প্রশংসা আল্লাহর আমাদের সকল উদ্বেগ দূর করে দেয়ার জন্য। আমাদের প্রভু ক্ষমাশীল, গুণগ্রাহী।

[35:35] "He has admitted us into the abode of eternal bliss, out of His grace. Never do we get bored herein, never do we get tired."

৩৫/৩৫ “তিনি আমাদেরকে অনন্ত সুখের আবাসে প্রবেশ করিয়েছেন, তাঁর অনুগ্রহে আমরা কখনই এখানে একঘেয়ে হই না, না কখনো আমরা ক্লান্ত হই।

*The Disbelievers*  
*অবিশ্বাসীরা*

[35:36] As for those who disbelieve, they have incurred the fire of Hell, where they are never finished by death, nor is the retribution ever commuted for them. We thus requite the unappreciative.

৩৫/৩৬ তাদের ক্ষেত্রে যারা অবিশ্বাস করে, তারা টেনে এনেছে নরকের আগুন, যেখানে তারা কখনো মৃত্যুর মাধ্যমে শেষ হয় না, না শাস্তি তাদের জন্য কখনো লাঘব করা হয়। আমরা এভাবে অকৃতজ্ঞদের প্রতিফল দেই।

[35:37] They will scream therein, "Our Lord, if you get us out of here, we will work righteousness, instead of the works we used to do." "Did we not give you a life-long chance, with continuous reminders for those who would take heed? Did you not receive the warner? Therefore, taste (the consequences). The transgressors will have no one to help them.

৩৫/৩৭ তারা সেখানে চিৎকার করবে, “আমাদের প্রভু, যদি আপনি এখান থেকে আমাদের বের করেন, আমরা সৎ কাজ করবো, যেসব কাজ আমরা করতাম তার পরিবর্তে”। আমরা কি তোমাদেরকে দীর্ঘ - জীবন দেইনি, সাথে অনবরত সতর্ক বার্তা তাদের জন্য যারা মনোযোগ দিতো? তোমরা কি সতর্ককারী পাওনি? অতএব, (পরিণাম) আন্বাদন করো। তাদেরকে সাহায্য করার জন্য সীমালঙ্ঘনকারীদের কেউ থাকবে না।

[35:38] **GOD** is the Knower of the future of the heavens and the earth. He is the Knower of all innermost thoughts.

৩৫/৩৮ আল্লাহ আকাশমণ্ডলী এবং পৃথিবীর ভবিষ্যৎ সম্পর্কে অবগত। তিনি সকল গভীরতম চিন্তা সম্পর্কে অবগত।

*The Winners and the Losers*  
*বিজয়ীরা ও পরাজিতরা*

[35:39] He is the One who made you inheritors of the earth. Subsequently, whoever chooses to disbelieve does so to his own detriment. The disbelief of the disbelievers only augments their Lord's abhorrence towards them. The disbelief of the disbelievers plunges them deeper into loss.

৩৫/৩৯ তিনি সেই সত্তা যিনি তোমাদেরকে পৃথিবীর উত্তরাধিকারী করেছেন। পরবর্তীতে, যেকোনো অবিশ্বাস করাকে পছন্দ করেছে তা তার নিজের ক্ষতির জন্য করেছে। অবিশ্বাসীদের অবিশ্বাস কেবল তাদের প্রতি তাদের প্রভুর ঘৃণাই বৃদ্ধি করে। অবিশ্বাসীদের অবিশ্বাস তাদেরকে ক্ষতির গভীরে নিমজ্জিত করে।

[35:40] Say, "Consider the idols you have set up beside **GOD**; show me what on earth have they created." Do they own any partnership in the heavens? Have we given them a book wherein there is no doubt? Indeed, what the transgressors promise one another is no more than an illusion.

৩৫/৪০ বল, “আল্লাহর পাশে তোমাদের স্থাপন করা উপাস্যদের বিষয়ে ভেবে দেখো; আমাকে দেখাও পৃথিবীতে তারা কি সৃষ্টি করেছে?” তাদের কি কোন অংশীদারিত্ব রয়েছে আকাশমণ্ডলীতে? আমরা কি তাদেরকে কোন গ্রন্থ দিয়েছি যাতে কোন সন্দেহ নেই? নিশ্চয়, যা সীমালঙ্ঘনকারীরা পরস্পরকে অঙ্গীকার করে তা এক বিভ্রমের চেয়ে বেশি কিছু নয়।

[35:41] **GOD** is the One who holds the heavens and the earth, lest they vanish. If anyone else is to hold them, they will most certainly vanish. He is Clement, Forgiving.

৩৫/৪১ আল্লাহ সেই সত্তা যিনি আকাশমণ্ডলী ও পৃথিবীকে ধরে আছেন, অন্যথায় সেগুলো মিলিয়ে যেতো। যদি অন্যকাউকে সেগুলো ধরতে হয়, সেগুলো অবশ্যই মিলিয়ে যাবে। আল্লাহ সহিষ্ণু, ক্ষমাশীল।

*Putting Them to the Test*  
*তাদেরকে পরীক্ষায় ফেলা*

[35:42] They swore by **GOD** solemnly that if a warner went to them, they would be better guided than a certain congregation! However, now that the warner did come to them, this only plunged them deeper into aversion.

৩৫/৪২ তারা ঈশরের নামে জোড়ালো শপথ করতো যে যদি কোন সতর্ককারী তাদের কাছে

আসতো, তারা একটি নির্দিষ্ট জনপদ থেকে উত্তম পথপ্রাপ্ত হতো! কিন্তু, এখন যখন সতর্ককারী তাদের কাছে আসলো, এটি শুধু তাদেরকে আরো গভীর বিমুখতায় নিমজ্জিত করলো।

[35:43] They resorted to arrogance on earth, and evil scheming, and the evil schemes only backfire on those who scheme them. Should they then expect anything but the fate of those who did the same things in the past? You will find that **GOD**'s system is never changeable; you will find that **GOD**'s system is immutable.

৩৫/৪৩ তারা পৃথিবীতে ঔদ্ধত্য, এবং মন্দ ষড়যন্ত্র অবলম্বন করেছিল, আর মন্দ ষড়যন্ত্র উল্টো তাদের উপরই এসে পড়ে যারা সেগুলোর পরিকল্পনা করে। তবে কি ওদের উচিত তাদের ভাগ্য ছাড়া অন্যকিছু আশা করা যারা অতীতে একই জিনিস করেছিলো? তুমি দেখবে যে আল্লাহর নিয়ম কখনই পরিবর্তনশীল নয়; তুমি দেখবে যে আল্লাহর নিয়ম অপরিবর্তনীয়।

[35:44] Have they not roamed the earth and noted the consequences for those who preceded them? They were even stronger than they. Nothing can be hidden from **GOD** in the heavens, nor on earth. He is Omniscient, Omnipotent.

৩৫/৪৪ তারা কি পৃথিবীতে ঘোরেনি এবং তাদের পূর্বে যারা ছিল তাদের পরিণাম লক্ষ্য করেনি? তারা এমনকি তাদের থেকে অধিক শক্তিশালী ছিল। আকাশমণ্ডলীতে কোনোকিছুই আল্লাহ থেকে গোপন থাকতে পারে না, না পৃথিবীতে। তিনি সর্বজ্ঞ, সর্বশক্তিমান।

[35:45] If **GOD** punished the people for their sins, He would not leave a single creature on earth. But He respites them for a predetermined interim. Once their interim is fulfilled, then **GOD** is Seer of His servants. ৩৫/৪৫ যদি আল্লাহ মানুষকে তাদের পাপের জন্য শাস্তি দিতেন, তিনি পৃথিবীতে একটি সৃষ্টিকেও ছাড়তেন না। কিন্তু তিনি তাদেরকে এক পূর্বনির্ধারিত মেয়াদকাল পর্যন্ত অবকাশ দেন। একবার তাদের মেয়াদকাল সম্পূর্ণ হয়ে গেলে, তখন আল্লাহ তাঁর বান্দাদের দ্রষ্টা।

---

Cumulative frequency of the word <b>GOD</b> for this Sura =	Cumulative sum of verses where the word <b>GOD</b> occurs for this Sura =
2095	107930



### Sura 36: Y.S. (YāSīn)

[36:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

৩৬/০ পরম করুণাময়, পরম দয়ালু আল্লাহর  
নামে।

[36:1] Y. S.\*

৩৬/১ ইয়া, সিন

\*36:1 See Appendix 1 for the detailed  
explanation of these initials.

[36:2] And the Quran that is full of wisdom.

৩৬/২ এবং কোরআন যা প্রজ্ঞায় পরিপূর্ণ।

[36:3] Most assuredly, you (Rashad) are one of  
the messengers.\*

৩৬/৩ অবশ্যই, তুমি (রাশাদ) বার্তাবাহকদের  
একজন।

\*36:3 See Appendices 2 & 26 for the  
irrefutable physical evidence.

[36:4] On a straight path.

৩৬/৪ সরল পথের উপর।

[36:5] This revelation is from the Almighty,  
Most Merciful.

৩৬/৫ এই প্রকাশনা সর্বশক্তিমান, পরম  
দয়ালুর পক্ষ থেকে।

[36:6] To warn people whose parents were  
never warned, and therefore, they are unaware.

৩৬/৬ সে লোকদের সতর্ক করতে যাদের  
পিতামাতাদেরকে কখনো সতর্ক করা হয়নি,  
আর সেজন্য, তারা অসচেতন।

[36:7] It has been predetermined that most of  
them do not believe.

৩৬/৭ এটা পূর্ব-নির্ধারিত যে তাদের বেশির  
ভাগ বিশ্বাস করে না।

[36:8] For we place around their necks  
shackles, up to their chins. Consequently, they  
become locked in their disbelief.

৩৬/৮ কারণ আমরা তাদের ঘাড়ে শৃঙ্খল  
পড়াই, তাদের চিবুক পর্যন্ত। ফলস্বরূপ, তারা  
তাদের অবিশ্বাসে আবদ্ধ হয়ে যায়।

[36:9] And we place a barrier in front of them,  
and a barrier behind them, and thus, we veil  
them; they cannot see.

৩৬/৯ এবং আমরা তাদের সামনে একটি  
অন্তরায়, এবং তাদের পেছনে একটি অন্তরায়  
রাখি, আর এভাবে, আমরা তাদের পর্দাবৃত

করি; তারা দেখতে পারে না।

[36:10] It is the same whether you warn them  
or not, they cannot believe.\*

৩৬/১০ তুমি তাদেরকে সতর্ক কর অথবা না  
কর উভয় তাদের জন্য সমান, তারা বিশ্বাস  
করতে পারে না।

Footnote

[36:11] You will be heeded only by those who  
uphold this message, and reverence the Most  
Gracious—even when alone in their privacy.  
Give them good news of forgiveness and a  
generous recompense.

৩৬/১১ তোমার কথায় কেবল তারাই মনোযোগ  
দেবে যারা এই বার্তা মেনে চলে, এবং পরম  
করুণাময়কে ভক্তি করে- এমনকি তাদের  
একাকীতেও। তাদেরকে ক্ষমা এবং এক মহা  
প্রতিদানের সুসংবাদ দাও।

[36:12] We will certainly revive the dead, and  
we have recorded everything they have done in  
this life, as well as the consequences that  
continue after their death. Everything we have  
counted in a profound record.

৩৬/১২ আমরা অবশ্যই মৃতকে পুনরুজ্জীবিত  
করবো, এবং আমরা সবকিছু নথিভুক্ত করেছি  
যা তারা এই জীবনে করেছে, সেই সাথে তার  
পরিণাম যা তাদের মৃত্যুর পরেও চলে। সবকিছু  
আমরা একটি সুস্পষ্ট নথিতে গুনে রেখেছি।

*Rejecting The Messengers: A Tragic Human  
Trait\**

বার্তাবাহকদের প্রত্যাক্ষানঃ একটি দুঃখজনক  
মানব বৈশিষ্ট্য

[36:13] Cite for them the example of people in  
a community that received the messengers.

৩৬/১৩ তাদের জন্য এক জনপদের লোকদের  
উদাহরণ বর্ণনা কর যারা বার্তাবাহকদের  
পেয়েছিল।

Footnote

[36:14] When we sent to them two  
(messengers), they disbelieved them. We then  
supported them by a third. They said, "We are  
(God's) messengers to you."

৩৬/১৪ যখন আমরা তাদের কাছে দুই জন  
(বার্তাবাহক) পাঠালাম, তারা তাদের অবিশ্বাস  
করল। আমরা তখন তৃতীয় জনের দ্বারা তাদের  
সমর্থন করলাম। তারা বলল, “আমরা  
তোমাদের কাছে (আল্লাহর) বার্তাবাহক”।



[36:15] They said, "You are no more than human beings like us. The Most Gracious did not send down anything. You are liars."

৩৬/১৫ তারা বলল, “তোমরা তো আমাদের মত মানুষের চেয়ে বেশি কিছু নও। পরম করুণাময় কোন কিছু অবতীর্ণ করেননি। তোমরা মিথ্যাবাদী”।

[36:16] They said, "Our Lord knows that we have been sent to you."

৩৬/১৬ তারা বলল, “আমাদের প্রভু জানেন যে আমাদেরকে তোমাদের কাছে পাঠানো হয়েছে।

[36:17] "Our sole mission is to deliver the message."

৩৬/১৭ আমাদের একমাত্র উদ্দেশ্য বার্তা পৌঁছে দেওয়া”।

[36:18] They said, "We consider you bad omens. Unless you refrain, we will surely stone you, or afflict you with painful retribution."

৩৬/১৮ তারা বলল, “আমরা তোমাদেরকে অমঙ্গলের কারন মনে করি। যদি তোমরা বিরত না হও, আমরা অবশ্যই তোমাদের পাথর মারব, অথবা যন্ত্রণাদায়ক শাস্তি ভোগ করাবো”।

[36:19] They said, "Your omen depends on your response, now that you have been reminded. Indeed, you are transgressing people."

৩৬/১৯ তারা বলল, “তোমাদের মঙ্গল-অমঙ্গল তোমাদের সাড়া দানের উপর নির্ভর করে, যেহেতু এখন তোমাদেরকে স্মরণ করিয়ে দেয়া হয়েছে। নিশ্চয়, তোমরা সীমালঙ্ঘনকারী লোক”।

[36:20] A man came from the other end of the city, saying, "O my people, follow the messengers."

৩৬/২০ একজন লোক শহরের অন্য প্রান্ত থেকে আসলো, বলার জন্য যে, “হে আমার লোকেরা, বার্তাবাহকদের অনুসরণ করো”।

[36:21] "Follow those who do not ask you for any wage, and are guided."

৩৬/২১ “তাদের অনুসরণ করো যারা তোমাদের কাছে কোন পারিশ্রমিক চায় না, এবং পথপ্রাপ্ত।

[36:22] "Why should I not worship the One who initiated me, and to Him is your ultimate return?"

৩৬/২২ “কেন আমি সেই সত্তার উপাসনা

করবো না যিনি আমার সূচনা করেছেন এবং তাঁর দিকেই তোমাদের চূড়ান্ত প্রত্যাবর্তন।

[36:23] "Shall I set up beside Him gods? If the Most Gracious willed any harm for me, their intercession cannot help me one bit, nor can they rescue me."

৩৬/২৩ “তাঁর পাশে আমি কি উপাস্য স্থাপন করবো? যদি পরম করুণাময় আমার জন্য কোন ক্ষতি চান, তাদের সুপারিশ আমাকে সামান্যতম সাহায্যও করতে পারবে না, না তারা আমাকে উদ্ধার করতে পারবে।

[36:24] "In that case, I would be totally astray."

৩৬/২৪ “সেক্ষেত্রে, আমি সম্পূর্ণ পথভ্রষ্ট হব।

[36:25] "I have believed in your Lord; please listen to me."

৩৬/২৫ “আমি তোমাদের প্রভুকে বিশ্বাস করেছি; দয়া করে আমার কথা শোন”।

*The Righteous Go Straight to Paradise\**  
সৎ- কর্মীরা সরাসরি স্বর্গে যায়

[36:26] (At the time of his death) he was told, "Enter Paradise." He said, "Oh, I wish my people knew."

৩৬/২৬ (তার মৃত্যুর সময়) তাকে বলা হল, “স্বর্গে প্রবেশ করো”। সে বলল, “আহা! আমার লোকেরা যদি জানতো”।

\*36:26 The righteous do not really die; they simply move on to the same Paradise where Adam & Eve lived. They join the prophets, saints, and martyrs in an active and utopian life (see App. 17).

[36:27] "That my Lord has forgiven me, and made me honorable."

৩৬/২৭ “যে আমার প্রভু আমাকে ক্ষমা করেছেন, এবং আমাকে সন্মানিত করেছেন”।

[36:28] We did not send down upon his people, after him, soldiers from the sky; we did not need to send them down."

৩৬/২৮ তার মৃত্যুর পর আমরা তার লোকদের উপর আকাশ থেকে কোন সৈন্যবাহিনী অবতীর্ণ করিনি; তাদের অবতীর্ণ করার কোন প্রয়োজন আমাদের ছিল না।

[36:29] All it took was one blow, whereupon they were stilled."

৩৬/২৯ এটা কেবল ছিল একটি বিকট শব্দ, যার ফলে তারা স্তব্ধ হয়ে গেল।

*Ridiculing The Messengers: A Tragic Human Trait\**

বার্তাবাহকদের উপহাস করাঃ এক দুঃখজনক মানব বৈশিষ্ট্য

[36:30] How sorry is the people's condition! Every time a messenger went to them, they always ridiculed him.

৩৬/৩০ কতটা দুঃখজনক লোকদের অবস্থা! যখনই কোন বার্তাবাহক তাদের কাছে গিয়েছে, তারা সবসময় তাকে উপহাস করেছে।

[36:31] Did they not see how many generations we annihilated before them, and how they never return to them?

৩৬/৩১ তারা কি দেখেনি যে তাদের আগে কত প্রজন্মকে আমরা ধ্বংস করেছি, এবং তারা কখনই তাদের কাছে ফিরে আসে না?

[36:32] Every one of them will be summoned before us.

৩৬/৩২ তাদের প্রত্যেককেই আমাদের সামনে তলব করা হবে।

*Signs of God  
আল্লাহর নিদর্শন*

[36:33] One sign for them is the dead land: we revive it and produce from it grains for their food.

৩৬/৩৩ তাদের জন্য একটি নিদর্শন হলো মৃত ভূমিঃ আমরা একে পুনর্জীবিত করি এবং তাদের খাদ্যের জন্য তা থেকে শস্য উৎপাদন করি।

[36:34] We grow in it gardens of date palms, and grapes, and we cause springs to gush out therein.

৩৬/৩৪ আমরা এতে উৎপাদন করি খেজুর ও আঙ্গুরের বাগান, এবং এর মধ্যে আমরা বার্নাধারা উৎসারিত করি।

[36:35] This is to provide them with fruits, and to let them manufacture with their own hands whatever they need. Would they be thankful?

৩৬/৩৫ তাদেরকে ফল-ফলাদি প্রদান করার জন্য, এবং তাদের নিজেদের হাতে উৎপন্ন করতে দেয়ার জন্য যা কিছু তাদের প্রয়োজন। তারা কি কৃতজ্ঞ হবে?

[36:36] Glory be to the One who created all kinds of plants from the earth, as well as themselves, and other creations that they do not even know.

৩৬/৩৬ মহিমা সে সত্তার যিনি পৃথিবীতে সকল প্রকার গাছপালা সৃষ্টি করেছেন, আর

তাদেরকেও, এবং অন্যান্য সৃষ্টিকূল যা তারা এমনকি জানেও না।

[36:37] Another sign for them is the night: we remove the daylight therefrom, whereupon they are in darkness.

৩৬/৩৭ তাদের জন্য আরেকটি নিদর্শন হলো রাতঃ সেখান থেকে আমরা দিনের আলো দূর করি, যার ফলে তারা অন্ধকারাচ্ছন্ন হয়।

[36:38] The sun sets into a specific location, according to the design of the Almighty, the Omniscient.

৩৬/৩৮ সূর্য একটি নির্দিষ্ট অবস্থানে অস্ত যায়, সর্বশক্তিমান, সর্বজ্ঞের নকশা অনুসারে।

[36:39] The moon we designed to appear in stages, until it becomes like an old curved sheath.

৩৬/৩৯ আমরা চাঁদকে পর্যায়সমূহে দৃশ্যমান হবার জন্য নকশা করেছি, যতক্ষণ না এটি একটি পুরাতন বাঁকা আবরণের মত হয়ে যায়।

[36:40] The sun is never to catch up with the moon—the night and the day never deviate—each of them is floating in its own orbit.

৩৬/৪০ সূর্য কখনো চাঁদকে ধরতে পারে না- রাত এবং দিন কখনো বিচ্যুত হয় না- তাদের প্রত্যেকে এর নিজের কক্ষপথে ভাসছে।

*Invention of the First Ship  
প্রথম জাহাজের উদ্ভাবন*

[36:41] Another sign for them is that we carried their ancestors on the loaded ark.

৩৬/৪১ তাদের জন্য আরেকটি নিদর্শন হলো যে তাদের পূর্বপুরুষদের আমরা বোঝাই নৌযানে আরোহণ করিয়েছি।

[36:42] Then created the same for them to ride in.

৩৬/৪২ অতঃপর তাদের আরোহণ করার জন্যও একই রকম সৃষ্টি করেছি।

[36:43] If we willed, we could have drowned them, so that their screaming would not be heard, nor could they be saved.

৩৬/৪৩ আমরা যদি চাইতাম, আমরা তাদের ডুবিয়ে দিতে পারতাম, যাতে করে তাদের চিৎকার না শোনা যায়, না তারা রক্ষা পেতে পারে।

[36:44] Instead, we shower them with mercy, and let them enjoy for awhile.

৩৬/৪৪ বদলে/উপরন্তু, আমরা তাদের উপর

করুনা বর্ষণ করেছি, এবং কিছু সময়ের জন্য তাদেরকে উপভোগ করতে দিয়েছি।

[36:45] Yet, when they are told, "Learn from your past, to work righteousness for your future, that you may attain mercy,"

৩৬/৪৫ তাসত্ত্বেও, যখন তাদের বলা হয়, “তোমাদের অতীত থেকে শিক্ষা নিয়ে তোমাদের ভবিষ্যতে সৎকর্ম করো, যাতে তোমরা দয়া পেতে পারো, ”

[36:46] No matter what kind of proof is given to them from their Lord, they consistently disregard it.

৩৬/৪৬ তাদেরকে যে প্রমাণই তাদের প্রভুর পক্ষ থেকে দেয়া হোক না কেন, তারা তা অনবরত উপেক্ষা করে।

[36:47] When they are told, "Give from GOD's provisions to you," those who disbelieve say to those who believe, "Why should we give to those whom GOD could feed, if He so willed? You are really far astray."

৩৬/৪৭ যখন তাদের বলা হয়, “তোমাদেরকে আল্লাহর দেয়া জীবিকা থেকে দাও, যারা অবিশ্বাস করে তারা তাদেরকে বলে যারা বিশ্বাস করে, “কেন আমরা তাদেরকে দিতে যাবো যাদেরকে আল্লাহ খাওয়াতে পারেন, যদি তিনি তা চান? তোমরা প্রকৃতই বহুদূর পথভ্রষ্ট।”

[36:48] They also challenge, "When will that promise come to pass, if you are truthful?"

৩৬/৪৮ তারা আরো চ্যালেঞ্জ করে, “কখন সেই অঙ্গিকার পূর্ণ হবে, যদি তোমরা সত্যবাদী হও?”

[36:49] All they see will be one blow that overwhelms them, while they dispute.

৩৬/৪৯ তারা কেবল দেখবে ভয়াবহ শব্দ যা তাদের আচ্ছন্ন করবে, যখন তারা বিবাদ করে।

[36:50] They will not even have time to make a will, nor will they be able to return to their people.

৩৬/৫০ এমনকি অছিয়তনামা করারও কোন সময় তাদের থাকবে না, না তারা তাদের লোকদের কাছে ফিরে যেতে সমর্থ হবে।

[36:51] The horn will be blown, whereupon they will rise from the grave and go to their Lord.

৩৬/৫১ শিঙ্গায় ফুঁ দেওয়া হবে, যার ফলে তারা কবর থেকে জেগে উঠবে এবং তাদের প্রভুর কাছে যাবে।

[36:52] They will say, "Woe to us. Who resurrected us from our death? This is what the Most Gracious has promised. The messengers were right."

৩৬/৫২ তারা বলবে, “কতই না দুঃখ আমাদের। কে আমাদেরকে পুনরুত্থিত করলো আমাদের মৃত্যু থেকে? এটাই তো পরম করুণাময় অঙ্গিকার করেছিলেন। বার্তাবাহকরা ঠিক ছিল।”

[36:53] All it will take is one blow, whereupon they are summoned before us.

৩৬/৫৩ শুধুমাত্র একটি বিকট শব্দ হবে, যার ফলে তাদেরকে আমাদের সামনে একত্রিত করা হবে।

[36:54] On that day, no soul will be wronged in the least. You will be paid precisely for whatever you did.

৩৬/৫৪ সেই দিন, কোন আত্মার প্রতি সামান্যতম অন্যায় করা হবে না। তোমরা যাকিছু করেছিলে ঠিক তার জন্যই প্রতিদান পাবে।

[36:55] The dwellers of Paradise will be, on that day, happily busy.

৩৬/৫৫ সেদিন, স্বর্গের বাসিন্দারা সানন্দে ব্যাস্ত থাকবে।

[36:56] They abide with their spouses in beautiful shade, enjoying comfortable furnishings.

৩৬/৫৬ তারা তাদের সঙ্গীদের সাথে চমৎকার ছায়ায় বাস করে, উপভোগ করে আরামদায়ক আসবাবপত্র।

[36:57] They will have fruits therein; they will have anything they wish.

৩৬/৫৭ সেখানে তাদের থাকবে ফল- ফলাদি, তারা যা চায় সবকিছু পাবে।

[36:58] Greetings of peace from a Most Merciful Lord.

পরম করুণাময় প্রভুর পক্ষ থেকে শান্তির অভিবাদন।

[36:59] As for you, O guilty ones, you will be set aside.

৩৬/৫৯ আর তোমাদের ক্ষেত্রে, হে অপরাধীরা, তোমাদেরকে আলাদা রাখা হবে।

*The Devil is the Other Alternative*  
*অপর বিকল্প শয়তান*

[36:60] Did I not covenant with you, O Children of Adam, that you shall not worship

the devil? That he is your most ardent enemy?  
৩৬/৬০ আমি কি তোমাদের থেকে অঙ্গিকার  
নেইনি, হে আদম সন্তানেরা, যে, তোমরা  
শয়তানের উপাসনা করবে না? কেননা, সে  
তোমাদের ঘোরতম শত্রু?

[36:61] And that you shall worship Me alone?  
This is the right path.  
৩৬/৬১ এবং যে তোমরা কেবল আমার উপাসনা  
করবে? এটাই সঠিক পথ।

[36:62] He has misled multitudes of you. Did  
you not possess any understanding?  
৩৬/৬২ সে তোমাদের বহু সংখ্যককে পথভ্রষ্ট  
করেছে। তোমাদের কি কোন বুঝার ক্ষমতা নেই  
?

[36:63] This is the Hell that was promised for  
you.  
৩৬/৬৩ এটা সেই নরক তোমাদেরকে যার  
প্রতিশ্রুতি দেয়া হয়েছিল।

[36:64] Today you will burn in it, as a  
consequence of your disbelief.  
৩৬/৬৪ আজ তোমরা এতে পুড়বে, তোমাদের  
অবিশ্বাসের ফলস্বরূপ।

[36:65] On that day we will seal their mouths;  
their hands and  
feet will bear witness to everything they had  
done.  
৩৬/৬৫ সে দিন আমরা তাদের মুখে মোহর এঁটে  
দেব তালা দেব; তাদের হাত ও পা সবকিছুর  
সাক্ষী দেবে যা তারা করেছিল।

[36:66] If we will, we can veil their eyes and,  
consequently, when they seek the path, they  
will not see.  
৩৬/৬৬ যদি আমরা চাই, আমরা তাদের চোখ  
পর্দাবৃত করতে পারি এবং, পরিনামে, যখন  
তারা পথ খুঁজবে, তারা দেখবে না।

[36:67] If we will, we can freeze them in  
place; thus, they can neither move forward, nor  
go back.  
৩৬/৬৭ যদি আমরা চাই, আমরা সেখানেই  
তাদেরকে স্থির করে দিতে পারি; ফলে, না  
তারা সামনে এগোতে পারে, না পিছনে যেতে  
পারে।

[36:68] Whomever we permit to live for a long  
time, we revert him to weakness. Do they not  
understand?  
৩৬/৬৮ যাকেই আমরা দীর্ঘ জীবন দেই, তাকে  
আমরা দুর্বলতায় ফিরিয়ে নেই। তারা কি বোঝে

না?

[36:69] What we taught him (the messenger)  
was not poetry, nor is he (a poet). This is but a  
formidable proof,\* and a profound Quran.  
৩৬/৬৯ যা আমরা তাকে (বার্তাবাহককে)  
শিখিয়েছিলাম তা কবিতা ছিল না, না সে  
(একজন কবি)। এটা তো এক অকাট্য প্রমাণ,  
এবং জ্ঞানগর্ভ কোরআন।

Footnote

[36:70] To preach to those who are alive, and  
to expose the disbelievers.  
৩৬/৭০ তাদের কাছে প্রচার করতে যারা  
জীবিত, এবং অবিশ্বাসীদের প্রকাশ করতে।

[36:71] Have they not seen that we created for  
them, with our own hands, livestock that they  
own?  
৩৬/৭১ তারা কি দেখেনি যে আমরা তাদের জন্য  
সৃষ্টি করেছি, আমাদের নিজেদের হাতে,  
গৃহপালিত পশু, তারা যেগুলোর মালিক?

[36:72] And we subdued them for them; some  
they ride, and some they eat.  
৩৬/৭২ এবং আমরা সেগুলোকে তাদের জন্য  
বশীভূত করে দিয়েছি; কতকগুলোর উপর  
তারা আরোহণ করে, আর কতকগুলো তারা  
খায়।

[36:73] They derive other benefits from them,  
as well as drinks. Would they not be  
appreciative?  
৩৬/৭৩ তারা সেগুলো থেকে অন্য সুবিধা পায়,  
সেইসাথে পানিয়। তারা কি কৃতজ্ঞ হবে না?

*Powerless Idols*

*ক্ষমতাহীন শরিক- উপাস্যরা*

[36:74] They set up beside GOD other gods,  
perhaps they can be of help to them!  
৩৬/৭৪ তারা আল্লাহর পাশে অন্য উপাস্য স্থাপন  
করে, হয়তো তারা তাদেরকে সাহায্য করতে  
পারবে!

[36:75] On the contrary, they cannot help  
them; they end up serving them as devoted  
soldiers.

৩৬/৭৫ পক্ষান্তরে, তারা তাদের সাহায্য  
করতে পারে না; তারা শেষপর্যন্ত তাদের প্রতি  
নিবেদিত সৈন্য হিসেবে কাজ করতে থাকে।

[36:76] Therefore, do not be saddened by their  
utterances. We are fully aware of everything  
they conceal and everything they declare.

৩৬/৭৬ অতএব, তাদের কথায় দুঃখিত হইও না। আমরা সম্পূর্ণ অবগত সেসব কিছুর ব্যাপারে যা তারা গোপন করে এবং সবকিছু যা তারা প্রকাশ করে।

[36:77] Does the human being not see that we created him from a tiny drop, then he turns into an ardent enemy?

৩৬/৭৭ মানুষ কি দেখে না যে আমরা তাকে একটি ক্ষুদ্র ফোঁটা থেকে সৃষ্টি করেছি, এরপর সে ঘোর শত্রুতে পরিণত হয়?

[36:78] He raises a question to us—while forgetting his initial creation—"Who can resurrect the bones after they had rotted?"

৩৬/৭৮ সে আমাদের কাছে প্রশ্ন উত্থাপন করে- যখন ভুলে যায় তার প্রথম সৃষ্টিকে- “কে হাড়গুলো পুনরুজ্জীবিত করতে পারে সেগুলো পচে যাবার পর?”

[36:79] Say, "The One who initiated them in the first place will resurrect them. He is fully aware of every creation."

৩৬/৭৯ বল, “সে সত্তা তাদেরকে পুনরুজ্জীবিত করবেন যিনি প্রথম বার তাদের সূচনা করেছিলেন। তিনি সকল সৃষ্টি সম্পর্কে পূর্ণ অবগত”।

[36:80] He is the One who creates for you, from the green trees, fuel which you burn for light.

৩৬/৮০ তিনি সে সত্তা যিনি তোমাদের জন্য সৃষ্টি করেছেন, সবুজ গাছপালা থেকে, জ্বালানী যা তোমরা আলোর জন্য পোড়াও।

[36:81] Is not the One who created the heavens and the earth able to recreate the same? Yes indeed; He is the Creator, the Omniscient.

৩৬/৮১ যে সত্তা আকাশমণ্ডলী এবং পৃথিবী সৃষ্টি করেছেন তিনি কি একই জিনিস পুনরায় সৃষ্টি করতে সক্ষম নন? হ্যাঁ নিশ্চয়; তিনি সৃষ্টিকর্তা, সর্বজ্ঞ।

[36:82] All He needs to do to carry out any command is say to it, "Be,"and it is.

৩৬/৮২ কোন আদেশ সম্পন্ন করার জন্য এটিকে শুধু তাঁর বলতে হয়, “হও”আর তা হয়ে যায়।

[36:83] Therefore, glory be to the One in whose hand is the sovereignty over all things, and to Him you will be returned.\*

৩৬/৮৩ অতএব, মহিমা সে সত্তার যার হাতে সবকিছুর উপর সর্বভৌম ক্ষমতা রয়েছে, এবং তাঁর কাছে তোমরা ফিরে যাবে।

### Sura 37: The Arrangers (Al-Sāffāt)

[37:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[37:1] The arrangers in columns.  
কলামে সুবিন্যাসকারী।

[37:2] The blamers of those to be blamed.  
তাদের দোষারোপকারী যাদের প্রতি দোষারোপ  
করা হবে।

[37:3] The reciters of the messages.  
বার্তাসমূহের আবৃত্তিকারী।

[37:4] Your god is only one.  
তোমাদের উপাস্য কেবল একজন।

[37:5] The Lord of the heavens and the earth,  
and everything between them, and Lord of the  
east.\*  
আকাশমন্ডলী ও পৃথিবী, এবং তাদের মধ্যকার  
সবকিছুর প্রভু, এবং পূর্বসমূহের প্রভু।

\*37:5 Every heavenly body rises on the planet  
earth, and sets. Every rise is called "east."

[37:6] We have adorned the lowest heaven  
with adorning planets.\*  
আমরা নিম্নতম আকাশমন্ডলীকে সৌন্দর্যমন্ডিত  
গ্রহ দিয়ে সাজিয়েছি।

\*37:6 We live in the innermost and smallest  
universe. The jinns are confined to this  
universe.

[37:7] We guarded it from every evil devil.  
আমরা একে প্রত্যেক মন্দ শয়তান থেকে  
সুরক্ষিত করেছি।

[37:8] They cannot spy on the High Society;  
they get bombarded from every side.  
তারা উর্ধ্ব সমাজে গুণ্ডচরবৃত্তি করতে পারে না।  
প্রত্যেক পাশ থেকে তাদের দিকে বিস্ফোরক  
ছোড়া হয়।

[37:9] They have been condemned; they have  
incurred an eternal retribution.  
তারা দোষী সাব্যস্ত হয়েছে; তারা টেনে এনেছে  
এক চিরস্থায়ী শাস্তি।

[37:10] If any of them ventures to charge the  
outer limits, he gets struck with a fierce  
projectile.  
যদি তাদের কেউ শেষ সীমায় অনুপ্রবেশের  
স্পর্ধা দেখায়, সে এক ভয়ংকর উৎক্ষেপক দ্বারা  
আঘাতপ্রাপ্ত হয়।

[37:11] Ask them, "Are they more difficult to  
create, or the other creations?" We created  
them from wet mud.

তাদের জিজ্ঞেস করো, "তাদেরকে সৃষ্টি করা  
কি বেশি কঠিন, না অন্যসব সৃষ্টি?" আমরা  
তাদেরকে কাদামাটি থেকে সৃষ্টি করেছি।

[37:12] While you are awed, they mock.  
যখন তুমি বিস্মিত হও, তারা উপহাস করে।

[37:13] When reminded, they take no heed.  
যখন স্মরণ করিয়ে দেয়া হয়, তারা কোন  
মনোযোগ দেয় না।

[37:14] When they see proof, they ridicule it.  
যখন তারা প্রমাণ দেখে, তারা এর ব্যঙ্গ-  
বিদ্রুপ করে।

[37:15] They say, "This is obviously magic!  
তারা বলে, "এটা স্পষ্টই জাদু!

[37:16] "After we die and become dust and  
bones, do we get resurrected?  
"আমরা মরে ধূলিকণা এবং হাড় হয়ে যাবার  
পরেও কি আমরা পুনরুত্থিত হই?

[37:17] "Even our ancient ancestors?"  
"এমনকি আমাদের প্রাচীন পূর্বপুরুষেরাও ?"

[37:18] Say, "Yes, you will be forcibly  
summoned."  
বল, "হ্যাঁ, তোমাদের জোড়পূর্বক তলব করা  
হবে।"

[37:19] All it takes is one nudge, whereupon  
they (stand up) looking.  
কেবল একটি ডাকই যথেষ্ট, যার ফলে তারা  
(দাঁড়িয়ে) দেখতে থাকবে।

[37:20] They will say, "Woe to us; this is the  
Day of Judgment."  
তারা বলবে, "দুর্ভাগ্য আমাদের; এটাই সে  
বিচার দিবস।"

[37:21] This is the day of decision that you  
used to disbelieve in.  
এটাই সে সিদ্ধান্তের দিন যাতে তোমরা অবিশ্বাস  
করতে।

[37:22] Summon the transgressors, and their  
spouses, and the idols they worshiped  
তলব করো সীমালঙ্ঘনকারীদের, এবং তাদের  
সঙ্গীদের, এবং সে উপাস্যদের যাদেরকে তারা  
উপাসনা করতো

[37:23] beside GOD, and guide them to the path of Hell.

আল্লাহর পাশে, এবং তাদেরকে নরকের পথ দেখাও।

[37:24] Stop them, and ask them:  
তাদেরকে থামাও, আর জিজ্ঞেস করো:

[37:25] "Why do you not help one another?"  
কেন তোমরা একে অন্যকে সাহায্য করো না?"

[37:26] They will be, on that day, totally submitting.  
তারা হবে, ঐদিন, পুরোপুরি সমর্পিত।

#### *Mutual Blaming*

##### *পারস্পারিক দোষারোপ*

[37:27] They will come to each other, questioning and blaming one another.  
তারা একে অন্যের কাছে আসবে, পরস্পরকে প্রশ্ন এবং দোষারোপ করতে করতে।

[37:28] They will say (*to their leaders*), "You used to come to us from the right side."

তারা (*তাদের নেতাদের*) বলবে, "তোমরা আমাদের কাছে ডান পাশ থেকে আসতে।"

[37:29] They will respond, "It is you who were not believers."

তারা উত্তর দিবে, "তোমরাই তো বিশ্বাসী ছিলে না।"

[37:30] "We never had any power over you; it is you who were wicked."

"তোমাদের উপর আমাদের কোন ক্ষমতা ছিল না; তোমরাই অন্যায়কারী ছিলে।"

[37:31] "We justly incurred our Lord's judgment; now we have to suffer."

"আমরা আমাদের প্রভুর ন্যায্য বিচার পেয়েছি; এখন আমাদের ভোগ করতে হবে।"

[37:32] "We misled you, only because we were astray."

"আমরা তোমাদের ভুল পথে চালিয়েছি, কেবল একারণে যে আমরাই পথভ্রষ্ট ছিলাম।"

[37:33] Thus, together they will all partake of the retribution on that day.

সুতরাং, একসাথে তারা সবাই ঐদিন শাস্তির ভাগী হবে।

[37:34] This is how we requite the guilty.  
এভাবেই আমরা অপরাধীদের প্রতিফল দেই।

#### *The First Commandment*

#### *প্রথম আদেশ*

[37:35] When they were told, "Lā Elāha Ella Allāh [There is no other god beside GOD]," they turned arrogant.

যখন তাদের বলা হতো, "লা ইলাহা ইল্লাহ [আল্লাহর পাশে অন্যকোন উপাস্য নেই], "তারা উদ্ধত হয়ে পড়তো।"

[37:36] They said, "Shall we leave our gods for the sake of a crazy poet?"

তারা বলতো, "আমরা কি একজন পাগল কবির জন্য আমাদের উপাস্যদের ত্যাগ করবো।"

[37:37] In fact, he has brought the truth, and has confirmed the messengers.

প্রকৃতপক্ষে, সে সত্য এনেছে, এবং বার্তাবাহকদের নিশ্চিত করেছে।

[37:38] Most assuredly, you will taste the most painful retribution.

নিশ্চয়, তোমরা সবচেয়ে যন্ত্রণাকর শাস্তি আন্বাদন করবে।

[37:39] You are requited only for what you have done.

তোমরা যা করেছ শুধু তার জন্য প্রতিফল পাও।

[37:40] Only GOD's servants who are absolutely devoted to Him alone (*will be saved*).

শুধু আল্লাহর বান্দারা (*রক্ষা পাবে*) যারা সম্পূর্ণভাবে কেবল তার প্রতি নিবেদিত।

[37:41] They have deserved provisions that are reserved specifically for them.

তারা সে জীবিকার যোগ্য হয়েছে যা বিশেষভাবে তাদের জন্য সংরক্ষিত।

[37:42] All kinds of fruits. They will be honored.

সকল প্রকার ফল। তারা হবে সম্মানিত।

[37:43] In the gardens of bliss.

পরম সুখের বাগানগুলোয়।

[37:44] On furnishings close to one another.

আসবাবপত্রের উপর পরস্পর কাছাকাছি।

[37:45] Cups of pure drinks will be offered to them.

তাদেরকে বিশুদ্ধ পানীয়ের পেয়ালা পরিবেশন করা হবে।

[37:46] Clear and delicious for the drinkers.

পানকারীদের জন্য স্বচ্ছ ও সুস্বাদু।

[37:47] Never polluted, and never exhausted.  
কখনো দূষিত নয়, এবং কখনো অবসাদগ্রস্ত  
করে না।

[37:48] With them will be wonderful  
companions.  
তাদের সাথে থাকবে চমৎকার সাথীরা।

[37:49] Protected like fragile eggs.  
ভগ্নুর ডিমের মতো সুরক্ষিত।

*The Dwellers of Heaven Visit the Dwellers of  
Hell*  
স্বর্গের বাসিন্দারা নরকের বাসিন্দাদের সাথে  
সাক্ষাৎ করে

[37:50] They will come to each other, and  
confer with one another.  
তারা পরস্পরের কাছে আসবে, এবং একে  
অন্যের সাথে পরামর্শ করবে।

[37:51] One of them will say, "I used to have a  
friend.  
তাদের একজন বলবে, "আমার এক বন্ধু ছিল।

[37:52] "He used to mock: 'Do you believe all  
this?  
"সে উপহাস করতো: ' তুমি কি এইসব বিশ্বাস  
করো?

[37:53] "'After we die and turn into dust and  
bones, do we get called to account?'"  
"' আমরা মরে ধুলো এবং হাড়ে পরিণত হবার  
পরেও কি আমাদেরকে হিসাবের জন্য ডাকা  
হবে? ' "

[37:54] He will say, "Just take a look!"  
সে বলবে, "একটু তাকিয়ে দেখো!"

[37:55] When he looks, he will see his friend  
in the heart of Hell.\*  
যখন সে তাকাবে, সে তার বন্ধুকে নরকের  
গভীরে দেখবে।\*

\*37:55 People who make it to Heaven will be  
able to visit their relatives and friends in Hell,  
without adverse consequences. In the  
Hereafter, anyone can move downward, but  
not upward beyond a certain limit. The limit is  
decided by one's degree of growth and  
development (App. 5).

[37:56] He (*will go to him and*) say, "By  
GOD, you almost ruined me.  
সে (*তার কাছে যাবে এবং*) বলবে, "আল্লাহর  
শপথ, তুমি তো আমাকে প্রায় ধ্বংসই করে  
দিয়েছিলে।

[37:57] "If it were not for my Lord's blessing, I  
would have been with you now.  
"যদি আমার প্রভুর অনুগ্রহ না থাকতো, এখন  
আমি হয়তো তোমার সাথে থাকতাম।

[37:58] "(*Do you still believe*) that we  
die, "  
"(তুমি কি এখনও বিশ্বাস করো) যে আমরা মারা  
যাই, "

[37:59] "only the first death, and we never  
receive any requital?"  
"শুধু প্রথম মৃত্যুতেই, এবং আমরা কখনো  
কোন প্রতিফল পাই না?"

*Redemption: The Greatest Triumph*  
উদ্ধারপ্রাপ্তি: শ্রেষ্ঠ বিজয়

[37:60] Such is the greatest triumph.  
এমনই শ্রেষ্ঠ বিজয়।

[37:61] This is what every worker should work  
for.  
ঠিক এর জন্যই সকল কর্মীর কাজ করা উচিত।

[37:62] Is this a better destiny, or the tree of  
bitterness?  
এটা কি উত্তম নিয়তি, নাকি তিক্ততার গাছ?

[37:63] We have rendered it a punishment for  
the transgressors.  
একে আমরা সীমালঙ্ঘনকারীদের জন্য একটি  
শাস্তিস্বরূপ করেছি।

[37:64] It is a tree that grows in the heart of  
Hell.  
এটা একটি গাছ যা নরকের মাঝখানে জন্মায়।

[37:65] Its flowers look like the devils' heads.  
এর ফুলগুলো দেখায় শয়তানের মাথার মতো।

[37:66] They will eat from it until their bellies  
are filled up.  
এটি থেকে তারা খাবে যতক্ষণ না তাদের পেট  
পূর্ণ হয়।

[37:67] Then they will top it with a hellish  
drink.  
এরপর তাতে তারা নারকীয় পানীয় ঢালবে।

[37:68] Then they will return to Hell.  
এরপর তারা নরকে ফিরে যাবে।

*They Followed Their Parents Blindly*  
তারা তাদের মাতা-পিতার অন্ধ অনুসরণ  
করেছিল



[37:69] They found their parents astray.  
তারা তাদের মাতাপিতাকে পেয়েছিল পথভ্রষ্ট।

[37:70] And they blindly followed in their footsteps.  
এবং তারা অন্ধভাবে তাদের পদাংক অনুসরণ করেছিল।

[37:71] Most of the previous generations have strayed in the same manner.  
পূর্ববর্তী অধিকাংশ প্রজন্মগুলো একইভাবে পথভ্রষ্ট হয়েছে।

[37:72] We have sent to them warners.  
তাদের কাছে আমরা সতর্ককারী পাঠিয়েছি।

[37:73] Note the consequences for those who have been warned.  
তাদের পরিণাম লক্ষ্য করো যাদেরকে সতর্ক করা হয়েছিল।

[37:74] Only GOD's servants who are absolutely devoted to Him alone (are saved).  
শুধু আল্লাহর বান্দারা (রক্ষা পাবে) যারা কেবল পুরোপুরি তাঁর নিকট নিবেদিত।

*Noah*  
নূহ

[37:75] Thus, Noah called upon us, and we were the best responders.  
এভাবে, নূহ আমাদেরকে ডেকেছিল, এবং আমরাই সর্বোত্তম সাড়া দানকারী ছিলাম।

[37:76] We saved him and his family from the great disaster.  
আমরা তাকে এবং তার পরিবারকে মহাদুর্যোগ থেকে রক্ষা করেছিলাম।

[37:77] We made his companions the survivors.  
আমরা তার সঙ্গী-সাথীদের বাচিয়ে রেখেছিলাম।

[37:78] And we preserved his history for subsequent generations.  
এবং পরবর্তী প্রজন্মের জন্য আমরা তার ইতিহাস সংরক্ষণ করেছিলাম।

[37:79] Peace be upon Noah among the peoples.  
লোকদের মধ্যে নূহের প্রতি শান্তি বর্ষিত হোক।

[37:80] We thus reward the righteous.  
আমরা এভাবে সৎকর্মীদের পুরস্কার দেই।

[37:81] He is one of our believing servants.

সে আমাদের বিশ্বাসী বান্দাদের একজন।

[37:82] We drowned all the others.  
অন্য সবাইকে আমরা ডুবিয়ে দিয়েছিলাম।

*Abraham*  
ইব্রাহিম

[37:83] Among his followers was Abraham.  
তার অনুসারীদের মধ্যে ছিল ইব্রাহিম।

[37:84] He came to his Lord wholeheartedly.  
সে তার প্রভুর কাছে এসেছিল সম্পূর্ণ হৃদয় নিয়ে।

[37:85] He said to his father and his people,  
"What are you worshiping?"  
সে তার পিতা এবং তার লোকদের বলল,  
"তোমরা किसের উপাসনা করছো?"

[37:86] "Is it these fabricated gods, instead of GOD, that you want?"  
"এইসব বানানো উপাস্যগুলোই কি তা,  
আল্লাহর বদলে, যা তোমরা চাও?"

[37:87] "What do you think of the Lord of the universe?"  
মহাবিশ্বের প্রভু সম্পর্কে তোমাদের ধারণা কি?"

[37:88] He looked carefully at the stars.  
সে তারাগুলোর দিকে মনোযোগ দিয়ে তাকালো।

[37:89] Then he gave up and said, "I am tired of this!"  
তারপর সে বাদ দিলো এবং বলল, "আমি এতে ক্লান্ত!"

[37:90] They turned away from him.  
তারা তার থেকে মুখ ফিরিয়ে নিল।

[37:91] He then turned on their idols, saying,  
"Would you like to eat?"  
তারপর সে তাদের উপাস্যদের দিকে ফিরলো,  
এ বলে যে, "তোমরা কি খেতে পছন্দ করো?"

[37:92] "Why do you not speak?"  
"কেন তোমরা কথা বলো না?"

[37:93] He then destroyed them.  
সে তারপর এগুলোকে ধ্বংস করলো?"

[37:94] They went to him in a great rage.  
তারা ভীষণ রাগান্বিত হয়ে তার কাছে গেল।

[37:95] He said, "How can you worship what you carve?"

সে বলল, "কেমন করে তোমরা তার উপাসনা করো যা তোমরা খোদাই করো?"

[37:96] "When GOD has created you, and everything you make!"

"অথচ আল্লাহ সৃষ্টি করেছেন তোমাদেরকে, এবং সবকিছুকে যা তোমরা বানাও!"

[37:97] They said, "Let us build a great fire, and throw him into it."

তারা বলল, "চল আমরা এক বিশাল অগ্নিকুণ্ডলী বানাই, এবং তাকে এর মধ্যে নিক্ষেপ করি।"

[37:98] They schemed against him, but we made them the losers.

তারা তার বিরুদ্ধে ষড়যন্ত্র করলো, কিন্তু আমরা তাদের পরাজিত করলাম।

[37:99] He said, "I am going to my Lord; He will guide me."

সে বলল, "আমি আমার প্রভুর কাছে যাচ্ছি; তিনি আমাকে পথ দেখাবেন।"

[37:100] "My Lord, grant me righteous children."

"আমার প্রভু, আমাকে সৎকর্মশীল সন্তান দান করুন।"

[37:101] We gave him good news of a good child.

আমরা তাকে একটি ভালো সন্তানের সুসংবাদ দিলাম।

*Satanic Dream\**

*শয়তানী স্বপ্ন*

[37:102] When he grew enough to work with him, he said, "My son, I see in a dream that I am sacrificing you. What do you think?" He said, "O my father, do what you are commanded to do. You will find me, GOD willing, patient."

যখন সে তার সাথে কাজ করার মতো যথেষ্ট বড় হয়ে উঠলো, সে বলল, "আমার পুত্র, আমি স্বপ্নে দেখি যে তোমাকে আমি উৎসর্গ করছি। তুমি কি ভাবছো? "সে বলল, "হে আমার পিতা, আপনার প্রতি যা প্রত্যাদেশ হয় তা করুন। আপনি আমাকে পাবেন, আল্লাহ চাইলে, ধৈর্যশীল।

\*37:102 The Most Merciful never advocates evil (7:28). As with Job, Satan claimed that Abraham loved his son too much, and was permitted to put Abraham to that severe test.

[37:103] They both submitted, and he put his forehead down (to sacrifice him).

তারা উভয়ে আত্মসমর্পণ করল, এবং সে তার কপাল নীচে রাখলো (তাকে উৎসর্গ করতে)।

*God Intervenes to Save Abraham and Ismail*  
*আল্লাহ ইব্রাহীম ও ইসমাইলকে রক্ষা করতে হস্তক্ষেপ করলেন*

[37:104] We called him: "O Abraham.

আমরা তাকে ডাকলাম: "হে ইব্রাহীম।

[37:105] "You have believed the dream." We thus reward the righteous.

"স্বপ্নটি তুমি বিশ্বাস করেছো।" আমরা এভাবে সৎকর্মীদের পুরস্কার দেই।

[37:106] That was an exacting test indeed. নিশ্চয় এটা ছিল এক কঠোর পরীক্ষা।

[37:107] We ransomed (Ismail) by substituting an animal sacrifice.

আমরা একটি পশু উৎসর্গের বদলে (ইসমাইলকে) মুক্তি দিলাম।

[37:108] And we preserved his history for subsequent generations.

এবং আমরা তার ইতিহাসকে পরবর্তী প্রজন্মের জন্য সংরক্ষণ করলাম।

[37:109] Peace be upon Abraham.

ইব্রাহিমের উপর শান্তি বর্ষিত হোক।

[37:110] We thus reward the righteous.

আমরা এভাবে সৎকর্মীদের পুরস্কার দেই।

[37:111] He is one of our believing servants.

সে ছিল আমাদের বিশ্বাসী বান্দাদের একজন।

*Birth of Isaac*

*ইসহাকের জন্ম*

[37:112] Then we gave him the good news about the birth of Isaac, to be one of the righteous prophets.

এরপর আমরা তাকে ইসহাকের জন্মের সুসংবাদ দিলাম, যে হবে সৎকর্মী নবীদের একজন।

[37:113] We blessed him and Isaac. Among their descendants, some are righteous, and some are wicked transgressors.

আমরা তাকে ও ইসহাককে সৌভাগ্যশীল করেছিলাম। তাদের বংশধরদের মধ্যে, কেউ কেউ সৎকর্মী, আর কেউ কেউ নীতিবিবর্জিত সীমালঙ্ঘনকারী।

## Moses and Aaron

### মূসা ও হারুন

[37:114] We also blessed Moses and Aaron.  
আমরা মূসা ও হারুনকেও সৌভাগ্যশীল  
করেছিলাম।

[37:115] We delivered them and their people  
from the great disaster.  
আমরা মহাদুর্যোগ থেকে তাদেরকে এবং তাদের  
লোকদের উদ্ধার করেছিলাম।

[37:116] We supported them, until they  
became the winners.  
আমরা তাদেরকে সমর্থন করেছিলাম, যতক্ষণ  
না তারা জয়ী হয়েছিল।

[37:117] We gave both of them the profound  
scripture.  
আমরা তাদের উভয়কে জ্ঞানগর্ভ ঐশীগ্রন্থ  
দিয়েছিলাম।

[37:118] We guided them in the right path.  
আমরা তাদেরকে সঠিক পথ প্রদর্শন করেছিলাম।

[37:119] We preserved their history for  
subsequent generations.  
পরবর্তী প্রজন্মের জন্য আমরা তাদের ইতিহাস  
সংরক্ষণ  
করেছিলাম।

[37:120] Peace be upon Moses and Aaron.  
মূসা এবং হারুনের উপর শান্তি বর্ষিত হোক।

[37:121] We thus reward the righteous.  
এভাবে আমরা সৎকর্মীদের পুরস্কার দেই।

[37:122] Both of them were among our  
righteous servants.  
তাদের উভয়ে ছিল আমাদের সৎকর্মী বান্দাদের  
অন্তর্ভুক্ত।

## Elias

### ইলিয়াস

[37:123] Elias was one of the messengers.  
ইলিয়াস ছিল বার্তাবাহকদের একজন।

[37:124] He said to his people, "Would you  
not work righteousness?  
সে তার লোকদের বলেছিল, "তোমরা কি  
সৎকর্ম করবে না?

[37:125] "Do you worship a statue, instead of  
the Supreme Creator?  
"তোমরা কি উপাসনা করো এক মূর্তির, পরম  
সৃষ্টিকর্তার পরিবর্তে?

[37:126] "GOD; your Lord, and the Lord of  
your forefathers!"

"আল্লাহ; তোমাদের প্রভু, এবং তোমাদের  
পূর্বপুরুষের প্রভু!"

[37:127] They disbelieved him. Consequently,  
they had to be called to account.

তারা তাকে অ বিশ্বাস করলো। পরিণামে,  
তাদেরকে হিসাবের জন্য ডাকা হবে।

[37:128] Only GOD's servants who are  
absolutely devoted to Him alone (*are saved*).  
শুধু আল্লাহর বান্দারা (*রক্ষা পায়*) যারা কেবল  
তাঁর প্রতি নিবেদিত।

[37:129] We preserved his history for  
subsequent generations.  
আমরা তার ইতিহাস পরবর্তী প্রজন্মের জন্য  
সংরক্ষণ করেছিলাম।

[37:130] Peace be upon Elias, and all those  
like Elias.  
শান্তি বর্ষিত হোক ইলিয়াসের উপর, এবং  
ইলিয়াসের মত সবার উপর।

[37:131] We thus reward the righteous.  
আমরা এভাবে সৎকর্মীদের পুরস্কার দেই।

[37:132] He was one of our believing servants.  
সে ছিল আমাদের বিশ্বাসী বান্দাদের একজন।

## Lot

### লূত

[37:133] Lot was one of the messengers.  
লূত ছিল বার্তাবাহকদের একজন।

[37:134] We saved him and all his family.  
আমরা তাকে এবং তার পরিবারের সকলকে  
রক্ষা করেছিলাম।

[37:135] Only the old woman was doomed.  
কেবল সে বৃদ্ধ মহিলা ধ্বংস হয়েছিল।

[37:136] We annihilated all the others.  
আমরা অন্যদের সকলকে নির্মূল করলাম।

[37:137] You still pass by their ruins by day.  
এখনও তোমরা তাদের ধ্বংসস্তুপের পাশ দিয়ে  
যাও দিনে।

[37:138] And by night. Would you  
understand?  
এবং রাতে। তোমরা কি বুঝবে?

Jonah  
ইউনুস

[37:139] Jonah was one of the messengers.  
ইউনুছ ছিল বার্তাবাহকদের একজন।

[37:140] He escaped to the loaded ship.  
সে বোঝাইকৃত জাহাজে পালালো।

[37:141] He rebelled and thus, he joined the losers.  
সে বিদ্রোহ করেছিল আর এভাবে, সে পরাজিতদের সাথে যোগ দিল।

[37:142] Consequently, the fish swallowed him, and he was the one to blame.  
ফলশ্রুতিতে, মাছ তাকে গিলে ফেললো, এবং সে-ই ছিল দোষী ব্যক্তি।

[37:143] If it were not that he resorted to meditation (*on God*),  
যদি সে (*আল্লাহর*) ধ্যানে মগ্ন না হতো,

[37:144] he would have stayed in its belly until the Day of Resurrection.  
সে হয়তো এর পেটেই পুনরুত্থান দিনের আগ পর্যন্ত।

[37:145] We had him thrown up into the desert, exhausted.  
আমরা তাকে মরুভূমিতে নিক্ষেপ করলাম, মৃতপ্রায় অবস্থায়।

[37:146] We had a tree of edible fruit grown for him.  
আমরা তার জন্য একটি ভক্ষনযোগ্য ফলের গাছ জন্মাতে দিলাম।

[37:147] Then we sent him to a hundred thousand,\* or more.  
এরপর আমরা তাকে একশ হাজার, বা তার চেয়ে বেশির নিকট পাঠালাম।

\*37:147 The Quran mentions 30 numbers: 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, 10, 11, 12, 19, 20, 30, 40, 50, 60, 70, 80, 99, 100, 200, 300, 1000, 2000, 3000, 5000, 50000, and 100000. The sum of these numbers is 162146, or 19x8534 (see Appendix 1).

[37:148] They did believe, and we let them enjoy this life.  
তারা বিশ্বাস করেছিলো, এবং আমরা তাদেরকে এই জীবন উপভোগ করতে দিলাম।

[37:149] Ask them if your Lord has daughters, while they have sons!

তাদেরকে জিজ্ঞেস করো তোমার প্রভুর কি কন্যা রয়েছে, যখন তাদের রয়েছে পুত্র!

[37:150] Did we create the angels to be females? Did they witness that?  
আমরা কি ফেরেশতাদের নারী রূপে সৃষ্টি করেছিলাম? তারা কি তা প্রত্যক্ষ করেছিল?

[37:151] Indeed, they grossly blaspheme when they say-  
নিশ্চয়, তারা গুরুতর আল্লাহনিন্দা করে যখন তারা বলে-

[37:152] "GOD has begotten a son." Indeed, they are liars.  
"আল্লাহ পুত্র জন্ম দিয়েছেন।" নিশ্চয়, তারা মিথ্যাবাদী।

[37:153] Did He choose the girls over the boys?  
তিনি কি ছেলেদের উপর মেয়েদের পছন্দ করেছিলেন?

[37:154] What is wrong with your logic?  
তোমাদের যুক্তিতে সমস্যা কোথায়?

*Addressing the Disbelievers*  
অবিশ্বাসীদেরকে লক্ষ্য করে

[37:155] Why do you not take heed?  
কেন তোমরা মনোযোগ দাও না?

[37:156] Do you have any proof?  
তোমাদের কি কোন প্রমাণ আছে?

[37:157] Show us your book, if you are truthful.  
আমাদেরকে তোমাদের কিতাব দেখাও, যদি তোমরা সত্যবাদী হও।

[37:158] They even invented a special relationship between Him and the jinns.  
তারা এমনকি তাঁর এবং জ্বীনদের মাঝে বিশেষ সম্পর্ক উদ্ভাবন করেছিল।

*The jinns themselves know that they are subservient.*  
জ্বীনরা নিজেরাও জানে যে তারা আজ্ঞাধীন।

[37:159] GOD be glorified; far above their claims.  
মহিমা আল্লাহর; তাদের দাবির অনেক উর্ধ্বে।

[37:160] Only GOD's servants who are devoted to Him alone (*are saved*).

শুধু আল্লাহর বান্দারা (রক্ষা পাবে) যারা কেবল  
তার প্রতি নিবেদিত।

[37:161] Indeed, you and what you worship.  
নিশ্চয়, তোমরা এবং যার উপাসনা তোমরা  
করো।

[37:162] Cannot impose anything on Him.  
তাঁর উপর কিছু চাপিয়ে দিতে পারে না।

[37:163] Only you will burn in Hell.  
শুধু তোমরাই নরকে পুড়বে।

*The Angels*  
*ফেরেশতারা*

[37:164] Each one of us has a specific job.  
আমাদের প্রত্যেকের একটি নির্দিষ্ট কাজ আছে।

[37:165] We are the arrangers.  
আমরাই বিন্যাসকারী।

[37:166] We have duly glorified (our Lord).  
আমরা যথাযথভাবে (আমাদের প্রভুর) গুণগান  
করেছি।

*Following The Parents Blindly*  
*পিতা- মাতাকে অন্ধভাবে অনুসরণ করা*

[37:167] They used to say,  
তারা বলতো যে,

[37:168] "Had we received the correct  
instructions from our parents,  
যদি আমরা আমাদের পিতা- মাতা থেকে সঠিক  
নির্দেশনা পেতাম,

[37:169] "we would have been worshipers;  
devoted to GOD alone."  
"আমরা উপাসনাকারী হতাম; কেবল আল্লাহর  
প্রতি নিবেদিত। "

[37:170] But they disbelieved, and they will  
surely find out.  
কিন্তু তারা অশিষ্টাচার করেছিল, এবং তারা  
অবশ্যই দেখবে।

*Victory for the Messengers Guaranteed*  
*বার্তাবাহকদের জন্য বিজয় প্রতিশ্রুত*

[37:171] Our decision is already decreed for  
our servants the messengers.  
আমাদের বার্তাবাহক বান্দাদের জন্য আমাদের  
সিদ্ধান্ত ইতোমধ্যেই জারি করা হয়েছে।

[37:172] They are surely the victors.

নিশ্চয় তারা বিজয়ী।

[37:173] Our soldiers are the winners.  
আমাদের সৈন্যরাই জয়লাভকারী।

[37:174] So disregard them for awhile.  
অতএব কিছু সময়ের জন্য তাদের উপেক্ষা  
করো।

[37:175] Watch them; they too will watch.  
তাদেরকে লক্ষ্য করো; তারাও লক্ষ্য রাখবে।

[37:176] Do they challenge our retribution?  
তারা কি আমাদের শাস্তিকে চ্যালেঞ্জ করে?

[37:177] When it hits them one day, it will be  
a miserable day; they have been sufficiently  
warned.

একদিন যখন তা তাদের আঘাত করবে, এটা  
হবে এক শোচনীয় দিন; তাদেরকে যথেষ্ট  
পরিমানে সতর্ক করা হয়েছে।

[37:178] Disregard them for awhile.  
তাদেরকে কিছু সময়ের জন্য উপেক্ষা করো।

[37:179] Watch them; they too will watch.  
তাদেরকে লক্ষ্য করো; তারাও লক্ষ্য রাখবে।

[37:180] Glory be to your Lord, the great  
Lord; far above their claims.  
মহিমা তোমার প্রভুর, মহান প্রভু; তাদের  
দাবির অনেক উর্ধ্ব।

[37:181] Peace be upon the messengers.  
বার্তাবাহকদের উপর শান্তি বর্ষিত হোক।

[37:182] Praise be to GOD, Lord of the  
universe.  
প্রশংসা আল্লাহর, মহাবিশ্বের প্রভু।

## Sura 38: S. (Saad)

[38:0] In the name of God, Most Gracious, Most Merciful

[38:1] S. (Saad),\* and the Quran that contains the proof.\*\*

স. (সা' দ), \* এবং কোর' আন যা বহন করে প্রমান। \*\*

\*38:1 This Initial (Saad) occurs in suras 7, 19, &38 a total of 152 times, 19x8 (Appendix 1).

\*\*38:1 The word "Zikr" is made distinct from the Quran and clearly points at the Quran's miraculous mathematical code. See 15:6, 9; 16:44; 21:2, 24; 26:5; &36:11, 69.

[38:2] Those who disbelieve have plunged into arrogance and defiance

যারা অবিশ্বাস করে তারা ঔদ্ধত্য এবং অবাধ্যতায় নিমজ্জিত হয়েছে।

[38:3] Many a generation before them we annihilated. They called for help; in vain. তাদের আগে অনেক প্রজন্মকে আমরা ধ্বংস করেছিলাম। তারা সাহায্যের জন্য ডেকেছিলো; বৃথাই।

[38:4] They wondered that a warner should come to them, from among them. The disbelievers said, "A magician; a liar. তারা অবাক হয়েছিল যে তাদের কাছে একজন সতর্ককারী এসেছে, তাদের মধ্য থেকে। অবিশ্বাসীরা বলল, "একজন যাদুকর; মিথ্যুক।

[38:5] "Did he make the gods into one god? This is really strange." সে কি বহু উপাস্যকে এক উপাস্য বানিয়ে ফেলেছে? এটি সত্যিই বিস্ময়কর।"

[38:6] The leaders announced, "Go and steadfastly persevere in worshipping your gods. This is what is desired. নেতারা ঘোষণা করল, "যাও এবং দৃড়তার সাথে অবিচল থেকে তোমাদের উপাস্যদের উপাসনা করো। এটাই তো কাম্য।

[38:7] "We never heard of this from the religion of our fathers. This is a lie. "আমরা আমাদের পিতৃপুরুষদের ধর্ম থেকে কখনো এমন শুনিনি। এটি একটি মিথ্যা।

[38:8] "Why did the proof come down to him, instead of us?" Indeed, they are doubtful of My proof. Indeed, they have not yet tasted My retribution.

"কেন তার কাছেই প্রমান আসলো, আমাদের পরিবর্তে? "নিশ্চয়, তারা আমার প্রমানের বিষয়ে সন্দিহান। নিশ্চয়ই, তারা এখনো আমার শাস্তি আস্থাদন করেনি।

[38:9] Do they own the treasures of mercy of your Lord, the Almighty, the Grantor? তারা কি তোমার প্রভুর দয়ার ভান্ডারের মালিক, সর্বশক্তিমান, দাতা?

[38:10] Do they possess the sovereignty of the heavens and the earth, and everything between them? Let them help themselves. তারা কি আকাশমণ্ডলী ও পৃথিবী, এবং এগুলোর মধ্যকার সবকিছুর সার্বভৌমত্ব অধিকার করে? তাদেরকে সাহায্য করতে দাও তাদের নিজেদেরকেই।

[38:11] Instead, whatever forces they can muster—even if all their parties banded together—will be defeated. পরিবর্তে, তারা যে শক্তিই একত্রিত করতে পারুক- এমনকি যদি তাদের সকল দল একত্রে জড়ো হয়ও- তারা পরাজিত হবে।

[38:12] Disbelieving before them were the people of Noah, 'Ād, and the mighty Pharaoh. তাদের পূর্বে অবিশ্বাস করেছিল নূহের লোকেরা, আদ, এবং শক্তিশালী ফেরাউন।

[38:13] Also, Thamūd, the people of Lot, the dwellers of the Woods (of Midyan); those were the opponents. এছাড়া, সামূদ, লূতের লোকেরা, (মাদিয়ানে) গভীর জংগলের অধিবাসীরা; তারা ছিল বিরোধী।

[38:14] Each of them disbelieved the messengers and thus, My retribution was inevitable. তাদের প্রত্যেকে বার্তাবাহককে অবিশ্বাস করেছিল আর এভাবে, আমার শাস্তি ছিল অবধারিত।

[38:15] These people can expect a single blow, from which they never recover. এই লোকেরা কেবল একটি আঘাত প্রত্যাশা করতে পারে, যা থেকে তারা কখনো পূর্বাবস্থায় ফেরে না।

[38:16] They challenged: "Our Lord, why do you not rush the retribution for us, before the Day of Reckoning."

তারা চ্যালেঞ্জ করেছিল: আমাদের প্রভু, কেন আপনি আমাদেরকে দ্রুত শাস্তি দেন না, বিচার দিনের পূর্বে।”

[38:17] Be patient in the face of their utterances, and remember our servant David, the resourceful; he was obedient.  
তাদের কথায় ধৈর্য ধরো, এবং আমাদের বান্দা দাউদকে স্মরণ করো, প্রাচুর্যশালী; সে ছিল অনুগত।

[38:18] We committed the mountains in his service, glorifying with him night and day.  
আমরা পাহাড়কে তার সেবায় নিয়োজিত করেছিলাম, যারা তার সাথে গুণকীর্তন করতো রাতে এবং দিনে।

[38:19] Also the birds were committed to serve him; all were obedient to him.  
পাখিরাও ছিল তার সেবায় নিয়োজিত; সকলে তার অনুগত ছিল।

[38:20] We strengthened his kingship, and endowed him with wisdom and good logic.  
আমরা তার রাজত্বকে শক্তিশালী করেছিলাম, এবং তাকে প্রজ্ঞা ও ভাল যুক্তি দান করেছিলাম।

[38:21] Have you received news of the feuding men who sneaked into his sanctuary?  
তুমি কি সেই বিবাদকারী লোকদের খবর পেয়েছো যারা চুপিসারে তার উপাসনাস্থলে ঢুকে পড়েছিল?

[38:22] When they entered his room, he was startled. They said, "Have no fear. We are feuding with one another, and we are seeking your fair judgment. Do not wrong us, and guide us in the right path.  
যখন তারা তার কক্ষে প্রবেশ করলো, সে চমকে উঠলো। তারা বলল, "ভয় পাবেন না। আমরা একে অন্যের সাথে বিবাদে করছি এবং আমরা আপনার কাছে ন্যায় বিচার চাচ্ছি। আমাদের প্রতি অন্যায়ে করবেন না, এবং আমাদেরকে সঠিক পথ প্রদর্শন করুন।

[38:23] "This brother of mine owns ninety-nine\* sheep, while I own one sheep. He wants to mix my sheep with his, and continues to pressure me."  
আমার এই ভাই নিরান্নবইটি ভেড়ার মালিক, যেখানে আমি একটি ভেড়ার মালিক। সে আমার ভেড়াকে তারগুলোর সাথে মিশিয়ে ফেলতে চায়, এবং আমাকে চাপ দিয়েই যাচ্ছে।

\*38:23 This is the only place where the number 99 occurs. Thirty different numbers are mentioned in the Quran, and their total comes to 162146, 19x8534. See Appendix 1.

David's Exemplary Piety  
দাউদের দৃষ্টান্তমূলক ভক্তি

[38:24] He said, "He is being unfair to you by asking to combine your sheep with his. Most people who combine their properties treat each other unfairly, except those who believe and work righteousness, and these are so few." Afterwards, David wondered if he made the right judgment. He thought that we were testing him. He then implored his Lord for forgiveness, bowed down, and repented.\*  
সে বলল, "সে তোমার প্রতি অন্যায়ে করেছে তোমার ভেড়াটি তারগুলোর সাথে মিশিয়ে ফেলতে বলে। বেশির ভাগ লোকই যারা তাদের সম্পদ মিশিয়ে ফেলে তারা একে অন্যের সাথে অন্যায়ে আচরণ করে, তারা ছাড়া যারা বিশ্বাস করে এবং সৎকর্ম করে, এবং এরা সংখ্যায় খুবই অল্প।" পরবর্তীতে, দাউদ সন্দেহ পোষণ করলো যে সে সঠিক বিচার করেছে কিনা। সে ভাবলো আমরা তাকে পরীক্ষা করছিলাম। সে এরপর তার প্রভুর কাছে ক্ষমার জন্য মিনতি করলো, নত হলো এবং অনুশোচনা করলো।\*

\*38:24 In this clear example, 99 on one side vs 1 on the other side, David's extreme care to render the correct judgment caused him to ask forgiveness. Are we this careful?

[38:25] We forgave him in this matter. We have granted him a position of honor with us, and a beautiful abode.  
এই বিষয়ে তাকে আমরা ক্ষমা করে দিয়েছিলাম। আমরা তাকে প্রদান করেছি আমাদের সাথে এক সম্মানিত অবস্থান, এবং এক চমৎকার আবাস।

[38:26] O David, we have made you a ruler on earth. Therefore, you shall judge among the people equitably, and do not follow your personal opinion, lest it diverts you from the way of GOD. Surely, those who stray off the way of GOD incur severe retribution for forgetting the Day of Reckoning.  
হে দাউদ, আমরা তোমাকে পৃথিবীতে একজন শাসক বানিয়েছি। অতএব, তুমি লোকদের মাঝে ন্যায় বিচার করবে, এবং তোমার ব্যক্তিগত মতের অনুসরণ করো না, পাছে তা তোমাকে আল্লাহর পথ থেকে সরিয়ে দেয়।

অবশ্যই, যারা আল্লাহর পথ থেকে বিচ্যুত হয় তারা কঠোর শাস্তি টেনে আনে বিচার দিবসকে ভুলে যাবার জন্য।

[38:27] We did not create the heaven and the earth, and everything between them, in vain. Such is the thinking of those who disbelieve. Therefore, woe to those who disbelieve; they will suffer in Hell.

আমরা আকাশমন্ডলী ও পৃথিবী, এবং এগুলোর মধ্যকার সবকিছু অনর্থক সৃষ্টি করিনি। যারা অবিশ্বাস করে তাদের চিন্তা-ভাবনা এমনই। অতএব, দূর্ভোগ তাদের প্রতি যারা অবিশ্বাস করে; তারা নরকে ভুগবে।

[38:28] Shall we treat those who believe and lead a righteous life as we treat those who commit evil on earth? Shall we treat the righteous as we treat the wicked?

যারা বিশ্বাস করে এবং সৎ জীবন-যাপন করে তাদের সাথে কি আমরা তেমন আচরণ করবো যেমন আচরণ আমরা করি তাদের সাথে যারা পৃথিবীতে মন্দকর্ম করে? আমরা কি সৎকর্মীদের সাথে তেমন আচরণ করবো যেমন আচরণ আমরা করি অন্যায়কারীদের সাথে?

[38:29] This is a scripture that we sent down to you, that is sacred—perhaps they reflect on its verses. Those who possess intelligence will take heed.

এটি একটি ঐশীগ্রন্থ যা আমরা তোমার কাছে অবতীর্ণ করেছি—যা পবিত্র - হয়তো তারা এর আয়াতগুলো নিয়ে চিন্তা-ভাবনা করবে। যারা বুদ্ধিমত্তার অধিকারী তারা মনোযোগ দিবে।

*Solomon's  
Exemplary Devotion  
সোলায়মানের*

*অনুকরণীয় উপাসনা*

[38:30] To David we granted Solomon; a good and obedient servant.

আমরা দাউদকে দান করেছিলাম সোলায়মান, একজন ভালো এবং অনুগত দাস।

[38:31] One day he became preoccupied with beautiful horses, until the night fell.

একদিন সে সুন্দর ঘোড়া নিয়ে আচ্ছন্ন হয়ে পড়লো, যতক্ষণ না রাত নামলো।

[38:32] He then said, "I enjoyed the material things more than I enjoyed worshiping my Lord, until the sun was gone.\*

সে তখন বলল, “আমি আমার প্রভুর উপাসনা উপভোগের চেয়ে পার্থিব বিষয় বেশি উপভোগ করেছিলাম, যতক্ষণ না সূর্য ডুবে গেল।

[38:33] "Bring them back." (To bid farewell,) he rubbed their legs and necks.

“এগুলোকে ফিরিয়ে আনো।” (বিদায় জানাতে, ) সে এগুলোর পা ও ঘাড়ে হাত বুলিয়ে দিল।

[38:34] We thus put Solomon to the test; we blessed him with vast material wealth, but he steadfastly submitted.\*

আমরা এভাবে সোলায়মানকে পরীক্ষায় ফেলেছিলাম; তাকে প্রচুর পার্থিব সম্পদ দিয়ে আমরা অনুগ্রহ করেছিলাম, কিন্তু সে দৃঢ়ভাবে সমর্পিত ছিল।\*

*\*38:34 & 41 Solomon and Job represent both ends of the testing spectrum. We are put to the test through wealth, health, or lack of them, to see if we worship God alone under all circumstances.*

[38:35] He said, "My Lord, forgive me, and grant me a kingship never attained by anyone else. You are the Grantor."

সে বলল, “আমার প্রভু, আমাকে ক্ষমা করুন, এবং আমাকে একটি রাজ্য দিন যা কখনো কারো দ্বারা অর্জিত হয়নি। আপনি মঞ্জুরকারী।”

[38:36] We (answered his prayer and) committed the wind at his disposal, pouring rain wherever he wanted.

আমরা (তার প্রার্থনায় সাড়া দিয়েছিলাম এবং) বাতাসকে তার আজ্ঞাবহ করলাম, সে যেখানেই চাইতো বৃষ্টি পতিত হতো।

[38:37] And the devils, building and diving. আর শয়তানরা, নির্মান করতো এবং ডুব দিতো।

[38:38] Others were placed at his disposal. অন্যদেরকে তার আয়ত্তাধীনে রাখা হয়েছিল।

[38:39] "This is our provision to you; you may give generously, or withhold, without limits." “এটি তোমার প্রতি আমাদের জীবিকা; তুমি উদারভাবে দিতে পারো, অথবা বিরত থাকতে পারো, সীমাহীনভাবে।”

[38:40] He has deserved an honorable position with us, and a wonderful abode.



সে আমাদের সাথে একটি সম্মানিত অবস্থানের, এবং একটি চমৎকার আবাসের যোগ্য হয়েছে।

*The Devil Afflicts Job\**

শয়তান আইয়ুবকে দুর্দশাগ্রস্ত করে

[38:41] Remember our servant Job: he called upon his Lord, "The devil has afflicted me with hardship and pain."

[৩৮:৪১] স্মরণ করো আমাদের বান্দা আইয়ুবের কথা: সে তার প্রভুকে ডেকেছিল, “শয়তান আমাকে দুর্দশাগ্রস্ত করেছে অসচ্ছলতা ও যন্ত্রণা দিয়ে।”

*\*38:34 & 41 Solomon and Job represent both ends of the testing spectrum. We are put to the test through wealth, health, or lack of them, to see if we worship God alone under all circumstances.*

[38:42] "Strike the ground with your foot. A spring will give you healing and a drink." "তোমার পা দিয়ে ভূমিতে আঘাত করো। একটি ঝর্ণা তোমাকে নিরাময় এবং পানীয় দিবে।”

*God Makes it up to the Believers*

আল্লাহ বিশ্বাসীদের ক্ষতিপূরণ করেন

[38:43] We restored his family for him; twice as many. Such is our mercy; a reminder for those who possess intelligence.

আমরা তার জন্য তার পরিবারকে ফিরিয়ে দিলাম; দ্বিগুন করে। এমনই আমাদের দয়া; যারা বুদ্ধিমত্তার অধিকারী তাদের জন্য একটি স্মারক।

[38:44] "Now, you shall travel the land and preach the message, to fulfill your pledge." We found him steadfast. What a good servant! He was a submitter.

“এখন, তুমি ভূখণ্ডে ভ্রমণ করবে এবং বার্তা প্রচার করবে, তোমার অঙ্গীকার পূর্ণ করতে।” আমরা তাকে দৃঢ় পেয়েছিলাম। কতই না ভাল বান্দা! সে ছিল একজন আত্মসমর্পণকারী।

[38:45] Remember also our servants Abraham, Isaac, and Jacob. They were resourceful, and possessed vision.

আরো স্মরণ করো আমাদের বান্দা ইব্রাহিম, ইসহাক এবং ইয়াকুবকে। তারা ছিল প্রাচুর্যশালী, এবং অন্তর্দৃষ্টিসম্পন্ন।

[38:46] We bestowed upon them a great blessing: awareness of the Hereafter. আমরা তাদেরকে দান করেছিলাম এক মহা অনুগ্রহ: পরকালের সচেতনতা।

[38:47] They were chosen, for they were among the most righteous.

তারা ছিল পছন্দকৃত, কারণ তারা ছিল সর্বাধিক সৎকর্মীদের অন্তর্ভুক্ত।

[38:48] Remember Ismail, Elisha, and Zal-Kifl; among the most righteous.

স্মরণ করো ইসমাইল, ইয়াসা, এবং যুলকিফলকে; সর্বাধিক সৎকর্মীদের মাঝে।

*The Righteous*

সৎকর্মীরা

[38:49] This is a reminder: The righteous have deserved a wonderful destiny.

এটি একটি স্মারক: সৎকর্মীরা এক চমৎকার নিয়তির যোগ্য হয়েছে।

[38:50] The gardens of Eden will open up their gates for them.

ইডেনের বাগানগুলো তাদের জন্য দরজা খুলে দেবে।

[38:51] Relaxing therein, they will be given many kinds of fruits and drinks.

সেখানে আরাম করা অবস্থায়, তাদেরকে নানা রকম ফল এবং পানীয় দেয়া হবে।

[38:52] They will have wonderful spouses.

তাদের থাকবে চমৎকার সঙ্গী।

[38:53] This is what you have deserved on the Day of Reckoning.

এরই যোগ্য তোমরা হয়েছ হিসাবের দিনে।

[38:54] Our provisions are inexhaustible.

আমাদের জীবিকা অফুরন্ত।

*The Disbelievers:*

*Feuding With One Another*

অবিশ্বাসীরা:

একে অন্যের সাথে বিবাদরত

[38:55] As for the transgressors, they have incurred a miserable destiny.

সীমালঙ্ঘনকারীদের ক্ষেত্রে, তারা টেনে এনেছে এক শোচনীয় নিয়তি।

[38:56] Hell is where they burn; what a miserable abode!

নরক হচ্ছে সে জায়গা যেখানে তারা পুড়বে; কি এক শোচনীয় আবাস!

[38:57] What they taste therein will be hellish drinks and bitter food.

সেখানে তারা যা আশ্বাদন করবে তা হবে নারকীয় পানীয় এবং তিক্ত খাদ্য।

[38:58] And much more of the same kind. এবং এই রকমের আরো অনেক কিছু।

[38:59] "This is a group to be thrown into Hell with you." They will not be welcomed (by the residents of Hell). They have deserved to burn in the hellfire.

“এটি একটি দল যাদেরকে তোমাদের সাথে নিক্ষেপ করা হবে।” তারা (নরকের বাসিন্দাদের দ্বারা) সাদরে গৃহীত হবে না। তারা নরকান্নিতে পোড়ার যোগ্য হয়েছে।

[38:60] The newcomers will respond, "Nor are you welcomed. You are the ones who preceded us and misled us. Therefore, suffer this miserable end."

নবাগতরা উত্তর দিবে, “তোমরাও সাদরে গৃহীত নও। তোমরাই তো আমাদের পূর্ববর্তী ছিলে এবং আমাদেরকে পথভ্রষ্ট করেছো। অতএব, এই শোচনীয় সমাপ্তি ভোগ করো।

[38:61] They will also say, "Our Lord, these are the ones who led us into this; double the retribution of hellfire for them."

তারা আরো বলবে, “আমাদের প্রভু, এরাই সে ব্যক্তি যারা আমাদেরকে এর মাঝে পরিচালিত করেছিল; তাদের জন্য নরকান্নির শাস্তি দ্বিগুন করে দিন।”

*Surprise!*

*চমক!*

[38:62] They will say, "How come we do not see (in Hell) people we used to count among the wicked?"

তারা বলবে, “কেমন করে আমরা (নরকে) সে লোকদের দেখছি না যাদেরকে আমরা অন্যায়কারীদের সাথে গুনতাম?”

[38:63] "We used to ridicule them; we used to turn our eyes away from them."

“আমরা তাদেরকে উপহাস করতাম; আমরা তাদের থেকে আমাদের চোখ ফিরিয়ে নিতাম।”

[38:64] This is a predetermined fact: the people of Hell will feud with one another.

এটি একটি পূর্বনির্ধারিত সত্য: নরকের লোকেরা একে অন্যের সাথে বিবাদ করবে।

[38:65] Say, "I warn you; there is no other god beside GOD, the One, the Supreme."

বল, “আমি তোমাদের সতর্ক করি; আল্লাহর পাশে অন্যকোন উপাস্য নেই, একক, সর্বোচ্চ।

[38:66] "The Lord of the heavens and the earth, and everything between them; the Almighty, the Forgiving."

“আকাশমণ্ডলী ও পৃথিবী, এবং এদের মধ্যকার সবকিছুর প্রভু; সর্বশক্তিমান, ক্ষমাকারী।”

[38:67] Say, "Here is awesome news."

[৩৮:৬৭] বল, “এখানে এক মহা সংবাদ আছে।

[38:68] "That you are totally oblivious to."

[৩৮:৬৮] “যাতে তোমরা সম্পূর্ণ অন্যান্স।

[38:69] "I had no knowledge previously, about the feud in the High Society.\*"

[৩৮:৬৯] “উর্ধ্ব সমাজের বিবাদ সম্বন্ধে পূর্বে আমার কোন জ্ঞান ছিল না।”

[38:70] "I am inspired that my sole mission is to deliver the warnings to you."

[৩৮:৭০] “আমি প্রত্যাদেশপ্রাপ্ত যে আমার একমাত্র দায়িত্ব তোমাদের কাছে সতর্কবানী পৌঁছে দেয়া।”

[38:71] Your Lord said to the angels, "I am creating a human being from clay."

[৩৮:৭১] তোমার প্রভু ফেরেশতাদের বললেন, “আমি কাদামাটি থেকে একজন মানুষ সৃষ্টি করছি।

[38:72] "Once I design him, and blow into him from My spirit, you shall fall prostrate before him."

[৩৮:৭২] “আমি তার নকশা করলে, এবং আমার রুহ থেকে তার মধ্যে ফুকে দিলে, তোমরা তার সামনে সেজদাবনত হবে।”

[38:73] The angels fell prostrate, all of them,

[৩৮:৭৩] ফেরেশতারা সেজদায় পড়েছিল, তাদের সকলে,

[38:74] except Satan; he refused, and was too arrogant, unappreciative.

[৩৮:৭৪] শয়তান ছাড়া; সে প্রত্যাখান করছিল, এবং অত্যন্ত ঔদ্ধত, অকৃতজ্ঞ ছিল।

[38:75] He said, "O Satan, what prevented you from prostrating before what I created with My hands? Are you too arrogant? Have you rebelled?"

[৩৮:৭৫] তিনি বললেন, “হে শয়তান, কিসে তোমাকে তার সামনে সেজদা করা থেকে বিরত

রেখেছে যাকে আমি আমার নিজ হাতে সৃষ্টি করেছি? তুমি কি খুব উদ্ধত? তুমি কি বিদ্রোহ করছো?”

[38:76] He said, "I am better than he; You created me from fire, and created him from clay."

[৩৮:৭৬] সে বলল, “আমি তার চেয়ে উত্তম; আপনি আমাকে আগুন থেকে সৃষ্টি করেছেন, এবং তাকে সৃষ্টি করেছেন কাদামাটি থেকে।”

[38:77] He said, "Therefore, you must be exiled, you will be banished.

তিনি বললেন, “এ কারণে, তুমি অবশ্যই নির্বাসিত হবে, তুমি বিতাড়িত হবে।

[38:78] "You have incurred My condemnation until the Day of Judgment."

“তুমি বিচার দিবস পর্যন্ত আমার অভিশাপ টেনে এনেছ।”

[38:79] He said, "My Lord, respite me till the Day of Resurrection."

সে বলল, “আমার প্রভু, পুনরুত্থান দিবস পর্যন্ত আমাকে অবকাশ দিন।”

[38:80] He said, "You are respited.

তিনি বললেন, “তোমাকে অবকাশ দেয়া হল।

[38:81] "Until the appointed day."

“নির্ধারিত দিন পর্যন্ত।”

[38:82] He said, "I swear by Your majesty, that I will send them all astray.

সে বলল, “আমি আপনার রাজকর্তৃত্বের শপথ করছি, যে আমি তাদের সকলকে পথভ্রষ্ট করবো।

[38:83] "Except Your worshipers who are devoted absolutely to You alone.

“আপনার উপাসনাকারীদের ব্যতীত যারা সম্পূর্ণরূপে একমাত্র আপনার প্রতি নিবেদিত।”

[38:84] He said, "This is the truth, and the truth is all that I utter.

তিনি বললেন, “এটাই সত্য, এবং সত্য হল সবই যা আমি বলি।

[38:85] "I will fill Hell with you and all those who follow you.

“আমি তোমাকে এবং যারা তোমার অনুসরণ করে তাদের সবাইকে দিয়ে নরক পূর্ণ করবো।”

[38:86] Say, "I do not ask you for any wage, and I am not an imposter.

বল, “আমি তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাই না, এবং আমি কোন ছদ্মবেশী নই।

[38:87] "This is a reminder for the world.

“এটি বিশ্বের জন্য একটি স্মারক।

[38:88] "And you will certainly find out in awhile."

“এবং তোমরা অবশ্যই অল্প সময়ের মধ্যে বুঝতে পারবে।”

### Sura 39: The Throngs (Al-Zumer)

[39:1] This is a revelation of the scripture, from GOD, the Almighty, the Wise.

৩৯/১ এটি ঐশীগ্রন্থের একটি প্রকাশ  
সর্বশক্তিমান, প্রজ্ঞাময় আল্লাহর পক্ষ থেকে।

[39:2] We sent down to you this scripture, truthfully; you shall worship GOD, devoting your religion to Him alone.

৩৯/২ আমরা তোমার কাছে এই ঐশীগ্রন্থ  
অবতীর্ণ করেছি, সত্য নিষ্ঠার সঙ্গে; তুমি  
আল্লাহর উপাসনা করবে, তোমার ধর্মকে  
একমাত্র তাঁর প্রতি উৎসর্গ করে।

*The Idols as Mediators A Common Myth*

*মধ্যস্থতাকারী হিসেবে শরিক উপাস্যারা- একটি  
প্রচলিত কল্প- কাহিনী*

[39:3] Absolutely, the religion shall be devoted to GOD alone. Those who set up idols beside Him say, "We idolize them only to bring us closer to GOD; for they are in a better position!" GOD will judge them regarding their disputes. GOD does not guide such liars, disbelievers.

৩৯/৩ নিঃসন্দেহে, ধর্ম একমাত্র আল্লাহর জন্য  
উৎসর্গকৃত হবে। যারা তাঁর পাশে শরিক উপাস্য  
স্থাপন করে তারা বলে, "আমাদেরকে আল্লাহর  
নিকটে আনার জন্যই শুধু তাদেরকে আমরা  
শরিক বানাই; কারণ তারা এক উত্তম অবস্থানে  
রয়েছে।" তাদের বিতর্কের বিষয়ে আল্লাহ তাদের  
বিচার করবেন। আল্লাহ এমন  
মিথ্যাবাদী, অবিশ্বাসীদের পথ দেখান না।

[39:4] If GOD wanted to have a son, He could have chosen whomever He willed from among His creations. Be He glorified; He is GOD, the One, the Supreme.

৩৯/৪ যদি আল্লাহ কোণ পুত্র চাইতেন, তিনি  
তাঁর সৃষ্টি থেকে যাকেই চাইতেন পছন্দ করতে  
পারতেন। মহিমা তাঁরই; তিনি আল্লাহ, একক  
স্বত্বা, সর্বোচ্চ।

*The Shape of the Earth\**

*পৃথিবীর আকার*

[39:5] He created the heavens and the earth truthfully. He rolls the night over the day, and rolls the day over the night.\* He committed the sun and the moon, each running for a finite period. Absolutely, He is the Almighty, the Forgiving.

৩৯/৫ তিনি আকাশমণ্ডলী এবং পৃথিবী সৃষ্টি  
করেছেন সত্য নিষ্ঠার সঙ্গে। তিনি রাতকে দিনের

উপর গড়িয়ে দেন, এবং দিনকে রাতের উপর  
গড়িয়ে দেন। তিনি সূর্য এবং চাঁদকে নিয়োজিত  
করেছেন, প্রত্যেকে চলছে একটি সুনির্ধারিত  
মেয়াদের জন্য। নিঃসন্দেহে, তিনি  
সর্বশক্তিমান, ক্ষমাশীল।

Footnote

[39:6] He created you from one person, then created from him his mate. He sent down to you eight kinds of livestock. He creates you in your mothers' bellies, creation after creation, in trimesters of darkness. Such is GOD your Lord. To Him belongs all sovereignty. There is no other god beside Him. How could you deviate?

৩৯/৬ তিনি তোমাদেরকে এক ব্যক্তি থেকে সৃষ্টি  
করেছেন, তারপর তার থেকে সৃষ্টি করেছেন তার  
সঙ্গিনীকে। তিনি তোমাদের প্রতি আট প্রকার  
পশুসম্পদ অবতীর্ণ করেছেন। তিনি তোমাদের  
সৃষ্টি করেন তোমাদের মায়েদের পেটে, সৃষ্টির পর  
সৃষ্টি, তিন ধাপ অন্ধকারের মধ্যে। এমনই আল্লাহ  
তোমাদের প্রভু। তাঁর অধীনেই রয়েছে সকল  
সার্বভৌমত্ব। তাঁর পাশে অন্য কোন উপাস্য নেই।  
কি করে তোমরা পথভ্রষ্ট হতে পার?

*Believe For Your Own Good*

*আপনাদের নিজের ভালোর জন্যই বিশ্বাস করুন*

[39:7] If you disbelieve, GOD does not need anyone. But He dislikes to see His servants make the wrong decision. If you decide to be appreciative, He is pleased for you. No soul bears the sins of any other soul. Ultimately, to your Lord is your return, then He will inform you of everything you had done. He is fully aware of the innermost thoughts.

৩৯/৭ যদি তোমরা অবিশ্বাস কর, আল্লাহর  
কাউকে প্রয়োজন নেই। কিন্তু তিনি তাঁর  
বান্দাদের ভুল সিদ্ধান্ত নেওয়া দেখতে অপছন্দ  
করেন। কোন আত্মা অন্য কোন আত্মার পাপ  
বহন করে না। অবশেষে, তোমাদের প্রভুর  
কাছেই তোমাদের ফিরে যাওয়া, তখন তিনি  
তোমাদের সবকিছু জানাবেন যা তোমরা  
করেছিলে। তিনি গভীরতম চিন্তাগুলো সম্পর্কে  
পুরোপুরি অবগত।

[39:8] When the human being is afflicted, he implores his Lord, sincerely devoted to Him. But as soon as He blesses him, he forgets his previous imploring, sets up idols to rank with GOD and to divert others from His path. Say, "Enjoy your disbelief temporarily; you have incurred the hellfire."

৩৯/৮ যখন মানুষ দূর্দশাগ্রস্থ হয়, সে তার প্রভুর কাছে মিনতি করে, আন্তরিকভাবে তাঁর প্রতি নিবেদিত হয়ে। কিন্তু তিনি তাকে অনুগ্রহ করা মাত্রই, সে তার পূর্বের মিনতি ভুলে যায়, উপাস্য স্থাপন করে আল্লাহর সাথে সমকক্ষ করতে এবং অন্যদেরকে তাঁর পথ থেকে বিচ্যুত করতে। বল, “তোমাদের অবিশ্বাসকে কিছুকাল ভোগ করে নাও; তোমরা টেনে এনেছ নরকাগ্নি।”

[39:9] Is it not better to be one of those who meditate in the night, prostrating and staying up, being aware of the Hereafter, and seeking the mercy of their Lord? Say, "Are those who know equal to those who do not know?" Only those who possess intelligence will take heed. ৩৯/৯ এটা কি উত্তম নয় তাদের একজন হওয়া যারা রাতে ধ্যান করে, সেজদা করে এবং জেগে থাকে, পরকালের বিষয়ে সচেতন হয়ে, এবং তাদের প্রভুর দয়া অন্বেষণ করে? বল, “যারা জানে তারা কি তাদের সমান যারা জানে না? কেবল যারা বুদ্ধিমত্তার অধিকারী তারা ই মনোযোগ দেবে।

[39:10] Say, "O My servants who believed, you shall reverence your Lord." For those who worked righteousness in this world, a good reward. GOD's earth is spacious, and those who steadfastly persevere will receive their recompense generously, without limits. ৩৯/১০ বল, “হে, আমার বান্দারা যারা বিশ্বাস করেছে, তোমরা তোমাদের প্রভুকে ভক্তি করবে।” যারা এই দুনিয়ায় সৎকর্ম করবে তাদের জন্য, এক ভালো পুরস্কার। আল্লাহর পৃথিবী প্রশস্ত, এবং যারা দৃঢ়তার সাথে অধ্যবসায়ী তারা তাদের প্রতিফল উদারভাবে পাবে, অক্ষুরন্ত।

*God ALONE*  
*একমাত্র আল্লাহ*

[39:11] Say, "I have been commanded to worship GOD, devoting the religion absolutely to Him alone.

৩৯/১১ বল, “আমি আদেশপ্রাপ্ত হয়েছি আল্লাহর উপাসনা করতে, ধর্মকে সম্পূর্ণরূপে একমাত্র তাঁর প্রতি উৎসর্গ করে।

[39:12] "And I was commanded to be the utmost submitter."

৩৯/১২ “এবং আমি আদেশপ্রাপ্ত হয়েছিলাম সর্বাধিক আত্মসমর্পণকারী হতে।”

[39:13] Say, "I fear, if I disobeyed my Lord, the retribution of a great day."

৩৯/১৩ বল, “আমি ভয় করি, যদি আমি আমার প্রভুকে অমান্য করি, এক মহা দিনের শাস্তিকে।”

[39:14] Say, "GOD is the only One I worship, devoting my religion absolutely to Him alone.

৩৯/১৪ বল, “আল্লাহই একমাত্র সত্তা যার উপাসনা আমি করি, আমার ধর্মকে সপুরোপুরি একমাত্র তাঁর প্রতি উৎসর্গ করে।

[39:15] "Therefore, worship whatever you wish besides Him." Say, "The real losers are those who lose their souls, and their families, on the Day of Resurrection." Most certainly, this is the real loss.

৩৯/১৫ “অতএব, তাঁর পাশে যা কিছুকে তোমাদের ইচ্ছা উপাসনা করো।” বল, “প্রকৃত ক্ষতিগ্রস্ত তারাই পুনরুত্থান দিনে যারা তাদের আত্মা, এবং তাদের পরিবার হারিয়েছে।” সুনিশ্চিতভাবে, এটাই আসল ক্ষতি।

[39:16] They will have masses of fire on top of them, and under them. GOD thus alerts His servants: O My servants, you shall reverence Me.

৩৯/১৬ তাদের উপরে এবং তাদের নিচে আগুনের পিণ্ড থাকবে। আল্লাহ এভাবে তাঁর বান্দাদের সতর্ক করেনঃ হে আমার বান্দারা, তোমরা আমাকে ভক্তি করবে।

[39:17] As for those who discard the worship of all idols, and devote themselves totally to GOD alone, they have deserved happiness. Give good news to My servants.

৩৯/১৭ তাদের ক্ষেত্রে যারা সকল উপাস্যের উপাসনা পরিত্যাগ করে, এবং নিজেদেরকে পুরোপুরি একমাত্র আল্লাহর প্রতি উৎসর্গ করে, তারা সুখ পাওয়ার উপযুক্ত হয়েছে। আমার বান্দাদের সুসংবাদ দাও।

*Follow the Word of God*  
*আল্লাহর বানী অনুসরণ করুন*

[39:18] They are the ones who examine all words, then follow the best. These are the ones whom GOD has guided; these are the ones who possess intelligence.

৩৯/১৮ তারা হল সেই ব্যক্তি যারা সকল বানী পরীক্ষা করে, তারপর সর্বোৎকৃষ্টটি অনুসরণ করে। এরাই সে ব্যক্তি যাদেরকে আল্লাহ পথ-প্রদর্শন করেছেন; এরাই সে ব্যক্তি যারা বুদ্ধিমত্তার অধিকারী।

[39:19] With regard to those who have deserved the retribution, can you save those who are already in Hell?

৩৯/১৯ তাদের সম্পর্কে যারা শাস্তির উপযুক্ত হয়েছে, তুমি কি তাদের রক্ষা করতে পার যারা ইতোমধ্যেই নরকে রয়েছে?

*The Righteous*  
*সৎকর্মীগণ*

[39:20] As for those who reverence their Lord, they will have mansions upon mansions constructed for them, with flowing streams. This is GOD's promise, and GOD never breaks His promise.

৩৯/২০ তাদের ক্ষেত্রে যারা তাদের প্রভুকে ভক্তি-শ্রদ্ধা করে, তাদের জন্য প্রাসাদের উপর প্রাসাদ নির্মিত থাকবে, প্রবাহিত ঝর্ণাসহ। এটা আল্লাহর অঙ্গীকার, এবং আল্লাহ কখনো তাঁর অঙ্গীকার ভঙ্গ করেন না।

[39:21] Do you not see that GOD sends down from the sky water, then places it into underground wells, then produces with it plants of various colors, then they grow until they turn yellow, then He turns them into hay? This should be a reminder for those who possess intelligence.

৩৯/২১ তুমি কি দেখ না যে আল্লাহ আকাশ থেকে পানি বর্ষণ করেন, তারপর একে ভূগর্ভস্থ কূপে রাখেন, এরপর তা দ্বারা উৎপাদন করেন বিভিন্ন রঙের গাছপালা, এরপর তারা বাড়তে থাকে হলুদ হয়ে যাওয়া পর্যন্ত, এরপর তিনি তাদেরকে খড়কুটো করে দেন? এটি তাদের জন্য একটি স্মরণের মাধ্যম হওয়া উচিত যাদের বুদ্ধিমত্তা আছে।

[39:22] If GOD renders one's heart content with Submission, he will be following a light from his Lord. Therefore, woe to those whose hearts are hardened against GOD's message; they have gone far astray.

৩৯/২২ যদি আল্লাহ কারো হৃদয়কে আত্মসমর্পনে সন্তুষ্ট রাখেন, সে অনুসরণ করতে থাকবে তার প্রভুর পক্ষ থেকে একটি আলো। অতএব, তাদের জন্য দুর্ভাগ্য যাদের হৃদয় আল্লাহর বার্তার বিপক্ষে কঠিন; তারা বহুদূরে পথভ্রষ্ট।

*The Best Hadith*  
*সর্বোৎকৃষ্ট হাদিস*

[39:23] GOD has revealed herein the best Hadith; a book that is consistent, and points out both ways (to Heaven and Hell). The skins of those who reverence their Lord cringe therefrom, then their skins and their hearts soften up for GOD's message. Such is GOD's

guidance; He bestows it upon whomever He wills. As for those sent astray by GOD, nothing can guide them.

৩৯/২৩ আল্লাহ এর মধ্যে প্রকাশ করেছেন সর্বোৎকৃষ্ট হাদিস; একটি গ্রন্থ যা সামঞ্জস্যপূর্ণ, এবং নির্দেশ করে উভয় পথ (স্বর্গ ও নরক)। যারা তাদের প্রভুকে ভক্তি-শ্রদ্ধা করে তাদের চামড়া তা থেকে শিহরিত হয়, এরপর তাদের চামড়া এবং তাদের হৃদয় আল্লাহর বার্তার জন্য নরম হয়। এমনই আল্লাহর পথনির্দেশনা। যার উপর ইচ্ছা তিনি তা অর্পণ করেন। তাদের ক্ষেত্রে যারা আল্লাহ দ্বারা পথভ্রষ্ট, কোনকিছুই তাদের পথ-প্রদর্শন করতে পারে না।

[39:24] What is better than saving one's face from the terrible retribution on the Day of Resurrection? The transgressors will be told, "Taste the consequences of what you earned."

৩৯/২৪ পুনরুত্থান দিনে কারো মুখমন্ডলকে ভয়ঙ্কর শাস্তি থেকে রক্ষা করার থেকে উত্তম আর কি? সীমালঙ্ঘনকারীদের বলা হবে, "তোমরা যা অর্জন করেছ তার পরিণাম আন্বাদন করো।

[39:25] Others before them have disbelieved and, consequently, the retribution afflicted them whence they never expected.

৩৯/২৫ তাদের পূর্বে অন্যরা অবিশ্বাস করেছে এবং, ফলস্বরূপ, শাস্তি তাদের দুর্দশাগ্রস্থ করেছে যেখান থেকে তারা কখনো আশাই করেনি।

[39:26] GOD has condemned them to humiliation in this life, and the retribution in the Hereafter will be far worse, if they only knew.

৩৯/২৬ আল্লাহ তাদের অভিশপ্ত করেছেন এই জীবনে অপমানিত করে, এবং পরকালের শাস্তি হবে আরো অধিকতর মন্দ, যদি শুধু তারা জানতো।

*Quran: No Ambiguity*

*কুরআনঃ নেই কোন অস্পষ্টতা*

[39:27] We have cited for the people every kind of example in this Quran, that they may take heed.

৩৯/২৭ আমরা লোকদের জন্য এই কোরআনে সকল প্রকার উদাহরণ উদ্ধৃত করেছি, যাতে তারা সতর্ক হতে পারে।

[39:28] An Arabic Quran, without any ambiguity, that they may be righteous.

৩৯/২৮ একটি আরবি কোরআন, কোন অস্পষ্টতা ছাড়াই, যাতে তারা সৎ কর্মী হতে

পারে।

[39:29] GOD cites the example of a man who deals with disputing partners (*Hadith*), compared to a man who deals with only one consistent source (*Quran*). Are they the same? Praise be to GOD; most of them do not know. ৩৯/২৯ আল্লাহ এক লোকের উদাহরণ দেন যে বিরোধপূর্ণ অংশীদারদের (*হাদিস*) সাথে কারবার করে, সে লোকের তুলনায় যে কারবার করে শুধু একটি সামঞ্জস্যপূর্ণ উৎসের (*কোরআনের*) সাথে। তারা কি একই রকম? প্রশংসা আল্লাহর; তাদের বেশিরভাগই জানে না।

*Hadith: A Gross Blasphemy*

*হাদিসঃ এক মহা মিথ্যা অপবাদ/ আল্লাহ নিন্দা/ মিথ্যাচার*

[39:30] You (*Muhammad*) will surely die, just like they will die.

৩৯/৩০ তুমি (*মোহাম্মদ*) অবশ্যই মারা যাবে, ঠিক যেমন তারা মারা যাবে।

[39:31] On the Day of Resurrection, before your Lord, you people will feud with one another.

৩৯/৩১ পুনরুত্থানের দিনে, তোমাদের প্রভুর সামনে, তোমরা পরস্পর বিবাদ করবে।

[39:32] Who is more evil than one who attributes lies to GOD, while disbelieving in the truth that has come to him? Is Hell not a just requital for the disbelievers?

৩৯/৩২ তার থেকে অধিক মন্দ আর কে যে আল্লাহর প্রতি মিথ্যা আরোপ করে, এবং অবিশ্বাস করে সে সত্যে যা তার কাছে এসেছে? নরক কি অবিশ্বাসীদের জন্য সঠিক প্রতিফল নয়?

*Quran: Absolute Truth*

*কোরআনঃ নিশ্চিত সত্য*

[39:33] As for those who promote the truth, and believe therein, they are the righteous.

৩৯/৩৩ তাদের ক্ষেত্রে যারা সত্যকে প্রচার করে/ তুলে ধরে, এবং তাতে বিশ্বাস করে, তাহাই হল সৎ- কর্মী।

[39:34] They will get everything they wish, at their Lord. Such is the reward for the righteous.

৩৯/৩৪ তারা যা আকাঙ্ক্ষা করবে সবকিছুই পাবে, তাদের প্রভুর কাছে। সৎ- কর্মীদের জন্য

এটাই পুরস্কার।

[39:35] GOD remits their sinful works, and rewards them generously for their good works. ৩৯/৩৫ আল্লাহ তাদের পাপপূর্ণ কাজগুলোকে মোচন করে দেন, এবং তাদের ভালো কাজের জন্য তাদেরকে উদারভাবে পুরস্কৃত করেন।

*Profound Question*

*গভীর প্রশ্ন*

[39:36] Is GOD not sufficient for His servant? They frighten you with the idols they set up beside Him. Whomever GOD sends astray, nothing can guide him.

৩৯/৩৬ আল্লাহ কি তাঁর বান্দার জন্য যথেষ্ট নয়? তারা তোমাকে ভয় দেখায় আল্লাহর পাশে তাদের স্থাপন করা উপাস্যদের দিয়ে। যাকে আল্লাহ পথভ্রষ্ট করেন, কোনকিছুই তাকে পথ প্রদর্শন করতে পারে না।

[39:37] And whomever GOD guides, nothing can send him astray. Is GOD not Almighty, Avenger?

৩৯/৩৭ এবং যাকে আল্লাহ পথ প্রদর্শন করেন, কোনকিছুই তাকে পথভ্রষ্ট করতে পারে না। আল্লাহ কি সর্বশক্তিমান, প্রতিশোধগ্রহণকারী নন?

*They Believe in God Yet, They Are Going to Hell*

*তারা আল্লাহয় বিশ্বাস করে তবুও, তারা নরকে যাচ্ছে*

[39:38] If you ask them, "Who created the heavens and the earth?" they will say, "GOD." Say, "Why then do you set up idols beside GOD? If GOD willed any adversity for me, can they relieve such an adversity? And if He willed a blessing for me, can they prevent such a blessing?" Say, "GOD is sufficient for me." In Him the trusters shall trust.

৩৯/৩৮ যদি তুমি তাদের জিজ্ঞাসা করো, “কে আকাশমন্ডলী এবং পৃথিবী সৃষ্টি করেছে?” তারা বলবে, “আল্লাহ।” বল, “কেন তবে তোমরা আল্লাহর পাশে উপাস্যদের স্থাপন করো? যদি আল্লাহ আমার জন্য কোন দুর্দশা চান, তারা কি এমন দুর্দশা লাঘব করতে পারে? এবং তিনি যদি আমার জন্য কল্যান চান, তারা কি এমন কল্যান আটকাতে পারে?” বল, “আল্লাহ আমার জন্য যথেষ্ট।” তাঁরই প্রতি আস্থাশীলদের আস্থা রাখা উচিত।

[39:39] Say, "O my people, do your best and I will do my best; you will surely find out.

৩৯/৩৯ বল, “হে আমার লোকেরা, তোমাদের সর্বোত্তমটি করো আর আমি আমার সর্বোত্তমটি করবো; তোমরা অবশ্যই দেখতে পাবে।

[39:40] "(You will find out) who has incurred shameful punishment, and has deserved an eternal retribution."

৩৯/৪০ “(তোমরা দেখতে পাবে)কে টেনে এনেছে নিজের লজ্জাজনক শাস্তি, এবং যোগ্য হয়েছে এক চিরস্থায়ী শাস্তির।”

[39:41] We have revealed the scripture through you for the people, truthfully. Then, whoever is guided is guided for his own good, and whoever goes astray goes astray to his own detriment. You are not their advocate.

৩৯/৪১ আমরা তোমার মাধ্যমে মানুষের জন্য ঐশী-গ্রন্থ প্রকাশ করেছি, সত্যসহকারে। অতপর, যেকেউ পথপ্রাপ্ত হয় সে তার নিজের ভালোর জন্যই পথপ্রাপ্ত হয়, এবং যেকেউ বিপথে যায় সে বিপথে যেয়ে তার নিজেরই ক্ষতি করে। তুমি তাদের উকিল নও।

[39:42] GOD puts the souls to death when the end of their life comes, and also at the time of sleep. Thus, He takes some back during their sleep, while others are allowed to continue living until the end of their predetermined interim. This should provide lessons for people who reflect.

৩৯/৪২ ঈশ্বর আত্মাদের মৃত্যু দেন যখন তাদের জীবনের শেষ হয়, এবং ঘুমের সময় ও। এভাবে, তিনি কতককে ফিরিয়ে নেন তাদের ঘুমের মধ্যে, এবং অন্যরা জীবিত থাকার অনুমতি পায় তাদের পূর্ব নির্ধারিত সময় কালের শেষ পর্যন্ত। এটা সেসব লোকদের জন্য শিক্ষা হওয়া উচিত যারা ভেবে দেখে।

The Myth of Intercession

সুপারিশের কাল্পনিক গল্প

[39:43] Have they invented intercessors to mediate between them and GOD? Say, "What

if they do not possess any power, nor understanding?"

৩৯/৪৩ তারা কি তাদের এবং ঈশ্বরের মঝে মধ্যস্থতা করার জন্য সুপারিশকারী উদ্ভাবন করেছে? বল, “যদি এমন হয় যে তাদের কোন ক্ষমতা বা বোধশক্তি নেই?”

[39:44] Say, "All intercession belongs to GOD." To Him belongs all sovereignty of the heavens and the earth, then to Him you will be returned.

৩৯/৪৪ বল, “সকল সুপারিশ ঈশ্বরের অধীনে।” তাঁর অধীনেই রয়েছে আকাশ মণ্ডলী এবং পৃথিবীর সকল সার্বভৌমত্ব, এরপর তাঁর কাছেই তোমারা ফিরে যাবে।

The Greatest Criterion\*

শ্রেষ্ঠতম মানদণ্ড

[39:45] When GOD ALONE is mentioned, the hearts of those who do not believe in the Hereafter shrink with aversion. But when others are mentioned beside Him, they become satisfied.\*

৩৯/৪৫ যখন শুধু মাত্র ঈশ্বরকে উল্লেখ করা হয়, যারা পরকালে বিশ্বাস করে না তাদের হৃদয় বিমুখতায় সঙ্কুচিত হয়ে যায়। কিন্তু যখন তাঁর পাশে অন্যদের উল্লেখ করা হয়, তখন তারা সন্তুষ্ট হয়।

Footnote

[39:46] Proclaim: "Our god, Initiator of the heavens and the earth, Knower of all secrets and declarations, You are the only One who judges among Your servants regarding their disputes."

৩৯/৪৬ ঘোষণা করঃ “আমাদের উপাস্য, আকাশমণ্ডলী ও পৃথিবীর সূচনাকারী, সকল গোপন এবং প্রকাশ্য বিষয়ের জ্ঞাতা, আপনিই একমাত্র সত্তা যিনি তাঁর বান্দাদের মধ্যে বিচার করবেন তাঁদের বিবাদের বিষয়ে।”

[39:47] If those who transgressed owned everything on earth, even twice as much, they would readily give it up to avoid the terrible



retribution on the Day of Resurrection. They will be shown by GOD what they never expected.

৩৯/ ৪৭ যারা সীমালঙ্ঘন করেছে তারা যদি পৃথিবীর সবকিছুর মালিক হয়, এমনকি এর দিগুন পরিমাণের, তারা তৎক্ষণাৎ তা দিয়ে দিবে পুনরুত্থান দিনের ভয়ানক শাস্তি এড়াতে। ঈশ্বর কর্তৃক তাদেরকে দেখানো হবে যা তারা কখনই আশা করেনি।

[39:48] The sinful works they had earned will be shown to them, and the very things they used to mock will come back to haunt them.

৩৯/ ৪৮ তাদেরকে পাপপূর্ণ কাজগুলো দেখানো হবে যা তারা অর্জন করেছিলো, এবং যে জিনিসকে তারা উপহাস করতো সেগুলোই তাদেরকে হানা দিতে ফিরে আসবে।

Human Fickleness

মানুষের চপলতা

[39:49] If the human is touched by adversity, he implores us, but as soon as we bestow a blessing upon him, he says, "I attained this because of my cleverness!" Indeed, this is only a test, but most of them do not know.

৩৯/ ৪৯ যদি মানুষকে দুর্দশা স্পর্শ করে, সে আমাদের কাছে মিনতি করে, কিন্তু আমরা তার প্রতি কোন অনুগ্রহ দান করা মাত্রই, সে বলে, “আমি এটা পেয়েছি আমার চতুরতার কারনে!” নিশ্চয়, এটি কেবলমাত্র একটি পরীক্ষা, কিন্তু তাদের বেশির ভাগই জানে না।

[39:50] Those before them have uttered the same thing, and their earnings did not help them in the least.

৩৯/ ৫০ তাদের পূর্বে যারা ছিল তারাও একই রকম বলেছে, এবং তাদের উপার্জন তাদেরকে সমান্যতম সাহায্যও করেনি।

[39:51] They suffered the consequences of their evil works. Similarly, the transgressors

among the present generation will suffer the consequences of their evil works; they cannot escape.

৩৯/ ৫১ তারা ভোগ করেছিলো তাদের মন্দ কাজের পরিণতি। একইভাবে, বর্তমান প্রজন্মদের মধ্যে সীমালঙ্ঘনকারীরা ভোগ করবে তাদের মন্দ কাজের পরিণতি; তারা পালাতে পারবে না।

[39:52] Do they not realize that GOD is the One who increases the provision for whomever He chooses, and withholds? These are lessons for people who believe.

৩৯/ ৫২ তারা কি উপলব্ধি করে না যে ঈশ্বরই সে সত্তা যিনি যার জন্য পছন্দ করেন জীবিকা বৃদ্ধি করে দেন, আর আটকাইয়া রাখেন? এগুলো লোকদের জন্য শিক্ষা যারা বিশ্বাস করে।

God's Infinite Mercy

ঈশ্বরের অসীম দয়া

[39:53] Proclaim: "O My servants who exceeded the limits, never despair of GOD's mercy. For GOD forgives all sins. He is the Forgiver, Most Merciful."

৩৯/ ৫৩ ঘোষণা করঃ “হে আমার বান্দারা যারা সীমাতিক্রম করেছ, ঈশ্বরের দয়া থেকে কখনো হতাশ হইয়ো না। কারন ঈশ্বর সকল পাপ ক্ষমা করেন। তিনি ক্ষমাকারী, সবচেয়ে দয়ালু।”

[39:54] You shall obey your Lord, and submit to Him totally, before the retribution overtakes you, then you cannot be helped.

৩৯/ ৫৪ তোমরা তোমাদের প্রভুকে মান্য করবে, এবং তাঁর কাছে পরিপূর্ণ আত্মসমর্পণ করবে, শাস্তি তোমাদের কাছে আসার আগেই, তখন তোমরা সাহায্য প্রাপ্ত হবে না।

[39:55] And follow the best path that is pointed out for you by your Lord, before the retribution overtakes you suddenly when you least expect it.

৩৯/ ৫৫ এবং সর্বোত্তম পথ অনুসরণ করো  
যা তোমাদের জন্য নির্দেশ করা হয়েছে  
তোমাদের প্রভুর পক্ষ থেকে, শান্তি তোমাদের  
কাছে হঠাৎ আসার আগেই যখন তোমরা  
সামান্যই তা আশা করো।

## Sura 40: Forgiver (Ghāfer)

সূরা ৪০, ক্ষমাশীল (গফের)

[40:0] In the name of God, Most Gracious, Most Merciful  
সবচেয়ে করুণাময়, সবচেয়ে দয়ালু আল্লাহর নামে।

[40:1] H. M.\*

\*40:1 The initials "Hā Mīm" occur in Suras 40-46. The total frequency of occurrence of the letters "Hā" and "Mīm" in the seven suras is 2147, or 19x113 (Appendix 1).

হ ম

[40:2] This revelation of the scripture is from GOD, the Almighty, the Omniscient.  
ঐশীগ্রহের এই প্রকাশনাবলি সর্বশক্তিমান, সর্বজ্ঞ আল্লাহর পক্ষ থেকে।

[40:3] Forgiver of sins, acceptor of repentance, strict in enforcing retribution, and possessor of all power. There is no other god beside Him. To Him is the ultimate destiny.

পাপসমূহ ক্ষমাকারী, অনুশোচনা গ্রহনকারী, শাস্তি প্রয়োগে কঠোর এবং সকল ক্ষমতার মালিক। তাঁর পাশে অন্য কোন উপাস্য নেই। তাঁর কাছেই চূড়ান্ত নিয়তি।

[40:4] None argues against GOD's revelations except those who disbelieve. Do not be impressed by their apparent success.

তারা ব্যতীত কেউ আল্লাহর প্রকাশনাবলির বিরুদ্ধে তর্ক করে না যারা অবিশ্বাস করে। তাদের আপাত সফলতায় অভিভূত হইও না।

[40:5] Disbelieving before them were the people of Noah, and many other opponents after them. Every community persecuted their messenger to neutralize him. And they argued with falsehood, to defeat the truth. Consequently, I punished them; how terrible was My retribution!

তাদের আগে নূহের লোকেরা অবিশ্বাসী ছিল, আর তাদের পরে ছিল অন্য অনেক বিরোধী। প্রত্যেক সম্প্রদায় তাদের বার্তাবাহককে কষ্ট দিতো তাকে নিষ্ক্রিয় করতে। আর তারা মিথ্যা দিয়ে তর্ক করতো, সত্যকে পরাজিত করতে। পরিনামে, আমি তাদেরকে শাস্তি দিয়েছিলাম; কত ভয়াবহ ছিল আমার শাস্তি!

[40:6] Thus, the judgment of your Lord is already stamped upon those who disbelieve, that they are the dwellers of Hell.

সুতরাং, যারা অবিশ্বাস করে তাদের উপর তোমার প্রভুর রায় ইতিমধ্যেই এটে দেয়া আছে, যে তারা নরকের বাসিন্দা।

Angels  
Pray for the Believers

ফেরেশতারা

বিশ্বাসীদের জন্য প্রার্থনা করে

[40:7] Those who serve the throne and all those around it glorify and praise their Lord, and believe in Him. And they ask forgiveness for those who believe: "Our Lord, Your mercy and Your knowledge encompass all things. Forgive those who repent and follow Your path, and spare them the retribution of Hell.

যারা রাজদরবারের কাছে নিয়োজিত এবং যারা এর আশেপাশে আছে তারা সবাই তাদের প্রভুর মহিমা ঘোষণা করে এবং গুণকীর্তন করে, এবং তাঁর প্রতি বিশ্বাস রাখে। আর তারা তাদের জন্য ক্ষমা প্রার্থনা করে যারা বিশ্বাস করে: "আমাদের প্রভু, আপনার ক্ষমা এবং আপনার জ্ঞান সবকিছু পরিবেষ্টন করে। তাদেরকে ক্ষমা করুন যারা অনুশোচনা করে এবং আপনার পথ অনুসরণ করে, এবং তাদেরকে নরকের শাস্তি থেকে নিষ্কৃতি দিন"।

[40:8] "Our Lord, and admit them into the gardens of Eden that You promised for them and for the righteous among their parents, spouses, and children. You are the Almighty, Most Wise. "

"আমাদের প্রভু, এবং তাদেরকে ইডেন বাগানগুলোয় প্রবেশ করান যার প্রতিশ্রুতি আপনি দিয়েছেন তাদের জন্য এবং তাদের পিতা-মাতা, স্বামী-স্ত্রী, ও সন্তানদের মধ্যে সৎকর্মশীলদের জন্য। আপনি সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী।

[40:9] "And protect them from falling in sin. Whomever You protect from falling in sin, on that day, has attained mercy from You. This is the greatest triumph. "

"এবং তাদেরকে পাপে পতিত হওয়া থেকে রক্ষা করুন। যাকে আপনি পাপে পতিত হওয়া থেকে রক্ষা করেন, ঐদিন, সে আপনার দয়া পেয়েছে। এটাই সর্বশ্রেষ্ঠ বিজয়"।

[40:10] Those who disbelieve will be told, "GOD's abhorrence towards you is even worse than your own abhorrence towards yourselves. For you were invited to believe, but you chose to disbelieve.

যারা অবিশ্বাস করে তাদেরকে বলা হবে, "এমনকি তোমাদের নিজেদের প্রতি তোমাদের

ঘৃনার চেয়ে তোমাদের প্রতি আল্লাহর ঘৃনা নিকৃষ্টতম। কারন তোমাদেরকে বিশ্বাস করতে আমন্ত্রণ করা হয়েছিল, কিন্তু তোমরা অবিশ্বাস করা পছন্দ করেছিলে।

*God ALONE: The Disbelievers Suffer Two Deaths\**

একমাত্র আল্লাহ: অবিশ্বাসীরা দুই মৃত্যু ভোগ করে\*

[40:11] They will say, "Our Lord, you have put us to death twice,\* and You gave us two lives; now we have confessed our sins. Is there any way out?"

তারা বলবে, "আমাদের প্রভু, আপনি আমাদের দুই মৃত্যু দিয়েছেন," এবং আপনি আমাদের দুই জীবন দিয়েছেন; এখন আমরা আমাদের পাপ স্বীকার করেছি। আছে কি কোন উপায় ?

\*40:11-12 The disbelievers go through two deaths, while the righteous believers do not taste death, beyond the death we already experienced (44:56). Please see Appendix 17. The reason for going to Hell is obvious; even those who believe in God associate others with Him (see 39:45).

*God ALONE: Note the Reason*

একমাত্র আল্লাহ: কারণটি লক্ষ্য করুন

[40:12] This is because when GOD ALONE was advocated, you disbelieved, but when others were mentioned beside Him, you believed. Therefore, GOD's judgment has been issued; He is the Most High, the Great.

এটা এ কারণে যে যখন একমাত্র আল্লাহর কথা বলা হতো তোমরা তখন অবিশ্বাস করতে, কিন্তু যখন তাঁর সাথে অন্যদের উল্লেখ করা হতো, তোমরা বিশ্বাস করতে। অতএব, আল্লাহর রায় হয়ে গেছে; তিনি সবচেয়ে উর্ধ্ব, মহান।

[40:13] He is the One who continuously shows you His proofs, and sends down to you from the sky provisions. Only those who totally submit will be able to take heed.

তিনিই সে সত্ত্বা যিনি অনবরত তোমাদেরকে তাঁর প্রমানাদি দেখান, এবং আকাশ থেকে তোমাদের কাছে জীবিকা পাঠান। যারা পুরোপুরি আত্মসমর্পণ করে তারাই কেবল মনোযোগ দিতে পারে।

[40:14] Therefore, you shall devote your worship absolutely to GOD ALONE, even if the disbelievers dislike it.

অতএব, তোমরা তোমাদের উপাসনা পুরোপুরিভাবে একমাত্র আল্লাহর প্রতি নিবেদন

করবে, এমনকি যদিও অবিশ্বাসীরা তা অপছন্দ করে।

[40:15] Possessor of the highest ranks, and Ruler of the whole dominion. He sends inspiration, bearing His commands, to whomever He chooses from among His servants, to warn about the Day of Summoning.

সর্বোচ্চ পদমর্যাদাসমূহের মালিক, এবং সমস্ত রাজত্বের শাসক। তিনি অনুপ্রেরণা পাঠান, তাঁর প্রত্যাদেশ দিয়ে, তাঁর বান্দাদের মধ্যে থেকে যার কাছেই তিনি পছন্দ করেন, তলবের দিন সম্পর্কে সতর্ক করতে।

[40:16] That is the day when everyone will be completely exposed; none of them will hide anything from GOD. To whom belongs all sovereignty on that day? To GOD, the One, the Supreme.

এটা সে দিন যখন সকলে পুরোপুরি প্রকাশিত হবে; তাদের কেউ আল্লাহ থেকে কোন কিছু লুকাবে না। ঐদিনের সকল সার্বভৌমত্ব কার অধীনে? আল্লাহর, একক, সর্বোচ্চ।

*Prepare for the Big Day*

প্রস্তুত হোন গুরুত্বপূর্ণ দিনটির জন্য

[40:17] On that day, every soul will be requited for whatever it had earned. There will be no injustice on that day. GOD is most efficient in reckoning.

ঐদিন, প্রত্যেক আত্মা তার জন্য প্রতিদান পাবে যাকিছুই সে অর্জন করেছে। সেদিন কোন অবিচার থাকবে না। আল্লাহ হিসাব গ্রহণে দক্ষ।

*No Intercession*

কোন সুপারিশ নেই

[40:18] Warn them about the imminent day, when the hearts will be terrified, and many will be remorseful. The transgressors will have no friend nor an intercessor to be obeyed.

তাদেরকে আসন্ন দিন সম্পর্কে সতর্ক করো, যখন হৃদয়গুলো আতংকিত হবে, এবং অনেকে হবে অনুতপ্ত। সীমালঙ্ঘনকারীদের কোন বন্ধু থাকবে না, না থাকবে কোন অনুগত সুপারিশকারী।

[40:19] He is fully aware of what the eyes cannot see, and everything that the minds conceal.

তিনি সম্পূর্ণ অবগত চোখ যা দেখে না, এবং সবকিছু সম্পর্কে যা মন গোপন করে।

[40:20] GOD judges equitably, while the idols they implore beside Him cannot judge anything. GOD is the One who is the Hearer, the Seer.

আল্লাহ ন্যায়সঙ্গতভাবে বিচার করেন, যখন তাঁর পাশে তারা যে উপাস্যদের কাছে মিনতি করে, তারা কোনকিছু বিচার করতে পারে না। আল্লাহ সে সত্তা যিনি শুনে, দেখেন।

[40:21] Did they not roam the earth and note the consequences for those before them? They used to be stronger than they, and more productive on earth. But GOD punished them for their sins, and nothing could protect them from GOD.

তারা কি পৃথিবীতে ঘুড়ে দেখেনি এবং তাদের পূর্ববর্তীদের পরিনতি লক্ষ্য করেনি? পৃথিবীতে তারা তাদের চেয়ে শক্তিশালী, এবং অধিক উৎপাদনশীল ছিল। কিন্তু আল্লাহ তাদের পাপসমূহের জন্য তাদেরকে শাস্তি দিয়েছিলেন, এবং কিছুই তাদেরকে আল্লাহ থেকে রক্ষা করতে পারেনি।

[40:22] That is because their messengers went to them with clear proofs, but they disbelieved. Consequently, GOD punished them. He is Mighty, strict in enforcing retribution.

এটা এ কারণে যে তাদের বার্তাবাহকরা তাদের কাছে স্পষ্ট প্রমাণাদি নিয়ে গিয়েছিল, কিন্তু তারা অশ্রদ্ধা করেছিল। পরিনামে, আল্লাহ তাদের শাস্তি দিয়েছিলেন। তিনি শক্তিমান, শাস্তি প্রদানে কঠোর।

*Moses*  
*মূসা*

[40:23] We sent Moses with our signs and a profound authority.

আমরা মূসাকে আমাদের নিদর্শনাবলী এবং অসমান্য কর্তৃত্ব দিয়ে পাঠিয়েছিলাম।

[40:24] To Pharaoh, Hāmān, and Qāroon. But they said, "A magician; a liar."

ফেরাউন, হামান, এবং কারুনের কাছে। কিন্তু তারা বলেছিল, "একজন যাদুকর; মিথ্যুক।"

[40:25] And when he showed them the truth from us, they said, "Kill the sons of those who believed with him, and spare their daughters." Thus, the scheming of the disbelievers is always wicked.

যখন সে তাদেরকে আমাদের পক্ষ থেকে সত্য দেখালো, তারা বলেছিল, "তার সাথে যারা বিশ্বাস করেছে তাদের পুত্রদের হত্যা করো,

এবং কন্যাদের রেহাই দাও।" এভাবে, অশ্রদ্ধাসীদের চক্রান্ত সবসময় অন্যায়ে।

[40:26] Pharaoh said, "Let me kill Moses, and let him implore his Lord. I worry lest he corrupts your religion, or spreads evil throughout the land."

ফেরাউন বলেছিল, "চল মূসাকে আমি হত্যা করি, এবং তার প্রভুর কাছে তাকে মিনতি করতে দাও। আমার ভয় হয় পাছে সে তোমাদের ধর্মকে কলুষিত করে ফেলে, অথবা স্থলভাগ জুড়ে মন্দ ছড়ায়।

[40:27] Moses said, "I seek refuge in my Lord and your Lord, from every arrogant one who does not believe in the Day of Reckoning."

মূসা বলেছিল, "আমি আমার প্রভু এবং তোমাদের প্রভুর কাছে আশ্রয় প্রার্থনা করছি, প্রত্যেক উদ্ধত ব্যক্তি থেকে যে হিসাবগ্রহণের দিনে বিশ্বাস করে না।

[40:28] A believing man among Pharaoh's people, who was concealing his belief, said, "How can you kill a man just for saying, 'My Lord is GOD,' and he has shown you clear proofs from your Lord? If he is a liar, that is his problem, and if he is truthful, you benefit from his promises. Surely, GOD does not guide any transgressor, liar.

ফেরাউনের লোকদের মধ্যে একজন বিশ্বাসী লোক, যে তার সত্য গোপন করেছিল, বলেছিল, "কেমন করে তুমি একজন মানুষকে হত্যা করবে শুধুমাত্র বলার জন্য, "আমার প্রভু আল্লাহ, এবং সে তোমার প্রভুর পক্ষ থেকে তোমাকে পরিষ্কার প্রমাণ দেখিয়েছে? যদি সে মিথ্যাবাদী হয়, সেটা তার সমস্যা এবং যদি সে সত্যবাদী হয়, তুমি তার প্রতিশ্রুতি থেকে উপকৃত হও। নিশ্চয়, আল্লাহ সীমালঙ্ঘনকারী, মিথ্যাবাদীদের পথপ্রদর্শন করেন না।

[40:30] The one who believed said, "O my people, I fear for you the same fate as the previous opponents.

যে বিশ্বাস করেছিল সে বলল, "হে আমার লোকেরা, আমি ভয় করি যে পূর্ববর্তী বিরোধীদের মত তোমাদেরও একই পরিণতি হয়।

[40:31] "The opponents of Noah, and 'Ād, Thamūd, and others who came after them. GOD does not wish any injustice for the people.

নূহ, এবং আদম, সামূদ, এবং অন্যদের বিরোধীরা যারা তাদের পরে এসেছিল। আল্লাহ মানুষের জন্য কোন অবিচার চান না।

[40:32] "O my people, I fear for you the Day of Summoning. "

"হে আমার লোকেরা, আমি তোমাদের জন্য ভয় করি তলবের দিনের।"

[40:33] "That is the day when you may wish to turn around and flee. But nothing will protect you then from GOD. Whomever GOD sends astray, nothing can guide him."

এটা সেই দিন, যখন তোমরা ঘুড়ে দাড়াতে এবং পালাবার ইচ্ছা করতে পার। কিন্তু কোন কিছুই তখন তোমাদেরকে আল্লাহ থেকে রক্ষা করতে পারবে না। যাকেই আল্লাহ পথভ্রষ্ট করেন, কোনকিছুই তাকে পথ দেখাতে পারে না।

*Who is the Last Messenger? \* A Tragic Human Trait*

*শেষ বার্তাবাহক কে? \* একটি দুঃখজনক মানবিক বৈশিষ্ট্য*

[40:34] Joseph had come to you before that with clear revelations, but you continued to doubt his message. Then, when he died you said, "GOD will not send any other messenger after him. (He was the last messenger)!"\* GOD thus sends astray those who are transgressors, doubtful.

এর আগে ইউসুফ তোমাদের কাছে এসেছিল স্পষ্ট প্রকাশনাবলী নিয়ে, কিন্তু তোমরা তার বার্তায় সন্দেহ করে যাচ্ছিলে। তারপর সে যখন মারা গেল তোমরা বলেছো, "আল্লাহ তার পরে অন্য কোন বার্তাবাহক পাঠাবেন না। (সে-ই শেষ বার্তাবাহক ছিল)!"\* আল্লাহ এভাবে তাদেরকে পথভ্রষ্ট করেন যারা সীমালঙ্ঘনকারী, সন্দ্বিহান।

\*40:34 The Jews refused to believe in the Messiah when he came to them, the Christians refused to believe in Muhammad when he came to them, and a majority of today's Muslims believe that Muhammad was the last messenger. On that erroneous basis, they refused to accept God's Messenger of the Covenant. We learn from 3:81-90 and 33:7 that those who fail to accept the Quranic injunction to "believe in and support God's Messenger of the Covenant" are no longer believers. See Appendices 2 & 26.

[40:35] They argue against GOD's revelations, without any basis. This is a trait that is most abhorred by GOD and by those who believe.

GOD thus seals the hearts of every arrogant tyrant.

তারা আল্লাহর প্রকাশনাবলীর বিরুদ্ধে তর্ক করে, কোন ভিত্তি ছাড়া। এটি একটি বৈশিষ্ট্য যা আল্লাহ এবং যারা বিশ্বাস করে তাদের দ্বারা তীব্রভাবে ঘৃণিত হয়।

[40:36] Pharaoh said, "O Hāmān, build for me a high tower, that I may reach out and discover.

ফেরাউন বলেছিল, "হে হামান, আমার জন্য একটি উঁচু মিনার তৈরি করো, যেন আমি পৌঁছাতে পারি এবং আবিষ্কার করি।"

[40:37] "I want to reach the heaven, and take a look at the god of Moses. I believe he is a liar."\* Thus were the evil works of Pharaoh adorned in his eyes, and thus was he kept from following (*the right*) path. Pharaoh's scheming was truly evil.

"আমি স্বর্গে পৌঁছাতে চাই, এবং মুসার উপাস্যকে একবার দেখে নিতে চাই। আমি বিশ্বাস করি যে সে একজন মিথ্যুক।" এভাবে ফেরাউনের মন্দ কাজগুলোকে তার চোখে সুশোভিত করে দেয়া হয়েছে, এবং এভাবে (সে সঠিক) পথ অনুসরণ করা থেকে বিরত ছিল। ফেরাউনের চক্রান্ত সত্যই মন্দ।

[40:38] The one who believed said, "O my people, follow me, and I will guide you in the right way.

সে ব্যক্তি বলল যে বিশ্বাস করেছিল যে, "হে আমার লোকেরা, আমাকে অনুসরণ করো, এবং আমি তোমাদেরকে সঠিক পথ প্রদর্শন করবো।

[40:39] "O my people, this first life is a temporary illusion, while the Hereafter is the eternal abode."

"হে আমার লোকেরা, এই প্রথম জীবন একটি সাময়িক বিভ্রম, যখন পরকালই হলো চিরস্থায়ী আবাস।"

*The Best Deal*

*সর্বোত্তম লেনদেন*

[40:40] Whoever commits a sin is requited for just that, and whoever works righteousness- male or female-while believing, these will enter Paradise wherein they receive provisions without any limits.

যেকোনো একটি পাপ করে, শুধু তার জন্য প্রতিফল গ্রহণ করে এবং যেকোনো সৎ কাজ করে- পুরুষ অথবা নারী - বিশ্বাসী অবস্থায়,

এরা প্রবেশ করবে স্বর্গে যেখানে তারা জীবিকা পায়, সীমাহীনভাবে।

*The Believing Egyptian Debates With His People*

*বিশ্বাসী মিশরীয়রা তার লোকদের সাথে বিতর্ক করে*

[40:41] "O my people, while I invite you to be saved, you invite me to the hellfire.  
"হে আমার লোকেরা, যখন আমি তোমাদেরকে বাচাঁতে আমন্ত্রণ করি, তোমরা আমাকে আমন্ত্রণ করো নরকাগ্নির দিকে।

[40:42] "You invite me to be unappreciative of GOD, and to set up beside Him idols that I do not recognize. I am inviting you to the Almighty, the Forgiver.  
"তোমরা আমাকে আমন্ত্রণ করো আল্লাহর প্রতি অকৃতজ্ঞ হওয়ার জন্য, এবং তাঁর পাশে উপাস্যদের স্থাপন করার জন্য যাদেরকে আমি চিনি না। আমি তোমাদেরকে সর্বশক্তিমান, ক্ষমাকারীর দিকে আমন্ত্রণ করি।

[40:43] "There is no doubt that what you invite me to do has no basis in this world, nor in the Hereafter, that our ultimate return is to GOD, and that the transgressors have incurred the hellfire.  
"কোন সন্দেহ নেই যে আমাকে যা করতে তোমরা আমন্ত্রণ করো এই বিশ্বে তার কোন ভিত্তি নেই, না আছে পরকালে, আর আমাদের চূড়ান্ত প্রত্যাবর্তন আল্লাহর কাছে, এবং যে সীমালঙ্ঘনকারীরা টেনে এনেছে নরকাগ্নি।

[40:44] "Some day you will remember what I am telling you now. I leave the judgment of this matter to GOD; GOD is the Seer of all the people."  
"একদিন তোমাদের স্মরণ হবে যা এখন আমি তোমাদের বলছি। আমি এ ব্যাপারে আল্লাহর উপর বিচার ছেড়ে দিচ্ছি; আল্লাহ সকল লোকদের দ্রষ্টা।

[40:45] GOD then protected him from their evil schemes, while the people of Pharaoh have incurred the worst retribution.  
আল্লাহ এরপর তাকে তাদের মন্দ ষড়যন্ত্র থেকে রক্ষা করলেন, যেখানে ফেরাউনের লোকেরা টেনে এনেছে নিকৃষ্টতম শাস্তি।

*While in the Grave: A Continuous Nightmare*  
*কবরে থাকা অবস্থায়: প্রতিনিয়ত দুঃস্বপ্ন দেখা*

[40:46] The Hell will be shown to them day and night, and on the Day of Resurrection: "Admit Pharaoh's people into the worst retribution."

তাদের কাছে নরক দেখানো হবে দিনে এবং রাতে, এবং পুনরুত্থান দিনে: "ফেরাউনের লোকদের নিকৃষ্টতম শাস্তিতে প্রবেশ করাও।"

[40:47] As they argue in Hell, the followers will say to their leaders, "We used to be your followers, can you spare us any part of this Hell?"

যখন তারা নরকে তর্ক করবে, অনুসারীরা তাদের নেতাদের বলবে, "আমরা তোমাদের অনুসারী ছিলাম, তোমরা কি এই নরকের কোন অংশ থেকে নিষ্কৃতি দিতে পারো?"

[40:48] The leaders will say, "We are all in this together. GOD has judged among the people." নেতারা বলবে, "আমরা এখানে একসাথে সবাই আছি। আল্লাহ লোকদের মাঝে বিচার করেছেন।"

*Too Late*

*অনেক দেরি হয়ে গেছে*

[40:49] Those in the hellfire will say to the guardians of Hell, "Call upon your Lord to reduce the retribution for us, for even one day."

যারা নরকাগ্নিতে তারা নরকের তত্ত্বাবধায়কদের বলবে, "তোমাদের প্রভুকে ডাকো আমাদের জন্য শাস্তি কমাতে, একদিনের জন্য হলেও।"

[40:50] They will say, "Did you not receive your messengers who delivered to you clear messages?" They will reply, "Yes we did." They will say, "Then implore (as much as you wish); the imploring of the disbelievers is always in vain."

তারা বলবে, "তোমরা কি তোমাদের বার্তাবাহকদের পাওনি যারা তোমাদের কাছে পরিষ্কার বার্তা পৌঁছিয়েছিল?" তারা উত্তর দিবে, "হ্যাঁ আমরা পেয়েছিলাম।" তারা বলবে, "তাহলে মিনতি করো (তোমাদের যতটুকু ইচ্ছা); অবিশ্বাসীদের মিনতি সবসময় বৃথা।"

[40:51] Most assuredly, we will give victory to our messengers and to those who believe, both in this world and on the day the witnesses are summoned.

নিশ্চিতভাবে, আমরা আমাদের বার্তাবাহকদের এবং যারা বিশ্বাস করে তাদেরকে বিজয় দিবো, এই দুনিয়ায় এবং সে দিনও যখন সাক্ষীদের তলব করা হবে।

52. On that day, the apologies of the disbelievers will not benefit them. They have incurred condemnation; they have incurred the worst destiny.

ঐদিন, অবিশ্বাসীদের কৈফিয়তগুলো তাদের উপকারে আসবে না। তারা টেনে এনেছে নিন্দা; তারা টেনে এনেছে নিকৃষ্ট নিয়তি।

*Learn From History*

*ইতিহাস থেকে শিক্ষা নিন*

53. We have given Moses the guidance, and made the Children of Israel inherit the scripture.

আমরা মূসাকে পথনির্দেশনা দিয়েছিলাম, এবং ইসরাইলের সন্তানদের ঐশীগ্রহের উত্তরাধিকার করালাম।

54. *(Their history)* is a lesson and a reminder for those who possess intelligence.

*(তাদের ইতিহাস)* হলো একটি শিক্ষা এবং তাদের জন্য একটি স্মারক যারা বুদ্ধিমত্তা অধিকার করে।

55. Therefore, be patient, for GOD's promise is true, and ask forgiveness for your sin, and glorify and praise your Lord night and day.

সেজন্য, ধৈর্যশীল হও, কারণ আল্লাহর প্রতিশ্রুতি সত্য, এবং তোমাদের পাপের জন্য ক্ষমা চাও, এবং তোমার প্রভুর গুণকীর্তন ও প্রশংসা করো দিনে ও রাতে।

[40:56] Surely, those who argue against GOD's revelations without proof are exposing the arrogance that is hidden inside their chests, and they are not even aware of it. Therefore, seek refuge in GOD; He is the Hearer, the Seer.

নিশ্চিতভাবে, আল্লাহর প্রকাশনাবলীর বিরুদ্ধে যারা প্রমাণ ছাড়া তর্ক করে, তারা ঔদ্ধত্যতা প্রকাশ করে যা তাদের বুকে লুকায়িত, এবং এ বিষয়ে তারা সচেতনও নয়। অতএব, আল্লাহর কাছে আশ্রয় প্রার্থনা করো; তিনি শ্রবণকারী, দ্রষ্টা।

*Awesome Construction of the Universe*

*মহাবিশ্বের অসাধারণ নির্মাণ*

[40:57] The creation of the heavens and the earth is even more awesome than the creation of the human being, but most people do not know.

এমনকি মানব জাতি সৃষ্টির চেয়ে আরো বেশি অসাধারণ আকাশমণ্ডলী এবং পৃথিবীর সৃষ্টি, কিন্তু বেশিরভাগ মানুষ জানে না।

[40:58] Not equal are the blind and the seer. Nor are those who believe and work righteousness equal to the sinners. Rarely do you take heed.

অন্ধ এবং চক্ষুস্থান সমান নয়। না যারা বিশ্বাস করে এবং সৎ কাজ করে তারা পাপীদের সমান। কদাচিৎ, তোমরা সতর্ক হও।

[40:59] Most certainly, the Hour (Day of Judgment) is coming, no doubt about it, but most people do not believe.

নিশ্চিতভাবে, সে ঘন্টা (বিচার দিবস) আসছে, এ বিষয়ে কোন সন্দেহ নেই, কিন্তু অধিকাংশ লোক বিশ্বাস করে না।

*Supplication:*

*A Form of Worship\**

*করজোড়ে প্রার্থনা: ইবাদতের একটি রূপ*

[40:60] Your Lord says, "Implore Me, and I will respond to you. Surely, those who are too arrogant to worship Me will enter Gehenna, forcibly."

তোমাদের প্রভু বলেন, "আমার কাছে মিনতি করো, এবং আমি তোমাদের প্রতি সাড়া দিবো। নিশ্চয়, যারা আমার উপাসনা করতে অত্যন্ত উদ্ধত তারা জাহান্নামে প্রবেশ করবে, বলপূর্বকভাবে।"

*\*40:60 Supplication, imploring God for anything, even material luxuries, is a form of worship. Hence the commandment to implore God whenever we have any need. An atheist will never implore God for anything.*

[40:61] GOD is the One who designed the night so you can rest in it, and the day lighted. GOD bestows many blessings upon the people, but most people are not thankful.

আল্লাহ সে সত্তা যিনি রাতের নকশা করেছেন যেন তাতে তোমরা বিশ্রাম নিতে পারো, এবং দিনকে করেছেন আলোকিত। আল্লাহ লোকদের প্রতি অনেক অনুগ্রহ প্রদান করেছেন, কিন্তু অধিকাংশ লোক কৃতজ্ঞ নয়।



[40:62] Such is GOD your Lord, the Creator of all things. There is no god except He. How could you deviate?

এমনই আল্লাহ - তোমাদের প্রভু, সবকিছুর সৃষ্টিকর্তা। তিনি ছাড়া কোন উপাস্য নেই।  
কিভাবে তোমরা বিচ্যুত হও?

[40:63] Deviating are those who disregard GOD's revelations.

তারা বিচ্যুত হয় যারা আল্লাহর প্রকাশনাবলি উপেক্ষা করে।

[40:64] GOD is the One who rendered the earth habitable for you, and the sky a formidable structure, and He designed you, and designed you well. He is the One who provides you with good provisions.\* Such is GOD your Lord; Most Exalted is GOD, Lord of the universe.

আল্লাহ সে সত্তা যিনি তোমাদের জন্য পৃথিবীকে বাসযোগ্য, এবং আকাশকে দূর্ভেদ্য করেছেন, এবং তিনি তোমাদের নকশা করেছেন, এবং তোমাদের নকশা করেছেন ভালোভাবে। তিনি সে সত্তা যিনি তোমাদেরকে ভাল জীবিকা সরবরাহ করেন। এমনই আল্লাহ তোমাদের প্রভু; আল্লাহ সবচেয়ে মর্যাদাসম্পন্ন, মহাবিশ্বের প্রভু।

\*40:64 See Footnotes 15:20, 20:54, 25:2, and 35:12-13.

[40:65] He is the Living; there is no god except He. You shall worship Him alone, devoting your religion absolutely to Him alone. Praise be to GOD, Lord of the universe. তিনি চিরজীবী; তিনি ছাড়া কোন উপাস্য নেই। তোমরা একমাত্র তার উপাসনা করো, তোমাদের ধর্মকে পুরোপুরি একমাত্র তার নিকট উৎসর্গ করে। প্রশংসা আল্লাহর, মহাবিশ্বের প্রভু।

*Before God's Blessings Upon Him, Muhammad Used to Worship Idols*

তার উপর আল্লাহর অনুগ্রহের পূর্বে, মুহাম্মদ সৃষ্টির উপাসনা করতো

[40:66] Say, "I have been enjoined from worshipping the idols you worship beside GOD, when the clear revelations came to me from my Lord. I was commanded to submit to the Lord of the universe."\*

বল, "তোমরা আল্লাহর পাশে যে উপাসিতদের উপাসনা করো আমাকে সেগুলোর উপাসনা

করতে নিষেধ করা হয়েছে, যখন আমার প্রভুর কাছ থেকে আমার নিকট স্পষ্ট প্রকাশনাবলী এসেছে। আমাকে আদেশ করা হয়েছে, মহাবিশ্বের প্রভুর নিকট আত্মসমর্পণ করতে।

\*40:66 The Arabic word "Nahaa" used in this verse indicates the stopping of something that was going on. See for example the same word in 4:171. See also 93:7.

[40:67] He is the One who created you from dust, and subsequently from a tiny drop, then from a hanging embryo, then He brings you out as a child, then He lets you reach maturity, then you become old-some of you die earlier. You attain a predetermined age, that you may understand.

তিনি সে সত্তা যিনি তোমাদেরকে ধূলিকণা থেকে সৃষ্টি করেছেন, এবং পরবর্তীতে অতিক্ষুদ্র একটি ফোঁটা থেকে, তারপর বুলন্ত ভ্রূণ থেকে, তারপর তিনি তোমাদেরকে শিশু হিসেবে বের করে আনেন, তারপর তিনি তোমাদেরকে প্রাপ্ত-বয়সে পৌঁছাতে দেন, তারপর তোমরা বৃদ্ধ হও- তোমাদের কেউ কেউ এর আগেই মারা যাও। তোমরা অর্জন কর একটি পূর্বনির্ধারিত বয়স, যাতে তোমরা বুঝতে পার।

[40:68] He is the only One who controls life and death. To have anything done, He simply says to it, "Be," and it is.

তিনিই একমাত্র সত্তা যিনি নিয়ন্ত্রণ করেন জীবন এবং মৃত্যু। কোন কিছু সম্পন্ন করতে তিনি শুধু একে বলেন, "হও" এবং তা হয়ে যায়।

[40:69] Have you noted those who argue against GOD's proofs, and how they have deviated?

তুমি কি তাদের লক্ষ্য করেছো যারা আল্লাহর প্রমাণাদির বিরুদ্ধে তর্ক করে, এবং কিভাবে তারা পথচ্যুত হয়?

[40:70] They are the ones who have disbelieved in the scripture, and in the messages we have sent with our messengers. Therefore, they will surely find out.

তারাি সে ব্যক্তি যারা অবিশ্বাস করেছিল ঐশীগ্রন্থে, এবং বার্তাসমূহে, যা আমরা আমাদের বার্তাবাহকদের দিয়ে পাঠিয়েছিলাম। অতএব, তারা অবশ্যই খুঁজে পাবে।

[40:71] The shackles will be around their necks, and the chains will be used to drag them.

তাদের গলার চারপাশে থাকবে শিকল, এবং তাদেরকে টানতে সে শিকল ব্যবহার করা হবে।

[40:72] In the Inferno,\* then in the Fire, they will burn.

নরকে, \* এরপর আগুনে, তারা পুড়বে।

*\*40:72 Those who did not prepare themselves will suffer tremendously in the presence of God, on the Day of Judgment. They cannot stand the closeness to God due to lack of sufficient growth and development of their souls. I am using "Inferno" to describe this particular situation (55:44). Preparation of the soul is accomplished by the rites decreed by God, such as the Contact Prayer.*

[40:73] They will be asked, "Where are the idols you used to worship,

তাদেরকে জিজ্ঞেস করা হবে, "কোথায় সে উপাসিতরা যাদেরকে তোমরা উপাসনা করতে,

*They Worshiped Nothing*

*তারা কোন কিছুরই উপাসনা করেনি*

[40:74] "beside GOD?" They will say, "They have abandoned us. In fact, when we worshiped them, we were worshipping nothing." Thus does GOD send the disbelievers astray.

"আল্লাহর পাশে?" তারা বলবে, "তারা আমাদেরকে পরিত্যাগ করেছে। প্রকৃতপক্ষে, যখন আমরা তাদের উপাসনা করেছিলাম, আমরা কোনকিছুরই উপাসনা করছিলাম না।" এভাবে আল্লাহ অবিশ্বাসীদের পথভ্রষ্ট করেন।

[40:75] This is because you used to rejoice in false doctrines, on earth, and you used to promote them.

এর কারণ পৃথিবীতে তোমরা মিথ্যা মতবাদে আনন্দ করতে, এবং তোমরা সেগুলোর সাফাই গাইতে।

[40:76] Enter the gates of Gehenna, wherein you abide forever. What a miserable destiny for the arrogant ones.

জাহান্নামের দরজা দিয়ে প্রবেশ করো, যেখানে তোমরা চিরকাল বাস করো। উদ্ধত ব্যক্তিদের জন্য শোচনীয় নিয়তি।

[40:77] You shall be patient, for GOD's promise is truth. Whether we show you some of (the retribution) we have promised for them,

or terminate your life before that, they will be returned to us.

তুমি ধৈর্যশীল হবে, কারণ আল্লাহর প্রতিশ্রুতি সত্য। যদি আমরা তোমাকে এমন কিছু (শাস্তি) দেখাই, যার প্রতিশ্রুতি আমরা তাদের দিয়েছিলাম, অথবা এর পূর্বে তোমার জীবনাবসান করি, তারা আমাদের কাছে ফিরে আসবে।

*God's Authorization for the Quran's Mathematical Miracle\**

*কোরানের গাণিতিক অলৌকিকতায় আল্লাহর অনুমোদন*

[40:78] We have sent messengers before you—some of them we mentioned to you, and some we did not mention to you. No messenger can produce any miracle without GOD's authorization.\* Once GOD's judgment is issued, the truth dominates, and the falsifiers are exposed and humiliated.

আমরা তোমার আগে বার্তাবাহকদের পাঠিয়েছিলাম - যাদের কাউকে কাউকে আমরা তোমার কাছে উল্লেখ করেছিলাম এবং কাউকে কাউকে তোমার কাছে উল্লেখ করিনি। আল্লাহর অনুমোদন ছাড়া বার্তাবাহক কোন অলৌকিকতা উপস্থাপন করতে পারে না।\* একবার আল্লাহর বিচার প্রকাশ হলে, সত্য কর্তৃত্ব করে এবং মিথ্যাবাদীরা প্রকাশিত হয় এবং অপদস্থ হয়।

*\*40:78 We learn from 17:45-46, 18:57, and 56:79 that the unbelievers have no access to the Quran; only the believers and the sincere seekers are permitted by God to understand it. The Quran's mathematical code, "One of the great miracles" (74:30-35), was authorized by God, and revealed through His Messenger of the Covenant (Appendix 2).*

[40:79] GOD is the One who created the livestock for you; some you ride, and some you eat.

আল্লাহ সে সত্ত্বা যিনি তোমাদের জন্য পশুসম্পদ তৈরি করেছেন, কয়েকটিতে তোমরা আরোহণ করো এবং কয়েকটিকে তোমরা খাও।

[40:80] They also provide you with additional benefits that satisfy many of your needs. On them, as well as on the ships, you are carried. তারা তোমাদেরকে বাড়তি সুবিধাও দেয় যা তোমাদের অনেকের প্রয়োজনীয়তা পূর্ণ করে। তাদের উপর, এবং জাহাজে, তোমাদেরকে বহন করা হয়।

[40:81] He thus shows you His proofs. Which of GOD's proofs can you deny?

তিনি এভাবে তোমাদেরকে তাঁর প্রমাণসমূহ দেখান। আল্লাহর কোন প্রমাণগুলোকে তোমরা অস্বীকার করবে?

[40:82] Have they not roamed the earth and noted the consequences for those who preceded them? They used to be greater in number, greater in power, and possessed a greater legacy on earth. Yet, all their achievements did not help them in the least. তারা কি পৃথিবীতে ঘুরে বেড়ায়নি এবং তাদের পরিণাম লক্ষ্য করে না, যারা তাদের আগে এসেছিল? তারা সংখ্যায় বড়, ক্ষমতায় বড়, এবং পৃথিবীতে একটি বড় উত্তরাধিকারের মালিক ছিল। অথচ তাদের কোন অর্জন তাদেরকে নুন্যতম সাহায্য করতে পারে নি।

[40:83] When their messengers went to them with clear proofs, they rejoiced in the knowledge they had inherited, and the very things they ridiculed were the cause of their fall.

যখন তাদের বার্তাবাহক তাদের কাছে স্পষ্ট প্রমাণাদি নিয়ে গিয়েছিল, তারা তাদের উত্তরাধিকার জ্ঞানে মত্ত ছিল, এবং ঠিক যে বিষয়টি নিয়ে তারা উপহাস করতো তা-ই তাদের পতনের কারণ ছিল।

*God ALONE*  
*আল্লাহর একত্ব*

[40:84] Subsequently, when they saw our retribution they said, "Now we believe in GOD ALONE, and we now disbelieve in the idol worship that we used to practice."

পরবর্তীতে, তারা যখন আমাদের শাস্তি দেখল তারা বলেছিল, "এখন আমরা আল্লাহর একত্বে বিশ্বাস করি, এবং আমরা এখন অবিশ্বাস করি সে শরীক উপাসনাকে যা আমরা চর্চা করতাম।

*Too Late*  
*অনেক দেরী হয়ে যাবে*

[40:85] Their belief then could not help them in the least, once they saw our retribution. Such is GOD's system that has been established to deal with His creatures; the disbelievers are always doomed.

তাদের বিশ্বাস তখন তাদেরকে সামান্যতম সাহায্য করতে পারেনি, একবার যখন তারা আমাদের শাস্তি দেখেছিল। এমনই আল্লাহর পদ্ধতি যা তাঁর সৃষ্টিগুলোর ব্যাপারে প্রতিষ্ঠিত; অবিশ্বাসীরা সবসময় দণ্ডপ্রাপ্ত।

## Sura 41: Detailed (Fussilat)

সূরা ৪১, সবিস্তারিত (ফুসিলাত)

[41:0] In the name of God, Most Gracious, Most Merciful

সবচেয়ে করুণাময় ,সবচেয়ে দয়ালু আল্লাহর নামে

[41:1] H. M.

হ। ম।

\*41:1 For the significance of these Quranic Initials, see Footnote 40:1.

[41:2] A revelation from the Most Gracious, Most Merciful.

সবচেয়ে করুণাময়, সবচেয়ে দয়ালুর কাছ থেকে একটি প্রকাশনা।

[41:3] A scripture whose verses provide the complete details, in an Arabic Quran, for people who know.

একটি ঐশীগ্রন্থ যার চরনগুলো পূর্ণ বিস্তারিতভাবে জানায় ,আরবি কোরানে ,মানুষের জন্য যারা জানে।

[41:4] A bearer of good news, as well as a warner. However, most of them turn away; they do not hear.

একটি শুভ সংবাদ বহনকারী, একইসাথে সতর্ককারী। তবে, তাদের অধিকাংশই মুখ ফিরিয়ে নেয়; তারা শুনে না।

[41:5] They said, "Our minds are made up, our ears are deaf to your message, and a barrier separates us from you. Do what you want, and so will we."

তারা বলেছিল, "পূর্ব থেকে আমাদের মন স্থির হয়ে আছে, আমাদের কান তোমার বার্তার প্রতি বধির এবং একটি অন্তরায় তোমার থেকে আমাদেরকে আলাদা করে। তুমি যা চাও করো, এবং আমরাও তা-ই করবো।"

[41:6] Say, "I am no more than a human being like you, who has been inspired that your god is one god. You shall be devoted to Him, and ask His forgiveness. Woe to the idol worshipers.

বল ,আমি তোমাদের মত একজন মানুষের চেয়ে বেশি কিছু নই ,যাকে প্রত্যাদেশ দেয়া হয়েছে যে তোমাদের উপাস্য এক উপাস্য। তোমরা তাঁর প্রতি নিবেদিত হবে এবং তাঁর কাছে ক্ষমা চাও। দুঃখ তো অংশীদার উপাসকদের।

[41:7] "Who do not give the obligatory charity (Zakat), and with regard to the Hereafter, they are disbelievers."

যারা বাধ্যতামূলক দান (যাকাত) দেয় না, এবং পরকাল সম্পর্কে, তারা অবিশ্বাসী।

[41:8] As for those who believe and lead a righteous life, they receive a well deserved recompense.

তাদের ক্ষেত্রে যারা বিশ্বাস করে এবং সৎ জীবন যাপন করে, তারা একটি যথোপযুক্ত প্রতিদান পায়।

[41:9] Say, "You disbelieve in the One who created the earth in two days, and you set up idols to rank with Him, though He is Lord of the universe."

বল, "তোমরা অবিশ্বাস কর সে সত্তাকে যিনি দুই দিনে পৃথিবী সৃষ্টি করেছিলেন, এবং তোমরা তাঁর সাথে সমমর্যাদা দিতে শরিক স্থাপন করো, যদিও তিনি মহাবিশ্বের প্রভু।

[41:10] He placed on it stabilizers (mountains), made it productive, and He calculated its provisions in four days, to satisfy the needs of all its inhabitants.

তিনি এর উপর স্থাপন করেছেন ভারসাম্যরক্ষাকারী (পর্বতমালা), একে উর্বর করেছেন, এবং তিনি চার দিনে এর জীবিকা গণনা করেছেন, এর অধিবাসীদের চাহিদা মেটাতে।

[41:11] Then He turned to the sky, when it was still gas, and said to it, and to the earth, "Come into existence, willingly or unwillingly." They said, "We come willingly."

তারপর তিনি আকাশের দিকে ফিরলেন ,যখন তা তখনও গ্যাস ছিল ,এবং বলেছিলেন একে ,ও পৃথিবীকে",অস্তিত্বে আসো ,ইচ্ছায় বা অনিচ্ছায়।"তারা বলেছিল" ,আমরা আসি স্বেচ্ছায়।"

[41:12] Thus, He completed the seven universes in two days, and set up the laws for every universe. And we adorned the lowest universe with lamps, and placed guards around it. Such is the design of the Almighty, the Omniscient.

এভাবে ,তিনি সাতটি মহাবিশ্ব দুই দিনে সম্পূর্ণ করেছিলেন ,এবং প্রত্যেক মহাবিশ্বের জন্য আইনসমূহ প্রকাশ করলেন। এবং আমরা নিম্নতম মহাবিশ্বকে বাতি দিয়ে সুশোভিত করেছিলাম , এবং এর চারপাশে পাহারাদারদের বসিয়েছি। এমনি সর্বশক্তিমান ,সর্বজ্ঞের নকশা।

[41:13] If they turn away, then say, "I am warning you of a disaster like the disaster that annihilated 'Ād and Thamūd."

যদি তারা মুখ ফিরিয়ে নেয় ,তাহলে বল ,“আমি তোমাদেরকে সতর্ক করছি একটি বিপর্যয়ের বিষয়ে ,এটা সেই বিপর্যয়ের মতো যা আদ এবং সামূদ জাতিকে বিলুপ্ত করেছিল।

[41:14] Their messengers went to them, as well as before them and after them, saying, "You shall not worship except GOD." They said, "Had our Lord willed, He could have sent angels. We are disbelievers in what you say." তাদের বার্তাবাহক তাদের কাছে গিয়েছিল ,সেই সাথে তাদের আগে এবং তাদের পরে ,এ বলে যে" ,তোমরা আল্লাহ ছাড়া উপাসনা করবে না। “তারা বলেছিল, "যদি আমাদের প্রভু চাইতেন , তিনি ফেরেশতা পাঠাতেন। যা তুমি বল তাতে আমরা অবিশ্বাসী।"

[41:15] As for 'Ād, they turned arrogant on earth, opposed the truth, and said, "Who is more powerful than we?" Did they not realize that GOD, who created them, is more powerful than they? They were unappreciative of our revelations.

আদের ক্ষেত্রে, তারা পৃথিবীতে উদ্ধত হয়ে পড়েছিল, সত্যের বিরোধিতা করতো, এবং বলেছিল, "কে আমাদের চেয়ে বেশি ক্ষমতাধর?" তারা কি অনুধাবন করেনি যে আল্লাহ, যিনি তাদের সৃষ্টি করেছেন, তাদের চেয়ে বেশি ক্ষমতাধর? তারা আমাদের প্রকাশনাবলীর প্রতি অকৃতজ্ঞ ছিল।

যারা তাদের প্রভুর দ্বারা আলোকিত তারা কি তাদের মতো যাদের মন্দ কাজগুলো তাদের চোখে সুশোভিত করা হয়েছে, এবং তারা তাদের নিজের মত অনুসরণ করে?

[47:15] The allegory of Paradise that is promised for the righteous is this: it has rivers of unpolluted water, and rivers of fresh milk, and rivers of wine— delicious for the drinkers—and rivers of strained honey. They have all kinds of fruits therein, and forgiveness from their Lord. (*Are they better*) or those who abide forever in the hellfire, and drink hellish water that tears up their intestines?

স্বর্গ যা সৎকর্মশীলদের জন্য অঙ্গীকার করা হয়েছে তার উপমা হলোঃ এর আছে অদূষিত পানির নদীসমূহ, এবং বিশুদ্ধ দুধের নদীসমূহ, এবং মদের নদীসমূহ- যা পানকারীদের জন্য সুস্বাদু- এবং পরিশোধিত মধুর নদীসমূহ। সেখানে তাদের আছে সব ধরণের ফল, এবং তাদের প্রভুর পক্ষ থেকে ক্ষমা। (তারা কি উত্তম) নাকি যারা চিরকালের জন্য নরকাগ্নীতে বাস করে, এবং নারকীয় পানি পান করে যা তাদের অন্ত্রগুলোকে ছিঁড়ে ফেলে?

[47:16] Some of them listen to you, then as soon as they leave they ask those who were enlightened, "What did he just say?" **GOD** thus seals their hearts and, consequently, they follow only their opinions.

তাদের কেউ কেউ তোমার কথা শুনে, এরপর এরা চলে যাওয়া মাত্রই তাদেরকে জিজ্ঞেস করে যারা জ্ঞানালোক পেয়েছিল, "সে এইমাত্র কি বলেছে?" ঈশ্বর এভাবে তাদের হৃদয়ে মোহর এঁটে দেন এবং, পরিনামে, তারা তাদের নিজেদের মতামত অনুসরণ করে।

[47:17] As for those who are guided, He augments their guidance, and grants them their righteousness.

আর তাদের ক্ষেত্রে যারা পথনির্দেশনা পেয়েছে, তিনি তাদের পথনির্দেশনা ত্বরান্বিত করেন, এবং তাদের জন্য সৎকর্মশীলতা মঞ্জুর করেন।

*End of the World\**  
বিশ্বের পরিসমাপ্তি

[47:18] Are they waiting until the Hour comes to them suddenly? All the signs thereof have already come.\* Once the Hour comes to them, how will they benefit from their message?

তারা কি অপেক্ষা করছে- যে পর্যন্ত না সে ঘন্টা তাদের কাছে হঠাৎ করে আসে? ইতিমধ্যে এর সব নিদর্শন এসে গেছে। একবার যখন সে ঘন্টা তাদের কাছে আসে, কিভাবে তারা তাদের বার্তা থেকে উপকৃত হবে?

*\*47:18 The Quran, being the Final Testament, provides all the signs needed to pinpoint the end of the world; AD 2280. See Appendix 25 for the details.*

*Lā Elāha Ellā Allāh:*  
*First Commandment*  
লা ইলাহা ইল্লাল্লাহ:  
প্রথম প্রত্যাদেশ

[47:19] You shall know that: "**There is no other god beside GOD,**"\* and ask forgiveness of your sins and the sins of all believing men and women. **GOD** is fully aware of your decisions and your ultimate destiny.

তোমরা জেনে রাখো যে: ঈশ্বরের পাশে অন্যকোন উপাস্য নেই, " \* এবং ক্ষমা চাও তোমাদের পাপ এবং সকল বিশ্বাসী নারীপুরুষের- পাপের জন্য। ঈশ্বর তোমাদের সিদ্ধান্ত এবং তোমাদের চূড়ান্ত নিয়তি সম্পর্কে পূর্ণ অবগত।

*\*47:19 Significantly, the "First Pillar" of religion is stated in the sura entitled Muhammad, and is utterly devoted to God alone. Muhammad's name was added by his idolizers, against his will.*

### Exposing the Hypocrites

#### ভাঙদের মুখোশ উন্মোচন

[47:20] Those who believed said: "When will a new sura be revealed?" But when a straightforward sura was revealed, wherein fighting was mentioned, you would see those who harbored doubts in their hearts looking at you, as if death had already come to them. They were thus exposed.

যারা বিশ্বাস করেছিল তারা বলেছিল: "কখন একটি নতুন সূরা প্রকাশিত হবে?" কিন্তু যখন একটি সহজবোধ্য সূরা প্রকাশিত হলো, যেখানে যুদ্ধের উল্লেখ করা হয়েছিল, তখন তুমি তাদেরকে দেখতে তোমার দিকে তাকিয়ে আছে যারা তাদের হৃদয়ে সন্দেহ পোষণ করেছিল, যেন মৃত্যু তাদের কাছে এসেই পড়েছে। এভাবে তারা প্রকাশিত হয়েছিল।

### Proof of Faith During Muhammad's era

#### মুহাম্মদের যুগে দৃঢ়-বিশ্বাসের প্রমাণ

[47:21] Obedience and righteous utterances are expected of them. If only they showed confidence in **GOD**, when mobilization was called for, it would have been better for them.

[ ৪৭: ২১] অনুগত থাকা এবং ন্যায়নিষ্ঠ কথাই তাদের কাছ থেকে প্রত্যাশিত। যদি শুধু তারা ঈশ্বরের প্রতি আত্মবিশ্বাস দেখাতো, যখন যুদ্ধের জন্য একত্রিত হতে ডাকা হয়েছিল, এটা তাদের জন্য উত্তম হতো।

[47:22] Is it also your intention that as soon as you leave you will commit evil and mistreat your relatives?

এটাও কি তোমাদের উদ্দেশ্য যে তোমরা চলে যাবার সময়েই মন্দ কাজ করবে এবং তোমাদের আত্মীয়দের সাথে দুর্ব্যবহার করবে?

[47:23] It is those who incurred a curse from **GOD**, whereby He rendered them deaf and blind.

এরা তারাই যারা ঈশ্বর থেকে অভিশাপ টেনে এনেছিল, যার দ্বারা তিনি তাদেরকে বধির এবং অন্ধ করেছিলেন।

### Study the Quran

#### কুরআন অধ্যয়ন করুন

[47:24] Why do they not study the Quran carefully? Do they have locks on their minds?

কেন তারা যত্নসহকারে কুরআন অধ্যয়ন করে না? তাদের অন্তর কি তালাবদ্ধ?

[47:25] Surely, those who slide back, after the guidance has been manifested to them, the devil has enticed them and led them on.

নিশ্চয়, যারা পিছনে ধাবিত হয়, তাদের কাছে সুস্পষ্টভাবে পথ-নির্দেশনা প্রকাশিত হবার পর, শয়তান তাদেরকে প্ররোচিত করেছে এবং তাদেরকে বিপথগামী করেছে।

[47:26] This is because they said to those who hated what **GOD** has sent down, "We will obey you in certain matters." **GOD** fully knows their secret conspiracies.

এটা এ কারণে যে তারা তাদেরকে বলেছিল যারা ঘৃণা করতো যা ঈশ্বর অবতীর্ণ করেছেন, "আমরা তোমাদেরকে মান্য করবো সুনির্দিষ্ট ব্যাপারে।" ঈশ্বর সম্পূর্ণভাবে তাদের গোপন ষড়যন্ত্র জানেন।

[47:27] How will it be for them when the angels put them to death? They will beat them on their faces and their rear ends.

এটা তাদের জন্য কেমন হবে যখন ফেরেশতারা তাদের হত্যা করে? তারা তাদের প্রহার করবে তাদের মুখে এবং তাদের পশ্চাৎপ্রান্তে।

[47:28] This is because they followed what angered **GOD** and hated the things that please Him. Consequently, He has nullified their works.

এটা একারণে যে তারা অনুসরণ করেছিল যা আল্লাহকে রাগান্বিত করেছিল এবং ঘৃণা করতো সে বিষয়গুলো যা তাঁকে আনন্দ দেয়। ফলশ্রুতিতে, তিনি তাদের কাজগুলো নিষ্ফল করে দিয়েছেন।

[47:29] Did those who harbor doubts in their hearts think that **GOD** will not bring out their evil thoughts?

যারা তাদের হৃদয়ে সন্দেহ পোষণ করেছিল তারা কি মনে করে যে আল্লাহ তাদের মন্দ চিন্তাগুলো প্রকাশ করবেন না?

[47:30] If we will, we can expose them for you, so that you can recognize them just by looking at them. However, you can recognize them by the way they talk. **GOD** is fully aware of all your works.

যদি আমরা চাই, আমরা তোমার জন্য তাদেরকে প্রকাশ করে দিতে পারি, যাতে তুমি তাদের দিকে তাকিয়েই তাদেরকে চিনতে পারো। তবে, তুমি তাদের চিনতে পারো তাদের কথার ধরনের মাধ্যমে। ঈশ্বর তোমাদের সকল কাজের বিষয়ে সম্পূর্ণ অবগত।

[47:31] We will certainly put you to the test, in order to distinguish those among you who strive, and steadfastly persevere. We must expose your true qualities.

নিশ্চয় আমরা তোমাদের পরীক্ষা করবো, তোমাদের মধ্যে তাদেরকে আলাদা করতে যারা সংগ্রাম করে, এবং দৃড়তার সাথে অধ্যবসায়ী। আমরা অবশ্যই তোমাদের সত্যিকার বৈশিষ্ট্য প্রকাশ করবো।

[47:32] Those who disbelieve and repel from the path of **GOD**, and oppose the messenger after the guidance has been manifested for them, will never hurt **GOD** in the least. Instead, He nullifies their works.

যারা অবিশ্বাস করে এবং ঈশ্বরের পথে বাধা দেয়, এবং তাদের জন্য পথ-নির্দেশনা সুস্পষ্টভাবে প্রকাশিত হবার পর বার্তাবাহকদের বিরোধিতা করে, কখনোই ঈশ্বরকে সামান্যতম আঘাত করবে না। উল্টো, তিনি তাদের কাজগুলো অকার্যকর করেন।

[47:33] O you who believe, you shall obey **GOD**, and obey the messenger. Otherwise, all your works will be in vain.

হে তোমরা যারা বিশ্বাস করো তোমরা ,মান্য করবে ঈশ্বরকে এবং , মান্য করবে বার্তাবাহককে। অন্যথায়তোমাদের সকল কাজ , বৃথা হয়ে যাবে।

#### *The Great Disaster*

#### মহা দুর্যোগ

[47:34] Those who disbelieve and repel from the path of **GOD**, then die as disbelievers, **GOD** will never forgive them.

যারা অবিশ্বাস করে এবং ঈশ্বরের পথে বাঁধা দেয়, এরপর অবিশ্বাসী হিসেবে মারা যায়, ঈশ্বর তাদেরকে কখনো ক্ষমা করবেন না।

[47:35] Therefore, you shall not waver and surrender in pursuit of peace, for you are guaranteed victory, and **GOD** is with you. He will never waste your efforts.

একারণে, তোমরা দ্বিধাশ্রিত হইও না এবং শান্তির আশায় আত্মসমর্পণ করো না, কারণ তোমাদেরকে বিজয়ের নিশ্চয়তা দেয়া হয়, এবং আল্লাহ তোমাদের সাথে আছেন। তিনি কখনো তোমাদের চেষ্টা বিফলে যেতে দিবেন না।

[47:36] This worldly life is no more than play and vanity. But if you believe and lead a righteous life, He will reward you, without asking you for any money.

এই পার্থিব জীবন খেলা এবং অহমিকার চেয়ে বেশি কিছু নয়। কিন্তু যদি তোমরা বিশ্বাস করো এবং সং জীবন-যাপন করো, তিনি তোমাদের পুরষ্কৃত করবেন, তোমাদের কাছে কোন টাকা না চেয়ে।

[47:37] If He asked you for money, to the extent of creating a hardship for you, you might have become stingy, and your hidden evil might be exposed.

যদি তিনি তোমাদের কাছে টাকা চাইতেন, এতো পরিমাণে যে তোমাদের জন্য কষ্টকর হয়ে দাঁড়ায়, তোমরা কৃপণ হয়ে পড়তে, এবং তোমাদের লুকায়িত মন্দ প্রকাশ হয়ে যেতো।

[47:38] You are invited to spend in the cause of **GOD**, but some of you turn stingy. The stingy are stingy towards their own souls. **GOD** is Rich, while you are poor.

তোমরা আল্লাহর উদ্দেশ্যে ব্যয় করতে আমন্ত্রিত, কিন্তু তোমাদের কেউ কেউ কৃপণ হয়ে পড়ো। কৃপণরা তাদের নিজ আত্মার প্রতিই কৃপণ। ঈশ্বর ধনী, যেখানে তোমরা দরিদ্র।

#### *Warning to the Arabs\**

#### আরবদের প্রতি সতর্কবার্তা\*

If you turn away, He will substitute other people in your place, and they will not be like you.

যদি তোমরা মুখ ফিরিয়ে নাও, তিনি তোমাদের জায়গায় অন্য লোকদের প্রতিস্থাপন করবেন, এবং তারা তোমাদের মতো হবে না।

*\*47:38 The Quran was given to the Arabs, in their language, for 1400 years, but they clearly rejected it and refused to believe that it is complete; they fabricated Hadith & Sunna.*





## Sura 48: Victory (Al-Fatt-h)

[48:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

সবচেয়ে করুণাময় সবচেয়ে দয়ালু ঈশ্বরের  
নামে।

[48:1] We have bestowed upon you (*O  
Messenger*) a great victory.\*

(হে বার্তাবাহক) আমরা তোমার উপর অর্পণ  
করেছি এক মহা বিজয়।

\*48:1 This profound statement consists of 19  
letters, indicating that our generation is the  
generation of victory for God's purified,  
unified, and consolidated religion—Submission  
(3:19, 85). It is our generation that witnessed  
the revelations of God's great miracle in the  
Quran (Appendix 1).

[48:2] Whereby **GOD** forgives your past sins,  
as well as future sins, and perfects His  
blessings upon you, and guides you in a  
straight path.

যার দ্বারা ঈশ্বর ক্ষমা করেন তোমার  
অতীতের পাপসমূহ, একই সাথে ভবিষ্যতের  
পাপসমূহ, আর তোমার উপর তাঁর  
অনুগ্রহসমূহ পূর্ণ করেন এবং তোমাকে সরল  
পথে পরিচালিত করেন।

[48:3] Additionally, **GOD** will support you with  
an unwavering support.

উপরন্তু, ঈশ্বর তোমাকে সমর্থন করবেন -  
যে সমর্থন নড়বড়ে নয়।

[48:4] He is the One who places contentment  
into the hearts of believers to augment more  
faith, in addition to their faith. To **GOD**  
belongs all forces of the heavens and the  
earth. **GOD** is Omniscient, Most Wise.

তিনিই সে সত্ত্বা যিনি বিশ্বাসীদের হৃদয়ে  
পরিতৃপ্তি দেন- তাদের বিশ্বাসে আরো বিশ্বাস  
দিয়ে ত্বরান্বিত করতে। আকাশমন্ডলী এবং  
পৃথিবীর সকল বাহিনী ঈশ্বরের অধীনে। ঈশ্বর  
সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী।

[48:5] He will certainly admit the believing  
men and women into gardens with flowing  
streams, wherein they abide forever. He will  
remit their sins. This is, in the sight of **GOD**, a  
great triumph.

নিশ্চয় তিনি বিশ্বাসী পুরুষ এবং নারীদের  
প্রবেশ করাবেন প্রবাহিত ঝর্ণাসহ  
বাগানসমূহে, যেখানে তারা চিরকাল বাস  
করবে। তিনি তাদের পাপসমূহ ক্ষমা করে

দেবেন। এটি, ঈশ্বরের দৃষ্টিতে, এক মহা  
বিজয়।

[48:6] And He will requite the hypocrite men  
and women and the idol worshiping men and  
women, for they have harbored evil thoughts  
about **GOD**. Their evil will backfire against  
them. For **GOD** is angry with them, condemns  
them, and has prepared for them Gehenna.  
What a miserable destiny!

এবং তিনি প্রতিশোধ গ্রহন করবেন ভণ্ড  
পুরুষ ও নারী এবং শরিক উপাসনাকারী  
পুরুষ ও নারীদের থেকে, কারণ তারা ঈশ্বর  
সম্পর্কে মন্দ ধারণা পোষণ করেছে।  
তাদের মন্দকর্ম উল্টো তাদেরই বিপর্যয়  
ঘটাবে। কারণ ঈশ্বর তাদের প্রতি রাগান্বিত,  
তাদের নিন্দা করেন এবং তাদের জন্য  
প্রস্তুত রেখেছেন নরক। কি এক শোচনীয়  
পরিণতি!

[48:7] To **GOD** belongs all the forces in the  
heavens and the earth. **GOD** is Almighty, Most  
Wise.

আকাশমন্ডলী এবং পৃথিবীর সকল বাহিনী  
ঈশ্বরের অধীনে। ঈশ্বর সর্বশক্তিমান,  
সবচেয়ে জ্ঞানী।

[48:8] We have sent you as a witness, a bearer  
of good news, and a warner.

তোমাকে আমরা পাঠিয়েছি একজন সাক্ষী,  
সুসংবাদবহনকারী, এবং সতর্ককারী  
হিসেবে।

[48:9] That you people may believe in **GOD**  
and His messenger, and reverence Him, and  
observe Him, and glorify Him, day and night.

যাতে তোমরা লোকেরা হয়তো ঈশ্বর ও  
তাঁর বার্তাবাহককে বিশ্বাস করবে, এবং  
তাঁকে ভক্তি করবে, এবং তাঁকে মান্য  
করবে, এবং তাঁর মহিমা ঘোষণা করবে,  
দিনে ও রাতে।

*You Shall*

*Support*

*God's Messenger*

*আপনারা*

*ঈশ্বরের বার্তাবাহককে*

*সমর্থন করবেন*

[48:10] Surely, those who pledge allegiance to  
you, are pledging allegiance to **GOD**. **GOD**  
approves their pledge; He places His hand  
above their hands. Those who violate such a  
pledge, commit the violation to their own

detriment. As for those who fulfill their pledge with **GOD**, He will grant them a great recompense.

নিশ্চয়, যারা তোমার প্রতি আনুগত্যের অঙ্গিকার করে, তারা ঈশ্বরের প্রতিই আনুগত্যের অঙ্গিকার করেছে। ঈশ্বর তাদের অঙ্গিকারকে সমর্থন করেন; তিনি তাঁর হাত রাখেন তাদের হাতের উপর। যারা এমন অঙ্গিকার লংঘন করে, তারা লংঘন করে তাদের নিজের ক্ষতি করতে। আর তাদের ক্ষেত্রে যারা আল্লাহর সাথে তাদের অঙ্গিকার পূর্ণ করে, তিনি তাদেরকে এক মহা প্রতিদান প্রদান করবেন।

[48:11] The sedentary Arabs who stay behind will say "We have been preoccupied with our money and our families, so ask forgiveness for us!" They utter with their tongues what is not in their hearts. Say, "Who can protect you from **GOD**, if He willed any adversity for you, or if He willed any blessing for you?" **GOD** is fully Cognizant of everything you do.

বসে থাকা আরবরা যারা পিছনে রয়ে যায়, বলবে, "আমরা আমাদের টাকা-পয়সা এবং আমাদের পরিবার নিয়ে আচ্ছন্ন ছিলাম, তাই আমাদের জন্য ক্ষমা প্রার্থনা করো।" তারা তাদের মুখে বলে, যা তাদের অন্তরে নেই। বল, "কে তোমাদেরকে ঈশ্বর থেকে রক্ষা করতে পারে, যদি তিনি তোমাদের জন্য কোন দূর্ভোগ চান, অথবা যদি তিনি তোমাদের জন্য কোন অনুগ্রহ চান? " ঈশ্বর তোমাদের করা সবকিছু সম্পর্কে পূর্ণ অবগত।

[48:12] You secretly believed that the messenger and the believers will be defeated and never come back to their families, and this was firmly established in your hearts. You harbored evil thoughts and turned into wicked people.

তোমরা গোপনে বিশ্বাস করেছিলে যে, বার্তাবাহক ও বিশ্বাসীরা পরাজিত হবে এবং কখনো তাদের পরিবারে ফিরে আসবে না, আর এটা তোমাদের হৃদয়ে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত ছিল। তোমরা মন্দ ধারণা পোষণ করেছিলে এবং অন্যায়কারী মানুষে পরিণত হয়েছিলে।

[48:13] Anyone who refuses to believe in **GOD** and His messenger, we have prepared for the disbelievers a hellfire.

যেকোনো ঈশ্বর ও তাঁর বার্তাবাহককে বিশ্বাস

করা প্রত্যাখ্যান করে, আমরা অবিশ্বাসীদের জন্য প্রস্তুত রেখেছি একটি নরকাগ্নি।

[48:14] To **GOD** belongs the sovereignty of the heavens and the earth. He forgives whomever He wills, and punishes whomever He wills. **GOD** is Forgiver, Most Merciful.

আকাশমণ্ডলী ও পৃথিবীর সার্বভৌমত্ব ঈশ্বরের অধীনে। তিনি যাকে ইচ্ছা ক্ষমা করেন, এবং যাকে ইচ্ছা শাস্তি দেন। ঈশ্বর ক্ষমাকারী, সবচেয়ে দয়ালু।

[48:15] The sedentary who stay behind will say, when you are expected to collect spoils of war, "Let us follow you to share in this!" They thus wish to alter **GOD**'s words. Say, "You will not follow us. This is **GOD**'s decision." They will then say "You must be envious of us (*for staying behind*)." Indeed, they rarely understood anything.

যখন তোমাদের যুদ্ধলব্ধ মাল সংগ্রহের সময় হয়, তখন সে বসে থাকা লোকেরা যারা পিছনে রয়ে যায় বলবে, "চল এটি ভাগাভাগি করতে আমরা তোমাদের অনুসরণ করি!" তারা এভাবে ঈশ্বরের বানী বিকৃত করার ইচ্ছা করে। বল, "তোমরা আমাদের অনুসরণ করবে না। এটি ঈশ্বরের সিদ্ধান্ত।" তারা এরপর বলবে, "আমাদের প্রতি তোমরা নিশ্চয় ঈর্ষান্বিত (পিছনে থেকে যাবার কারণে)"। প্রকৃতপক্ষে, তারা খুব কমই কিছু বুঝে।

*The Test for Early Generations*

*প্রথম দিকের প্রজন্মদের জন্য পরীক্ষা*

[48:16] Say to the sedentary Arabs who stay behind, "You will be invited to face powerful people and to fight them, unless they submit. If you obey, **GOD** will reward you with a generous recompense. But if you turn away again, as you did in the past, He will requite you with a painful retribution."

বসে থাকা আরবদের বল যারা পিছনে রয়ে যায়, "তোমাদের আমন্ত্রণ করা হবে শক্তিশালী মানুষদের মুখোমুখি হতে আর তাদের সাথে লড়াই করতে, যদি না তারা আত্মসমর্পণ করে। যদি তোমরা মেনে চল, ঈশ্বর তোমাদেরকে এক মহা প্রতিদান দিয়ে পুরস্কৃত করবেন। কিন্তু যদি তোমরা আবারো মুখ ফিরিয়ে নাও, যেমন তোমরা অতীতে করেছিলে, তিনি এক যন্ত্রণাদায়ক শাস্তি দিয়ে তোমাদের থেকে প্রতিশোধ গ্রহণ করবেন।

[48:17] The blind is not to be blamed, the crippled is not to be blamed, and the sick is not to be blamed. Those who obey **GOD** and His messenger, He will admit them into gardens with flowing streams. As for those who turn away, He will requite them with a pain retribution.

অন্ধরা দোষী হবে না, পঙ্গুরা দোষী হবে না, অসুস্থরা দোষী হবে না। যারা ঈশ্বর এবং তাঁর বার্তাবাহককে মেনে চলে, তিনি তাদেরকে প্রবাহিত ঝর্ণাসহ বাগানসমূহে প্রবেশ করাবেন। আর যারা মুখ ফিরিয়ে নেয়, তিনি এক যন্ত্রণাদায়ক শাস্তি দিয়ে তাদের থেকে প্রতিশোধ গ্রহণ করবেন।

[48:18] **GOD** is pleased with the believers who pledged allegiance to you under the tree. He knew what was in their hearts and, consequently, He blessed them with contentment, and rewarded them with an immediate victory.

ঈশ্বর সে বিশ্বাসীদের প্রতি সন্তুষ্ট যারা গাছের নিচে তোমার প্রতি আনুগত্যের অঙ্গীকার করেছিল। তিনি জানতেন তাদের হৃদয়ে কী ছিল এবং, ফলশ্রুতিতে, তিনি তাদেরকে পরিতৃপ্তি দিয়ে অনুগ্রহ করলেন এবং তাদেরকে একটি আসন্ন বিজয় দিয়ে পুরস্কৃত করলেন।

[48:19] Additionally, they gained many spoils. **GOD** is Almighty, Most Wise.

উপরন্তু, তারা অনেক যুদ্ধলব্ধ মাল অর্জন করেছিল। ঈশ্বর সর্বশক্তিমান, সবচেয়ে জ্ঞানী।

[48:20] **GOD** has promised you many spoils that you will gain. He thus advanced some benefits for you in this life, and He has withheld the people's hands of aggression against you, and has rendered this a sign for the believers. He thus guides you in a straight path.

ঈশ্বর তোমাদেরকে অনেক যুদ্ধলব্ধ মালের প্রতিশ্রুতি দিয়েছেন যা তোমরা অর্জন করবে। এভাবে তিনি তোমাদের জন্য কিছু সুবিধা এই জীবনে অগ্রীম প্রদান করলেন এবং তিনি তোমাদের বিরুদ্ধে লোকেদের আগ্রাসনের হাতকে ঠেকিয়ে রেখেছেন, আর একে বিশ্বাসীদের জন্য করেছেন একটি নিদর্শন। তিনি এভাবে তোমাদেরকে সরল পথ প্রদর্শন করেন।

[48:21] As for the group that you could not

possibly defeat, **GOD** took care of them; **GOD** is Omnipotent.

আর সে দলটির ক্ষেত্রে যাদেরকে তোমরা কখনোই পরাজিত করতে পারতে না, ঈশ্বর তাদের ভার নিয়েছিলেন; ঈশ্বর সর্বশক্তিমান।

*Victory  
Guaranteed for  
the Believers*

*বিশ্বাসীদের জন্য বিজয়ের গ্যারান্টি*

[48:22] If the disbelievers ever fought you, they would turn around and flee. They have no Lord and Master; they have no helper.

যদি কখনো অবিশ্বাসীরা তোমাদের সাথে লড়াই করতো, তারা ঘুরে দাঁড়াতো এবং পালিয়ে যেতো। তাদের কোন প্রভু ও মনিব নেই; তাদের কোন সাহায্যকারী নেই।

[48:23] Such is **GOD's** system throughout history, and you will find that **GOD's** system is unchangeable.

ইতিহাসের সর্বত্র ঈশ্বরের নিয়ম এমনই, এবং তুমি ঈশ্বরের নিয়ম অপরিবর্তনীয় পাবে।

[48:24] He is the One who withheld their hands of aggression against you, and withheld your hands of aggression against them in the valley of Mecca, after He had granted you victory over them. **GOD** is Seer of everything you do.

তিনিই সে সত্ত্বা যিনি তোমাদের বিরুদ্ধে তাদের আগ্রাসনের হাতকে ঠেকিয়ে রেখেছেন, এবং মক্কা উপত্যকায় তাদের বিরুদ্ধে তোমাদের আগ্রাসনের হাতকে ঠেকিয়ে রেখেছেন, তাদের উপর তোমাদের বিজয় প্রদান করার পর। ঈশ্বর সবকিছুর দ্রষ্টা, যা কিছু তোমরা করো।

[48:25] It is they who disbelieved and barred you from the Sacred Masjid, and even prevented your offerings from reaching their destination. There were believing men and women (*within the enemy camp*) whom you did not know, and you were about to hurt them, unknowingly. **GOD** thus admits into His mercy whomever He wills. If they persist, He will requite those among them who disbelieve with a painful retribution.

তরাই তো অবিশ্বাস করেছিল এবং তোমাদেরকে পবিত্র মসজিদে যেতে বাঁধা দিয়েছিল, আর এমনকি তোমাদের উৎসর্গলোকেও তাদের গন্তব্যে পৌঁছতে দেয়নি। সেখানে (শত্রু শিবিরের ভেতর)

ছিল বিশ্বাসী পুরুষ ও নারীরা যাদেরকে তোমরা চিনতে না, এবং তাদেরকে তোমরা প্রায় আঘাতই করে ফেলেছিলে, অজ্ঞাতসারে। ঈশ্বর এভাবে তাঁর দয়ায় যাকেই চান প্রবেশ করান। যদি তারা অনড় থাকে, তবে তিনি এক যন্ত্রণাদায়ক শাস্তি দিয়ে তাদের মধ্যে যারা অবিশ্বাস করে তাদের থেকে প্রতিশোধ নিবেন।

[48:26] While those who disbelieved were enraged, and their hearts were filled with the pride of the days of ignorance, **GOD** blessed His messenger and the believers with peaceful contentment, and directed them to uphold the word of righteousness. This is what they well deserved. **GOD** is fully aware of all things. যেখানে যারা অবিশ্বাস করেছিল তারা ছিল রাগান্বিত আর তাদের হৃদয় ছিল অজ্ঞতার দিনগুলোর গর্বে পূর্ণ, সেখানে আল্লাহ তাঁর বার্তাবাহক ও বিশ্বাসীদের অনুগ্রহ করলেন শান্তিপূর্ণ পরিতৃপ্তি দিয়ে, এবং তাদের পরিচালিত করলেন সৎকর্মশীলতার কথা মনে চলার দিকে। এটা তা-ই যার জন্য তারা যথাযোগ্য ছিল। ঈশ্বর সবকিছু সম্পর্কে পূর্ণ সচেতন।

[48:27] **GOD** has fulfilled His messenger's truthful vision: "You will enter the Sacred Masjid, **GOD** willing, perfectly secure, and you will cut your hair or shorten it (as you fulfill the pilgrimage rituals) there. You will not have any fear. Since He knew what you did not know, He has coupled this with an immediate victory."

ঈশ্বর তাঁর বার্তাবাহকের সত্যনিষ্ঠ দূরদৃষ্টি পূর্ণ করেছেন : তোমরা পবিত্র মসজিদে প্রবেশ করবে, ঈশ্বর চাইলে, পুরোপুরি নিরাপদে, এবং সেখানে তোমরা তোমাদের চুল কাটবে অথবা ছোট করবে (তীর্থযাত্রার আচারানুষ্ঠানগুলো সম্পন্ন করার জন্য)। তোমাদের কোন ভয় থাকবে না। যেহেতু তিনি জানতেন যা তোমরা জানতে না, তিনি এটিকে এক আসন্ন বিজয় দিয়ে জুড়ে দিয়েছেন।

*The Great Prophecy\**  
*মহা ভবিষ্যদ্বাণী*

[48:28] He is the One who sent His messenger with the guidance and the religion of truth, to make it prevail over all other religions. **GOD** suffices as a witness.\*

তিনিই সে সত্ত্বা যিনি তাঁর বার্তাবাহককে পথ-নির্দেশনা এবং সত্যের ধর্ম দিয়ে পাঠিয়েছেন,

অন্য সকল ধর্মের উপর একে জয়ী করতে।

সাক্ষী হিসেবে আল্লাহই যথেষ্ট।

*\*48:28 This important prophecy informs us that Submission will inevitably dominate the whole world. This, together with Verses 9:33, 41:53, and 61:9 leave no doubt that God's mathematical miracle of the Quran will play a major role in this prophecy. Solid Quranic mathematical evidence points to God's Messenger of the Covenant as fulfilling this prophecy. See Appendices 2 & 26 for the evidence and specific details.*

*Qualities of the Believers*

*বিশ্বাসীদের গুণাবলী*

[48:29] Muhammad—the messenger of **GOD**—and those with him are harsh and stern against the disbelievers, but kind and compassionate amongst themselves. You see them bowing and prostrating, as they seek **GOD**'s blessings and approval. Their marks are on their faces, because of prostrating. This is the same example as in the Torah. Their example in the Gospel is like plants that grow taller and stronger, and please the farmers. He thus enrages the disbelievers. **GOD** promises those among them who believe and lead a righteous life forgiveness and a great recompense.

মোহাম্মদ- ঈশ্বরের বার্তাবাহক- আর তার সাথে যারা আছে তারা অবিশ্বাসীদের বিরুদ্ধে কঠোর ও অনমনীয়, কিন্তু নিজেদের মধ্যে দয়ালু ও সহানুভূতিশীল। তুমি তাদের দেখবে অবনত হয় ও সিজদা করে, যেহেতু তারা ঈশ্বরের অনুগ্রহ ও সমর্থন অন্বেষণ করে। তাদের চিহ্নসমূহ রয়েছে তাদের মুখমণ্ডলে, সিজদা করার কারণে। এই একই উদাহরণ আছে তাওরাতে। ইঞ্জিলে তাদের উদাহরণ চারাগাছের মত যা বৃদ্ধি পেয়ে লম্বা ও মজবুত হয়, আর কৃষকদের পরিতৃপ্ত করে। তিনি এভাবে অবিশ্বাসীদের রাগান্বিত করেন। ঈশ্বর তাদের মধ্যে যারা বিশ্বাস করে এবং সৎ জীবন-যাপন করে তাদেরকে ক্ষমা ও এক মহা প্রতিদানের প্রতিশ্রুতি দেন।

## Sura 49: The Walls (Al-Hujurāt)

[49:0] In the name of God, Most Gracious, Most Merciful

[49:1] O you who believe, do not place your opinion above that of **GOD** and His messenger. You shall reverence **GOD**. **GOD** is Hearer, Omniscient.

হে তোমরা যারা বিশ্বাস করো, আল্লাহ এবং তাঁর বার্তাবাহকের উপর তোমাদের মতকে স্থান দিবে না। তোমরা আল্লাহকে ভক্তি করবে। আল্লাহ শ্রবণকারী, সর্বজ্ঞ।

[49:2] O you who believe, do not raise your voices above the voice of the prophet,\* nor shall you shout at him as you shout at each other, lest your works become nullified while you do not perceive.

হে তোমরা যারা বিশ্বাস করো, তোমাদের কণ্ঠকে নবীর কণ্ঠের চেয়ে উঁচু করবে না,\* না তোমরা তার প্রতি চিৎকার-চেচামেচি করবে যেমন তোমরা একে-অন্যের সাথে চিৎকার-চেচামেচি করো, পাছে তোমাদের কাজগুলো অকার্যকর হয়ে পড়ে যখন তোমরা খেয়াল করো না।

*\*49:2 Whenever the word "prophet" (Nabi) is used in reference to Muhammad, it invariably refers to him during his life, not after his death. Obviously, we cannot possibly raise our voices above Muhammad's voice, now that he is dead. See also 33:56.*

[49:3] Surely, those who lower their voices at the messenger of **GOD** are the ones whose hearts are prepared by **GOD** to become righteous.\* They have deserved forgiveness and a great recompense.

নিশ্চয়, যারা তাদের কণ্ঠকে আল্লাহর বার্তাবাহকের সামনে নিচু করে তারা সে ব্যক্তি যাদের হৃদয় আল্লাহর দ্বারা সৎকর্মশীল হয়ে উঠতে প্রস্তুত করা হয়।\* তারা ক্ষমা ও এক মহা প্রতিদানের যোগ্য হয়েছে।

*\*49:3 Respecting the messenger helps outsiders and visitors in coming to God's message.*

[49:4] As for those who call on you from outside the walls, most of them do not understand.

যারা দেয়ালের বাহির থেকে তোমাকে ডাকে, তাদের অধিকাংশ বুঝে না।

[49:5] Had they been patient until you came out to them, it would have been better for them. **GOD** is Forgiver, Most Merciful.

যদি তারা ধৈর্য ধারণ করতো তুমি তাদের কাছে না আসা পর্যন্ত, এটি তাদের জন্য উত্তম হতো। আল্লাহ ক্ষমাকারী, সবচেয়ে দয়ালু।

*Investigate Rumors Before Believing Them*

গুজব বিশ্বাসের আগে

এদের খতিয়ে দেখুন

[49:6] O you who believe, if a wicked person brings any news to you, you shall first investigate, lest you commit injustice towards some people, out of ignorance, then become sorry and remorseful for what you have done.

হে তোমরা যারা বিশ্বাস করো, যদি কোন অন্যাযকারী লোক তোমাদের কাছে কোন সংবাদ নিয়ে আসে, তোমরা প্রথমে অনুসন্ধান করবে, পাছে তোমরা, অজ্ঞতাবশত, কিছু লোকের প্রতি অন্যায করে বসো, এরপর যা তোমরা করেছো তার জন্য দুঃখ: ত ও অনুতপ্ত হয়ে পড়ো।

[49:7] And know that **GOD**'s messenger has come in your midst. Had he listened to you in many things, you would have made things difficult for yourselves. But **GOD** made you love faith and adorned it in your hearts, and He made you abhor disbelief, wickedness, and disobedience. These are the guided ones.

এবং জানো যে তোমাদের মাঝে আল্লাহর বার্তাবাহক এসেছেন। সে যদি তোমাদের অনেক কিছুর বিষয়ে শুনতো, তোমরা তোমাদের জন্য বিষয়গুলো কঠিন করে ফেলতো। কিন্তু আল্লাহ তোমাদেরকে বিশ্বাসের প্রতি ভালবাসা দিয়ে তৈরী করেছেন, এবং একে তোমাদের হৃদয়ে সুশোভিত করেছেন, এবং তিনি তোমাদের তৈরী করেছেন অবিশ্বাস, অন্যায, আর অবাধ্যতার প্রতি ঘৃণা দিয়ে। এরাই পথপ্রাপ্ত ব্যক্তি।

[49:8] Such is grace from **GOD** and His blessings. **GOD** is Omniscient, Most Wise.

এমনই আল্লাহর পক্ষ থেকে দয়া এবং তাঁর অনুগ্রহ। আল্লাহ সর্বজ্ঞ, সবচেয়ে প্রজ্ঞাবান।

#### *Reconcile The Believers*

বিশ্বাসীদের পুনঃ মিলিত করুন

[49:9] If two groups of believers fought with each other, you shall reconcile them. If one group aggresses against the other, you shall fight the aggressing group until they submit to **GOD's** command. Once they submit, you shall reconcile the two groups equitably. You shall maintain justice; **GOD** loves those who are just.

যদি বিশ্বাসীদের দুই দল একে অন্যের সাথে যুদ্ধ করে থাকে, তোমরা তাদের পুনঃ মিলিত করবে। যদি একদল অন্যটির উপর আগ্রাসী হয়, তোমরা আগ্রাসী দলটির সাথে লড়াই করবে যতক্ষণ না তারা আল্লাহর আদেশের কাছে সমর্পণ করে। একবার যখন তারা সমর্পণ করে, তোমরা ন্যায়সংগতভাবে দল দু'টিকে পুনঃ মিলিত করবে। তোমরা ন্যায়পরায়ণতা বজায় রাখবে; আল্লাহ তাদেরকে ভালবাসেন যারা ন্যায়পরায়ণ।

#### *The Real Family*

প্রকৃত পরিবার

[49:10] The believers are members of one family; you shall keep the peace within your family and reverence **GOD**, that you may attain mercy.

বিশ্বাসীরা একটি পরিবারের সদস্য; তোমরা তোমাদের পরিবারে শান্তি বজায় রাখবে এবং আল্লাহকে ভক্তিপ্রদা- করো, যাতে তোমরা দয়া অর্জন করতে পারো।

#### *Believers Set the Example*

বিশ্বাসীরা উদাহরণ সৃষ্টি করে

[49:11] O you who believe, no people shall ridicule other people, for they may be better than they. Nor shall any women ridicule other women, for they may be better than they. Nor shall you mock one another, or make fun of your names. Evil indeed is the reversion to wickedness after attaining faith. Anyone who does not repent after this, these are the transgressors.

হে তোমরা যারা বিশ্বাস করো, কোন লোক অন্য লোককে নিয়ে উপহাস করবে না, কারণ তারা তাদের চেয়ে উত্তম হতে পারে। না কোন নারী অন্য নারীকে নিয়ে উপহাস করবে, কারণ তারা তাদের চেয়ে উত্তম হতে পারে। না তোমরা একে অন্যকে নিয়ে হাসাহাসি করবে, অথবা তোমাদের নাম নিয়ে মজা করবে। বিশ্বাস অর্জনের পর অনৈতিকতায় ফিরে যাওয়া অবশ্যই মন্দ। যেকোনো এর পরে অনুশোচনা করে না, এরাই সীমালঙ্ঘনকারী।

#### *Suspicion Is Sinful*

সন্দেহ করা পাপ

[49:12] O you who believe, you shall avoid any suspicion, for even a little bit of suspicion is sinful. You shall not spy on one another, nor shall you backbite one another; this is as abominable as eating the flesh of your dead brother. You certainly abhor this. You shall observe **GOD**. **GOD** is Redeemer, Most Merciful.

হে তোমরা যারা বিশ্বাস করো, তোমরা কোন প্রকার সন্দেহ করা এড়িয়ে চলবে, এমনকি সামান্যতম সন্দেহ করাও পাপ। তোমরা একে অন্যকে নিয়ে গোয়েন্দাগিরি করবে না, না তোমরা একে অন্যকে নিয়ে গীবত করবে; এটা তেমন ঘৃন্যকর যেমন তোমাদের মৃত ভাইয়ের মাংস খাওয়া। তোমরা নিশ্চয় একে ঘৃণা করো। তোমরা আল্লাহকে মান্য করবে। আল্লাহ উদ্ধারকারী, সবচেয়ে দয়ালু।

#### *The Only Criterion For*

*Distinguishing Among The People*

লোকদের মাঝে পার্থক্য করার

একমাত্র মানদণ্ড

[49:13] O people, we created you from the same male and female, and rendered you distinct peoples and tribes, that you may recognize one another. The best among you in the sight of **GOD** is the most righteous. **GOD** is Omniscient, Cognizant.

হে মানুষ, আমরা তোমাদের একই নর এবং নারী থেকে সৃষ্টি করেছি, আর তোমাদেরকে করেছি স্বতন্ত্র মানুষ এবং গোত্র, যাতে তোমরা একে অন্যকে চিনতে পারো। আল্লাহর দৃষ্টিতে তোমাদের মধ্যে সর্বোত্তম হচ্ছে যে সবচেয়ে বেশি সৎকর্মশীল।

*Muslim vs Mu'men*

*মুসলিম বনাম মুমিন*

[49:14] The Arabs said, "We are *Mu'mens* (*believers*).<sup>1</sup>" Say, "You have not believed; what you should say is, 'We are *Muslims* (*submitters*),' until belief is established in your hearts." If you obey **GOD** and His messenger, He will not put any of your works to waste. **GOD** is Forgiver, Most Merciful.

আরবরা বলেছিল, "আমরা মুমিন (বিশ্বাসী)।" বল, "তোমরা বিশ্বাসী হওনি; তোমাদের বলা উচিত ছিল, 'আমরা মুসলিম (আত্মসমর্পণকারী), যতক্ষণ না বিশ্বাস তোমাদের হৃদয়ে স্থাপিত হয়।" যদি তোমরা আল্লাহ এবং তাঁর বার্তাবাহককে মান্য করো, তিনি তোমাদের কোন কাজকে বিফলে দিবেন না। আল্লাহ ক্ষমাকারী, সবচেয়ে দয়ালু।

[49:15] *Mu'mens* (*believers*) are those who believe in **GOD** and His messenger, then attain the status of having no doubt whatsoever, and strive with their money and their lives in the cause of **GOD**. These are the truthful ones.

তরাই মুমিন (বিশ্বাসী) যারা আল্লাহ এবং তাঁর বার্তাবাহককে বিশ্বাস করে, এরপর সন্দেহ না থাকার অবস্থা অর্জন করে যা-কিছুই-হোক, আর তাদের অর্থ এবং জীবন দিয়ে আল্লাহর উদ্দেশ্যে সংগ্রাম করে। এরাই সত্যবাদী ব্যক্তি।

[49:16] Say, "Are you informing **GOD** about your religion? **GOD** knows everything in the heavens and the earth. **GOD** is Omniscient."

বল, "তোমরা কি আল্লাহকে তোমাদের ধর্ম সম্পর্কে জানাচ্ছে? আল্লাহ আকাশমন্ডলী এবং পৃথিবীর সবকিছু জানেন। আল্লাহ সর্বজ্ঞ।"

*Who Is Doing Whom A Favor?*

*কে কাকে অনুগ্রহ করছে?*

[49:17] They act as if they are doing you a favor by embracing Submission! Say, "You are not doing me any favors by embracing Submission. **GOD** is the One who is doing you a great favor by guiding you to the faith, if you are sincere."

তারা এমন আচরণ করে যেন আত্মসমর্পণ আলিঙ্গন করে তারা তোমাকে অনুগ্রহ করছে! বল, "তোমরা আত্মসমর্পণ আলিঙ্গন করে আমাকে কোনভাবে অনুগ্রহ করছে না।

আল্লাহই সে সত্ত্বা যিনি তোমাদেরকে বিশ্বাসে পথ দেখানোর মাধ্যমে তোমাদের প্রতি বিশাল অনুগ্রহ করছেন, যদি তোমরা আন্তরিক হও।"

[49:18] **GOD** knows all the secrets in the heavens and the earth; **GOD** is Seer of everything you do.

আল্লাহ আকাশমন্ডলী এবং পৃথিবীর সকল গোপনীয়তা জানেন; আল্লাহ তোমাদের করা সবকিছুর দ্রষ্টা।

## Sura 50: Q. (Qāf)

[50:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[50:1] Q., and the glorious Quran.\*

৫০/১ ক্বাফ এবং মহিমান্বিত কোরআন।

[50:2] They found it strange that a warner from  
among them came to them! The disbelievers  
said, "This is really strange.

৫০/২ তাদের মধ্য থেকে তাদের কাছে একজন  
সতর্ককারী আসাটা তাদের কাছে অদ্ভুত  
লেগেছিল! অবিশ্বাসীরা বলল, “এটা আসলেই  
অদ্ভুত।

[50:3] "After we die and become dust; this is  
impossible."

৫০/৩ “আমরা মরে গিয়ে ধুলো হয়ে যাবার পর,  
তা অসম্ভব।”

[50:4] We are fully aware of any one of them  
who gets consumed by the earth; we have an  
accurate record.

৫০/৪ তাদের মধ্যে কাকে মাটি দ্বারা গ্রাস করা  
হয় সে সম্পর্কে আমরা সম্পূর্ণ অবগত; আমাদের  
কাছে আছে নির্ভুল রেকর্ড।

[50:5] They rejected the truth when it came to  
them; they are utterly confused.

৫০/৫ তারা সত্য প্রত্যাখ্যান করেছিল যখন তা  
তাদের কাছে এসেছিল; তারা পুরোপুরি  
সন্দেহান।

[50:6] Have they not looked at the sky above  
them, and how we constructed it and adorned  
it, without a flaw?

৫০/৬ তারা কি তাদের উপর আকাশের দিকে  
তাকায়নি, আর কেমন করেই বা একে আমরা  
নির্মাণ করলাম এবং একে সুসজ্জিত করলাম,  
কোন ত্রুটি ছাড়া?

[50:7] And we created the earth, and scattered  
on it mountains, and grew in it all kinds of  
beautiful plants.

৫০/৭ এবং আমরা সৃষ্টি করলাম পৃথিবী, আর  
এর উপর ছড়িয়ে দিলাম পর্বতসমূহ, আর এতে  
ফলিয়েছি সকল প্রকার সুন্দর উদ্ভিদ।

[50:8] This is an enlightenment, and a  
reminder for every pious worshiper.

৫০/৮ এটি একটি জ্ঞানালোক, এবং একটি  
স্মারক প্রত্যেক ধার্মিক উপাসনাকারীর জন্য।

[50:9] And we sent from the sky blessed water,  
to grow with it gardens and grains to be  
harvested.

৫০/৯ এবং আমরা আকাশ থেকে অনুগ্রহপূর্ণ  
পানি পাঠালাম, এটি দিয়ে বাগান বিকশিত  
করতে ও শস্য ফলাতে।

[50:10] Tall date palms, with clustered fruit.

৫০/১০ লম্বা খেজুর গাছ, গুচ্ছবদ্ধ ফল সহ।

[50:11] Provisions for the people. And we  
revive with it dead lands; you are similarly  
resurrected.

৫০/১১ লোকদের জন্য খাদ্যসম্ভার। এবং  
আমরা এর দ্বারা মৃত ভূমিকে পুনরুজ্জীবিত করি;  
তোমাদেরকে একই ভাবে পুনরুত্থিত করা হয়।

[50:12] Disbelieving before them were the  
people of Noah, the dwellers of Russ, and  
Thamûd.

৫০/১২ তাদের পূর্বে অবিশ্বাসী ছিল নূহের  
লোকেরা, রাসের অধিবাসীরা, ও সামুদ।

[50:13] And 'Ād, Pharaoh, and the brethren of  
Lot.

৫০/১৩ এবং আদ, ফেরাউন, ও লুত-ভ্রাতৃবন্দ।

[50:14] And the dwellers of the woods, and the  
people of Tubba'. All of them disbelieved the  
messengers and, consequently, My retribution  
befell them.

৫০/১৪ এবং বনের অধিবাসী, ও তুব্বার  
লোকেরা। তাদের সকলেই বার্তাবাহকদের  
অবিশ্বাস করেছিল আর, পরিণামে, আমার শাস্তি  
তাদের উপর পড়েছিল।

[50:15] Were we too burdened by the first  
creation? Is this why they doubt resurrection?

৫০/১৫ আমরা কি প্রথম সৃষ্টি দ্বারা অত্যধিক  
ভারগ্রস্ত হয়ে গেলাম? এ কারণে- ই কি তারা  
পুনরুত্থান নিয়ে সন্দেহ করে?

[50:16] We created the human, and we know  
what he whispers to himself. We are closer to  
him than his jugular vein.

৫০/১৬ আমরা মানুষ সৃষ্টি করলাম, আর আমরা  
জানি সে নিজের কাছে চুপি চুপি কি বলে।



আমরা তার গ্রীবাঙ্কিত শিরার চেয়েও অধিকতর  
নিকটবর্তী।

[50:17] Two recording (angels), at right and at  
left, are constantly recording.

৫০/১৭ দু' জন লিপিবদ্ধকারী (ফেরেশতা),  
ডানে ও বায়ে, অনবরত লিপিবদ্ধ করছে।

[50:18] Not an utterance does he utter without  
an alert witness.

৫০/১৮ সতর্ক সাক্ষ্য ব্যতীত কোন কিছু সে  
বলে না।

[50:19] Finally, the inevitable coma of death  
comes; this is what you tried to evade.

৫০/১৯ পরিশেষে, মৃত্যুর সে অনিবার্য  
অচেতনাবস্থা আসে; ঠিক যেটা তুমি এড়াতে  
চেয়েছিলে।

[50:20] The horn is blown; this is the promised  
day.

৫০/২০ শিঙ্গায় ফুঁ দেয়া হয়; এটি সেই প্রতিশ্রুত  
দিন।

[50:21] Every soul comes with a herder and a  
witness.

৫০/২১ প্রত্যেক আত্মা একজন চারক ও একজন  
সাক্ষী সহ আসে।

[50:22] You used to be oblivious to this. We  
now remove your veil; today, your vision is (as  
strong as) steel.

৫০/২২ তুমি এর প্রতি উদাসীন থাকতে। আমরা  
এখন তোমার মুখাবরণ সরিয়ে দেই; আজ,  
তোমার দৃষ্টি ইস্পাত (এর মতো দৃঢ়)।

[50:23] The companion said, "Here is my  
formidable testimony."\*

৫০/২৩ সঙ্গী বলল, “এই যে আমার জোরালো  
সাক্ষ্য।”

\*50:23-28 Your life-time companion witnesses  
everything you do. See Appendix 7.

[50:24] Throw into Gehenna every stubborn  
disbeliever.

৫০/২৪ জাহান্নামে নিক্ষেপ করো প্রত্যেক  
একগুঁয়ে অবিশ্বাসীকে।

[50:25] Forbidding of charity, aggressor, full of  
doubt.

৫০/২৫ দান করতে নিষেধকারী, আগ্রাসক,  
সন্দেহে পূর্ণ।

[50:26] He set up besides GOD another god.  
Throw him into severe retribution.

৫০/২৬ সে ঈশ্বরের পাশে স্থাপন করে অন্য  
উপাস্য। তাকে নিক্ষেপ করো কঠিন শাস্তিতে।

[50:27] His companion said, "Our Lord, I did  
not mislead him; he was far astray."

৫০/২৭ তার সঙ্গী বলল, “আমাদের প্রভু, আমি  
তাকে পথভ্রষ্ট করিনি; সে ছিল বহুদূর পথভ্রষ্ট।”

[50:28] He said, "Do not feud in front of Me; I  
have sufficiently warned you.

৫০/২৮ তিনি বললেন, “আমার সামনে বিবাদ  
করো না; আমি তোমাদেরকে যথেষ্ট সতর্ক  
করেছি।

[50:29] "Nothing can be changed now. I am  
never unjust towards the people."

৫০/২৯ “এখন আর কিছুই পরিবর্তিত হতে  
পারে না। আমি লোকদের প্রতি কখনই  
অবিচারক নই।”

[50:30] That is the day when we ask Hell,  
"Have you had enough?" It will say, "Give me  
more."

৫০/৩০ এটা- ই সে দিন যখন আমরা নরককে  
জিজ্ঞেস করবো, “তোমার কি যথেষ্ট আছে?”  
এটি বলবে, “আমাকে আরো দিন।”

[50:31] Paradise will be offered to the  
righteous, readily.

৫০/৩১ সৎকর্মীদের স্বর্গ প্রদান করা হবে,  
অনায়াসে।

[50:32] This is what was promised to every  
repenter, steadfast.

৫০/৩২ এটা তা- ই যা প্রত্যেক

অনুশোচনাকারী, অবিচল ব্যক্তিকে অঙ্গীকার করা  
হয়েছিল।

[50:33] They revered the Most Gracious, in  
their privacy, and came wholeheartedly.

৫০/৩৩ তারা তাদের একান্তে পরম

করণাময়কে ভক্তি করেছিল, আর এসেছে উষ্ণ  
- হৃদয় নিয়ে।

[50:34] Enter it in peace; this is the Day of  
Eternity.

৫০/৩৪ এতে প্রবেশ করো শান্তিতে; এটি  
চিরস্থায়িত্বের দিন।

[50:35] They get anything they wish therein, and we have even more.  
৫০/৩৫ তারা সেখানে যা চায় তা-ই পায়, এবং আমাদের কাছে এমনকি আরও বেশি আছে।

[50:36] Many a generation before them, who were more powerful, we annihilated. They searched the land; did they find an escape?  
৫০/৩৬ তাদের পূর্বে অনেক প্রজন্ম, যারা অধিক শক্তিশালী ছিল, আমরা তাদের ধ্বংস করেছিলাম। তারা জমিনে খুঁজেছিল, তারা কি পালানোর কোন পথ পেয়েছিল?

[50:37] This should be a lesson for everyone who possesses a mind, or is able to hear and witness.  
৫০/৩৭ তাদের প্রত্যেকের জন্য এটি শিক্ষা হওয়া উচিত, যাদের একটি মন আছে, অথবা শুনতে ও প্রত্যক্ষ করতে সক্ষম।

[50:38] We have created the heavens and the earth, and everything between them in six days, and no fatigue touched us.  
৫০/৩৮ আমরা আকাশমণ্ডলী ও পৃথিবী এবং এদের মধ্যকার সবকিছু ছয় দিনে সৃষ্টি করেছি, এবং কোন ক্লান্তি আমাদের স্পর্শ করেনি।

[50:39] Therefore, be patient in the face of their utterances, and praise and glorify your Lord before sunrise, and before sunset.  
৫০/৩৯ অতএব, তাদের কথায় ধৈর্যশীল হও, এবং সূর্যোদয়ের পূর্বে ও সূর্যাস্তের পূর্বে তোমার প্রভুর প্রশংসা ও মহিমা ঘোষণা করো।

[50:40] During the night you shall meditate on His name, and after prostrating.  
৫০/৪০ তুমি তাঁর নাম নিয়ে ধ্যান করো রাতে, এবং সেজদার পর।

[50:41] Prepare for the day when the caller calls from a place that is near.  
৫০/৪১ সেদিনের জন্য প্রস্তুত হও যখন আহ্বানকারী আহ্বান করে এক স্থান থেকে যা নিকটবর্তী।

[50:42] When they hear the inevitable cry; that is the day you come out.  
৫০/৪২ যখন তারা সে অবশ্যস্তাবী কান্না শোনে; ঐ দিন-ই তোমরা বেরিয়ে আসো।

[50:43] We are the ones who control life and death; to us is the final destiny.  
৫০/৪২ আমরা সেই সত্তা যারা জীবন ও মৃত্যু নিয়ন্ত্রণ করি; আমাদের কাছে রয়েছে সে চূড়ান্ত নিয়তি।

[50:44] The day will come when the earth cracks in a hurry, giving rise to them. Such summoning is easy for us to do.  
৫০/৪৪ সেদিন আসবে যখন পৃথিবী তাড়াহুড়ায় ফেটে যাবে, যা তাদের জাগিয়ে দিবে। এমন তলব আমাদের জন্য সহজ।

[50:45] We are fully aware of everything they utter, while you have no power over them. Therefore, remind with this Quran, those who reverence My warnings.  
৫০/৪৫ তারা যা কিছু বলে সে সম্পর্কে আমরা পূর্ণ অবগত, যখন তাদের উপর তোমার কোন ক্ষমতা নেই। অতএব, তাদেরকে এই কোরআন দিয়ে স্মরণ করিয়ে দাও যারা আমার সতর্ক-বার্তাকে ভক্তি করে।

## Sura 51: Drivers of the Winds (Al-Dhāreyāt)

বাতাস চালনাকারী

[51:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[51:1] The blowing winds.

৫১/১ প্রবাহমান বাতাস।

[51:2] Bearing rain.

৫১/২ বহন করে বৃষ্টি।

[51:3] Bringing provisions.

৫১/৩ নিয়ে আসে যোগানসমূহ।

[51:4] Distributing them as commanded.

৫১/৪ বিতরণ করে এগুলোকে আদেশ  
অনুযায়ী।

[51:5] What is promised to you will surely  
come to pass.

৫১/৫ যা তোমাদের কাছে অঙ্গীকার করা হয়  
তা অবশ্যই ঘটবে।

[51:6] The Day of Judgment is inevitable.

৫১/৬ বিচারের দিন অনিবার্য।

[51:7] Despite the perfectly created sky.

৫১/৭ নিখুঁতভাবে সৃষ্ট আকাশ থাকা সত্ত্বেও।

[51:8] You continue to dispute the truth.

৫১/৮ সত্যকে তোমরা বিতর্কিত করে  
যাচ্ছে।

[51:9] Deviating therefrom are the  
deviators.

৫১/৯ এ থেকে বিচ্যুত করে  
পথচ্যুতকারীরা।

[51:10] Woe to the falsifiers.

৫১/১০ দূর্ভোগ মিথ্যাপন্থীদের।

[51:11] In their blundering, they are totally  
heedless.

৫১/১১ তাদের ভুলের বিষয়ে, তারা সম্পূর্ণ  
অমনোযোগী।

[51:12] They question the Day of Judgment.

৫১/১২ তারা বিচারের দিনকে প্রশ্নবিদ্ধ করে।

[51:13] The day they are presented to the  
fire.

৫১/১৩ সেদিন তাদেরকে আগুনের সামনে  
হাজির করা হয়।

[51:14] Taste the retribution; this is what  
you used to challenge.

৫১/১৪ আত্মদান করো শাস্তি; একেই  
তোমরা চ্যালেঞ্জ করতে।

[51:15] The righteous have deserved  
gardens and springs.

৫১/১৫ সৎকর্মীরা বাগান ও ঝর্ণাগুলোর  
যোগ্য হয়েছে।

[51:16] They receive their Lord's rewards,  
for they used to be pious.

৫১/১৬ তারা তাদের প্রভুর পুরস্কার পায়,  
কারণ তারা ধার্মিক ছিল।

[51:17] Rarely did they sleep the whole  
night.

৫১/১৭ কদাচিৎ তারা সম্পূর্ণ রাত ঘুমাতে।

[51:18] At dawn, they prayed for  
forgiveness.

৫১/১৮ রাতের শেষ প্রহরে, তারা ক্ষমা  
প্রাপ্তির জন্য প্রার্থনা করতো।

[51:19] A portion of their money was set  
aside for the beggar and the needy.

৫১/১৯ তাদের অর্থের একটি অংশ আলাদা  
থাকতো ভিক্ষুক ও অভাবগ্রস্তদের জন্য।

[51:20] The earth is full of signs for those  
who are certain.

৫১/২০ যারা নিশ্চিত, তাদের জন্য ভরপুর  
নিদর্শন আছে পৃথিবীতে।

[51:21] And within yourselves; can you  
see?

৫১/২১ আর তোমাদের নিজেদের মধ্যে;  
তোমরা কি দেখতে পাও?

[51:22] In the heaven is your provision, and  
everything that is promised to you.

৫১/২২ আকাশে আছে তোমাদের জীবিকা,  
এবং সবকিছু যার প্রতিশ্রুতি তোমাদেরকে  
দেয়া হয়।

[51:23] By the Lord of the heaven and the  
earth, this is as true as the fact that you  
speak.

৫১/২৩ আকাশ ও পৃথিবীর প্রভুর শপথ, এটি  
তোমাদের কথা বলার মতোই বাস্তব সত্য।

[51:24] Have you noted the history of  
Abraham's honorable guests?

৫১/২৪ তুমি কি ইব্রাহিমের সন্মানিত  
অতিথিদের ইতিহাস লক্ষ্য করেছ?

[51:25] They visited him, saying, "Peace."  
He said, "Peace to you, strangers!"  
৫১/২৫ তার সাথে তারা সাক্ষাত করেছিল,  
আর বলল, “শান্তি।” সে বলল, “তোমাদের  
প্রতি শান্তি, অপরিচিত লোকেরা!”

[51:26] He asked his family to prepare a fat  
calf.  
৫১/২৬ সে তার পরিবারকে একটি  
মোটাতাজা বাছুর প্রস্তুত করতে বলল।

[51:27] When he offered it to them, he  
remarked, "Do you not eat?"  
৫১/২৭ যখন সে এটি তাদের খেদমতে  
রাখল, সে খেয়াল করে বলল, “তোমরা কি  
খাবে না?”

[51:28] He harbored fear of them. They  
said, "Have no fear," and they gave good  
news of a knowledgeable son.  
৫১/২৮ সে তাদের ব্যাপারে মনে মনে ভয়  
পোষণ করলো। তারা বলল, “ভয় পেয়ো  
না,” এবং তারা একটি জ্ঞানবান সন্তানের  
সুসংবাদ দিল।

[51:29] His wife was astonished. Noting her  
wrinkled face: "I am a sterile old woman."  
৫১/২৯ তার স্ত্রী অবাক হলো। তার  
মুখমণ্ডলে কুঞ্চিত ভাব নিয়ে: “আমি এক  
বৃদ্ধা বন্ধ্যা।”

[51:30] They said, "Thus said your Lord.  
He is the Most Wise, the Omniscient."  
৫১/৩০ তারা বলল, “এমনি তোমার প্রভু  
বলেছেন। তিনি সবথেকে জ্ঞানী, সর্বজ্ঞ।”

[51:31] He said, "What are you up to, O  
messengers?"  
৫১/৩১ সে বলল, “তোমাদের উদ্দেশ্য কি,  
হে বার্তাবাহকগণ?”

[51:32] They said, "We have been  
dispatched to criminal people.  
৫১/৩২ তারা বলল, “আমরা অপরাধী  
লোকদের প্রতি প্রেরিত হয়েছি?”

[51:33] "We will shower them with rocks of  
clay.  
৫১/৩৩ “আমরা তাদের উপর কাদামাটির  
প্রস্তর বর্ষণ করবো।

[51:34] "Marked by your Lord for the  
transgressors."  
৫১/৩৪ “সীমালঙ্ঘনকারীদের জন্য তোমার  
প্রভুর দ্বারা চিহ্নিত।”

[51:35] We then delivered all the believers.  
৫১/৩৫ আমরা এরপর সকল বিশ্বাসীদের  
উদ্ধার করেছিলাম।

[51:36] We did not find in it except one  
house of submitters.  
৫১/৩৬ আমরা সেখানে একটি ঘরের বেশি  
আত্মসমর্পণকারী পাইনি।

[51:37] We set it up as a lesson for those  
who fear the painful retribution.  
৫১/৩৭ আমরা একে একটি শিক্ষা হিসাবে  
স্থাপন করেছি তাদের জন্য যারা যন্ত্রণাদায়ক  
শাস্তিকে ভয় পায়।

[51:38] In Moses (*there is a lesson*). We  
sent him to Pharaoh with manifest signs.  
৫১/৩৮ মুসার জীবনীতে (শিক্ষা রয়েছে)।  
আমরা তাকে স্পষ্ট নিদর্শনসহ ফেরাউনের  
কাছে পাঠিয়েছিলাম।

[51:39] But he turned away, in arrogance,  
and said, "Magician, or crazy."  
৫১/৩৯ কিন্তু সে অহংকারে মুখ ফিরিয়ে নিল,  
এবং বলল, “জাদুকর, অথবা পাগল।”

[51:40] Consequently, we punished him and  
his troops. We threw them into the sea, and  
he is the one to blame.  
৫১/৪০ ফলস্বরূপ, আমরা তাকে ও তার  
সৈন্য বাহিনীকে শাস্তি দিলাম। আমরা  
তাদেরকে সমুদ্রে নিক্ষেপ করলাম, সে-ই  
ছিল দোষী ব্যক্তি।

[51:41] In 'Ād (*there is a lesson*). We sent  
upon them disastrous wind.  
৫১/৪১ আদ জাতির মাঝে (শিক্ষা রয়েছে)।  
আমরা তাদের উপর পাঠিয়েছিলাম সর্বনাশা  
বায়ু।

[51:42] Anything that it came upon was  
utterly destroyed.  
৫১/৪২ এটি যাকিছুর উপর এসেছিল,  
একে সম্পূর্ণ ধ্বংস করেছিল।

[51:43] In Thamūd (*there is a lesson*). They  
were told, "Enjoy temporarily."  
৫১/৪৩ সামুদ জাতির মাঝে (শিক্ষা রয়েছে)।  
তাদেরকে বলা হয়েছিল, “কিছুকাল উপভোগ  
করো।”

[51:44] They rebelled against the command  
of their Lord. Consequently, the lightning  
struck them as they looked.

৫১/৪৪ তারা বিদ্রোহ করেছিল তাদের প্রভুর হুকুমের বিরুদ্ধে। ফলস্বরূপ, বজ্র তাদেরকে আঘাত করেছিল যখন তারা তাকিয়েছিল।

[51:45] They could never get up, nor were they helped.

৫১/৪৫ তারা কখনই উঠে দাড়াতে পারলো না, না তারা সাহায্য পেল।

[51:46] And the people of Noah before that; they were wicked people.

৫১/৪৬ এবং তার পূর্বে নূহের লোকরা; তারা ছিল পাপী লোক।

*"Expansion of the Universe Theory"  
Confirmed*

*“মহাবিশ্বের সম্প্রসারণ মতবাদ/ তত্ত্ব”  
নিশ্চিত*

[51:47] We constructed the sky with our hands, and we will continue to expand it.

৫১/৪৭ আমরা আকাশকে সৃষ্টি করেছি আমাদের হাত দিয়ে এবং আমরা একে সম্প্রসারিত করতে থাকবো।

[51:48] And we made the earth habitable; a perfect design.

৫১/৪৮ এবং আমরা পৃথিবীকে বানিয়েছি বাসযোগ্য; একটি নিখুঁত নকশা।

[51:49] We created a pair (*male and female*) of everything, that you may take heed.

৫১/৪৯ আমরা সবকিছুর একটি জোড়া (পুরুষ ও নারী) সৃষ্টি করেছি, যাতে তোমরা মনোযোগ দাও।

[51:50] You shall escape to **GOD**. I am sent by Him to you as a manifest warner.

৫১/৫০ তোমরা ঈশ্বরের কাছে পলায়ন করো। আমি তোমাদের নিকট এক স্পষ্ট সতর্ককারী হিসেবে তাঁর দ্বারা প্রেরিত।

[51:51] Do not set up besides **GOD** any other god. I am sent by Him to you as a manifest warner.

৫১/৫১ ঈশ্বরের পাশে অন্য কোন উপাস্য স্থাপন করো না। আমি তোমাদের কাছে এক স্পষ্ট সতর্ককারী হিসেবে তাঁর দ্বারা প্রেরিত।

[51:52] Consistently, when a messenger went to the previous generations, they said, "Magician," or, "Crazy."

৫১/৫২ অনবরত, যখনি কোন বার্তাবাহক পূর্ববর্তী প্রজন্মদের কাছে গিয়েছিল, তারা বলেছিল, “জাদুকর,” নয়তো “পাগল।”

[51:53] Did they make an agreement with each other? Indeed, they are transgressors.

৫১/৫৩ তারা কি পরস্পর চুক্তি করেছিল? নিশ্চয়, তারা সীমালঙ্ঘনকারী।

[51:54] You may disregard them; you cannot be blamed.

৫১/৫৪ তুমি তাদের উপেক্ষা করতে পারো, তুমি দোষী হতে পারো না।

[51:55] And remind, for the reminder benefits the believers.

৫১/৫৫ এবং স্মরণ করিয়ে দাও, কারণ স্মরণ করানো বিশ্বাসীদের উপকার করে।

*The Purpose of Our Existence*

*আমাদের অস্তিত্বের উদ্দেশ্য*

[51:56] I did not create the jinns and the humans except to worship Me alone.

৫১/৫৬ একমাত্র আমার উপাসনা করার উদ্দেশ্য ছাড়া আমি জিন ও মানুষদের সৃষ্টি করিনি।

[51:57] I need no provisions from them, nor do I need them to feed Me.

৫১/৫৭ তাদের কাছে আমার কোন জীবিকার প্রয়োজন নেই, না আমাকে খাওয়ানোর জন্য তাদেরকে আমার প্রয়োজন আছে।

[51:58] **GOD** is the Provider, the Possessor of all power, the Supreme.

৫১/৫৮ ঈশ্বর জীবিকাদাতা, সকল শক্তির অধিকারী, সর্বচ্ছ।

[51:59] The transgressors have incurred the same fate as their previous counterparts; they should not challenge.

৫১/৫৯ সীমালঙ্ঘনকারীরা তাদের পূর্ববর্তী অনুরূপদের মতো একই ভাগ্য টেনে এনেছে; চ্যালেঞ্জ করা তাদের উচিত হয়নি।

[51:60] Woe to those who disbelieved from the day that is awaiting them.

৫১/৬০ তাদের প্রতি দুঃখ যারা অবিশ্বাস করে সেই দিনকে যা তাদের জন্য অপেক্ষা করছে।

## Sura 52: Mt. Sinai (Al-Toor)

[52:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[52:1] Mt. Sinai.

৫২/১ সিনাই পর্বত।

[52:2] The recorded scripture.

৫২/২ লিপিবদ্ধ সে ঐশীগ্রন্থ।

[52:3] Published in books.

৫২/৩ বই আকারে প্রকাশিত।

[52:4] The frequent Shrine.

৫২/৪ আবাদকৃত সে তীর্থস্থান।

[52:5] The exalted ceiling.

৫২/৫ সমুচ্চ সে ছাদ।

[52:6] The sea that is set aflame.

৫২/৬ সে সমুদ্র যা প্রজ্বলিত করা হয়।

[52:7] Your Lord's requital is unavoidable.

৫২/৭ তোমার প্রভুর প্রতিশোধ অনিবার্য।

[52:8] No force in the universe can stop it.

৫২/৮ মহাবিশ্বের কোন শক্তি একে থামাতে  
পারে না।

[52:9] The day will come when the sky will  
violently thunder.

৫২/৯ সেদিন আসবে যখন আকাশ প্রচণ্ড  
বজ্রপাত ঘটাবে।

[52:10] The mountains will be wiped out.

৫২/১০ পর্বতগুলো মুছে ফেলা হবে।

[52:11] Woe on that day to the disbelievers-

৫২/১১ ঐদিন দূর্ভোগ অবিশ্বাসীদের-

[52:12] who are in their blundering,  
heedless.

৫২/১২ যারা তাদের ভুলের মাঝে, অসতর্ক।

[52:13] They will be herded into Gehenna,  
forcibly.

৫২/১৩ তাদেরকে একত্রে জাহান্নামের দিকে  
নিয়ে যাওয়া হবে, বলপূর্বক।

[52:14] This is the Fire in which you used  
to disbelieve.

৫২/১৪ এটা-ই সে আগুন যাতে তোমরা  
অবিশ্বাস করত।

[52:15] Is this magic, or do you not see?

৫২/১৫ এটা কি জাদু, নাকি তোমরা দেখো  
না?

[52:16] Suffer the burning. Whether you are  
patient or impatient, it will be the same for  
you. This is the just requital for what you  
did.

৫২/১৬ অগ্নিদহন ভোগ করো। তোমরা ধৈর্য্য  
ধরো অথবা অধৈর্য্য হও, তা তোমাদের জন্য  
সমান হবে। তোমরা যা করেছ এটি তার  
সঠিক প্রতিফল।

[52:17] The righteous have deserved  
gardens and bliss.

৫২/১৭ সৎকর্মীরা অর্জন করেছে বাগানগুলো  
ও পরম সুখ।

[52:18] They enjoy what their Lord has  
reserved for them; their Lord has spared  
them the retribution of Hell.

৫২/১৮ তারা উপভোগ করে যা তাদের প্রভু  
তাদের জন্য সংরক্ষিত রেখেছেন; তাদের প্রভু  
তাদেরকে নরকের আগুন থেকে নিষ্কৃতি  
দিয়েছেন।

[52:19] Eat and drink happily, in return for  
your works.

৫২/১৯ খুশি মনে খাও ও পান করো,  
তোমাদের কাজের বিনিময়ে।

[52:20] They relax on luxurious  
furnishings, and we match them with  
beautiful spouses.

৫২/২০ তারা বিলাসবহুল আসবাবপত্রে  
আরাম করে এবং আমরা তাদেরকে সুন্দর  
সঙ্গী দিয়ে জুড়ি করবো।

[52:21] For those who believed, and their  
children also followed them in belief, we  
will have their children join them. We never  
fail to reward them for any work. Every  
person is paid for what he did.

৫২/২১ তাদের জন্য যারা বিশ্বাস করেছিল  
এবং তাদের সন্তানেরাও বিশ্বাসে তাদের  
অনুসরণ করেছিল, আমরা তাদের সন্তানদের  
তাদের সাথে মিলিত করবো। আমরা কখনই  
কোন কাজের জন্য তাদের পুরস্কার দিতে ব্যর্থ  
হই না। প্রত্যেক ব্যক্তি যা সে করেছিল তার  
প্রাপ্য পায়।

[52:22] We will supply them with fruits and  
meats that they love.

৫২/২২ আমরা তাদেরকে সরবরাহ করবো  
ফল ও মাংস যা তারা ভালবাসে।

[52:23] They will enjoy drinks that are never polluted, and never sinful to drink.  
৫২/২৩ তারা উপভোগ করবে পানীয়  
যেগুলো কখনো দূষিত নয়, আর পান করা  
কখনো পাপ নয়।

[52:24] Serving them will be servants like protected pearls.  
৫২/২৪ তাদের সেবায় থাকবে সুরক্ষিত  
মুক্তার মতো সেবকরা।

[52:25] They will meet each other and reminisce among themselves.  
৫২/২৫ তারা পরস্পর সাক্ষাত করবে এবং  
নিজেদের মধ্যে স্মৃতিচারণ করবে।

[52:26] They will say, "We used to be kind and humble among our people.  
৫২/২৬ তারা বলবে, "আমরা আমাদের  
লোকদের মধ্যে দয়ালু ও নম্র ছিলাম।

[52:27] "GOD has blessed us, and has spared us the agony of ill winds.  
৫২/২৭ "ঈশ্বর আমাদেরকে অনুগ্রহ করেছেন  
এবং মন্দ বাতাসের নিদারুণ যন্ত্রণা থেকে  
আমাদের নিষ্কৃতি দিয়েছেন।

[52:28] "We used to implore Him; He is the Most Kind, Most Merciful."  
৫২/২৮ "আমরা তাঁর কাছে মিনতি করতাম;  
তিনি পরম দয়ালু, পরম করুণাময়"।

*The Messenger*

*বার্তাবাহক*

[52:29] You shall remind the people. With your Lord's blessings upon you, you are neither a soothsayer, nor crazy.  
৫২/২৯ তুমি লোকদের স্মরণ করিয়ে দাও।  
তোমার প্রতি তোমার প্রভুর অনুগ্রহে, না তুমি  
ভবিষ্যৎ-বক্তা, না পাগল।

[52:30] They may say, "He is a poet; let us just wait until he is dead."  
৫২/৩০ তারা বলতে পারে, "সে একজন  
কবি; চল আমরা শুধু তার মৃত্যু পর্যন্ত  
অপেক্ষা করি।"

[52:31] Say, "Go on waiting; I will wait along with you."  
৫২/৩১ বল, "যাও অপেক্ষা করো; আমি  
তোমাদের সাথে অপেক্ষা করবো।"

[52:32] Is it their dreams that dictate their behavior, or are they naturally wicked?

৫২/৩২ তাদের স্বপ্নই কি তাদের আচরণ  
নির্দেশ করে নাকি তারা স্বভাবতই মন্দ?

[52:33] Do they say, "He made it all up?" Instead, they are simply disbelievers.  
৫২/৩৩ তারা কি বলে, "সে এর সবই  
বানিয়েছে?" নাকি, তারা কেবলই অবিশ্বাসী।

*"Mohammedans" Challenge God and Produce Hadith*

*"মুহাম্মদী"রা আল্লাহকে চ্যালেঞ্জ করে এবং  
হাদীস বানায়*

[52:34] Let them produce a Hadith like this, if they are truthful.

৫২/৩৪ তারা এর মতো একটি হাদিস তৈরি  
করুক, যদি তারা সত্যবাদী হয়।

[52:35] Were they created from nothing? Are they the creators?  
৫২/৩৫ তারা কি শূন্য থেকে সৃষ্টি হয়েছে?  
তারা কি সৃষ্টিকর্তা?

[52:36] Did they create the heavens and the earth? Indeed, they have no certainty.  
৫২/৩৬ তারা কি আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি  
করেছিল? প্রকৃতপক্ষে, তারা কোন বিষয়ে  
নিশ্চিত নয়।

[52:37] Do they possess the treasures of your Lord? Are they in control?  
৫২/৩৭ তাদের কাছে কি তোমার প্রভুর  
ধনভাণ্ডার আছে? তারা কি নিয়ন্ত্রণে রয়েছে?

[52:38] Do they climb a ladder that enables them to listen? Let their listeners show their proof.  
৫২/৩৮ তারা কি কোন মইতে চড়ে যা  
তাদের শুনাতে সক্ষম করে? তাদের  
শ্রবণকারীরা তাদের প্রমাণ দেখাক।

[52:39] Does He have daughters, while you have sons?  
৫২/৩৯ তাঁর কি কন্যা আছে, যখন তোমাদের  
আছে পুত্র?

[52:40] Are you asking them for any wage, and they are burdened thereby?  
৫২/৪০ তুমি কি তাদের কাছে কোন  
পারিশ্রমিক চাচ্ছো, এবং তারা এর দ্বারা  
ভারগ্রস্ত?

[52:41] Do they know the future, and have it recorded?

৫২/৪১ তারা কি ভবিষ্যৎ জানে, আর তা  
নথিভুক্ত করেছে?

[52:42] Are they plotting and scheming?  
The disbelievers' schemes backfire against  
them.

৫২/৪২ তারা কি ষড়যন্ত্রের নকশা করছে?  
অবিশ্বাসীদের ষড়যন্ত্র তাদের নিজেদের  
বিরুদ্ধেই উল্টো কাজ করে।

[52:43] Do they have another god besides  
**GOD? GOD** be glorified, far above having  
partners.

৫২/৪৩ তাদের কি ঈশ্বরের পাশে অন্য  
উপাস্য আছে? ঈশ্বর পবিত্র, অংশীদার থাকা  
থেকে অনেক উর্ধ্ব।

[52:44] When they see masses falling from  
the sky, they will say, "Piled clouds!"

৫২/৪৪ যখন তারা আকাশ থেকে বস্তুপিণ্ড  
পড়তে দেখবে, তারা বলবে, “পুঞ্জিভূত  
মেঘ!”

[52:45] Disregard them until they meet the  
day in which they are struck.

৫২/৪৫ তাদেরকে উপেক্ষা করো যতক্ষণ না  
তারা সেদিনের সম্মুখীন হয় যাতে তারা  
আবদ্ব হতে যায়।

[52:46] On that day, their schemes will not  
protect them, nor will they be helped.

৫২/৪৬ সে দিনে, তাদের চক্রান্ত তাদের  
রক্ষা করতে পারবে না, না তারা সাহায্যপ্রাপ্ত  
হবে।

[52:47] Those who transgress suffer  
retribution here, but most of them do not  
know.

৫২/৪৭ যারা সীমালঙ্ঘন করে তারা এখানেই  
শাস্তি ভোগ করে, কিন্তু তাদের অধিকাংশই  
জানে না।

[52:48] You shall steadfastly persevere in  
carrying out your Lord's command -you are  
in our eyes-and glorify and praise your Lord  
when you get up.

৫২/৪৮ তুমি তোমার প্রভুর হুকুম পালনে  
দৃঢ়ভাবে অধ্যবসায়ী হও- তুমি আমাদের  
দৃষ্টিতে আছো- এবং তোমাদের প্রভুর  
পবিত্রতা ঘোষণা করো ও প্রশংসা করো যখন  
তুমি বিছানা থেকে ওঠো।

[52:49] Also during the night glorify Him,  
and at dawn as the stars fade away.

৫২/৪৯ এছাড়া রাতের বেলায় তাঁর পবিত্রতা  
ঘোষণা করো, এবং উষাতে যখন তারাগুলো  
মলিন হয়ে যায়।



## Sura 53: The Stars (Al-Najm)

[53:0] In the name of God, Most Gracious, Most Merciful

[53:1] As the stars fell away.\*

৫৩/১ যখন তারকারাজি দূরে পতিত হয়।

\*53:1-18 Muhammad was summoned to the highest universe to receive this Quran into his heart. The stars fell away as he traveled through them at millions of times the speed of light. Subsequently, the Quran was gradually released to his memory. App. 28.

[53:2] Your friend (Muhammad) was not astray, nor was he deceived.

৫৩/২ তোমাদের বন্ধু (মুহাম্মদ) পথভ্রষ্ট ছিল না, না সে প্রতারিত ছিল।

[53:3] Nor was he speaking out of a personal desire.

৫৩/৩ না সে মনগড়া কথা বলতো।

[53:4] It was divine inspiration.

৫৩/৪ এটি ছিল ঐশ্বরিক অনুপ্রেরণা।

[53:5] Dictated by the Most Powerful.

৫৩/৫ সবচেয়ে শক্তিশালী দ্বারা নির্দেশিত।

[53:6] Possessor of all authority. From His highest height.

৫৩/৬ সকল কর্তৃত্বের অধিকারী। তাঁর সর্বোচ্চ উচ্চতা থেকে।

[53:7] At the highest horizon.

৫৩/৭ সর্বোচ্চ দিগন্তটিতে।

[53:8] He drew nearer by moving down.

৫৩/৮ তিনি নিচে নেমে আরও নিকটবর্তী করলেন।

[53:9] Until He became as close as possible.

৫৩/৯ যে পর্যন্ত না তিনি যথাসম্ভব

কাছাকাছি হলেন।

[53:10] He then revealed to His servant what was to be revealed.

৫৩/১০ তিনি এরপর তাঁর বান্দার কাছে প্রকাশ করলেন যা প্রকাশ করার ছিল।

[53:11] The mind never made up what it saw.

৫৩/১১ মন কখনোই চিত্রায়ণ করেনি যা সে দেখেছিল।

[53:12] Are you doubting what he saw?

৫৩/১২ যা সে দেখেছিল তাতে কি তোমরা সন্দেহ করছো?

[53:13] He saw him in another descent.

৫৩/১৩ তিনি তাকে দেখেছিলেন অন্য এক অবতরণে।

[53:14] At the ultimate point.

৫৩/১৪ পরম স্থানটিতে।

[53:15] Where the eternal Paradise is located.

৫৩/১৫ যেখানে চিরস্থায়ী স্বর্গ অবস্থিত।

[53:16] The whole place was overwhelmed.

৫৩/১৬ সম্পূর্ণ স্থানটি অভিভূতময় ছিল।

[53:17] The eyes did not waver, nor go blind.

৫৩/১৭ চোখগুলো দ্বিধাগ্রস্ত হয়নি, না হয়েছিল অন্ধ।

[53:18] He saw great signs of his Lord.

৫৩/১৮ সে তাঁর প্রভুর মহা নিদর্শনাবলি দেখেছিল।

*The Flimsy Idols*

*তুচ্ছ উদ্ভাবিত উপাস্যরা*

[53:19] Compare this with the female idols Allaah and Al-'Uzzah.

৫৩/১৯ একে তুলনা করো উদ্ভাবিত নারী উপাস্য আলা'ত ও আল-উযযাহ- এর সাথে।

[53:20] And Manaah, the third one.

৫৩/২০ এবং মানা'ত, তৃতীয় জন।

[53:21] Do you have sons, while He has these as daughters?

৫৩/২১ তোমাদের কি পুত্র আছে যখন তাঁর এগুলো আছে কন্যা হিসেবে?

[53:22] What a disgraceful distribution!

৫৩/২২ কি এক অসন্মানকর বণ্টন!

[53:23] These are but names that you made up, you and your forefathers. **GOD** never authorized such a blasphemy. They follow conjecture, and personal desire, when the true guidance has come to them herein from their Lord.

৫৩/২৩ এগুলো কেবলই নাম যা তোমরা বানিয়েছ, তোমরা আর তোমাদের পিতৃপুরুষরা। আল্লাহ কখনোই এমন মিথ্যাচারের অনুমোদন দেননি। তারা অনুসরণ করে অনুমানের, এবং ব্যক্তিগত

ইচ্ছার, যখন এখানে তাদের প্রভুর পক্ষ থেকে সত্য পথনির্দেশনা এসেছে।

[53:24] What is it that the human being desires?

৫৩/২৪ মানুষ আসলে কি চায়?

[53:25] To **GOD** belongs both the Hereafter, and this world.

৫৩/২৫ পরকাল ও এই দুনিয়া উভয়ই ঈশ্বরের অধীনে।

[53:26] Not even the angels in heaven possess authority to intercede. The only ones permitted by **GOD** are those who act in accordance with His will and His approval.

৫৩/২৬ এমনকি স্বর্গের ফেরেশতাদেরও সুপারিশ করার অধিকার নেই। কেবল সে লোকেরাই ঈশ্বর দ্বারা অনুমোদিত যারা তাঁর ইচ্ছা ও তাঁর অনুমোদন অনুসারে কাজ করে।

[53:27] Those who disbelieve in the Hereafter have given the angels feminine names.

৫৩/২৭ পরকালে যারা অবিশ্বাস করে তারা ফেরেশতাদের নারীবাচক নাম দিয়েছে।

[53:28] They had no knowledge about this; they only conjectured. Conjecture is no substitute for the truth.

৫৩/২৮ এ বিষয়ে তাদের কোন জ্ঞান ছিল না; তারা কেবল অনুমান করেছিল। অনুমান সত্যের কোন বিকল্প নয়।

*Choose Your Friends Carefully*

*সতর্কতার সাথে আপনার বন্ধু নির্বাচন করুন*

[53:29] You shall disregard those who turn away from our message, and become preoccupied with this worldly life.

৫৩/২৯ তুমি তাদেরকে উপেক্ষা করো যারা আমাদের বার্তা থেকে মুখ ফিরিয়ে নেয় এবং দুনিয়ার এই জীবন নিয়ে মোহাচ্ছন্ন হয়ে থাকে।

[53:30] This is the extent of their knowledge. Your Lord is fully aware of those who strayed away from His path, and He is fully aware of those who are guided.

৫৩/৩০ এটা তাদের জ্ঞানের সীমা। তোমার প্রভু তাদের বিষয়ে সম্পূর্ণ অবগত যারা তাঁর পথ থেকে পথভ্রষ্ট হয়েছে, এবং তিনি তাদের বিষয়ে সম্পূর্ণ অবগত যারা সুপথপ্রাপ্ত।

[53:31] To **GOD** belongs everything in the heavens and everything on earth. He will requite those who commit evil for their works, and will reward the righteous for their righteousness.

৫৩/৩১ আকাশমণ্ডলীর সবকিছু ও পৃথিবীর সবকিছু ঈশ্বরের। যারা মন্দ কাজ করে তিনি তাদের প্রতিফল দেবেন আর সৎ-কর্মীদের পুরস্কৃত করবেন তাদের সৎকর্মশীলতার জন্য।

[53:32] They avoid gross sins and transgressions, except for minor offenses. Your Lord's forgiveness is immense. He has been fully aware of you since He initiated you from the earth, and while you were embryos in your mothers' bellies. Therefore, do not exalt yourselves; He is fully aware of the righteous.

তারা স্পষ্ট পাপ ও সীমালঙ্ঘন এড়িয়ে চলে, ছোটখাটো অপরাধসমূহ ব্যতীত। তোমার প্রভুর ক্ষমাশীলতা বিশাল। তখন থেকেই তিনি তোমাদের সম্পর্কে পূর্ণ অবগত যখন পৃথিবী থেকে তিনি তোমাদের সূচনা করেছিলেন, আর যখন তোমরা তোমাদের মায়ের পেটে ভ্রূণ ছিলে। সুতরাং, নিজেকে নিয়ে বড়াই করো না; তিনি সৎকর্মীদের ব্যাপারে পূর্ণ অবগত।

[53:33] Have you noted the one who turned away?

৫৩/৩৩ তুমি কি সে ব্যক্তির দিকে খেয়াল করেছ যে মুখ ফিরিয়ে নিয়েছিল?

[53:34] Rarely did he give to charity, and then very little.

৫৩/৩৪ কদাচিৎ সে দান করতো আর তা-ও খুব সামান্য।

[53:35] Did he possess knowledge of the future? Could he see it?

৫৩/৩৫ তার কি ভবিষ্যত জ্ঞান ছিল? সে কি তা দেখতে পারতো?

[53:36] Was he not informed of the teachings in the scripture of Moses?

৫৩/৩৬ সে কি অবগত ছিল না মুসার ঐশীগ্রন্থের শিক্ষার বিষয়ে?

[53:37] And Abraham who fulfilled?

৫৩/৩৭ আর ইব্রাহিমের যে পূর্ণ করেছিল?

[53:38] No soul bears the sins of another soul.

৫৩/৩৮ কোন আত্মা অন্য আত্মার পাপ বহন করে না।

[53:39] Every human being is responsible for his own works.

৫৩/৩৯ প্রত্যেক মানুষ তার নিজের কাজের জন্য দায়ী।

[53:40] And everyone's works will be shown.

৫৩/৪০ এবং প্রত্যেকের কাজগুলো দেখানো হবে।

[53:41] Then they will be paid fully for such works.

৫৩/৪১ এরপর তাদের এসব কাজের জন্য পূর্ণ প্রাপ্য দেয়া হবে।

[53:42] To your Lord is the final destiny.

৫৩/৪২ তোমার প্রভুর দিকেই চূড়ান্ত নিয়তি।

[53:43] He is the One who makes you laugh or cry.

৫৩/৪৩ তিনিই সে সত্ত্বা যিনি তোমাদের হাসান ও কাঁদান।

[53:44] He is the One who controls death and life.

৫৩/৪৪ তিনিই সে সত্ত্বা যিনি মৃত্যু ও জীবন নিয়ন্ত্রণ করেন।

*The Husband Determines The Baby's Gender*

*স্বামী শিশুর লিঙ্গ নির্ধারণ করে*

[53:45] He is the One who created the two kinds, male and female-

৫৩/৪৫ তিনিই সে সত্ত্বা যিনি সৃষ্টি করেছেন দুই প্রকার, পুরুষ ও নারী-

[53:46] from a tiny drop of semen.

৫৩/৪৬ এক অতি ক্ষুদ্র বীর্যের ফোঁটা থেকে।

[53:47] He will effect the recreation.

৫৩/৪৭ তিনি পুনঃসৃষ্টি ঘটাবেন।

[53:48] He is the One who makes you rich or poor.

৫৩/৪৮ তিনিই সে সত্ত্বা যিনি তোমাদের ধনী অথবা দরিদ্র করেন।

[53:49] He is the Lord of the galaxies.

৫৩/৪৯ তিনি নক্ষত্রপুঞ্জের প্রভু।

[53:50] He is the One who annihilated ancient 'Ād.

৫৩/৫০ তিনিই সে সত্ত্বা যিনি প্রাচীন “আদ” সম্প্রদায়কে বিলুপ্ত করেছিলেন।

[53:51] And wiped out Thamūd.

৫৩/৫১ এবং মুছে দিয়েছিলেন ‘সামুদ’ সম্প্রদায়কে।

[53:52] Also the people of Noah before that; they were evil transgressors.

৫৩/৫২ এছাড়া এর পূর্বে নূহের লোকদের; তারা ছিল মন্দ সীমালঙ্ঘনকারী।

[53:53] The evil communities (*of Sodom and Gomorrah*) were the lowliest.

৫৩/৫৩ (ছডম ও গোমোরা - এর) মন্দ জনপদগুলো ছিল নিম্নমানের।

[53:54] Consequently, they utterly vanished.

৫৩/৫৪ ফলস্বরূপ, তারা একদম নিশ্চিহ্ন হয়েছিল।

[53:55] Which of your Lord's marvels can you deny?

৫৩/৫৫ তোমার প্রভুর কোন বিস্ময়কে তোমরা অস্বীকার করতে পারো?

[53:56] This is a warning like the older ones.

৫৩/৫৬ এটি একটি সতর্কবানী পুরনোগুলোর মতো।

[53:57] The inevitable is imminent.

৫৩/৫৭ অনিবার্য সময়টি আসন্ন।

[53:58] None besides **GOD** can relieve it.

৫৩/৫৮ ঈশ্বর ব্যতিত কেউ তা প্রকাশ করতে পারে না।

[53:59] Are you questioning this matter?

৫৩/৫৯ তোমরা কি এ বিষয়ে প্রশ্ন করছো?

[53:60] Are you laughing, instead of crying?

৫৩/৬০ তোমরা কি কান্নার বদলে হাসছো?

[53:61] Are you insisting on your ways?

৫৩/৬১ তোমরা কি তোমাদের পথে গোঁ ধরে আছো?

[53:62] You shall fall prostrate before **GOD**, and worship.

৫৩/৬২ তোমরা ঈশ্বরের সামনে সেজদাবনত হও, এবং উপাসনা করো।

## Sura 54: The Moon (Al-Qamar)

[54:0] In the name of God, Most Gracious, Most Merciful

[54:1] The Hour has come closer, and the moon has split.\*

৫৪/১ সে ঘণ্টা আরও নিকটে এসেছে, এবং চাঁদ বিভক্ত হয়েছে।

\*54:1 This important sign of the approaching end of the world came to pass in 1969 when humans landed on the moon and brought pieces of the moon to earth. At the same time, God's mathematical Miracle of the Quran was being gradually unveiled. Traditional Muslims opposed it, since it exposed the fallacy of their practices (App. 25).

[54:2] Then they saw a miracle; but they turned away and said, "Old magic."

৫৪/২ তারপর তারা একটি অলৌকিক নিদর্শন দেখল; কিন্তু তারা মুখ ফিরিয়ে নিল এবং বলল, “পুরনো জাদু”।

[54:3] They disbelieved, followed their opinions, and adhered to their old traditions.

৫৪/৩ তারা অ বিশ্বাস করলো, তাদের মতের অনুসরণ করলো এবং তাদের পুরনো প্রথায় লেগে থাকলো।

[54:4] Sufficient warnings have been delivered to alert them.

৫৪/৪ তাদের সতর্ক করতে যথেষ্ট সতর্কবানী প্রদান করা হয়েছে।

[54:5] Great wisdom; but all the warnings have been in vain.

৫৪/৫ বিশাল প্রজ্ঞা; কিন্তু সকল সতর্কবানী বিফল হয়েছে।

[54:6] Ignore them; the day will come when the caller will announce a terrible disaster.

৫৪/৬ তাদের উপেক্ষা করো; সেদিন আসবে যখন আহ্বানকারী এক ভয়াবহ দুর্ঘটনার ঘোষণা দিবে।

[54:7] With their eyes humiliated, they come out of the graves like scattered locusts.

৫৪/৭ তাদের অপমানিত চোখগুলো নিয়ে, তারা কবর থেকে বেরিয়ে আসে বিক্ষিপ্ত পঙ্গপালের মতো।

[54:8] As they respond to the caller, the disbelievers will say, "This is a difficult day."

৫৪/৮ যখন তারা আহ্বানকারীর ডাকে সাড়া দেবে, অ বিশ্বাসীরা বলবে, “এ এক

কঠিন দিন।”

[54:9] The people of Noah disbelieved before them. They disbelieved our servant and said, "Crazy!" He was persecuted.

৫৪/৯ তাদের আগে নূহের লোকেরা অ বিশ্বাস করেছিল। তারা আমাদের বান্দাকে অ বিশ্বাস করেছিল আর বলেছিল, “পাগল!” তার উপর নির্যাতন করা হয়েছিল।

[54:10] He implored his Lord, "I am oppressed; grant me victory."

৫৪/১০ সে তার প্রভুর কাছে মিনতি করলো, “আমি নির্যাতিত; আমাকে বিজয় দিন।”

[54:11] We then opened the gates of the sky, pouring water.

৫৪/১১ আমরা তখন আকাশের দরজাগুলো খুলে দিয়েছিলাম, পানি বর্ষণ করতে।

[54:12] And we caused springs to gush out of the earth. The waters met to effect a predetermined decision.

৫৪/১২ এবং আমরা পৃথিবী থেকে সজোরে ঝর্ণা প্রবাহিত করেছিলাম। পানিগুলো এক পূর্বনির্ধারিত সিদ্ধান্ত সম্পাদন করতে মিলিত হল।

The Ark  
জলযান

[54:13] We carried him on a watercraft made of logs and ropes.

৫৪/১৩ আমরা তাকে গাছের গুড়ি ও দড়ি দিয়ে নির্মিত জলযানে চড়িয়েছিলাম।

[54:14] It ran under our watchful eyes; a reward for one who was rejected.

৫৪/১৪ এটি চলেছিল আমাদের সতর্ক দৃষ্টির আওতায়; সে ব্যক্তির জন্য পুরস্কার যাকে প্রত্যাখান করা হয়েছিল।

[54:15] We have set it up as a lesson. Does any of you wish to learn?

৫৪/১৫ একে আমরা একটি শিক্ষা হিসেবে স্থাপন করেছি। তোমাদের কেউ কি শিখতে চাও?

[54:16] How terrible was My retribution after the warnings!

৫৪/১৬ সতর্কবানীর পর কত ভয়াবহ ছিল আমার শাস্তি!

[54:17] We made the Quran easy to learn.  
Does any of you wish to learn?

৫৪/ ১৭ আমরা কুরআনকে শেখার জন্য  
সহজ করেছি। তোমাদের কেউ কি শিখতে  
চাও?

[54:18] 'Ād disbelieved. Consequently, how  
terrible was My retribution after the warnings.

৫৪/ ১৮ আদ জাতি অবিশ্বাস করেছিল।  
পরিণামে, সতর্কবানীর পর কত ভয়াবহ  
ছিল আমার শাস্তি।

[54:19] We sent upon them violent winds, on a  
day of continuous misery.

৫৪/ ১৯ আমরা তাদের উপর প্রবল বাতাস  
প্রেরন করেছিলাম, চলমান দুর্দশার দিনে।

[54:20] It tossed the people around as if they  
were decayed palm tree trunks.

৫৪/ ২০ এটি লোকদের চারদিকে ছুড়ে  
ফেলেছিল যেন তারা ছিল জীর্ণশীর্ণ খেজুর  
গাছের গুড়ি।

[54:21] How terrible was My retribution after  
the warnings!

৫৪/ ২১ সতর্কবানীর পর কত ভয়াবহ ছিল  
আমার শাস্তি!

[54:22] We made the Quran easy to learn.  
Does any of you wish to learn?

৫৪/ ২২ আমরা কুরআনকে শেখার জন্য  
সহজ করেছি। তোমাদের কেউ কি শিখতে  
চাও?

[54:23] Thamūd rejected the warnings.

৫৪/ ২৩ সামুদ জাতি সতর্ক- বাণী প্রত্যাখ্যান  
করেছিল।

[54:24] They said, "Shall we follow one of us;  
a human being? We will then go astray, then  
end up in Hell.

৫৪/ ২৪ তারা বলেছিল, “আমরা কি  
অনুসরণ করবো আমাদেরই একজনকে;  
একজন মানুষকে? আমরা তাহলে পথভ্রষ্ট  
হবো, এরপর শেষ পর্যন্ত নরকে যাবো।

[54:25] "Did the message come down to him,  
instead of us? He is a flagrant liar."

৫৪/ ২৫ “বার্তা কি আমাদের পরিবর্তে তার  
কাছে পৌঁছাল? সে ঘোর মিথ্যাবাদী।”

[54:26] They will find out tomorrow who the  
flagrant liar is.

৫৪/ ২৬ আগামীকাল তারা দেখতে পাবে

কে ঘোর মিথ্যাবাদী।

[54:27] We are sending the camel as a test for  
them. Watch them and be patient

৫৪/ ২৭ আমরা উটকে তাদের জন্য পরীক্ষা  
হিসেবে পাঠাচ্ছি। তাদের প্রতি দৃষ্টি রাখো  
এবং ধৈর্য ধর।

[54:28] Inform them that the water shall be  
divided among them; (the camel) shall be  
allowed to drink on her designated day.

৫৪/ ২৮ তাদেরকে জানাও যে পানি তাদের  
মধ্যে ভাগ করে দেয়া হবে; (উটটি) তার  
জন্য নির্দিষ্ট দিনে পানি পানের অনুমতি  
পাবে।

[54:29] But they persuaded their friend to kill  
(the camel), and he obliged.

৫৪/ ২৯ কিন্তু তারা (উটটিকে) হত্যা  
করতে তাদের বন্ধুকে প্ররোচিত করলো,  
আর সে বাধ্য হয়েছিল।

[54:30] Consequently, how terrible was My  
retribution! They have been warned.

৫৪/ ৩০ পরিণামে, কত ভয়াবহ ছিল  
আমার শাস্তি! তাদেরকে সতর্ক করা  
হয়েছিল।

[54:31] We sent upon them one blow,  
whereupon they became like harvested hay.

৫৪/ ৩১ আমরা তাদের উপর পাঠিয়েছিলাম  
বায়ুপ্রবাহ, যার ফলে তারা কর্তিত  
খড়কুটোর মতো হয়ে গিয়েছিল।

[54:32] We made the Quran easy to learn.  
Does any of you wish to learn?

৫৪/ ৩২ আমরা কোরআনকে শেখার জন্য  
সহজ করেছি। তোমাদের কেউ কি শিখতে  
চাও?

[54:33] The people of Lot rejected the  
warnings.

৫৪/ ৩৩ লুতের লোকেরা সতর্কবানী  
প্রত্যাখ্যান করেছিল।

[54:34] We showered them with rocks. Only  
Lot's family was saved at dawn.

৫৪/ ৩৪ আমরা তাদের উপর পাথর বর্ষণ  
করেছিলাম। শুধু লুতের পরিবারকে ভোর-  
বেলায় রক্ষা করা হয়েছিল।

[54:35] We blessed him and his family; we  
thus reward the appreciative.

৫৪/ ৩৫ আমরা তাকে ও তার পরিবারকে  
সৌভাগ্যশালী করেছিলাম; আমরা এভাবে

কৃতজ্ঞদের পুরস্কৃত করি।

[54:36] He warned them about our requital, but they ridiculed the warnings.

৫৪/ ৩৬ সে তাদেরকে আমাদের প্রতিশোধের বিষয়ে সতর্ক করেছিল, কিন্তু তারা সতর্কবার্তাকে উপহাস করেছিল।

[54:37] They negotiated with him about his guests; we blinded them. Suffer My retribution; you have been warned.

৫৪/ ৩৭ তারা তার মেহমানদের বিষয়ে তার সাথে স্বার্থপর আলোচনা করেছিল; আমরা তাদের অন্ধ করে দিয়েছিলাম। আমার শাস্তি ভোগ কর; তোমাদের সতর্ক করা হচ্ছিল।

[54:38] Early the next morning, a devastating retribution struck them.

৫৪/ ৩৮ পরের দিন খুব ভোরে, এক বিধ্বংসী শাস্তি তাদের উপর আঘাত হানলো।

[54:39] Suffer My retribution; you have been warned.

৫৪/ ৩৯ আমার শাস্তি ভোগ করো; তোমাদের সতর্ক করা হচ্ছিল।

[54:40] We made the Quran easy to learn. Does any of you wish to learn?

৫৪/ ৪০ আমরা কুরআনকে শেখার জন্য সহজ করেছি। তোমাদের কেউ কি শিখতে চাও?

[54:41] Pharaoh's people were warned.

৫৪/ ৪১ ফেরাউনের লোকদের সতর্ক করা হয়েছিল।

[54:42] They rejected all our signs. Consequently, we requited them as an Almighty, Omnipotent should.

৫৪/ ৪২ তারা আমাদের সকল নিদর্শন প্রত্যাখ্যান করেছিল। পরিণামে, আমরা তাদের থেকে তেমন প্রতিশোধ নিয়েছিলাম যেমন একজন সর্বশক্তিমান, সর্বজ্ঞের উচিত।

[54:43] Are your disbelievers better than those disbelievers? Have you been absolved by the scripture?

৫৪/ ৪৩ তোমাদের অবিশ্বাসীরা কি ঐসব অবিশ্বাসীদের থেকে উত্তম? ঐশীগ্রন্থ কি তোমাদের পাপ-মুক্ত করে দিয়েছে?

[54:44] Perhaps they think, "We will be the winners."

৫৪/ ৪৪ সম্ভবত তারা ভাবে, “আমরাই

জয়ী হব।”

[54:45] All of them will be defeated; they will turn around and flee.

৫৪/ ৪৫ তাদের সকলে পরাজিত হবে; তারা মুখ ফিরিয়ে নিবে আর পালাবে।

[54:46] The Hour is awaiting them, and the Hour is far worse and more painful.

৫৪/ ৪৬ সে ঘটনা তাদের জন্য অপেক্ষা করছে আর সে ঘটনা অধিক মন্দ এবং অধিক যন্ত্রণাদায়ক।

[54:47] Certainly, the guilty are astray, and will end up in Hell.

৫৪/ ৪৭ নিশ্চয়, অপরাধীরা পথভ্রষ্ট, আর শেষ পর্যন্ত নরকে যাবে।

[54:48] They will be dragged into the hellfire, forcibly. Suffer the agony of retribution.

৫৪/ ৪৮ তাদেরকে নরকের আগুনে টেনে নিয়ে যাওয়া হবে, বলপূর্বক। শাস্তির যন্ত্রনা ভোগ কর।

[54:49] Everything we created is precisely measured.

৫৪/ ৪৯ আমাদের সৃষ্ট সবকিছু সঠিকভাবে পরিমিত।

[54:50] Our commands are done within the blink of an eye.

৫৪/ ৫০ আমাদের হুকুম চোখের এক পলকেই সম্পন্ন হয়।

[54:51] We annihilated your counterparts. Does any of you wish to learn?

৫৪/ ৫১ আমরা তোমাদের অনুরূপ ব্যক্তিদের ধ্বংস করেছিলাম। তোমরা কেউ কি শিখতে চাও?

[54:52] Everything they did is recorded in the scriptures.

৫৪/ ৫২ তারা যা কিছু করেছিল তা ঐশীগ্রন্থগুলোতে লিপিবদ্ধ রয়েছে।

[54:53] Everything, small or large, is written down.

৫৪/ ৫৩ সবকিছু, ছোট অথবা বড় লিপিবদ্ধ করা হয়।

[54:54] Surely, the righteous have deserved gardens and rivers.

৫৪/ ৫৪ নিশ্চয়, সৎ কর্মীরা যোগ্য হয়েছে বাগান ও নদীগুলোর।

[54:55] In a position of honor, at an Omnipotent King.

৫৪/ ৫৫ সন্মানজনক একটি অবস্থানের,  
একজন সর্বশক্তিমান রাজার কাছে।

## Sura 55: Most Gracious (Al-Rahmaan)

[55:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[55:1] The Most Gracious.  
৫৫/১ পরম করুণাময়।

[55:2] Teacher of the Quran.  
৫৫/২ কুরআনের শিক্ষক।

[55:3] Creator of the human beings.  
৫৫/৩ মানুষের সৃষ্টিকর্তা।

[55:4] He taught them how to distinguish.  
৫৫/৪ তিনি তাদেরকে শিখিয়েছেন কিভাবে  
পার্থক্য করতে হয়।

[55:5] The sun and the moon are perfectly  
calculated.

৫৫/৫ সূর্য ও চাঁদ নিখুঁতভাবে গণনাকৃত।

[55:6] The stars and the trees prostrate.

৫৫/৬ তারকারাজি ও বৃক্ষকূল সেজদা করে।

[55:7] He constructed the sky and  
established the law.

৫৫/৭ তিনি আকাশ সৃষ্টি করেছেন এবং  
আইন প্রতিষ্ঠা করেছেন।

[55:8] You shall not transgress the law.

৫৫/৮ তোমরা আইনের সীমা অতিক্রম  
করো না।

[55:9] You shall establish justice; do not  
violate the law.

৫৫/৯ তোমরা ন্যায় বিচার প্রতিষ্ঠা কর;  
আইন লঙ্ঘন কর না।

[55:10] He created the earth for all  
creatures.

৫৫/১০ তিনি সকল সৃষ্টির জন্য পৃথিবী সৃষ্টি  
করেছেন।

[55:11] In it there are fruits, and date palms  
with their hanging fruit.\*

৫৫/১১ এতে রয়েছে ফল- ফলাদি, এবং  
খেজুর গাছ - এদের ঝুলন্ত ফলসহ।

\*55:11 Compare the spaceship Earth's  
renewable systems and reproducing  
astronauts, with the most sophisticated  
spaceships that we launch into space. God  
be glorified.

[55:12] Also grains and the spices.

৫৫/১২ আরও আছে খাদ্যশস্য ও মসলা।

[55:13] (*O humans and jinns,*) which of  
your Lord's marvels can you deny?

৫৫/১৩ (হে মানুষ ও জিন) তোমাদের প্রভুর  
কোন বিস্ময়কে তোমরা অস্বীকার করতে  
পার?

[55:14] He created the human from aged  
clay, like the potter's clay.

৫৫/১৪ তিনি মানুষকে সৃষ্টি করেছেন,  
কুমোরের কাঁদা সদৃশ পুরনো কাঁদা থেকে।

[55:15] And created the jinns from blazing  
fire.

৫৫/১৫ এবং জিনদের সৃষ্টি করেছেন জ্বলন্ত  
আগুন থেকে।

[55:16] (*O humans and jinns,*) which of  
your Lord's marvels can you deny?

৫৫/১৬ (হে মানুষ ও জিন) তোমাদের প্রভুর  
কোন বিস্ময়কে তোমরা অস্বীকার করতে  
পার?

[55:17] Lord of the two easts and the two  
wests.

৫৫/১৭ দুই পূর্ব এবং দুই পশ্চিমের প্রভু।

[55:18] Which of your Lord's marvels can  
you deny?

৫৫/১৮ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে  
তোমরা অস্বীকার করতে পার?

[55:19] He separates the two seas where  
they meet.

৫৫/১৯ তিনি দুই সাগরকে আলাদা করেন  
যখন এরা মিলিত হয়।

[55:20] A barrier is placed between them, to  
prevent them from transgressing.

৫৫/২০ এদের মধ্যে একটি দেয়াল রাখা  
হয়, যা এদেরকে সীমাতিক্রমে বাধা দেয়।

[55:21] Which of your Lord's marvels can  
you deny?

৫৫/২১ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে  
তোমরা অস্বীকার করতে পার?

[55:22] Out of both of them you get pearls  
and coral.

৫৫/২২ এদের উভয়ের থেকে তোমরা মুক্তা  
ও প্রবাল পাও।

[55:23] Which of your Lord's marvels can  
you deny?

৫৫/২৩ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে  
তোমরা অস্বীকার করতে পার?



[55:24] He gave you ships that roam the sea like flags.

৫৫/২৪ তিনি তোমাদেরকে জাহাজ দিয়েছেন যা পতাকার মত সাগরে ঘুরে বেড়ায়।

[55:25] Which of your Lord's marvels can you deny?

৫৫/২৫ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে তোমরা অস্বীকার করতে পার?

[55:26] Everyone on earth perishes.

৫৫/২৬ পৃথিবীর প্রত্যেকে ধ্বংসশীল।

[55:27] Only the presence of your Lord lasts. Possessor of Majesty and Honor.

৫৫/২৭ কেবলমাত্র তোমার প্রভুর উপস্থিতি স্থায়ী হয়। যিনি রাজকীয় ক্ষমতা ও সন্মানের অধিকারী।

[55:28] Which of your Lord's marvels can you deny?

৫৫/২৮ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে তোমরা অস্বীকার করতে পার?

[55:29] Imploring Him is everyone in the heavens and the earth. Every day He is in full control.

৫৫/২৯ আকাশমণ্ডলী ও পৃথিবীর সকলে তাঁর কাছে মিনতি করে। প্রত্যেক দিন তিনি সম্পূর্ণ নিয়ন্ত্রনরত।

[55:30] Which of your Lord's marvels can you deny?

৫৫/৩০ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে তোমরা অস্বীকার করতে পার?

[55:31] We will call you to account, O humans and jinns.

৫৫/৩১ হে মানুষ ও জিন, আমরা তোমাদের হিসাবের জন্য ডাকবো।

[55:32] Which of your Lord's marvels can you deny?

৫৫/৩২ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে তোমরা অস্বীকার করতে পার?

[55:33] O you jinns and humans, if you can penetrate the outer limits of the heavens and the earth, go ahead and penetrate. You cannot penetrate without authorization.

৫৫/৩৩ হে জীন ও মানুষ, যদি তোমরা আকাশমণ্ডলী ও পৃথিবীর শেষ সীমা ভেদ করতে পারো, তবে এগিয়ে যাও আর ভেদ করো। অনুমোদন ছাড়া তোমরা প্রবেশ করতে পারো না।

[55:34] Which of your Lord's marvels can you deny?

৫৫/৩৪ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে তোমরা অস্বীকার করতে পার?

[55:35] You get bombarded with projectiles of fire and metal, and you cannot win.

৫৫/৩৫ তোমরা আগুন ও ধাতুর গোলাবর্ষণে ধ্বংসপ্রাপ্ত হও, এবং তোমরা জয়ী হতে পারো না।

[55:36] Which of your Lord's marvels can you deny?

৫৫/৩৬ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে তোমরা অস্বীকার করতে পার?

[55:37] When the sky disintegrates, and turns rose colored like paint.

৫৫/৩৭ যখন আকাশ ভেঙ্গে যায় এবং রঙের মতো গোলাপি বর্ণ ধারণ করে।

[55:38] Which of your Lord's marvels can you deny?

৫৫/৩৮ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে তোমরা অস্বীকার করতে পার?

[55:39] On that day, no human, nor a jinn, will be asked about his sins.

৫৫/৩৯ ঐ দিন, না কোন মানুষ, না কোন জীন, তার পাপ সম্পর্কে জিজ্ঞাসিত হবে।

[55:40] Which of your Lord's marvels can you deny?

৫৫/৪০ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে তোমরা অস্বীকার করতে পার?

[55:41] (*This is because*) the guilty will be recognized by their looks; they will be taken by the forelocks and the feet.

৫৫/৪১ (এটি এ কারণে যে) অপরাধীদেরকে তাদের অঙ্গভঙ্গি দেখে চেনা যাবে; তাদেরকে মাথার অগ্রভাগের চুল ও পা ধরে নিয়ে যাওয়া হবে।

[55:42] Which of your Lord's marvels can you deny?

৫৫/৪২ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে তোমরা অস্বীকার করতে পার?

[55:43] This is Gehenna that the guilty used to deny.

৫৫/৪৩ এটা জাহান্নাম যা অপরাধীরা প্রত্যাখ্যান করতো।

[55:44] They will circulate between it and an intolerable inferno.\*

৫৫/৪৪ এটিতে এবং এক অসহনীয়  
অগ্নিকাণ্ডের মধ্যে তারা ঘুরতে থাকবে।  
\*55:44 Full details about the High Heaven,  
Low Heaven, the Purgatory, Hell, and the  
intolerable inferno are given in Appendices  
5 and 11.

[55:45] Which of your Lord's marvels can  
you deny?

৫৫/৪৫ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে  
তোমরা অস্বীকার করতে পার?

[55:46] For those who reverence the  
majesty of their Lord, two gardens (*one for  
the jinns and one for the humans*).

৫৫/৪৬ যারা তাদের প্রভুর রাজকীয়তাকে  
ভক্তি করে তাদের জন্য, দুটি বাগান  
(একটি জিনদের জন্য এবং একটি মানুষদের  
জন্য)।

[55:47] Which of your Lord's marvels can  
you deny?

৫৫/৪৭ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে  
তোমরা অস্বীকার করতে পার?

[55:48] Full of provisions.  
৫৫/৪৮ খাদ্যসামগ্রীতে পরিপূর্ণ।

[55:49] Which of your Lord's marvels can  
you deny?

৪৪/৪৯ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে  
তোমরা অস্বীকার করতে পার?

[55:50] Two springs are in them, flowing.  
৫৫/৫০ এদের মধ্যে রয়েছে দুটি বার্না,  
প্রবাহমান।

[55:51] Which of your Lord's marvels can  
you deny?

৫৫/৫১ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে  
তোমরা অস্বীকার করতে পার?

[55:52] Of every fruit in them, two kinds.  
৫৫/৫২ এদের প্রত্যেকটি ফল, দুই প্রকার।

[55:53] Which of your Lord's marvels can  
you deny?

৫৫/৫৩ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে  
তোমরা অস্বীকার করতে পার?

[55:54] While relaxing on furnishings lined  
with satin, the fruits are within reach.

৫৫/৫৪ যখন সাটিনের আবরণযুক্ত  
আসবাবে আরাম করবে, ফলগুলো তখন  
তাদের হাতের নাগালে থাকে।

[55:55] Which of your Lord's marvels can  
you deny?

৫৫/৫৫ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে  
তোমরা অস্বীকার করতে পার?

[55:56] Their beautiful mates were never  
touched by any human or jinn.

৫৫/৫৬ তাদের সুন্দর সঙ্গীদের কখনই কোন  
মানুষ অথবা জিন স্পর্শ করেনি।

[55:57] Which of your Lord's marvels can  
you deny?

৫৫/৫৭ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে  
তোমরা অস্বীকার করতে পার?

[55:58] They look like gems and coral.

৫৫/৫৮ তারা রত্ন ও প্রবলের মত দেখতে।

[55:59] Which of your Lord's marvels can  
you deny?

৫৫/৫৯ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে  
তোমরা অস্বীকার করতে পার?

[55:60] Is the reward of goodness anything  
but goodness?

৫৫/৬০ ভালোত্বের পুরস্কার ভালোত্ব ছাড়া কি  
হতে পারে?

[55:61] Which of your Lord's marvels can  
you deny?

৫৫/৬১ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে  
তোমরা অস্বীকার করতে পার?

[55:62] Below them are two gardens (*one  
for the jinns and one for the humans*).

৫৫/৬২ এদের নিচে আছে দুটি বাগান  
(একটি জিনদের জন্য এবং একটি মানুষদের  
জন্য)।

[55:63] Which of your Lord's marvels can  
you deny?

৫৫/৬৩ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে  
তোমরা অস্বীকার করতে পার?

[55:64] Side by side.

৫৫/৬৪ পাশাপাশি।

[55:65] Which of your Lord's marvels can  
you deny?

৫৫/৬৫ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে  
তোমরা অস্বীকার করতে পার?

[55:66] In them, wells to be pumped.

৫৫/৬৬ এদের মধ্যে আছে পানির কূপ  
যা থেকে উত্তোলন করতে হয়

[55:67] Which of your Lord's marvels can you deny?

৫৫/৬৭ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে তোমরা অস্বীকার করতে পার?

[55:68] In them are fruits, date palms, and pomegranate.

৫৫/৬৮ এদের মধ্যে আছে ফল, খেজুর গাছ, এবং আনার।

[55:69] Which of your Lord's marvels can you deny?

৫৫/৬৯ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে তোমরা অস্বীকার করতে পার?

[55:70] In them are beautiful mates.

৫৫/৭০ এদের মধ্যে আছে সুন্দর সঙ্গিরা।

[55:71] Which of your Lord's marvels can you deny?

৫৫/৭১ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে তোমরা অস্বীকার করতে পার?

[55:72] Confined in the tents.

৫৫/৭২ তাবুতে সীমিত।

[55:73] Which of your Lord's marvels can you deny?

৫৫/৭৩ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে তোমরা অস্বীকার করতে পার?

[55:74] No human ever touched them, nor a jinn.

৫৫/৭৪ কোন মানুষ কখনো তাদের স্পর্শ করেনি, না কোন জিন।

[55:75] Which of your Lord's marvels can you deny?

৫৫/৭৫ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে তোমরা অস্বীকার করতে পার?

[55:76] They relax on green carpets, in beautiful surroundings.

৫৫/৭৬ তারা সবুজ গালিচায় আরাম করে, সুন্দর পারিপার্শ্বিকতায়। চতুর্দিকের পরিবেষ্টনে।

[55:77] Which of your Lord's marvels can you deny?

৫৫/৭৭ তোমাদের প্রভুর কোন বিস্ময়কে তোমরা অস্বীকার করতে পার?

[55:78] Most exalted is the name of your Lord, Possessor of Majesty and Honor.

৫৫/৭৮ পরম সমুচ্চ তোমার প্রভুর নাম, যিনি মহানুভবতা ও সন্মানের অধিকারী।

## Sura 56: The Inevitable (Al-Waaq'ah)

[56:0] In the name of God, Most Gracious, Most Merciful

[56:1] When the inevitable comes to আআল pass.

৫৬/১ যখন সে অনিবার্য ঘটনা ঘটে।

[56:2] Nothing can stop it from happening.

৫৬/২ কোন কিছু এর ঘটীর সময়কে থামাতে পারে না।

[56:3] It will lower some, and raise others.

৫৬/৩ এটি কাউকে নিচে নামাবে, আর কাউকে উপরে তুলবে।

[56:4] The earth will be shaken up.

৫৬/৪ পৃথিবীকে ঝাঁকানো হবে।

[56:5] The mountains will be wiped out.

৫৬/৫ পর্বতমালা মুছে ফেলা হবে।

[56:6] As if they never existed.

৫৬/৬ যেন কখনো তাদের অস্তিত্ব ছিল না।

[56:7] You will be stratified into three kinds.

৫৬/৭ তোমরা তিন স্তরে বিভক্ত হয়ে পড়বে।

[56:8] Those who deserved bliss will be in bliss.

৫৬/৮ যারা পরম সুখের যোগ্য তারা পরম সুখে থাকবে।

[56:9] Those who deserved misery will be in misery.

৫৬/৯ যারা দুর্দশার যোগ্য তারা দুর্দশায় থাকবে।

[56:10] Then there is the elite of the elite.

৫৬/১০ এরপর আছে অভিজাতদের অভিজাত।

[56:11] They are those who will be closest (to God).

৫৬/১১ তারাই (ঈশ্বরের) সবচেয়ে নিকটবর্তী হবে।

[56:12] In the gardens of bliss.

৫৬/১২ পরম সুখের বাগানগুলোতে।

[56:13] Many from the first generations.\*

৫৬/১৩ অনেকেই প্রথম প্রজন্ম থেকে।

\*56:13-40 People who believe and nourish their souls through worshiping God alone are destined for the High Heaven. The contemporary followers of each messenger

*invariably suffer persecution from the traditionalists and adherents of the corrupted religion. Thus, they have a special place reserved for them in the High Heaven. All people who die before the age of 40 go to the Lower Heaven, at least (46:15).*

[56:14] Few from the later generations.

৫৬/১৪ পরবর্তী প্রজন্ম থেকে অল্প সংখ্যক।

[56:15] On luxurious furnishings.

৫৬/১৫ বিলাসবহুল আসবাবপত্রে।

[56:16] Enjoying everything, they will be neighbors.

৫৬/১৬ সবকিছু উপভোগ করে, তারা হবে প্রতিবেশী।

[56:17] Serving them will be immortal servants.

৫৬/১৭ তাদের সেবায় থাকবে অমর সেবকগন।

[56:18] With cups, pitchers and pure drinks.

৫৬/১৮ পেয়লা, জগ এবং বিশুদ্ধ পানীয় নিয়ে।

[56:19] They never run out, nor do they get bored.

৫৬/১৯ এগুলো কখনো ফুরিয়ে যায় না, না এরা একঘেয়ে হয়ে যায়।

[56:20] Fruits of their choice.

৫৬/২০ তাদের পছন্দের ফল- ফলাদি।

[56:21] Meat of birds that they desire.

৫৬/২১ পাখির মাংস যা তারা আকাংখা করে।

[56:22] Beautiful mates.

৫৬/২২ সুন্দর সঙ্গীরা।

[56:23] Like protected pearls.

৫৬/২৩ সুরক্ষিত মুক্তার মতো।

[56:24] Rewards for their works.

৫৬/২৪ তাদের কাজের জন্য পুরস্কার।

[56:25] They never hear any nonsense therein, nor sinful utterances.

৫৬/২৫ তারা কখনই সেখানে কোন ভিত্তিহীন কথা শোনে না, না পাপপূর্ণ কথাবার্তা।

[56:26] Only the utterance: "Peace, peace."

৫৬/২৬ শুধু সে কথন: "শান্তি, শান্তি।"

*The Lower Heaven  
নিম্নতম স্বর্গ*

[56:27] Those of the right side, will be on the right side.

৫৬/২৭ যারা ডান পাশের তারা ডান পাশে থাকবে।

[56:28] In lush orchards.

৫৬/২৮ ঘন ফল বাগানে।

[56:29] Fragrant fruits.

৫৬/২৯ সুগন্ধি ফল- ফলাদি।

[56:30] Extended shade.

৫৬/৩০ দীর্ঘ ছায়া।

[56:31] Abundant water.

৫৬/৩১ পর্যাপ্ত পানি।

[56:32] Many fruits.

৫৬/৩২ অনেক ফল।

[56:33] Never ending; never forbidden.

৫৬/৩৩ কখনো শেষ হবার নয়; কখনো নিষিদ্ধ নয়।

[56:34] Luxurious furnishings.

৫৬/৩৪ বিলাসবহুল আসবাবপত্র।

[56:35] We create for them mates.

৫৬/৩৫ আমরা তাদের জন্য সঙ্গি - সঙ্গিনী সৃষ্টি করি।

[56:36] Never previously touched.

৫৬/৩৬ পূর্বে কখনো স্পর্শ করা হয়নি।

[56:37] Perfectly matched.

৫৬/৩৭ একেবারে মানানসই ।

[56:38] For those on the right side.

৫৬/৩৮ তাদের জন্য যারা ডান পাশের।

[56:39] Many from the early generations.

৫৬/৩৯ অনেকেই প্রথমদিককার প্রজন্মদের থেকে।

[56:40] Many from the later generations.\*

৫৬/৪০ অনেকেই পরবর্তী প্রজন্মদের থেকে।  
\*56:13-40 People who believe and nourish their souls through worshipping God alone are destined for the High Heaven. The contemporary followers of each messenger invariably suffer persecution from the traditionalists and adherents of the corrupted religion. Thus, they have a special place reserved for them in the High Heaven. All people who die before the age of 40 go to the Lower Heaven, at least (46:15).

[56:41] Those of the left, will be on the left.

৫৬/৪১ যারা বাঁ দিকের, তারা বাঁ দিকে থাকবে।

[56:42] In misery and inferno.

৫৬/৪২ দুর্দশা ও অগ্নিকাণ্ডে।

[56:43] Even their shade is hot.

৫৬/৪৩ এমনকি তাদের ছায়াও উত্তপ্ত।

[56:44] Never cool, never tolerable.

৫৬/৪৪ কখনই ঠাণ্ডা নয়, কখনই সহনীয় নয়।

[56:45] They used to be rich.

৫৬/৪৫ তারা ধনী ছিল।

[56:46] They insisted on the great blasphemy.

৫৬/৪৬ তারা ঈশ্বরের প্রতি ঘোর মিথ্যাচারে অটল থাকত।

[56:47] They said, "After we die and turn to dust and bones, we get resurrected?"

৫৬/৪৭ তারা বলতো, “আমরা মরে যাবার পর এবং ধুলো ও হাড় হয়ে যাবার পর, আমরা পুনরুত্থিত হই?

[56:48] "Does this include our forefathers?"

৫৬/৪৮ “আমাদের পূর্ব পুরুষরাও কি হবে?”

[56:49] Say, "The early generations and the later generations.

৫৬/৪৯ বল, “প্রথমদিককার প্রজন্মদের এবং পরবর্তী প্রজন্মদের।

[56:50] "Will be summoned to a meeting on a predetermined day.

৫৬/৫০ “তলব করা হবে এক পূর্ব নির্ধারিত দিনের সাক্ষাতকারে ।

[56:51] "Then you, O disbelieving strayers.

৫৬/৫১ “তখন তোমরা, হে অবিশ্বাসী পথভ্রষ্টরা।

[56:52] "Will eat from the trees of bitterness.

৫৬/৫২ “খাবে তিক্ততার বৃক্ষ থেকে।

[56:53] "Filling your bellies ther#from.

৫৬/৫৩ “তা দিয়ে তোমাদের পেট ভরিয়ে।

[56:54] "Then drinking on top of it hellish drinks.

৫৬/৫৪ “এরপর এর সাথে নারকীয় পানীয় পান করে।

[56:55] "Then adding drinks of sand."

৫৬/৫৫ “এরপর বালুর পানীয় মিলিয়ে।”

[56:56] Such is their share on the Day of Judgment.

৫৬/৫৬ বিচারের দিনে এমনি তাদের অংশ।

*Reflections*

*ভেবে দেখা*

[56:57] We have created you, if you could only believe!

৫৬/৫৭ আমরা তোমাদের সৃষ্টি করেছি, যদি কেবল তোমরা বিশ্বাস করতে পারতে!

[56:58] Have you noted the semen that you produce?

৫৬/৫৮ তোমরা কি লক্ষ্য করেছ সে বীর্য যা তোমরা উৎপাদন করো?

[56:59] Did you create it, or did we?

৫৬/৫৯ এটা কি তোমরা সৃষ্টি করেছিলে, নাকি আমরা করেছিলাম?

[56:60] We have predetermined death for you. Nothing can stop us-

৫৬/৬০ তোমাদের জন্য আমাদের কাছে রয়েছে পূর্ব নির্ধারিত মৃত্যু। কোন কিছুই আমাদের থামাতে পারে না-

[56:61] from substituting new generations in your place, and establishing what you do not know.

৫৬/৬১ প্রতিস্থাপন করা হতে তোমাদের পরিবর্তে নতুন প্রজন্মকে, এবং প্রতিষ্ঠা করতে যা তোমরা জানো না।

[56:62] You know about the first creation. Do you not remember?

৫৬/৬২ তোমরা প্রথম সৃষ্টি সম্পর্কে জানো। তোমরা কি স্মরণ করো না?

[56:63] Have you noted the crops you reap?

৫৬/৬৩ তোমরা কি লক্ষ্য করেছ সে শস্যগুলো যা তোমরা কাটো?

[56:64] Did you grow them, or did we?

৫৬/৬৪ তোমরা কি সেগুলো উৎপন্ন করেছিলে, নাকি আমরা করেছিলাম?

[56:65] If we will, we can turn it into hay. Then you will lament:

৫৬/৬৫ যদি আমরা চাই, আমরা একে খড় কুটো করে দিতে পারি। তখন তোমরা বিলাপ করবেঃ

[56:66] "We lost.

৫৬/৬৬ “আমরা ক্ষতিগ্রস্ত।

[56:67] "We are deprived."

৫৬/৬৭ “আমাদের বঞ্চিত করা হয়েছে।”

[56:68] Have you noted the water you drink?

৫৬/৬৮ তোমরা কি লক্ষ্য করেছ সে পানি যা তোমরা পান করো?

[56:69] Did you send it down from the clouds, or did we?

৫৬/৬৯ তোমরা কি একে মেঘ থেকে নামিয়ে এনেছিলে, নাকি আমরা এনেছিলাম?

[56:70] If we will, we can make it salty. You should be thankful.

৫৬/৭০ যদি আমরা চাই, তবে আমরা একে লবণাক্ত করে দিতে পারি। তোমাদের কৃতজ্ঞ হওয়া উচিত।

[56:71] Have you noted the fire you ignite?

৫৬/৭১ তোমরা কি সে আগুনকে লক্ষ্য করেছ যা তোমরা জ্বালাও?

[56:72] Did you initiate its tree, or did we?

৫৬/৭২ তোমরা কি এর গাছগুলোর সূচনা করেছিলে, নাকি আমরা করেছিলাম?

[56:73] We rendered it a reminder, and a useful tool for the users.

৫৬/৭৩ আমরা একে করলাম একটি স্মরণিকা এবং একটি দরকারী জিনিস ব্যবহারকারীদের জন্য।

[56:74] You shall glorify the name of your Lord, the Great.

৫৬/৭৪ তুমি তোমরা প্রভুর নামের পবিত্রতা ঘোষণা করো, যিনি মহান।

*Only the Sincere Can Understand the Quran*

*কেবল মাত্র নিবেদিতরা কোরআন বুঝতে পারবে*

[56:75] I swear by the positions of the stars.

৫৬/৭৫ আমি নক্ষত্রদের অবস্থানের শপথ করছি।

[56:76] This is an oath, if you only knew, that is awesome.\*

৫৬/৭৬ এটি একটি শপথ, যদি তোমরা কেবল জানতে, যা অসাধারণ।  
\*56:75-76 *Our universe, the smallest and innermost of seven universes, contains a billion galaxies, a billion trillion stars, spanning billions of light years. These uncountable decillions of heavenly bodies maintain their orbits in a divinely controlled precision. The more we learn, the more we realize how awesome this oath is. See Appendix 6.*

[56:77] This is an honorable Quran.  
৫৬/৭৭ এটি একটি সন্মানিত কোরআন।

[56:78] In a protected book.  
৫৬/৭৮ একটি সংরক্ষিত গ্রন্থে।

[56:79] None can grasp it except the sincere.\*  
কেউ এটি উপলব্ধি করতে পারে না আন্তরিক ব্যক্তি ব্যতীত।  
\*56:79 *The insincere who are not satisfied with the Quran alone are divinely prevented from understanding the Quran. This concept is repeated throughout the Quran (17:45, 18:57). Consequently, they cannot understand this verse. For example, compare this translation of 7:3, 17:46, 41:44, & 56:79 with other translations.*

[56:80] A revelation from the Lord of the universe.  
৫৬/৮০ মহাবিশ্বের প্রভুর পক্ষ থেকে একটি প্রকাশনা।

[56:81] Are you disregarding this narration?  
৫৬/৮১ তোমরা কি এই বর্ণনাকে অবজ্ঞা করছো?

[56:82] Do you make it your business that you disbelieve?  
৫৬/৮২ তোমরা কি তোমাদের অবিশ্বাস করাকে ব্যবসা বানাও?

[56:83] When the time comes and it (*your soul*) reaches your throat-  
৫৬/৮৩ যখন সময় এসে যায় আর এটি (তোমাদের আত্মা) তোমাদের কণ্ঠে পৌঁছে-

[56:84] you will then look around.  
৫৬/৮৪ তখন তোমরা চারদিকে তাকাবে।

[56:85] We are closer to it than you are, but you do not see.  
৫৬/৮৫ তোমাদের চেয়ে আমরা এর অধিক নিকটবর্তী, কিন্তু তোমরা দেখ না।

[56:86] If it is true that you do not owe any accounting-  
৫৬/৮৬ যদি এটি সত্য হয় যে তোমাদের কোন জবাবদিহিতা নেই-

[56:87] why do you not restore (*your soul*), if you are truthful?  
৫৬/৮৭ কেন তোমরা (তোমাদের আত্মাকে) পুনরায় ফিরিয়ে নাও না, যদি তোমরা সত্যবাদী হয়ে থাক?

[56:88] If he is one of those close to Me-  
৫৬/৮৮ যদি সে আমার নিকটবর্তীদের একজন হয়-

[56:89] then joy, flowers, and gardens of bliss.  
৫৬/৮৯ তবে আনন্দ, ফুলসম্ভার এবং পরম সুখের বাগানসমূহ।

[56:90] And if he is one of the right-  
৫৬/৯০ আর যদি সে ডান পার্শ্বস্থদের একজন হয়-

[56:91] peace is the lot of those on the right.  
৫৬/৯১ শান্তিই তাদের ভাগ্য যারা ডান পার্শ্বস্থ।

[56:92] But if he is one of the disbelievers, the strayers-  
৫৬/৯২ কিন্তু যদি সে অবিশ্বাসী, পথভ্রষ্টদের একজন হয়-

[56:93] then an abode of inferno-  
৫৬/৯৩ তবে আগুনের একটি বাসস্থান-

[56:94] and burning in Hell.  
৫৬/৯৪ আর নরকে জ্বলতে থাকা,

[56:95] This is the absolute truth.  
৫৬/৯৫ এটি ধ্রুব সত্য।

[56:96] You shall glorify the name of your Lord, the Great.  
৫৬/৯৬ তুমি তোমরা প্রভুর নামের পবিত্রতা ঘোষণা করো, যিনি মহান।

## Sura 57: Iron (Al-Hadeed)

[57:0] In the name of God, Most Gracious, Most Merciful

[57:1] Glorifying **GOD** is everything in the heavens and the earth. He is the Almighty, Most Wise.

৫৭/১ আকাশমণ্ডলী ও পৃথিবীর সবকিছু ঈশ্বরের মহিমা ঘোষণা করেছে। তিনি সর্বশক্তিমান, সবচেয়ে প্রজ্ঞাবান।

[57:2] To Him belongs the kingship of the heavens and the earth. He controls life and death. He is Omnipotent.

৫৭/২ তাঁর অধীনে রয়েছে আকাশমণ্ডলী ও পৃথিবীর রাজত্ব। তিনি জীবন ও মৃত্যু নিয়ন্ত্রণ করেন। তিনি সর্বশক্তিমান।

[57:3] He is the Alpha and the Omega. He is the Outermost and the Innermost. He is fully aware of all things.

৫৭/৩ তিনি শুরু এবং শেষ। তিনি বাহিরতম এবং ভিতরতম। তিনি সকল বস্তু সম্পর্কে পূর্ণ অবগত।

৬১/১৪ হে যারা বিশ্বাস কর, ঈশ্বরের সমর্থনকারী হও, মরিয়ম পুত্র ইসার সিস্যদের মত, যখন সে তাদের বলল, “ঈশ্বরের রাহে কে আমরা সমর্থনকারী,” তারা বলল, “আমরা ঈশ্বরের সমর্থনকারী।” এরূপে, ইসরাইলের সন্তানদের একটি দল বিশ্বাস করলো এবং অন্য দলটি অবিশ্বাস করল। যারা বিশ্বাস করেছিল আমরা তাদেরকে তাদের শত্রুদের বিরুদ্ধে সাহায্য করলাম, যতক্ষণ না তারা জয়ী হল।

## Sura 62: Friday (Al-Jumu'ah)

[62:0] In the name of God, Most Gracious, Most Merciful

[62:1] Glorifying GOD is everything in the heavens and everything on earth; the King, the Most Sacred, the Almighty, the Most Wise.

৬২/১ আকাশমণ্ডলীর সবকিছু এবং পৃথিবীর সবকিছু ঈশ্বরের মহিমা ঘোষণা করে; যিনি রাজা, সবচেয়ে পবিত্র, সর্বশক্তিমান, সবচেয়ে প্রজ্ঞাবান।

[62:2] He is the One who sent to the gentiles a messenger from among them, to recite to them His revelations, purify them, and teach them the scripture and wisdom. Before this, they had gone far astray.

৬২/২ তিনিই সে সত্ত্বা যিনি (ঐশীগ্রন্থ সম্পর্কে) অজ্ঞ লোকদের কাছে একজন বার্তাবাহক পাঠিয়েছিলেন তাদেরই মধ্য থেকে, তাদের কাছে তাঁর প্রকাশনাবলি আবৃত্তি করতে, তাদেরকে পবিত্র করতে, তাদেরকে শিক্ষা দিতে ঐশীগ্রন্থ ও প্রজ্ঞা। এর আগে, তারা অত্যধিক পথচ্যুত হয়ে গিয়েছিল।

[62:3] And to many generations subsequent to them. He is the Almighty, Most Wise.

৬২/৩ এবং তাদের পরবর্তী বহু প্রজন্মের কাছে। তিনি সর্বশক্তিমান, সবচেয়ে প্রজ্ঞাবান।

[62:4] Such is GOD's grace that He bestows upon whomever He wills. GOD is Possessor of Infinite Grace.

৬২/৪ এমনি ঈশ্বরের করুণা তা তিনি যার প্রতি ইচ্ছা অর্পণ করেন। ঈশ্বর অসীম করুণার অধিকারী।

[62:5] The example of those who were given the Torah then failed to uphold it is like the donkey carrying great works of literature. Miserable indeed is the example of people who rejected GOD's revelations. GOD does not guide the wicked people.

৬২/৫ যাদেরকে তওরাত দেয়া হয়েছিল এরপর তা মেনে চলতে ব্যর্থ হয়েছিল

তাদের উদাহরণ সেই গাধার মত যে সাহিত্যের মহান কর্ম বহন করেছে। নিশ্চয় শোচনীয় সেই লোকদের উদাহরণ যারা ঈশ্বরের প্রকাশনাবলি প্রত্যাখ্যান করেছিল। ঈশ্বর মন্দ লোকদের পথ দেখান না।

[62:6] Say, "O you who are Jewish, if you claim that you are GOD's chosen, to the exclusion of all other people, then you should long for death if you are truthful!"

৬২/৬ বল, 'হে ইহুদিরা, যদি তোমরা দাবি কর যে তোমরা ঈশ্বরের বাছাইকৃত, অন্য সকল লোকদের বাদ দিয়ে, তবে তোমাদের উচিত মৃত্যু কামনা করা যদি তোমরা সত্যবাদী হও!'

[62:7] They will never long for it, because of what they have committed. GOD is fully aware of the wicked.

৬২/৭ তারা কখনই তা কামনা করবে না, তারা যা করেছে তার কারণে। ঈশ্বর মন্দদের সম্পর্কে পূর্ণ অবগত।

[62:8] Say, "The death that you are trying to evade will catch up with you sooner or later. Then you will be returned to the Knower of all secrets and declarations, then He will inform you of everything you had done."

৬২/৮ বল, "যে মৃত্যুকে তোমরা এড়াতে চাও তা আগে বা পরে তোমাদের পাকড়াও করবে। এরপর তোমরা সকল গোপন ও প্রকাশ্য বিষয়ের জানলেওয়ালার কাছে ফিরে যাবে, তখন তিনি তোমাদের জানাবেন যাকিছু তোমরা করেছিলে।

Important Commandments to All Believers  
সকল বিশ্বাসীদের প্রতি গুরুত্বপূর্ণ প্রত্যাদেশ

[62:9] O you who believe, when the Congregational Prayer (Salat Al-Jumu'ah) is announced on Friday, you shall hasten to the commemoration of GOD, and drop all business. This is better for you, if you only knew.

৬২/৯ হে যারা বিশ্বাস কর, যখন শুক্রবারের সম্মিলিত প্রার্থনার (সাতাত আলা জুম্মাহর) ঘোষণা দেয়া হয়, তোমরা



ঈশ্বরের স্মরণে ত্বরা কর, এবং সকল  
ব্যবসা বন্ধ কর। এটি তোমাদের জন্য  
উত্তম, যদি কেবল তোমরা জানতে।

[62:10] Once the prayer is completed, you may  
spread through the land to seek GOD's  
bounties, and continue to remember GOD  
frequently, that you may succeed.

৬২/১০ প্রার্থনা সম্পন্ন হলে, তোমরা  
জমিনে ছড়িয়ে পড়তে পারো ঈশ্বরের  
অনুগ্রহ সন্ধানে, এবং ঈশ্বরকে ঘন ঘন  
স্মরণ করতে থাক যাতে তোমরা সফলকাম  
হতে পার।

[62:11] When some of them come across a  
business deal, or some entertainment, they rush  
to it and leave you standing! Say, "What GOD  
possesses is far better than the entertainment or  
the business. GOD is the best Provider."

৬২/১১ যখন তাদের কেউ কেউ কোন  
ব্যবসায়িক লেনদেন বা কিছু বিনোদনের  
সম্মুখীন হয়, তারা এর দিকে দ্রুত ছুটে  
যায় এবং তোমাকে দাড় করিয়ে রাখে!  
বল, “যা ঈশ্বরের কাছে আছে তা বিনোদন  
বা ব্যবসা থেকে অনেক অনেক উত্তম।  
ঈশ্বর সর্বোত্তম রিজিকদাতা।

## Sura 63: The Hypocrites (Al-Munaafiqoon)

[63:0] In the name of God, Most Gracious, Most Merciful

[63:1] When the hypocrites come to you they say, "We bear witness that you are the messenger of **GOD**."\* **GOD** knows that you are His messenger, and **GOD** bears witness that the hypocrites are liars.

৬৩/১ যখন ভগুরা তোমার কাছে আসে তারা বলে, “আমরা সাক্ষ্য দেই যে আপনি ঈশ্বরের বার্তাবাহক।” ঈশ্বর জানেন যে তুমি ঈশ্বরের বার্তাবাহক, এবং ঈশ্বর সাক্ষ্য দেন যে ভগুরা মিথ্যাবাদী।

\*63:1 The "first pillar of Islam," as stated in 3:18 is to bear witness that God is the only god. But the corrupted "Muslim" scholars add "Muhammad is God's messenger," and this violates a number of commandments (see 2:285). Verse 63:1 is the only place in the Quran where such a statement is made. Only the hypocrites make such a statement.

[63:2] Under the guise of their apparent faith, they repel the people from the path of **GOD**. Miserable indeed is what they do.

৬৩/২ তাদের লোক- দেখানো বিশ্বাসের আড়ালে, তারা মানুষকে ঈশ্বরের পথে বাধা দেয়। নিশ্চয় শোচনীয় যা তারা করে।

[63:3] This is because they believed, then disbelieved. Hence, their minds are blocked; they do not understand.

৬৩/৩ এটা এ কারণে যে তারা বিশ্বাস করেছিল, এরপর অবিশ্বাস করলো। সুতরাং, তাদের মনগুলো তালাবদ্ধ; তারা বোঝে না।

*A Chip On Their Shoulders*  
তাদের যুদ্ধংদেহী মনোভাব

[63:4] When you see them, you may be impressed by their looks. And when they speak, you may listen to their eloquence. They are like standing logs. They think that every call is intended against them. These are the real enemies; beware of them. **GOD** condemns them; they have deviated.

৬৩/৪ যখন তুমি তাদের দেখ, তুমি হয়তো তাদের বাহ্যরূপ দেখে অভিভূত হবে। আর যখন তারা কথা বলে, তুমি হয়তো তাদের বাকপটুতা শুনে থাকবে। তারা দাঁড়িয়ে থাকা কাঠের তক্তার মতো। প্রতিটি আহবানকে তারা নিজেদের বিরুদ্ধে মনে করে। এরাই আসল শত্রু; তাদের ব্যাপারে

সাবধান হও। ঈশ্বর তাদের নিন্দা করেন; তারা পথচ্যুত হয়েছে।

[63:5] When they are told, "Come let the messenger of **GOD** pray for your forgiveness," they mockingly turn their heads, and you see them repel others and act arrogantly.

৬৩/৫ যখন তাদের বলা হয়, “আসো, ঈশ্বরের বার্তাবাহক তোমাদের জন্য প্রার্থনা করবে,” তারা উপহাস করে তাদের মাথা ঘুরিয়ে নেয়, আর তুমি দেখ তারা অন্যদের বাধা দেয় এবং উদ্ধত আচরণ করে।

*The Myth of Intercession Shattered\**

সুপারিশের মিথ্যা গল্প চূর্ণবিচূর্ণ হয়েছে

[63:6] It is the same for them, whether you pray for their forgiveness, or not pray for their forgiveness; **GOD** will not forgive them. For **GOD** does not guide the wicked people.

৬৩/৬ এটি তাদের জন্য সমান, তুমি তাদের ক্ষমার জন্য প্রার্থনা কর অথবা তাদের ক্ষমার জন্য প্রার্থনা না কর; ঈশ্বর তাদের ক্ষমা করবেন না। কারণ ঈশ্বর মন্দ লোকদের পথ প্রদর্শন করেন না।

\*63:6 Millions of people idolize their prophets because of this myth (Appendix 8).

[63:7] They are the ones who say, "Do not give any money to those who followed the messenger of **GOD**, perhaps they abandon him!" However, **GOD** possesses the treasures of the heavens and the earth, but the hypocrites do not comprehend.

৬৩/৭ তারা ই সে ব্যক্তি যারা বলে, “তাদেরকে কোন অর্থ দিও না যারা ঈশ্বরের বার্তাবাহকের অনুসরণ করে, হয়তো তারা তাকে পরিত্যাগ করবে।” কিন্তু, ঈশ্বরের কাছে রয়েছে আকাশমণ্ডলী ও পৃথিবীর সকল ধন-সম্পদ, কিন্তু ভগুরা অনুধাবন করে না।

[63:8] They say, "If we go back to the city, the powerful therein will evict the weak (and we will be victimized)." (They should know that) all dignity belongs to **GOD** and His messenger, and the believers. However, the hypocrites do not know.

৬৩/৮ তারা বলে, “যদি তোমরা সে শহরে ফিরে যাও, সেখানকার ক্ষমতাস্বত্বরা দুর্বলদের উচ্ছেদ করবে (এবং আমরা অত্যাচারের শিকার হবো)।” (তাদের জানা উচিত যে) সকল মর্যাদা ঈশ্বর ও তাঁর বার্তাবাহকের, এবং বিশ্বাসীদের। কিন্তু, ভগুরা জানে না।

[63:9] O you who believe, do not be distracted by your money and your children from remembering **GOD**. Those who do this are the losers.

৬৩/৯ হে যারা বিশ্বাস কর, তোমাদের অর্থ ও তোমাদের সন্তানদের দ্বারা ঈশ্বরের স্মরণ থেকে বিক্ষিপ্ত হইও না। যারা তা করে তারা ক্ষতিগ্রস্ত।

[63:10] You shall give from our provisions to you before death comes to you, then you say, "My Lord, if only You could delay this for a short while! I would then be charitable and join the righteous!"

৬৩/১০ তোমাদেরকে আমাদের দেয়া জীবিকা থেকে তোমরা দাও তোমাদের কাছে মৃত্যু আসার পূর্বে, অন্যথায় তোমরা বল, “আমাদের প্রভু, শুধু যদি কিছু সময়ের জন্য আপনি একে বিলম্বিত করাতে পারতেন! আমি তবে দানশীল হতাম এবং সৎ কর্মীদের সাথে যোগ দিতাম।

[63:11] **GOD** never delays the appointed time of death for any soul. **GOD** is fully Cognizant of everything you do.

৬৩/১১ ঈশ্বর কখনই কোন আত্মার মৃত্যুর নির্ধারিত সময়কে বিলম্বিত করেন না। তোমরা যা কিছু কর ঈশ্বর সে সম্পর্কে সম্পূর্ণ অবগত।

## Sura 64: Mutual Blaming (Al-Taghaabun)

পারস্পারিক দোষারোপ

[64:0] In the name of God, Most Gracious, Most Merciful

[64:1] Glorifying **GOD** is everything in the heavens and everything on earth. To Him belongs all kingship, and to Him belongs all praise, and He is Omnipotent.

৬৪/১ আকাশমণ্ডলীর সবকিছু এবং পৃথিবীর সবকিছু ঈশ্বরের মহিমা ঘোষণা করে। সকল রাজত্ব তাঁর, এবং সকল প্রশংসা তাঁর, এবং তিনি সর্বশক্তিমান।

[64:2] He is the One who created you, then among you there is the disbeliever, and the believer. **GOD** is fully Seer of everything you do.

৬৪/২ তিনিই সে সত্ত্বা যিনি তোমাদের সৃষ্টি করেছেন, এরপর তোমাদের মধ্যে আছে অবিশ্বাসী ও বিশ্বাসী। ঈশ্বর তোমাদের করা সবকিছুর পূর্ণ দ্রষ্টা।

[64:3] He created the heavens and the earth for a specific purpose,\* designed you and perfected your design, then to Him is the final destiny.

৬৪/৩ তিনি একটি নির্দিষ্ট উদ্দেশ্যে আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করেছেন, তোমাদের নকশা করেছেন এবং তোমাদের নকশাকে নিখুঁত করেছেন, এরপর তাঁর দিকেই চূড়ান্ত নিয়তি।

\*64:3 We are in this world due to God's immense mercy. The Most Gracious has given us a chance to redeem ourselves. See the Introduction & Appendix 7.

[64:4] He knows everything in the heavens and the earth, and He knows everything you conceal and everything you declare. **GOD** is fully aware of the innermost thoughts.

৬৪/৪ তিনি আকাশমণ্ডলী ও পৃথিবীর সবকিছু জানেন, এবং তিনি জানেন যা কিছু তোমরা গোপন কর আর যা কিছু তোমরা প্রকাশ কর। ঈশ্বর গভীরতম চিন্তাগুলো সম্পর্কে পূর্ণ অবগত।

[64:5] Have you noted those who disbelieved in the past, then suffered the consequences of their decision? They incurred a painful retribution.

৬৪/৫ তোমরা কি তাদের লক্ষ্য করেছো যারা অতীতে অবিশ্বাস করেছিল, এরপর তাদের

সিদ্ধান্তের ফল ভোগ করেছিল? তারা টেনে এনেছিল যন্ত্রণাদায়ক শাস্তি।

[64:6] This is because their messengers went to them with clear proofs, but they said, "Shall we follow humans like us?" They disbelieved and turned away. **GOD** does not need them; **GOD** is in no need, Praiseworthy.

৬৪/৬ এটা এই কারণে যে তাদের বার্তাবাহকরা স্পষ্ট প্রমাণাদি নিয়ে তাদের কাছে গিয়েছিল, কিন্তু তারা বলেছিল, “আমরা কি আমাদের মত মানুষের অনুসরণ করব?” তারা অবিশ্বাস করলো এবং মুখ ফিরিয়ে নিয়েছিল। তাদেরকে ঈশ্বরের প্রয়োজন নেই; ঈশ্বর অভাব মুক্ত, প্রশংসনীয়।

[64:7] Those who disbelieved claim that they will not be resurrected! Yes indeed, by my Lord, you will be resurrected, and you will be held accountable for everything you have done. This is easy for **GOD** to do.

৬৪/৭ যারা অবিশ্বাস করেছিল তারা দাবি করে যে তারা পুনরুত্থিত হবে না! হ্যাঁ নিশ্চয়, আমার প্রভুর শপথ, তোমরা পুনরুত্থিত হবে, এবং তোমাদেরকে হিসাব দিতে হবে সবকিছুর জন্য যা তোমরা করেছো। এটি ঈশ্বরের জন্য করা সহজ।

[64:8] Therefore, you shall believe in **GOD** and His messenger, and the light that we have revealed herein. **GOD** is fully Cognizant of everything you do.

৬৪/৮ অতএব, তোমরা বিশ্বাস কর ঈশ্বর ও তাঁর বার্তাবাহককে, এবং সে আলোকে যা আমরা এখানে প্রকাশ করেছি। তোমরা যা কিছু কর সে সম্পর্কে ঈশ্বর পূর্ণ অবগত।

[64:9] The day will come when He summons you to the Day of Summoning. That is the Day of Mutual Blaming. Anyone who believes in **GOD** and leads a righteous life, He will remit his sins, and will admit him into gardens with flowing streams. They abide therein forever. This is the greatest triumph.

৬৪/৯ সে দিন আসবে যখন তিনি তোমাদেরকে তলবের দিন তলব করবেন। এটাই পারস্পারিক দোষারোপের দিন। যে কেউ আল্লাহকে বিশ্বাস করে এবং সং জীবন যাপন করে, তিনি তার পাপ মোচন করবেন, এবং তাকে প্রবেশ করাবেন প্রবাহিত ঝর্ণা সহ বাগানে। তারা সেখানে চিরকাল বসবাস করে। এটাই সর্বশ্রেষ্ঠ বিজয়।

[64:10] As for those who disbelieve and reject our revelations, they are the dwellers of the Hellfire; they abide therein forever. What a miserable destiny!  
৬৪/১০ আর যারা অবিশ্বাস করে ও আমাদের প্রকাশনাবলি প্রত্যাখ্যান করে, তারা নরকাগ্নির বাসিন্দা; তারা সেখানে চিরকাল বাস করে। কি এক শোচনীয় নিয়তি!

*Divine Law*  
*স্বর্গীয় আইন*

[64:11] Nothing happens to you except in accordance with **GOD**'s will. Anyone who believes in **GOD**, He will guide his heart. **GOD** is fully aware of all things.  
৬৪/১১ তোমাদের কোনকিছুই ঘটে না ঈশ্বরের ইচ্ছা অনুসারে ব্যতীত। যে কেউ ঈশ্বরে বিশ্বাস করে, তিনি তার হৃদয়কে পথ দেখাবেন। ঈশ্বর সকল বস্তু সম্পর্কে পূর্ণ অবগত।

[64:12] You shall obey **GOD** and you shall obey the messenger. If you turn away, then the sole mission of our messenger is to deliver the message.  
৬৪/১২ তোমরা ঈশ্বরকে মান্য কর এবং বার্তাবাহককে মান্য কর। যদি তোমরা মুখ ফিরিয়ে নাও, তবে আমাদের বার্তাবাহকের একমাত্র উদ্দেশ্য হল বার্তা পৌঁছে দেওয়া।

[64:13] **GOD**: there is no other god besides Him. In **GOD** the believers shall trust.  
৬৪/১৩ ঈশ্বর : তাঁর পাশে অন্য কোন উপাস্য নেই। বিশ্বাসীরা ঈশ্বরে আস্থা রাখুক।

[64:14] O you who believe, your spouses and your children can be your enemies; beware. If you pardon, forget, and forgive, then **GOD** is Forgiver, Most Merciful.  
৬৪/১৪ হে যারা বিশ্বাস কর, তোমাদের জীবনসার্থী এবং তোমাদের সন্তানরা তোমাদের শত্রু হতে পারে; সতর্ক হও। যদি তোমরা মার্জনা কর, ভুলে যাও এবং ক্ষমা করো, তবে ঈশ্বর ক্ষমাশীল, সবচেয়ে করুণাময়।

[64:15] Your money and children are a test, and **GOD** possesses a great recompense.  
৬৪/১৫ তোমাদের অর্থ ও তোমাদের সন্তানাদি একটি পরীক্ষা, এবং ঈশ্বরের কাছে আছে এক মহা প্রতিদান।

[64:16] Therefore, you shall reverence **GOD** as much as you can, and listen, and obey, and give (*to charity*) for your own

good. Anyone who is protected from his own stinginess, these are the successful ones.

৬৪/১৬ অতএব, তোমরা ঈশ্বরের ভক্তি কর যত বেশি তোমরা পারো, এবং শোন, এবং মেনে চলো, এবং দাও (দান হিসেবে) তোমাদের নিজেদের ভালোর জন্য। যেকেউ তার নিজের কৃপণতা থেকে সুরক্ষিত, এরাই সফলকাম ব্যক্তি।

[64:17] If you lend **GOD** a loan of righteousness, He will multiply the reward for you manifold, and forgive you. **GOD** is Appreciative, Clement.

৬৪/১৭ যদি তোমরা ঈশ্বরকে সততার ঋণ দাও, তিনি তোমাদের জন্য পুরস্কার বহুগুনে বৃদ্ধি করবেন, এবং তোমাদের ক্ষমা করবেন। ঈশ্বর যথার্থ মূল্যায়নকারী, সহনশীল।

[64:18] The Knower of all secrets and declarations; the Almighty, Most Wise.  
৬৪/১৮ সকল গোপন ও প্রকাশ্য বিষয়ের জ্ঞানী; সর্বশক্তিমান। সবচেয়ে প্রজ্ঞাবান।

## Sura 65: Divorce (Al-Talaaq)

[65:0] In the name of God, Most Gracious, Most Merciful

[65:1] O you prophet, when you people divorce the women, you shall ensure that a divorce interim is fulfilled. You shall measure such an interim precisely.\* You shall reverence **GOD** your Lord. Do not evict them from their homes, nor shall you make life miserable for them, to force them to leave on their own, unless they commit a proven adultery. These are **GOD's** laws.

Anyone who transgresses **GOD's** laws commits an injustice against himself. You never know; maybe **GOD** wills something good to come out of this.

৬৫/১ হে নবি, যখন তোমরা পুরুষরা কোন নারীকে তালাক দাও, তোমরা নিশ্চিত হবে যে তালাকের অন্তবর্তীকাল পূর্ণ করা হয়েছে। তোমরা এই অন্তবর্তীকাল নির্ভুলভাবে গণনা করবে। তোমরা তোমাদের প্রভু ঈশ্বরকে ভক্তি করবে। তাদেরকে তাদের বাড়ি থেকে বের করে দিও না, না তোমরা তাদের জন্য জীবনকে অতিষ্ঠ করে তুলবে, নিজ থেকে তাদেরকে বের হয়ে যেতে বাধ্য করতে, যদি না তারা কোন প্রমাণিত ব্যভিচার করে। এগুলো ঈশ্বরের আইন। যেকোনো ঈশ্বরের আইন লঙ্ঘন করে সে তার নিজের বিরুদ্ধে অবিচার করে। তুমি কখনো জানো না; হয়তো ঈশ্বর চান এর থেকে ভালো কিছু হোক।

*\*65:1 The divorcee's interim, before becoming eligible for remarriage, is a waiting period of three menstruations. This ensures that the divorcee was not pregnant (2:228).*

[65:2] Once the interim is fulfilled, you may reconcile with them equitably, or go through with the separation equitably. You shall have two equitable witnesses witness the divorce before **GOD**. This is to enlighten those who believe in **GOD** and the Last Day. Anyone who reverences **GOD**, He will create an exit for him.

৬৫/২ অন্তবর্তীকাল পূর্ণ হওয়া মাত্র, তোমরা তাদের সাথে ন্যায়সঙ্গতভাবে পুনর্মিলিত হতে পারো অথবা ন্যায়সঙ্গতভাবে আলাদা হয়ে যেতে পারো। তালাকের সাক্ষী হওয়ার জন্য ঈশ্বরের সামনে তোমরা দুজন ন্যায়পরায়ণ সাক্ষী রাখবে। এর কারণ, জ্ঞান দান করা তাদেরকে যারা ঈশ্বর ও শেষ দিবসে বিশ্বাস করে। যেকোনো ঈশ্বরকে ভক্তি-শ্রদ্ধা করে, তিনি তার জন্য প্রস্থানের পথ সৃষ্টি করবেন।

[65:3] And will provide for him whence he never expected. Anyone who trusts in **GOD**, He suffices him. **GOD's** commands are done. **GOD** has decreed for everything its fate.

৬৫/৩ এবং তার জন্য জীবনোপকরণ

সরবরাহ করবেন যেখান থেকে সে কখনো আশা করেনি। যে কেউ ঈশ্বরের প্রতি আস্থা রাখে, তিনি তার জন্য যথেষ্ট ঈশ্বরের হুকুম সম্পাদিত হয়েছে। ঈশ্বর সবকিছুর জন্য এর নিয়তি নির্ধারণ করেছেন।

[65:4] As for the women who have reached menopause, if you have any doubts, their interim shall be three months. As for those who do not menstruate, and discover that they are pregnant, their interim ends upon giving birth. Anyone who reverences **GOD**, He makes everything easy for him.

৬৫/৪ আর যে নারী রজোবন্ধে পৌঁছেছে, যদি তোমাদের কোন সন্দেহ থাকে, তাদের অন্তবর্তীকাল হবে তিন মাস। আর যাদের ঋতুস্রাব হয়নি, এবং আবিষ্কার করে যে তারা অন্তঃসত্ত্বা, তাদের অন্তবর্তীকাল শেষ হবে সন্তান প্রসব করার পর। যে কেউ ঈশ্বরকে ভক্তি করে, তিনি সব কিছু তার জন্য সহজ করে দেন।

[65:5] This is **GOD's** command that He sends down to you. Anyone who reverences **GOD**, He remits his sins, and rewards him generously.

৬৫/৫ এটি ঈশ্বরের হুকুম যা তিনি তোমাদের কাছে অবতীর্ণ করেন। যে কেউ ঈশ্বরকে ভক্তি করে, তিনি তার পাপ ক্ষমা করেন এবং তাকে উদারভাবে পুরস্কৃত করেন।

[65:6] You shall allow them to live in the same home in which they lived with you, and do not make life so miserable for them that they leave on their own. If they are pregnant, you shall spend on them until they give birth. If they nurse the infant, you shall pay them for this service. You shall maintain the amicable relations among you. If you disagree, you may hire another woman to nurse the child.

৬৫/৬ তোমরা একই ঘরে তাদের বাস করতে দেবে যেখানে তারা তোমাদের সাথে বাস করতো এবং তাদের জীবনকে এতো দুঃসহ করে তুলো না যে তারা নিজ থেকে বের হয়ে যায়। যদি তারা অন্তঃসত্ত্বা হয়, তোমরা তাদের জন্য খরচ করবে যতক্ষণ না তারা সন্তান প্রসব করে। যদি তারা

নবজাতককে স্তন্য দান করে, এই সেবার জন্য তোমরা তাদের প্রাপ্য পারিশ্রমিক দাও। তোমরা তোমাদের মধ্যে শান্তিপূর্ণ সম্পর্ক বজায় রাখবে। যদি তোমরা অমত করো, তবে শিশুটিকে স্তন্য দান করতে অন্য নারীকে তোমরা ভাড়া করতে পার।

[65:7] The rich husband shall provide support in accordance with his means, and the poor shall provide according to the means that **GOD** bestowed upon him. **GOD** does not impose on any soul more than He has given it. **GOD** will provide ease after difficulty.

৬৫/৭ ধনী স্বামী তার সামর্থ্য অনুসারে ভরণপোষণ দিবে, এবং গরীব সে অনুসারে দিবে যা ঈশ্বর তার উপর অর্পণ করেছেন। আল্লাহ কোন আত্মাকে তাঁকে দেয়া সামর্থ্যের অতিরিক্ত বোঝা চাপিয়ে দেন না। ঈশ্বর কষ্টের পর আরাম দিবেন।

[65:8] Many a community rebelled against the commands of its Lord and against His messengers. Consequently, we held them strictly accountable, and requited them a terrible requital.

৬৫/৮ অনেক সম্প্রদায় তাদের প্রভুর প্রত্যাদেশাবলি ও তাঁর বার্তাবাহকদের বিরুদ্ধে বিদ্রোহ করেছিল। পরিণামে, আমরা তাদের কাছ থেকে কঠোর হিসাব নিয়েছিলাম, এবং তাদেরকে প্রতিদান দিয়েছিলাম এক যন্ত্রণাদায়ক প্রতিদান।

[65:9] They suffered the consequences of their decisions; a profound loss.

৬৫/৯ তারা তাদের সিদ্ধান্তের পরিণাম ভোগ করেছিল, এক অসামান্য ক্ষতি।

[65:10] **GOD** has prepared for them severe retribution. Therefore, you shall reverence **GOD**, O you who possess intelligence and believed. **GOD** has sent down to you a message—\*

৬৫/১০ ঈশ্বর তাদের জন্য কঠিন শাস্তি প্রস্তুত করেছেন। অতএব, তোমরা ঈশ্বরকে ভক্তি কর, হে যারা বুদ্ধিমত্তার অধিকারী এবং বিশ্বাস করেছো। ঈশ্বর তোমাদের কাছে একটি বার্তা অবতীর্ণ করেছেন-

\*65:10-11 The "Messenger" here is clearly the Quran. Verse 10 talks about "sending down a message," and this points to the Quran as the messenger in 65:11 (App. 20).

[65:11] a messenger\* who recites to you **GOD**'s revelations, clearly, to lead

those who believe and work righteousness out of the darkness into the light. Anyone who believes in **GOD** and leads a righteous life, He will admit him into gardens with flowing streams; they abide therein forever. **GOD** will generously reward him.

৬৫/১১ একজন বার্তাবাহক যে তোমাদের কাছে ঈশ্বরের প্রকাশনাবলি আবৃত্তি করে, স্পষ্টভাবে, তাদেরকে অন্ধকার থেকে আলোতে পরিচালিত করতে যারা বিশ্বাস করে ও সৎ জীবন যাপন করে। যেকোনো ঈশ্বরে বিশ্বাস করে ও সৎ জীবন যাপন করে, তিনি তাকে প্রবাহিত ঝর্ণা সহ বাগানে প্রবেশ করাবেন; তারা সেখানে চিরকাল বাস করবে। ঈশ্বর তাদেরকে উদারভাবে পুরস্কার দেবেন।  
\*65:10-11 The "Messenger" here is clearly the Quran. Verse 10 talks about "sending down a message," and this points to the Quran as the messenger in 65:11 (App. 20).

*Seven Universes And Seven Earths\**

*সাত মহাকাশ ও সাত পৃথিবী*

[65:12] **GOD** created seven universes and the same number of earths. The commands flow among them. This is to let you know that **GOD** is Omnipotent, and that **GOD** is fully aware of all things.

৬৫/১২ ঈশ্বর সৃষ্টি করেছেন সাত মহাকাশ এবং একই সংখ্যক পৃথিবী। এগুলোর মধ্যে প্রত্যাদেশাবলি প্রবাহিত হয়। এটি কেবল তোমাদের জানানোর জন্য যে ঈশ্বর সর্বশক্তিমান এবং ঈশ্বর সকল বস্তু সম্পর্কে পূর্ণ অবগত।

## Sura 66: Prohibition (Al-Tahreem)

[66:0] In the name of God, Most Gracious, Most Merciful

[66:1] O you prophet, why do you prohibit what GOD has made lawful for you, just to please your wives? GOD is Forgiver, Merciful.\*

৬৬/ ১ হে নবী, কেন তুমি তা নিষিদ্ধ করো, যা ঈশ্বর তোমার জন্য আইনসিদ্ধ করেছেন, কেবল তোমার স্ত্রীদের সন্তুষ্ট করতে? ঈশ্বর ক্ষমাশীল, করুণাময়।

\*66:1 Mohammedans around the world believe that Muhammad was infallible. This verse teaches us that he was indeed a fallible human being (18:110, 33:37, 40:66, 80:1).

[66:2] GOD has decreed for you the laws dealing with your oaths. GOD is your Lord, and He is the Omniscient, Most Wise.

৬৬/ ২ ঈশ্বর তোমাদের কসমের ক্ষেত্রে করণীয় বিষয়ে তোমাদের জন্য আইন জারী করেছেন। ঈশ্বর তোমাদের প্রভু, এবং তিনি সর্বজ্ঞ, পরম জ্ঞানী।

[66:3] The prophet had trusted some of his wives with a certain statement, then one of them spread it, and GOD let him know about it. He then informed his wife of part of the issue, and disregarded part. She asked him, "Who informed you of this?" He said, "I was informed by the Omniscient, Most Cognizant."

৬৬/ ৩ নবী একটি বিশেষ কথা'র ক্ষেত্রে তার কিছু স্ত্রীদের বিশ্বাস করেছিল, এরপর তাদের একজন তা ছড়িয়ে দিল, এবং ঈশ্বর এ বিষয়ে তাকে জানিয়ে দিলেন। সে এরপর তার স্ত্রীকে এ বিষয়ে কিছু জানালো, আর কিছু এড়িয়ে গেলো। তার স্ত্রী তাকে জিজ্ঞেস করল, "এটা তোমাকে কে জানিয়েছে?" সে বলল, "আমি জেনেছি সর্বজ্ঞ, সবচেয়ে জানলেওয়ালার মাধ্যমে।"

[66:4] If the two of you repent to GOD, then your hearts have listened. But if you band together against him, then GOD is his ally, and so is Gabriel and the righteous believers. Also, the angels are his helpers.

৬৬/ ৪ যদি তোমরা দু' জন ঈশ্বরের কাছে অনুশোচনা করো, তবে তোমাদের হৃদয়

শুনেছে। কিন্তু সকলে তোমরা তার বিরুদ্ধে জোট বাঁধলেও, ঈশ্বর তার মিত্র, এবং জিব্রাইল ও সৎকর্মী বিশ্বাসীগণও। এছাড়া, ফেরেশতারা তার সাহায্যকারী।

[66:5] If he divorces you, his Lord will substitute other wives in your place who are better than you; submitters (Muslims), believers (Mu'mins), obedient, repentant, worshipers, pious, either previously married, or virgins.

৬৬/ ৫ যদি সে তোমাদের তালাক দেয়, তার প্রভু তোমাদের স্থানে তাকে তোমাদের থেকে উত্তম স্ত্রী দেবেন; আত্মসমর্পণকারী (মুসলিম), বিশ্বাসী (মুমিন), মান্যকারী, অনুশোচনাকারী, উপাসনাকারী, ধার্মিক, হয়তো পূর্বে বিবাহিত বা কুমারী।

[66:6] O you who believe, protect yourselves and your families from the Hellfire whose fuel is people and rocks. Guarding it are stern and powerful angels who never disobey GOD; they do whatever they are commanded to do.

৬৬: ৬ হে তোমরা যারা বিশ্বাস কর, নিজে'কে ও তোমাদের পরিবারকে নরকাগ্নি থেকে রক্ষা কর, যার জ্বালানি মানুষ ও পাথর। একে পাহারা দিচ্ছে কঠোর এবং শক্তিশালী ফেরেশতারা যারা কখনো ঈশ্বরকে অমান্য করে না; তাদেরকে যা হুকুম করা হয় তারা তা সম্পাদন করে।

[66:7] O you who disbelieved, do not apologize today. You are being requited only for what you did.

৬৬: ৭ হে যারা অবিশ্বাস করেছ, আজ দু:খ প্রকাশ করো না। তোমরা যা করেছ, শুধু এর জন্যই তোমরা প্রতিফল পাও।

The Believers Repent  
বিশ্বাসীরা অনুশোচনা করে

[66:8] O you who believe, you shall repent to GOD a firm repentance. Your Lord will then remit your sins and admit you into gardens with flowing streams. On that day, GOD will not disappoint the prophet and those who believed with him. Their light will radiate in front of them and to their right. They will say, "Our Lord, perfect our light for us, and forgive us; You are Omnipotent."



৬৬: ৮ হে যারা বিশ্বাস কর, তোমরা ঈশ্বরের কাছে অনুশোচনা করবে, যা হবে এক দৃঢ় অনুশোচনা। তাহলে, তোমাদের প্রভু তোমাদের পাপ ক্ষমা করবেন আর তোমাদের প্রবেশ করাবেন প্রবাহিত ঝর্ণাসহ বাগানে। ঐ দিন, ঈশ্বর নবীকে ও তার সাথে যারা ছিল তাদেরকে নিরাশ করবেন না। তাদের আলো তাদের সামনে এবং তাদের ডান দিকে বিচ্ছুরিত হবে। তারা বলবে, “আমাদের প্রভু, আমাদের জন্য আমাদের আলোকে পূর্ণাঙ্গ করুন, এবং আমাদের ক্ষমা করুন; আপনি সর্বশক্তিমান।”

[66:9] O prophet, struggle against the disbelievers and the hypocrites and be stern with them. Their abode is Gehenna, and a miserable destiny.

৬৬: ৯ হে নবী, অবিশ্বাসী ও ভণ্ডদের বিরুদ্ধে সংগ্রাম কর এবং তাদের প্রতি কঠোর হও। তাদের বাসস্থান জাহান্নাম, এবং এক শোচনীয় ভাগ্য।

The Myth of Intercession Shattered

মধ্যস্থত্বের কল্পকাহিনী চূর্ণবিচূর্ণ হয়েছে

[66:10] GOD cites as examples of those who disbelieved the wife of Noah and the wife of Lot. They were married to two of our righteous servants, but they betrayed them and, consequently, they could not help them at all against GOD. The two of them were told, "Enter the Hellfire with those who deserved it."

৬৬: ১০ আল্লাহ উদাহরণ হিসেবে তাদের উল্লেখ করেন যারা অবিশ্বাস করেছিল, নূহের স্ত্রী এবং লুতের স্ত্রী। তারা আমাদের দু'জন সৎকর্মী বান্দার সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ ছিল, কিন্তু তারা তাদের সাথে বিশ্বাসঘাতকতা করেছিল এবং পরিণামে তারা তাদেরকে ঈশ্বরের বিরুদ্ধে একেবারেই সাহায্য করতে পারেনি। তাদের দুজনকে বলা হয়েছিল, “তাদের সাথে নরকাগ্নিতে প্রবেশ কর যারা এর যোগ্য।”

Examples of the Believers Pharaoh's Wife

বিশ্বাসীদের উদাহরণ: ফেরাউনের স্ত্রী

[66:11] And GOD cites as an example of those who believed the wife of Pharaoh. She said, "My Lord, build a home for me at You in

Paradise, and save me from Pharaoh and his works; save me from the transgressing people."

৬৬: ১১ এবং উদাহরণ হিসেবে ঈশ্বর তাদের উদ্ধৃতি দেন যারা বিশ্বাস করেছিল যেমন ফেরাউনের স্ত্রী। সে বলেছিল, “আমার প্রভু, স্বর্গে আপনার কাছে আমার জন্য একটি ঘর নির্মাণ করুন এবং আমাকে রক্ষা করুন ফেরাউন ও তার কাজকর্ম থেকে; আমাকে রক্ষা করুন সীমালঙ্ঘনকারী লোকদের থেকে।”

Mary

মরিয়ম

[66:12] Also Mary, the Amramite. She maintained her chastity, then we blew into her from our spirit. She believed in the words of her Lord and His scriptures; she was obedient.

৬৬: ১২ এছাড়া ছিল, ইমরানের কন্যা-মরিয়ম। সে তার সতীত্ব বজায় রেখেছিল, এরপর আমাদের আত্মা থেকে আমরা তার মধ্যে ফুঁকে দিলাম। সে তার প্রভুর বানীতে ও তাঁর ঐশীগ্রহে বিশ্বাস করেছিল; সে ছিল অনুগত।

## Sura 67: Kingship (Al-Mulk)

[67:0] In the name of God, Most Gracious, Most Merciful

[67:1] Most exalted is the One in whose hands is all kingship, and He is Omnipotent.  
[৬৭:১] সবচেয়ে মহিমান্বিত সে সত্ত্বা যাঁর হাতে রয়েছে সকল রাজত্ব, এবং তিনি সর্বশক্তিমান।

*The Purpose of Our Life\**  
*আমাদের জীবনের উদ্দেশ্য*

[67:2] The One who created death and life for the purpose of distinguishing those among you who would do better.\* He is the Almighty, the Forgiving.

[৬৭:২] সে সত্ত্বা যিনি সৃষ্টি করেছেন মৃত্যু এবং জীবন, তোমাদের মধ্যে তাদেরকে আলাদা করার উদ্দেশ্যে যারা উত্তম কাজ করবে। তিনি সর্বশক্তিমান, ক্ষমাশীল।

\*67:2 See the Introduction and Appendix 7 for details of the purpose behind this world.

[67:3] He created seven universes in layers. You do not see any imperfection in the creation by the Most Gracious. Keep looking; do you see any flaw?

[৬৭:৩] তিনি স্তরে স্তরে সৃষ্টি করেছেন, সাত মহাবিশ্ব। সবচেয়ে করুণাময়ের সৃষ্টিতে তুমি কোন অসম্পূর্ণতা দেখো না। দেখতে থাক; তুমি কি কোন ত্রুটি দেখো?

[67:4] Look again and again; your eyes will come back stumped and conquered.

[৬৭:৪] বার বার দেখো; তোমার চোখ হতবুদ্ধ ও পরাজিত হয়ে ফিরবে।

[67:5] We adorned the lowest universe with lamps, and guarded its borders with projectiles against the devils; we prepared for them a retribution in Hell.

[৬৭:৫] আমরা সর্বনিম্ন মহাবিশ্বকে প্রদীপ দিয়ে সজ্জিত করেছি এবং এর সীমান্তকে শয়তানদের বিরুদ্ধে ক্ষেপণাস্ত্র দিয়ে সুরক্ষিত করেছি; আমরা তাদের জন্য প্রস্তুত রেখেছি নরকের শাস্তি।

[67:6] For those who disbelieved in their Lord, the retribution of Gehenna. What a miserable destiny.

[৬৭:৬] যারা তাদের প্রভুকে অ বিশ্বাস করে, তাদের জন্য জাহান্নামের শাস্তি। কি এক শোচনীয় নিয়তি।

[67:7] When they get thrown therein, they hear its furor as it fumes.

[৬৭:৭] যখন তারা সেখানে নিষ্ফিষ্ট হয়, তারা এর হুংকার শুনতে পায় যখন তা ধোঁয়া ছড়ায়।

[67:8] It almost explodes from rage. Whenever a group is thrown therein, its guards would ask them, "Did you not receive a warner?"

[৬৭:৮] প্রচণ্ড ক্রোধে এটি প্রায় বিস্ফোরিত হয়। যখনই কোন দলকে সেখানে নিষ্ক্ষেপ করা হয়, এর প্রহরীরা তাদের জিজ্ঞাসা করবে, “তোমরা কি কোন সতর্ককারী পাওনি?”

[67:9] They would answer, "Yes indeed; a warner did come to us, but we disbelieved and said, 'GOD did not reveal anything. You are totally astray.'"

[৬৭:৯] তারা উত্তর দেবে, “হ্যাঁ নিশ্চয়, আমাদের কাছে একজন সতর্ককারী এসেছিল, কিন্তু আমরা অ বিশ্বাস করেছিলাম আর বলেছিলাম, “ঈশ্বর কোন কিছু প্রকাশ করেননি। তোমরা পুরোপুরি পথভ্রষ্ট।”

[67:10] They also say, "If we heard or understood, we would not be among the dwellers of Hell!"

[৬৭:১০] তারা আরও বলে, “যদি আমরা শুনতাম বা বুঝতাম, তবে আমরা নরকের বাসিন্দা হতাম না!”

[67:11] Thus, they confessed their sins. Woe to the dwellers of Hell.

[৬৭:১১] এভাবে, তারা তাদের পাপ স্বীকার করেছিল। দুঃখ তো নরকের বাসিন্দাদের।

[67:12] As for those who reverence their Lord, when alone in their privacy, they have attained forgiveness and a great recompense.

[৬৭:১২] আর যারা তাদের প্রভুকে ভক্তি-শ্রদ্ধা করে, তাদের একাকিত্বে, তারা অর্জন করেছে ক্ষমা এবং এক মহা প্রতিদান।

[67:13] Whether you keep your utterances secret, or declare them, He is fully aware of the innermost thoughts.

[৬৭:১৩] তোমরা তোমাদের কথা গোপন করো অথবা প্রকাশ করো, তিনি গভীরতম চিন্তাগুলো সম্পর্কে সম্পূর্ণ অবগত।

[67:14] Should He not know what He created? He is the Sublime, Most Cognizant.

[৬৭:১৪] তিনি কি জানবেন না যে তিনি কি সৃষ্টি করেছেন? তিনি মহীয়ান, সবচেয়ে অবগত।

[67:15] He is the One who put the Earth at your service. Roam its corners, and eat from His provisions. To Him is the final summoning.

[৬৭:১৫] তিনিই সে সত্ত্বা যিনি পৃথিবীকে তোমাদের সেবায় নিয়োজিত করেছেন। এর আনাচে-কানাচে ঘুরে বেড়াও, এবং তাঁর জীবিকা থেকে খাও। তাঁর কাছেই, চূড়ান্ত তলব।

[67:16] Have you guaranteed that the One in heaven will not strike the earth and cause it to tumble?

[৬৭:১৬] তোমরা কি নিশ্চয়তা দাও যে আকাশে যিনি আছেন তিনি পৃথিবীকে আঘাত করবেন না এবং একে ভেঙে ফেলবেন না?

[67:17] Have you guaranteed that the One in heaven will not send upon you a violent storm? Will you then appreciate the value of My warning?

[৬৭:১৭] তোমাদের কি নিশ্চয়তা দেয়া হয়েছে যে, আকাশে যিনি আছেন তিনি তোমাদের উপর প্রবল ঝড় পাঠাবেন না? তখন কি তোমরা আমার সতর্কবানীর মূল্য উপলব্ধি করবে?

[67:18] Others before them have disbelieved; how terrible was My requital!

[৬৭:১৮] তাদের পূর্বে অন্যরা অবিশ্বাস করেছিল; কি ভয়াবহ ছিল আমার প্রতিশোধ!

[67:19] Have they not seen the birds above them lined up in columns and spreading their wings? The Most Gracious is the One who holds them in the air. He is Seer of all things.

[৬৭:১৯] তারা কি তাদের উপরস্থ পাখিগুলোকে দেখেনি স্তম্ভাকারে বিন্যস্ত হতে এবং তাদের পাখা বিস্তৃত করতে? পরম করুণাময় হলেন সেই সত্ত্বা যিনি তাদেরকে বাতাসে ধরে রাখেন। তিনি সবকিছু দেখেন।

[67:20] Where are those soldiers who can help you against the Most Gracious? Indeed, the disbelievers are deceived.

[৬৭:২০] কোথায় ঐসব সৈন্যরা যারা পরম করুণাময়ের বিরুদ্ধে তোমাদের সাহায্য করতে পারে? নিশ্চয়, অবিশ্বাসীরা প্রতারিত।

[67:21] Who is there to provide for you, if He withholds His provisions? Indeed, they have plunged deep into transgression and aversion.

[৬৭:২১] কে আছে যে তোমাদের জীবিকা দিবে, যদি তিনি তাঁর জীবিকা আটকে রাখেন? নিশ্চয়, তারা সীমালঙ্ঘন এবং বিমুখতার গভীরে নিমজ্জিত হয়েছে।

[67:22] Is one who walks while slumped over on his face better guided, or one who walks straight on the right path?

[৬৭:২২] সে ব্যক্তি যে হাঁটার সময় মুখ খুবড়ে পড়ে সে উত্তম, না সে ব্যক্তি যে সঠিক পথে সোজা হাঁটে?

[67:23] Say, "He is the One who initiated you, and granted you the hearing, the eyes, and the brains. Rarely are you appreciative."

[৬৭:২৩] বল, “তিনি সেই সত্ত্বা যিনি তোমাদের সূচনা করেছেন, এবং তোমাদের দান করেছেন শ্রবণ শক্তি, চোখ এবং মস্তিষ্ক। তোমরা খুব কমই কৃতজ্ঞ।”

[67:24] Say, "He is the One who placed you on earth, and before Him you will be summoned."

[৬৭:২৪] বল, “তিনিই সে সত্ত্বা যিনি তোমাদেরকে পৃথিবীতে স্থান দিয়েছেন, এবং তাঁর সামনেই তোমাদের তলব করা হবে।”

[67:25] They challenge: "When will that prophecy come to pass, if you are truthful?"

[৬৭:২৫] তারা চ্যালেঞ্জ করে: “কখন সেই ভবিষ্যৎবাণী সংঘটিত হবে, যদি তোমরা সত্যবাদী হও?”

[67:26] Say, "Such knowledge is with **GOD**; I am no more than a manifest warner."

[৬৭:২৬] বল, “ঈশ্বরের কাছেই রয়েছে এর জ্ঞান; আমি একজন স্পষ্ট সতর্ককারীর চেয়ে বেশি কিছু নই।”

[67:27] When they see it happening, the faces of those who disbelieved will turn miserable, and it will be proclaimed: "This is what you used to mock."

[৬৭:২৭] যখন তারা একে সংঘটিত হতে দেখে, যারা অবিশ্বাস করেছিল তাদের মুখ দুর্দশাগ্রস্ত হয়ে পড়বে, এবং ঘোষণা করা হবে যে: “এটি তা-ই যা নিয়ে তোমরা উপহাস করত।”

[67:28] Say, "Whether **GOD** decides to annihilate me and those with me, or to shower us with His mercy, who is there to protect the disbelievers from a painful retribution?"

[৬৭:২৮] বল, “ঈশ্বর আমাকে ও আমার সাথে যারা আছে, তাদেরকে যদি ধ্বংস করার সিদ্ধান্ত নেন অথবা আমাদের প্রতি তাঁর দয়া বর্ষণ করেন, কে আছে যে অবিশ্বাসীদের রক্ষা করবে এক যন্ত্রণাদায়ক শাস্তি থেকে?”

[67:29] Say, "He is the Most Gracious; we believe in Him, and we trust in Him. You will surely find out who is really far astray."

[৬৭:২৯] বল, “তিনি সবচেয়ে করুণাময়; আমরা তাকে বিশ্বাস করি, এবং আমরা তাঁর প্রতি আস্থা রাখি। তোমরা নিশ্চয় জানতে পারবে কে সত্যিকার বহুদূর পথভ্রষ্ট।”

[67:30] Say, "What if your water sinks away, who will provide you with pure water?"

[৬৭:৩০] বল, “যদি তোমাদের পানি ভূগর্ভে ডুবে যায়, কে দেবে তোমাদের পরিষ্কার পানি?”

## Sura 68: The Pen (Al-Qalam)

[68:0] In the name of God, Most Gracious, Most Merciful

[68:1] NuN,\* the pen, and what they (the people) write.

৬৮/ ১ নুন, কলম, এবং যা তারা (লোকেরা) লিখে।

\*68:1 "NuN" is unique among the Quran's miraculous initials. See Appendix 1.

[68:2] You have attained a great blessing from your Lord; you are not crazy.

৬৮/ ২ তোমার প্রভুর পক্ষ থেকে তুমি একটি বিশাল অনুগ্রহ অর্জন করেছ; তুমি পাগল নও।

[68:3] You have attained a recompense that is well deserved.

৬৮/ ৩ তুমি যথোপযুক্ত প্রতিদান অর্জন করেছ।

[68:4] You are blessed with a great moral character.

৬৮/ ৪ তুমি মহান নৈতিক চরিত্র দ্বারা অনুগ্রহপ্রাপ্ত।

[68:5] You will see, and they will see.

৬৮/ ৫ তুমি দেখবে, এবং তারাও দেখবে।

[68:6] Which of you are condemned.

৬৮/ ৬ তোমাদের কে নিন্দিত।

[68:7] Your Lord is fully aware of those who strayed off His path, and He is fully aware of those who are guided.

৬৮/ ৭ তোমার প্রভু তাদের বিষয়ে সম্পূর্ণ অবগত যারা তাঁর পথ থেকে সরে গেছে এবং তিনি তাদের বিষয়ে সম্পূর্ণ অবগত যারা সুপথ প্রাপ্ত।

[68:8] Do not obey the rejectors.

৬৮/ ৮ প্রত্যাখ্যানকারীদের মান্য করো না।

[68:9] They wish that you compromise, so they too can compromise.

৬৮/ ৯ তারা চায় যে, তুমি আপস করো, যাতে তারাও আপস করতে পারে।

[68:10] Do not obey every lowly swearer.

৬৮/ ১০ মান্য করো না কোন হীন

শপথকারীকে ।

[68:11] A slanderer, a backbiter.

৬৮/ ১১ কোন পরনিন্দাকারীকে, কোন কুৎসা রটনাকারীকে।

[68:12] Forbidder of charity, a transgressor, a sinner.

৬৮/ ১২ দান করতে নিষেধকারীকে, কোন সীমালঙ্ঘনকারীকে, কোন পাপীকে।

[68:13] Unappreciative, and greedy.

৬৮/ ১৩ অকৃতজ্ঞ, এবং লোভীকে।

[68:14] Even though he possessed enough money and children.

৬৮/ ১৪ এমনকি যদিও তার আছে যথেষ্ট অর্থ ও সন্তানাদি।

[68:15] When our revelations are recited to him, he says, "Tales from the past!"

৬৮/ ১৫ যখন আমাদের প্রকাশনাবলি তার কাছে পাঠ করা হয়, সে বলে, “অতীতের কল্প-কাহিনী!”

[68:16] We will mark his face.

৬৮/ ১৬ আমরা তার মুখমণ্ডল চিহ্নিত করে দিবো।

[68:17] We have tested them like we tested the owners of the garden who swore that they will harvest it in the morning.

৬৮/ ১৭ আমরা তাদের পরীক্ষা করেছি যেমন আমরা পরীক্ষা করেছিলাম বাগানের মালিকদের, যারা কসম খেয়েছিল যে সকালে তারা ফসল কাটবে।

[68:18] They were so absolutely sure.

৬৮/ ১৮ তারা এতোটাই শতভাগ নিশ্চিত ছিল।

[68:19] A passing (storm) from your Lord passed by it while they were asleep.

৬৮/ ১৯ যখন তারা ঘুমিয়ে ছিল, তখন তোমার প্রভুর কাছ থেকে একটি বয়ে যাওয়া (ঝড়) এর উপর দিয়ে গেল।

[68:20] By morning, it was barren.

৬৮/ ২০ সকাল নাগাদ, এটি শস্যহীন হয়ে

পড়লো।

[68:21] They called on each other in the morning.

৬৮/ ২১ তারা সকালে একে অন্যের কাছে গেল।

[68:22] "Let us harvest the crop.

৬৮/ ২২ “চল আমরা ফসল কাটতে যাই।

[68:23] On their way, they confided to each other.

৬৮/ ২৩ যাবার পথে, তারা একে অন্যের উপর আস্থা রাখলো।

[68:24] That from then on, none of them would be poor.

৬৮/ ২৪ এ ব্যাপারে যে, এরপর থেকে, তাদের কেউ গরীব থাকবে না।

[68:25] They were so absolutely sure of their harvest.

৬৮/ ২৫ তারা তাদের ফসল কাটার বিষয়ে এতোটাই শতভাগ নিশ্চিত ছিল।

[68:26] But when they saw it, they said, "We were so wrong!

৬৮/ ২৬ কিন্তু যখন তারা তা দেখল, তারা বলল, “আমরা কতটা ভুল ছিলাম!

[68:27] "Now, we have nothing!"

৬৮/ ২৭ “এখন, আমাদের কিছুই নেই!”

*They Should Have Said: "God Willing."*

*তাদের বলা উচিত ছিলঃ “ঈশ্বর যদি চান”*

[68:28] The righteous among them said, "If only you had glorified (God)!"

৫৮/ ২৮ তাদের মধ্যে সৎকর্মীরা বলল, “যদি কেবল আমরা (ঈশ্বরের) মহিমা ঘোষণা করতাম!”

[68:29] They said, "Glory be to our Lord. We have transgressed."

৬৮/ ২৯ তারা বলল, “আমাদের প্রভুর মহিমা। আমরা সীমালঙ্ঘন করেছি।”

[68:30] They started to blame each other.

৬৮/ ৩০ তারা একে অন্যের উপর দোষারোপ শুরু করলো।

[68:31] They said, "Woe to us. We sinned.

৬৮/ ৩১ তারা বলল, “দুঃখ আমাদের। আমরা পাপ করেছি।

[68:32] "May our Lord grant us a better one. We repent to our Lord."

৬৮/ ৩২ “আমাদের প্রভু যেন আমাদেরকে আরেকটি উত্তম বাগান দান করেন। আমরা আমাদের প্রভুর কাছে অনুশোচনা করি।”

[68:33] Such was the requital. But the retribution of the Hereafter is far worse, if they only knew.

৬৮/ ৩৩ এমনই ছিল প্রতিদান। কিন্তু পরকালের শাস্তি অধিকতর মন্দ, যদি কেবল তারা জানত।

[68:34] The righteous have deserved, at their Lord, gardens of bliss.

৬৮/ ৩৪ সৎকর্মীগণ অর্জন করেছে, তাদের প্রভুর কাছে, পরম সুখের বাগান।

[68:35] Shall we treat the submitters like the criminals?

৬৮/ ৩৫ আমরা কি আত্মসমর্পণকারীদের গণ্য করবো অপরাধীদের মত?

[68:36] What is wrong with your logic?

৬৮/ ৩৬ তোমাদের যুক্তিতে সমস্যা কোথায়?

[68:37] Do you have another book to uphold?

৬৮/ ৩৭ তোমাদের কি মান্য করার অন্যকোন গ্রন্থ আছে?

[68:38] In it, do you find anything you want?

৬৮/ ৩৮ এর মধ্যে, তোমরা কি যা চাও তা-ই পাও?

[68:39] Or, have you received solemn assurances from us that grant you whatever you wish on the Day of Resurrection?

৬৮/ ৩৯ অথবা, তোমরা কি আমাদের কাছ থেকে দৃঢ় নিশ্চয়তা পেয়েছ যে পুনরুত্থান দিনে তোমরা যা চাও তা-ই পাবে?

[68:40] Ask them, "Who guarantees this for you?"

৬৮/ ৪০ তাদের জিজ্ঞেস করো, “কে

তোমাদেরকে এমন অঙ্গীকার দেয়?”

[68:41] Do they have idols? Let their idols help them, if they are truthful.

৬৮/ ৪১ তাদের কি অন্যকোন উপাস্য আছে? তাদের উপাস্যরা তাদের সাহায্য করুক, যদি তারা সত্যবাদী হয়।

[68:42] The day will come when they will be exposed, and they will be required to fall prostrate, but they will be unable to.

৬৮/ ৪২ সেদিন আসবে যখন তারা প্রকাশিত হয়ে পড়বে, এবং তাদেরকে সেজদা করতে বলা হবে, কিন্তু তারা সক্ষম হবে না।

[68:43] With their eyes subdued, humiliation will cover them. They were invited to fall prostrate when they were whole and able.

৬৮/ ৪৩ তাদের দৃষ্টি নতজানু হবে, অপমান তাদেরকে ঘিরে ফেলবে। তাদেরকে সেজদা করতে আমন্ত্রন জানানো হতো যখন তারা অক্ষত ও সক্ষম ছিল।

[68:44] Therefore, let Me deal with those who reject this Hadith; we will lead them on whence they never perceive.

৬৮/ ৪৪ অতএব, আমাকে তাদের বিষয়ে ব্যবস্থা নিতে দাও যারা এই হাদিস প্রত্যাখ্যান করে, আমরা তাদেরকে সেখানে পরিচালিত করবো যেখানে তারা কখনই অনুধাবন করে না।

[68:45] I will give them enough rope; My scheming is formidable.

৬৮/ ৪৫ আমি তাদেরকে যথেষ্ট ছাড় দেব; আমার পরিকল্পনা অভেদ্য।

[68:46] Are you asking them for money, so they are burdened by the fine?

৬৮/ ৪৬ তুমি কি তাদের কাছে অর্থ চাইছো, তাই তারা জরিমানার কারণে ভারগ্রস্থ হয়ে পড়েছে?

[68:47] Do they know the future? Do they have it recorded?

৬৮/ ৪৭ তারা কি ভবিষ্যৎ জানে? তাদের কাছে কি তা লিপিবদ্ধ আছে?

[68:48] You shall steadfastly persevere in carrying out the commands of your Lord. Do not be like (Jonah) who called from inside the fish.

৬৮/ ৪৮ তুমি তোমার প্রভুর হুকুম পালনে দৃঢ়তার সাথে অবিচল থাকবে। (ইউনুস,) যে মাছের ভিতর থেকে ডেকেছিল তার মতো হইও না।

[68:49] If it were not for his Lord's grace, he would have been ejected into the desert as a sinner.

৬৮/ ৪৯ যদি তোমার প্রভুর পক্ষ থেকে করুণা না হতো, তবে সে পাপী হিসেবে মরুভূমিতে নিক্ষিপ্ত হতো।

[68:50] But his Lord blessed him, and made him righteous.

৬৮/ ৫০ কিন্তু তার প্রভু তাকে অনুগ্রহ করলেন, এবং তাকে সৎকর্মী বানালেন।

[68:51] Those who disbelieved show their ridicule in their eyes when they hear the message and say, "He is crazy!"

৬৮/ ৫১ যারা অ বিশ্বাস করে, তারা যখন বার্তা শোনে তারা তাদের চাহনি দিয়ে উপহাস করে এবং বলে, “সে পাগল!”

[68:52] It is in fact a message to the world.

৬৮/ ৫২ এটি প্রকৃতপক্ষে বিশ্ববাসীর কাছে একটি বার্তা।

## Sura 69: Incontestable (Al-Haaqqah)

[69:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[69:1] The incontestable (*event*).  
৬৯/১ সে তর্কাতীত (ঘটনা)।

[69:2] What an incontestable (*event*)!  
৬৯/২ কি এক তর্কাতীত (ঘটনা)!

[69:3] It is truly incontestable.  
৬৯/৩ এটি সত্যিই তর্কাতীত।

[69:4] Thamûd and 'Ād disbelieved in the  
Shocker.  
৬৯/৪ সামুদ ও আদ অবিশ্বাস করেছিল প্রচণ্ড  
আঘাতকারীকে।

[69:5] As for Thamûd, they were  
annihilated by the devastating (*quake*).  
৬৯/৫ সামুদের ক্ষেত্রে, তারা বিলুপ্ত হয়েছিল  
বিধ্বংসী (কম্পন) দ্বারা।

[69:6] As for 'Ād, they were annihilated by  
a persistent, violent storm.  
৬৯/৬ আদের ক্ষেত্রে, তারা বিলুপ্ত হয়েছিল  
এক অনবরত, তীব্র ঝড় দ্বারা।

[69:7] He unleashed it upon them for seven  
nights and eight days, violently. You could  
see the people tossed around like decayed  
palm trunks.  
৬৯/৭ একে তিনি তাদের উপর ছেড়ে  
দিয়েছিলেন সাত রাত ও আট দিনের জন্য,  
হিংস্রভাবে। তুমি লোকদের দেখতে পেতে  
চারদিকে ছুড়ে পড়ছিল, ক্ষয়প্রাপ্ত খেজুর  
গাছের কাণ্ডের মতো।

[69:8] Can you find any trace of them?  
৬৯/৮ তুমি কি তাদের কারো চিহ্ন পাও?

[69:9] Pharaoh, others before him, and the  
sinners (*of Sodom*) were wicked.  
৬৯/৯ ফেরাউন, তার পূর্বে অন্যরা এবং  
(সডমের) পাপিরা ছিল মন্দ।

[69:10] They disobeyed the messenger of  
their Lord. Consequently, He requited them  
a devastating requital.  
৬৯/১০ তারা তাদের প্রভুর বার্তাবাহককে  
অমান্য করেছিল। পরিণামে, তিনি তাদের  
প্রতিদান দিয়েছিলেন, বিধ্বংসী এক  
প্রতিদান।

[69:11] The flood was devastating, so we  
carried you on the floating (*ark*).  
৬৯/১১ বন্যাটি ছিল বিধ্বংসী, তাই আমরা  
তোমাদের ভাসমান (নৌযানে) আরোহণ  
করিয়েছিলাম।

[69:12] We rendered it a lesson for you, that  
any listening ear may understand.  
৬৯/১২ আমরা তোমাদের জন্য একে করেছি  
একটি শিক্ষা, যাতে কোন শ্রবনরত কান  
বুঝতে পারে।

[69:13] When the horn is blown once.  
৬৯/১৩ একবার যখন শিঙ্গায় ফুঁ দেয়া হয়।

[69:14] The earth and the mountains will be  
carried off and crushed; utterly crushed.  
৬৯/১৪ পৃথিবী ও পর্বতমালাকে বয়ে আনা  
হবে এবং চূর্ণ-বিচূর্ণ করা হবে; একেবারেই  
চূর্ণ-বিচূর্ণ।

[69:15] That is the day when the inevitable  
event will come to pass.  
৬৯/১৫ ঐটা সেই দিন যখন সে অনিবার্য  
ঘটনা সংঘটিত হবে।

[69:16] The heaven will crack, and fall  
apart.  
৬৯/১৬ আকাশ ফেটে পড়বে, এবং ছিন্ন  
হবে।

[69:17] The angels will be all around, and  
Your Lord's dominion will then encompass  
eight (*universes*).  
৬৯/১৭ ফেরেশতারা চারদিকে থাকবে, এবং  
তোমার প্রভুর রাজ্য তখন পরিবেষ্টন করবে  
আট (মহাবিশ্বে)।

\*69:17 This earth is full of misery because  
of its physical distance from God, since it is  
in the seventh universe (7:143). In the  
Hereafter, an eighth universe will be  
created that will be even farther than our  
seventh universe; it will be called "Hell"  
(89:23).

[69:18] On that day, you will be exposed,  
nothing of you can be hidden.  
৬৯/১৮ ঐদিন, তোমাদের আসল চেহারা  
উন্মোচিত হবে, তোমাদের কোনকিছুই  
গোপন করা যাবে না।

*The Believers*  
বিশ্বাসীগণ



[69:19] As for the one who receives his record with his right hand, he will say, "Come read my record.  
৬৯/১৯ আর যে ব্যক্তি তার রেকর্ড তার ডান হাতে পায়, সে বলবে, "এসো আমার রেকর্ড পড়।

[69:20] "I did believe that I was going to be held accountable."  
৬৯/২০ "আমার বিশ্বাস ছিল যে আমি জবাবদিহি করতে যাচ্ছিলাম। "

[69:21] He has deserved a happy life.  
৬৯/২১ সে সুখী জীবনের যোগ্য হয়েছে।

[69:22] In an exalted Paradise.  
৬৯/২২ একটি সুউচ্চ স্বর্গে।

[69:23] Its fruits are within reach.  
৬৯/২৩ এর ফলগুলো হাতের নাগালের মধ্যে।

[69:24] Eat and drink happily in return for your works in days past.  
৬৯/২৪ অতীতের দিনগুলোয় তোমাদের কাজের বিনিময়ে সানন্দে খাও এবং পান করো।

#### *The Disbelievers* *অবিশ্বাসীরা*

[69:25] As for him who is given his record in his left hand, he will say, "Oh, I wish I never received my record.  
৬৯/২৫ আর যার রেকর্ড তার বাম হাতে দেয়া হবে, সে বলবে, "হায়, আমি যদি কখনই আমার রেকর্ড না পেতাম।

[69:26] "I wish I never knew my account.  
৬৯/২৬ "আমি যদি কখনই আমার হিসাব না জানতাম।

[69:27] "I wish my death was eternal.  
৬৯/২৭ "আমার মৃত্যুই যদি চিরস্থায়ী হত।

[69:28] "My money cannot help me.  
৬৯/২৮ "আমার টাকাপয়সা আমাকে সাহায্য করতে পারে না।

[69:29] "All my power is gone."  
৬৯/২৯ "আমার সকল ক্ষমতা চলে গেছে।"

[69:30] Take him and shackle him.  
[95:1] By the fig and the olive.  
শপথ ডুমুর ও জলপাই-এর।

[95:2] Mount Sinai.  
সিনাই পর্বত।

[95:3] And this honored town (Mecca).\*  
এবং এই সম্মানিত শহর (মক্কা)।\*  
\*95:1-3 The fig, olive, Sinai, and Mecca  
possibly symbolize Adam, Jesus, Moses,  
Abraham, and Muhammad, respectively. Thus,  
all major religions are represented.

[95:4] We created man in the best design.  
আমরা মানুষকে সর্বোত্তম নকশায় সৃষ্টি  
করলাম।

[95:5] Then turned him into the lowliest of the  
lowly.  
এরপর তাকে ফিরিয়ে দিলাম হীনতার  
সর্বনিম্নে।

[95:6] Except those who believe and lead a  
righteous life; they receive a reward that is  
well deserved.  
তাদের ব্যতীত যারা বিশ্বাস করে এবং  
সৎকর্মশীল জীবন-যাপন করে; তারা  
যথাযোগ্য পুরস্কার পায়।

[95:7] Why do you still reject the faith?  
এরপরও কেন তোমরা বিশ্বাস করা  
প্রত্যাখ্যান করো?

[95:8] Is GOD not the Most Wise, of all the  
wise ones?  
সকল প্রজ্ঞাবানদের থেকে, আল্লাহ কি  
সবচেয়ে প্রজ্ঞাবান নন?



## Sura 96, The Embryo (Al-'Alaq)

জ্ঞান

[96:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[96:1] Read, in the name of your Lord, who  
created.\*

পড়, তোমার প্রভুর নামে, যিনি সৃষ্টি  
করেছেন।

\*96:1-19 From 96 to 114 is 19 suras. The first  
revelation (96:1-5) is 19 Arabic words, 76  
letters (19x4). The sura consists of 19 verses  
and 304 Arabic letters (App. 1 & 23).

[96:2] He created man from an embryo.  
তিনি মানুষকে সৃষ্টি করেছেন জ্ঞান থেকে।

[96:3] Read, and your Lord, Most Exalted.  
পড়, এবং তোমার প্রভু, সবচেয়ে  
প্রশংসিত।

[96:4] Teaches by means of the pen.  
শিক্ষা দেন কলমের দ্বারা।

[96:5] He teaches man what he never knew.  
তিনি মানুষকে শেখান যা সে কখনো  
জানতো না।

[96:6] Indeed, the human transgresses.  
নিশ্চয়, মানুষ সীমালঙ্ঘন করে।

[96:7] When he becomes rich.  
যখন সে ধনী হয়।

[96:8] To your Lord is the ultimate destiny.  
তোমার প্রভুর কাছে চূড়ান্ত নিয়তি।

[96:9] Have you seen the one who enjoins.  
তুমি কি সে ব্যক্তিকে দেখেছ যে বাধা  
দেয়।

[96:10] Others from praying?  
অন্যদেরকে প্রার্থনা করা থেকে?

[96:11] Is it not better for him to follow the  
guidance?  
পথনির্দেশনা অনুসরণ করা কি তার জন্য  
উত্তম নয়?

[96:12] Or advocate righteousness?  
অথবা সৎকর্মশীলতার সমর্থন করা?

[96:13] If he disbelieves and turns away.  
যদি সে অবিশ্বাস করে এবং মুখ ফিরিয়ে  
নেয়।

[96:14] Does he not realize that GOD sees?  
সে কি বুঝে না যে আল্লাহ দেখেন?

[96:15] Indeed, unless he refrains, we will take  
him by the forelock.  
নিশ্চয়, যদি সে বিরত না থাকে, আমরা  
তার মাথার চুলগুচ্ছ ধরে নিয়ে যাবো।

[96:16] A forelock that is disbelieving and  
sinful.  
একটি চুলগুচ্ছ যা অবিশ্বাসী এবং পাপী।

[96:17] Let him then call on his helpers.  
সে তখন তার সাহায্যকারীদের ডাকুক।

[96:18] We will call the guardians of Hell.  
আমরা ডাকবো দোষখের তত্ত্বাবধায়কদের।

[96:19] You shall not obey him; you shall fall  
prostrate and draw nearer.  
তাকে তুমি মান্য করবে না; তুমি সেজদা  
করবে এবং নিকটতর হও।

## Sura 97, Destiny (Al-Qadr)

সূরা ৯৭, নিয়তি (আল - কদর)

[97:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

সবচেয়ে করুণাময়, সবচেয়ে দয়ালু  
আল্লাহর নামে।

[97:1] We revealed it in the Night of Destiny.\*  
আমরা একে নিয়তির রাতে প্রকাশ করেছি।

\*97:1 The Quran was placed into Muhammad's  
soul on the 27th night of Ramadan, 13 B.H.  
(Before Hijrah). See also 17:1, 44:3, 53:1-18,  
and Appendix 28.

[97:2] How awesome is the Night of Destiny!  
নিয়তির রাতটি কতই না অসাধারণ!

[97:3] The Night of Destiny is better than a  
thousand months.

নিয়তির রাতটি হাজার মাসের চেয়ে উত্তম।

[97:4] The angels and the Spirit descend  
therein, by their Lord's leave, to carry out  
every command.

ফেরেশতারা এবং সে আত্মাটি সেখানে  
নামে, তাদের প্রভুর অনুমতিক্রমে, সম্পাদন  
করতে প্রতিটি আদেশ।

[97:5] Peaceful it is until the advent of the  
dawn.

ভোরের আগমন পর্যন্ত এটি শান্তিপূর্ণ।

## Sura 98, Proof (Al-Bayyinah)

[98:0] In the name of God, Most Gracious, Most Merciful

[98:1] Those who disbelieved among the people of the scripture, as well as the idol worshipers, insist on their ways, despite the proof given to them.\*

ঐশীগ্রহের লোকদের যারা অবিশ্বাস করেছিল, আর যারা শরিক উপাসনাকারী, তারা তাদের পথেই অনড় থাকে, যদিও তাদেরকে প্রমাণ দেয়া হয়েছে। \*

\*98:1-2 The proof is the Quran's mathematical code (Appendix 1) and the messenger is Rashad Khalifa. The No. of sura (98), plus the verse No. (2), plus the numerical value of "Rashad Khalifa" (1230) add up to 1330 (19x70), the same total as in 81:19 (App. 2).

[98:2] A messenger from GOD is reciting to them sacred instructions.\*

আল্লাহর পক্ষ থেকে একজন বার্তাবাহক তাদের কাছে ঐশ্বরিক নির্দেশনাবলি আবৃত্তি করছে। \*

[98:3] In them there are valuable teachings. যাতে আছে মূল্যবান শিক্ষাসমূহ।

[98:4] In fact, those who received the scripture did not dispute until the proof was given to them.

প্রকৃতপক্ষে, যারা ঐশীগ্রহ পেয়েছে তারা বিবাদ করে না যতক্ষণ না তাদেরকে প্রমাণ দেয়া হয়।

[98:5] All that was asked of them was to worship GOD, devoting the religion absolutely to Him alone, observe the contact prayers (Salat), and give the obligatory charity (Zakat). Such is the perfect religion.

তাদেরকে কেবল বলা হয়েছিল ঈশ্বরের উপাসনা করতে, ধর্মকে পুরোপুরি শুধু তাঁর প্রতি উৎসর্গ করে, সংযোগ প্রার্থনা (সালাত) পালন করো, এবং বাধ্যতামূলক দান (যাকাত) দাও। এমনি হলো যথার্থ ধর্ম।

[98:6] Those who disbelieved among the people of the scripture, and the idol worshipers have incurred the fire of Gehenna forever. They are the worst creatures.

ঐশীগ্রহের লোকদের মধ্যে যারা অবিশ্বাস করেছিল, এবং শরিক উপাসনাকারীরা চিরকালের জন্য টেনে এনেছে জাহান্নামের আগুন। তারা হলো নিকৃষ্ট সৃষ্টি।

[98:7] Those who believed and led a righteous life are the best creatures.

যারা বিশ্বাস করেছে এবং সং জীবন-যাপন করেছে তারা হলো সর্বোত্তম সৃষ্টি।

[98:8] Their reward at their Lord is the gardens of Eden with flowing streams, wherein they abide forever. GOD is pleased with them, and they are pleased with Him. Such is the reward for those who reverence their Lord.

তাদের প্রভুর কাছে তাদের পুরস্কার হলো প্রবাহিত ঝর্ণাসহ ইডেনের বাগানগুলো, যেখানে তারা চিরকাল বাস করে। আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট, এবং তারা তাঁর প্রতি সন্তুষ্ট।

## Sura 99, The Quake (Al-Zalzalah)

কম্পন

[99:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[99:1] When the earth is severely quaked.  
যখন পৃথিবীকে ভীষণ কম্পিত করা হয়।

[99:2] And the earth ejects its loads.  
এবং পৃথিবী এর বোঝাগুলো নিক্ষেপ করে।

[99:3] The human will wonder: "What is  
happening?"

মানুষ বিস্মিত হবে : “কি ঘটছে?”

[99:4] On that day, it will tell its news.  
ঐদিন, এটি এর সংবাদ বলবে।

[99:5] That your Lord has commanded it.  
যা তোমার প্রভু একে আদেশ করেছেন।

[99:6] On that day, the people will issue from  
every direction, to be shown their works.

ঐদিন, প্রত্যেক দিক থেকে লোকেরা  
আসবে, কাজগুলো তাদেরকে দেখাতে।

[99:7] Whoever does an atom's weight of good  
will see it.

যে কেউ একটি পরমানুর ভরের সমান ভাল  
কাজ করেছে, সে তা দেখবে।

[99:8] And whoever does an atom's weight of  
evil will see it.

এবং যেকেউ একটি পরমানুর ভরের সমান  
মন্দ কাজ করেছে, সে তা দেখবে।

## Sura 100, The Gallopers (Al-'Aadayaat)

সুরা ১০০, দ্রুতবেগে অগ্রসরকারী

[100:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

সবচেয়ে করুণাময়, সবচেয়ে দয়ালু,  
আল্লাহর নামে।

[100:1] By the fast gallopers.

দ্রুত ছুটে চলা সত্বার শপথ।

[100:2] Igniting sparks.

যে প্রজ্জ্বলিত করে অগ্নিস্ফুলিঙ্গ।

[100:3] Invading (the enemy) by morning.

(শত্রুর উপর) হামলা করে সকালের  
মধ্যে।

[100:4] Striking terror therein.

সেখানে আতংক সৃষ্টি করে।

[100:5] Penetrating to the heart of their  
territory.

ভেদ করে তাদের এলাকার প্রানকেন্দ্র।

[100:6] The human being is unappreciative of  
his Lord.

মানব জাতি তার প্রভুর প্রতি অকৃতজ্ঞ।

[100:7] He bears witness to this fact.

সে এই বাস্তবতার সাক্ষ্য বহন করে।

[100:8] He loves material things excessively.

সে পার্থিব জিনিস অতিরিক্ত ভালবাসে।

[100:9] Does he not realize that the day will  
come when the graves are opened?

সে কি অনুধাবন করে না যে সেদিন  
আসবে যখন কবর উন্মুক্ত করা হয়?

[100:10] And all secrets are brought out.

এবং সকল গোপনীয়তা সামনে আনা হয়।

[100:11] They will find out, on that day, that  
their Lord has been fully Cognizant of them.

তারা, ঐদিন দেখবে, যে তাদের প্রভু  
তাদের সম্পর্কে জ্ঞাত।

## Sura 101, The Shocker (Al-Qaare'ah)

বিস্ফুরককারী

[101:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[101:1] The Shocker.  
বিস্ফুরককারী।

[101:2] What a shocker!  
কি এক বিস্ফুরককারী!

[101:3] Do you have any idea what the  
Shocker is?  
তোমার কি কোন ধারণা আছে ঐ  
বিস্ফুরককারীর বিষয়ে?

[101:4] That is the day when the people come  
out like swarms of butterflies.  
এটা সেদিন যখন লোকেরা বেরিয়ে আসে  
প্রজাপতির ঝাঁকের মতো।

[101:5] The mountains will be like fluffy wool.  
পর্বতগুলো হবে তুলতুলে পশমের মতো।

[101:6] As for him whose weights are heavy.  
তার ক্ষেত্রে যার পাল্লা ভারী।

[101:7] He will lead a happy (eternal) life.  
সে সুখী (অনন্ত) জীবন অতিবাহিত করবে।

[101:8] As for him whose weights are light.  
তার ক্ষেত্রে যার পাল্লা হালকা।

[101:9] His destiny is lowly.  
তার ভাগ্য নিম্নমানের।

[101:10] Do you know what it is?  
তুমি কি জানো এটি কি?

[101:11] The blazing Hellfire.  
জ্বলন্ত অগ্নিকুণ্ড।

## Sura 102, Hoarding (Al-Takaathur)

[102:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[102:1] You remain preoccupied with  
hoarding.

তোমরা জমা করা নিয়ে মোহাচ্ছন্ন থাকো।

[102:2] Until you go to the graves.

যতক্ষণ না তোমরা কবরে যাও।

[102:3] Indeed, you will find out.

নিশ্চয়, তোমরা বুঝতে পাবে।

[102:4] Most assuredly, you will find out.

নিঃসন্দেহে, তোমরা বুঝতে পাবে।

[102:5] If only you could find out for certain.

যদি শুধু তোমরা নিশ্চিত বুঝতে।

[102:6] You would envision Hell.

তোমরা নরকের কল্পনা করবে।

[102:7] Then you would see it with the eye of  
certainty.

এরপর তোমরা এটি দেখবে নিশ্চয়তার চোখ  
দিয়ে।

[102:8] Then you will be questioned, on that  
day, about the blessings you had enjoyed.

এরপর, ঐদিন, তোমাদের প্রশ্ন করা হবে,  
তোমাদের ভোগ করা অনুগ্রহসমূহ সম্পর্কে।

## Sura 103, The Afternoon (Al-'Asr)

[103:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[103:1] By the afternoon.  
অপরাহ্নের শপথ।

[103:2] The human being is utterly lost.  
মানবজাতি একেবারে ক্ষতিগ্রস্ত।

[103:3] Except those who believe and lead a  
righteous life, and exhort one another to  
uphold the truth, and exhort one another to be  
steadfast.

তারা ছাড়া যারা বিশ্বাস করে এবং সৎ  
জীবন-যাপন করে, এবং একে অন্যকে  
সত্যে আঁকড়ে থাকতে উদ্বুদ্ধ করে, এবং  
একে অন্যকে অবিচল থাকতে উদ্বুদ্ধ করে।



## Sura 104, The Backbiter (Al-Humazah)

[104:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[104:1] Woe to every backbiter, slanderer.  
দূর্ভোগ প্রত্যেক পরনিন্দাকারী,  
অপবাদকারীর প্রতি।

[104:2] He hoards money and counts it.  
সে টাকা জমায় আর তা হিসাব করে।

[104:3] As if his money will make him  
immortal.  
যেন তার টাকা তাকে অমর করবে।

[104:4] Never; he will be thrown into the  
Devastator.  
কখনো নয়; তাকে নিষ্ফেপ করা হবে সে  
ধ্বংসকারীর মধ্যে।

[104:5] Do you know what the Devastator is?  
তুমি কি জানো ধ্বংসকারীটি কি?

[104:6] GOD's blazing Hellfire.  
আল্লাহর জ্বলন্ত নরকাগ্নি।

[104:7] It burns them inside out.  
এটি তাদের আপাদমস্তক পোড়ায়।

[104:8] They will be confined therein.  
তারা সেখানে আবদ্ধ থাকবে।

[104:9] In extended columns.  
বিস্তৃত স্তম্ভাকারে।

## Sura 105, The Elephant (Al-Feel)

[105:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[105:1] Have you noted what your Lord did to  
the people of the elephant?

তুমি কি লক্ষ্য করেছ তোমার প্রভু  
হাতিওয়ালাদের সাথে কি করেছিলেন?

[105:2] Did He not cause their schemes to  
backfire?

তিনি কি তাদের ষড়যন্ত্রকে উল্টো তাদের  
বিরুদ্ধে যেতে দেননি?

[105:3] He sent upon them swarms of birds.

তিনি তাদের উপর পাঠালেন পাখিদের  
ঝাঁক।

[105:4] That showered them with hard stones.

যা তাদের উপর শক্ত পাথর বর্ষণ করলো।

[105:5] He made them like chewed up hay.

তিনি তাদেরকে চিবানো খড়ের মতো করে  
দিলেন।

## Sura 106, Quraish (The Quraish Tribe)

[106:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[106:1] This should be cherished by Quraish.  
এটি কোরাইশদের দ্বারা সযত্নে লালিত  
হওয়া উচিত।

[106:2] The way they cherish the caravans of  
the winter and the summer.  
যেভাবে তারা শীত ও গ্রীষ্মের কাফেলাদের  
সযত্নে লালন করে।

[106:3] They shall worship the Lord of this  
shrine.  
তারা এই তীর্থস্থানের প্রভুর উপাসনা  
করবে।

[106:4] For He is the One who fed them after  
hunger, and provided them with security after  
fear.  
কারণ তিনিই সে সত্ত্বা যিনি তাদের ক্ষুধার  
পর খাবার দিয়েছেন, আর ভয়ের পর  
তাদের নিরাপত্তা দিয়েছেন।

## Sura 107, Charity (Al-Maa'oon)

[107:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[107:1] Do you know who really rejects the  
faith?

তুমি কি জানো কে সত্যিকার অর্থে বিশ্বাস  
প্রত্যাখান করে?

[107:2] That is the one who mistreats the  
orphans.

ঐ ব্যক্তি যে এতিমের সাথে দুর্ব্যবহার  
করে।

[107:3] And does not advocate the feeding of  
the poor.

এবং গরীবদের খাওয়ানো সমর্থন করে না।

[107:4] And woe to those who observe the  
contact prayers (Salat)-

এবং তাদের প্রতি দূর্ভোগ যারা সংযোগ  
প্রার্থনা (সালাত) পালন করে-

[107:5] who are totally heedless of their  
prayers.

যারা তাদের প্রার্থনায় পুরোপুরি  
অমনোযোগী।

[107:6] They only show off.

তারা কেবল লোক দেখানো কাজ করে।

[107:7] And they forbid charity.

আর তারা দান করতে নিষেধ করে।

## Sura 108, Bounty

উদার দান (Al-Kawthar)

[108:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[108:1] We have blessed you with many a  
bounty.

আমরা তোমাকে অনেক কিছু উদারভাবে  
দিয়ে সৌভাগ্যবান করেছি।

[108:2] Therefore, you shall pray to your Lord  
(Salat), and give to charity.

সুতরাং, তুমি তোমার প্রভুর কাছে প্রার্থনা  
করো (সালাত), এবং দান করো।

[108:3] Your opponent will be the loser.

তোমার প্রতিদ্বন্দ্বী পরাজিত হবে।

## Sura 109: The Disbelievers (Al-Kaaferoon)

[109:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[109:1] Say, "O you disbelievers.  
বল, “হে তোমরা অবিশ্বাসীরা।

[109:2] "I do not worship what you worship.  
আমি উপাসনা করি না তোমরা যার  
উপাসনা করো।

[109:3] "Nor do you worship what I worship.  
না তোমরা উপাসনা করো আমি যার  
উপাসনা করি।

[109:4] "Nor will I ever worship what you  
worship.  
না আমি কখনো উপাসনা করবো তোমরা  
যার উপাসনা করো।

[109:5] "Nor will you ever worship what I  
worship.  
না তোমরা কখনো উপাসনা করবে আমি  
যার উপাসনা করি।

[109:6] "To you is your religion, and to me is  
my religion."  
“তোমাদের ধর্ম তোমাদের কাছে, এবং  
আমার ধর্ম আমার কাছে।”

## **Sura 110, Triumph (Al-Nassr)**

[Last Sura Revealed]\*

[110:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

\*110:1-3 This last sura, chronologically,  
consists of 19 Arabic words (see 96:1), and the  
first verse consists of 19 letters. This indicates  
that this generation of believers shall attain the  
promised victory. Submission (true Islam) will  
prevail throughout the world (48:28).

[110:1] When triumph comes from GOD, and  
victory.

যখন আল্লাহ থেকে সাফল্য আসে, এবং  
বিজয়।

[110:2] You will see the people embracing  
GOD's religion in throngs.

তুমি লোকদের দলে দলে আল্লাহর ধর্ম  
গ্রহণ করতে দেখবে।

[110:3] You shall glorify and praise your Lord,  
and implore Him for forgiveness. He is the  
Redeemer.

তুমি তোমার প্রভুর মহিমা ও প্রশংসা  
করো, এবং ক্ষমার জন্য তাঁর কাছে মিনতি  
করো। তিনিই উদ্ধারকারী।

## Sura 111, Thorns (Al-Masad)

সূরা ১১১, কাঁটাগুলো

[111:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[111:1] Condemned are the works of Abee  
Lahab, and he is condemned.\*

আবি লাহাবের কাজগুলো নিন্দিত এবং সে  
নিন্দিত।

\*111:1 Abee Lahab was Muhammad's uncle  
and the leader of the opposition. His wife  
carried out a campaign of persecution against  
Muhammad and the believers. Like all  
descriptions of Heaven and Hell, the rope of  
thorns is an allegory.

[111:2] His money and whatever he has  
accomplished will never help him.

তার অর্থ-বিল্ড এবং যাকিছুই সে সম্পন্ন  
করেছে কখনো তাকে সাহায্য করবে না।

[111:3] He has incurred the blazing Hell.

সে টেনে এনেছে জ্বলন্ত নরক।

[111:4] Also his wife, who led the persecution.

তার স্ত্রীও, যে নির্যাতনের নেতৃত্ব দিয়েছিল।

[111:5] She will be (resurrected) with a rope of  
thorns around her neck.

সে তার গলায় কাঁটার রশি নিয়ে  
(পুনরুজ্জীবিত) হবে।



## Sura 112, Absoluteness

পরিপূর্ণতা (Al-Ikhlaas)

[112:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[112:1] Proclaim, "He is the One and only  
GOD.

ঘোষণা করো, “তিনি এক এবং একমাত্র  
আল্লাহ।

[112:2] "The Absolute GOD.

“পরিপূর্ণ আল্লাহ।

[112:3] "Never did He beget. Nor was He  
begotten.

“তিনি কখনো জন্ম দেননি। না তাঁকে জন্ম  
দেয়া হয়েছিল।

[112:4] "None equals Him. "

“কেউ তাঁর সমান নয়”

## Sura 113, Daybreak (Al-Falaq)

[113:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[113:1] Say, "I seek refuge in the Lord of  
daybreak.

বল, “আমি আশ্রয় প্রার্থনা করি প্রভাতের  
প্রভুর কাছে।

[113:2] "From the evils among His creations.  
“তাঁর সৃষ্টির অনিষ্ট থেকে”

[113:3] "From the evils of darkness as it falls.  
অন্ধকারের অনিষ্ট থেকে যখন তা গভীর  
হয়।

[113:4] "From the evils of the troublemakers.  
গোলযোগ সৃষ্টিকারীর অনিষ্ট থেকে।

[113:5] "From the evils of the envious when  
they envy."  
“হিংসুকের অনিষ্ট থেকে, যখন তারা হিংসা  
করে।”

## Sura 114: People (Al-Naas)

[114:0] In the name of God, Most Gracious,  
Most Merciful

[114:1] Say, "I seek refuge in the Lord of the  
people.

বল, "আমি মানুষের প্রভুর নিকট ক্ষমা  
প্রার্থনা করি।

[114:2] "The King of the people.

"মানুষের রাজা।

[114:3] "The god of the people.

"মানুষের উপাস্য।

[114:4] "From the evils of sneaky whisperers.

"গোপনে কুমন্ত্রনাদাতার অনিষ্ট থেকে।

[114:5] "Who whisper into the chests of the  
people.

“যে কুমন্ত্রনা দেয় মানুষের বুকে।

[114:6] "Be they of the jinns, or the people."

“হোক সে জ্বীনদের কেউ, বা মানুষদের  
কেউ।”

আল্লাহর অঙ্গীকারকৃত বার্তাবাহক

সেই প্রতিশ্রুতির পূর্ণতা

এই বিশ্বের দৃষ্টিকোন থেকে নবীরা মৃত সত্ত্বেও, আমরা জানি, তাঁদের আত্মা (প্রকৃত ব্যক্তি) ইডেন বাগানে আছে যেখানে আদম- হাওয়া থাকতেন। যে বিশ্বাসীরা দেহ তথা এই বিশ্ব ত্যাগ করেছেন, কয়েকটি আয়াত তাঁদেরকে মৃত চিন্তা না করতে বলে (২:১৫৪, ৩:১৬৯, ৪:৬৫)। যদিও তাঁরা আমাদের বিশ্বে ফিরে আসতে পারবে না (২৩:১০০), তাঁরা বেহেশতে “জীবিত”। অনুগ্রহপূর্বক অনুচ্ছেদ ১৭ দেখুন।

মক্কায় আমার (ড. রাশাদ খলিফা) হজ্জ করার সময়, মঙ্গলবার, যুলহিজ্জাহ ৩, ১৩৯১, ২১শে ডিসেম্বর, ১৯৭১, সূর্যোদয়ের আগে, আমার আত্মা (দেহ নয়) বা প্রকৃত সত্ত্বা, মহাবিশ্বের কিছু জায়গায় নেয়া হয়েছিল যেখানে আমাকে আল্লাহর প্রতিশ্রুত রাসুল হিসেবে সকল নবীদের কাছে পরিচিত করে দেয়া হয়েছিল। আমাকে রমজান, ১৪০৮ পর্যন্ত এই ঘটনার বিস্তারিত এবং প্রকৃত গুরুত্ব জানানো হয়নি।

স্পষ্ট জ্ঞানে, আমি দেখলাম, আমি শান্তভাবে বসে ছিলাম, নবীরা একজনের পর একজন আমার কাছে আসলেন, আমার মুখে তাকালেন, তারপর তাঁদের মাথা নাড়িয়ে সম্মতি জানালেন। তাঁদেরকে আল্লাহ আমাকে দেখালেন, ঠিক যেমন তারা এই পৃথিবীতে ছিলেন, তাঁদের নিজ নিজ পোষাক পরিধান রীতিতে। একটা আসাধারণ ভীতি, আনন্দ এবং শ্রদ্ধার পরিবেশ ছিল।

ইব্রাহীম ছাড়া কোন নবীই আমার কাছে পরিচিত ছিল না। আমি জানতাম, মূসা, ঈসা, মোহাম্মদ, হারুন, দাউদ, নুহ এবং অন্যান্যরা সহ সকল নবি-ই সেখানে ছিলেন। আমার বিশ্বাস, ইব্রাহীমের পরিচয় প্রকাশের কারণ ছিল- আমার তাঁর সম্বন্ধে জিজ্ঞেস করা। আমার পরিবার- আমার নিজের, আমার বাবা, আমার চাচাগনের সাথে তাঁর অগাধ

মিল আমাকে অবাক করেছে। এটাই ছিল একমাত্র সময় যে আমি বিস্মিত হয়েছি, “কে এই নবী যিনি দেখতে আমার আত্মীয়ের মত?” জবাব আসল, “ইব্রাহীম”। কোন ভাষায় বলা হলো না। সকল যোগাযোগ মানসিকভাবে করা হয়েছিল।

এটা উল্লেখযোগ্য যে, নবীদের প্রতিশ্রুতির পূর্ণতার সেই তারিখটি ছিল যুলহিজ্জাহ ৩, ১৩৯১। যদি আমরা মাস (১২), দিন (৩), বছর (১৩৯১) যোগ করি মোট পাই ১৪০৬, ১৯x ৭৪। সূরা ৭৪, যেখানে কোর’ আনের সাধারণ হর ‘১৯’ উল্লেখিত হয়েছে। উল্লেখ্য, ১৪০৬ সংখ্যাটি কোরআন নাজিল থেকে এই অলৌকিকতার প্রকাশ পর্যন্ত বছর সংখ্যা (অনুচ্ছেদ ১)।

প্রতিশ্রুত আল্লাহর রাসূলের মিশন হচ্ছে বিদ্যমান কিতাবসমূহের সত্যায়ন, তাদের পবিত্রকরণ এবং সেগুলোকে একটি ঐশ্বরিক বার্তায় একত্রিত করা। কোরআন বর্ণনা করে যে, এরকম একজন রাসুল আল্লাহর বার্তাকে এর আদি শুদ্ধতায় পুনরুদ্ধারে দায়িত্বপ্রাপ্ত, ন্যায়পরায়ন বিশ্বাসী-ইহুদী, খ্রীষ্টান, মুসলিম, বুদ্ধ, শিখ, হিন্দু, এবং অন্যান্যদের অন্ধকার থেকে আলোর পথে পরিচালনা করার জন্য (৫:১৯ ও ৬৫:১১)। তাঁকে ঘোষণা করতে হবে যে, ইসলাম (আল্লাহর নিকট পূর্ণ আত্মসমর্পণ) হচ্ছে আল্লাহর নিকট একমাত্র গ্রহণযোগ্য ধর্ম (৩:১৯)।

সেই প্রমাণ

প্রতিশ্রুত আল্লাহর রাসূলের নাম “রাশাদ খলিফা” গাণিতিকভাবে কোর’ আনে লিপিবদ্ধ রয়েছে। কম্পিউটার জমানায় বিশ্বের কাছে আল্লাহর রাসূলকে পরিচিত করতে নিশ্চিতভাবে এটা অত্যন্ত যথাযথ মাধ্যম।

(১) অনুচ্ছেদ ১ - এ যেমনটা দেখানো হয়েছে, কোর’ আনে খোদার বিশাল অলৌকিকতা মূখ্য সংখ্যা ১৯ ভিত্তিক এবং এটা ১৪০৬ (১৯x ৭৪) বছর যাবত গুপ্ত ছিল। রাশাদ খলিফার মাধ্যমে এই অসাধারণ অলৌকিকতার উন্মোচন, সর্বশক্তিমান আল্লাহ কর্তৃক পূর্বপরিকল্পিত ছিল। বিগত ১৪ শতাব্দীতে শত শত মুসলিম এবং ওরিয়েন্টালিস্ট পন্ডিতরা ব্যর্থ চেষ্টা করেছেন, কিন্তু কেউই কোর’ আনের আদ্যক্ষরগুলোর

সাংকেতিক গুরুত্বের পাঠোদ্ধারে অনুমোদিত ছিলেন না।

(২) নিষ্ঠাবান বিশ্বাসী এবং উতসুকদের জন্য কোর' আনকে সহজ করে দেয়া হয়েছে (৫৪:১৭, ২২, ৩২, ৪০; ৩৯:২৮)। এটা একটা অপ্রত্যাখানযোগ্য ঐশ্বরিক বিধান যে, কেউই কোর' আনের এই বিশাল অলৌকিকতা বুঝতে অনুমোদিত নয়, যদি না সে নিষ্ঠাবান বিশ্বাসী ও বিশেষ ঐশ্বরিক অনুমতিপ্রাপ্ত হয় (১৭:৪৫-৪৬; ১৮:৫৭; ৪১:৪৪; ৫৬:৭৯)। রাশাদ খলিফার মাধ্যমে কোর' আনের এই অলৌকিকতার উন্মোচন, তার রিসালাতের একটি প্রধান চিহ্ন।

(৩) “রাশাদ” নামের মূল শব্দ হচ্ছে “রাশাদা” (সঠিক পথ ধারনকারী)। এই মূলশব্দটি কোর' আনে ১৯ বার উল্লেখিত হয়েছে। ১৯ হচ্ছে কোর' আনের সাধারণ গুননীয়ক।

(৪) “রাশাদ” শব্দটি ৪০:২৯ ও ৩৮ নং আয়াতে এসেছে। “খলিফা” শব্দটি ২:৩০ ও ৩৮:২৬ নং আয়াতে এসেছে। প্রথম “খলিফা” অমনুষ্য “খলিফা”, অর্থাৎ শয়তানকে নির্দেশ করে, যখন দ্বিতীয় সংঘটন (সূরা ৩৮-এ), মনুষ্য “খলিফা” নির্দেশ করে। আমরা যদি “রাশাদ” (৪০:২৯; ৩৮) ও “খলিফা” (২:৩০; ৩৮:২৬) সম্বলিত সূরা ও এদের আয়াত সংখ্যা যোগ করি, তাহলে পাই  $৪০+২৯+৩৮+৩৮+২৬ = ১৭১ = ১৯ \times ৯$ ।

(৫) আলাদাকরন না করে সকল সূরা এবং আয়াতের সমষ্টি, যেখানে সকল “রাশাদা” ও “খলিফা” এসেছে, যোগফল হয় ১৪৬৩,  $১৯ \times ৭৭$  (তালিকা ১)।

(৬) সকল সূরা এবং আয়াতের সমষ্টি, যেখানে মূলশব্দ “রাশাদা” এসেছে, ১৩৬৯, বা  $(১৯ \times ৭২)+১$ , যখন “খলিফা” এর মোট সংঘটন ৯৪,  $(১৯ \times ৫)-১$ । ব্যাপারটা হচ্ছে যে, “রাশাদা” ১ বেশী এবং “খলিফা” ১ কম, যা “রাশাদ খলিফা” নামটি সামঞ্জস্যময় করে এবং কোন “রাশাদ” বা, কোন “খলিফা” নয়।

(৭) “রাশাদ” এর আবজাদ মান ৫০৫ এবং “খলিফা”-এর মান ৭২৫ (তালিকা ৭, অনুচ্ছেদ ১)। আমরা যদি কোর' আনের শুরু

থেকে “রাশাদা” এর প্রথম সংঘটন পর্যন্ত এর সূরা সংখ্যা এবং আয়াত সংখ্যার সাথে “রাশাদ খলিফা”-এর মান  $(১২৩০)$  যোগ করি, মোট হয় ১৪২৫,  $১৯ \times ৭৫$ । তালিকা ২ এ বিস্তারিত দেয়া হয়েছে।

(৮) আমরা যদি প্রত্যেক সূরার সকল আয়াত সংখ্যা যোগ করি, অর্থাৎ কোর' আনের শুরু থেকে মূলশব্দ “রাশাদা” এর প্রথম সংঘটন পর্যন্ত এর সকল আয়াতের সমষ্টির  $(১+২+৩+...+n)$  যোগফল আসে  $১৭২৩৩$ ,  $১৯ \times ৯০৭$  (তালিকা ২)।

(৯) কোর' আনের আদ্যক্ষরগুলো কোর' আনের এই অলৌকিকতার মূলভিত্তি। এই আদ্যক্ষরগুলো ২, ৩, ৭, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৯, ২০, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৬, ৩৮, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৫০ এবং ৬৮ সূরাগুলোতে এসেছে। আমরা যদি এই সংখ্যাগুলোর সমষ্টির  $(৮২২)$  সাথে “রাশাদ খলিফা”-এর  $(১২৩০)$  মান যোগ করি, মোট হয়  $২০৫২$ ,  $১৯ \times ১০৮$ ।

(১০) তালিকা ৩ এ যেমন দেখানো হয়েছে, আমরা যদি সকল সূরা সংখ্যা যোগ করি যেখানে মূলশব্দ “রাশাদ” এসেছে, আয়াতগুলোর সংখ্যাসহ, আমরা পাই ১৩৬৮, বা  $১৯ \times ৭২$ ।

(১১) যদি আমরা মূলশব্দ “রাশাদা” এর প্রথম সংঘটন  $(২:১৮৬)$  থেকে “রাশাদা” এর শেষ সংঘটন  $(৭২:২১)$  পর্যন্ত ক্রমান্বয়ে সূরা সংখ্যা, সূরার আয়াত সংখ্যা, পৃথকভাবে আয়াতগুলোর সংখ্যা লিখি এবং এই সংখ্যাগুলো একটার পর একটা বসাই, আমরা বেশ লম্বা একটা সংখ্যা পাই যা  $১১০৮৭$  অংক বিশিষ্ট এবং  $১৯$  এর গুনিতক। এই বিশাল লম্বা সংখ্যা শুরু হয়েছে সূরা সংখ্যা ২ দিয়ে, সূরা ২ এর আয়াত সংখ্যার পর ১৮৬ নং আয়াতের “রাশাদা” এর প্রথম সংঘটন থেকে ঐ সূরার শেষ পর্যন্ত  $(১০০$  আয়াত)। এভাবে, ঐ সংখ্যার শুরুটা এরকম দেখায়:  $২ ১০০$ । এই  $১০০$  আয়াতের সংখ্যা পৃথকভাবে  $(১৮৭$  থেকে  $২৮৬)$  একটার পর একটা বসাই। এভাবে, ঐ সংখ্যার সূরা ২ এর প্রতিনিধিত্ব করাটা এরকম দেখায়:  $২ ১০০ ১৮৭ ১৮৮ ১৮৯.....২৮৫ ২৮৬$ । ঠিক একই প্রক্রিয়া অনুসরণ করি  $৭২:২১$  আয়াতে “রাশাদা” এর

শেষ সংঘটন পর্যন্ত। পুরো সংখ্যাটি এরকম দেখায়ঃ

২ ১০০ ১৮৭ ১৮৮ ১৮৯ ..... ৭২ ২১ ১ ২ ৩  
..... ১৯ ২০ ২১

(১২) যদি আমরা মূলশব্দ “রাশাদা” এর প্রথম সংঘটন থেকে ৩৮:২৬ নং আয়াতের “খলিফা” শব্দের সূরা এবং আয়াতগুলো পরীক্ষা করি, তাহলে আমরা সূরাগুলোর সংখ্যা ও এগুলোর আয়াত সংখ্যার সমষ্টি পাই ৪৫৪১, বা  $১৯ \times ২৩৯$ । তালিকা ৪ এ বিস্তারিত দেয়া হয়েছে।

(১৩) যখন আমরা লিখি প্রথম “রাশাদা” (২:১৮৬) থেকে “খলিফা” শব্দ পর্যন্ত ক্রমাগত “রাশাদ” এর মান (৫০৫), “খলিফা” - এর মান (৭২৫), প্রত্যেক সূরা সংখ্যা যেখানে মূলশব্দ “রাশাদ” এসেছে, এর আয়াতগুলোর সংখ্যা, আমরা একটা লম্বা সংখ্যা পাই যা ১৯ দিয়ে নিঃশেষে বিভাজ্য। পুরো সংখ্যাটি এরকম দেখায়ঃ

৫০৫ ৭২৫ ২ ১৮৬ ২৫৬ ৪ ৬ ..... ৩৮ ২৬

আল্লাহ কর্তৃক একমাত্র মনোনীত ধর্ম ইসলাম  
[৩:১৮]

(১৪) কোর’ আন ইসলামের তিন জন রাসূলের কথা বিশেষভাবে উল্লেখ করেঃ

ইব্রাহীম ইসলামের সকল অনুশীলনসমূহ নিয়ে এসেছেন। তাঁর নামের মান = ২৫৮

মোহাম্মদ কোর’ আন নিয়ে এসেছেন। তাঁর নামের মান = ৯২

রাশাদ ইসলামের যথার্থতার প্রমাণ নিয়ে এসেছেন। তাঁর নামের মান = ৫০৫

এই ৩ নামের মোট আবজাদ মান =  
 $২৫৮+৯২+৫০৫ = ৮৫৫$  ( $১৯ \times ৪৫$ )

সত্য ইহুদীবাদ, খ্রীষ্টবাদ এবং ইসলাম এক ধর্মে একত্রিত হবে- পূর্ণ আত্মসমর্পণ এবং পরম ভক্তি এককভাবে আল্লাহর কাছে। ইহুদীবাদ, খ্রীষ্টবাদ এবং ইসলাম সহ বিদ্যমান ধর্মসমূহ ভীষন দূষিত হয়েছে এবং সহজেই অবসান হবে (৯:৩৩; ৪৮:২৮; ৬১:৯)

(১৫) কোর’ আনের মাঝে মাঝে “ইব্রাহীম, ইসমাঈল এবং ইসহাক” কে নির্দেশ করাটা আভাস দেয় যে, ইসমাঈল এবং ইসহাককে অন্তর্ভুক্ত করতে হবে। অসাধারণরূপে, ইসমাঈল এবং ইসহাকের যোগকরণে মোট যা আসে তাও ১৯ এর গুণিতক। তালিকা ৫ এ যেমন দেখানো হয়েছে, এই নতুন সমষ্টি ১২৩৫, বা  $১৯ \times ৬৫$ । এই ১৯ দিয়ে বিভাজ্যকরণ সম্ভব না, যদি এই ৩ নাম-ইব্রাহীম, মোহাম্মদ, বা রাশাদ বাদ দেয়া হয়।

কেন ৮১: আয়াত ৮১ ও সূরা ৮১

(১৬) প্রতিশ্রুত আল্লাহর রাসূলকে সূরা ৩ আয়াত ৮১ তে ভবিষ্যতবানী করা হয়েছে। “রাশাদ” এর আবজাদ মান (৫০৫), “খলিফা” - এর আবজাদ মান (৭২৫), আয়াত সংখ্যা (৮১) যোগ করলে হয়  $৫০৫+৭২৫+৮১ = ১৩১১ = ১৯ \times ৬৯$ ।

(১৭) যদি আমরা সূরা ৮১ তে দেখি, আমরা আল্লাহর একজন রাসূল সম্বন্ধে জানি যিনি সর্বশক্তিমান কর্তৃক জোড়ালোভাবে সমর্থিত এবং অনুমোদিত (আয়াত ১৯)। এভাবে, সূরা ৩ এর আয়াত ৮১ এবং সূরা ৮১, আয়াত ১৯ এই নামের সাথে প্রবলভাবে সংযুক্ত।

(১৮) আমরা যদি সূরা সংখ্যা এবং এদের আয়াত সংখ্যা যোগ করি কোর’ আনের শুরু থেকে ৩:৮১ আয়াত পর্যন্ত, যেখানে প্রতিশ্রুত রাসূলের ভবিষ্যতবানী করা হয়েছে, মোট আসে ৩৮০,  $১৯ \times ২০$ ।

(১৯) ৩:৮১ আয়াতের আবজাদ মান ১৩১৪৮,  $১৯ \times ৬৯২$ । এই আবজাদ মান ঐ আয়াতের প্রত্যেক অক্ষরের আবজাদ মান যোগ করে নেয়া হয়েছে।

(২০) আমরা যদি দেখি ৩:৮১ আয়াতের ঐ অংশ যা বিশেষত প্রতিশ্রুত রাসূলের ভবিষ্যতবানীর নির্দেশ করছে, “একজন রাসূল আসবেন, তোমাদের যা আছে এর সত্যায়নকারী হিসেবে” আরবীতেঃ “যা’ আকুম রাসূলুন মুসাদ্দিকুন লিমা মা’ আকুম”, আমরা এই মূল পদ্যের আবজাদ মান পাই ৮৩৬,  $১৯ \times ৪৪$ ।

“নিশ্চয়, তুমি রাসূলদের একজন” (৩৬:৩)

(২১) আমাকে (রাশাদ খলিফা) ফেরেশতা জিব্রাইলের মাধ্যমে অত্যন্ত নিশ্চয়তার সাথে বলা হয়েছিল যে, আয়াত ৩ সূরা ৩৬ বিশেষভাবে আমাকে নির্দেশ করে। আমরা যদি শুধু আদ্যক্ষরযুক্ত সূরাসমূহ সাজাই, সূরা ২ দিয়ে শুরু করে, এরপর সূরা ৩, এরপর সূরা ৭ এবং এভাবে সামনে যাই, আমরা পাই যে সূরা ৩৬, ইয়া সীন, অবস্থান সংখ্যা ১৯ ধারণ করে।

(২২) আয়াত ৩ সূরা ৩৬ বলছে, “নিশ্চয়, তুমি রাসূলদের একজন”। এই পদ্যের আবজাদ মান ৬১২। এই মানের (৬১২) সাথে সূরা সংখ্যা (৩৬), আয়াত সংখ্যা (৩), “রাশাদ খলিফা”-এর আবজাদ মান (৫০৫+৭২৫) যোগ করি, আমরা পাই  
 $৩৬+৩+৬১২+৫০৫+৭২৫ = ১৮৮১ = ১৯ \times ৯৯$ ।

(২৩) সূরা ৩৬, ৮৩ আয়াত সম্বলিত। আমরা যদি সূরা সংখার (৩৬) সাথে এর আয়াতগুলোর সংখ্যা (৮৩), “রাশাদ খলিফা”-এর আবজাদ মান (৫০৫+৭২৫) যোগ করি, আমরা পাই  
 $৩৬+৮৩+৫০৫+৭২৫ = ১৩৯৯ = ১৯ \times ৭১$ ।

(২৪) ৩:৮১ থেকে, যেখানে প্রতিশ্রুত রাসূলের ভবিষ্যদ্বানী করা হয়েছে, সূরা ৩৬ পর্যন্ত, ৩৩৩০ টি আয়াত রয়েছে। “রাশাদ খলিফা”-এর মানের (৫০৫+৭২৫) সাথে এই আয়াত সংখ্যা (৩৩৩০) যোগ করে, আমরা পাই  
 $৫০৫+৭২৫+৩৩৩০ = ৪৫৬০ = ১৯ \times ২৪০$ ।

(২৫) ৩:৮১ থেকে ৩৬:৩ পর্যন্ত ৩৩৩৩ টি আয়াত রয়েছে। এই সংখার সাথে “রাশাদ”-এর আবজাদ মান (৫০৫) যোগ করি, আমরা পাই  
 $৩৩৩৩+৫০৫ = ৩৮৩৮ = ১৯ \times ২০২$ ।

(২৬) ১:১ থেকে ৩৬:৩ পর্যন্ত আয়াত সংখ্যা ৩৭০৫,  $১৯ \times ১৯৫$ ।

(২৭) ১:১ থেকে ৩৬:৩ পর্যন্ত প্রত্যেক সূরার আয়াত সংখ্যাগুলোর সমষ্টি ২৫৭৯২৫,  $১৯ \times ১৩৫৭৫$ ।

(২৮) সূরা ১ থেকে সূরা ৩৬ পর্যন্ত সূরাগুলোর সংখার সমষ্টি ৬৬৬ (তালিকা ৭)। আমরা যদি এই সমষ্টির সাথে “রাশাদ খলিফা”-এর আবজাদ মান (৫০৫+৭২৫), ৩৬:৩ আয়াত

“নিশ্চয়, তুমি রাসূলদের একজন” এর আবজাদ মান (৬১২) যোগ করি, মোট হয়  
 $৬৬৬+৫০৫+৭২৫+৬১২ = ২৫০৮ = ১৯ \times ১৩২$ ।

(২৯) মূল শব্দ “রাশাদা” এর প্রথম সংঘটন (২:১৮৬) থেকে ৩৬:৩ (তুমি রাসূলদের একজন) পর্যন্ত আয়াত সংখ্যাগুলোর সমষ্টির সাথে মোট সূরা (৩৫), সূরাগুলোর প্রত্যেক সংখ্যা যোগ করি, মোট হয় ২৪১৩৯৫, বা  $১৯ \times ১২৭০৫$  (তালিকা ৮)।

(৩০) মূল শব্দ “রাশাদা” এর প্রথম সংঘটন থেকে ৩৬:৩ পর্যন্ত সূরা সংখ্যাগুলোর সমষ্টি ৬৬৫,  $১৯ \times ৩৫$ । উল্লেখ্য, এরা ৩৫ টি সূরা।

“কিতাবী লোকদের নিকট একজন রাসূল”

(ইহুদী, খ্রীষ্টান এবং মুসলমান)

ওহে কিতাবী লোকেরা, আমাদের রাসূল তোমাদের কাছে এসেছে, তোমাদের জন্য বিষয়সমূহ সুস্পষ্ট করতে, রাসূল বিহীন দীর্ঘকাল পর। যেন না বল যে, “কোন প্রচারকারী বা সতর্ককারী আমাদের কাছে আসে নি”। একজন প্রচারকারী ও সতর্ককারী তোমাদের কাছে এসেছে। আল্লাহ সর্বশক্তিমান। [ ৫:১৯]

(৩১) স্পষ্টত, এই আয়াতের সংখ্যা ১৯, রাশাদ কর্তৃক উদ্ভাবিত কোর’ আনের সাধারণ হর, এবং কোর’ আনে “রাশাদা” সংঘটনের সংখ্যা।

(৩২) আমরা যদি “রাশাদ খলিফা”-এর (১২৩০) মানের সাথে সূরা সংখ্যা (৫), আয়াত সংখ্যা (১৯) যোগ করি, আমরা পাই  
 $১২৩০+৫+১৯ = ১২৫৪ = ১৯ \times ৬৬$ ।

(৩৩) কোর’ আনের শুরু থেকে এই আয়াত (৫:১৯) পর্যন্ত সূরাগুলোর সংখ্যা এবং আয়াতগুলোর সংখার সমষ্টি ৭০৩,  $১৯ \times ৩৭$ । দেখুন তালিকা ৯।

(৩৪) সূরা ৯৮, “সেই প্রমান”, আয়াত ২, “কিতাবী লোক (ইহুদী, খ্রীষ্টান এবং মুসলমান)” সকলের হিতের জন্য প্রতিশ্রুত আল্লাহর রাসূলের আগমনের ঘোষণা করে। আমরা যদি “রাশাদ খলিফা”-এর আবজাদ

মানের (৫০৫+৭২৫) সাথে সূরা সংখ্যা (৯৮),  
আয়াত সংখ্যা (২) যোগ করি, আমরা পাই  
 $৫০৫+৭২৫+৯৮+২ = ১৩৩০ = ১৯ \times ৭০।$

কিতাবী (ইহুদী, খ্রীষ্টান এবং মুসলমান) এবং  
শরীককারী লোকসকলের মধ্যে যারা অবিশ্বাস  
করেছে, বিশাল নিদর্শন দেয়ার পরও তারা  
বিশ্বাস করবে না। [৯৮:১]

আল্লাহর পক্ষ থেকে একজন রাসূল, পবিত্র  
কিতাবসমূহ পড়ে শুনায়। [৯৮:২]

(৩৫) এটা উল্লেখযোগ্য যে, “বাইয়েনাহ”  
শব্দটি, যার অর্থ “বিশাল নিদর্শন” এবং যা  
সূরা ৯৮ এর নাম, কোর’ আনে ১৯ বার  
এসেছে। এটা আরেকটি গাণিতিক নিশ্চয়তা যে,  
ঐশ্বরিক অনুমতির কোর’ আনী প্রমান মুখ্য সংখ্যা  
১৯ ভিত্তিক, এবং যে, “রাশাদ খলিফা”  
৯৮:২ আয়াতের সেই রাসূল।

একজন স্পষ্ট রাসূল এসেছেন [৪৪:১৩]

(৩৬) ১:১ থেকে ৪৪:১৩ পর্যন্ত সূরাগুলোর  
সংখার সাথে প্রত্যেক সূরার আয়াতগুলোর সংখ্যা  
যোগ করলে মোট আসে ৫৪১৫,  $১৯ \times ১৯ \times ১৫$   
(তালিকা ১০)

(৩৭) সূরা সংখার (৪৪) সাথে আয়াত সংখ্যা  
(১৩), যেখানে সেই রাসূলের ভবিষ্যদ্বানী করা  
হয়েছে, সমষ্টি ৫৭ এর সমান,  $১৯ \times ৩।$  দেখুন  
তালিকা ১০।

বিশ্বের পরিসমাপ্তি (কিয়ামত)

(৩৮) আল্লাহই একমাত্র ভবিষ্যত জানেন;  
তিনিই যথাযথভাবে জানেন কবে এই বিশ্বের  
শেষ হবে (৭:১৮৭, ৩১:৩৪, ৩৩:৬৩,  
৪১:৪৭, ৪৩:৮৫)। আমরা কোর’ আন থেকে  
জানি যে, আল্লাহ ভবিষ্যতের নির্দিষ্ট দিক তাঁর  
নির্বাচিত রাসূলদের কাছে প্রকাশ করেন।  
অনুচ্ছেদ ২৫ এ, প্রমান উপস্থাপন করা হয়েছে  
যে, রাশাদ খলিফা বিশ্বের পরিসমাপ্তি ৭২:২৭  
আয়াত অনুসারে উন্মোচনের মাধ্যমে  
সৌভাগ্যবান হয়েছেন।

(৩৯) কোর’ আনের শুরু থেকে ৭২:২৭ আয়াত  
পর্যন্ত আয়াতগুলোর সংখ্যা ৫৪৭২, অথবা  
 $১৯ \times ৭২ \times ৪।$  উল্লেখ্য যে, সেই ভবিষ্যত সম্বন্ধে  
রাসূলকে তথ্য দেয়া হয়েছে ৭২:২৭ আয়াতে,

এবং ঐ সূরায় “রাশাদা” শব্দটি ৪ বার রয়েছে  
(৭২:২, ১০, ১৪ ও ২১)। “রাশাদ  
খলিফা”- এর (১২৩০) মানের সাথে সূরা সংখ্যা  
(৭২), ৪ টি আয়াতের সংখ্যা, যেখানে  
“রাশাদা” এসেছে, যোগ করে পাই  
 $১২৩০+৭২+২+১০+১৪+২১ = ১৩৪৯ =$   
 $১৯ \times ৭১।$

(৪০) ৭২:২৭ আয়াতটি শুরু হয়েছে এই  
বিবৃতির মাধ্যমেঃ “একমাত্র সেই রাসূল, যাকে  
তিনি নির্বাচিত করেন”। এই উল্লেখ, সেই  
রাসূলের কাছে যিনি আল্লাহ কর্তৃক সেই ভবিষ্যত  
সম্বন্ধে সংবাদ গ্রহন করতে নির্বাচিত, এর  
আবজাদ মান ১৯১৯।



কে আপনার আল্লাহ?

এই প্রশ্নটা শুনে বেশিরভাগ লোকই খুব রাগান্বিত হোন। তারা জিজ্ঞেস করেন, "আপনি কি বলতে চাচ্ছেন, 'আপনার প্রভু কে?', 'আমার প্রভু স্বর্গসমূহ এবং এই পৃথিবীর সৃষ্টিকর্তা।'" এবং এই লোকদের বেশিরভাগই 'থ' হয়ে যাবেন খুঁজে পেয়ে যে, তাদের যে ঘোষণা "তাদের প্রভু স্বর্গসমূহ এবং এই পৃথিবীর সৃষ্টিকর্তা", মুখের কথার চেয়ে বেশী কিছু না, এবং তারা প্রকৃতপক্ষে দোজখের জন্য নির্দিষ্ট (১২:১০৬)।

আপনার আল্লাহ "যিনি বা যা কিছু" আপনার মনকে বেশিরভাগ সময় দখল করে থাকে।

আপনার আল্লাহ হতে পারে আপনার শিশুরা (৭:১৯০), আপনার সহধর্মী বা সহধর্মিনী (৯:২৪), আপনার ব্যবসা (১৮:৩৫), অথবা আপনার অহমিকা (২৫:৪৩)। এজন্যই আমরা খেয়াল করি যে কুরানের একটি অতি গুরুত্বপূর্ণ এবং সবচেয়ে পুনঃরাবৃত্ত হওয়া আদেশ যে,

"ওহে, যারা বিশ্বাস কর, তোমরা অহরহ আল্লাহর স্মরণ করবে; তাঁর মহিমা করতে থাকবে দিনে এবং রাতে।" [ ৩৩; ৪১ ]

এই আদেশটা আমলে আনতে হলে, আমাদের অবশ্যই নির্দিষ্ট কিছু অভ্যাস গড়ে তুলতে হবে যার দ্বারা আমরা গ্যারান্টি দিতে পারব যে আল্লাহ আমাদের মনকে যে কোন কিছুর চেয়ে বেশী দখল করে থাকেন। কুরান আমাদের এই আত্মা রক্ষাকারী অভ্যাস গড়ে তুলতে সাহায্য করে:

১। সংযোগ প্রার্থনাসমূহ (সালাত); যারা দৈনিক ৫ টি প্রার্থনাসমূহ পালন করে, তাদের জাগ্রত সময়ের উল্লেখযোগ্য অংশ আল্লাহর স্মরণে কাটিয়ে দিতে লম্বা পথ পাড়ি দিয়ে ফেলে। সালাত আমাদের আল্লাহর স্মরণে সাহায্য করে শুধু কয়েক মিনিটের প্রার্থনাতেই নয়, বরং পুরোটা সময় জুড়ে। সকাল ১১:০০ টায়, একজন হয়তো তার ঘড়িতে তাকালো দেখতে যে দুপুরের প্রার্থনা করার সময় হল কিনা। এ কাজটা একজনের আল্লাহ সম্বন্ধে চিন্তা করার

কারণ হয়, এবং ব্যক্তি সে অনুযায়ী কৃতিত্ব পায় (২০:১৪)।

২। খাবার আগে আল্লাহর স্মরণ করাঃ আয়াত ৬:১২১ আমাদের আদেশ করে খাবার আগে আল্লাহর নাম নিতেঃ

" তোমরা তা থেকে খাবে না যার উপর আল্লাহর নাম নেয়া হয়নি। "

৩। আল্লাহ যদি ইচ্ছা করেন (ইন শা আল্লাহ) ;

"তুমি বলবে না, ' আমি এটা বা ঐটা আগামীকাল করব, ' না বলে যে, ' আল্লাহ যদি ইচ্ছা করেন (ইন শা আল্লাহ)। তুমি যদি এটা করতে ভুলে যাও, তাহলে ক্ষমা চাও এবং বল, ' আল্লাহ আমায় পথনির্দেশ দিন যাতে পরবর্তীতে আরো ভাল করতে পারি।' " [ ১৮; ২৪ ]।

এটা একটা ডাইরেক্ট আদেশ যা আমাদের মেনে চলতে হবে, কার সাথে কথা বলা হচ্ছে তা কোন বিষয়ই নয়।

৪। আল্লাহর উপহার (মা শা আল্লাহ); আমাদের অতিশয় প্রিয় বস্তুসমূহ- আমাদের শিশুরা, গাড়িগুলো, আমাদের বাড়িসমূহ ইত্যাদির জন্য আল্লাহর হেফাজত চাইতে - আমরা ১৮:৩৯ আয়াতে নির্দেশিত হয়েছি বলতে "মা শা আল্লাহ" (এটা আল্লাহর উপহার)।

৫। আল্লাহর মহিমা করতে থাকুন দিনে এবং রাতে; আমরা যখন কোন কিছু খাই, আমাদের প্রানিদের মত হওয়া উচিত নয়; আমাদের আল্লাহর সৃষ্টি খাদ্যের প্রতি প্রতিফলন করতে হবে আমরা যখন খেতে থাকি- এর রুচিকর সুগন্ধ, আল্লাহ যে ইন্দ্রিয় দিয়েছেন তার জন্য উপভোগ, কলা অথবা কমলার যথার্থ মোড়ক, আল্লাহর দ্বারা সৃষ্ট সামুদ্রিক খাদ্যসমূহের বৈচিত্র্যতা, ইত্যাদি - এবং মহিমা করুন যেহেতু আমরা তাঁর নেয়ামত উপভোগ করছি। যখন আমরা একটি সন্দর ফুল, অথবা প্রানী, অথবা সূর্যাস্ত দেখি, আমরা অবশ্যই আল্লাহর মহিমা করব। আল্লাহর স্মরণ এবং মহিমা করার সম্ভাব্য সকল সুযোগ আমরা অবশ্যই লুফে নিব, যাতে আল্লাহই আমাদের উপাস্য হতে পারে।

৬। প্রথম উচ্চারিতো বাক্যঃ এটাকে একটা অভ্যাস করে তুলুন বলতে যেঃ "পরম করুনাময়, পরম মেহেরবান আল্লাহর নামে। আল্লাহর সাথে

কোন উপাস্য নেই," প্রত্যেক সকালে যে মুহূর্তে  
আপনি জেগে উঠেন। আপনি যদি এই অভ্যাসটা  
গড়ে তুলেন, এটাই আপনি বলবেন যখন আপনি  
পুনরুত্থিত হবেন।

আল্লাহ এখন একজন রাসুল পাঠিয়েছেন  
কেন?

৩; ৮১ আয়াতে যেমনটা বর্ণিত হয়েছে, এবং ঐ অনুচ্ছেদ ২-এ, আল্লাহ একজন রাসুল পাঠিয়েছেন সকল নবীদেরকে দেয়া বার্তাসমূহকে সুদৃঢ় করতে, তাদের বিশুদ্ধ করতে, এবং একত্রিত করতে একটি ধর্মে; আত্মসমর্পণ। এই গুরুত্বপূর্ণ ভবিষ্যতবানীর পরিপূর্ণতার জন্যে সময় নির্ধারন নিশ্চিতভাবে পাকা-পোক্ত হয়েছে, নিম্নোক্ত কারনগুলোর জন্য-

১/ ইহুদীবাদ, খ্রীষ্টবাদ, এবং ইসলাম চিনার সীমার বাইরে কলুষিত হয়েছে।

২/ আল্লাহর সকল বার্তাসমূহ প্রদান করা হয়েছে; কুরান হচ্ছে চূড়ান্ত টেস্টামেন্ট।

৩/ এ বিশ্বে বাস করার জন্য নির্ধারিত মানব জাতির ৯৩% এখনো আসার বাকী। যেমনটা ভূমিকায় আলোকপাত করা হয়েছে, আদমের পরে এই পৃথিবীতে বাস করেছেন এমন লোকসকল মোট পরিকল্পিত মানব জনসংখ্যার এক-পঞ্চমাংশ।

\*\* ইহুদীবাদ \*\*

ইহুদীবাদের

একজন বিখ্যাত ইহুদী ধর্মযাজক হ্যরল্ড এস কুশনারের বইগুলোতে আজকের কলুষিত ইহুদীবাদের উৎকৃষ্ট পরিষ্কার উদাহারন পাওয়া যেতে পারে। তার বেস্ট সেলার 'হোয়েন ব্যড থিংস হ্যাপেন টু গুড পিপল (ভালো লোকদের যখন খারাপ কিছু ঘটে), এভন বুকস, ১৯৮১, - এ রাবাই কুশন এরকম বলেছেনঃ ..., আমরা হয়তো উপদেশ পেতে পারতাম এই বিশ্বকে গুরুত্বের সাথে নিতে যতটুকু আমরা পারি, প্রকৃতপক্ষে এটা রূপ নেয় শুধু সেই এককটা হতে যা আমাদের চিরকাল থাকবে, এবং এখানে অর্থ এবং ন্যযবিচার খোঁজার জন্য। এ বিশ্বে ভালো লোকের খারাপ কিছু ঘটে, কিন্তু এটা আল্লাহ নন যিনি তা ইচ্ছা করেন। আল্লাহ পছন্দ করবেন লোকদের পাওয়াটা যা তারা

অর্জন করে, কিন্তু তিনি সবসময় এর ব্যবস্থা করতে পারেন না। (পৃ- ৪২)

আল্লাহ ধার্মিকদের ক্ষতি হতে রক্ষা করতে প্রকৃতির আইনের কর্মকাণ্ডগুলোতে বাধা দিতে নিচে পৌঁছান না। এটা হচ্ছে আমাদের বিশ্বের একটা দ্বিতীয় ক্ষেত্র যেটা ভালো লোকদের খারাপ কিছু ঘটায়, এবং আল্লাহ এটা করেন না এবং এটা বন্ধ করতে পারেন না। (পৃ- ৫৮)

আল্লাহ সবকিছু করতে পারেন না, কিন্তু তিনি কিছু গুরুত্বপূর্ণ জিনিস করতে পারেন। (পৃ- ১১৩)

আমরা আমাদেরকে রোগের প্রতি প্রতিরোধক্ষম করতে তাঁর কাছে চাইতে পারি না, কেননা তিনি তা করতে পারেন না। (পৃ- ১২৫)

আমি তাঁর সীমাবদ্ধতাগুলোকে চিনি। তিনি প্রকৃতির আইনের মাধ্যমে, এবং মানব প্রকৃতি এবং মানব নৈতিক স্বাধীনতার বিবর্তনের দ্বারা যা করতে পারেন তাতে সীমাবদ্ধ। (পৃ- ১৩৪)

খ্রীষ্টবাদ

যদি ঈসা আজকে জীবিত ফিরে আসতেন, খ্রীষ্টানরা তাকে দ্রুশবিদ্ধ করত। বিখ্যাত নিসেন কনফারেন্সে (৩২৫ খ্রী) বিশিষ্ট খ্রীষ্টান বিজ্ঞরা চূড়ান্ত সিদ্ধান্তে পৌঁছেছেন যে আজকের খ্রীষ্টবাদের সাথে ঈসার কোন সম্পর্ক নেই, এবং এই মতবাদ মারাত্মকভাবে বিকৃত হয়েছে। দেখুন দ্যা মিথ অফ গড ইনকারনেট (আল্লাহর মনুষ্য রূপ ধারণের পুরানকথা), ওয়েস্টমিনিষ্টার প্রেস, ফিলাডেলফিয়া, ১৯৭৭। \*\* ইসলাম \*\*

যদি মুহাম্মাদ এই বিশ্বে ফিরে আসতেন, "মুসলিমরা" তাকে মারার জন্য পাথর মারত। আজকে তারা যে ধর্ম অনুসরণ করে এর সাথে ইব্রাহিম এবং মুহাম্মাদের প্রচারিত ইসলামের কোন সম্পর্ক নেই। "মুসলিমদের" করা সবকিছুই ভুল; প্রথম স্তম্ভ (শাহাদাহ), সালাত প্রার্থনার জন্য আহবান (আজান), অংগ ধৌতকরণ (ওজু), দৈনিক সালাত প্রার্থনাসমূহ, যাকাত বদান্যতা, হজু, এবং ইসলামের অন্য সকল অনুশীলনসমূহ (দেখুন অনুচ্ছেদসমূহ ২, ১৩ ও ১৫)।

\*\* "কখনই আল্লাহর অনুমোদিত নয় একটি ধর্ম" (৪২; ২১)

যে সীমায় ইসলাম কলুষিত হয়েছে পরবর্তী তালিকাটি হচ্ছে এর পরিষ্কার উদাহরন;

\*\* প্রবর্তন

\* কুরানের মূলনীতিসমূহ লঙ্গন

> হাদিস ও সুন্নাহ ৬-১৯, ৩৮, ১১৪; ৭-১-৩; ১২-১১১; ১৭-৪৬; ৩১-৬; ৪৫-৬; ৬৯-৩৮-৪৭; সাথে আরো।

> তারা যে কাউকে ধর্মত্যাগী বিবেচনা করে তাকে হত্যা করা ২-২৫৬; ৪-৯০; ১০-৯৯; ১৮-২৯; ৮৮-২১-২২।

> অপরাধীর বিচারের হিংস্র পদ্ধতি- চোরের হাত কেটে ফেলে দেয়া ৫-৩৮; ১২-৩১।

> ব্যভিচারকারীকে পাথর মেরে হত্যা করা ৪-২৫; ২৪-২।

> সালাত পালন করে না এমন যে কাউকে হত্যা করা ২-২৫৬; ১৮-২৯।

> চতুর্থ বারের মত মদ পানকারীকে হত্যা করা ২-২৫৬; ১৮-২৯।

> রজঃস্রাবের সময় নারীদের ইবাদাত করতে নিষেধ করা ২-২২২

> জুমার সালাতে যেতে নারীদের নিষেধ করা ৬২-৯

> মুহাম্মাদের ইচ্ছার বিরুদ্ধে তার প্রশংসা করা; তাকে "সবচেয়ে সম্মানিত রাসুল" ডাকা ২-২৮৫। তিনি ভুলভ্রান্তির উর্ধে ছিলেন বলে দাবি করা ৪-৭৯; ৯-১১৭; ১৭-৭৩, ৭৪; ৩৩-৩৭; ৪০-৬৬, ৬৬-১; ৮০-১-১০; ৯৩-৭।

> তার সমাধীকে "ঐশর্গীক মসজিদ" হিসেবে স্থাপন করা ২; ১৪৯-১৫০।

> তিনি শাফায়েত করার ক্ষমতার অধিকারী বলে দাবি করা ২-৪৮, ১২৩, ২৫৪; ৬-৭০, ৯৪; ৭-৫৩; ১০-৩; ৩৯-৪৪; ৪৩-৮৬; ৭৪-৪৮।

> বেহেশতসমূহে একটি ঘোড়ার উপরে করে তাঁর আলোর গতিতে উর্ধাগমন এবং আল্লাহর সাথে ৫০ সালাত প্রার্থনাসমূহের আদেশ থেকে কথা বলা নিয়ে অসমর্থনযোগ্য একটি গল্প আবিষ্কার করা। আলোর গতিতে তিনি হয়তো তখনো মিল্কি ওয়ে গ্যালাক্সিতেই ভ্রমন করতেন। ১৭-১; ৫৩-১-১৮।

> তাঁর নাম সালাত প্রার্থনাসমূহে এবং আজানে যোগ করা ২০-১৪; ৭২-১৮।

> তাঁর নাম ইসলামের প্রথম স্তম্ভে যোগ করা ৩-১৮; ৩৭-৩৫; ৩৯-৪৫

> মুহাম্মাদকে বদমেজাজী ব্যক্তি হিসেবে বর্ণনা করে উনাকে অপমানিত করা; তারা দাবি করে যে তিনি লোকদের চোখ উপড়ে ফেলেছিলেন ৩-১৫৯; ৬৮-৪।

> তাঁর ৩০ জন পুরুষের যৌন শক্তি ছিল বলে দাবি করা ১৮-১১০; ২৫-২০।

> এই পৃথিবীতে ঈসা ফিরে আসবেন শিক্ষা দিয়ে মুহাম্মাদ যে শেষ নবী এ বিষয়টা অকার্যকর করা। এটা ঈসাকে শেষ নবী বানায়া। ৩৩-৪০

## অনুচ্ছেদ ২৫

### পৃথিবীর পরিসমাপ্তি

ইহা গোপনীয় থাকবে না (২০:১৫)

সূরা ২০-এর ১৫ আয়াতে আমাদের জানানো হয়েছে যে পৃথিবীর পরিসমাপ্তির আগে পৃথিবীর পরিসমাপ্তির কথা আমাদেরকে ঈশ্বর অবগত করবেন এবং ঐটা কখন ঘটবে সূরা ১৫-এর ৮৭ আয়াতে তার সময়ও দেয়া হয়েছে।

(১৫:৮৭) - "আমি আপনাকে দিয়েছি সাতটি জোড়া এবং মহান কুরআন"।

কুরআনে উল্লেখ্য সাতটি জোড়া হলো কুরআনের ১৪টি আদ্যাক্ষর। কুরআনের বিদ্বয়কর এই গভীর স্তম্ভগুলোর মোট জ্যামিতিক মান নির্দিষ্টভাবে নির্দেশ করে পৃথিবীর পরিসমাপ্তির বছরকে। ইহা লক্ষনীয় যে সূরা-১৫ এ অবস্থিত ৮৫ আয়াত: "পৃথিবীর পরিসমাপ্তি অবশ্যই ঘটবে"। পরবর্তী আয়াত ১৫:৮৬-তে আমাদের বলা হয়েছে যে, "ঈশ্বর এই বিশ্বের স্রষ্টা এবং অবশ্যই তিনি জানেন কখন এটির পরিসমাপ্তি ঘটবে"। এর পরের আয়াত ১৫:৮৭-তে আমাদের বলা হয়েছে কখন পৃথিবীর সমাপ্তি হবে।

# যেমন টেবিল ১-এ দেখানো হয়েছে যে, সাতটি জোড়া কুরআনের আদ্যাক্ষরের সর্বমোট জ্যামিতিক মান হলো ১৭০৯

(Appendix 1-এর টেবিল-১ দেখে নিতে পারেন)

১৫:৮৭ অনুসারে, কুরআনে অবস্থিত এই ভবিষ্যত বাণীর সময় হতে ১৭০৯ চন্দ্র বর্ষ পর্যন্ত অর্থাৎ ১৭০৯ হিজরি পর্যন্ত এই বিশ্ব টিকে থাকবে। তার মানে হলো যে পৃথিবীর পরিসমাপ্তি ঘটবে ১৭১০ হিজরিতে (২২৮০খ্রীষ্টাব্দে)। এই সংখ্যাটি হলো ১৯-এর গুণিতক; ১৭৯০=১৯×৯০

টেবিল-১: সাতটি জোড়া

কুরআনের আদ্যাক্ষরের সর্বমোট জ্যামিতিক মান নিম্নে তুলে ধরা হলো....

কুরআনের আদ্যাক্ষর: : জ্যামিতিক মান

1. Q: 100
  2. N: 50
  3. S (Saad) :90
  4. H.M. :48
  5. Y.S. :70
  6. T.H. :14
  7. T.S. :69
  8. A.L.M.: 71
  9. A.L.R. :231
  10. T.S.M.: 109
  11. A.S.Q.: 230
  12. A.L.M.S. :161
  13. A.L.M.R. :271
  14. K.H.Y.A.S. :195
- \*Total = 1709

এই তথ্যের রহস্যনোচন ১৪০০ হিজরিতে উন্মোচিত হয়েছে, ভবিষ্যত বাণীকৃত পৃথিবীর পরিসমাপ্তির সময় থেকে ৩০৯ বছর পূর্বে (১৭০৯-১৪০০=৩০৯)। ৩০৯ সংখ্যাটি হলো কুরআনের সংখ্যা (১৮: ২৫), এবং পৃথিবীর পরিসমাপ্তির সাথে এটা সংযুক্ত (১৮: ২১)। ১৮: ২৫-এ অঙ্কু ভাবে লেখা হয়েছে ৩০৯; ৩০০ বছর এবং আরো ৯ বছর, নির্দেশ করে যে ৩০৯ হলো চন্দ্র

বর্ষ। ৩০০ সৌর বর্ষ এবং ৩০০ চন্দ্র বর্ষের মধ্যে পার্থক্য হলো ৯ বছর। এটি আবিষ্কারের বছর হলো ১৪০০ হিজরি, যেটি আবার ১৯৮০ খ্রীস্টাব্দ এবং ১৯৮০-এর সাথে ৩০০ সৌর বর্ষ যোগ করলে হয় ২২৮০ এবং এটি ১৯-এর গুনিতক (১৯\*১২০)। পৃথিবীর পরিসমাপ্তি হবে ১৭১০ হিজরিতে, (১৯\*৯০) যেটি আবার ২২৮০ খ্রীস্টাব্দ, (১৯\*১২০)।

অবিশ্বাসীদের জন্য যারা কুরআনের এই শক্তিশালী প্রমাণ গ্রহন করবে না তাদের কাছে পৃথিবীর পরিসমাপ্তির সময় আসবে হঠাৎ করে

( ৬: ৩১; ৬: ৪৪; ৬: ৪৭; ৭: ৯৫; ৭: ১৮৭; ১২: ১০৭; ২১: ৪০; ২২: ৫৫; ২৬: ২০২; ২৯: ৫৩; ৩৯: ৫৫; ৪৩: ৬৬ এবং ৪৭: ১৮)